Vol. 141, No. III

Assembly Proceedings
OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Sixth and Seventh Session, 2012

(The 21st, 24th, 25th, 26th, 27th September and
7th, 10th, 11th, 12th and 13th December, 2012)

Published by Authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Price : ₹ 335/-

Vol. 141, No. III

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Sixth and Seventh Session, 2012

(The 21st, 24th, 25th, 26th, 27th September and
7th, 10th, 11th, 12th and 13th December, 2012)

Published by Authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 21709
Dated 30/5/16
Call No. 328.5414102/DES/LAS/P/2012/v.141/NO.3/C1
Price/Pages RS. 335/-

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI M. K. NARAYANAN

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Smt. Mamata Banerjee,** Chief Minister and Minister-in-Charge of Home Department, Department of Land and Land Reforms, Department of Health & Family Welfare, Department of Information and Cultural Affairs, Department of Hill Affairs, Minority Affairs and Madrasah Education Department and Department of Personnel and Administrative Reforms.

2. **Shri Partha Chatterjee,** Minister-in-Charge, Department of Commerce and Industries, Department of Public Enterprises, Department of Industrial Reconstruction, Department of Parliamentary Affairs and Department of Information Technology.

3. **Dr. Amit Mitra,** Minister-in-Charge, Department of Finance and Department of Excise.

4. **Shri Manish Gupta,** Minister-in-Charge, Department of Development and Planning and Department of Power.

5. **Shri Subrata Mukherjee,** Minister-in-Charge, Department of Public Health Engineering.

6. **Shri Abdul Karim Chowdhary,** Minister-in-Charge, Department of Mass Education Extention and Library Services.

7. **Shri Sadhan Pande,** Minister-in-Charge, Department of Consumer Affairs.

8. **Shri Upendra Nath Biswas,** Minister-in-Charge, Department of Backward Classes Welfare.

9. **Shri Javed Ahmed Khan,** Minister-in-Charge, Department of Disaster Management, Department of Fire and Emergency Services and Department of Civil Defence.

10. **Shri Rabindranath Bhattacharya,** Minister-in-Charge, Department of Agriculture.

11. **Smt. Sabitri Mitra,** Minister-in-Charge, Department of Women and Child Development and Social Welfare.

12. **Shri Jyotipriya Mallick,** Minister-in-Charge, Department of Food and Supplies.

13. **Shri Shantiram Mahato,** Minister-in-Charge, Department of Self Help Group and Self Employment.

14. **Shri Haider Aziz Safwi,** Minister-in-Charge, Department of Co-operation and Department of Inland Water Transport.

15. **Shri Moloy Ghatak,** Minister-in-Charge, Department of Law and Department of Judicial.

16. **Shri Purnendu Basu,** Minister-in-Charge, Department of Labour.

17. **Shri Bratya Basu,** Minister-in-Charge, Department of Higher Education and Department of School Education.

18. **Shri Rachpal Singh,** Minister-in-Charge, Department of Tourism.

19. **Shri Hiten Barman,** Minister-in-Charge, Department of Forests.

20. **Shri Gautam Deb,** Minister-in-Charge, Department of North Bengal Development.

21. **Shri Nure Alam Chowdhury,** Minister-in-Charge, Department of Animal Resources Development.

22. **Shri Shankar Chakraborty,** Minister-in-Charge, Department of Non-Conventional Energy Sources and Department of Correctional Administration.

23. **Dr. Rabiranjan Chattopadhyay,** Minister-in-Charge, Department of Technical Education and Training, Department of Science and Technology and Department of Bio-Technology.

24. **Dr. Sudarsan Ghosh Dastidar,** Minister-in-Charge, Department of Environment.

25. **Shri Ujjal Biswas,** Minister-in-Charge, Department of Youth Services.

26. **Shri Shyama Prasad Mukherjee,** Minister-in-Charge, Department of Housing.

27. **Shri Firhad Hakim,** Minister-in-Charge, Department of Municipal Affairs and Department of Urban Development.

28. **Dr. Sukumar Hansda,** Minister-in-Charge, Department of Paschimanchal Unnayan Affairs.

29. **Dr. Saumen Kumar Mahapatra,** Minister-in-Charge, Department of Water Resources Investigation and Development.

30. **Shri Arup Roy,** Minister-in-Charge, Department of Agricultural Marketing.

31. **Shri Chandra Nath Sinha,** Minister-in-Charge, Department of Panchayats and Rural Development.

32. **Dr. Manas Ranjan Bhunia,** Minister-in-Charge, Department of Irrigation and Waterways and Department of Micro and Small Scale Enterprises and Textile.

33. **Shri Abu Hena,** Minister-in-Charge, Department of Fisheries and Department of Food Processing Industries and Horticulture.

34. **Shri Manjul Krishna Thakur,** Minister-of-State, Department of Refugee, Relief and Rehabilitation (Independent Charge) and Department of Micro and Small Scale Enterprises and Textile.

35. **Shri Madan Mitra,** Minister-of-State, Department of Sports (Independent Charge) and Department of Fisheries.

36. **Shri Subrata Saha,** Minister-of-State, Department of Public Works and Department of Food Processing Industries & Horticulture.

37. **Shri Shyamal Mondal,** Minister-of-State, Department of Sundarban Affairs (Independent Charge) and Department of Irrigation and Waterways.

38. **Shri Pramatha Nath Roy,** Minister-of-State, Department of Development of Planning.

39. **Dr. Abu Naser Khan Choudhury,** Minister-of-State, Department of Science & Technology.

40. **Shri Sunil Chandra Tirkey,** Minister-of-State, Department of Consumer Affairs.

41. **Smt. Sabina Yeasmin,** Minister-of-State, Department of Labour.

42. **Shri Aroop Biswas,** Minister-of-State, Youth Services.

43. **Smt. Chandrima Bhattacharya,** Minister-of-State, Department of Health & Family Welfare.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker **: Shri Biman Banerjee**

Deputy Speaker **: Smt. Sonali Guha (Bose)**

Secretary **: Shri J. L. Chakraborty**
(Up to 30.11.2012 A.N.)

Secretary **: Shri Buddheswar Mahanti**
(From 01.12.2012 F.N.)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

*1. Abdul Karim Chowdhary, Shri (29-Islampur, Uttar Dinajpur)
2. Abdur Rahim Boxi, Shri (47-Malatipur, Malda)
3. Abdur Razzak, Shri (76-Jalangi, Murshidabad)
4. Abdur Razzak Molla, Shri (139-Canning Purba, South 24-Parganas)
*5. Abu Hena, Shri (61-Lalgola, Murshidabad)
**6. Abu Nasar Khan Choudhury, Shri (53-Sujapur, Malda)
7. Abu Taher Khan, Shri (74-Nowda, Murshidabad)
8. Abul Hasem Mondal, Shri (265-Memari, Burdwan)
9. Abul Kasem Molla, Dr. (183-Jagatballavpur, Howrah)
10. Acharjee, Shri Amal (36-Itahar, Uttar Dinajpur)
11. Adhikari, Shri Ananta Deb (16-Maynaguri, Jalpaiguri)
12. Adhikari, Shri Anil (13-Falakata (SC), Jalpaiguri)
13. Adhikari, Shri Dibyendu (216-Kanthi Dakshin, Purba Medinipur)
14. Adhikary, Shri Paresh Chandra (1-Mekhliganj (SC), Cooch Behar)
15. Akhruzzaman, Shri (59-Raghunathganj, Murshidabad)
16. Ali Imran Ramz, Shri (31-Chakulia, Uttar Dinajpur)
17. Anisur Rahaman, Shri (75-Domkal, Murshidabad)
18. Asif Mehbub, Shri (45-Chanchal, Malda)
19. A.T.M. Abdulla, Shri (125-Basirhat Uttar, North 24-Parganas)

B

20. Badal Jamadar, Shri (148-Bhangore, South 24-Parganas)
21. Bag, Shri Nabin Chandra (259-Khandoghosh (SC), Burdwan)
22. Bagdi, Shri Bijoy (284-Dubrajpur (SC), Birbhum)
23. Bagdi, Shri Dhiren (289-Sainthia, Birbhum)
24. Bakshi, Smt. Smita (165-Jorasanko, Kolkata)
25. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)
+26. Banerjee, Shri Biman (140-Baruipur Paschim, South 24-Parganas)
*27. Banerjee, Smt Mamata (159-Bhabanipur, Kolkata)
28. Banerjee, Dr. Nikhil Kumar (276-Durgapur Purba, Burdwan)
29. Banerjee, Shri Rajib (184-Domjur, Howrah)
30. Banerjee, Shri Tapas (280-Asansol Dakshin, Burdwan)
31. Baraik, Shri Bulu Chik (20-Mal (ST), Jalpaiguri)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

32. Barma, Dr. Sukhbilas (17-Jalpaiguri (SC), Jalpaiguri)
33. Barman, Shri Binay Krishna (2-Mathabhanga (SC), Cooch Behar)
*34. Barman, Shri Hiten (5-Sitalkuchi (SC), Cooch Behar)
*35. Basu, Shri Bratya (114-Dum Dum, North 24-Parganas)
36. Basu, Smt. Manju (107-Noapara, North 24-Parganas)
*37. Basu, Shri Purnendu (117-Rajarhat-Gopalpur, North 24-Parganas)
38. Batabyal, Shri Subhasis (248-Chhatna, Bankura)
39. Bauri, Shri Purna Chandra (246-Raghunathpur (SC), Purulia)
40. Bauri, Shri Umapada (245-Para (SC), Purulia)
41. Belthariya, Shri Swapan Kumar (244-Kashipur, Purulia)
42. Besra, Shri Susanta (238-Bandwan (ST), Purulia)
43. Bhattacharjee, Shri Amiya Kanti (211-Chandipur, Purba Medinipur)
**44. Bhattacharya, Smt. Chandrima (110-DumDum (Uttar), North 24-Parganas)
*45. Bhattacharya, Shri Rabindranath (188-Singur, Hooghly)
46. Bhattacharya, Dr. Rudra Nath (26-Siliguri, Darjeeling)
47. Bhowmick, Shri Partha (104-Naihati, North 24-Parganas)
48. VACANT (230-Daspur, Paschim Medinipur)
*49. Bhunia, Dr. Manas Ranjan (226-Sabang, Paschim Medinipur)
50. Biswas, Shri Abir Ranjan (90-Ranaghat Dakshin (SC), Nadia)
**51. Biswas, Shri Aroop (152-Tollyganj, South 24-Parganas)
52. Biswas, Shri Emani (57-Suti, Murshidabad)
53. Biswas, Dr. Ramendra Nath (92-Kalyani (SC), Nadia)
54. Biswas, Shri Surajit Kumar (96-BongaonDakshin(SC),North24-Parganas)
55. Biswas, Shri Sushil (88-Krishnaganj (SC), Nadia)
*56. Biswas, Shri Ujjal (85-Krishnanagar Dakshin, Nadia)
*57. Biswas, Dr. Upendra Nath (94-Bagda (SC), North 24-Parganas)
58. Bose, Shri Sujit (116-Bidhannagar, North 24-Parganas)
59. Bouri, Shri Swapan (247-Saltora (SC), Bankura)

C

60. Chaki, Shri Naresh Chandra (91-Chakdaha, Nadia)
61. Chakrabarti, Shri Chiranjeet (119-Barasat, North 24-Parganas)
62. Chakraborty, Shri Snehasis (195-Jangipara, Hooghly)
63. Chakraborty, Shri Manoj (72-Baharampur, Murshidabad)
*64. Chakraborti, Shri Shankar (39-Balurghat, Dakshin Dinajpur)
65. Champramary, Shri Wilson (11-Kalchini (ST), Jalpaiguri)
66. Chand Mohammad, Shri (62-Bhagabangola, Murshidabad)
67. Chatterjee, Shri Gouranga (275-Pandabeswar, Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

*68. Chatterjee, Shri Partha (154-Behala Paschim, South 24-Parganas)
69. Chatterjee, Shri Partha Sarathi (87-Ranaghat Uttar-Paschim, Nadia)
70. Chatterjee, Shri Rabindranath (270-Katwa, Burdwan)
71. Chatterjee, Shri Sovan (153-Behala Purba, South 24-Parganas)
72. Chatterjee, Shri Tapan (269-Purbasthali Uttar, Burdwan)
73. Chatterjee, Shri Ujjal (282-Kulti, Burdwan)
*74. Chattopadhyay, Dr. Rabiranjan (260-Bardhaman Dakshin, Burdwan)
***75. Chattopadhyay, Shri Sobhandeb (160-Rashbehari, Kolkata)
76. Chhetri, Dr. Harka Bahadur (22-Kalimpong, Darjeeling)
77. Choudhury, Shri Krishnendu Narayan (51-Englishbazar, Malda)
78. Chowdhury Md. Hedayatullah, Shri (263-Monteswar, Burdwan)
79. Choudhury (Mitra), Smt. Sikha (162-Chowrangee, Kolkata)

D

80. Das, Shri Biswajit (95-Bongaon Uttar (SC), North 24-Parganas)
81. Das, Smt. Kasturi (155-Maheshtala, South 24-Parganas)
82. Das, Shri Samares (218-Egra, Purba Medinipur)
83. Dasgupta, Shri Tapan (193-Saptagram, Hooghly)
84. Datta, Shri Silbhadra (108-Barrackpur, North 24-Parganas)
85. De, Shri Sukumar (207-Nandakumar, Purba Medinipur)
86. Deb, Shri Ashok Kumar (156-Budge Budge, South 24-Parganas)
*87. Deb, Shri Gautam (19-Dabgram-Phulbari, Jalpaiguri)
88. Debnath, Shri Swapan (268-Purbasthali Dakshin, Burdwan)
89. Dewan, Shri Trilok Kumar (23-Darjeeling, Darjeeling)
90. Dey, Shri Ajoy (86-Santipur, Nadia)
91. Dolai, Shri Bhushan Chandra (206-Moyna, Purba Medinipur)
92. Dolai, Smt. Chhaya (232-Chandrakona (SC), Paschim Medinipur)
93. Doloi, Shri Rameswar (235-Keshpur (SC), Paschim Medinipur)
94. Dolai, Shri Shankar (231-Ghatal (SC), Paschim Medinipur)
95. Dutta, Shri Parash (106- Jagatdal, North 24-Parganas)
96. Dutta, Shri Sabyasachi (115-Rajarhat-New Town, North 24-Parganas)

F

97. Firdousi Begum, Smt. (151-Sonarpur Uttar, South 24-Parganas)
*98. Firhad Hakim, Shri (158-Kolkata Port, Kolkata)
99. Firoza Begam, Smt. (63-Raninagar, Murshidabad)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

G

*100. Ghatak, Shri Moloy (281-Asansol Uttar, Burdwan)
101. Ghosal, Dr. Anup (185-Uttarpara, Hooghly)
102. Ghosh, Shri Asok (170-Howrah Uttar, Howrah)
103. Ghosh, Shri Nirmal (111-Panihati, North 24-Parganas)
104. Ghosh, Shri Rabindra Nath (8-Natabari, Cooch Behar)
105. Ghosh, Shri Rathin (118-Madhyamgram, North 24-Parganas)
106. Ghosh, Shri Samarendranath (77-Karimpur, Nadia)
107. Ghosh, Shri Susanta (233-Garbeta, Paschim Medinipur)
108. Ghosh, Shri Swapan Kanti (285-Suri, Birbhum)
109. Ghosh, Shri Tamonash (144-Falta, South 24-Parganas)
*110. Ghosh Dastidar, Dr. Sudarsan (208-Mahisadal, Purba Medinipur)
111. Giasuddin Molla, Shri (142-Mograhat Paschim, South 24-Parganas)
112. Giri, Shri Akhil (217-Ramnagar, Purba Medinipur)
++113. Guha (Bose), Smt. Sonali (145-Satgachhia, South 24-Parganas)
114. Guha, Shri Udayan (7-Dinhata, Cooch Behar)
115. Gulsan Mullick, Shri (175-Panchla, Howrah)
*116. Gupta, Shri Manish (150-Jadavpur, South 24-Parganas)

H

*117. Haider Aziz Safwi, Shri (176-Uluberia Purba, Howrah)
118. Halder, Shri Bhupendra Nath (50-Maldaha (SC), Malda)
119. Halder, Shri Dipak Kumar (143-Diamond Harbour, South 24-Parganas)
120. Halder, Shri Jogoranjan (133-Kulpi, South 24-Parganas)
121. Halder, Shri Joydeb (135-Mandirbazar (SC), South 24-Parganas)
122. Halder, Shri Ram Sankar (129-Kultali (SC), South 24-Parganas)
123. Hamidul Rahaman, Shri (28-Chopra, Uttar Dinajpur)
124. Hansda, Shri Bachchu (40-Tapan (ST), Dakshin Dinajpur)
125. Hansda, Shri Dibakar (237-Binpur (ST), Paschim Medinipur)
*126. Hansda, Dr. Sukumar (222-Jhargram, Paschim Medinipur)
127. Hazra, Shri Banamali (267-Bhatar, Burdwan)
128. Hazra, Shri Bankim Chandra (132-Sagar, South 24-Parganas)
129. Hazra, Shri Gadadhar (287-Nanoor (SC), Birbhum)
130. Hembram, Smt. Deblina (249-Ranibandh (ST), Bankura)
131. Humayun Kabir, Shri (70-Rejinagar, Murshidabad)

I

132. Id. Mohammad, Shri (69-Bharatpur, Murshidabad)
133. Insar Ali Biswas, Shri (73-Hariharpara, Murshidabad)
134. Iqbal Ahmed, Shri (202-Khanakul, Hooghly)
135. Isha Khan Choudhury, Shri (54-Baishnabnagar, Malda)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

J

136. Jahanara Khan, Smt. (279-Jamuria, Burdwan)
137. Jana, Shri Samir Kumar (130-Patharpratima, South 24-Parganas)
*138. Javed Ahmed Khan, Shri (149-Kasba, South 24-Parganas)
139. Joardar, Shri Abani Mohan (83-Krishnanagar Uttar, Nadia)
140. Julfikar Molla, Shri (121-Haroa, North 24-Parganas)

K

141. Kar, Shri Jyotirmoy (212-Patashpur, Purba Medinipur)
142. Karak, Shri Biswanath (201-Goghat (SC), Hooghly)
143. Khan, Shri Arup Kumar (254-Onda, Bankura)
144. Khan, Shri Basudeb (261-Raina (SC), Burdwan)
145. Khan, Shri Kallol (81-Nakashipara, Nadia)
146. Khan, Shri Saumitra (256-Katulpur, Bankura)
147. Kisku, Shri Upen (250-Raipur (ST), Bankura)
148. Kujur, Smt. Kumari (14-Madarihat (ST), Jalpaiguri)
149. Kundu, Shri Biswajit (264-Kalna (SC), Burdwan)

L

150. Lahiri, Shri Jatu (172-Shibpur, Howrah)

M

151. M. Nuruzzaman, Dr. (120-Deganga, North 24-Parganas)
152. Mahamuda Begam, Smt. (38-Kumarganj, Dakshin Dinajpur,
153. Mahapatra, Shri Arun (219-Dantan, Paschim Medinipur)
*154. Mahapatra, Dr. Saumen Kumar (203-Tamluk, Purba Medinipur)
155. Mahata, Shri Nepal (240-Baghmundi, Purulia)
156. Mahata, Shri Srikanta (234-Salboni, Paschim Medinipur)
157. Mahata, Shri Chudamani (221-Gopiballavpur, Paschim Medinipur)
158. Mahato, Shri Dhirendra Nath (241-Joypur, Purulia)
*159. Mahato, Shri Shantiram (239-Balarampur, Purulia)
160. Mainul Haque, Shri (55-Farakka, Murshidabad)
161. Maiti, Shri Mrigendra Nath (236-Medinipur, Paschim Medinipur)
162. Maiti, Shri Radha Kanta (229-Debra, Paschim Medinipur)
163. Maity, Shri Ardhendu (214-Bhagabanpur, Purba Medinipur)
164. Maity, Smt. Banasri (213-Kanthi Uttar, Purba Medinipur)
165. Majhi, Shri Asim Kumar (191-Balagarh (SC), Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

166. Maji, Dr. Nirmal (177-Uluberia Uttar (SC), Howrah)
167. Mazumder Shri Asit, (190-Chunchura, Hooghly)
168. Majumder, Shri Brajamohan (173-Howrah Dakshin, Howrah)
169. Mal, Shri Asit Kumar (292-Hansan (SC), Birbhum)
170. Malakar, Shri Sankar (25-Matigara-Naxalbari (SC), Darjeeling)
*171. Mallick, Shri Jyoti Priya (100-Habra, North 24-Parganas)
172. Mamtaj Begam, Smt. (157-Metiaburuz, South 24-Parganas)
173. Mandal, Shri Anandamay (126-Hingalganj (SC), North 24-Parganas)
174. Mandal, Shri Kalipada (179-Shyampur, Howrah)
175. Mondal, Shri NirmalChandra (137-Baruipur Purba (SC), South24-Parganas)
176. Mandal, Shri Ranjit Kumar (78-Tehatta, Nadia)
177. Mandi, Shri Biram (223-Keshiary (ST), Paschim Medinipur)
178. Manna, Shri Becharam (196-Haripal, Hooghly)
179. Marjit, Shri Ashis (66-Khargram (SC), Murshidabad)
180. Md. Ghulam Rabbani, Shri (30-Goalpokhar, Uttar Dinajpur)
181. Md. Sohrab, Shri (58-Jangipur, Murshidabad)
182. Md. Sohrab Ali, Shri (278-Raniganj, Burdwan)
183. Mete, Shri Basudev (273-Ausgram (SC), Burdwan)
184. Mete, Shri Gurupada (257-Indus (SC), Bankura)
+++185. Mishra, Dr. Surjya Kanta (225-Narayangarh, Paschim Medinipur)
186. Mishra, Shri Kashinath (252-Bankura, Bankura)
*187. Mitra, Dr. Amit (109-Khardaha, North 24-Parganas)
188. Mitra, Shri Asit (181-Amta, Howrah)
189. Mitra, Shri Biplab (42-Harirampur, Dakshin Dinajpur)
**190. Mitra, Shri Madan (112-Kamarhati, North 24-Parganas)
*191. Mitra, Smt. Sabitri (49-Manikchak, Malda)
192. Mondal, Smt. Bina (98-Swarupnagar (SC), North 24-Parganas)
193. Mondal, Shri Dilip (146-Bishnupur (SC), South 24-Parganas)
194. Mondal, Shri Kanai Chandra (65-Nabagram (SC), Murshidabad)
195. Mondal, Shri Ranajit (215-Khejuri (SC), Purba Medinipur)
**196. Mondal, Shri Shyamal (138-Canning Paschim (SC), South 24-Parganas)
197. Mondal, Shri Sunil Kumar (274-Galsi (SC), Burdwan)
198. Mondal, Smt. Usha Rani (122-Minakhan (SC), North 24-Parganas)
199. Monirul Islam, Shri (288-Labpur, Birbhum)
200. Muzaffar Khan, Shri (187-Champdani, Hooghly)
201. Mukherjee, Shri Abhijit (293-Nalhati, Birbhum)
202. Mukherjee, Shri Apurba (277-Durgapur Paschim, Burdwan)
203. Mukherjee, Shri Asutosh (253-Barjora, Bankura)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

204. Mukherjee, Shri Narayan (124-Basirhat Dakshin, North 24-Parganas)
205. Mukherjee, Shri Samar (48-Ratua, Malda)
*206. Mukherjee, Shri Shyama Prasad (255-Bishnupur, Bankura)
*207. Mukherjee, Shri Subrata (161-Ballygunge, Kolkata)
208. Mukhopadhyay, Shri Jiban (147-Sonarpur Dakshin, South 24-Parganas)
209. Munda, Shri Joseph (21-Nagrakata (ST), Jalpaiguri)
210. Murmu, Shri Dulal (220-Nayagram (ST), Paschim Medinipur)
211. Murmu, Shri Khagen (43-Habibpur (ST), Malda)

N

212. Nag (Mallick), Smt. Nilima (93-Haringhata (SC), Nadia)
213. Nasiruddin Ahmed, Shri (80-Kaliganj, Nadia)
214. Naskar, Shri Jayanta (127-Gosaba (SC), South 24-Parganas)
215. Naskar, Shri Subhas (128-Basanti (SC), South 24-Parganas)
216. Naskar, Dr. Tarun Kanti (136-Jaynagar (SC), South 24-Parganas)
217. Nazmul Haque, Shri (228-Kharagpur, Paschim Medinipur)
*218. Nure Alam Chowdhury, Shri (294-Murarai, Birbhum)

O

219. Omar Ali, Dr. (205-Panskura Paschim, Purba Medinipur)

P

220. Pakhira, Shri Manturam (131-Kakdwip, South 24-Parganas)
*221. Pande, Shri Sadhan (167-Maniktala, Kolkata)
222. Panja, Shri Samir Kumar (182-Udaynarayanpur, Howrah)
223. Panja, Dr. Shashi (166-Shyampukur, Kolkata)
224. Patra, Smt. Asima (197-Dhanekhali (SC), Hooghly)
225. Patra, Shri Manoranjan (251-Taldangra, Bankura)
226. Paul, Shri Paresh (164-Beleghata, Kolkata)
227. Phiroja Bibi, Smt. (210-Nandigram, Purba Medinipur)
228. Poddar, Shri Samir Kumar (89-Ranaghat Uttar Purba (SC), Nadia)
229. Pramanick, Shri Ujjal (262-Jamalpur (SC), Burdwan)

Q

230. Quazi Abdul Gaffar, Shri (99-Baduria, North 24-Parganas)

R

231. Rafiqur Rahaman, Shri (102-Amdanga, North 24-Parganas)
232. Rajak, Smt. Protima (67-Burwan (SC), Murshidabad)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

233. Ray, Shri Asok (290-Mayureswar, Birbhum)
234. Ray, Shri Keshab Chandra (6-Sitai (SC), Cooch Behar)
**235. Ray, Shri Pramatha Nath (34-Kaliaganj (SC), Uttar Dinajpur)
236. Ray, Shri Sushil Chandra (44-Gazole (ST), Malda)
*237. Roy, Shri Arup (171-Howrah Madhya, Howrah)
238. Roy, Shri Debaprasad (12-Alipurduars, Jalpaiguri)
239. Roy, Smt. Debasree (134-Raidighi, South 24-Parganas)
240. Roy, Shri Dhiman (101-Ashoknagar, North 24-Parganas)
241. Roy, Shri Gokul (32-Karandighi, Uttar Dinajpur)
242. Roy, Shri Khageswar (18-Rajganj (SC), Jalpaiguri)
243. Roy, Smt. Mamata (15-Dhupguri (ST), Jalpaiguri)
244. Roy, Shri Nagendra Nath (3-Cooch Behar Uttar (SC), Cooch Behar)
245. Roy, Shri Narmada Chandra (37-Kushmandi (SC), Dakshin Dinajpur)
246. Roy, Shri Pulak (178-Uluberia Dakshin, Howrah)
247. Roy, Shri Satyendra Nath (41-Gangarampur (SC), Dakshin Dinajpur)
248. Roy, Shri Subhranshu (103-Bijpur, North 24-Parganas)
249. Roy, Dr. Sudipto (186-Sreerampore, Hooghly)
250. Roy, Shri Tapas (113-Baranagar, North 24-Parganas)
251. Roy Chowdhury, Shri Biplab (204-Panskura Purba, Purba Medinipur)
252. Roy Pradhan, Shri Arghya (9-Tufanganj, Cooch Behar)
253. Rukbanur Rahaman, Shri (82-Chapra, Nadia)

S

254. S. M. Sadi, Shri (79-Palashipara, Nadia)
**255. Sabina Yeasmin, Smt. (52-Mothabari, Malda)
256. Saha, Smt. Aparna (266-Bardhaman Uttar (SC), Burdwan)
257. Saha, Smt. Dipali (258-Sonamukhi (SC), Bankura)
258. Saha, Smt. Mala (168-Kashipur-Belgachia Kolkata)
259. Saha, Smt. Namita (141-Magrahat Purba (SC), South 24-Parganas)
260. Saha, Shri Pundarikakshya (84-Nabadwip, Nadia)
261. Saha, Smt. Seuli (209-Haldia (SC), Purba Medinipur)
**262. Saha, Shri Subrata (60-Sagardighi, Murshidabad)
263. Saha, Shri Swarna Kamal (163-Entally, Kolkata)
264. Sahajahan Choudhury, Shri (272-Mangalkot, Burdwan)
265. Santra, Shri Krishna Chandra (200-Arambag (SC), Hooghly)
266. Sardar, Shri Nirapada (123-Sandeshkhali (ST), North 24-Parganas)
267. Sardar, Shri Sital Kumar (174-Sankrail (SC), Howrah)
268. Sarkar, Shri Apurba (68-Kandi, Murshidabad)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

269. Seikh Safiujjaman, Shri (71-Beldanga, Murshidabad)
270. Sekh Sahonawez, Shri (271-Ketugram, Burdwan)
271. Sen, Shri Arunava (180- Bagnan, Howrah)
272. Sengupta, Shri Mohit (35-Raiganj, Uttar Dinajpur)
273. Sharma, Dr. Rohit (24-Kurseong, Darjeeling)
274. Shaw, Shri Ashok Kumar (189-Chandannagar, Hooghly)
275. Singh, Shri Arjun (105-Bhatpara, North 24-Parganas)
*276. Singh, Shri Rachhpal (198-Tarakeswar, Hooghly)
277. Singh, Shri Sultan (169-Bally, Howrah)
278. Singha Roy, Smt. Shaoni (64-Murshidabad, Murshidabad)
279. Singh Deo, Shri K. P. (242-Purulia, Purulia)
*280. Sinha, Shri Chandra Nath (286-Bolpur, Birbhum)
281. Sinha, Shri Khagendra Nath (33-Hemtabad (SC), Uttar Dinajpur)
282. Sinha, Shri Prabodh Chandra (227-Pingla, Paschim Medinipur)
283. Sk. Amjad Hossain, Shri (192-Pandua, Hooghly)
284. Sk. Parvez Rahaman, Shri (199-Pursurah, Hooghly)
285. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Sadar, Paschim Medinipur)
286. Swati Khandoker, Smt. (194-Chanditala, Hooghly)

T

287. Tajmul Hossain, Shri (46-Harishchandrapur, Malda)
288. Thakur, Shri Akshay (4-Cooch Behar Dakshin, Cooch Behar)
**289. Thakur, Shri Manjul Krishna (97-Gaighata (SC), North 24-Parganas)
290. Tirkey, Shri Dasrath (10-Kumargram (ST), Jalpaiguri)
**291. Tirkey, Shri Sunil Chandra (27-Phansidewa (ST), Darjeeling)
292. Touab Ali, Shri (56-Samserganj, Murshidabad)
293. Tudu, Smt. Sandhya Rani (243-Manbazar (ST), Purulia)

U

294. Upadhyay, Shri Bidhan (283-Barabani, Burdwan)

NOMINATED MEMBER

295. Calvert, Shri Michael Shane

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chember of the Assembly House, Kolkata, on Friday, the 21st September, 2012 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 24 Minister, 6 Ministers of State and 215 Members.

[11.00 – 11.10 a.m]

OBITUARY

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of former Members of West Bengal Legislative Assembly and other eminent personalities who breathed their last after the last Session of the Assembly.

Shri Dilip Kumar Mazumdar, former Member of West Bengal Legislative Assembly breahted his last on the 31st August, 2012 at his residence in Bidhannagar. He was 76.

Born on the 15th December, 1937 at Hasanchar in Comilla district of undivided Bengal, Shri Mazumdar was educated at Beliaghata Deshbandhu High School and Scottish Church College, Kolkata. He came into politics through his association with trade - union activities while working in Durgapur Steel Plant. He was a member of the West Bengal State Committee and Vice-Chairman of Burdwan District Committee of C.I.T.U.

Shri Mazumdar was elected to the West Bengal Legislative Assembly in 1967 and 1969 from Durgapur Assembly Constituency and in 1971, 1977, 1982, 1987 and 1991 from Durgapur-1 Assembly Constituency as a candidate of the Communist Party of India (Maxist).

With the demise of Shri Mazumdar the State has lost a veteran politician as well as an ardent trade union worker.

Shri Noorar Rahman, former Member of West Bengal

Legislative Assembly breathed his last on the 1st August, 2012 at his residence in Kasba after a prolonged illness. He was 77.

Born on the 25th June, 1936 at Magrahat in the district of South 24 Parganas, Shri Rahman did his post graduation in History and Philosophy from the University of Calcutta.

By profession he was a teacher. In his political career he was associated with the Communist Party of India (Marxist).

Shri Rahman was elected to the West Bengal Legislative Assembly in 2001 from Magrahat West, South 24 -Parganas Assembly Constituency as a candidate of Communist Party of India (Marxist.)

With the demise of Shri Rahman the State has lost a veteran politician.

Captain Lakshmi Sehgal, veteran freedom fighter and the Minister of Azad Hind Government breathed her last on the 23rd July, 2012 at a hospital in Kanpur following a cardiac arrest. She was 98.

Born on the 24th October, 1914, Captain Sehgal obtained MBBS degree from Madras Medical College in 1938. In 1940, she left for Singapore where she established a clinic for the poor, most of whom were migrant labourers from India. At the same time she began to play an active role in the India Independence League which contributed greatly to the freedom movement in India. In 1942, during the surrender of Singapore by the British to the Japanese, she aided wounded prisoners of war Netaji Subhas Chandra Bose's arrival in Singapore on July 2, 1943 and his determination to raise a women's regiment to fight for India's Independence attracted her for setting up a women's regiment known as the Rani of Jhansi regiment of which she was made the Captain.

On 21st October, 1943 when the Provisional Government of Azad Hind was announced, Captain Lakshmi Sehgal was the sole woman member of its Cabinet. During INA's historic march to Imphal, the Rani of Jhansi regiment under the leadership of Captain Sehgal witnessed active duty on the front and played a prominent role in defeating the colonial forces. She was arrested by the British army in May, 1945 and brought to India in 1946.

After her release, Captain Sehgal campaigned tirelessly for the

release and rehabilitation of imprionsed and de-mobbed INA personnel. After her settlement in Kanpur, she plunged into her medical work. During the Bangladesh crisis in 1971, she organized relief camps and medical aid in Kolkata for refugees who streamed into India from Bangladesh. She was one of the founding Members of All India Democratic Women's Association and became its Vice - President.

Captain Sehgal was a member of Netaji Research Bureau till her death. She was conferred with the Padma Vibhushan Award in 1998.

With the demise of Captain Sehgal, the nation has lost not only a freedom fighter who actively participated in India's struggle for independence but also an untiring social activist who devoted her life and time for the cause of the poor, the under privileged and the deprieved.

Shri Syed Mustafa Siraj, an eminent Bengali writer breathed his last on the 4th September, 2012. He was 82.

Shri Siraj was born in 1930 at Khoshbaspur in the district of Murshidabad. In his early life he joined a folk drama group where he played the flute and was a teacher of folk dance and drama. Later he moved to writing poetry and short stories.

In his literary career, he penned around 150 novels and 300 short stories. With his entrance in the realm of serious writing, he became famous for his short stories. His novels like '**Amartya Premkatha**', '**Aleek Manush** and short stories like '**Uro Pakhir Chhaya**', '**Manusher Janma**', '**Maati**' got critical appreciation from Bengali readers and intellectuals. His creastion '**Goenda Colonel**' is one of the favourite characters in Bengali literature, which was acclaimed highly. Some of his novels and short stories have been filmed and many of them have been translated into different Indian languages like Hindi, Urdu and Tamil. Simultaneously, he worked as a journalist for years in Bengali daily.

Shri Siraj received the Sahitya Academy Award and Bankim Puraskar for his novel '**Aleek Manush**' in 1994. He also won the Narasimha Das Memorial Award for his novel 'Amartya Premkatha apart from several other awards.

With the demise of shri Siraj, the state has lost a legendary Bengali litterateur.

Dr. Verghese Kurien, renowned social entrepreneur and one of the greatest proponents of the Co-oprative movement in the World, breathed his last on the 9th September, 2012 at a hospital in Nadiad, near Anand in Gujarat following a brief illness. He was 91.

Born on the 26th November, 1921 at Calicut, now Kozhikode in Kerala, Dr. Kurien did his B.E. (Mechanical) degree from the University of Madras. Subsequently, he went to the United States of America on a Government scholarship to do his Masters in Mechanical Engineering from Michigan State University. He also underwent specialized training in dairy engineering at the National Dairy Research Institute of Bangalore.

After his return from the U.S.A., Dr. Kurien joined the Dairy Department of the Government of India and was posted as Dairy Engineer at the Government Research Creamery, a small milk-powder factory in Anand, Gujarat. Around this time, the Kairo District Co-operative Milk Producers' Union Limited was engaged in battle of survival with a private dairy firm which was a giant in its field. Enthused by the challenged, Dr. Kurien left his Government job and volunteered to help the then Chairman of KDCMPUL to set up a processing plant. This led to the creation and success of the AMUL brand of dairy products and took India from being a milk-deficient nation to the largest milk producer in the world. His achievements with the AMUL dairy led the then Prime Minister Lal Bahadur Shastri to appoint him founder -Chairman of the National Dairy Development Board in 1965, to replicate AMUL's '**Anand Model**' nationwide.

The Father of the White Revolution, Dr. Kurien was instrumental in founding around 30 institutions of excellence which are owned, managed by farmers and run by professionals.

Durigh his illustrious career, Dr. Kurien won many accolades and awards. These include **Ramon Magsaysay Award** for Community Leadership in 1963; **Padma Shri** in 1965, **Padma Bhushan** in 1966, **Padma Vibhushan** in 1999; **Krishi Ratna Award** in 1986; **Wateler Peace Prize Award** of carnegie Foundation in 1986; **World Food Prize** in 1989 etc.

With the demise of Dr. Kurien, the nation has lost not only an icon of India's Co-operative movement and the dairy industry but

also a visionary whose work has alleviated millions out of poverty both in India and outside.

Shri Rajesh Khanna, an eminent actor and former Member of Lok Sabha breathed his last on the 18th July, 2012 at his residence in Mumbai. He was 70.

Born on the 29th December, 1942, Shri Khanna entered the arean of Hindi Movie in 1966. In his career spanning over more than four decades he acted in a good number of films of various genres in a variety of characters of the lead hero and eraned high reputation.

An artist par excellence, Shri Khanna received Filmfare best actor awards for three times and B.F.J.A. Awards for four times. He was given a Filmfare Special Award in 1991 and Filmfare Lifetime Achievement Award in 2005.

Shri Khanna was elected to the Lok Sabha in a by -election in 1992 from New Delhi parliamentary constituency as a candidate of Congress (I).

With the demise of Shri Khanna, the nation has lost a legend in Indian Cinema.

Shri Krishna Bahdur Mukhia, Netaji Subhas Chandra Bose's compatriot at the INA and a freedom fighter breathed his last on the 12th September , 2012 at his residence at Rockville in Darjeeling following a brief illness. He was 92.

Born on the 12th May, 1921 at Banneckborne Tea Estate in Darjeeling, Shri Mukhia joined the Gorkha Regiment in 1941. He was among the troops that surrendered to the Japanese on February 15, 1942 in Malaya. As a Prisoner of War, he joined Netaji's Indian National Army in 1943. He was the personal bodyguard and driver of Netaji during his warring days in the jungles of Burma now Myanmar. Later, he was wounded in Burma, captured by the British on January 31, 1944 and taken to a prison in Bangladesh. Later on, he faced a military tribunal and was dismissed from the Gorkha regiment. He returned to Darjeeling in 1946 and got a job with the district school board from where he superannuated in 1986.

Shri Mukhia was awarded the **Tamro Potro** from the Government of India on the 15th August, 1972.

With the demise of Shri Mukhia, the State as well as the nation has lost one of her bravest sons who fought in the front for liberation of the country against the foreign rule.

Shri Ramesh Chandra Paul, an eminent sculptor breathed his last on the 8th September, 2012. He was 92.

Born at Palong in Faridpur district now in Bangladesh, Shri Paul moved to Kolkata in the forties and studied art of modeling from the Government Art College. With his art, he made a distinct identity for himself in crafting idols and designing sculptures which have been widely and critically acclaimed. His fame did not confine itself within the periphery of State but spread over the Country.

He sculptured a good number of statues founded in the city of Kolkata.

With the demise of Shri Paul, the state has lost a noted sculptor as well as a clay-modeller.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(After 2 minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

Adjournment

The House stands adjourned till 11.00 a.m. on Monday, the 24th September, 2012.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 24th September 2012 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 21 Ministers, 5 Ministers of State and 220 Members.

[11.00 – 11.10 a.m.]

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

মিঃ স্পীকার : ঈদ উৎসবের পরে আজকে প্রথম পূর্ণাঙ্গ অধিবেশনের কাজ শুরু হবে। আমরা সবাইকে ঈদের প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে আজকের অধিবেশনের কাজ শুরু করছি। I beg to present the 25th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber on the 21st September, 2012 and recommended the Programme of Business from the 24th to 26th September, 2012 as follows :

24.09.2012, Monday : (i) Business remaining from 21.09.2012

(ii) The West Bengal College Service Commission
Bill, 2012 (Introduction, consideration & Passing) ... 2 hrs.

25.09.2012, Tuesday : (i) Goverment Resolution under rule 169 regarding inclusion of Blocks of Bishnupur and Sonamukhi of Bankura District within the Jurisdiction of the Paschimanchal Unnayan Parshad (Notice given by Dr. Sukumar Hansda)

... $\frac{1}{2}$ hr.

ii) The West Bengal Panchayat (second amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing) ...2 hrs.

(iii) The West Bengal Panchayat Elections (Second Amendment) Bill, 2012 (introduction, Consideration & Passing) ...1 hr.

26.09.2012, Wednesday : (i) The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2012 (introcuction, Consideration and Passing ... hr.

(ii) The Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012 (introduction, Consideration and Passing ... hr.

(iii) The West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012 (introduction, Consideration and Passing) ... hr.

Now the Minister in-charge-of Parliamentary Affairs Department may please move the motion for acceptance.

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার অনুমতি নিয়ে কার্য উপদেষ্টা কমিটির ২৫ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পীকার : I think the motion is adopted. The motion is adopted. ইতিমধ্যেই আপনাদের বলি, কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য যারা রয়েছেন - আমাদের সিট অ্যারেঞ্জমেন্ট পুনর্বিন্যাস না করা পর্যন্ত যারা যেখানে বসেছিলেন সেখানেই বসবেন। আমাদের সভার কাজ চলবে। যদি আপনারা চান পরে আলোচনা করে আমরা সিটিং অ্যারেঞ্জমেন্টের পুনর্বিন্যাস করতে পারি।

Starred Questions
(To which oral answers were given)
খরিফ চাষে "জমির লক্ষ্যমাত্রা"

*১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭) **ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি মরশুমে রাজ্যে খরিফ চাষের জন্য "জমির লক্ষ্যমাত্রা" কত পরিমাণ ধার্য্য হয়েছে ;এবং (খ) ৩১শে আগস্ট, ২০১২ পর্যন্ত লক্ষ্যমাত্রার কত শতাংশ জমিতে উক্ত চাষ করা সম্ভব হয়েছে?

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য :

(ক) চলতি মরশুমে অর্থাৎ ২০১২ সালে রাজ্যে খরিফ চাষের জন্য জমির লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে ৪২.৯০ লক্ষ হেক্টর।

(খ) ৩১শে আগস্ট, ২০১২ পর্যন্ত লক্ষ্যমাত্রার ৯৩.২০ শতাংশ্ জমিতে চাষ করা সম্ভব হয়েছে। (৩৯.৯৭ লক্ষ হেক্টর জমিতে চাষ হয়েছে)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, ২০১১-১২ সালে খরিফের লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল প্রায় ৪২ লক্ষ হেক্টর এবং উৎপাদন আশা করা হয়েছিল যে ১০৫ লক্ষ মেট্রিক টন হবে। এখন এটা যেটা আপনারা ধরেছিলেন এবারে ৪২.৯০ বাড়িয়ে, সেটা কমে এখন ৩৯.৯৭ লক্ষ হেক্টরে দাঁড়িয়েছে। আমি যেটা আপনাকে প্রশ্ন করতে চাই, খালি এলাকা কমার ব্যাপার নয় যেহেতু বৃষ্টিটা দেরিতে হল, যেহেতু আগস্ট মাসের মাঝামাঝি সময়ের মধ্যে রোপনের কাজ যদি সম্পন্ন না হয় তাহলে উৎপাদন কমে যায় এবং যেহেতু আগস্টের শেষের দিকেও বৃষ্টি হয়েছে তাতে আপনার ৩৯.৯৭ লক্ষ হেক্টর জমিতে যে চাষ হয়েছে তারমধ্যে এই রকম দেরিতে রোপন, রোপন না হওয়ার ফলে আপনি কি হিসাব করেছেন যে এতে খরিফে আমাদের নিট উৎপাদন সেটা কত কমে যাবে।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য : এই যে পরিমান জমি লক্ষ্যমাত্রার থেকে কম হয়েছে সেটা ৩১শে আগস্ট পর্যন্ত। ৩১শে আগস্টের পরেও কৃষকেরা আরো কিছু পরিমান জমিতে তারা রোপন করেছেন। যেটুকু কম সেটা কৃষকরা ''ডাইভারসিফিকেশান অফ কাল্টিভেশান'' এই পদ্ধতিতে তারা ধান চাষ না করে অন্য ফসলের চাষ করতে উৎসাহী হয়েছেন। ৩১শে আগস্টের পরেও আমরা জেনেছি আরো কিছু কৃষক তারা ধান চাষ বা ধান রোপন করেছেন। সুতরাং আমরা আশা করছি উৎপাদনের যে পরিমান সেটা কম হবে না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : না, আমি সেটাই জিজ্ঞাসা করছি যে আমাদের মোটামুটি ১৫১ লক্ষ টন ২০১১-১২ সালের চালের টান ছিল, ১৫১ লক্ষ টন আমাদের ধরা হয়েছিল আর্থিক সমীক্ষায় আছে যেটা মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন। এই ১৫১-র মধ্যে ধরা হয়েছিল খরিফে ১০৫ লক্ষ টন যদি ৪২ লক্ষ হেক্টরে চাষ হত। আপনার হয়েছে তার চেয়ে কম যা আপনি বলেছেন। আপনি বলেছেন আগস্টের ৩১ পর্যন্ত - আমি বার বার আপনাকে বলছি আসস্টের মাঝের পরে যদি হয় রোয়া তাতে উৎপাদন কমে যাবে। আপনি বলছেন আগস্টের ৩১ - এর পরেও সেপ্টেম্বরে রোয়া হয়েছে তার মানে হচ্ছে যেখানে বিঘায় ১৫-১৬ মন পুরানো হিসাবে - চাষীরা যে হিসাব বলে ১৫-১৬ মন হত সেখানে ৮ মন হবে কিনা সন্দেহ। সেইজন্য আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাইছি একটা সামগ্রিক রাজ্যের মোট চাল উৎপাদনের লক্ষ্য এটা অর্জন করার পরিপ্রেক্ষিতকে রেখে যদি আপনার খরিফটা কমে যায় সেটা কমে কত দাঁড়াবে? আমার হিসাবে সেটা প্রায় ১৫ লক্ষ টন কমে যাবে। আপনি বলবেন কোনটা আপনার হিসাব। ১০৫ থেকে যদি ১৫ কমে যায় তারপরে বোরোতে আমরা খুব বেশি হলে ৪৫-৫০ লক্ষ টন চাল পাবো সেটা কি হবে জানি না কিন্তু কারন এই বছর ড্যাম-ট্যাম ইত্যাদির যা অবস্থা তাতে জলাধারের যা জল আছে আর কি বৃষ্টি হবে কেউ বলতে পারে না। এই সামগ্রিক চিত্রটা সামনে রেখে আপনি কি মনে করছেন যে ''ডায়ভারসিফিকেশান''-তো আমাদের খাদ্য সমস্যার সমাধান করবে না অন্য কিছু ধান-চাল না করে। চাষীরা চায় আগে খাদ্য নিরাপত্তাটা সেই জন্য আপনাকে জিজ্ঞাসা করছি।

[11.10 – 11.20 a.m.]

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য : এই আশংকার কোন কারণ নেই। এখনো পর্যন্ত আমার কৃষি বিভাগে উৎপাদন কম হবে বলে আমার কাছে কোন রকম রিপোর্ট নেই। উৎপাদন কম হবে কি না হবে সেই বিষয়ে কিছু বলে নি। কৃষকরা নিজেরাই ধান চাষের বদলে অন্য চাষ করে সেটাতে ফসল উৎপাদন করতে আগ্রহী হয়েছেন। ফলে ধানের নিরীখে কৃষকদের আগ্রহ কমে গেছে এবং কোন কোন ক্ষেত্রে তারা ভিন্ন ফসল উৎপাদনের ক্ষেত্রে তাদের জমিকে নিয়োজিত করেছেন এইরকম কোন খবর নেই এবং এখনো পর্যন্ত আমার দপ্তরে কোন খবর পাই নি যে উৎপাদন কম হবে এবং তারজন্য আশংকার কারণ আছে।

শ্রী শাহাজাহান চৌধুরী : অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করছি। ৩১শে আগষ্ট ২০১২ সাল পর্যন্ত লক্ষমাত্রা থেকে যে তথ্য দিয়েছেন তাতে প্রায় ৭ শতাংশ জমি কাল্টিভেট হয় নি। তারপরে যেটা বললেন যে, ৩১শে আগষ্টের পরে কিছু হয়েছে, সেটা কত পার্শেন্টি হয়েছে-ধান কত হয়েছে বা শস্য কত হয়েছে ৭ পার্শেন্টের মধ্যে এই কোশ্চেনটা রয়েছে আপনার কাছে।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য : এই প্রশ্নের উত্তরের জন্য আপনি আমাকে নোটিশ দেবেন, আমি সেটা সংগ্রহ করে পরে আপনাকে জানিয়ে দেব।

শ্রী অসিত মিত্র : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন - কিছুক্ষণ আগে আপনি বললেন যে আগষ্টের পরেও কিছু কিছু জমিতে ধান চাষ হচ্ছে। আবার পরবর্তী পর্যায়ে আপনি বলেছেন যে, সেখানে তারা অন্য ফসল চাষ করে তাদের অভাবটা পূরণ করার চেষ্টা করছেন। আমি আপনার কাছে প্রশ্ন রাখছি যে, আমাদের চাল উৎপাদনের যে লক্ষ্যমাত্রা ছিল ১৫১ লক্ষ মেট্রিক টন। আপনি বলেছেন যে না, সেখানে কোন অসুবিধা হবে না। আপনার উত্তরটাই এখানে দু রকম হয়ে যাচ্ছে। একটা হচ্ছে ১৫১ লক্ষ মেট্রিক টন, আবার বলছেন চাষীরা দেরীতে বৃষ্টি হওয়ায় তার ধান বাদ দিয়ে অন্য চাষের দিকে নজর দিয়েছে। কিন্তু আমি যতদূর জানি ধান চাষ অনেক জায়গায় হয় নি, বিশেষ করে হাওড়া জেলায়। আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করবো যে, যে সমস্ত জায়গায় দেখা যাবে যে, ধান চাষ হয় নি সেইসব ক্ষতিগ্রস্ত চাষীদের জন্য আপনি তাদের ক্ষতিপূরণ দেওয়া বা বিকল্প চাষের কি ব্যবস্থা রাখছেন?

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য : চাষীদের যেখানে ক্ষতিপূরণ হয় নি, হবে না, সেখানে ক্ষতি যেখানে হয় নি, সেখানে ক্ষতিপূরণ করবার প্রশ্ন আসেনি এখনো পর্যন্ত। প্রাকৃতিক বিপর্যয়ের কারণে বা দুর্যোগের কারণে যদি কোন ক্ষতি হয় তখন প্রশ্ন আসবে। এখনো ধান চাষ স্বাভাবিক আছে। কোন প্রাকৃতিক বিপর্যয়ের কারণে কোন ক্ষতি হয় নি। এখনো পর্যন্ত স্বাভাবিক বৃষ্টি হয়েছে এবং এখনো পর্যন্ত বৃষ্টির ঘাটতি বা খরা পরিস্থিতি এই কথাটা আপনি বলেছেন সেটা এখনো দেখা দেয় নি।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, সাধারণত আমরা জানি ১৫ই জুলাই থেকে ১৫ই আগষ্ট পর্যন্ত আমন ধানের চাষ রোয়া হয়। এরমধ্যে হলে ফসল

উৎপাদনটা ভালো হয়। ১৫ই আগষ্টের পরে আপনি বলছেন যে, ৩১শে আগষ্টের পরেও জমিতে ধান লাগানো হয়েছে। তারপরে যেটা ধান রোয়া হয় সেই ধান থেকে ভাল উৎপাদন হয় না। এই অভিজ্ঞতা আমাদের আছে। এই ধান থেকে কোনভাবেই ভালো দানা হয় না। তাহলে আপনাদের যে লক্ষ্যমাত্রা, সেই লক্ষমাত্রায় ১৫ই আগষ্টের পরে যে ধান লাগিয়েছে, তা কিন্তু পূরণ করবে না। সেইকারণে যে সংকট তৈরী হবে সেইটা আপনি কি ভাবে মোকাবিলা করবেন?

মিঃ স্পীকার : একই প্রশ্ন, এটা আগে হয়ে গেছে ইট হ্যাজ অলরেডি বিন আনসারড।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটি প্রশ্ন করতে চাই যে, এটা সত্য বৃষ্টি এবার দেরিতে হয়েছে। কিন্তু এটাও সত্য যে বৃষ্টির অভাব যখন চলছিল তখন রাজ্য সরকার সেচের প্রভূত পরিমাণ ব্যবস্থা করেছিল। সুতরাং সেচ সেবিত এলাকায় বৃষ্টির অভাব জনিত যে উৎপাদন, নষ্ট হওয়ার আশঙ্কা কেউ কেউ করছেন এটা অমূলক বলে মনে হয়। সেচ সেবিত এলাকায় ধান রোপন হয়েছে এবং সেই কারণেই কত পরিমাণ জমি এই সেচ সেবিত হওয়ার ফলে সঠিক সময়ে উৎপাদনের কাজে লাগতে পেরেছে এবং কি পরিমাণ জমি সেচ সেবিত না হওয়ার জন্য বাকি রয়েছে যা ৩৪ বছরে এদের অবদানের ফল।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য : বিগত বছরে খারিফ মরসুমে যেভাবে সমগ্র পশ্চিমবাংলাব্যাপী ধান চাষ হয়েছে এই বছরে সেচ সেবিত এলাকায় এবং প্রধানত উত্তরবঙ্গে যে স্বাভাবিক বৃষ্টিপাত ঘটেছে তাতে প্রাকৃতিক অনুকূলতার মাধ্যমে গত বছরে যে ভাবে খারিফ মরসুমে ধান হয়েছে তার থেকে অনেক ভাল এবং উন্নত অবস্থায় ধান উৎপন্ন হবে। সেইজন্য আমরা বলছি যে সেচ সেবিত এলাকায় এবং বিশেষত উত্তরবঙ্গ যেখানে বৃষ্টির পরিমাণ স্বাভাবিকের থেকে বেশি হয়েছে সেই সব জায়গায় গত বছরে খারিফ মরসুমে যা উৎপাদন ছিল তার থেকে অনেক বেশি আমরা এবারে সেচ সেবিত এলাকায় এবং উত্তরবঙ্গ এলাকায় পাব বলে আশা করছি। সেই কারণেই আমরা বলছি যে, উৎপাদন ঘাটতি হবে বলে যে আশঙ্কা প্রকাশ করা হচ্ছে সেই আশঙ্কার কারণ নেই।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই আপনি যেটা বললেন যে, আপনার দপ্তরে এখনো পর্যন্ত সেই খবরটা নেই। দপ্তরের রিপোর্টের উপর ভরসা করে আজকে আমাদের পশ্চিমবাংলার এই অবস্থা। আমি যেটুকু জানি দপ্তরে যেটা হয় সেটা নোশন্যাল সার্ভে, তার সঙ্গে প্র্যাকটিক্যালের কোন মিল থাকে না। এই যে ক্রপ কাটিংয়ের সিস্টেমটা আছে তার সঙ্গে অ্যাভারেজ মেলে না। কাজেই দপ্তরের উপর ভিত্তি করে আপনি যে কথাটা বলছেন বাস্তবের সঙ্গে তার সঙ্গতি আছে কি না এটা ভেরিফাই করার কোন ব্যবস্থা কি আপনি করছেন?

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য : আমাদের দপ্তরের রিপোর্ট করতেই হয়। দপ্তরকে অবিশ্বাস করে কখনই আমি বলতে পারি না যে এই হিসাব ঠিক নয়। এটা শুধু আমার সময়তেই নয় বিগত বছর-গুলিতে আপনাদের ক্ষেত্রেও দপ্তরের যে রিপোর্ট কর্মচারীরা বা আধিকারিকরা দিয়ে থাকেন তার উপর নির্ভর করেই আপনারাও সেই রির্পোট দিতেন। আমিও সেইভাবেই দপ্তরের যে রিপোর্ট আছে সেই রিপোর্টগুলিকে আপনি বলছেন অমূলক, অবাস্তব। কিন্তু দপ্তরের রিপোর্টকে অমূলক, অবাস্তব

বলে আমি যদি একটা মনগড়া হিসাব দিই তাহলে সেটা আরো অবাস্তব এবং আরো অগ্রাহ্য হবে। আমি আমার দপ্তরের রিপোর্টকে অবিশ্বাস করতে পারছি না এবং সেটাকে আমি বিশ্বাস করে আপনাদের এখানে সেই তথ্য পরিবেশন করেছি।

নতুন সিলেবাস চালু

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রীঅসিত মিত্র** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে নতুন সিলেবাস চালু করার জন্য সরকার কোন পদক্ষেপ গ্রহণ করেছে কি ; এবং

(খ) করে থাকলে, তা কিরূপ?

বিদ্যালয়গুলিতে জীবন শৈলী বিষয় চালু

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫১) **শ্রীঅসিত মিত্র** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার নবম/দশম শ্রেণীর জন্য জীবন শৈলী বিষয়টি আবশ্যিক করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ বিষয়টি চালু হবে বলে আশা করা যায়?

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয় প্রশ্নটি জিজ্ঞাসা করার আগে আপনার কাছে আমার একটি অনুরোধ যে, আমার দুটি প্রশ্ন আছে একটি অনুমোদিত প্রশ্ন নম্বর ৪৫ আর একটি অনুমোদিত প্রশ্ন নম্বর ৫১। আমি আপনার কাছে অনুরোধ করব মাননীয় মন্ত্রী মহোদয় আছেন তাই এই দুটি প্রশ্ন ক্লাব করে দিলে উত্তরটা দিতে ওনার অসুবিধা হবে না।

মিঃ স্পীকার : ঠিক আছে, ক্লাব করে দেবে।

শ্রী অসিত মিত্র : তাহলে আমি ক্লাব করেই বলছি অনুমোদিত প্রশ্ন নম্বর ৪৫ এবং অনুমোদিত প্রশ্ন নম্বর ৫১।

[11.20 – 11.30 a.m.]

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়কের দুটি প্রশ্নের উত্তর আমি যুগ্মভাবে দিচ্ছি। প্রথম প্রশ্নের উত্তর :

(ক) সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

(খ) ২০১৩ শিক্ষাবর্ষ থেকে নতুন সিলেবাস অনুসারে পরীক্ষার পাঠ্যসূচি ও পাঠ্য পুস্তক চালু হতে চলেছে। প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক তিনটি স্তরেই নতুন সিলেবাস অনুসারে পর পর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এখন পর্যন্ত ১ম, ৫ম ও ৭ম শ্রেণীর জন্য নতুন পাঠ্য পুস্তক উক্ত সিলেবাস অনুসারে রচনা করা হয়েছে।

দ্বিতীয় প্রশ্নের উত্তর :

(ক) এমন কোনো সিদ্ধান্ত এখনো নেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয় খুব সঠিকভাবে বলেছেন যে, আমরা সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করছি এই সিলেবাস মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরে নতুন সিলেবাস চালু করার জন্য। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন যে ২০১৩ নতুন শিক্ষাবর্ষ থেকে যে শিক্ষাক্রম আপনারা চালু করতে চলেছেন এই শিক্ষাক্রম চালু করার জন্য তার যে রচনা, তার যে পলিসি, এই পলিসি তৈরী করার জন্য আপনারা কাদের নিয়ে কমিটি গঠন করেছিলেন এবং কোন্ কোন্ ধারণার বশবর্তী হয়ে যেটা ছাত্রদের কল্যাণ হবে সেই বিষয়ে নজর দিয়ে আপনারা নতুন সিলেবাস তৈরী করছেন?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি, আমাদের প্রথমে একটা সিলেবাস কমিটি হয়, তার নেতৃত্বে ছিলেন শ্রী সুনন্দ সান্যাল, তিনি, ৩ বা ৪ মাসের মাথায় ঐ কমিটি ছেড়ে দেন। তখন আমরা ঐ কমিটির মধ্যে অন্যতম যাদবপুর বিশ্ববিদ্যালয়ের তুলনামূলক বিভাগের অধ্যাপক মোহিত মজুমদার, তার নেতৃত্বাধীন, তিনি এই কমিটিতে ছিলেন, তাকে আমরা চেয়ারম্যান হিসাবে অভিষিক্ত করি এবং সেই অনুযায়ী তিনি এই কমিটি করেছেন। এই কমিটি আমাদের রিপোর্ট দিয়েছে। এই কমিটিতে বিভিন্ন শিক্ষাকেন্দ্র, স্কুল, প্রাথমিক স্কুল, মাধ্যমিক স্কুল, উচ্চমাধ্যমিক স্কুল, মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় প্রত্যেক স্তর থেকে আমরা প্রতিনিধি নিয়েছি, বহু জায়গা থেকে প্রতিনিধি নিয়েছি। এটা বিরাট একটা কমিটি। আপনি যদি বিস্তারিতভাবে নাম চান, আমি আলাদা করে আলাদা করে প্রত্যেকের নাম আর বায়োডাটা আপনাকে দিয়ে দিতে পারি। আপনাকে জানাই যে, কে কোন্ শিক্ষক সংগঠন করে সেটা আমি দেখিনি। আমি দেখেছি যেটা রাজ্যের ছেলেমেয়েদের উপকার হতে পারে আমাদের কাছে সেই প্যারামিটার ছিল। তবে আপনি যেটা জানতে চেয়েছেন যে প্যারামিটার কি? (১) শিক্ষাক্ষেত্রে এক ধরনের স্বচ্ছতা, এক ধরনের দায়বদ্ধতা এবং এক ধরনের-আমি বলব যে, যেটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী চেয়েছিলেন যে, সিলেবাসের বোঝাটা কমিয়ে পড়াটা যাতে আনন্দদায়ক হয়ে ওঠে এবং সেইভাবেই আমাদের যে কেন্দ্রীয় শিক্ষানীতি, সেখানে আমাদের বলা হচ্ছে যে, মূলটা যে কখনও পড়াশুনার বোঝাটা যেন না চাপে, সেই অনুযায়ী অর্থাৎ পড়াশুনা থাকবে কিন্তু সেটা কখনও বোঝা হবে না। এই জায়গা থেকে মূলতঃ আপনি এটাই আপনি ক্রাক্স হিসাবে ধরতে পারেন। এটাকে নির্যাস হিসাবে ধরতে পারেন। তারপর আরও কিছু আছে সেটা যদি আপনি চান -সেই নিয়ে আমাদের সিলেবাস কমিটির একটা রিপোর্টও আছে। কি আমাদের উদ্দেশ্য, কি নীতি, কি ভাবনা-চিন্তা থেকে আমরা করছি সেটাও আমি আপনাকে পৌঁছে দিতে পারি।

শ্রী অসিত মিত্র : লাস্ট সাপ্লিমেন্টারি। সেটা হচ্ছে জীবনশৈলী-এর ওপর যে সিলেবাস তৈরী হয়েছিল বামফ্রন্ট সরকারের আমলে, তারা কোথাও-কোথাও শুরু করলেন, এবং কোথাও কোথাও তার কার্যক্রম চলতে শুরু করল—এইরকমই আমি দেখেছি। কিন্তু আমি সংবাদপত্রে অবশ্য

দেখেছিলাম যে, আপনাদের শিক্ষা দপ্তর, তারা এটাকে আবশ্যিক এবং নিয়মিত পাঠ্য হিসাবে গ্রহণ করতে চলেছে। আপনি বলেছেন না। আমি বলছি যে, এটা কি পরিত্যক্ত হয়েছে? যে আর কোনদিন জীবনশৈলী নিয়ে কোন আলোচনা হবে না, ক্লাস নাইন, টেনে পড়ানো হবে না। অথবা এটা আমাদের বিচার বিবেচনার মধ্যে আছে সেটা চলবে, আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে জানতে চাইছি?

শ্রী ব্রাত্য বসু : আমি মাননীয় বিধায়ককে জানাচ্ছি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আপনি সংবাদ মাধ্যমে বোধহয় যেটা দেখেছিলেন সেটা সম্ভবত ক্লাস নাইন টেন নয়. সেটা সম্ভবত ক্লাস ইলেভেন টুয়েলভ। সেটা নিয়ে একটা কথা হয়েছিল। যেহেতু 'কপ' আমাদের বলেছিল যে ওটাকে adopt করতে হবে। তখন সেই মুহূর্তে ওটাকে আমরা আলোচনা করে দেখি দপ্তরে, যেহেতু এটা delicate issue, আপনি যদি ব্যক্তিগত ভাবে আমার মত জানতে চান, জীবনশৈলীর থেকে বড় কথা হচ্ছে ওখানে যে সেক্স এডুকেশন, এই সেক্স এডুকেশন নিয়ে সমাজ কতটা পারমিশেবুল হবে, সমাজ কতটা এটাকে ছাড় দেবে, আপনি বোধহয় প্রশ্নটা এই জায়গায় রাখতে চাইছেন। আমার মনে হয় এটা আমি আপনি বিচার করার অধিকারী নই, যারা শিক্ষাবিদ, সংশ্লিষ্ট শিক্ষাবিদদের উপর আমি ওটা ছেড়েছি এবং বলেছি যে আপনারা একটা রিপোর্ট জমা দিন যে এটা সত্যিই আমাদের ছাত্র-ছাত্রীদের জন্যে, ক্লাস ১১-১২ এর উপযোগী কি না, সেই মতামতের অপেক্ষায় আমরা রয়েছি। তারপর এটা নিয়ে আমরা আমাদের পরবর্তী পদক্ষেপ জানাতে পারব। ৯-১০ এর ক্ষেত্রে এখনই বলে দিচ্ছি এটা পরিত্যক্তই রয়েছে।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যখন নতুন সিলেবাস গ্রহণ করা চলছে তখন আজকের সংবাদ মাধ্যমে দেখলাম যে রাজ্যের কয়েকটি নামি স্কুল তার মধ্যে গোখেল মেমোরিয়াল এইরকম তিনটি স্কুলের নাম দেখলাম, যারা এই রাজ্যের যে মাধ্যমিক সিলেবাস সেটা ব্যাকডেটেড হওয়া এবং পরীক্ষার যে পদ্ধতি তার প্রাসঙ্গিকতা বা অপ্রাসঙ্গিক এইরকম ধারণা থেকে তারা পশ্চিমবঙ্গের মাধ্যমিক বোর্ড থেকে সি বি এস ই বোর্ডে চলে যাওয়ার চেষ্টা করছে এবং অলরেডি তারা গেছে। এইরকম কোন খবর আপনার কাছে আছে কি না এবং থাকলে এইরকম কতগুলো স্কুল যাওয়ার চেষ্টা করছে বা সেগুলি যাতে যেতে না পারে তার কোন ব্যবস্থা সরকারের তরফ থেকে নেওয়া হচ্ছে কি না এই ব্যাপারে একটু জানার জন্য জিজ্ঞাসা করছি।

শ্রী ব্রাত্য বসু : আমি মাননীয় বিধায়ককে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে জানাচ্ছি এইরকম খবর আমার কাছে নেই। গোখেল ভীষণভাবে আমাদের বোর্ডের স্কুল এবং আমাদের বোর্ডের স্কুল হিসেবে থাকবে এবং এইরকম কোন আবেদন আমাদের কাছে আসেনি। আমি জানিনা আপনি কোন গণ-মাধ্যমে দেখেছেন। আমি গণ-মাধ্যমের খবরের উপর ভিত্তি করে এই মুহূর্তে আপনাকে এটার উত্তর দিতে পারব না। কেননা আমার কাছে নির্দিষ্টভাবে দপ্তরে এইরকম কোন প্রস্তাব কোন স্কুল থেকে আসেনি। বরং অনেক সি বি এস ই বোর্ডের স্কুল বা তথাকথিত ইংলিশ মিডিয়াম স্কুল প্রাথমিক স্তরে তারা আমাদের সরকারের কাছে অফিলিয়েশন চাইছে, আমার কাছে এইরকম খবর আছে। কেউ চলে যেতে চাইছে বলে আমি এখনও অবধি শুনিনি। ধন্যবাদ।

শ্রী বিরাম মান্ডি : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে প্রশ্ন করছি সাঁওতালি ভাষায় অলচিকি হরফে মাধ্যমিক স্তরে কোন সিলেবাস কমিটি গঠন হয়েছে কি না, যদি হয়ে থাকে তার চেয়ারম্যান কে সেটা বলার জন্য আমি অনুরোধ করছি?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ককে আমি জানাই যে অলচিকি লিপি, সেটা শুধু আলোচনার স্তরে আর নেই, সেটা নিয়ে আমাদের বই ছাপানো হয়ে গিয়েছে এবং এই শিক্ষা বর্ষ থেকে পড়ানো শুরু হবে। এটা নিয়ে আমরা কিছুদিন আগেই একটা প্রেস নোট দিয়েছিলাম, আপনি যদি চান তাহলে আমি আপনাকে দিয়ে দিতে পারি। ধন্যবাদ।

রাজ্যে অগ্নিকাণ্ডের তদন্ত

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১) **শ্রীতজমুল হোসেন :** অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বিভিন্ন অগ্নিকাণ্ডের তদন্ত করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে?

শ্রী জাভেদ আহমেদ খান :

এই বিভাগের ভূমিকা কেবলমাত্র অগ্নি নির্বাপন, প্রতিরোধ, উদ্ধারকার্য্য এবং জরুরী পরিষেবার মধ্যেই সীমাবদ্ধ।

যে-কোনো অগ্নিকান্ডে এই দপ্তর প্রথামাফিক অগ্নি নির্বাপন ও উদ্ধারকার্য্যের পাশাপাশি প্রাথমিক এবং সংক্ষিপ্ত তদন্ত করে। বিস্তারিত তদন্তের জন্য পুলিশ, ফরেন্সিক বিভাগ এবং অন্যান্য দপ্তরকে অনুরোধ এবং তাদের উপর নির্ভর করা হয়।

[11.30 – 11.40 a.m.]

শ্রী তজমূল হোসেন : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন রাখছি যে, এই যে অগ্নিকান্ড ঘটছে, এই অগ্নিকান্ডকে প্রতিহত করার জন্য, বিভিন্ন সংস্থা পরিদর্শনের জন্য, অডিটের জন্য দপ্তরের পক্ষ থেকে যে টাস্ক ফোর্স গঠন করা হয়েছিল, তারা কতগুলো পরিদর্শন করেছেন সেটা দয়া করে জানাবেন?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি যে, আমাদের কাছে দুটো কমিটি আছে। সেগুলো হল—ফায়ার সেফ্‌টি কমিটি এবং ফায়ার সেফ্‌টি অডিট কমিটি। তার মাধ্যমে আমরা ভিন্ন ভিন্ন নার্সিং হোম হোক, হসপিটাল হোক, মাল্টি-স্টোরিড বিল্ডিং হোক, মল্ হোক —সবই পরিদর্শন করেছি এবং যে যে অভিযোগ আসছে সেখানেও পরিদর্শন করে, এনকোয়ারি করে আমরা সব রিপোর্ট চাইছি এবং এ্যডভাইসরিও পাঠাচ্ছি। আমরা মোটামুটি কোলকাতার আশেপাশে প্রায় ৪০ খানা নার্সিংহোম এবং বেসরকারী হসপিটাল এবং সরকারী যতগুলো হসপিটাল আছে, সব আমরা তদন্ত করে দেখেছি, এনকোয়ারি করে দেখেছি এবং তাদের এ্যডভাইসরি পাঠিয়েছি। আপনারা শুনে খুশী হবেন যে, প্রায় ৯০ পারসেন্ট হসপিটালগুলোর, নার্সিংহোমগুলোর,

বেসরকারী হসপিটাল এবং নার্সিংহোম তারা আমাদের যে এ্যাডভাইসরি পাঠিয়েছি, যে নির্দেশিকা পাঠিয়েছি, তারা সেটা কমপ্লাই করেছেন। আজকে দুপুর সাড়ে তিনটের সময় আমরা অনেকগুলো নার্সিহোম এবং হসপিটালকে আমরা ফায়ার সেফ্‌টি সার্টিফিকেট এবং লাইসেন্স দেব। আজকে সেটা আমাদের প্রোগ্রামের মধ্যে আছে।

শ্রী তজমূল হোসেন : স্যার, আপনার কাছে আমার দ্বিতীয় প্রশ্ন হল, আপনি বললেন যে, আপনি পরিদর্শন করেছেন। কিন্তু কতগুলো ক্ষেত্রকে অগ্নি-নির্বাপণ ব্যবস্থার পক্ষ থেকে যথোচিত ব্যবস্থা নেই বলে চিহ্নিত করেছেন? এগুলো সংশোধনের জন্য কি সুপারিশ করেছেন? এরজন্য কোন সুপারিশ করা হয়েছে? এগুলো দয়া করে জানাবেন?

শ্রী জাভেদ আহমেদ খান : আমরা যেটা ফায়ার সেফ্‌টি এবং ফায়ার সেফ্‌টি অডিট কমিটির যে রিপোর্ট এসেছে—প্রত্যেকটি হসপিটাল, নার্সিহোম ইন্সপেকশন করার পর, মল ইন্‌স্‌পেকশন করার পরে, ভিন্ন ভিন্ন হসপিটালে ভিন্ন ভিন্ন প্রবলেম ছিল — যেমন ধরুন একটা বেসরকারী হসপিটাল যদি উডল্যান্ড ধরা হয়, সেখানে অনেক কিছু ছিল, আবার ঐখানে কিছু কিছু ঘাটতিও ছিল — সেটা আপনারা যদি চান — আপনি স্পেসিফিকালি বলবেন, তাহলে আমরা তার রিপোর্টের কপি আপনার কাছে দিয়ে দেব এবং এ্যাডভাইসরি কি পাঠিয়েছি সেটা দিয়ে দেব। কিন্তু যে গাইডলাইন আছে আইনের হিসেবে, সেই গাইড-লাইনটা আমরা সবই হসপিটালকে ১, ২, ৩ করে ২১ খানা গাইড-লাইন দিয়েছি এবং তার মধ্যে সব প্রায় ৯০ পারসেন্টের উপর নার্সিংহোম, হসপিটাল, বেসরকারী হসপিটালগুলো সেটা পালন করেছেন এবং তারা সেটা নিজেরা চিঠি দিয়ে আমাদের বলেছেন। আমরা আবার ইন্সপেকশন করে বলছি, তারা কতটা করেছেন, না করেছেন। যদি আমরা দেখি যে, পুরো কাজগুলো নির্দেশিকা মেনে হয়েছে, তাহলে তারপর আমরা ট্রেড লাইসেন্স এবং ফায়ার সেফ্‌টি সার্টিফিকেট দিচ্ছি।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, অগ্নি নির্বাপণের জন্য নতুন ফায়ার স্টেশন করা এবং পুরোনগুলো সারানো এবং মেরামতের জন্য কোন টাকা বরাদ্দ হয়েছে কিনা? যদি হয়ে থাকে, তাহলে তার পরিমাণ কত?

শ্রী জাভেদ আহমেদ খান : আপনি ঠিকই বলেছেন, আমরা এই বছর অনেকগুলো ফায়ার স্টেশন করছি। কোলকাতার আশ-পাশ জুড়ে ৬ টি নতুন হচ্ছে এবং জেলাগুলোতেও যেখানে যেখানে আমরা প্রায়োরিটি হিসেবে ফিকস্‌ড্‌ করেছি, সেইসব জায়গায় হচ্ছে। আপনি যদি সংক্ষিপ্ত রিপোর্ট চান — কোথায় কি হচ্ছে, তাহলে সেটা নিশ্চয় আমি আপনাকে দিতে পারবো। এই মূহূর্তে এটা আমার কাছে নেই। যদি চান তাহলে আমার দপ্তরে আসবেন, আপনাকে দিয়ে দেব, নাহলে নেক্সট হাউসে জানিয়ে দেব।

শ্রী সমরেশ দাস : মাননীয় মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন যে, তিনি অনেকগুলো হাসপাতাল, নার্সিংহোম, মল পরিদর্শন করেছেন। আপনি কি বলতে পারবেন এইগুলো দেড় বছর আগেকার কিনা? আর, এই তদন্ত করার পর এমন কোন প্রতিষ্ঠান কি পেয়েছেন যেখানে কোন গন্ডগোল ছিল না?

শ্রী জাভেদ আহমেদ খান : খুব ভালো প্রশ্ন। এর উত্তরে বলি, নার্সিংহোম তো আজকে হয় নি, বেসরকারি হাসপাতালও আজকে হয়নি নতুন করে, অনেকদিন ধরেই আছে। কিন্তু এখনও পর্যন্ত আমরা একটাও নার্সিংহোম বা হাসপাতাল পাইনি, যে গাইডলাইন আছে তার সবটা সেখানে ফলো করা হয়েছে। আমাদের আগে যারা ক্ষমতায় ছিল, তারা কেন এটা দেখেননি, তাদের কাছে এই প্রশ্নটা রাখলে ভালো হয়।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : আপনার অফিসাররা বিভিন্ন নার্সিংহোম বা আদার ইনস্টিটিউশন বা মল পরিদর্শন করছেন, তারপর তাদের নির্দেশ দিচ্ছেন কি করতে হবে। কিন্তু দেখা যাচ্ছে তারা ট্রেইন্ড নয়। যদি দেখা যায় তাদের ইনস্ট্রুমেন্ট আছে, ফায়ার ফাইটিং এর জিনিস সবই আছে, কিন্তু আগুন নেভানোর মত কোন কর্মী নেই, তাহলে কি তাদের সেইরকম ট্রেনিং দেওয়ার মত ব্যবস্থা করছেন?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় স্পীকারের মাধ্যমে আপনাকে জানাই, আমরা এই বছর ইন্ডিয়ান ফায়ার ইনিস্টিটিউটে ডিপ্লোমা কোর্স এবং এ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের জন্য চেষ্টা করছি। যদি টাই আপ করতে পারি যাদবপুর ইউনিভার্সিটির সঙ্গে, কলকাতা ইউনিভার্সিটির সঙ্গে এবং যদি অনুমোদন পাই তাহলে এখানে করব। আমাদের একটা রুলস্ রিভিউ কমিটি গঠন করা হয়েছে ৯ জন মেম্বারের। সেই কমিটি যদি সুপারিশ করে যে, আজকের দিনের প্রয়োজনীয়তা অনুযায়ী এই রুলটা এ্যামেন্ড করতে হবে বা আর কি কি করতে হবে, তাহলে হবে। আমরা এই ট্রেনিংয়ের জন্য শীঘ্রই ব্যবস্থা নিতে যাচ্ছি। আমরা ডিসিসন নিয়েছি যে, ফায়ার ইনিস্টিটিউশনে সেই ট্রেনিংটা আরম্ভ করব।

শ্রীমতী জাহানারা খান : আমার জামুরিয়া বিধানসভা কেন্দ্রে কোন অগ্নি নির্বাপণ কেন্দ্র নেই। আমি আগেও এই বিষয়ে মাননীয় মন্ত্রীকে চিঠি দিয়েছিলাম। ওখানে জমির সমস্যা হবে না। ওখানে কোন অগ্নি নির্বাপণ কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা আছে কিনা মাননীয় মন্ত্রী দয়া করে জানাবেন কি?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে জানাই, অনেক মেম্বারই আমার কাছে এই রিকোয়েস্ট দিয়েছেন, সেসব খতিয়ে দেখে, ইনভেস্টিগেসন করে, ফিজিবিলিটি রিপোর্ট দেখে যদি দেখা যায় সেটা সম্ভব হবে তাহলে আমরা জানিয়ে দেব কোথায় হবে বা হবে না। ফায়ার রিপোর্ট না পেলে কিন্তু আমরা কোন কমিটমেন্ট করতে পারছি না।

শ্রী সুভাষ নস্কর : ইদানীংকালে অগ্নি নির্বাপন কেন্দ্র এবং তার কাজকর্মের প্রয়োজনীয়তা সাংঘাতিক ভাবে অনুভব করছি। বিগত বামফ্রন্ট আরও বেশী করে গ্রামাঞ্চলের দিকে, মফস্বলের দিকে অগ্নি নির্বাপণ কেন্দ্রের জন্য জায়গা চিহ্নিত করে অনুমোদন দিয়েছিল, আপনার কাছে তথ্য আছে। আপনারা দেড় বছর ধরে সেইগুলো চালু করছেন না কেন? সেইগুলো কি চালু করবেন বা আদৌ বাদ দেবেন জানাবেন কি?

শ্রী জাভেদ আহমেদ খান : আপনারা ৩৪ বছরে ১০৯ টা ফায়ার স্টেশন করেছেন। বছরে ৪। ৫ টা করলেও এত দিনে সব ব্লক লেভেলে যেতে পারতাম। কেন করেননি সেটা আপনারাই বলতে পারবেন।

[11.40 – 11.50 a.m.]

কেন স্টাফ রিক্রুট করেন নি, কেন যন্ত্রপাতি কেনেন নি সেটা আপনারা বলতে পারবেন। ৩৪ বছরে আপনারা কিছু করেন নি। আর দেড় বছর হতে যাচ্ছে তার মধ্যে বলবেন সারা বাংলায় আমরা করে দেব। আমরা চেষ্টা করছি। সব জায়গায় অ্যাড্রেস করব এবং সব জায়গায় করব কিন্তু দায়বদ্ধতা আপনাদের। আপনার স্টিফেন কোর্ট করেছেন। আপনাদের জমানায় নন্দরাম মার্কেট হয়েছে। আপনাদের জমানায় অনেক কিছু হয়েছে। সেটা বলতে গেলে ইতিহাস হয়ে যাবে। প্রয়োজন হলে সেটা পরে বলা যাবে।

কলেজ অনুমোদন

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪) **শ্রীমন্টুরাম পাখিরা :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারী, ২০১২ থেকে ৩১শে আগস্ট, ২০১২ পর্যন্ত সময়ে রাজ্যে কতগুলি কলেজ অনুমোদন পেয়েছে?

শ্রী ব্রাত্য বসু : (ক) রাজ্যে ১লা জানুয়ারী, ২০১২ থেকে ৩১শে আগষ্ট, ২০১২ এই সময়সীমার মধ্যে তিনটি কলেজ অনুমোদন পেয়েছে।

কলেজগুলির নাম নিম্নরূপ :

(১) লালগড় সরকারী কলেজ

(২) শালবনী সরকারী কলেজ

(৩) উত্তর ২৪ পরগণার নিউটাউন সরকারী কলেজ।

এছাড়া আরও দুটো কলেজ আমরা স্থাপন করতে চলেছি। সেগুলো হল, নয়াগ্রাম সরকারী কলেজ এবং ঠাকুরনগর সরকারী কলেজ।

শ্রী মন্টুরাম পাখিরা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অসংখ্য ধন্যবাদ। একটি আর্থিক বছরের মধ্যে তিনি ইতিমধ্যে তিনটি কলেজকে সরকারীভাবে অনুমোদন দিয়েছেন এবং অপর দুটি কলেজকে তিনি তার সরকারী অনুমোদনের অপেক্ষায় রেখেছেন। মাননীয় মন্ত্রীমহোদয়কে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। যে তিনটি কলেজকে আপনি সরকারীভাবে অনুমোদন দিয়েছেন তার জন্য কতগুলি শিক্ষক এবং অশিক্ষক কর্মী পদে আপনি অনুমোদন দিয়েছেন দয়া করে সভাকে জানাবেন কি?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ককে ধন্যবাদ এই প্রশ্নের জন্যে। ইতিমধ্যেই আমাদের নোটিফিকেশন হয়ে গেছে এবং প্রত্যেকটি কলেজে ন্যূনতম বিষয়গুলো আমরা তিনটে স্ট্রীমে অর্থাৎ সায়েন্স, আর্টস এবং কমার্স, আমাদের ইচ্ছা আছে তিনটে বিষয়ই চালু করব এবং তিনটে বিষয়ের জন্য যে যে সংশ্লিষ্ট বিভাগ হয় সেগুলি চিহ্নিত করব এবং প্রত্যেকটি ক্ষেত্রে অন্তত পক্ষে দুটি করে অধ্যাপক আমরা নিয়োগ করব এবং সেই সঙ্গে অশিক্ষক কর্মচারী সেই অনুপাতে নিযুক্ত হবেন।

প্রিন্সিপ্যাল এবং অফিস স্টাফ সেই অনুযায়ী অর্থাৎ খালি অধ্যাপক বা অশিক্ষক কর্মচারী নয় একজন প্রিন্সিপ্যাল এবং তার অফিস তারও কর্মসংস্থান ঘটবে। দুটি করে অধ্যাপক আমরা নিয়োগ করব। তার আগে বিষয়গুলো নিয়ে আমরা ভাবনা চিন্তা করছি কোন কোন বিষয় দিয়ে আমরা এই কলেজগুলো করব।

শ্রী মন্টুরাম পাখিরা : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, নতুন কলেজ স্থাপনের ক্ষেত্রে মাননীয় মন্ত্রীর দপ্তরে কতগুলো আবেদনপত্র জমা পড়েছে এবং তার মধ্যে আপনি কতগুলো কলেজকে নুতনভাবে সরকারী অনুমোদন দেওয়ার জন্য আপনার বিবেচনাধীন আছে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ককে জানাই যে, কত সংখ্যক আবেদন জমা পড়েছে সেটা এই মুহূর্তে আমি বলতে পারব না। তবে এই আবেদনের বাইরেও বড় কথা হচ্ছে যে, যেটা মাননীয় বিধায়ক জানলে খুশী হবেন, গত দুটো বিধানসভার শেষ অধিবেশনে বারবার কলেজ মানচিত্রের কথা যেটা আমরা বলেছিলাম তার কাজ সম্পূর্ণ হয়ে গেছে। শুধু সম্পূর্ণই হয় নি সেটার প্যারামিটারগুলো চিহ্নিত হয়েছে। তার এক নম্বর হচ্ছে কোন কোন এলাকায় কলেজ নেই এবং কোন কোন এলাকায় স্কুলগুলোকে আপগ্রেড করা হয়েছে অর্থাৎ বারো ক্লাস আছে এমন স্কুল কত পশ্চিমবঙ্গে এবং তার সংশ্লিষ্ট এলাকায় মানে সামনে কোথায় কোথায় কলেজ নেই। এই প্যারামিটারের উপর নির্ভর করে আমরা কলেজ মানচিত্র গঠন করেছি এবং আমরা দেখছি যে একটি কলেজ স্থাপন করতে গেলে কত টাকা খরচ হয়। আপনি জানেন আমাদের আর্থিক অপ্রতুলতা আছে তার মধ্যে আমরা চেষ্টা করছি, যেমন, আমরা হিসাব করে দেখলাম যে বছরে এই মুহূর্তে আমরা ন্যূনতম তিনটি কলেজ করতেই পারি। এই সংখ্যাটা আমরা বাড়াতে চাইছি। এই এত কিছু কথা বলার উদ্দেশ্য হচ্ছে এই যে আবেদন যেমন আসছে, এই আবেদনগুলি আমরা খতিয়ে দেখব এবং সেই অনুযায়ী করব। এই আবেদনের বাইরে আমাদের দপ্তরেরও একটা নিজস্ব সিদ্ধান্ত থাকবে। যে সিদ্ধান্তের মাধ্যমে আমরা মানচিত্র করেছি। আমার ধারণা আমরাও একটা সময় নির্ঘন্ট এবং মতামত স্থির করতে পারব যে আমরা কোথায় কোথায় করতে চাই। এই দুটো মিলিয়ে কি আবেদন, কোথায় আমরা করেছি এবং আমরা কোথায় করতে চাই এই দুটো মিলিয়ে আমার মনে হয় সামনের দিনে কলেজগুলি স্থাপিত হবে।

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনার দুটো সাপ্লিমেন্টারী হয়ে গেছে। (গোলমাল) আমাদের রুলস রিভাইজড হয়েছে। আপনারা সেটা ঠিকমত ফলো করছেন না। ঠিক হয়েছে দুটো করে সাপ্লিমেন্টারী হবে।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন-প্রাইভেট বি এড কলেজ এবং সরকারী বি এড কলেজ কতগুলিকে আপনারা অনুমোদন দিয়েছেন। এটার ব্যাপারে আমাদেরকে অবগত করবেন কি?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে, সংখ্যার ব্যাপারে

আমি আপনাকে জেনে বলে দিচ্ছি। তার থেকেও বড় কথা হচ্ছে যে, প্রাইভেট বি এড কলেজের ক্ষেত্রে আমরা একটু ধীরে চলো নীতি নিয়েছি। এই কারণে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, এখানে যে ফিজ স্ট্রাকচার সেটা একটু গোলমেলে অবস্থাতে রয়েছে। এবং এখানে অনেক প্রাইভেট বি এড কলেজগুলির ব্যাপারে খবর পাচ্ছি, যে পরিমাণ দর হাঁকা হচ্ছে সেটা মধ্যবিত্ত বা নিম্নবিত্ত ছাত্রদের নাগালের বাইরে। ফলে আমি এটাকে একটা সম্পূর্ণ পুনর্বিবেচনা করতে হায়ার এডুকেশন কাউন্সিলকে বলেছি, দপ্তরকে বলেছি। আমাদের জে ই ই অর্থাৎ জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশনের ব্যাপারে প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজের ক্ষেত্রে একটা ফিজ স্ট্রাকচার কমিটি গঠন করা হয়েছে। আমরা চাইছি অনুরূপ একটা ফিজ স্ট্রাকচার কমিটি বি এডের কলেজের ক্ষেত্রেও গঠন হোক এবং সেটাকে আইন করে ওই জে ই ই অর্থাৎ জয়েন্ট এন্ট্রাসের আওতার মধ্যে নিয়ে আসতে। আর যেটা আপনি বললেন যে কতগুলি আমরা করতে চাইছি সামনের দিনে, সেটা পুরোটাই নির্ভর করছে এই আইনের উপরে। দ্বিতীয়তঃ কারা অ্যাফিলিয়েশন পেতে বাকী আছে, পুরো অ্যাফিলিয়েশন তো আমাদের উপর নির্ভর করে না সেটা আপনি জানেন। এটাতে এ আই সি টির একটা কেন্দ্রীয় ছাড়পত্র দরকার হয়। আমরা কেন্দ্রীয় ছাড়পত্র আসার পরেও আমরা একটা করে টিম পাঠাচ্ছি এবং টিম পাঠিয়ে দেখছি যে, সত্যি যে রিকোয়ারমেন্টগুলি আছে অর্থাৎ তিন একর জমি বা অন্যান্য যে প্যারামিটারগুলি আছে, সেগুলি যারা আবেদন করছেন তারা কতটা সেগুলিকে সাপ্লিমেন্ট করতে পেরেছেন, কতটা এই ব্যাপারে পরিপূরক হতে পেরেছেন, এবং কতটা এই বি এড কলেজকে কেন্দ্র করে কাজ করা ইচ্ছে তাদের আছে, শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তাদের ইচ্ছা আছে, নাকি পুরোটাই একটা ব্যবসার মনোবৃত্তি এখানে কাজ করছে, সেটাও আমরা খতিয়ে দেখতে চাইছি। ফলে এই কারণে এই ব্যাপারে আমরা খানিকটা ধীরে চলো নীতি নিয়েছি। তাও আপনি যদি আমার থেকে সংখ্যা জানতে চান আমি আপনাকে আলাদা করে সংখ্যা দিতে পারি।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : স্যার, মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন-আমার দাঁইহাট পৌরসভা এলাকায় কোন কলেজ নেই। এবং একটা কলেজ স্থাপন করার জন্য যা যা প্রাথমিক শর্ত সমস্ত কিছু পূরণ করে আপনার দপ্তরের কাছে আবেদন করা হয়েছে দু বছর আগে। এই ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা যদি জানান তাহলে উপকৃত হব।

শ্রী ব্রাত্য বসু : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই আমি একটু আগেই বললাম আমাদের এই মানচিত্র গঠন করা হয়েছে। আবেদনগুলি খতিয়ে দেখছি। কিন্তু আবেদনগুলির পাশাপাশি আমরা আর একটু দেখতে চাইছি প্রায়োরিটি অনুযায়ী। আপনাদের একটু আগেই বললাম যে অর্থের অপ্রতুলতা রয়েছে। আমরা জায়গাগুলিকে চিহ্নিত করছি। এখনও পর্যন্ত পাঁচটি কলেজে আমরা এই বছরই অনুমোদন দিয়েছি। পোস্ট ও বিষয়ও আমরা নির্ধারণ করে ফেলেছি। সামনের দিনে দাইহাট পুরসভা যদি এই রকম আমাদের মানচিত্র যদি বলে আমরা নিশ্চয় আমাদের বিবেচনার মধ্যে আনব। নিশ্চয় আপনার আবেদন সেখানে সমস্ত কিছু খতিয়ে দেখা হবে।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন-আমাদের সমস্ত কলেজে কম বেশী সবসময়ই কিছু পদ শূন্য থাকে। সেটা আমাদের সময়েও ছিল, এখনও থাকে, এটাই স্বাভাবিক। কিন্তু এখন শূণ্যপদটা একটু বেড়ে গেছে। আমি জানতে চাইছি আপনাদের এই যে ১৬ পুরোনো শূণ্য পদ এবং নতুন শূণ্য পদ সব মিলিয়ে কত শূণ্যপদে কত শিক্ষক নিয়োগ হয়েছে কলেজগুলিতে সেটা জানাবেন কি?

[11.50 – 12.00 noon]

শ্রী ব্রাত্য বসু : আমি মাননীয় বিধায়ককে মাননীয় অধ্যক্ষের মাধ্যমে জানাচ্ছি, আপনি দেখেছেন যে, আমাদের আজকে সেকেন্ড হাফে কলেজ সার্ভিস কমিশন বিল আছে। সেখানে আমি আপনাকে বিস্তারিতভাবে জানাবো - কোন সাবজেক্টে, কোন কোন পদ কোন কোন কলেজে খালি আছে, ইউনিভার্সিটি ওয়াই এবং জোন্ ওয়াইজ্। এই লিষ্ট্ আমার কাছে আছে, আপনাকে আমি দিয়ে দিতে পারি। তবে আপনাকে বলতে চাই, যে যে পদ খালি ছিল - ইতিমধ্যেই প্রিন্সিপ্যাল পদ আমরা অনেকটাই পূরণ করে ফেলতে পেরেছি। কলেজ সার্ভিস কমিশনের বিল না করে, বিল সেটেলমেন্ট্ না করে - কেননা অনেকগুলো গন্ডোগোল ছিল, সেই গন্ডোগোলগুলো - যখন দ্বিতীয়ার্ধে বিল নিয়ে আলোচনা হবে, তখন আমরা আলোচনা করবো। আপনার যদি বিল নিয়ে কোনো অবজার্ভেশন থাকে, আপনি বলবেন। আমার মতামত, সেটাও আমি জানাবো এবং তখন আমি আপনাকে চিহ্নিত করে বলবো যে, ঠিক এতগুলি বিষয়ে খালি আছে এবং এতগুলি পোষ্ট্ আমরা কবের মধ্যে-তবে আপনাকে বলছি, সামনের বছরের মধ্যে আমরা আশা করছি পশ্চিমবঙ্গের একটি কলেজেও একটি পোষ্টও খালি থাকবে না, মহাবিদ্যালয়গুলিতে। এটুকু আমি বলতে পারি। নির্দিষ্টভাবে কত পোষ্ট ফাঁকা আছে, আমি আপনাকে এক্ষুনি দিয়ে দিচ্ছি।

শ্রী পরশ দত্ত : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাই, আমরা দেখেছি, বিগত দিনে বি.এড. কলেজগুলোর ইনফ্রাষ্ট্রাকচার ছিল না বলে এন.সি.টি.ই. তাদের অনেককে অনুমোদন খারিজ করে দিচ্ছিল। সেই সময় ছাত্রদের কি হবে, এই অজুহাত তুলে আগের সরকার এই বি.এড. কলেজগুলিকে অনেক টাকা ঋণ দিয়েছিল - সুদহীন ঋণ, ইন্টারেষ্ট ফ্রি লোন্ এবং চুক্তি ছিল এক বছরে সেই টাকা ফেরৎ দেওয়া হবে। এটা কয়েক কোটি টাকাতে চলে গেছে। আমার কাছে যতদূর খবর, অনেক কলেজ সেগুলোকে ফেরৎ দেয়নি এবং বারবার সরকার থেকে তাদের কাছে রিমাইন্ডার দেওয়া সত্বেও ফেরৎ দেয়নি। এই ফেরৎ দেওয়ার ব্যাপারে মাননীয় মন্ত্রী তাঁর দপ্তর থেকে কোনো ব্যবস্থা গ্রহণ করছেন কিনা, আমি সেটা জানতে চাইছি।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি যে, হ্যাঁ এই কথা ঠিকই যে, এই রকম একটা ঋণের প্রভিসন ছিল এবং সুদহীনও ছিল। এখন ব্যাপার হচ্ছে যে, সেখানে কিছু রেকর্ড আছে আর কিছু রেকর্ড নেই। এই প্রসঙ্গে অন্যান্য বিধায়কগণ এসেছিলেন

আমার দপ্তরে, সেটা নিয়ে কথাও হয়েছে। আমরা ঐ ঋণ যেমন ফেরৎ চাই, তেমনই সেই কারণে পড়াশুনা আটকে থাকুক, সেটা আমরা চাই না। যার ফলে দুটো-একটা সঙ্কট - সেই সঙ্কটের মুখোমুখি হয়েছি, যাকে ধর্মসঙ্কট বলা যেতে পারে প্রায়। আপনি তাদের পড়াশুনা চালাচ্ছেন, অথচ ঋণ নিয়ে আপনি ঝাঁপিয়ে পড়ে কোনো স্টেপ নিচ্ছেন না, স্টেপ্ নিতে গেলে তো পড়াশুনা বন্ধ হয়ে যাবে। সেটা কখনো চাইনা। এক্ষেত্রে আমরা কলেজগুলোর স্বদিচ্ছার ওপরেই নির্ভর করছি। আমরা রিমাইন্ডার দিচ্ছি, আমরা বলছি যে, সরকারের এই অবস্থা এবং আপনারা যে টাকা নিয়েছিলেন তখন, ফেরৎ দিন। কিছু কলেজের ক্ষেত্রে কিন্তু ফেরৎ এসেছে। আশা রাখছি ভবিষ্যতে এটা আমরা পুরোটাই রিকভারি করতে পারবো, ধন্যবাদ।

রাজ্যে খরা পরিস্থিতি

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪) **শ্রীনর্মদা চন্দ্র রায় :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বৃষ্টিপাত কম হওয়ার জন্য খরা পরিস্থিতির সৃষ্টি হয়েছে; এবং

(খ) সত্যি হলে, পাটচাষীদের সমস্যা নিরসনে সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়ক মহাশয়কে আমি জানাচ্ছি যে, খারিফ মরশুমের প্রথম অংশে বৃষ্টিপাত স্বাভাবিকের তুলনায় কম হওয়ায় পাট চাষে পাট পচানোর যে সমস্যা হয়েছিল, সেই সমস্যা পরবর্তিকালে স্বাভাবিক বৃষ্টি হওয়াতে সেটি নিরষণ হয়েছে। তবে দ্বিতীয়াংশে যখন এই সঙ্কটটি দেখা দিচ্ছিল, সেই সময় কৃষি দপ্তর এবং সেচ দপ্তরের যৌথ এবং মিলিত প্রয়াসে আমরা গভীর নলকূপ, অগভীর নলকূপ, স্যালো টিউবওয়েল - এইসব উৎস থেকে আমরা জলসেচ দিয়ে পাট পচাবার জন্য ব্যবস্থা করেছি। বর্তমানে সেই সঙ্কট নেই, সর্বত্রই পাট পচানোর জন্য যে জলের প্রয়োজন, তা রয়েছে। কোনো সেই রকম সমস্যা বা সঙ্কট দেখা দেয়নি।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন - মাননীয় মন্ত্রী বললেন যে, এবার অনিয়মিত বৃষ্টি এবং শেষে বৃষ্টি হওয়ার জন্য ইতিমধ্যেই যে পাট উঠছিল সেই পাট বহু কষ্টে কৃষক অনেক দূর বহন করে নিয়ে গিয়ে পচন করিয়েছে এবং এই পচনের জন্যে একটা বড় খরচ পাট চাষীদের বহন করতে হয়েছে। তাছাড়া সারের দাম, বীজের দাম ইত্যাদি উর্দ্ধমুখী। এবারে পাট চাষে অনেক বেশী খরচ পড়েছে পাট চাষীদের। এখন পাটের দাম একটু উঠছিল। এখন ধীরে ধীরে পাটের দাম আবার নেমে যাচ্ছে। আপনার দপ্তর থেকে এবারে যাতে পাট চাষীরা ক্ষতির মুখ না দেখে তার জন্য ক্যুইনটাল প্রতি পাটে কি দর আপনি ঠিক করেছেন যাতে গতবারের মত এবারে পাট চাষীরা ক্ষতির মুখ না দেখে। একটু বলবেন।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : এই প্রশ্নটি আপনার প্রশ্নের সঙ্গে খুব বেশী প্রাসঙ্গিক নয়। পাটের দামের সঙ্গে সারের দাম এবং তার মজুরি, উৎপাদনের মজুরির যে পার্থক্য রয়েছে তার ফলে পাট লাভজনক হচ্ছে কিনা সেটি কিন্তু আপনার প্রশ্নের সঙ্গে খুব সম্পর্কিত নয়। তাই জন্য এটি ভিন্ন প্রশ্ন। তবুও তার উত্তরে বলি যে, বর্তমান বছরে পাটের যে সর্বনিম্ন মূল্য কেন্দ্রীয় সরকার নির্ধারন করে দিয়েছেন সেই নির্ধারিত দরের উর্দ্ধেই বাজারে পাট কেনা-বেচা হচ্ছে। সুতরাং চাষীদের কাছে পাট চাষে ক্ষতি হয়েছে এ রকম আশঙ্কা আমরা করছি না।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, ইতিমধ্যে বাজারে কাঁচা পাটের ছাল তোলার জন্যে এবং অল্প জলে পাট পচানোর নিরজাফ নামে একটা যন্ত্র বেড়িয়েছে। যেটাতে চাষীর পাট পচাতে খরচ অনেক কম লাগে। সেই কারিগরি ন্যাশানাল ইন্সটিটিউট অফ রিসার্চ অন জুট এ্যান্ড এ্যালায়েড এটা ব্যাপক ভাবে চাষীদের মধ্যে ব্যবহার করার উদ্যোগ কি আপনি নেবেন?

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : কৃষকদের কল্যাণের জন্য পাট চাষীই হোন, মান চাষীই হোন তাদের প্রত্যেকের ক্ষেত্রেই এই সরকার বর্তমানে যে উন্নত প্রথায়, যন্ত্রের সহায়তায় উৎপাদন বৃদ্ধি এবং মজুরির খরচ কম এই পদ্ধতিতে আমরা চেষ্টা করছি যে, ধান চাষ, পাট চাষ এবং অন্যান্য চাষের ক্ষেত্রে যে যে পদ্ধতিগুলি গ্রহনীয় এবং চাষীদের উপকারে লাগবে, উৎপাদন খরচ কম হবে, মজুর সমস্যা দেখা দেবে না সেই সেই বিষয়গুলিতে এই কৃষি বিভাগ সতর্ক এবং তা প্রয়োগ করতে উদ্যত হয়েছে। সুতরাং আপনি যে যন্ত্রটির কথা বললেন, সেই যন্ত্রটি সম্পর্কে আমার খুব একটা স্পষ্ট ধারণা নেই। তবে আমার যে কোন বিভাগই এই যান্ত্রিক সহযোগিতায়, সহায়তায় আমরা উৎপাদনকে বৃদ্ধি এবং তার উৎপাদন মূল্যকে হ্রাস করার জন্য এই দপ্তর সক্রিয় রয়েছে। এই বিষয় আমরা বিশেষজ্ঞদের কাছে প্রভূত পরামর্শ ও সহায়তা পাচ্ছি এবং সেটিকে আমরা প্রয়োগও করছি।

শ্রী চৌধুরী মহঃ হিদায়েতউল্লাহ : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন - এবার আমন চাষের লক্ষমাত্রা কত ছিল এবং কত পরিমান আমন ধানের চাষ হয়েছে?

[12.00– 12.10 p.m.]

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য : মাননীয় বিধায়ককে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে জানাই, আমরা পাটচাষ সম্পর্কে প্রশ্নোত্তর পর্বে রয়েছি। আপনি আমন চাষে ধানের সম্পর্কে প্রশ্নটি উত্থাপন করেছেন। সুতরাং এটি আমার কাছে আলাদা করে যদি আপনি প্রশ্ন রাখেন আমি তথ্য সংগ্রহ করে আপনাকে জানাবো যথাসময়ে।

(গোলমাল)

(Questions' Hour is Over)

Strred Questions
(to which answers wree laid on the Table)

রাজ্যে চালু পি.টি.টি.আই. বিদ্যালয়ের সংখ্যা

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *২০০) **শ্রী অপূর্ব সরকার :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রপূর্বক জানাবেন কি —

৩১শে আগস্ট, ২০১২ সাপেক্ষে রাজ্যে চালু পি.টি.টি.আই. বিদ্যালয়ের সংখ্যা কত (তালিকা সহ)?

বিদ্যালয় শিক্ষাবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩১শে আগস্ট, ২০১২ সাপেক্ষে রাজ্যে চালু পি.টি.টি.আই. বিদ্যালয়ের সংখ্যা-সরকারি ৬০ এবং প্রাইভেট ১১৫।

তালিকা সংযোজিত করা হল :

LIST OF DIETs & GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTES IN WEST BENGAL HAVING RECOGNITION FROM THE NATIONAL COUNCIL FOR TEACHER EDUCATION AND AFFILIATION TO WEST BENGAL BOARD OF PRIMARY EDUCATION

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
DISTRICT : BANKURA			
01	SABRAKONE GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. SABRAKONE, DIST. BANKURA	BENGALI	50
02	CHHANDAR GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CUM-DIET, CHHANDAR, P.O. CHHANDAR, DIST. BANKURA	BENGALI	50
03	SARENGA GOVT. SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. SARENGA, DIST. BANKURA	BENGALI	50
DISTRICT : BIRBHUM			
04	DISTRICT INSTITUTE OF EDUCATION AND TRAINING, BIRBHUM, ABDARPUR, P.O. BARA BAGAN, DIST. BIRBHUM	BENGALI	50
05	SHYAMPAHARI GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. R.K. SIKSHAPITH, DIST. BIRBHUM	BENGALI	50

SI NO.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
06	MD. BAZAR GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. MD. BAZAR, DIST. BIRBHUM	BENGALI	50
07	SIKSHA CHARCHA GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. SRINIKETAN, DIST. BIRBHUM	BENGALI	50
DISTRICT : BURDWAN			
08	VIDYANAGAR GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. VIDYANAGAR, DIST. BURDWAN	BENGALI	50
09	SIKSHANIKETAN GOVT. PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CUM-DIET, P.O. KALANABAGRAM, DIST. BURDWAN	BENGALI	50
10	KATWA GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. KATWA, DIST. BURDWAN	BENGALI	50
11	LOUDOHA GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. LOUDOHA, DIST. BURDWAN	BENGALI	50
12	SAKTIGARH GOVERNEMTN SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, UNIT - I, P.O. BARSUL, DIST. BURDWAN	BENGALI	50
13	SAKTIGARH GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, UNIT - II, P.O. BARSUL, DIST. BURDWAN	BENGALI	50
DISTRICT : COOCHBEHAR			
14	COOCHBEHAR GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CUM-DIET, NEAR RAIL GUMTI, P.O. & DIST. COOCHBEHAR, PIN - 736101	BENGALI	50
15	NIGAMANANDA SIKSHA NIKETAN GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS TRAINING INSTITUTE, VILL - BHAGNI, PART - II, P.O. NIGAMANAGAR, DIST. COOCHBEHAR	BENGALI	50
DISTRICT : DAKSHIN DINAJPUR			
16	BALURGHAT GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CUM-DIET, P.O. KAMARPARA, DIST. DAKSHIN DINAJPUR	BENGALI	50

Sl NO.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
DISTRICT : DARJEELING			
17	KALIMPONG GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. KALIMPONG, DIST. DARJEELING	NEPALI	50
18	SREE RAMKRISHNA GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. & DIST. DARJEELING	NEPALI	50
DISTRICT : HOOGHLY			
19	URDU MEDIUM GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. NALIKUL, DIST. HOOGHLY	URDU	50
20	GANDHIGRAM GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CDUM-DIET, P.O. RAJHAT, VIA - BANDEL, DIST. HOOGHLY	BENGALI	50
21	RAJA RAMMOHAN ROY GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. LANGULPARA, DIST. HOOGHLY	BENGALI	50
22	ITACHUNA GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. ITACHUNA, DIST. HOOGHLY	BENGALI	50
DISTRICT : HOWRAH			
23	RADHANAGAR GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. SOUTH RADHANAGAR, VIA - MUGKALYAN, DIST. HOWRAH	BENGALI	50
24	JAGATBALLAVPUR GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CUM-DIET, P.O. JAGATBALLAVPUR, DIST. HOWRAH	BENGALI	50
25	SALKIA GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, 37/1, BHAIRAB DUTTA LAND, P.O. SALKIA, DIST. HOWRAH	HINDI	50
DISTRICT : JALPAIGURI			
26	JALPAIGURI PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. & DIST. JALPAIGURI	BENGALI	50
27	BELAKOBA GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CUM-DIET, P.O. PRASANNANAGAR, DIST. JALPAIGURI	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
DISTRICT : KOLKATA			
28	CALCUTTA WOMEN GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, HASTINGS HOUSE, 20/B, JUDGES COURT ROAD, ALIPORE, KOLKATA - 700 027	BENGALI	50
29	GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, 98, BELTALA ROAD, KOLKATA - 700 026	BENGALI	50
30	SAROJNALINI PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, 23/1, BALLYGUNGE STATION ROAD, KOLKATA - 700 019	BENGALI	50
31	VIDYASAGAR BANI BHAWAN PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, 294/3, ACHARYA PRAFULLA CHANDRA ROAD, KOLKATA - 700 009	BENGALI	50
32	LORETO ST. MARY'S R.C. PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, 1, CONVENT LANE, P.O. TANGRA, KOLKATA - 700 019	BENGALI	50
33	UNITED MISSIONARY PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, 1, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA - 700 019	BENGALI	50
34	BRAHMO PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, 211/1/ BIDHAN SARANI, KOLKATA - 700006	BENGALI	50
35	CHITTARANJAN TEACHERS' TRAINING INSTITUTE, 7, HAZRA ROAD, KOLKATA - 700026	BENGALI	50
DISTRICT : MALDA			
36	SOVANAGAR GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CUM-DIET, MALDA, P.O. SOVANAGAR, DIST. MALDA	BENGALI	50
DISTRICT : MURSHIDABAD			
37	BERHAMPORE GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CUM-DIET, P.O. BERHAMPORE, DIST. MURSHIDABAD	BENGALI	50
38	RAMKRISHNA MISSION ASHRAM GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. SARGACHI ASHRAM, DIST. MURSHIDABAD	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
DISTRICT : NADIA			
39	KRISHNANAGAR GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. KRISHNANAGAR, DIST. NADIA	BENGALI	50
40	D. L. ROY GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. KRISHNANAGAR, DIST. NADIA	BENGALI	50
41	BARA ANDULIA GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. BARA ANDULIA, DIST. NADIA	BENGALI	50
42	DHARMDA GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. DHARMADA, DIST. NADIA	BENGALI	50
43	DISTRICT INSTITUTE OF EDUCATION AND TRAINING, NADIA, P.O. BARAJAGULI, DIST. NADIA	BENGALI	50
DISTRICT : NORTH 24 - PARGANAS			
44	R. K. MISSION BOYS HOME PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, RAHARA, DIST. NORTH 24-PARGANAS, PIN - 743186	BENGALI	50
45	BANIPUR GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CUM-DIET, UNIT - II, P.O. BANIPUR, DIST. NORTH 24 - PARGANAS, PIN - 743233	BENGALI	50
46	BIBHUTI BHUSAN GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, GHATBOUR, BONGAON, DIST. NORTH 24 - PARGANAS, PIN - 743235	BENGALI	50
DISTRICT : PASCHIM MEDINIPUR			
47	DEULI GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. BELDA, DIST. PASCHIM MEDINIPUR	BENGALI	50
48	JHARGRAM GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE-CUM-DIET, P.O. JHARGRAM, DIST. PASCHIM MEDINIPUR	BENGALI	50
49	MEDINIPORE GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE FOR WOMEN, P.O. MEDINIPORE, DIST. PASCHIM MEDINIPORE	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
DISTRICT : PURBA MEDINIPUR			
50	KELOMAL GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. KELOMAL, DIST. PURBA MEDINIPUR	BENGALI	50
DISTRICT : PURULIA			
51	DISTRICT INSTITUTE OF EDUCATION AND TRAINING, PURULIA, P.O. & DIST. PURULIA	BENGALI	50
52	PURULIA GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. & DIST. PURULIA	BENGALI	50
53	SANKA GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. SANKA, DIST. PURULIA	BENGALI	50
DISTRICT : SOUTH 24 PARGANAS			
54	DISTRICT INSTITUTE OF EDUCATION AND TRAINING, P.O. MOUZPUR, RAMAKANTA-NAGAR, VIA - JAYNAGAR, DIST. SOUTH 24 - PARGANAS, PIN - 743395	BENGALI	50
55	KULPI GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, KULPI ROAD, VILL. GOURIPUR, P.O DIST. SOUTH 24 - PARGANAS, PIN - 743351	BENGALI	50
56	SIKSHA SANGHA GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. BISHNUPUR, VIA - ALIPORE, DIST. SOUTH 24 - PARGANAS	BENGALI	50
57	RAMKRISHNA MISSION SARADA MANDIR GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, UNIT - I, P.O. SARISHA, DIST. SOUTH 24 - PARGANAS	BENGALI	50
58	RAMKRISHNA MISSION SARADA MANDIR GOVERNMENT SPONSORED PRIMARY TEACHERS' INSTITUTE, UNIT - II, P.O. SARISHA, DIST. SOUTH 24 - PARGANAS	BENGALI	50
DISTRICT : UTTAR DINAJPUR			
59	DISTRICT INSTITUTE OF EDUCATION AND TRAINING, UTTAR DINAJPUR, P.O. TARANGAPUR, DIST. UTTAR DINAJPUR	BENGALI	50
60	RAMGUNJ GOVERNMENT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. RAMGUNJ, DIST. UTTAR DINAJPUR	BENGALI	50

LIST OF PRIMARY TEACHERS TRAINING INSTITUTES (PRIVATE) IN WEST BENGAL HAVING RECOGNITION FROM THE NATIONAL COUNCIL FOR TEACHER EDUCATION AND AFFILIATION TO WEST BENGAL BOARD OF PRIMARY EDUCATION

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
DISTRICT : BANKURA			
1	BANKURA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, NH-60 VILL. KAMALDANGA, P.O. PURANDARPUR, DIST. BANKURA, PIN - 722170	BENGALI	50
2	ATHENA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL. CHURAMONIPUR, P.O. SONAMUKHI, DIST. BANKURA, PIN - 700 207	BENGALI	50
3	JAYRAMBATI RAMKRISHNA SARADA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. JAYRAMBATI, P.S. KOTALPUR, DIST. BANKURA, PIN - 722 161	BENGALI	50
4	BISHNUPUR PUBLIC PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, RAMANANDA NAGAR, P.O. & P.S. BISHNUPUR, DIST. BANKURA, PIN - 722122.	BENGALI	50
5	UTTARAN COLLEGE OF EDUCATIN, P.O. DAMODARBATI, P.S. ONDA, DIST. BANKURA, PIN - 722144	BENGALI	50
6	ABODH INSTITUTION, VILL & P.O. KHATRA, DIST. BANKURA, W.B. PIN - 722140	BENGALI	50
DISTRICT : BIRBHUM			
7	HETAMPUR RAJBATI PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL & P.O. HETAMPUR RAJBATI, P.S. DUBRAJPUR, DIST. BIRBHUM, PIN - 731 124	BENGALI	50
8	TARASANKAR BANDYOPADHYAY PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, AT P.O. KUCHUIGHATA (AHMADPUR), P.S. SAINTHIA, DIST. BIRBHUM, PIN - 731 201	BENGALI	50
9	KRISHNAPUR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL. & P.O. RISHNAPUR, P.S. NALHATI, DIST. BIRBHUM, PIN - 731 237	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
10	ACHARYA RAMENDRA SUNDAR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, RAMENDRA PALLI, P.O. TARAPUR, DIST. BIRBHUM, PIN - 731 233	BENGALI	50
11	BAKRESHWAR TEACHER TRAINING INSTITUTE, VILL & P.O. HETEMPUR RAJBATI, DIST. BIRBHUM, PIN - 731124	BENGALI	50
12	PRABHAT JYOTIRMOYEE COLLEGE OF EDUCATION, ABDARPUR, SURI, BIRBHUM	BENGALI	50
13	ARKADUYTI COLLEGE OF EDUCATION FOR WOMEN, VILL & P.O. KARIDHYA, SURI, DIST. BIRBHUM, PIN -731126	BENGALI	50
14	GITANJALI COLLEGE OF EDUCATION FOR WOMEN, VILL & P.O. BARABAGAN, SURI. DIST. BIRBHUM PIN - 731103	BENGALI	50
15	MALANCHA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, KALIGANJ ADIBASI PALLY, SANTINIKETAN, DIST. BIRBHUM, PIN - 731235	BENGALI	50
16	GURUKUL TEACHERS' TRAINING CENTRE, VILL - KUTIGRAM MORE, P.O. RAMPURHAT, DIST. BIRBHUM, PIN - 731224 (CO-EDUCATION)	BENGALI	50
17	SANTINIKETAN D. ED. COLLEGE, VILL - TARAUR, P.O. MULUK, BOLPUR, DIST. BIRBHUM, PIN - 731204 (CO-EDUCATION)	BENGALI	50
DISTRICT : BURDWAN			
18	J. N. KONAR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL. - ALINAGAR, P.O. BAMSOR, P.S. BHATAR, DIST. BURDWAN, WEST BENGAL - 713 125	BENGALI	50
19	KALNA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, PANDUA ROAD, P.O. KALNA, DIST. BURDWAN	BENGALI	50
20	VIDYASAGAR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, SRAMIK NAGAR, B. C. ROY AVENUE, DURGAPUR, DIST. - BURDWAN, WEST BENGAL - 713 201	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
21	BAM VIVEKANANDA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - BAM, P.O. JOTERAM, DIST. BURDWAN, PIN - 713101	BENGALI	50
22	GOBINDAPUR SEPHALI MEMORIAL PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - GOBINDAPUR, P.O. KELETI, DIST. BURDWAN, PIN 713128	BENGALI	50
23	DAINHAT JOY MA TARA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, PLOT NO. 64, 109, 111, 112, 115, STREET NO. DAINHAT SUBHAS ROAD, P.O. DAINHAT, DIST. BURDWAN, PIN - 713502	BENGALI	50
24	GOURI DEVI TEACHERS TRAINING COLLEGE RAJBANDH, DURGAPUR, BURDWAN, WEST BENGAL (CO-EDUCATION)	BENGALI	50
DISTRICT : COOCHBEHAR			
25	MEKHLIGANJ NETAJI PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - MEKHLIGANJ, DIST. COOCHBEHAR (CO-EDUCATION)	BENGALI	50
DISTRICT : DAKSHIN DINAJPUR			
26	BALURGHAT B. ED. COLLEGE, MANGALPUR, P.O. BALURGHAT, DIST. DAKSHIN DINAJPUR, PIN - 733 101.	BENGALI	50
27	VIDYASAGAR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - DHALDIGHI, P.O. & P.S. GANGARAMPUR, DIST. DAKSHIN DINAJPUR, PIN - 733124	BENGALI	50
DISTRICT : HOOGHLY			
28	HOOGHLY B. C. ROY INSTITUTE, CHINSURAH BUS STAND, P.O. CHINSURAH, DIST. HOOGHLY, WEST BENGAL - 712 101	BENGALI	50
29	KHAMARGACHI PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL. - SIZA KAMALPUR, P.O. - KHAMARGACHI, DIST. HOOGHLY, WEST BENGAL - 712 515	BENGALI	50
30	CHANDANNAGAR COMPU-TECH ACADEMY PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, PALLISHREE STATION ROAD, CHINSURAH (R.S.), P.O. CHINSURAH, DIST. HOOGHLY, PIN - 712102	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
31	DR. ASHUTOSH DAS MEMORIAL PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL. & P.O. KHAMARCHANDI, P.S. HARIPAL, DIST. HOOGHLY, PIN - 712 405	BENGALI	50
DISTRICT : HOWRAH			
32	GANGADHARPUR SIKSHAN MANDIR, VILL. & P.O. GANGADHARPUR, VIA - ANDUL MOURI, DIST. HOWRAH, PIN - 711 302	BENGALI	50
33	AGRAGATI PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL & P.O. RASHPUR (KALIKATA), P.S. AMTA, DIST. HOWRAH, PIN - 711401	BENGALI	50
34	KUNTALA DAS COLLEGE OF EDUCATION, VILL - BASUKATI, P.O. ANANDANAGAR, DIST. HOWRAH, PIN - 711227	BENGALI	50
35	RAJIB GANDHI MEMORIAL PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - BHAWANIPUR, P.O. CHITRASENPUR, DIST. HOWRAH, PIN - 711412	BENGALI	50
DISTRICT : JALPAIGURI			
36	JALPAIGURI DOOARS PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - GHAGRA, P.O. ALIPURDUAR, DIST JALPAIGURI, PIN - 736121	BENGALI	50
DISTRICT : KOLKATA			
37	INSTITUTE OF EDUCATIONAL RESEARCH & STUDIES PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, 6/1, SWINHOE STREET, KOLKATA - 700019	BENGALI	50
DISTRICT : MALDA			
38	UTTAR BANGA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - KAMALPUR, P.O. MEHERAPUR, P.S. KALIACHAK, DIST. MALDA, PIN - 732207	BENGALI	50
39	HOLY CHILD B. ED. COLLEGE, VILL - KAZIGRAM GRAM PANCHAYAT, DIST. MALD, PIN - 732101	BENGALI	50
40	BIRAMPUR ANADI CHARAN TEACHERS TRAINING D. ED COLLEGE, VILL & P.O. BIRAMPUR, DIST. MALDA, PIN - 732207	BENGALI	50
41	KADOMANI D. ED COLLEGE, VILL - KAMALPUR, P.O. MEHERAPUR, DIST. MALDA, PIN - 732207 (FOR WOMEN)	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
42	KNOWLEDGE VALLEY COLLEGE OF EDUCATION, VILL - AZIMPUR, P.O. KAZIGRAM CANDIPUR, DIST. MALDA, PIN - 732103	BENGALI	50
DISTRICT : MURSHIDABAD			
43	MODEL PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. BASANTAPUR, DIST. MURSHIDABAD, WEST BENGAL - 742 406	BENGALI	50
44	BALUCHAR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL. GOLGARBAGH, P.O. & P.S. JIAGANJ, DIST. MURSHIDABAD, PIN - 742 123	BENGALI	50
45	MINERVA ACADEMY PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. AMRITAKUNDA, P.S. NABAGRAM, DIST. MURSHIDABAD, PIN - 742 136	BENGALI	50
46	NATHULAL DAS PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL. MANIKPUR, P.O. DAFAHAT, P.S. SUTI, DIST. MURSHIDABAD, PIN - 742 224	BENGALI	50
47	GODAGARI VIDYASAGAR EDUCATIONAL INSTITUTE AND SOCIAL WELFARE PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL. NARASHINGHAPUR, P.O. SAGARPARA, P.S. JALANGI, DIST. MURSHIDABAD, PIN - 742 306.	BENGALI	50
48	NETAJI SUBHAS CHANDRA BOSE PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - RANSAGAR, P.O. & DIST. MURSHIDABAD, PIN - 742149	BENGALI	50
49	KANDI PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL & P.O. RASORAH, P.S. KANDI, DIST. MURSHIDABAD, PIN - 742137	BENGALI	50
50	GOBINDAPUR ACADEMY PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - GOBINDAPUR, P.O. JUGINDA, P.S. DOMKOL, DIT. MURSHIDABAD, PIN - 742406	BENGALI	50
51	AURANGABAD PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL & P.O. AURANGABAD, DIST. MURSHIDABAD, PIN - 742201	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
52	NARASINGHAPUR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - NARASINGHAPUR, P.O. SAGARPARA, JALANGI, DIST. MURSHIDABAD, PIN - 742306	BENGALI	50
53	KAZI NAZRUL ISLAM TEACHERS TRAINING INSTITUTE, VILL - BAGHDAOR, P.O. JIANGANJ, DIST. MURSHIDABAD, PIN - 742123	BENGALI	50
54	HEMCHANDRA MEMORIAL PTTI, VILL - NARASINGHAPUR, P.O. SAGARPARA, DIST. MURSHIDABAD, PIN - 742306	BENGALI	50
55	ALTAB HOSSAIN PTTI, VILL - KHIDIRPUR, P.O. CHHABGHATI, DIST. MURSHIDABAD, PIN - 742201	BENGALI	50
56	DR. AMBEDKER PTTI, VILL - GOBINDAPUR, P.O. JUGINDA, DIST. MURSHIDABAD, PIN - 742406	BENGALI	50
57	J. S. PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - HAPINA, P.O. DAFAHAT, DIST. MURSHIDABAD, PIN - 742224	BENGALI	50
58	GITANJALI TEACHERS TRAINING COLLEGE, VILL & P.O. - CHOA, DIST. MURSHIDABAD, PIN - 742166	BENGALI	50
59	SAGARPARA TEACHERS TRAINING INSTITUTE, VILL & P.O. SAGARPARA, DIST. MURSHIDABAD - 742306	BENGALI	50
60	SAMBHUNATH MEMORIAL COLLEGE OF EDUCATION, VILL & P.O. - BOKHARA, SAGARDIGHI, BERHAMPORE, DIST. MURSHIDABAD, PIN - 742226	BENGALI	50
61	A. R. MEMORIAL TEACHERS' TRAINING INSTITUTE, VILL & P.O. NAYAGRAM, SURI-I, DIST. MURSHIDABAD, PIN - 731219	BENGALI	50
62	USHANGINI COLLEGE OF EDUCATION FOR WOMEN, VILL - KULI-CHOWRASTA, P.O. KULI-KANDI, DIST. MURSHIDABAD	BENGALI	50
63	BEACON PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL & P.O. GOAS, ISLAMPUR, DIST. MURSHIDABAD, PIN - 742304 (CO-EDUCATION)	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
64	SIMULGACHI PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - SIMULGACHI, P.O. CHOATOR, DIST. MURSHIDABAD, PIN (CO-EDUCATION)	BENGALI	50
65	DOLI KUNDU PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL & P.O. SALAR, DIST. MURSHIDABAD, PIN - 742401 (CO-EDUCATION)	BENGALI	50
66	PURBANCHAL PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL & P.O. SADIKHAN DEARH, DIST. MURSHIDABAD, PIN - 742305 (CO-EDUCATION)	BENGALI	50
DISTRICT : NADIA			
67	CHAPRA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - GOKHURAPOTA, P.O. CHARATALA, KRISHNANAGAR, DIST. NADIA, PIN - 741123	BENGALI	50
68	DR. AMBEDKAR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, BETHUADAHARI (SAHAPARA), P.S. NAKASHIPARA, DIST. NADIA, PIN - 741126	BENGALI	50
69	DEROZIO PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. KARIMPUR, DIST. NADIA, PIN - 741152	BENGALI	50
70	CHAKDAHA VIDYASAGAR PRIMARY TEACHERS' TRAINING COLLEGE, VILL - UTTAR PANCHPOTA, P.O. CHAKDAHA, DIST. NADIA, PIN - 741222	BENGALI	50
71	KUMRI VIVEKANANDA PTTI, VILL - KUMRI (MATHPARA), P.O. GOPALPURGHAT, DIST. NADIA, PIN - 741122	BENGALI	50
72	NADIA PTTI, AUSTIN HOUSE, 170 DON BOSCO ROAD, P.O. KRISHNAGAR, P.S. KETWALI DIST. NADIA, PIN - 741101	BENGALI	50
73	KARIMPUR PTTI, VILL - MAHISHBATHAN, P.O. RAHAMATPUR, DIST. NADIA, PIN - 741165	BENGALI	50
74	RENUKA DEVI COLLEGE OF EDUCATIN, VILL & P.O. BARAKULBERIA, DIST. NADIA, PIN - 741150	BENGALI	50
75	DAYAL KRISHNA D. ED. COLLEGE, VILL - BAGAGORIA, P.O. BARNIA, DIST. NADIA, PIN - 741156	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
76	MAA MANASA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - KANRALIA, P.O. BALIDANGA-FARIDPUR, DIST. NADIA (WB), PIN - 741153.	BENGALI	50
77	SANTIPUR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - BABLA DAKSHINPARA, P.O. BABLA GOBINDAPUR, SANTIPUR, DIST. NADIA, PIN - 741404 (CO-EDUCATION)	BENGALI	50
78	BHATJANGLA SHIPRA D. ED. COLLEGE, VILL - DURGAPUR, P.O. KALIRHAT, KRISHNAGAR, DIST. NADIA, PIN - 741184 (CO-EDUCATION)	BENGALI	50
79	MOHITOSH PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - PORAGHATI, P.O. HOGALBARIA, KARIMPUR, DIST. NADIA (CO-EDUCATION)	BENGALI	50
DISTRICT : NORTH 24-PARGANAS			
80	KAMAKHYA INSTITUTE OF EDUCATION, VILL - DEBIPUR, BARASAT, P.O. BADU, DIST. NORTH 24-PGS., PIN - 700128	BENGALI	50
DISTRICT : PURULIA			
101	DEBEN MAHATO PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, PAHARIGORA, P.O. DEOLI, P.S. SANTALDIH, DIST. PURULIA, PIN - 723 146	BENGALI	50
102	PANCHAKOT PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, SARBARI, P.O. NETURIA, DIST. - PURLIA, WEST BENGAL - 723 121	BENGALI	50
103	CHETANA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, BISHPURIA, P.O. BISHPURIA, P.S. HURA, DIST. PURULIA, PIN - 723 130	BENGALI	50
104	MAJHIHIRA ASHRAM PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. MAJHIHIRA, DIST. PURULIA, PIN - 723128	BENGALI	50
105	DEBEN MAHATO TEACHERS' TRAINING INSTITUTE, VILL - AMLATORA, P.O. CHATUMADAR, DIST. PURULIA, PIN - 723130 (CO-EDUCATION)	BENGALI	50
DISTRICT : SOUTH 24 PARGANAS			
106	KAKDWIP PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, AT/P.O. KAKDWIP, DIST. SOUTH 24-PARGANAS, WEST BENGAL - 743 347	BENGALI	50

Sl No.	NAME OF THE INSTITUTES WITH POSTAL ADDRESS	MEDIUM OF INSTRUCTION	INTAKE
107	CHATTA PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, P.O. CHATTA KALIKAPUR, VIA - BATANAGAR, P.S. MAHESTALA, DIST. SOUTH 24 PARGANAS, PIN - 700 140	BENGALI	50
108	PANCHANANI NANDI MEMORIAL PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, NAMKHANA, P.O. & P.S. NAMKHANA, DIST. SOUTH 24-PARGANAS, PIN - 743371	BENGALI	50
109	MASS EDUCATION PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, DAKSHIN SHIBGUNJ, P.O. & P.S. PATHAR PRATIMA, DIST. SOUTH 24-PARGANAS, PIN - 743371	BENGALI	50
110	SONARGAON VIVEKANANDA INSTITUTE FOR PRIMARY TEACHERS' TRAINING, TEGHORIA, NARENDRAPUR STATION ROAD, P.O. R. K. PALLY, P.S. SONARPUR, DIST. SOUTH 24-PARGANAS, PIN - 700150	BENGALI	50
111	SABUJ PTTI, P.O. NANDAKUMARPUR, MATHURAPUR - II BLOCK, DIST. SOUTH 24-PGS., PIN - 743349	BENGALI	50
DISTRICT : UTTAR DINAJPUR			
112	UTTAR DINAJPUR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - HALALPUR, P.O. RUNIA, P.S. RAIGANJ, DIST. UTTAR DINAJPUR, PIN - 733156	BENGALI	50
113	CHITTARANJAN SMRITI PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE, VILL - UTTAR GOALPARA, P.O. LAHANDA, P.S. RAIGANJ, DIST. UTTAR DINAJPUR, PIN - 733134	BENGALI	50
114	SWAMI VIVEKANANDA COLLEGE OF EDUCATION, VILL - BAJE BINDOLE, P.O. BINDOLE, RAIGUNJ, DISTRICT - UTTAR DINAJPUR, PIN - 733156	BENGALI	50
115	KALYAGANJ COLLEGE OF EDUCATION, VILL - SHER GRAM, P.O. KRISHNABATI, DIST. UTTAR DINAJPUR, PIN - 733129 (CO-EDUCATION)	BENGALI	50

চোলাই মদের কারবার

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সরকার চোলাই মদের কারবার বন্ধের জন্য কি ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে/ করছে ; এবং

(খ) ১লা জানুয়ারী, ২০১২ থেকে ৩০শে জুন, ২০১২ পর্যন্ত সময়ে কতজন চোলাই মদের কারবারির বিরুদ্ধে আইন অনুযায়ী আইনী ব্যবস্থা নেওয়া হয়েছে?

আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) চোলাই মদের কারবার বন্ধের জন্য প্রতিরোধমূলক পদক্ষেপ হিসাবে আবগারী দপ্তর পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে নিয়মিত অভিযান ও খানা-তল্লাশি চালিয়ে যাচ্ছে।

ডিসেম্বর-২০১১ থেকে আগস্ট-২০১২ পর্যন্ত ৩৮,৪৮৯ টি প্রতিরোধমূলক অভিযান চালিয়ে ১০,২২,৬৬০ লিটার চোলাই মদ বাজেয়াপ্ত করা হয়েছে এবং ৪,৫৩৩ জনকে গ্রেফতার করা হয়েছে।

আইনী ব্যবস্থা কঠোরতর করার জন্য বেঙ্গল এক্সাইজ অ্যাক্টের প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে। সর্ব্বোচ্চ সাজার মেয়াদ বাড়িয়ে যাবজ্জীবন কারাদন্ড অথবা জরিমানা সহ ১০ বৎসর কারাদন্ড করা হয়েছে।

(খ) উক্ত সময়ে রাজ্যে ২৬২৮ জন চোলাই মদের কারবারির বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়া হয়েছে।

দক্ষিণ চব্বিশ পরগণা জেলার বিদ্যালয়ে মিড ডে মিল

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১শে জুলাই, ২০১২ সাপেক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলার কতগুলি বিদ্যালয়ে মিড ডে মিল প্রকল্প চালু আছে?

বিদ্যালয় শিক্ষাবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে জুলাই, ২০১২ সাপেক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলার ৪৮২২ টি প্রাথমিক (এস এস কে সহ) ও ৮৯৮ টি উচ্চ প্রাথমিক (এম এস কে/মাদ্রাসা সহ) বিদ্যালয়ে মিড ডে মিল প্রকল্প চালু আছে।

মিনি মাধ্যমিক পরীক্ষা

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫) **শ্রী ইনসার আলী বিশ্বাস :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, নবম শ্রেণীতে মিনি মাধ্যমিক পরীক্ষা চালু করার বিষয়ে সরকার সিদ্ধান্ত করেছে ; এবং

(খ) সতি হলে, উক্ত পরীক্ষা কোন্ শিক্ষাবর্ষ থেকে চালু হবে বলে আশা করা যায়?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এমন কোনো সিদ্ধান্ত এখনো নেওয়া হয়নি।

প্রশ্ন ওঠে না।

কেন্দ্রীয় অনুদান

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *২২২) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

১লা জুন, ২০১১ থেকে ৩১শে আগস্ট, ২০১২ পর্যন্ত সময়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বিভিন্ন খাতে মোট কত টাকা অনুদান হিসাবে পেয়েছে?

অর্থবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১লা জুন, ২০১১ থেকে ৩১শে আগস্ট, ২০১২ পর্যন্ত সময়ে রাজ্য সরকার বিভিন্ন খাতে অনুদান হিসাবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মোট ১৪,৮৮৭.২৭ কোটি টাকা পেয়েছে।

পুরুলিয়া জেলায় কৃষি পেনশন প্রাপকের সংখ্যা

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০) **শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে আগস্ট, ২০১২ সাপেক্ষে পুরুলিয়া জেলাতে কৃষি পেনশন প্রাপকের সংখ্যা কত ; এবং

(খ) ২০১২-২০১৩ আর্থিক বছরে পুরুলিয়া জেলায় নতুন কতজন কৃষক কৃষি পেনশনের আওতাভুক্ত হবে বলে আশা করা যায়?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উক্ত মাসে কৃষি পেনশন প্রাপকের সংখ্যা ৩৮৬৯ জন।

(খ) ২০১২-১৩ সালে নতুন ৭৭৩ জন কৃষক কৃষি পেনশনের আওতাভুক্ত হবে বলে আশা করা যায়।

মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকাদের বদলি

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯) **ড. আশীষ ব্যানার্জী :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, মাধ্যমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক-শিক্ষিকাদের সাধারণ বদলির বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন রয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ এটি কার্যকরী হতে পারে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এখনও পর্যন্ত এ ব্যাপারে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

নতুন রাস্তা নির্মাণ

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬) **শ্রী বাসুদেব খাঁ :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১১-২০১২ আর্থিক বছরে কত কিলোমিটার নতুন রাস্তা তৈরীর পরিকল্পনা সরকার গ্রহণ করেছিল ; এবং

(খ) তন্মধ্যে, কত কিলোমিটার রাস্তা নির্মাণ হয়েছে (জেলাওয়ারি তথ্যসহ)?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এবং (খ)

এই বিষয়ে সমস্ত তথ্য জেলা থেকে সংগ্রহ করা হয়েছে। অগ্রাধিকারের ভিত্তিতে আর্থিক অনুমোদন সাপেক্ষে কাজ শুরু হচ্ছে।

স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত স্কুলে শিক্ষক নিয়োগ

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১) **শ্রী শাহাজাহান চৌধুরী :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত স্কুলগুলিতে সরাসরি শিক্ষক নিয়োগের বিষয়ে রাজ্য সরকার অর্ডিন্যান্স জারি করেছে ; এবং

(খ) সত্যি হলে, কোন্ কোন্ স্বেচ্ছাসেবী সংস্থা শিক্ষক নিয়োগের ছাড়পত্র পেয়েছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) শুধু মাত্র রামকৃষ্ণ মিশন বেলুড় মঠ পরিচালিত ১৬ টি স্কুলে সরাসরি শিক্ষক নিয়োগের বিষয়ে রাজ্য সরকার অর্ডিন্যান্স জারি করেছেন।

(খ) অর্ডিন্যান্সটির অনুলিপি সন্নিবেশিত করা হল।

The

Kolkata *Gazette*

सत्यमेव जयते

Extraordinary
Published by Authority

BHADRA 14] WEDNESDAY, SEPTEMBER 5, 2012 [SAKA 1934

PART IIIA—Ordinances promulgated by the Governor of West Bengal under the constitution of India.

GOVERNMENT OF WEST BENGAL
LAW DEPARTMENT
Legislative

West Bengal Ordinance No. IV of 2012

THE WEST BENGAL SCHOOL SERVICE COMMISSION (AMENDMENT) ORDINANCE, 2012.

WHEREAS it is expedient to amend the West Bengal School Service Commission Act, 1997, for the purpose and in the manner hereinafter appearing. West Ben. Act IV of 1997.

AND WHEREAS the Legislative Assembly of the State of West Bengal is not in session and the Governor is satisfied that circumstances exist which render it necessary for him to take immediate action ;

The Governor is pleased, in exercise of the power conferred by clause (1) of article 213 of the constitution of India, to make and promulgate the following Ordinance :

The West Bengal School Service Commission (Amendment) Ordinance, 2012.

(*Section 2.*)

Short title and commencement.

1. (1) This Ordinance may be called the West Bengal School Service Commission (Amendment) Ordinance, 2012.

(2) It shall come into force at once.

Insertion of new section after section 15 of West Ben. Act IV of 1997.

2. After section 15 of the West Bengal School Service Commissin Act, 1997, the following section shall be inserted :

Special provision for making exemption to school or certain schools.

15A. Notwithstanding anything contained in section 15, the State Government may, by general or special order, exempt from the purview of the Act a school or certain schools established and administered by such charitable organisation, and subject to such conditions and restrictions, and for such period, as may be specified in that order.

Explanation — For the purpose of this section, the expression "charitable organisation" means an organisation rendering humanitarian services to the society, donation to which shall qualify for deduction under section 80G of the Income Tax Act, 1961.

43 of 1961

KOLKATA,
The 3rd September, 2012

M. K. NARAYANAN
Governor of West Bengal

By order of the Governor,

MALAY MARUT BANERJEE
Secy. to the Govt. of West Bengal,
Law Department

Government of West Bengal
School Education Department, Law Branch
Bikash Bhawan, Salt Lake City, Kolkata - 700091

No. 351-SSE/12/ES/P/10M-39/2012 Date : 06.09.2012

Whereas the West Bengal School Service Commission Amendment Ordinance Act, 2012 has come into force with effect from 5th September, 2012.

Whereas the school s under Ramakrishna Mission, P.O. Belur Math, District - Howrah, Pin - 711 202 represented to the State Government for being exempted from the provisions of the said Act and for having the authority to select and appoint teaching and non-teaching staff directly by themselves in order to maintain their age old benevolent traditions and being able to function by adhering to their lofty and philanthropic principles ;

And Whereas Ramakrishna Mission, P.O. Belur Math, District - Howrah, Pin - 711 202 being a charitable organisation has submitted a copy of certificate vide No. DIT (E)/848 dated 12.01.2009 issued by the competent authority in respect of exemption under senction 80G of the Income Tax Act, 1961 ;

Now Therefore, in exercise of power conferred by sectin 15A of the West Bengal School Service Commission Act, 1997, the Governor is pleased hereby to exempt 16 schools as listed in Annexure I under Ramakrishna Mission, P.O. Belur Math, District - Howrah, Pin - 711 202 from the purview of the said Act for a period of five (05) years from the date of the issuance of this order subject to the conditions that other terms and conditions of recognition issued by the West Bengal Board of Secondary Education shall remain unaltered and henceforth selection of the teaching and non-teaching staff ..... sanctioned and vacant posts of those 16 institutions shall be made by the school autority on the basis of minimum academic and other qualifications as stipulated in the prescribed rules framed under the West Bengal School Service Commission Act, 1997..... and the procedure to be issued in this respect by the State Government from time to time.

By order of the Governor,
Signature

Arnab Roy
Secy. to the Govt. of West Bengal

Annexure—1

SECONDARY AND HIGHER SECONDARY SCHOOLS OF THE RAMKRISHNA MISSION IN WEST BENGAL

(DISTRICT WISE)

Sl NO	NAME OF INSTITUTION	ADDRESS	PIN CODE
1	Ramkrishna Mission Sarada Vidyapith (High School)	P.O. Joyrambati, Vill Joyrambati Dist. Bankura	722161
2	Ramharipur Ramkrishna Mission High School	P.O. Ramharipura, Vill Ramharipur, Dist. Bankura	722203
3	Asansol Ramkrishna Mission High SchoolDist. Burdwan	P.O. Vivekananda Sarani, Asansol,	713305
4	Kamarpukur Ramkrishna Mission Multipurpose School	P.O. Kamarpukur, Dist. Hooghly	712612
5	Ramkrishna Mission Boys' Home High School	P.O. Rahara, Dist. Kolkata	700118
6	Ramkrishna Mission Vidyalaya	P.O. Narendrapur, Dist. Kolkata	700103
7	Baranagore Ramkrishna Mission Ashrama High School	37, Gopal Lal Tagore Road, Kolkata	700036
8	Ramkrishna Mission Blind Boys' Academy	P.O. Narendrapur, Dist. Kolkata	700103
9	Ramkrishna Mission Vivekananda Vidyamandir	Malda, Dist. Malda	732101
10	Sargachi Ramkrishna Mission Secondary School	P.O. Sargachi Ashrama, Dist Murshidabad	742134
11	Taki Ramkrishna Mission School	P.O. Taki, Dist. North 24 Parganas	743429
12	Ramkrishna Mission Vidyabhavan	P.O. Midnapore, Dist. Paschim Midnapore	721101
13	Ramkrishna Mission Vidyapith	P.O. Vivekanandanagar, Dist. Purulia	723147
14	Sarisha Ramkrishna Mission Sikshamandir	P.O. Sarisha, Dist. South 24 Parganas	743368
15	Manasadwip Ramkrishna Mission High School	P.O. Manasadwip, Vili Purusottampur, Dist. South 24 Parganas	743373
16	Sarisha Ramkrishna Mission Saradamandir Madhyamik School	P.O. Sarisha, Dist. South 24 Parganas	743368

Signature A/P
Secretary
School Education Department
Government of West Bengal

জে.সি.আই. সংস্থা কর্তৃক পাট ক্রয়

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৭) **শ্রী আনিসুর রহমান :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যের পাট চাষীদের কাছ থেকে জে.সি.আই. কবে থেকে পাট ক্রয় করা শুরু করেছে ; এবং

(খ) ৩১শে আগস্ট, ২০১২ পর্যন্ত সময়ে উক্ত সংস্থা কত পরিমাণ পাট ক্রয় করেছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমান মরশুমে জে.সি.আই গত ৩০/০৭/২০১২ তারিখ থেকে এ রাজ্যে পাট কিনতে শুরু করেছে।

(খ) জে.সি.আই সূত্র অনুযায়ী এ রাজ্যে ৩১/০৮/২০১২ পর্যন্ত ৩৫৯.৪৮ কুইঃ এবং ১৮/০৯/২০১২ পর্যন্ত ১০৩০.০৪ কুইঃ পাট কিনেছে।

কৃষি স্বনির্ভরতায় ব্যাঙ্কের ঋণ

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪) **শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে কৃষি স্বনির্ভরতায় ব্যাঙ্কের ঋণ হ্রাস পেয়েছে ; এবং

(খ) সত্যি হলে, ২০১০-২০১১ ও ২০১১-১২ আর্থিক বছরে কৃষিতে কত পরিমাণ ঋণ মঞ্জুর করা হয়েছিল (বছরওয়ারি হিসাব)?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গের ষ্টেট লেভেল ব্যাঙ্কারস কমিটি প্রকাশিত রিপোর্ট থেকে দেখা যায় যে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ব্যাঙ্কের ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে গত তিন বছরে (২০০৯-১০ থেকে ২০১১-১২)। কিন্তু ব্যাঙ্ক ঋণের ক্ষেত্রে ধার্য লক্ষ্যমাত্রার থেকে প্রকৃত ঋণের পরিমাণ গত তিন বছরে হ্রাস পেয়েছে।

(খ) বিগত ২০১০-১১ আর্থিক বৎসরে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ঋণের লক্ষ্যমাত্রা ছিল ১৬,০০০ কোটি টাকা, সেক্ষেত্রে প্রকৃত ঋণ দেওয়া হয়েছে ১১,৫৫৫ কোটি টাকা (৭২%)। ২০১১-১২ আর্থিক বৎসরে ঋণের লক্ষ্যমাত্রা ধার্য করা ছিল ২০,৩০০ কোটি টাকা কিন্তু প্রকৃত ঋণের পরিমাণ ১৪,৩৮৭ কোটি টাকা (৭১%)।

স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০) **ডা: সূর্য্যকান্ত মিশ্র :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমান বর্ষে স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় বিভ্রাটের কারণ অনুসন্ধানের জন্য সরকারের পক্ষ থেকে কোন তদন্ত কমিশন গঠন করা হয়েছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত কমিশনের রিপোর্ট সরকারের কাছে জমা পড়েছে কি না ; এবং

(গ) জমা পড়লে উক্ত রিপোর্টের ভিত্তিতে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ ব্যাপারে কোনো তদন্ত কমিশন গঠন করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

রাজ্যের গুরুত্বপূর্ণ জাতীয় সড়ক সংস্কার

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪) **শ্রী তজমুল হোসেন :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যের জাতীয় সড়কগুলি সংস্কারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ। রাজ্য সরকার জাতীয় সড়কগুলি সংস্কারের জন্য নিয়মিতভাবে সংশ্লিষ্ট মন্ত্রকের সাথে যোগাযোগ রেখে চলেছে এবং এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহনের অনুরোধ জানিয়েছে।

মিড ডে মিল-এর অন্তর্ভুক্ত বিদ্যালয়ের সংখ্যা

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *২০২) **শ্রী অপূর্ব সরকার :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যে মিড ডে মিল-এর অন্তর্ভুক্ত বিদ্যালয়ের সংখ্যা কত?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে মিড ডে মিল এর অর্ন্তভূক্ত প্রাথমিক (এস এস কে সহ) বিদ্যালয়ের সংখ্যা -- ৬৮৬১২ এবং উচ্চ প্রাথমিক (এম এস কে/মাদ্রাসা সহ) বিদ্যালয়ের সংখ্যা -- ১৩৩২৬

বিকল্প চাষ

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬) **শ্রী নর্মদা চন্দ্র রায় :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বৃষ্টিপাত কম হওয়ার জন্য আমন ধানের চাষ আশানুরূপ হয়নি ;

(খ) সত্যি হলে, সরকার বিকল্প চাষের জন্য কি পদক্ষেপ গ্রহণ করেছে/করছে ; এবং

(গ) ১লা জুন, ২০১২ থেকে ১৫ই আগস্ট, ২০১২ পর্যন্ত গড় বৃষ্টিপাতের পরিমাণ কত?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে খরিফ মরশুমে আমন ও আউশ ধান চাষের **মোট এলাকা** — ৪১.৩০ লক্ষ হেক্টর।

(খ) চলতি ২০১২-১৩ সালে রাজ্যে আমন ও আউশ ধান চাষের **লক্ষ্যমাত্রা** — ৪২.৯০ লক্ষ হেক্টর।

(গ) চলতি ২০১২-১৩ সালে যে এলাকায় আমন ও আউশ ধানের **চাষ সম্ভব** হয়েছে — ৪০.৮২৫২৫ লক্ষ হেক্টর।

চলতি ২০১২-১৩ সালে আমন ধান চাষের লক্ষ্যমাত্রার থেকে কিছুটা কম হওয়ায় কৃষি বিভাগের পক্ষ থেকে চলতি খরিফ মরশুমে ও আসন্ন রবি মরশুমে বিকল্প শস্য চাষের জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(ক) চলতি খরিফ মরশুমের বিকল্প চাষের পরিকল্পনা :

পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া ও দক্ষিণ বঙ্গের অন্যান্য জেলায় পতিত কৃষি জমিতে **৪৭০ হেক্টর এলাকায় ভূট্টা চাষ এবং ২৯২ হেক্টর এলাকায় বাদাম** চাষের জন্য বীজ, জীবানুসার ও কিছু পরিমান রাসায়নিক সার চাষীদের মধ্যে সরবরাহ করা হয়েছে।

খরিফ মরশুমে বিকল্প চাষের মোট এলাকা — **৭৬২ হেক্টর**।

(খ) আসন্ন প্রাক রবি ও রবি মরশুমের বিকল্প চাষের পরিকল্পনা :

(১) বিভিন্ন ধরনের ডালশস্য : ১৮,৩৪৬ হেক্টর

যেমন, খেসারী, কলাই।

(২) বিভিন্ন ধরনের তৈলবীজ :

* টোরিয়া - ৪,০০০ হেক্টর।
* সরিষা - ১৬,৬৬৬ হেক্টর।
* বাদাম - ২,০০০ হেক্টর।
* সূর্যমুখী - ২,০০০ হেক্টর।
* তিল - ১,৮৭৫ হেক্টর।

মোট এলাকা - ২৬,৫৪১ হেক্টর।

---

(৩) বিভিন্ন ধরনের দানাশস্য :

* ভূট্টা - ১,৮৭৫ হেক্টর।
* গম - ৫৫০ হেক্টর।
* বাজরা - ১৪০ হেক্টর।

মোট এলাকা - ২,৫৬৫ হেক্টর।

রবি মরশুমে বিকল্প চাষের মোট লক্ষ্যমাত্রা - ৪৭,৪৫২ হেক্টর।

২০১২-১৩ সালে বিকল্প চাষের মোট এলাকা - ৪৮,২১৪ হেক্টর।

উপকৃত চাষীর সংখ্যা - ৩,৩৮,৯৬০

১লা জুন, ২০১২ থেকে ১৫-ই আগস্ট, ২০১২ পর্যন্ত গড় বৃষ্টিপাতের পরিমান কত?

সম্ভাব্য উত্তর :

	স্বাভাবিক বৃষ্টিপাত (মি.মি.)	প্রকৃত বৃষ্টিপাত (মি.মি.)	ঘাটতি/অতিরিক্ত বৃষ্টিপাত (মি.মি.)
উত্তরবঙ্গ -	১৩১৬	১২৭৪	৩% ঘাটতি
দক্ষিণবঙ্গ -	৭৩৪	৫৮৪	২০% ঘাটতি

মালদা জেলায় বে-আইনি মদ আটক

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :** আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১১-২০১২ আর্থিক বছরে মালদা জেলায় কত পরিমাণ বে-আইনি মদ আটক করা হয়েছে?

আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১১-১২ আর্থিক বছরে মালদা জেলায় বিভিন্ন ধরনের বে-আইনি মদ নিম্নলিখিত পরিমানে আটক করা হয়েছে।

চোলাই মদ	-	২৫১০৮	লিটার
বিদেশী মদ	-	১৬৩	লিটার
বিয়ার	-	৪৪১	লিটার
তাড়ি	-	৫৮৭৯	লিটার
পচাই	-	১৫৮০	লিটার

টেলিফোন টাওয়ার বসানোর ক্ষেত্রে বিধিনিষেধ

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে টেলিফোন টাওয়ার বসানোর ক্ষেত্রে সরকার কোন নিয়ম চালু করেছে কি না ; এবং

(খ) করে থাকলে, নিয়মগুলি কি কি?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ আছে।

বর্তমানে রাজ্যে কোনো স্থানে মোবাইল টাওয়ার স্থাপনের ক্ষেত্রে রাজ্যের পরিবেশ দপ্তরের একটি আদেশনামা (Order) এবং একটি নির্দেশিকা (direction) কার্যকর রয়েছে। এছাড়া পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের একটি বিধিবদ্ধ প্রচার বিজ্ঞপ্তি (Statutory circular) রয়েছে।

(খ) নিম্নে রাজ্যে চালু নিয়মগুলির সারাংশ দেওয়া হল—

• বিদ্যালয় ও হাসপাতালের ভিতরে Base Station Antennas স্থাপন এড়িয়ে চলা উচিত কারণ শিশু এবং রুগীরা Electro Magnetic Field দ্বারা সর্বাধিক প্রভাবিত হয়।

• সরু গলিতে Base Station Antennas স্থাপন এড়িয়ে চলা উচিত কারণ এতে ভবিষ্যতে দুর্ঘটনা ঘটতে পারে।

• Base Station Antennas আশেপাশের বাড়ি থেকে অন্তত তিন মিটার দূরে ও মাটি থেকে অন্তত তিন মিটার উপরে অবস্থান করবে।

• সাধারণ মানুষ যাতে Base Station-এ প্রবেশ না করতে পারে তার জন্য ব্যবস্থা করতে হবে (যেমন কাঁটা তারের বেড়া, দরজায় তালা ইত্যাদি) এবং বিপদ সূচক চিহ্নের ব্যবস্থা করতে হবে।

• মোবাইল টাওয়ারে কোনো ডিজেল জেনারেটর ব্যবহার করা যাবে না, তার বদলে লোডশেডিংয়ের সময় সৌরশক্তি অথবা ব্যাটারী ব্যবহার করতে হবে।

• ভারত সরকারের যোগাযোগ এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রকের টেলিযোগাযোগ বিভাগ থেকে মোবাইল টাওয়ারের অবস্থানগত ছাড়পত্র (Site Clearance) অর্জন করতে হবে।

• স্থানীয় কর্তৃপক্ষ যেমন পৌর নিগম, পৌরসভা, গ্রামপঞ্চায়েত ইত্যাদি থেকে অনুমতি অর্জন করতে হবে।

• কেন্দ্রীয় অথবা রাজ্য সরকার স্বীকৃত কোনো কারিগরী প্রতিষ্ঠান থেকে গঠনগত স্থায়িত্বের প্রমাণপত্র (Structural Stability Certificate) নিতে হবে।

• সমস্ত নিয়ম পালন হলে তবে স্থানীয় কর্তৃপক্ষ মোবাইল টাওয়ার স্থাপনের অনুমতি দেবে।

বেসরকারী কলেজগুলিতে অধ্যাপক/অধ্যাপিকাদের বদলি

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭০) **ড: আশীষ ব্যানার্জী :** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বেসরকারী কলেজগুলিতে অধ্যাপক/অধ্যাপিকাদের বদলির প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

অষ্টম শ্রেণী পর্যন্ত পাশ ফেল প্রথা রদ

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২) **শ্রী শাহাজাহান চৌধুরী :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিদ্যালয়গুলিতে অষ্টম শ্রেণী পর্যন্ত পাশ ফেল প্রথা তুলে দেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, বিকল্প কোন পদ্ধতির প্রচলন করা হয়েছে কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি। কেন্দ্রীয় সরকার প্রণীত শিক্ষার অধিকার আইন চালু হওয়ার ফলে বিদ্যালয়গুলিতে অষ্টম শ্রেণী পর্যন্ত পাশ ফেল প্রথা তুলে দেওয়া হয়েছে।

(খ) বিকল্প পদ্ধতি হিসেবে কনটিনিউয়াস এভালুয়েশন চালু করা হচ্ছে।

ব্লকে কৃষক বন্ধু নিয়োগ

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮) **শ্রী আনিসুর রহমান :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে আগস্ট, ২০১২ সাপেক্ষে রাজ্যে কতগুলি ব্লকে কৃষক বন্ধু নিয়োগ করা হয়েছে; এবং

(খ) কৃষক বন্ধুরা উক্ত ব্লকগুলিতে কাজ শুরু করেছে কি?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে আগস্ট, ২০১২ সাপেক্ষে রাজ্যে কোন ব্লকে কৃষক বন্ধু নিয়োগ করা হয়নি।

(খ) প্রযোজ্য নয়।

Unstarred questions
(to which written answer laid on the table)

সরকারিভাবে ধান ক্রয়ের পরিমাণ

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪) **শ্রী তজমুল হোসেন :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে কত পরিমাণ ধান সরকারিভাবে ক্রয় করা হয়েছে (জেলা ভিত্তিক তথ্য সহ)?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(মেট্রিক টন হিসাবে)

ক্রম সংখ্যা	জেলার নাম	লেভি A/c	সি.এম. আর A/c
১।	বর্ধমান	৩,০৩,৯২৩	২৫,০৩৩
২।	বাঁকুড়া	৯০,২৩৫	২৫,০০০
৩।	বীরভূম	১,০৯,০০০	২০০
৪।	পুরুলিয়া	৩৫,৪১৮	১৬,৩৮০
৫।	হাওড়া	৬৮,২৬৪	২৬,৯৮২
৬।	হুগলি	৭২,৭৪৬	১,৩৩৫
৭।	পঃ মেদিনীপুর	৫৯,১২২	১৬,৭০৬
৮।	পূঃ মেদিনীপুর	১৪,৯৯৯	১২,৮৮২
৯।	দঃ ২৪ পরগণা	৩৪,৪৮৫	৯,২২২
১০।	উঃ২৪ পরগণা	১৮,৭৩৪	৩০,০৪৯
১১।	নদীয়া	১৬,৬৭৯	৮,৬৩৯
১২।	দার্জিলিং	১৪,০০০	৮,৭২৪
১৩।	মুর্শিদাবাদ	৩৯,৪২৪	১৬,৬৭৭
১৪।	মালদহ	৩৪,৯৪২	৩,১৬২
১৫।	কুচবিহার	৭,৭২০	৫,৭৬৫
১৬।	জলপাইগুড়ি	৪৫,৭০১	১০,৯৯৭
১৭।	উঃ দিনাজপুর	২৫,২৯২	১১,৮৮৭
১৮।	দঃ দিনাজপুর	১৮,৯৭৮	৩৮,৩৩৩
	মোট ঃ	**১০,০৯,৬৬২**	**২,৬৭,৯৭৩**
	সর্বসমেত ঃ ১২,৭৭,৬৩৫ মে. টন		

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তা

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭) **শ্রী তজমুল হোসেন :** বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-১২ আর্থিক বছরে রাজ্যে অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারবর্গকে গৃহ মেরামত ও পুনর্বাসনের জন্য কোনো আর্থিক সহায়তা করা হয়েছে কি ;

(খ) হয়ে থাকলে, উক্ত সহায়তার পরিমাণ কত ; এবং

(গ) সাহায্যপ্রাপ্ত পরিবারের সংখ্যা কত?

বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) আর্থিক সহায়তা করা হয়েছে।

(খ) অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারবর্গকে মোট ১,১১,৮৫,৫০০/-(এক কোটি এগারো লক্ষ পঁচাশি হাজার পাঁচশ) টাকা আর্থিক সহায়তা করা হয়েছে।

(গ) সাহায্যপ্রাপ্ত মোট পরিবারের সংখ্যা হল ১,২৪৭। আংশিক ক্ষত্রিগ্রস্ত পরিবারকে ২, ৫০০ টাকা এবং সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত পরিবারকে ১০,০০০ টাকা হারে দেওয়া হয়েছে।

কৃষিজ বিপণন কেন্দ্রে পণ্য ক্রয়-বিক্রয়

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬) **শ্রী তজমূল হোসেন :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষি বিপনন কেন্দ্রগুলিতে কী কী কৃষিজ পণ্য ক্রয়-বিক্রয় হয়ে থাকে ; এবং

(খ) বিগত আর্থিক বছরে সরকারের লাভক্ষতির পরিমাণ কত?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলির অধীনস্থ মুখ্য বাজার চত্বর কিংবা উপবাজার চত্বরগুলিতে অঞ্চল ভিত্তিক উৎপাদিত কৃষিজ পণ্য ছাড়াও বাইরের জেলা বা রাজ্য থেকে বিভিন্ন কৃষিজ পণ্য ক্রয়-বিক্রয় হয়ে থাকে। এর মধ্যে ফল, সব্জি,আলু বা অন্যান্য খাদ্যশস্য, অঞ্চল বিশেষে পাট ইত্যাদি ক্রয়-বিক্রয় হয়।

(খ) পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ অনুসারে পশ্চিমবঙ্গের নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলি কোনো প্রকার কৃষিজ পণ্যের ক্রয়-বিক্রয়ে অংশগ্রহণ করতে পারে না, ফলে লাভক্ষতির হিসাব আসে না।

নিয়ন্ত্রিত বাজারে নির্বাচিত কমিটি

৭০। **(অনুমোদিত প্রশ্ন নং ৬৭) শ্রী তজমুল হোসেন :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের নিয়ন্ত্রিত বাজারের মধ্যে কতগুলিতে নির্বাচিত কমিটি আছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৭২-এর কোন ধারাতেই নিয়ন্ত্রিত বাজার সমিতির পরিচালন কমিটি নির্বাচনের কোনো ব্যবস্তা নেই।

সরকারি ও বেসরকারি গ্রন্থাগার

৭১। **(অনুমোদিত প্রশ্ন নং ৭৪) শ্রী তজমূল হোসেন :** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কত সংখ্যক সরকারি ও বেসরকারি গ্রন্থাগার আছে ; এবং

(খ) বিগত আর্থিক বছরে মোট কত টাকার বই উক্ত গ্রন্থাগারগুলিতে প্রদান করা হয়েছে?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেভা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে ২,৪৭৯ (দুই হাজার চারশো উনআশি) টি সরকারি, সরকার পোষিত ও সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগার আছে।

এছাড়া মোট আনুমানিক ২,৭০০টি বেসরকারি গ্রন্থাগার এযাবৎ চিহ্নিত করা গেছে।

(খ) রাজ্যের সরকারি, সরকার পোষিত ও সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগারগুলি জন্য মোট ৫,০৯,৬৬,২০৫ (পাঁচ কোটি নয় লক্ষ ছেষট্টি হাজার দুই শত পাঁচ) টাকা বই ক্রয়ের জন্য অনুদান প্রদান করা হয়েছে।

এছাড়া বেসরকারি ও অপোষিত গ্রন্থাগারগুলির জন্য বই ও আসবাব ক্রয় বাবদ ৫১,১১,০০০ (একান্ন লক্ষ এগারো হাজার) টাকা প্রদান করা হয়েছে।

ভাকুরিয়ায় রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ প্রকল্প

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১০১) **শ্রী তজমূল হোসেন :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত ভাকুরিয়াকে 'রাজীব গান্ধী বিদ্যুৎ প্রকল্পের' অন্তর্ভুক্ত করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) নদী পার করে বিদ্যুৎ নিয়ে যাওয়া হবে। আশা করা যায়—২০১২ সালের মধ্যে কাজটি শেষ হবে।

পূর্ণ সাক্ষরতা প্রকল্প

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮) **শ্রী তজমুল হোসেন :** জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে পূর্ণ সাক্ষরতা প্রকল্পটির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বর্তমানে এই রাজ্যে 'পূর্ণ সাক্ষরতা প্রকল্প' নামে কোনো প্রকল্প চালু নেই।

পি.এম.জি.এস.ওয়াই. রূপায়ণে সরলীকৃত শর্ত

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩) **শ্রী জ্যোতির্ময় কর :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা রূপায়ণের ক্ষেত্রে কিছু শর্তের সরলীকরণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত যোজনা দ্রুত রূপায়ণের ক্ষেত্রে সরলীকৃত নতুন শর্তগুলি কী কী?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ,সত্যি।

(খ) (১) আগে এজেন্সি 'অ্যাওয়ার্ড কস্ট'-এর উপর শতকরা ৫ (পাঁচ) ভাগ হিসাবে কাজকর্মের অঙ্গীকার (পারফর্মেন্স গ্যারান্টি) ৫ (পাঁচ) বছরের জন্য জমা করতেন, এটা করা হত ব্যাঙ্ক গ্যারান্টির মাধ্যমে। কিন্তু এখন এই নিয়ম শিথিল করা হয়েছে। এজেন্সি ১ (একা) বছরের জন্য কাজকর্মের অঙ্গীকার (পারফর্মেন্স গ্যারান্টি) জমা করতে পারেন এবং পরবর্তী ৪ (চার) বছরে পারফর্মেন্স গ্যারান্টি নবীকরণ করতে পারেন।

(২) আগে চলতি অ্যাকাণ্ট (আর. এ) বিলের উপর জামিন আমানত (সিকিওরিটি ডিপোজিট) কেটে নেওয়া হত এবং তা ৫ (পাঁচ) বছরের জন্য জমা থাকত। এখন কাজ শেষ হওয়ার ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে জামিন আমানতের (সিকিওরিটি ডিপোজিট-এর) শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ ফেরৎ দেওয়া হয় এবং শতকরা ২৫ (পঁচিশ) ভাগ ফেরৎ দেওয়া হয় ২ (দুই) বছর পরে ও শেষ শতকরা ২৫ (পঁচিশ) ভাগ ফেরৎ দেওয়া হয় ৩ (তিন) বছর পরে।

(৩) আগে এজেন্সিকে নিজের খরচে ৫ (পাঁচ) বছরের জন্য রাস্তার রক্ষণাবেক্ষণ করতে হত, এখন নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণের খরচ দেওয়া হয়।

(৪) নিলাম ডাকের প্রামাণ্যপত্রের (বিডিং ডকুমেণ্টস-এর) মূল্য ১০,০০০ (দশ হাজার) টাকা থেকে কমিয়ে ৫, ০০০ (পাঁচ হাজার) টাকা করা হয়েছে।

(৫) আনুমানিক খরচের (এস্টিমেটেড কস্ট-এর) উপর আগ্রহী আমানতের (আর্নেস্ট মানি-র) মূল্য শতকরা ২ (দুই) ভাগ থেকে কমিয়ে ১ (এক) ভাগ করা হয়েছে।

(৬) পরিচয়পত্র (ক্রিডেনসিয়াল) নির্ণয়ের ক্ষেত্রে উপ-ঠিকাদার (সাব-কন্ট্রাক্টর) হিসাবে প্রাধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার (পি. এম. জি. এস. ওয়াই.-এর) কাজ হয়েছে এমন কাজের শতকরা ২৫ (পঁচিশ) ভাগকে এখন গ্রাহ্য করা হয়।

(৭) আগে মোট উৎপাদন মূল্য (টার্ন-ওভার)-এর ক্ষেত্রে কেবল মাত্র অসামরিক নির্মাণ (সিভিল কনস্ট্রাকশন) বিচার্য ছিল। এখন মোট উৎপাদন মূল্য (টার্ন-ওভার)-এর কেবল মাত্র শতকরা (পঞ্চাশ) ভাগ অসামরিক নির্মাণ (সিভিল কনস্ট্রাকশন) হলেই তা গ্রাহ্য হয়।

(৮) আগে ২ (দুই) কোটি টাকা পর্যন্ত কাজের ক্ষেত্রে মোট উপাদন মূল্য (টার্ন-ওবার)-এর পরিমাণ ছিল আনুমাণিক খরচের (এস্টিমেটেড কস্ট-এর) উপর শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ, এখন তা থেকে হয়েছে শতকরা ৬০ (ষাট) ভাগ।

(৯) ভারত সরকার আগে ২৫ (পঁচিশ) মিটার পর্যন্ত ব্রিজের খরচ বহন করত। সব জেলার ক্ষেত্রেই এখন তা বেড়ে হয়েছে ৫০ (পঞ্চাশ) মিটার। আই.এ.পি.-র অন্তর্ভুক্ত জেলার ক্ষেত্রে এই পরিমাণ বাড়িয়ে ৭৫ (পঁচাত্তর) মিটার করা হয়েছে। এর থেকে বেশি দৈর্ঘ্য সম্পন্ন ব্রিজের ক্ষেত্রে অতিরিক্ত অর্থ রাজ্য সরকারকে বহন করতে হয়।

কিষাণ ক্রেডিট কার্ড

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬) **শ্রী জ্যোতির্ময় কর :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কিষাণ ক্রেডিট কার্ড পাওয়ার ক্ষেত্রে সরকারি ক্ষেত্রে নিয়মনীতি কী?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : কিষাণ ক্রেডিট কার্ড যথা বাণিজ্যিক ব্যাঙ্ক, সমবায় ব্যাঙ্কগুলি, রিজার্ভ ব্যাঙ্ক এবং নাবার্ড দ্বারা নির্ধারিত নিয়ম অনুযায়ী কৃষকদের কিষাণ ক্রেডিট কার্ড প্রদান করে থাকে।

পরিবেশবান্ধব পর্যটন কেন্দ্র

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬) **শ্রী জ্যোতির্ময় কর :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পরিবেশবান্ধব পর্যটন কেন্দ্র বিকাশে সরকার উদ্যোগী হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, রাজ্যে কত সংখ্যক পরিবেশবান্ধব পর্যটন কেন্দ্র আছে এবং সেগুলি কোথায় অবস্থিত?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ

(খ) রাজ্যে বর্তমানে দুটি পরিবেশবান্ধব পর্যটন কেন্দ্র আছে। এগুলি হল ডুয়ার্সের জলদাপাড়া রিসর্ট এবং সুন্দরবনের সজনেখালি রিসর্ট। এছাড়া উত্তরবঙ্গে মূর্তি নদীর পাড়ে এবং দক্ষিণবঙ্গে ঝাড়গ্রামে নতুন পরিবেশবান্ধব পর্যটন কেন্দ্র গড়ে উঠছে।

জঙ্গলমহলে চাল বণ্টন প্রকল্পে পৌরসভার অন্তর্ভুক্তি

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০০) **শ্রী নেপাল মাহাত :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জঙ্গলমহলে ২ (দুই) টাকা কিলো দরে চাল বণ্টন প্রকল্পে পৌর এলাকাগুলিকে বাদ দেওয়া হয়েছে ;

(খ) সত্যি হলে, তার কারণ কী ; এবং

(গ) পৌর এলাকাগুলিকে উক্ত প্রকল্পের অন্তর্ভুক্ত করার কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) আসলে, জঙ্গলমহল এলাকায় কেবলমাত্র ঝাড়গ্রাম পৌরসভাই এই ২ (দুই) টাকা কিলো দরে চাল বণ্টন প্রকল্পের অন্তর্গত। বাকি পৌরসভাগুলি এই প্রকল্পের অন্তর্গত নয়।

(খ) স্বরাষ্ট্র দপ্তর যে সকল অঞ্চলকে/এলাকাগুলিকে জঙ্গলমহল-এলাকা হিসাবে চিহ্নিত করেছে, সেইসব এলাকায় ২ (দুই) টাকা কিলো দরে চাল বিতরণ করা হচ্ছে।

(গ) ঘটনা হল, স্বরাষ্ট্র দপ্তর যে সকল অঞ্চলকে/এলাকাগুলিকে জঙ্গলমহল এলাকা হিসাবে চিহ্নিত করেছে, সেইসব এলাকার মধ্যে একটি মাত্র পৌরসভা রয়েছে। সেটি হল— ঝাড়গ্রাম পৌরসভা। তাই অন্য কোনো পৌরসভার অর্ন্তভুক্তির প্রশ্ন ওঠে না। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, জঙ্গলমহল এলাকা সহ খাদ্য দপ্তর দার্জিলিং পার্বত্য অঞ্চল ও আয়লায় ক্ষতিগ্রস্ত ১৫টি ব্লক এলাকায় ২ (দুই) টাকা কিলো দরে চাল বিলি করছে। এছাড়া সিঙ্গুর এলাকায়ও এই ২ (দুই) টাকা কিলো চাল বিলি করা হবে।

ঝালদার ছুরি, কাঁচি শিল্প

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫) **শ্রী নেপাল মাহাত :** ক্ষুদ্র ও ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভার'রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ঝালদাতে ছুরি, কাঁচি ইত্যাদি নির্মাণ শিল্প স্থাপনের কোনো পরিকল্পনা সরকারর আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কীরূপ ?

ক্ষুদ্র ও ছোট্ট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ আছে।

(খ) পুরুলিয়া জেলায় ঝালদা থানার অন্তর্গত পোদ্দারপাড়া, নমোপাড়া, শাস্ত্রীপাড়া এবং বাঁধাঘাট অঞ্চলে হস্তচালিত ড্রিল (Hand Drill) এবং ছোট যন্ত্রপাতি (Small Tools) তৈরির গুচ্ছ প্রকল্প স্থাপন করার পরিকল্পনা সরকারের আছে।

এই মুহূর্তে প্রাথমিক সার্ভের কাজ শেষ হয়েছে। বিশদ সার্ভে রিপোর্ট তৈরির কাজ চলছে। আধুনিক প্রযুক্তি ব্যবহার করে (Technological Intervention) এই গ্রামীণ শিল্পকে আরও উন্ত করার চেষ্টা হচ্ছে।

চা বাগানগুলিতে চিকিৎসকের সংখ্যা

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১ শে মে, ২০১২ সাপেক্ষে রাজ্যের চালু চা বাগানগুলোতে চিকিৎসা পরিষেবার জন্য কতজন চিকিৎসক নিযুক্ত আছেন?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২৭৮টি চা বাগানের মধ্যে ২৭৫টি চা বাগান চালু আছে। চালু চা বাগানগুলোতে ২৩৮ জন চিকিৎসক নিযুক্ত আছেন।

তাপবিদ্যুৎ কেন্দ্রগুলিতে কয়লার চাহিদা

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার পরিচালিত তাপবিদ্যুৎ কেন্দ্রগুলোর চালু রাখার জন্য দৈনিক কয়লার চাহিদা কত ;

(খ) এই কয়লা কোল ইণ্ডিয়ার কোন্ কোন্ সহযোগী সংস্থা থেকে সরবরাহ হয় এবং

(গ) সরবরাহকৃত কয়লার মান নির্ধারণের পদ্ধতি কী?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্য সরকার পরিচালিত তাপবিদ্যুৎ কেন্দ্রগুলো চালু রাখার জন্য গড়ে দৈনিক ৬২,৫০০মেট্রিক টন কয়লা প্রয়োজন।

(খ) এই কয়লা কোল ইণ্ডিয়ার যে যে সহযোগী সংস্থা থেকে সরবরাহ করা হয় সেগুলি হল : ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেড (ই. সি. এল.), মহানদী কোলফিল্ডস্ লিমিটেড (এম. সি. এল.), ভারত কোকিং কোল লিমিটেড (বি. সি. সি. এল.) এবং আই. বি. ভ্যালি।

(গ) কয়লার রেক থেকে কয়লার নমুনা সরবরাহকারী সংস্থা ও সংশ্লিষ্ট বিদ্যুৎ উপাদনকারী সংস্থা কর্তৃক যুগ্মভাবে সংগৃহীত হয় এবং তা বিশ্লেষণের জন্য তিনটি ভাগে বিভক্ত করে রাখা হয়। প্রথম দুটি ভাগ যথাক্রমে সরবরাহকারী সংস্থা ও বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থা কর্তৃক পরীক্ষার দ্বারা বিশ্লেষিত হয়। উভয় পরীক্ষায় প্রাপ্ত ফলাফল কোনো প্রভেদ হলে তৃতীয় অংশটি (নমুনার) উভয় পক্ষের উপস্থিতিতে পরীক্ষিত হয় এবং সেই পরীক্ষায় প্রাপ্ত ফল উভয় পক্ষের কাছে গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়। এখানে উল্লেখ্য, যে, কয়লার মান নির্ধারণের প্রাথমিক মানদণ্ড হল গ্রস ক্যালরিফিক ভ্যালু (জি. সি. ভি.) যা নির্ণয় করা হয় বম্ব ক্যালরিমিটার যন্ত্র দ্বারা।

ই.এস.আই.-এর সার্ভিস ডিসপেনসারি

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ২২০) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কোচবিহার এবং জলপাইগুড়ি জেলাতে ই. এস. আই.-এর সার্ভিস ডিসপেনসারি চালু করার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : জলপাইগুড়ি জেলাতে বিনাগুড়ি মৌজায় সরকারি ই. এস. আই. সার্ভিস ডিসপেনসারি ০৪.০৬.১২ তারিখে চালু করা হয়েছে।

কোচবিহার জেলাতে কোচবিহার শহরে কোচবিহার পৌরসভা হাসপাতালের মাধ্যমে একটি টাই আপ ই. এস. আই. সার্ভিস ডিসপেনসারি খোলার জন্যে পৌরসভার মাননীয় পৌরপ্রধানের কাছে প্রস্তাব পেশ করা হয়েছে।

এছাড়াও শিলিগুড়ি শহরে একটি ই. এস. আই. সার্ভিস ডিসপেনসারি অনেক দিন চালু আছে এবং খুব শীঘ্রই বাগডোগরার কাছে মাটিগাড়ায় আর একটি আধুনিক সার্ভিস ডিসপেনসারি চালু হবে।

চা শ্রমিকের এরিয়ার প্রদান

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে চালু চা বাগানগুলিতে গত ৪ঠা নভেম্বর, ২০১১-র চুক্তি অনুসারে যে এরিয়ার পেমেণ্ট শ্রমিকদের দেওয়ার কথা ছিল তা কি সমস্ত চালু বাগানের শ্রমিকদের দেওয়া হয়েছে ; এবং

(খ) যে সমস্ত চা বাগানে চুক্তি অনুযায়ী শ্রমিকদের এরিয়ার পেমেণ্ট দেওয়া হয়নি সেখানে সরকার কী ব্যবস্থা নিয়েছেন ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে চালু ২৭৮ টি চা বাগানগুলির মধ্যে ২৩৫ টিতে সম্পূর্ণ, ৩৪ টিতে আংশিক এরিয়ার পেমেণ্ট দেওয়া হয়েছে। ৯ টি বাগানে এরিয়ার পেমেণ্ট দেওয়া হয়নি।

(খ) যে বাগানের শ্রমিকদের বকেয়া টাকা সম্পূর্ণ বা আংশিক দেওয়া হয়নি, তাদের মধ্য থেকে নিম্নলিখিত ৩টি বাগানের শ্রমিক সংগঠনগুলো বিষয়টি শ্রম দপ্তরে উত্থাপন করেছে এবং তা আলোচনার পর্যায়ে আছে। বাগানগুলি হল—রায়পুর, কাঁঠালগুড়ি ও রামঝোড়া চা বাগান। বিভিন্ন শ্রমিক সংগঠন ও মালিক সংগঠনের মাধ্যমে জানা গেছে যে বাকি বাগানগুলো, যেখানে সম্পূর্ণ বা আংশিক এরিয়ার পেমেণ্ট হয়নি, সেখানে বাগান স্তরে মীমাংসা করে এরিয়ার পেমেণ্টের ব্যবস্থা করা হচ্ছে।

দুর্গাপুর মহকুমা এলাকায় পানীয় জল সরবরাহ

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার দুর্গাপুর মহকুমার অন্তর্গত পাণ্ডবেশ্বর, দুর্গাপুর-ফরিদপুর এবং অণ্ডাল ব্লক এলাকার কয়লাখনিসহ গ্রামগুলিতে পরিস্রুত পানীয় জল সরবরাহের পরিকল্পনা গৃহীত হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, (১) উক্ত পরিকল্পনার রূপরেখা কী ও

(২) পরিকল্পনাটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, পরিকল্পনা হয়েছে।

জনস্বাস্থ্য কারিগরী দপ্তর ইতিমধ্যে বেশ কিছু আগেই RCFA (Raniganj Coalfield Field Area) I/II/III নামক একটি বৃহৎ নলবাহিত জল সরবরাহ প্রকল্প রূপায়ণ করেছে। যে প্রকল্পটি ফরিদপুর-দুর্গাপুর, পাণ্ডবেশ্বর এবং অণ্ডাল ব্লকগুলির বৃহৎ অংশসহ ৯ (নয়)টি ব্লকে বিস্তৃত। প্রকল্পটি মাইথন বাঁধের আবদ্ধ জল এবং দামোদর/অজয় নদের অন্তঃভূপৃষ্ঠস্থ জলের উৎসের উপর ভিত্তি করে নির্মিত। এই প্রকল্পটির মাধ্যমে ফরিদপুর-দুর্গাপুর এবং অণ্ডাল ব্লকের অন্তর্গত বসবাসকারী বেশিরভাগ অধিবাসীরাই ইতিমধ্যে পরিস্রুত পানীয় জলের সুবিধা পাচ্ছেন।

(খ) (১) দুর্গাপুর মহকুমার অন্তর্গত ফরিদপুর-দুর্গাপুর ব্লকের বাকি অংশের জন্য এই দপ্তর 'গৌরবাজার ও ইছাপুর গ্রাম পঞ্চায়েত প্রকল্প' (Gourbazar & Ichapur GP Scheme) এবং 'জামগাড়া-জগন্নাথপুর প্রকল্প' (Jamgara-Jagannathpur Scheme) নামক দুটি প্রকল্প রূপায়ণ হতে চলেছে। প্রকল্পগুলি ২০১১-১২ সালে অনুমোদন করা হয়েছে। প্রকল্পগুলির সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেওয়া হল ঃ

Sl. No.	Name of Scheme	Block	Est. Cost (in Rs. lakh)	No. of Villages to be covered	Poplation Totle	SC	ST
1.	Gourbazar & Ichapur	Faridur	1,699.19	19	21,156	6,617	2,144
2.	Jamgara- Jagannathpur	Durgapur	971.72	9	12,123	4,134	996
	Total		**2,670.91**	**28**	**33,279**	**10,751**	**3,140**

অনুরূপভাবে, ২০০১ সালের আদমসুমারি অনুযায়ী ৩৪,৫০২ (চৌত্রিশ হাজার পাঁচ শত দুই) জন অধিবাসীর সুবিধার লক্ষ্যে ১,৯৭৩.০০ লক্ষ (উনিশ কোটি তিয়াত্তর লক্ষ) টাকা অনুমিত ব্যয়ে অণ্ডাল এবং পাণ্ডবেশ্বর ব্লকে (RCFA প্রকল্পটির মাধ্যমে বৃহৎ অংশ অন্তর্ভুক্ত) আরও একটি 'উখরা এবং এর সংলগ্ন অঞ্চলের উন্নতিকরণ' (Improvement of Ukhra and its adjoining areas) নামক প্রকল্প ইতিমধ্যে জনস্বাস্থ্য কারিগরী অধিকার কর্তৃক প্রস্তুত করা হয়েছে।

(২) উল্লিখিত 'গৌরবাজার ও ইছাপুর গ্রাম পঞ্চায়েত প্রকল্প' এবং ফরিদপুর-দুর্গাপুর ব্লকের অন্তর্গত 'জামগাড়া-জগন্নাথপুর প্রকল্প' নামক দুটি প্রকল্পের টেন্ডারিং প্রসেস (Tendering Process)-এর কাজ ইতিমধ্যে প্রবর্তন করা হয়েছে। যেটি ২ বছরের মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায় এবং যার মাধ্যমে ঐ অঞ্চলের অধিবাসীরা পরিস্রুত পানীয় জলের সুবিধা পাবেন।

Improvement of Ukhra and its adjoining areas নামক প্রকল্পটি উপযুক্ত নিরীক্ষণ করার পর অনুমোদনের জন্য পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের নিকট পাঠানো হচ্ছে।

জঙ্গলমহলে আদিবাসীদের রেশন প্রদান

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৩) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, জঙ্গলমহল এলাকায় আদিবাসীরা নিয়মিত রেশন পাচ্ছেন ; এবং

(খ) সত্যি হলে, ৩১শে জানুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে কতজনকে এই রেশন দেওয়া হচ্ছে (ব্লকওয়ারি তথ্য সহ)?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) জঙ্গলমহল এলাকায় বসবাসকারী রেশন কার্ডধারী আদিবাসীরা নিয়মিত রেশন পাচ্ছেন।

(খ) ৩১শে জানুয়ারি, ২০১২ তারিক সাপেক্ষে জঙ্গলমহল এলাকায় তিনটি জেলায় (ব্লকওয়ারি) রেশন প্রাপক আদিবাসীদের সংখ্যা সম্বলিত তথ্য নীচে দেওয়া হল ঃ

	ব্লকের নাম	বি.পি.এল. আদিবালী রেশন প্রাপকের সংখ্যা
১। **বাঁকুড়া**	(১) রাইপুর	৩৩,২০৬ জন
	(২) রানীবাঁধ	২০,২১৮ জন
	(৩) সারেঙ্গা	১২,৯৩২ জন
	(৪) সিমলাপাল	২৪,২৩৭ জন
	মোট ঃ	**৯০,৫৯৩ জন**
২। **পুরুলিয়া**	(১) আর্শা	৩৩,২৩৭ জন
	(২) বাগমুণ্ডি	৩৩,৯২২ জন
	(৩) বলরামপুর	৪৯,৬৯১ জন
	(৪) বড়বাজার	৩০,৯৯২ জন
	(৫) বান্দোয়ান	৪৬,২০৮ জন
	(৬) ঝালদা-১	১১,২২২ জন
	(৭) ঝালদা-২	১৮,২৭২ জন
	(৮) মানবাজার-২	৪৬,২৯২ জন
		মোট ঃ ২,৬৯,৮৩৬ জন

৩। **পশ্চিম মেদিনীপুর**

(১) শালবনি	২০,৭২৫ জন
(২) মেদিনীপুর সদর	১৬,৮৫৯ জন
(৩) গড়বেতা-২	১৭,৪৯০ জন
(৪) বিনপুর-১	২৩,৪১০ জন
(৫) বিনপুর-২	৩৯,৮০০ জন
(৬) ঝাড়গ্রাম (গ্রাম্য)	১০,৫৯৯ জন
(৭) জামবনি	১৫,৯৯৪ জন
(৮) গোপীবল্লভপুর-১	২৪,১৪৩ জন
(৯) গোপীবল্লভপুর-২	৫,৫১৬ জন
(১০) নয়াগ্রাম	১৮,৩০০ জন
(১১) সাঁকরাইল	১০,২১৬ জন
(১২) ঝাড়গ্রাম (পৌরসভা)	৩,৩১০ জন
মোট - ২,০৫,৩৬২ জন	

অস্থায়ী শ্রমিকদের মজুরি

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৫) **শ্রী অসিত মিত্র :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, সরকারি দপ্তরে অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত শ্রমিকদের ক্ষেত্রে ন্যূনতম মজুরি প্রদান করা হচ্ছে না ; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এরকম কোনো অভিযোগ শ্রম দপ্তরে বিবেচনাধীন নেই।

(খ) প্রযোজ্য নয়।

কলেজ ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৯) **শ্রী মন্টুরাম পাখিরা :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে বর্তমান শিক্ষক নিয়োগ বন্ধ আছে ; এবং

(খ) সত্যি হলে, কারণ কী?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কলেজের ক্ষেত্রে—কলেজগুলিতে বর্তমানে শিক্ষক নিয়োগ স্থগিত রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে—বিশ্ববিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে নতুন ইউ.জি.সি. গাইড লাইন এবং রাজ্য সরকার প্রণীত নিয়মাবলী অনুসারে।

(খ) (১) সরকারি কলেজে শিক্ষক নিয়োগের জন্য নতুন ইউ.জি.সি. গাইড লাইন অনুসারে নিয়োগবিধি প্রণয়নের কাজ চলছে। এই বিষয়ে পাবলিক সার্ভিস কমিশন ও আইন বিভাগের প্রয়োজনীয় পরামর্শ নেওয়ার কাজ চলছে।

(২) সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজে শিক্ষক নিয়োগের জন্য নতুন ইউ.জি.সি. গাইড লাইন অনুসারে নিয়োগবিধি প্রণয়নের কাজ চলছে। এই বিষয়ে শূন্যপদ নির্ণয়ের কাজ সমাপ্তির পথে।

স্টেডিয়াম নির্মাণ

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৮) **শ্রী আনিসুর রহমান :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমান বছরে (২০১২) কতগুলি স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা গৃহীত হয়েছে ; এবং

(খ) উক্ত নির্মাণ পরিকল্পনার কাজ কবে নাগাদ শুরু হবে?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে বর্তমান বছরে (২০১২) ২টি নতুন স্টেডিয়াম নির্মাণের এবং ২টি স্টেডিয়ামের সংস্কার ও উন্নতিকল্পের পরিকল্পনা গৃহীত হয়েছে।

(খ) ঝাড়গ্রাম এবং লেবং স্টেডিয়ামের সংস্কার ও উন্নতিকল্পের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে। বাকি স্টেডিয়াম দুটির কাজ শীঘ্রই শুরু হবে।

কাকদ্বীপে রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫০২) **শ্রী মণ্টুরাম পাখিরা :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৯শে ফেব্রুয়ারি, ২০১২ সাপেক্ষে রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনায় দক্ষিণ ২৪-পরগণা জেলার কাকদ্বীপ মহকুমায় মোট কতগুলি নতুন বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ সাপেক্ষে রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনায় দক্ষিণ ২৪-পরগণা জেলার কাকদ্বীপ মহকুমায় মোট ৯,০৬২টি বি.পি.এল. পরিবারে সার্ভিস টানার কাজ শেষ হয়েছে এবং ৩,৮৯৬টি পরিবারে বিদ্যুৎ পৌঁছে গেছে।

সরকার নিয়ন্ত্রিত হিমঘর

৮৯। (অনুমোদির প্রশ্ন নং ৫১৭) **শ্রী মণ্টুরাম পাখিরা :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকারের নিয়ন্ত্রিত হিমঘরের সংখ্যা কত (জেলাওয়ারি হিসাব সহ)?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পশ্চিমবঙ্গ হিমঘর (অনুজ্ঞাপন ও প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৬৬ মোতাবেক রাজ্যে অনুজ্ঞাপত্রপ্রাপ্ত ও প্রনিয়ন্ত্রিত হিমঘরের সংখ্যা

আলু সংরক্ষণযোগ্য	—	৪২৪টি
আলুসহ বহুমুখী	—	১৫টি
বহুমুখী	—	৭৯টি
মোট	—	৫১৮টি
এর মধ্যে সমবায় সমিতি দ্বারা	—	
পরিচালিত হিমঘরের সংখ্যা	—	৪৫টি

জেলাভিত্তিক তথ্য

জেলা	সংখ্যা
উত্তর ২৪ পরগণা	৮
দক্ষিণ ২৪ পরগণা	৩
বাঁকুড়া	৪৬
বীরভূম	১৯
বর্ধমান	১১৪
কোচবিহার	১২
দক্ষিণ দিনাজপুর	৪
দার্জিলিং	২
হুগলি	১৪৭
হাওড়া	১১
জলপাইগুড়ি	২৮
কলকাতা	৬
মালদা	৬
পূর্ব মেদিনীপুর	১
পশ্চিম মেদিনীপুর	৮২
মুর্শিদাবাদ	১৪
নদীয়া	৫
পুরুলিয়া	২
উত্তর দিনাজপুর	৮
মোট	**৫১৮**

২০১১-২০১২ আর্থিক বর্ষে ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৬) **ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ২০১১-২০১২ আর্থিক বর্ষে ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ছিল ; এবং

(খ) ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে কত পরিমাণ ধান ও চাল সংগ্রহ করা সম্ভব হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা

লেভি চাল (স্টেট ও এফ.সি.আই.)	ঃ ১১ লক্ষ মেট্রিক টন
সি. এম. আ. (স্টেট ও এফ.সি.আই.)	ঃ ০৯ লক্ষ মেট্রিক টন
মোট	**ঃ ২০ লক্ষ মেট্রিক টন**

(খ) চাল সংগ্রহ করা হয়েছে

লেভি চাল (স্টেট ও এফ.সি.আই.)	ঃ ৫,৭২,০১১ লক্ষ মেট্রিক টন
সি.এম.আর. (স্টেট ও এফ.সি.আই.)	ঃ ১,৬১,৩৪৪ লক্ষ মেট্রিক টন
মোট	**ঃ ৭,৩৩,৩৫৫ লক্ষ মেট্রিক টন**

মোট ধান সংগ্রহ করা হয়েছে ১৬ লক্ষ মেট্রিক টন

এস.এস.কে. ও এম.এস.কে-এর সংখ্যা

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫০) **ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মে, ২০১২ সাপেক্ষে রাজ্যে কতগুলি এস.এস.কে. এবং এম.এস.কে. চালু আছে (জেলাওয়ারি তথ্য) ;

(খ) উক্ত কেন্দ্রগুলিতে (১) ছাত্র/ছাত্রীর মোট সংখ্যা কত ; ও (২) মোট কতজন শিক্ষক/শিক্ষিকা নিযুক্ত আছেন ; এবং

(গ) উক্ত কেন্দ্রগুলির মধ্যে কতগুলি ২০শে মে, ২০১১ থেকে ৩১শে জানুয়ারি, ২০১২ তারিখের মধ্যে চালু হয়েছে (জেলাওয়ারি তথ্য)?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক)

জেলা	এস.এস.কে. -এর সংখ্যা	এম.এস.কে. -এর সংখ্যা
বাঁকুড়া	৪৪৯	৭৩
বর্ধমান	১,০৬৩	৯৯
বীরভূম	৬৫০	১০১
দক্ষিণ দিনাজপুর	৫২৭	৪০
ডি.জি.এইচ.সি.	৫৩৯	৬৮
হুগলি	৩০৬	২৭
হাওড়া	২৭৭	২৭
জলপাইগুড়ি	১,০৮৯	১১২
কোচবিহার	৬৯৯	১১৯
মালদা	৬১৮	১০৮
মুর্শিদাবাদ	১,৫৮৪	২০২
নদীয়া	৫৫৫	১০৬
উত্তর ২৪ পরগণা	৯৫৪	১১৬
পশ্চিম মেদিনীপুর	২,৪৫৯	২৩২
পূর্ব মেদিনীপুর	১,৪৪৬	১৫৩
পুরুলিয়া	৪১৬	১৩৯
শিলিগুড়ি	২৮২	১০
দক্ষিণ ২৪ পরগণা	১,২১৩	৮০
উত্তর দিনাজপুর	৯৮২	১০৭
মোট	**১৬,১০৮**	**১,৯৯৯**

(খ) (১) এস.এস.কে.-তে ছাত্র সংখ্যা ঃ ৭,১৩,৪২৭, ছাত্রীর সংখ্যা ঃ ৭,১১,২৫৩, মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ঃ ১৪,২৪,৬৮০। এম.এস.কে-তে ছাত্র সংখ্যা ঃ ১,৮২,০৪৩, ছাত্রীর সংখ্যা ঃ ২,১৫,৫৮৯, মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ঃ ৩,৯৭,৬৩২।

(২) এস.এস.কে-তে মোট শিক্ষক/শিক্ষিকার সংখ্যা ঃ ৪৬,৬৫৩, এম.এস.কে-তে মোট শিক্ষক/শিক্ষিকার সংখ্যা ঃ ৯,৭১৫।

(গ) এই সময়সীমার মধ্যে কোনো নূতন কেন্দ্র চালু করা হয়নি।

নতুন বিশ্ববিদ্যালয়

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫১) **ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-১৩ আর্থিক বছরে রাজ্যে কোনো নতুন বিশ্ববিদ্যালয় স্থাপিত/চালু হয়েছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কয়টি নতুন বিশ্ববিদ্যালয় স্থাপিত/চালু হয়েছে (জায়গার নাম সহ)?

উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১২-১৩ আর্থিক বছরে রাজ্যে কয়েকটি নূতন বিশ্ববিদ্যালয় স্থাপন করার পরিকল্পনা নেওয়া হয়েছে। এই সংক্রান্ত বিল বিধানসভার চলতি অধিবেশনে অথবা পরবর্তী অধিবেশনে আনা হবে।

(খ) ২০১২-১৩ আর্থিক বছরে এখন পর্যন্ত কোন নূতন বিশ্ববিদ্যালয় স্থাপিত বা চালু হয়নি।

এম.এস.কে. ও এস.এস.কে.-এর শিক্ষাকর্মীদের বেতন বৃদ্ধি

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৬) **শ্রী আবু তাহের খান :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে মাধ্যমিক শিক্ষাকেন্দ্র ও শিশু শিক্ষাকেন্দ্রগুলিতে নিযুক্ত শিক্ষাকর্মীদের বেতন বৃদ্ধি করার কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বর্তমানে নেই।

পশ্চিম বড়িষার আবাসনে খালি ফ্ল্যাট

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৭) **শ্রী মণ্টুরাম পাখিরা ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম বড়িষার রাজ্য সরকারি আবাসনে কয়টি খালি ফ্ল্যাট আছে; এবং

(খ) তন্মধ্যে ২৯/০২/২০১২ পর্যন্ত বেআইনিভাবে কতগুলি ফ্ল্যাট আটকে আছে?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ০৭/০৫/২০১২ পর্যন্ত পশ্চিম বড়িষা হাউসিং এস্টেটে মোট ৮৩টি ফ্ল্যাট খালি আছে।

(খ) ২৯/০২/২০১২ পর্যন্ত পশ্চিম বড়িষা হাউসিং এস্টেটে ৪২টি ফ্ল্যাট বে আইনিভাবে আটকে রাখা আছে।

তারাপীঠের সৌন্দর্যায়ন

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৫) **ডঃ আশীষ ব্যানার্জী :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকার কর্তৃক গৃহীত বীরভূমের তারাপীঠের সৌন্দর্যায়নের উদ্যোগ কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বীরভূমের তারাপীঠের সৌন্দর্যায়ন প্রকল্পের বিস্তারিত প্রকল্প-প্রতিবেদন (ডি.পি.আর.) তৈরি হয়ে গেছে। নিম্নলিখিত বিষয়গুলি উক্ত প্রকল্পের অন্তর্গত ঃ

(ক) দ্বারকার সৌন্দর্যায়ন

(খ) জীবিত কুণ্ডের পুনরুদ্ধার

(গ) যাতায়াতের পথের উন্নয়ন

(ঘ) কঠিন বর্জ্য ব্যবস্থাপন প্রণালি

(ঙ) ব্যাখ্যাপ্রদানকারী কেন্দ্র (Interpretation centre) নির্মাণ

(চ) পর্যটকদের জন্য সুযোগসুবিধা কেন্দ্র নির্মাণ

(ছ) সুলভ কমপ্লেক্স নির্মাণ

(জ) দ্বার নির্মাণ

(ঝ) দিশাফলকের (signage) ব্যবস্থা

(ঞ) আলোকসজ্জা

প্রকল্পটি বাস্তবে রূপায়িত করার জন্য উপযুক্ত জমির অনুসন্ধান চলছে।

মাধ্যমিক বিদ্যালয়গুলিকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীতকরণ

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৬) **ডঃ আশীষ ব্যানার্জী :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ছাত্রছাত্রীদের ভর্তির সুবিধার্থে সরকার মাধ্যমিক বিদ্যালয়গুলিকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে (জেলাওয়ারি তথা)?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সত্য।

(খ) ২০১২-১৩ আর্থিক বছরে এ পর্যন্ত মোট ৩২৮টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। জেলাওয়ারি তথ্য সংযোজিত হল। (সংযোজিত তথ্য গ্রন্থাগারের টেবিলে রাখা হল)।

উদ্যানের উন্নয়ন

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৪) **ডঃ আশীষ ব্যানার্জী :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলার শহর এলাকায় বন বিভাগের অধীন কিছু উদ্যান রয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত উদ্যানগুলির উন্নয়নের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, বন বিভাগের নিম্নলিখিত উদ্যান জেলা শহর এলাকায় আছে ঃ

SI. No.		Name of Park/Garden	District
1.	1.	Narendra narayan Park	Coochbehar
2.	2.	Nilkuthi D.M.'s Bunglow	
3.	3.	Keshab Ashram Udyan	
4.	4.	Lansdown Hall Garden	
5.	5.	Hirendra Narayan Park	
6.	6.	Shib Temple Garden	
7.	7.	Statue Garden	
8.	8.	Sagardighi Sq. Garden	
9.	9.	Dist. Judges Bunglow	
10.	10.	Circuit House Compound	
11.	11.	Dak Bunglow Garden	
12.	12.	Station Garden	
13.	13.	Haldibari Park	
14.	1.	Alipurduar Park	Jalpaiguri
15.	2.	Teesta Udyan	
16.	3.	Karla B. Beautification	
17.	4.	Birpara Park	
18.	5.	Falakata Park	
19.	6.	Dhupguri Park	
20.	7.	Banarhat Park	
21.	8.	Nagrakata Park	
22.	9.	Maynaguri Park	
23.	10.	Lataguri Park	
24.	11.	Kranti Park	
25.	12.	Oodlabari Park	
26.	13.	Mal Park	
27.	1.	Siliguri Park	Darjeeling
28.	2.	Padmaja Park	
29.	1.	Islampur Park	Uttar Dinajpur

30.	1.	Balurghat Children's Park	Dakshin Dinajpur
31.	1.	Southern Avenue	Kolkata
32.	2.	S. N. Park	
33.	3.	Eden Gardens	
34.	4.	Jodhpur Park	
35.	5.	Niranjan Sishu Uddyan	
36.	6.	Rabindra Sadan	
37.	7.	Writers' Buildings	
38.	1.	Lake Town Nursery Garden	North 24-Parganas
39.	2.	Salt Lake Nursery	
40.	3.	Banabitan	
41.	4.	Jawaharkunj Garden	
42.	5.	Nabapalli Park	
43.	6.	Barasat Garden	
44.	1.	Rabindra Bhawan	Hooghly
45.	2.	Joy Krishna Library	
46.	1.	Sukumar Uddyan	Bankura
47.	2.	Sonamukhi Park	
48.	3.	Chatna Park	
49.	4.	Nehru Park	
50.	5.	Indpur Park	
51.	6.	Bishnupur Park	
52.	1.	Subhas Park	Purulia
53.	2.	Gandhi Park	
54.	3.	Anandabazar Rashtriya Uddyan	
55.	4.	Ambarish Smriti Uddyan	
56.	5.	Napara Tree Park	
57.	6.	Sahid Gobinda Chunaram S. Uddyan	
58.	7.	Kuilapal Children Park	
59.	1.	Parimal Kanan	Paschim Midnapur
60	2.	Sukumar Smriti Uddyan	
61.	3.	Narampur Park	
62.	4.	Khudiram Park, Mohanpur	

63.	1.	Gandhi Park	Birbhum
64.	2.	Captive Garden	
65.	1.	Children Park	Burdwan
66.	2.	Kalpataru Sishu Uddyan	
67.	1.	Shantipur Rastriya Uddyan	Nadia
68.	2.	Krishnagar Garden	
69.	3.	Kalyani Picnic Garden	
70.	4.	Kalyani Central Garden	

(খ) হ্যাঁ, এই উদ্যানগুলির রক্ষণাবেক্ষণ এবং পরিচর্যা নিয়মিত করা হয়। এছাড়া এদের উন্নয়নের বিভিন্ন কাজ যেমন বাচ্চাদের জন্য উন্নতমানের দোলনা, টয় ট্রেন পরিষেবা, নৌকোবিহারের ব্যবস্থা, মরসুমি ফুলের চাষ, প্রজাপতি বাগান তৈরি, অর্কিড বাগান, ভেষজ উদ্যানগুলির সংরক্ষণের মাধ্যমে।

বাংলাদেশী বন্দীর সংখ্যা

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৪) **শ্রী আবু তাহের খান :** সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের সংশোধনাগারগুলিতে বাংলাদেশী বন্দীর সংখ্যা কত?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১লা জুন, ২০১২ তারিখের নিরিখে রাজ্যের সংশোধনাগারগুলিতে বাংলাদেশী বন্দীর সংখ্যা ২,২০২ জন।

মালদা জেলায় ধান ক্রয়ের পরিমাণ

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৫) **শ্রী আব্দুর রহিম বক্সী :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান মরসুমে মালদহ জেলায় সরকারি হিসাব অনুসারে কত পরিমাণ ধান ক্রয় করা হয়েছে ; এবং

(খ) কেন্দ্রীয় সরকার নির্ধারিত সহায়ক মূল্যে কোন্ কোন্ সংস্থা কত পরিমাণ ধান ক্রয় করেছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২৮/০৩/২০১২ তারিখ পর্যন্ত মোট ধান ক্রয় করা হয়েছে ৭৭,৬২২ মেট্রিক টন।

(খ) (১) চালকল মালিকরা ধান ক্রয় করেছে ৬০,৫১৩ মেট্রিক টন

(২) ই.সি.এস.সি.লি. (ECSC LTD.) ধান ক্রয় করেছে ১১,৫০০ মেট্রিক টন

(৩) বেনফেড (BENFED) ধান ক্রয় করেছে ৪,৮৭৪ মেট্রিক টন

(৪) নাফেড (NAFED) ধান ক্রয় করেছে ৭৩৫ মেট্রিক টন।

মালদা জেলায় অন্ত্যোদয় অন্নযোজনা ও অন্নপূর্ণা যোজনায় উপভোক্তার সংখ্যা

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৬) **শ্রী আব্দুর রহিম বক্সী** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে মালদহ জেলায় অন্ত্যোদয় অন্নযোজনা ও অন্নপূর্ণা যোজনায় উপভোক্তার সংখ্যা কত (পৃথক পৃথকভাবে)?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে মালদহ জেলায় অন্ত্যোদয় অন্নযোজনা ও অন্নপূর্ণা যোজনায় উপভোক্তা সংখ্যা নিম্নরূপঃ

	প্রাপ্ত বয়স্ক	অপ্রাপ্ত বয়স্ক	মোট
অন্ত্যোদয়	২,৫৫,২২৮	২৯,৮২২	২,৮৫,০৫০
অন্নপূর্ণা	১,৮৮৬	(নাই)	১,৮৮৬

করাতকলগুলির অনুমোদন

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ৭১২) **শ্রী অসিত মিত্র** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার অনুমোদনহীন করাতকলগুলিকে অনুমোদন দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি রূপরেখা কীরূপ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, এটা সত্যি যে সরকার অনুমোদনহীন করাতকলগুলির লাইসেন্স-এর জন্য আবেদনপত্র বিবেচনা করার পরিকল্পনা গ্রহণ করেছে।

(খ) অনুমোদনহীন করাত কলগুলির অনুমোদন, "The West Bengal Forest (Establishment & Regulation of Saw Mills and other Wood Based Industries, Rules, 1982 with latest amendments" দ্বারা নিয়ন্ত্রিত। এই পদ্ধতিতে অনুমোদনহীন করাতকলগুলি নির্দিষ্ট আবেদনপত্রে (Form II) সেই এলাকার Authorized Officer-কে আবেদন করেন। উক্ত আধিকারিক আবেদনপত্রটিকে উপরোক্ত বিধি অনুযায়ী বিবেচনা করে তাঁর মতামত এই উদ্দেশ্যে গঠিত, State Level Committee-তে পাঠাবেন। উক্ত কমিটিতে আবেদনগুলি বিবেচিত হলে, সেগুলি ক্যাটাগরি অনুযায়ী Central Empowered Committee (কেন্দ্রীয় সরকারের অধীন)-ে পাঠাবেন। সেখানে বিবেচিত ও অনুমোদিত হলে, এগুলি, State Level Committee-র মাধ্যমে, এলাকার জন্য নির্দিষ্ট Authorized Officer-দের কাছে পাঠানো হয়। এনারাই এরপর বিবেচিত অনুমোদনহীন করাতকলগুলিকে, অনুমোদন বা লাইসেন্স প্রদান করেন।

হুগলি জেলায় চালকল স্থাপন

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫০) **শ্রী অসিত মজুমদার** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলায় নতুন চালকল স্থাপনের অনুমোদন দেওয়ার কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : চালকল স্থাপনের জন্য সরকারের আগাম কোনো অনুমোদন দরকার হয় না। চালকল স্থাপনের পর পরিবেশ দপ্তর থেকে ছাড়পত্র নিতে হয়।

যে সমস্ত ব্লকে চালকল নেই সেখানে চালকল স্থাপনের জন্য শিল্পোদ্যোগীদের উৎসাহিত করা হচ্ছে। শিল্পোদ্যোগীদের অনুদানের ব্যবস্থা করার উদ্যোগ নেওয়া হয়েছে।

এম.বি.বি.এস. পাঠক্রমে আসন সংখ্যা বৃদ্ধি

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৬) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে মেডিক্যাল কলেজগুলিতে এম.বি.বি.এস. পাঠক্রমে আসন বৃদ্ধি করা হয়েছে ;

(খ) সত্যি হলে, কত সংখ্যক আসন বৃদ্ধি করা হয়েছে (কলেজওয়ারি তথ্য); এবং

(গ) এম.এস. ও এম.ডি. পাঠক্রমে আসন সংখ্যা বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত মেডিক্যাল কলেজগুলিতে মোট ৩৯৫টি আসন বৃদ্ধি করা হয়েছে ঃ

(১) মেডিক্যাল কলেজ, কলকাতা ঃ ৯৫টি আসন বৃদ্ধি করা হয়েছে।

(২) নীলরতন সরকার মেডিক্যাল কলেজ, কলকাতা ঃ ১০০টি আসন বৃদ্ধি করা হয়েছে।

(৩) মালদহ মেডিক্যাল কলেজ ঃ ১০০টি আসন বিশিষ্ট মেডিক্যাল কলেজ চালু করা হয়েছে।

(৪) কলেজ অফ মেডিসিন অ্যান্ড সাগর দত্ত হাসপাতাল, কামারহাটি ঃ ১০০টি আসন বিশিষ্ট মেডিক্যাল কলেজ চালু করা হয়েছে।

(গ) এ বিষয়টি বিবেচনাধীন।

পানীয় জলসরবরাহ প্রকল্পের কাজ

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭১) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন অঞ্চলে পানীয় জলসরবরাহ প্রকল্পের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) নির্দিষ্ট সময়সীমার মধ্যে ঐসব কাজ সম্পন্ন করার জন্য কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) জেলাওয়ারি বিভিন্ন নলবাহিত জলসরবরাহ প্রকল্পের ১৫.০৩.২০১২ পর্যন্ত অবস্থা (status) নিম্ন তালিকায় দেওয়া হল ঃ

Districtwise status of piped water supply schemes (PWSS) as on 15.03.2012

Sl. No.	Name of District	No. or sanctioned PWSS	No.of commissioned PWSS	No.of ongoing achemes	% population covered by PWSS only
1.	Bankura	59	37	22	15.03
2.	Bardhaman	115	97	18	46.31
3.	Birbhum	64	51	13	26.01
4.	Dakshin Dinajpur	44	39	5	27.52
5.	Darjeeling	42	25	17	51.11
6.	Howrah	57	47	10	50.00
7.	Hooghly	95	87	8	34.56
8.	Jalpaiguri	104	94	10	45.43
9.	Coochbehar	119	90	29	46.42
10.	Malda	112	52	60	60.93
11.	Murshidabad	196	76	120	31.77
12.	Nadia	178	92	86	50.78
13.	North 24 Parganas	199	118	81	48.06
14.	Paschim Medinapur	132	67	65	12.18
15.	Purba Medinipur	111	74	37	36.04
16.	Purulia	49	26	23	18.29
17.	South 24 Parganas	180	146	34	63.70
18.	Uttar Dinajpur	59	44	15	14.49
		1915	**1262**	**653**	**39.20**

(খ) রাজ্যের বিভিন্ন অংশে যে সমস্ত নির্মীয়মান প্রকল্প আছে সেগুলি যথাসময়ে সম্পন্ন (Commission) করার জন্য সমস্ত রকমের উদ্যোগ নেওয়া হচ্ছে। বিভিন্ন নির্মীয়মান নলবাহিত জলসরবরাহ প্রকল্পগুলি নলবাহিত জলসরবরাহ প্রকল্পে পর্যাপ্ত অভিজ্ঞতা আছে এমন বিভিন্ন ঠিকাদার সংস্থাকে নিয়োগ করে সম্পন্ন করা হচ্ছে। এই কাজে জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের জেলা ও ব্লক পর্যায়ের সুসংবদ্ধ বিন্যাস (set up) দ্বারা অবিরত তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করা হচ্ছে।

হর্টিকালচার কো-অপারেটিভ সোসাইটির সংখ্যা

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৫) **শ্রী অখিল গিরি :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে রাজ্যে হর্টিকালচার কো-অপারেটিভ সোসাইটির সংখ্যা কত (জেলাওয়ারি হিসাব সহ)?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বর্তমানে রাজ্য হর্টিকালচার কো-অপারেটিভ সোসাইটির সংখ্যা ৪১।

জেলার নাম	সংখ্যা
দার্জিলিং	১৫
দক্ষিণ ২৪ পরগনা	১৪
দক্ষিণ দিনাজপুর	৪
নদীয়া	৩
হুগলি	২
কোচবিহার	১
জলপাইগুড়ি	১
পূর্ব মেদিনীপুর	১
মোট	**৪১**

চাল সংগ্রহের জন্য কেন্দ্রীয় বরাদ্দ

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮১০) **শ্রী নর্মদা চন্দ্র রায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১-২০১২ আর্থিক বছরে চাল সংগ্রহের জন্য রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : কেন্দ্রীয় সরকার সরাসরি ধান কেনার জন্য অগ্রিম কোনো টাকা বরাদ্দ করে না বা করেনি।

চাল সংগ্রহের পর তা বিলি বন্টন করার পরে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে উপযুক্ত তথ্য পশ করার পর কেন্দ্রীয় সরকার অর্থ মঞ্জুর করে এবং এই খরিফ মরসুমে ১৪৮১.৫৭ কোটি টাকা আপাতত পাওয়া গেছে।

পঞ্চায়েতে কর্মচারী নিয়োগে স্থগিতাদেশ

১০৭। (অনুমোদির প্রশ্ন নং ৮১৯) **শ্রী নর্মদা চন্দ্র রায় :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পঞ্চায়েতের সকল স্তরের কর্মচারীদের শূন্যপদ পূরণ স্থগিত আছে এবং

(খ) সত্যি হলে, তার কারণ কী?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) একথা ঠিক যে ২০১১-২০১২ সালে ত্রিস্তর পঞ্চায়েত সংস্থার সকল শূন্যপদে কর্মচারী নিয়োগ স্থগিত করা হয়েছিল।

তবে গ্রাম পঞ্চায়েতের সকল পদ এবং পঞ্চায়েত সমিতির কিছু নির্দিষ্ট শূন্যপদে নিয়োগের ক্ষেত্রে এই স্থগিতদেশ প্রত্যাহার করে নির্দেশিকা ইতিমধ্যেই জারি হয়েছে।

পঞ্চায়েত সমিতির কিছু নির্দিষ্ট শূন্যপদ এবং জেলা পরিষদের চতুর্থ শ্রেণি ছাড়া অন্যান্য শূন্যপদে নিয়োগের ক্ষেত্রে এই স্থগিতাদেশ এখনও বলবৎ আছে।

(খ) ২০১১-১২ সালে পঞ্চায়েত ও গ্রামোননয়ন বিভাগ পঞ্চায়েত সার্ভিস গঠনের জন্য উদ্যোগ গ্রহণ করেছিল। সেই সময়ে এই স্থগিতাদেশ জারি করা হয়।

বিশেষ আর্থিক প্যাকেজ

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬০) **শ্রী নরেশ চন্দ্র চাকী :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটি কি সত্যি যে, রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে বিশেষ আর্থিক প্যাকেজের দাবি জানিয়েছিল ; এবং

(খ) সত্যি হলে, বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) নির্দিষ্ট ভাবে প্যাকেজের কথা উল্লেখ করে কিছু চাওয়া হয়নি।

(খ) প্রয়োজ্য নয়।

জাতীয় সড়কের সংস্কার

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৩) **শ্রী নরেশ চন্দ্র চাকী :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩৪ নং জাতীয় সড়ক সংস্কারের বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকার যোগাযোগ করেছে কি না ; এবং

(খ) করে থাকলে, এই যোগাযোগের ফলশ্রুতি কী?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) ৩৪ নং জাতীয় সড়কের ১৪,৪০০ কি.মি. থেকে ৩১,০০০ কি.মি. এবং ১৬৫,০০০ কি.মি থেকে ১৯৩,০০০ কি.মি. অংশের সংস্কারের কাজ শীঘ্রই শুরু হবে।

কেন্দ্রীয় সংশোধনাগারগুলিতে বন্দীর সংখ্যা

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৩) **শ্রী নরেশ চন্দ্র চাকী :** সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মে, ২০১২ সাপেক্ষে রাজ্যের কেন্দ্রীয় সংশোধনাগারগুলিতে বন্দীর সংখ্যা কত; এবং

(খ) সংশোধনাগারগুলিতে বন্দীদের কী কী সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা আছে?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১শে মে, ২০১২ তারিখে রাজ্যের কেন্দ্রীয় সংশোধনাগারগুলিতে মোট বন্দীর সংখ্যা ১১,৬২২ (এগারো হাজার ছয়শত বাইশ) জন।

(খ) রাজ্যের সংশোধনাগারগুলিতে বন্দীদের নিম্নলিখিত সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা আছে ঃ

(১) বন্দীদের এবং শিশুদের উপযুক্ত আহার প্রদানের ব্যবস্থা আছে। অসুস্থ বন্দীদের জন্য মেডিকেল ডায়েটের ব্যবস্থা আছে।

(২) শিল্পকলা, সংস্কৃতি ও অঙ্কন চর্চার মাধ্যমে সংশোধনের ব্যবস্থা আছে।

(৩) বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা আছে।

(৪) সংশোধনী পরিষেবা আইন ১৯৯২-এর ৬২ নং ধারায় ৬ ঘণ্টা থেকে ৩০ দিন পর্যন্ত সাময়িক ছুটি প্রদানের ব্যবস্থা আছে।

(৫) ইচ্ছুক আবাসিকদের জন্য প্রাথমিক এবং উচ্চ শিক্ষাদানের ব্যবস্থা আছে।

(৬) অসুস্থ আবাসিকদের জন্য উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা আছে সংশোধনাগারের হাসপাতালেই, প্রয়োজনে সরকারী হাসপাতালে সরকারি খরচেই চিকিৎসার ব্যবস্থা করা হয়।

(৭) প্রতিতটি সংশোধনাগারে আবাসিকদের বিনোদনের জন্য টেলিভিশন রাখা হয়।

(৮) আবাসিকদের জন্য প্রতিটি সংশোধনাগারে নিয়মিত খেলাধুলার ব্যবস্থা করা হয়। যেমন—ক্যারাম, ভলিবল, কবাডি, ফুটবল ইত্যাদি।

(৯) আবাসিকরা যাতে তাঁর বাড়ির লোকদের সাথে যোগাযোগ রাখতে পারেন তার জন্য ইতিমধ্যে ৩টি কেন্দ্রীয় সংশোধনাগার ও একটি মহিলা সংশোধনাগারে টেলিফোন বুথ বসানো হয়েছে। অবশিষ্ট সংশোধনাগারগুলিতে অনুরূপ টেলিফোন বুথ বসানোর ভাবনা-চিন্তা আছে।

নতুন রাস্তা নির্মাণ

১১১। (অনুমোদিত প্রশ্ন নং ৯১০) **শ্রী রামেশ্বর দোলই :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এশীয় উন্নয়ন ব্যাঙ্ক-এর আর্থিক সহায়তায় ২০১১-১২ অর্থবর্ষে রাজ্যের মোট কত কিলোমিটার রাস্তা নির্মিত হয়েছে ; এবং

(খ) ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে ধার্য লক্ষ্যমাত্রার কত শতাংশ কাজ সম্পন্ন হয়েছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১১-১২ অর্থ বর্ষে এই দপ্তর কর্তৃক রাজ্যের মোট ৬১.৬৩৮ কিলোমিটার রাস্তা নির্মিত হয়েছে এ.ডি.বি.-র (এশিয়ান উন্নয়ন ব্যাঙ্কের) আর্থির সহায়তায়।

(খ) ২৯/০২/২০১১ অবধি ১০০ শতাংশ কাজের প্রায় ৯৯ শতাংশ আর্থিক লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে।

ভাগীরথী মিল্ক সোসাইটির আধুনিকীকরণ

১১২। (অনুমোদিত প্রশ্ন নং ৯২০) **শ্রী আবু তাহের খান :** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভাগীরথী মিল্ক সোসাইটি আধুনিকীকরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কীরূপ?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ। মুর্শিদাবাদ জেলার ভাগীরথী মিল্ক সোসাইটির আধুনিকীকরণে সরকারের বিভিন্ন পরিকল্পনা রয়েছে।

(খ) ভাগীরথী মিল্ক সোসাইটির অন্তর্গত বহরমপুর ফিডার ডেয়ারির সম্প্রসারণ/ আধুনিকীকরণের জন্য RKVY-প্রকল্প থেকে ১.২০ কোটি টাকা বরাদ্দ হয়েছে। বরাদ্দকৃত টাকা থেকে ১০৪.৫ লক্ষ টাকা মূল্যে বিভিন্ন অত্যাধুনিক মেশিন কেনা ও ইমারতি কাজ করা হয়েছে। বাকি ১৫.৫ লক্ষ টাকার কাজ চলছে।

হুগলি নদীর উপর সেতু নির্মাণ

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৮) শ্রীমতী ফিরোজ বিবি : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পূর্ব মেদিনীপুর জেলায় নন্দ্রীগ্রাম ও হলদিয়ার মধ্যে যোগাযোগের সুবিধার্থে হুগলি নদীর উপর সেতু নির্মাণ করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : নন্দীগ্রাম ও হলদিয়ার মধ্যে হুগলী নদীর উপর সেতু নির্মাণের কোনো পরিকল্পনা আপাতত এই দপ্তরের নেই।

রেশন কার্ড প্রদানে বিশেষ পরিকল্পনা

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪৫) **শ্রীআখরুজ্জামান :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহনপূর্বক জানাবেন কি—

রাজ্যে যাঁরা এখনও রেশনকার্ড পাননি, তাঁদের রেশনকার্ড প্রদানে সরকারের বিশেষ কোনো পরিকল্পনা আছে কি না?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রেশনকার্ড প্রদান একটি ধারাবাহিক প্রক্রিয়া। এই রাজ্যে যাঁরা এখনও রেশনকার্ড করাননি পা পাননি, তাঁরা নিজ নিজ এলাকায় অবস্থিত এই দপ্তরের অধীন অফিসে দরখাস্ত করলেই, রেশনকার্ড প্রদানের জন্য আধিকারিকগণ যথাবিহিত ব্যবস্থাদি গ্রহণ করবেন। কোনও কোনও এলাকায় এই দপ্তরের উদ্যোগে বিশেষ শিবিরের মাধ্যমে

বহু সংখ্যক মানুষকে (যাঁদের রেশনকার্ড ছিল না) রেশনকার্ড প্রদান করা হয়েছে। প্রয়োজনে, যথেষ্ট সংখ্যক দরখাস্ত কোনও কোনও অফিসে আগামী দিনে জমা পড়লেই এরকম শিবিরের মাধ্যমে আবারও রেশনকার্ড প্রদান করা হবে।

জলঙ্গী নদীর উপর ব্রিজ নির্মাণ

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৬) **শ্রী রণজিৎ কুমার মণ্ডল :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটি কি সত্যি যে, নদীয়া জেলার তেহট্টে জলঙ্গী নদীর উপর ব্রীজ নির্মাণের জন্য অথ্ মঞ্জুর করা হয়েছে ;

(খ) সত্যি হলে, এক্ষেত্রে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) এখনো অবধি ৫০ লক্ষ টাকা ; এবং

(গ) বিশদ পরিকল্পনার জন্য নক্শা এবং প্রকৃত নির্মাণ ব্যায় (এস্টিমেট) প্রস্তুত করা হচ্ছে।

নদীয়া জেলায় ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা

১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৭) **শ্রী রণজিৎ কুমার মণ্ডল :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-২০১২ আর্থিক বছরে নদীয়া জেলায় ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা কত ছিল?

(খ) তেহট্ট মহকুমার ক্ষেত্রে উক্ত লক্ষ্যমাত্রা কত ছিল ; এবং

(গ) তন্মধ্যে, ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে তেহট্ট মহকুমায় কত পরিমাণ ধান ক্রয় করা সম্ভব হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) খরিফ মরসুম ২০১১-২০১২-এ নদীয়া জেলায় ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা ছিল ৯৫৮.১৬ মেট্রিক টন।

(খ) মহকুমাভিত্তিক কোন লক্ষ্যমাত্রা স্থির করা হয় না।

(গ) তবে, ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ পর্যন্ত বর্তমান খরিফ মরসুমে সরাসরি চাষিদের কাছ থেকে সহায়ক মূল্যে চেক মারফৎ ৩৪৮ টন ধান কেনা হয়েছে।

ক্ষুদ্র শিল্পের সংখ্যা

১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৭) **শ্রী স্বর্ণকমল সাহা :** ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে উৎপাদনশীল ক্ষুদ্র শিল্পের সংখ্যা কত (জেলাভিত্তিক পরিসংখ্যান সহ)?

ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : সারা ভারতব্যাপী ক্ষুদ্র ও ছোট উদ্যোগ সংক্রান্ত ৪র্থ গণনানুযায়ী ৩১/০৩/২০০৭ পর্যন্ত পশ্চিমবঙ্গে স্থায়ীভাবে নিবন্ধীকৃত উৎপাদনশীল ক্ষুদ্র শিল্পের সংখ্যা ৪২,৬৩৫। জেলাভিত্তিক পরিসংখ্যান নিম্নে ৩নং স্তম্ভে দেওয়া হল।

এছাড়া যে সব শিল্প সংস্থার ক্ষেত্রে এন্টারপ্রিনিয়ার্স মেমোরান্ডাম ২ (ই.এম.-২) জেলা শিল্প কেন্দ্র (ডিষ্টিক্ট ইন্ডাস্ট্রিজ সেন্টার) থেকে ০১/০৪/২০০৭ থেকে ২৯/০২/২০১২ তারিখের মধ্যে বার করা হয়েছে, তাদের সংখ্যা নিম্নে ৪নং স্তম্ভে দেওয়া হল (স্থায়ীভাবে নিবন্ধনের পরিবর্তে এম.এস.ই.ডি. আইন, ২০০৬ চালু হবার পরে)।

ক্রমিক সংখ্যা	জেলার নাম	৩১/০৩/২০০৭ তারিখ পর্যন্ত উৎপাদনশীল ক্ষুদ্র শিল্পের সংখ্যা	০১/০৪/২০০৭ থেকে ২৯/০২/২০১২ তারিখ পর্যন্ত যাদের সাপেক্ষে ই.এম.-২ বার করা হয়েছে এমন ক্ষুদ্র শিল্পের সংখ্যা	সর্বমোট
১।	দার্জিলিং	৩৩০	৩২৮	৬৫৮
২।	শিলিগুড়ি	৬৮৮	৬২২	১৩১০
৩।	জলপাইগুড়ি	১৭৯৫	২৯০৯	৪৭০৪
৪।	কুচবিহার	৭৪৭	১২১৭	১৯৬৪
৫।	উত্তর দিনাজপুর	৭৯০	৭৬৫	১৫৫৫
৭।	মালদহ	২১২৩	১৫৯৮	৩৭২১
৮।	মুর্শিদাবাদ	২১৫৪	২৬৮৫	৪৮৩৯
৯।	বীরভূম	২১১৭	২০৬৮	৪১৮৫
১০।	বর্ধমান	২১০৬	১৯৩৭	৪০৪৩
১১।	দুর্গাপুর	১৩৬৪	২০৩৩	৩৩৯৭
১২।	নদীয়া	১৯২৬	১৪৪৯	৩৩৭৫
১৩।	উত্তর ২৪ পরগণা	৩১৮৯	৮৫৪০	১১৭২৯
১৪।	হুগলি	২৫৮৬	২৭১৬	৫৩০২
১৫।	বাঁকুড়া	১৯৪০	১৭৩৬	৩৬৭৬
১৬।	পুরুলিয়া	১২০৯	১৩২৮	২৫৩৭
১৭।	পশ্চিম মেদিনীপুর	২২৪৬	৩০৫৭	৫৩০৩
১৮।	হাওড়া	৫৬৬৪	৯১১৬	১৪৮৯০
১৯।	কোলকাতা	৫৬৭৫	১১১২৬	১৬৮০১
২০।	দক্ষিণ ২৪ পরগণা	১৪৬৪	৫১৫৫	৫৫১৯
২১।	পূর্ব মেদিনীপুর	২১১৮	৩০৭৮	৫১৯৬
	মোট	৪২৬৩৫	৬৪১২০	১০৬৭৫৫

জাতীয় সড়কে উন্নীতকরণ

১১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৯) **শ্রী উপেন কিসকু :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জঙ্গলমহল এলাকার ২ নং জাতীয় সড়ক এবং ৬ নং জাতীয় সড়ক-এর সংযোগ রক্ষাকারী চিচিড়া থেকে মুচিপাড়া মোড় পর্যন্ত রাজ্য সড়কটিকে জাতীয় সড়কে উন্নীত করার কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন। এই সম্পর্কে গৃহীত প্রস্তাব ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে।

জঙ্গলমহলে বি.পি.এল. কার্ড প্রাপকের সংখ্যা

১১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৩) **শ্রী উপেন কিসকু :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে জঙ্গলমহল এলাকায় বি.পি.এল. কার্ড প্রাপকের সংখ্যা কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে জঙ্গলমহল এলাকায় আয়ভিত্তিক চিহ্নিত বি.পি.এল. উপভোক্তাগণের সংখ্যা নিম্নরূপ ঃ

আয়	বি.পি.এল. কার্ডের সংখ্যা
২৪,০০০ টাকা	২,৬৫,৮৬৭
৩৬,০০০ টাকা	৯,৬৪,৭৩৮
৪২,০০০ টাকা	৩,৫৮,৩১২
মোট	**১৫,৮৮,৯১৭**

এ বিষয়ে আরও উল্লেখ করা যায় যে, জঙ্গলমহল এলাকায় কার্ড প্রাপকের সংখ্যা ২৪,৯৩,০৭৮।

সাঁওতালী মাধ্যম বিদ্যালয়

১২০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৮) **শ্রী দিবাকর হাঁসদা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০শে মে, ২০১১ থেকে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ সময় পর্যন্ত রাজ্যে কতগুলি সাঁওতালী ভাষার বিদ্যালয় স্থাপন করা হয়েছে ; এবং

(খ) উক্ত সময়ে কত জন সাঁওতালী ভাষার শিক্ষক নিয়োগ করা হয়েছে (জেলাভিত্তিক তথ্য সহ)?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১৪টি উচ্চ প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয়েছে ও পঠন-পাঠন শুরু হয়েছে ; এবং

(খ) বাঁকুড়া-৩৪৯, পুরুলিয়া-৩৭৪ ও পশ্চিম মেদিনীপুরে ৪৪৮টি পদ সৃষ্টি করা হয়েছে অলচিকি লিপিতে পঠন-পাঠনের জন্য। পদগুলির নিয়োগ প্রক্রিয়া চলছে।

ক্রীড়াঙ্গন ও ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্র

১২১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৮) **সেখ আমজাদ হোসেন :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে প্রত্যেক জেলায় একটি করে ক্রীড়াঙ্গন ও প্রত্যেক ব্লকে একটি করে ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকার নিয়েছে ;

(খ) সত্যি হলে, তার অগ্রগতি কীরূপ ; এবং

(গ) বর্তমানে রাজ্যে জেলা ক্রীড়াঙ্গনের মোট সংখ্যা কত?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এটা সত্যি যে, রাজ্যে প্রত্যেক জেলায় একটি করে ক্রীড়াঙ্গন তৈরির পরিকল্পনা সরকার গ্রহণ করেছে। প্রত্যেক ব্লকে একটি করে ক্রীড়া প্রশিক্ষণের কেন্দ্র স্থাপনের বিষয়ে এ মুহূর্তে সরকারের কোনো পরিকল্পনা নেই।

(খ) প্রতিটি জেলায় অন্তত একটি করে ক্রীড়াঙ্গন নির্মাণ ও ইতিমধ্যে নির্মিত ক্রীড়াঙ্গনের উন্নয়নের জন্য সমস্ত জেলাশাসককে নতুন ক্রীড়াঙ্গনের জন্য জমি নির্ধারণ করে এবং নির্মিত ক্রীড়াঙ্গনের প্রয়োজনীয় সংস্কারের জন্য ক্রীড়া দপ্তরের নিকট রিপোর্ট জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

(গ) বর্তমানে রাজ্যে ক্রীড়া দপ্তরের অধীনস্থ এবঅং ক্রীড়া দপ্তরের সাহায্যপ্রাপ্ত ক্রীড়াঙ্গনের সংখ্যা ৪৯টি (ঊনপঞ্চাশটি)।

অবসরপ্রাপ্ত শিক্ষকদের গেস্ট টিচার হিসাবে নিয়োগ

১২২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭১) **শ্রী ঈদ মহম্মদ :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নব অনুমোদিত উচ্চ প্রাথমিক বিদ্যালয়গুলিতে অবসরপ্রাপ্ত শিক্ষক শিক্ষিকাদের গেস্ট টিচার হিসাবে নিয়োগ করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : আছে। ইতিমধ্যেই ৫৬০০ জন গেস্ট টিচার নব অনুমোদিত উচ্চ প্রাথমিক বিদ্যালয়গুলিতে নিযুক্ত আছেন।

জঙ্গলমহলে পানীয় জল সরবরাহ

১২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৭) **শ্রী উপেন কিসকু :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৯শে ফেব্রুয়ারি, ২০১২ সাপেক্ষে জঙ্গলমহল এলাকার কোন্ কোন্ জায়গায় পরিস্রুত পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ চালু হয়েছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১১-২০১২ সালে বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলার জঙ্গলমহল অঞ্চলে অনেকগুলি নলবাহিত জলসরবরাহ প্রকল্প (PWSS–Piped Water Supply Scheme) শুরু করা হয়েছে। যেখানে নলবাহিত জলসরবরাহ প্রকল্প শুরু করা হয়েছে তার জেলাওয়ারি তালিকা নিম্নে দেওয়া হল ঃ

Name of District	Name of Block	Nameof Piped Water Supply Schemes taken up	Sanctioned Cost (in Rs. Lakh)	No.of Villages Covered	Population (Census, 2001) to be Benefitted
Paschim Medinipur	Binpur-2	Barasukhjhora	2,136.09	36	24,523
	Medinipur Sadar	Dherua	2,147.08	96	51,561
	Jamboni, Binpur-1, Binpur-2,- Jhargram, Sankrail, Garbeta-2, Gopiballavpur-1, Gopiballavpur-2, Nayagram, Mednipur Sadar, Salbani	39 nos. of single mouza schemes	2,091.25	39	50,548
Totle			**6,374,42**	**171**	**1,26,632**
Bankura	Sarenga	Chiltor	365.69	12	11,089
	Sarenga	Phulberia	417.96	19	12,391
	Raipur	Dhanara	628.99	25	20,995
	Simlapal	Lakshisagar	991.70	21	36,600
Total			**2,204.34**	**77**	**81,075**
Purulia	Manbazar -II	Manbazar-II (Part)	4036.46	59	59,672
	Arsha	Baram	337.56	5	9,088
	Arsha	Kudagara	297.76	6	8,444
	Arsha	Beldih	342.62	5	10.972
	Arsha	Satra	377.49	5	18,006
Total			**5,391,89**	**80**	**1,06,182**

আরও, ২০২০ সালের মধ্যে রাজ্যে সমস্ত মানুষ ও গবাদিপশুকে নিরাপদ, বিশুদ্ধ এবং পর্যাপ্ত জল সরবরাহ করার লক্ষ্যে জল স্বাস্থ্য কারিগরী দপ্তর যে ভিসন-২০২০ (VISION-2020) দস্তাবেজ (document) তৈরি করেছে সেই অনুসারে বাঁকুড়া জেলায় (Phase I ও Phase II) এই ২টি (দুইটি) সুবৃহৎ প্রকল্প প্রস্তুত করা হয়েছে। এই প্রকল্প দুইটিতে যথাক্রমে ১০১১.৫৭ কোটি (এক হাজার এগারো কোটি সাতান্ন লক্ষ) টাকা ও ৬৭৭.০০ কোটি (ছয়শ সাতাত্তর কোটি) টাকা অনুমিত ব্যয়ে (estimated cost) বাঁকুড়া জেলায় ব্যাপকভবে (comprehensive) পানীয় জল সরবরাহ করা হবে। বাঁকুড়া (Phase I) প্রকল্পটি ইতিমধ্যেই RRGF (Fackward Region Grant Fund)-এর অধীনে অনুমোদিত হয়েছে এবং বাঁকুড়া (Phase II) প্রকল্পটি অনুমোদনের পর্যায়ে রয়েছে।

একইভাবে পুরুলিয়া জেলায় ব্যাপকভাবে (comprehensive) পানীয় জল সরবরাহ করার লক্ষ্যে ১২৮৭.৫৭ কোটি (এক হাজার দুইশত সাতাশি কোটি সাতান্ন লক্ষ) টাকা অনুমতি ব্যয়ে (estimated cost) একটি প্রকল্প প্রস্তুত করা হয়েছে। এই প্রকল্পটি অনুমোদনের জন্য সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

একলব্য আবাসিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

১২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১০২) **শ্রী উপেন কিসকু :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে সরকার পরিচালিত ৫টি একলব্য আদিবাসী আবাসিক বিদ্যালয়গুলিতে এখনও স্থায়ী শিক্ষক নিয়োগ করা হয়নি; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কী?

অনগ্রসর সম্প্রদায় কলাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) পি.এস.সি-র মাধ্যমে ৭০ জন স্থায়ী শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু হয়ে গেছে। ১৯শে সেপ্টেম্বর ২০১১ তারিখে স্থায়ী শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি জারি হয়েছে এবং স্থায়ী নিয়োগের ব্যাপারে পি.এস.সি-এর সঙ্গে যাবতীয় পত্রালাপ চলছে।

বীজ এলাকা চিহ্নিতকরণ

১২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৬) **শ্রী উপেন কিসকু :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে কৃষি বীজের চাহিদা পূরণের জন্য বাঁকুড়া জেলায় কয়েকটি ব্লককে বীজ এলাকা হিসাবে চিহ্নিত করা হয়েছে ;

(খ) সত্যি হলে, ব্লকগুলির নাম কী কী ; এবং

(গ) এই চিহ্নিতকরণের ফলে কৃষকদের কী কী সুবিধা হবে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বীজের চাহিদা পূরণের উদ্দেশ্যে রাজ্য সরকার লাল কাঁকুড়ে মাটি অঞ্চল, বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর ও বীরভূমে 'বীজ উৎপাদন কেন্দ্র' গঠন করার পরিকল্পনা গ্রহণ করেছেন।

(খ) বর্তমান বছরের খরিপ খন্দে নতুন ধানবীজ 'সৌভাগীর' প্রজনক বীজ (ব্রীডার সীন) পাওয়া গেছে। এই বীজ পরবর্তী পর্যায়ে 'আধারীয় বীজ' হিসাবে পরিগণিত হবে। এজন্য বাঁকুড়া জেলায় ১ কুইন্টাল প্রজনক বীজ দেওয়া হয়েছে।

(গ) এই জাতটি খরাপ্রবণ এলাকার জন্য 'আন্তর্জাতিক ধান্য গবেষণা কেন্দ্র' ফিলিপিন্সের দ্বারা উদ্ভাবিত। এই জাতটি খরাপ্রবণ এলাকার চাষিভাইদের (বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর ও বীরভূমের) বিশেষ ভাবে সাহায্য করবে। পরবর্তী খরিপ খন্দে (২০১৩-১৪) এই বীজ চাষিভাইদের মধ্যে বিতরণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া এস.এফ.সি.আই.-র কারিগরী সহযোগিতায় আগামীদিনে এই অঞ্চলে আরও বেশি বীজ ধান তৈরি করার পরিকল্পনা রয়েছে।

(ঘ) রাজ্যের চাষিদের পাটবীজের চাহিদা পূরণের উদ্দেশ্যে কেন্দ্রীয় পাট গবেষণা কেন্দ্র ও রাজ্য সরকারের যৌথ উদ্যোগে পুরুলিয়ায় পাটবীজ উৎপাদন প্রকল্পের কাজ শুরু হয়েছে। ক্রমশ উৎপাদন বাড়িয়ে রাজ্যের পাটবীজের চাহিদা পূরণ করাই রাজ্য সরকারের উদ্দেশ্য।

খাতড়াতে অগ্নিনির্বাপণ কেন্দ্র

১২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১১১) **শ্রী উপেন কিসকু :** অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার খাতড়াতে অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপন করার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, আছে।

(খ) বর্তমানে খাতড়াতে অগ্নি নির্বাপণ ভবন নির্মাণের কাজ দ্রুততার সঙ্গে চলছে। আশা করা যায় ২০১২-২০১৩ অর্থবর্ষের মধ্যে কেন্দ্রটি চালু করা যাবে।

গঙ্গার পাড় সংলগ্ন এলাকায় সৌন্দর্যায়ন

১২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৬) **শ্রী উপেন কিসকু :** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা শহরের গঙ্গার পাড় সংলগ্ন এলাকায় সৌন্দর্যায়নের জন্য বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী? এবং

(গ) এক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) সৌন্দর্যায়নের রূপরেখাগুলি নিম্নরূপ দেওয়া হল ঃ

(ক) বাজা কদমতলা থেকে প্রিন্সেপ ঘাট পর্যন্ত বিস্তীর্ণ এলাকায় সুন্দর, মসৃণ, আরামদায়ক রাস্তা, সুন্দর বাতিস্তম্ভ, সবুজায়ন প্রভৃতি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(খ) বাজা কদমতলা থেকে মিলেনিয়াম পার্ক পর্যন্ত বিস্তীর্ণ এলাকায় সৌন্দর্যায়ন প্রকল্পের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পরিকল্পনাগুলি হল গঙ্গা-তীর বরাবর গঙ্গাবক্ষে ৫০ ফুট চওড়া ডেক-স্ল্যাব তৈরি করে সুন্দর রাস্তা, সুন্দর রেলিং, সুন্দর বাতিস্তম্ভ বসানোর পরিকল্পনা করা হয়েছে।

(গ) মিলেনিয়াম পার্ক থেকে আর্মেনিয়ান ঘাট পর্যন্ত এলাকায় সৌন্দর্যায়নের কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে।

(ঘ) বাজা কদমতলা থেকে তক্তাঘাট পর্যন্ত গঙ্গাবক্ষে ৫০ ফুট চওড়া ডেক-স্ল্যাব তৈরি করা হবে।

(ঙ) গঙ্গার পাড়ে দীর্ঘদিন ধরে অবহেলিত ঘাটগুলির উন্নয়ন ও সংস্কার করার কাজ ইতিমধ্যে করা হয়েছে। যেমন ঃ প্রিন্সেপ ঘাট-১, প্রিন্সেপ ঘাট-২, পানিঘাট ইত্যাদি।

(চ) নিমতলা মহাশ্মশান সংলগ্ন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ও আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের স্মৃতি সৌধ উন্নয়ন ও প্রসারণের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে।

(ছ) গঙ্গা তীরবর্তী নিমতলা মহাশ্মশানের উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া নিমতলা মহাশ্মশানের দক্ষিণে আরও ৮টি নতুন ইলেকট্রিক চুল্লি তৈরি করা হবে।

(জ) গঙ্গা তীরবর্তী রামকৃষ্ণ মহাশ্মশান সংলগ্ন ঠাকুর শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের স্মৃতিসৌধের সংস্কার, উন্নয়ন ও প্রসারণের প্রকল্পের কাজ শুরু হয়েছে।

(গ) এক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ২১৮ কোটি ৪৩ লক্ষ টাকা।

পঞ্চায়েতের উপর আর্থিক নিয়ন্ত্রণ বৃদ্ধি

১২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৯) **শ্রী শীতল কুমার সরদার :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে পঞ্চায়েতগুলির উপর আর্থিক নিয়ন্ত্রণ বৃদ্ধি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বর্তমানে নেই।

কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ

১২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭০) **শ্রী শীতল কুমার সরদার :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নেট, স্লেট পাশ করা কৃতী ছাতত্রছাত্রীদের রাজ্যের কলেজগুলিতে কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগের কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : নেট, স্লেট পাশ করা কৃতী ছাত্রছাত্রীদের রাজ্যের কলেজগুলিতে কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগের পরিকল্পনা আছে এবং তার প্রক্রিয়াও চালু হয়েছে। এ বছরের অক্টোবর-নভেম্বর মাস নাগাদ কলেজ সার্ভিস কমিশন নিয়োগ সংক্রান্ত বিজ্ঞাপন প্রকাশ করবে।

কলেজে স্থায়ী শিক্ষকদের শূন্য পদ পূরণ

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৬) **শ্রী শীতল কুমার সরদার :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে সরকারি ও আধা-সরকারি কলেজগুলিতে স্থায়ী শিক্ষকের অনেক পদ শূন্য আছে ; এবং

(খ) সত্যি হলে, শূন্যপদগুলি কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে পূরণ করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সত্যি। রাজ্যে সরকারি ও সরকার পোষিত কলেজগুলিতে স্থায়ী শিক্ষকের কিছু পদ শূন্য আছে। (প্রাপ্ত তথ্য অনুসারে এখনো পর্যন্ত সরকারি ও সরকার পোষিত কলেজগুলিতে স্থায়ী শিক্ষকের শূন্যপদের সংখ্যা যথাক্রমে ৫১৭ জন এবং ১৫৯২ জন।)

(খ) রাজ্যের সরকারি কলেজগুলিতে স্থায়ী শিক্ষকের শূন্যপদ পূরণের জন্য পাবলিক সার্ভিস কমিশন এবং সরকার পোষিত কলেজের ক্ষেত্রে কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের পরিকল্পনা সরকারের রয়েছে।

চূর্ণী নদীর দূষণ প্রতিরোধ

১৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮২) **শ্রী সমীর কুমার পোদ্দার :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাংলাদেশ থেকে আগত দূষিত জল দ্বারা নদীয়া জেলার চূর্ণী নদীর জলদূষণ প্রতিরোধকল্পে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বাংলাদেশের মূলত চিনি কলগুলির নিঃসৃত দূষিত তরল বর্জ্য পদার্থ চুর্ণী নদীর দূষণ ঘটাচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার নিয়মিত চূর্ণী নদীর জলের দূষণমাত্রা পরিমাপ করে থাকে। কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদকে চূর্ণী নদীর জলদূষণ মাত্রা সম্পর্কে ইতিমধ্যে অবহিত করা হয়েছে।

চূর্ণী নদীর এই দূষণ প্রতিরোধে নির্দিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে বিষয়টির আলেচানা করা হবে।

বি.পি.এল. কার্ড

১৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৯) **শ্রী প্রবোধ চন্দ্র সিনহা** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কবে নাগাদ দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী সমস্ত মানষকে বি.পি.এল. কার্ডের আওতায় আনা যাবে বলে আশা করা যায়?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : দারিদ্র্যসীমার নীচে অবস্থিত পরিবারগুলিকে বি.পি.এল. কার্ড দেবার কাজটি খাদ্য ও সরবরাহ দপ্তর করে থাকে। সুতরাং পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের পক্ষে এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়।

কলেজে ছাত্র সংসদ নির্বাচনকেন্দ্রিক বিশৃঙ্খলা নিয়ন্ত্রণ

১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৭) **শ্রী প্রবোধ চন্দ্র সিনহা** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ছাত্রসংসদ নির্বাচনকে কেন্দ্র করে রাজ্যের কলেজগুলিতে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিস্থিতি নিরসনের জন্য সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বিগত কয়েক বৎসর যাবৎ ভারতবর্ষে ছাত্রসংসদ নির্বাচনকে কেন্দ্র করে কলেজগুলিতে বিচ্ছিন্নভাবে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং এর রেশ পশ্চিমবঙ্গকেও ছুঁয়ে গেছে এবং যাচ্ছে।

(খ) বর্তমান সরকার উক্ত পরিস্থিতি নিরসনের জন্য সর্বতোভাবে সচেষ্ট। উচ্চশিক্ষা দপ্তরের প্রধান সচিব গত ১৯শে জানুয়ারি, ২০১২ রাজ্যের সমস্ত জেলা শাসককে এই মর্মে একটি পত্র লেখেন এবং বলেন যে-কোনো একটি জেলায় অবস্থিত সমস্ত কলেজগুলিতে একই দিনে নির্বাচন হলে এই ধরনের বিশৃঙ্খলতা অনেকাংশেই প্রশমিত হতে পারে এবং মুর্শিদাবাদ জেলায় এইভাবেই ছাত্রসংসদ নির্বাচন সংঘটিত হয়েছে। প্রধান সচিব আরো বলেন যে জেলাভিত্তিক একই দিনে নির্বাচন যদি সংঘটিত করা না যায়, তাহলে মহকুমাভিত্তিক ছাত্র-সংসদ নির্বাচন করা যেতে পারে।

হাইকোর্টের মাননীয় বিচারক শ্রীযুক্ত তপেন সেন মহাশয় ৭.৩.২০১২ তারিখে পশ্চিমবঙ্গ উচ্চশিক্ষা সংসদকে ছাত্রনির্বাচন বিষয়ে একটি নির্দেশিকা তৈরি করতে বলেন এবং এও নির্দেশ দেন যে যতদিন না পর্যন্ত এই নির্দেশিকা তৈরি হয়, ততদিন পর্যন্ত এই রাজ্যের ছাত্র নির্বাচন মুখ্য নির্বাচনী আধিকারিক, পশ্চিমবঙ্গ সরকার-এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে। হাইকোর্টের এই রায়ের পরিপ্রেক্ষিতে মুখ্য নির্বাচনী আধিকারিক প্রধান সচিব, উচ্চশিক্ষা দপ্তরকে ১৪.৫.২০১২ তারিখে লেখা চিঠিতে ২০১১-১২ এবং ২০১২-১৩ শিক্ষাবর্ষে কতকগুলি কলেজে ছাত্রনির্বাচন হতে বাকি আছে সে বিষয়ে তথ্য চান এবং কলেজগুলিতে যে পদ্ধতিতে বর্তমানে নির্বাচন হয় সে সংক্রান্ত নির্দেশাবলী দিতে অনুরোধ করেন। উচ্চশিক্ষা সংসদ ছাত্র নির্বাচন সংক্রান্ত নির্দেশাবলী তৈরির জন্য সাত সদস্যের

একটি কমিটি তৈরি করে এবং এই কমিটি ছাত্র নির্বাচন সংক্রান্ত নির্দেশাবলীর খসড়া তৈরি করছে মূলত সুপ্রিমকোর্টের নির্দেশ ও লিংডো কমিটির সুপারিশ অনুসারে। তবে আঞ্চলিক পরিস্থিতির বিষয়ও এক্ষেত্রে মাথায় রাখা হয়েছে। এই খসড়া উচ্চশিক্ষা সংসদ রাজ্যের সমস্ত উপাচার্যদের কাছে প্রেরণ করেছে এবং এই খসড়া বিষয়ে মতামত চেয়েছে। আশা করা যায় উচ্চশিক্ষা সংসদ ছাত্র নির্বাচন সংক্রান্ত নির্দেশিকা জুলাই মাসের প্রথম দিকে উচ্চশিক্ষা দপ্তরে পাঠাতে সক্ষম হবে। রাজ্যের কোন্ কোন্ কলেজে ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে এখনো নির্বাচন অনুষ্ঠিত হয়নি সে বিষয়ে তথ্য সংগ্রহের কাজ চলছে এবং খুব দ্রুতই তা শেষ হয়ে যাবে।

কে.এম.ডি.এ. এবং কে.আই.টি.-র সংযুক্তি

১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৬) **শ্রী এস. এম. সাদি :** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কে.এম.ডি.এ. ও কে.আই.টি.-কে সংযুক্তিকরণের মাধ্যমে একটি সংস্থায় পরিণত করার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এই ধরনের কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়নি।

(খ) প্রশ্নই ওঠে না।

হাওড়া স্টেশন সংলগ্ন মাছের বাজারের স্থানান্তর

১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫২) **শ্রী অশোক ঘোষ :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া স্টেশন সংলগ্ন মাছের বাজারটি সংস্কার বা স্থানান্তকরণের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ; পরিকল্পনাটি সরকারের বিবেচনাধীন আছে। উপযুক্ত জায়গা পাওয়া গেলেই বাজারটি স্থানান্তরিত করা যাবে।

(খ) এই মুহূর্তে প্রশ্নটির উত্তর দেওয়া সম্ভব হচ্ছে না।

ক্ষুদ্র সেচ সেবিত জমি

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৭৮) **শ্রী অসিত মিত্র :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মোট সেচ সেবিত জমির মধ্যে ক্ষুদ্র সেচ সেবিত জমির পরিমাণ কত?

(খ) ৩১.৩.২০১২ পর্যন্ত রাজ্যে এইচ. ডি. টি ডাব্লিউ. এম. ডি. টি. ডাব্লিউ, এল. ডি. টি. ডাব্লিউ, এস. টি. ডাব্লিউ, আর. এল. আই. এর সংখ্যা কত; এবং

(গ) মোট গুচ্ছ প্রকল্পের সংখ্যা কত?

জনসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১০-২০১২ সালে রাজ্যের মোট সেচ সেবিত জমি ৩৩.৩২ লক্ষ হেক্টরের মধ্যে ক্ষুদ্র সেচ সেবিত জমির পরিমাণ ২৬.৬২ লক্ষ হেক্টর অর্থাৎ প্রায় ৮০ শতাংশ।

(খ) ৩১.৩.২০১২ পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলার তথ্য সংকলতি হলে পরে সেই সংখ্যাতত্ত্ব জানা যাবে।

৩১.৩.২০১১ পর্যন্ত সর্বশেষ সংকলিত তথ্য অনুযায়ী রাজ্যে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ দ্বারা স্থাপিত প্রকল্পের সংখ্যা H.D.T.W.-৩৯৫৪টি M.D.T.W.-৮০০টি, L.D.T.W.-৪৮৭২টি, S.T.W.-২২৪৭৩টি এবং বিভিন্ন ক্ষমতা সম্পন্ন R.L.I.-৬০৪০টি।

(গ) ৩১.৩.২০১১ পর্যন্ত জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ দ্বারা স্থাপিত মোট গুচ্ছ প্রকল্পের সংখ্যা S.T.W.-২২৪৭৩টি এবং L.D.T.W.-৪৮৭২টি।

হাওড়া জেলায় গ্রন্থাগারের সংস্কার

১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮১) **শ্রী অসিত মিত্র :** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাওড়া জেলায় গ্রন্থাগারগুলির সংস্কারের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : হ্যাঁ আছে।

হাওড়ার নিয়ন্ত্রিত বাজার থেকে আদায়ীকৃত রাজস্ব

১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৩) **শ্রী অসিত মিত্র :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১-১২ আর্থিক বছরে হাওড়া জেলার নিয়ন্ত্রিত বাজার থেকে আদায়ীকৃত রাজস্বের পরিমাণ কত?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১১-১২ আর্থিক বছরে হাওড়া জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতি রাজস্ব হিসাবে ১,৬৭,১৩,৩৮৮/-(এক কোটি সাতষট্টি লক্ষ তেরো হাজার তিনশো অষ্টআশি টাকা) মাত্র, আদায় করেছে।

কর্মরত মহিলাদের জন্য হোস্টেল

১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯০) **শ্রী মন্টুরাম পাখিরা :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার কর্মরত মহিলাদের জন্য হোস্টেল নির্মাণের পদক্ষেপ গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত হোস্টেলে কতজন মহিলাদের থাকার ব্যবস্থা হবে?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ। কর্মরত মহিলাদের জন্য সিটি সেন্টার, দুর্গাপুরে হোস্টেল নির্মাণের কাজ চলছে। আশা করা যায় চলতি বছরে জুলাই মাসের মধ্যে নির্মাণ কাজ সম্পূর্ণ হবে।

এছাড়া বিভিন্ন নগরাঞ্চলে কর্মরত মহিলাদের জন্য হোস্টেল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) সিটি সেন্টার, দুর্গাপুরে হোস্টেলে ৪০ জন কর্মরত মহিলার থাকার ব্যবস্থা করা হচ্ছে যার মধ্যে ২০টি আসন সাধারণ (General) পর্যায়ভুক্ত কর্মরত মহিলা, ১০টি আসন তফশিলি জাতি (SC) পর্যায়ভুক্ত কর্মরত মহিলা ও বাকি ১০টি আসন তফশিলি উপজাতি (ST) পর্যায়ভুক্ত কর্মরত মহিলাদের জন্য সংরক্ষিত। এছাড়া বিভিন্ন নগরাঞ্চলে কর্মরত মহিলাদের জন্য হোস্টেল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

গ্রামাঞ্চলে সর্বত্র বিদ্যুৎ সরবরাহ

১৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫০) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে মে, ২০১২ সাপেক্ষে জাতীয় গ্রামীণ বিদ্যুতায়ন নীতির অনুসরণে রাজ্যের গ্রামাঞ্চলে সর্বত্র বিদ্যুৎ পৌঁছে দেবার ক্ষেত্রে অগ্রগতি কীরূপ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনায় (দশম পরিকল্পনা) পরিকল্পিত ৩৯৩৩টি মৌজার মধ্যে ৩৯৩০টি মৌজার বৈদ্যুতিকরণের কাজ শেষ হয়েছে। বাকি ৩টি মৌজার মধ্যে একটি শালবনি মিন্ট এলাকার মধ্যে পড়ার জন্য এবং অন্য দুইটি বনাঞ্চলের মধ্যে পড়ায়, বৈদ্যুতিকরণ করা যায়নি।

৩১শে মে, ২০১২ সাপেক্ষে রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনার (একাদশ পরিকল্পনা) অন্তর্গত ১৪টি জেলায় ২৪৭৮ টি মৌজার মধ্যে ১৯৫১৪টি মৌজার কাজ শেষ হয়েছে এবং ১৬০০৬টি মৌজা বিদ্যুতায়িত হয়েছে। এই প্রকল্পে ২৩.২৩ লক্ষ বি. পি. এল. পরিবারের লক্ষ্যমাত্রার মধ্যে প্রায় ১৯ লক্ষ পরিবারে সার্ভিস তার টানার কাজ শেষ হয়ে গেছে এবং ১৪ লক্ষ পরিবারে বিদ্যুৎ পৌঁছে গেছে।

৩১শে মে, ২০১২ সাপেক্ষে বাকি ৪টি জেলায় West Bengal Rural Electrification Programme (WBREP)-এ অন্তর্গত ৮০২১টি মৌজার মধ্যে ৭১২২টি মৌজার কাজ শেষ হয়েছে এবং ৬২০৭টি মৌজা বিদ্যুতায়িত হয়েছে। এই প্রকল্পে ৬.০৭ লক্ষ বি.পি.এল. পরিবারের লক্ষ্যমাত্রার মধ্যে ৪.০৬ লক্ষ পরিবারে সার্ভিস তার টানার কাজ শেষ হয়েছে এবং ৩.৯৯ লক্ষ পরিবারে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে।

বর্তমানে সরকার শুধু গ্রাম বা মৌজা নয়, সমস্ত পরিবারে যাতে বিদ্যুৎ সংযোগ দেওয়া যায়, তার উপর গুরুত্ব দিচ্ছে। রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনা (একাদশ পরিকল্পনা) এবং রাজ্য সরকারের আর্থিক ব্যয়ে ডব্লিউ বি আর ই পি (WBREP) প্রকল্পগুলির কাজ ২০১২ সালের ডিসেম্বরে শেষ হবে বলে আশা করা যায়। এতে রাজ্যের গ্রামীণ এলাকায় উপস্থিত ৬৭ লক্ষ বি পি এল এবং এ পি এল গ্রাহক থেকে বেড়ে আনুমানিক ৯৩ লক্ষ বি পি এল এবং এ পি এল গ্রাহকদের কাছে বিদ্যুৎ সংযোগ পৌঁছে যাবে। এর পরেও ৬১ লক্ষ গৃহ বিদ্যুৎ সংযোগের আওতায় বাইরে থেকে যাবে। এর মধ্যে ৩৮ লক্ষ বি পি এল এবং এ পি এল গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য স্পেশাল বি আর জি এফ (Special BRGF) প্রকল্পে রাজ্যে ১১টি জেলায় (জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগণা) আরো নিবিড়ীকরণের কাজ হাতে নেওয়া হয়েছে। বাকি ৭টি জেলায় ২৩ লক্ষ বি পি এল এবং এ পি এল গ্রাহককে রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনা (দ্বাদশ পরিকল্পনা)-এর আওতায় আনা হবে, যাতে তিন বছরের মধ্যে রাজ্যে বাকি সমস্ত গৃহে বিদ্যুৎ পৌঁছে দেওয়া যায়।

দামোদর নদীর উপর জলবিদ্যুৎ প্রকল্প

১৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫২) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলার দুর্গাপুরে দামোদর নদীর উপর জলবিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : আপাতত এরকম কোনো পরিকল্পনা সরকারের নেই।

দূষণ নিয়ন্ত্রণের জন্য বৃক্ষরোপন

১৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৪) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পরিবেশ দূষণ কমাতে ও দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকার বৃক্ষরোপণের পরিকল্পনা গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে পরিকল্পনার রূপরেখা কীরূপ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) একলক্ষ পথপার্শ্ব বৃক্ষরোপণের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(২) বৃক্ষরোপণ ও পরিচর্যার জন্য বিভিন্ন Industry Association এবং NGO-র সাহায্য নেওয়া হবে।

(৩) লম্বা Seeding বনবিভাগ থেকে নেওয়া হবে।

(৪) নিম্নলিখিত রাস্তায় বৃক্ষরোপণ করা হবে ঃ

(ক) কোলকাতা বাসন্তী রোড

(খ) ডায়মন্ড হারবার রোড

(গ) VIP রোড

(ঘ) দমদম-মধ্যমগ্রাম-বারাসাত রোড

(ঙ) বারাসাত-বসিরহাট রোড

(চ) বারুইপুর-ক্যানিং রোড

(ছ) মধ্যমগ্রাম-সোদপুর রোড

(জ) মধ্যমগ্রাম-বাদু রোড

(ঝ) বিরাটি-কল্যাণী রোড।

(৫) এছাড়া কলকারখানার ফাঁকা জমিতে গাছ লাগানোর জন্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের তরফে নির্দেশ জারি করা হয়েছে।

পরিবেশ দূষণের জন্য রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কর্তৃক ব্যবস্থা গ্রহণ

১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৫) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের যে সমস্ত স্পঞ্জ আয়রন কারখানা দূষণ নিয়ন্ত্রণ আইন লঙ্ঘন করছে তাদের বিরুদ্ধে সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে/করছে (জেলাওয়ারি তথ্য সহ)?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ রাজ্যের সমস্ত স্পঞ্জ আয়রন কারখানাগুলিকে নিয়মিত ভাবে নজরদারি করে থাকে এবং ক্ষেত্র বিশেষে আইনানুগ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে শিল্পসংস্থাগুলির দূষণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে পর্ষদ সদা সচেষ্টা। রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ আসানসোল-দুর্গাপুর শিল্পাঞ্চলের কারখানাগুলির দূষণ সৃষ্টির সম্ভাবনা অনুযায়ী নির্দিষ্ট সময় সূচী অনুসারে যথা—মাসিক, দ্বিমাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক, বাৎসরিকভাবে এই পর্ষদ পর্যবেক্ষণ করে থাকে। এই সকল কারখানাগুলি থেকে নির্গত দূষণ-এর মাত্রা দুর্গাপুরে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নিজস্ব অত্যাধুনিক গবেষণাগারে পরীক্ষা করা হয়ে থাকে। কোন সংস্থার দূষণ মাত্রা অনুমোদিত সীমা লঙ্ঘন করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়।

উক্ত অঞ্চলে স্পঞ্জ আয়রন কারখানাগুলির দুষণ নিয়ন্ত্রণের জন্য রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছে ঃ

● সকল স্পঞ্জ আয়রন কারখানাগুলিকে পরিবেশ দূষণ নিয়ন্ত্রক যন্ত্র (ই. এস. পি.) বসাতে বাধ্য করা হয়েছে এবং এই সকল শিল্প কারখানাগুলিকে কঠোর পর্যবেক্ষণে রাখা হয়ে থাকে। বর্তমানে স্পঞ্জ আয়রন শিল্প স্থাপন করার ক্ষেত্রে ইনটিগ্রেটেড স্টীল কারখানা গঠন বাধ্যতামূলক করা হয়েছে।

● এছাড়াও দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ স্পঞ্জ আয়রন কারখানাগুলি থেকে মূল উৎসগুলি ছাড়াও অন্যান্য উৎসগুলি থেকে নির্গত দূষণ ও কারখানাগুলির সামগ্রিক দূষণ প্রতিরোধের জন্য একটি বিশেষ নির্দেশিকা জারির মাধ্যমে ছয়টি ব্যবস্থা গ্রহণ বাধ্যতামূলক করেছে। যথা ঃ

* কয়লার গুঁড়ো ও অন্যান্য ধুলো ময়লা, কয়লার ছাই, কোলচার ইত্যাদি কোনোভাবে খোলা জায়গায় বা খোলা অবস্থায় রাখা চলবে না।

* স্পঞ্জ আয়রন কারখানা দূষণ প্রতিরোধক যন্ত্র ইলেক্ট্রোস্ট্যাটিক প্রেসিপ্রিটেটার থেকে সংগৃহীত ধুলো বা ছাই নিউম্যাটিক কন্ট্রোল প্রযুক্তির মাধ্যমে সঞ্চিত রাখতে হবে পাগ মিল যুক্ত আধারে।

* ধুলিকণা নিঃসরণের জায়গাগুলিতে ড্রাইফগ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে দূষণ নিয়ন্ত্রণ।

* যানবাহন চলাচল জনিত দূষণ প্রতিরোধের জন্য কংক্রিটের রাস্তা গঠন।

* ট্যাঙ্কারের দ্বারা ক্রমাগত জল সিঞ্চনের সাহায্যে কারখানার ভিতর ও বাইরের দূষণ নিয়ন্ত্রণ।

* কারখানাগুলির মধ্যে সুষ্ঠু পরিবেশ ও পরিচ্ছন্নতা বজায় রাখা, বিপুল সংখ্যক বৃক্ষরোপণ এবং সবুজায়ন প্রকল্পের মাধ্যমে পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ।

* এই নির্দেশিকা অনুযায়ী প্রত্যেকটি স্পঞ্জ আয়রন কারখানাগুলিকে কমপক্ষে চল্লিশ শতাংশ জায়গায় সবুজায়ন গড়ে তুলতে হবে।

● এছাড়াও, রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ স্পঞ্জ আয়রন কারখানাগুলির কঠিন বর্জ্য পরিবেশ বান্ধব প্রক্রিয়ার মাধ্যমে তাপবিদ্যুৎ উৎপাদনে ব্যবহার করার নির্দেশ জারি করা হয়েছে। এ ব্যাপারে সকল স্পঞ্জ আয়রন কারখানাগুলিকে উক্ত কঠিন বর্জ্য ব্যবহারের জন্য বিশেষ ধরনের বয়লার এবং তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপন বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়া কারখানাগুলির বর্জ্য তাপকে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ব্যবহার করার নির্দেশ দেওয়া হয়েছে। এই কারখানাগুলির দূষণ নিয়ন্ত্রক যন্ত্রগুলি সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা তা নিরূপণ করার জন্য আলাদাভাবে সংশ্লিষ্ট যন্ত্রগুলির সাথে এনার্জি মিটার লাগানোর ব্যবস্থা নেওয়া হয়েছে।

● স্পঞ্জ আয়রন কারখানাগুলিকে পরিবেশ দূষণ রোধে প্রযুক্তিগত সহায়তা প্রদানের উদ্দেশ্যে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ 'পরিবেশ মান্যতা সহায়ক কেন্দ্র' (এনভায়রনমেন্ট কমপ্লায়েনস অ্যাসিসটেন্স সেন্টার) গঠন করা হয়েছে।

● বর্তমানে স্পঞ্জ আয়রন কারখানাগুলির দূষণ প্রতিরোধের জন্য একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে। এই কমিটির দ্বারা প্রস্তাবিত নিয়মাবলী অনুযায়ী পর্ষদ একটি নির্দেশিকা সকল স্পঞ্জ আয়রন কারখানাগুলিকে জারি করেছে।

বর্ধমান জেলায় পানীয় জল সরবরাহ

১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৪) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য বর্ধমান জেলায় কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এখন পর্যন্ত বর্ধমান জেলায় জনস্বাস্থ্য

কারিগরী দপ্তর ইতিমধ্যে ৯৬টি নলবাহিত জলসরবরাহ প্রকল্প রূপায়ণ করেছে। যার মাধ্যমে ২০০১ সালের আদমসুমারি অনুযায়ী ২০,৪১,৬৮৩ (কুড়ি লক্ষ একচল্লিশ হাজার ছয়শত তিরাশি) জন অধিবাসীকে শুদ্ধ পানীয় জলের সরবরাহ করা হয়। যেটি বিস্তৃত জনসংখ্যার ৪৬.৯৪ শতাংশ।

এছাড়াও বর্তমানে এখানে ১২টি নির্মীয়মান নলবাহিত জল সরবরাহ প্রকল্প রয়েছে। যেটা ২০০১ সালের আদমসুমারি অনুযায়ী প্রস্তাবিত ৫০,৭৩৫ (পঞ্চাশ হাজার সাতশত পঁয়ত্রিশ) জন অধিবাসী উক্ত নির্মীয়মান প্রকল্পের মাধ্যমে উপকৃত হবে।

নির্মীয়মান নলবাহিত জল রবরাহ প্রকল্পগুলি যথাসময়ে সম্পূর্ণ হলে নিরাপদ পানীয় জল সরবরাহের আওতাভুক্ত জনসংখ্যার হার বৃদ্ধি পেয়ে ৪৮.১১ শতাংশ হবে।

এগুলি ছাড়াও, নলবাহিত জল সরবরাহ প্রকল্পের রূপায়ণের মাধ্যমে বর্ধমান জেলায় আরও বেশি সংখ্যক অধিবাসীকে নিরাপদ পানীয় জল সরবরাহের জন্য মোট ৮টি নতুন নলবাহিত জল সরবরাহ প্রকল্প এবং ১৭টি উন্নয়ন/পুনর্নব (Augmentation) প্রসার প্রকল্পগুলি (পানীয় জল সরবরাহের নিশ্চিত লক্ষ্যপূরণে) সম্প্রতি পরিকল্পনা করা হয়েছে, যেগুলি ইতিমধ্যে অনুমোদিত হয়েছে অথবা অনুমোদন প্রক্রিয়ায় রয়েছে।

প্রকল্পগুলির সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হল ঃ—

List of New/Improvement Piped Water Supply Schemes (PWSS) Recently Planned in Barddhaman District

New Schemes :

Sl. No.	Name of Scheme	Block	No. of Villages proposed to be covered	Population (2001) proposed to be covered	Estimated Cost (in Rs. Lakh)	Present status of scheme
1.	Madantor	Jamuria	4	7,502	726.11	
2.	Gourbazar and Ichhapur	Faridpur Durgapur	19	21,156	1,699.19	
3.	Bagdiha	Jamuria	4	6,852	312.74	
4.	Isufabad	Barddhaman I	3	6,052	404,70	
5.	Rayan	Burdwan-I	3	30,915	832.53	Senctioned
6.	Jamgara-Jagannathpur	Faridpur Durgapur	9	12,123	971.72	
7.	Ratibati	Raniganj	2 Villages & 3 CTs	16,665	603.16	
8.	Amritnagar	Raniganj			615.97	Under dreparation
	Total		**44 Village & 3CTs**	**1,01,265**	**6,166,12**	

Improvement/Rajuvenation/Augmentation Schemes :

Sl No.	Name of Scheme	Block	Estimeted Cost (in Rs. Lakh)	Present status of scheme
1.	Kashiara (Improvement)	Mangolkote	78.58	
2.	Chhotobainan (Rejuvenation)	Raina II	293.29	
3.	RCFA Part-II (Improvement)	Asansol Mun. (Part). Jamuria Mun. (Part), Jamuria Block, Raniganj (Part), Andal (Part), Pandabeshwar (Part)	299.94	Sanctioned
4.	Kanksa Phase II (Aug.)	Kanksa	278.53	
5.	Dhatrigram (Rajuvenation)	Kalna-I	129.64	
6.	Jageswardihi (Rejuvenation)	Mangolkote	224.05	
7.	Mongalkote (Rejuvenation)	Mongolkote	222.86	
8.	Bonpas-Kamarpara (Rejuvenation)	Bhatar	216.63	
9.	Hatkalna (Rejuvenation)	Kalna-I	293.64	
10.	Bonnabagram (Rejuvenation)	Ausgram-I	115.50	
11.	Khandaghosh (Rejuvenation)	Khandaghosh	227.33	
12.	Jaugram (Rejuvenation)	Jamalpur	201.04	
13.	Mankar (Rejuvenation)	Galsi-I	664.00	Under process of sanction
14.	Ukhra and adj. mouzas (Improvement)	Andal	1,218.00	
15.	Bhatar and adj. mouzas (Improvement)	Bhatar	982.70	
16.	Roshna (Re-modellinge of rising main)	Baraboni	32.51	
17.	Kharabar (Improvement)	Barabani	412.21	
		Total	**5,890.45**	

তৎসত্ত্বেও, নলবাহিত জলসরবরাহ প্রকল্পগুলির রূপায়ণে, জনস্বাস্থ্য কারিগরী দপ্তর প্রায় ৩৯৩৯২ (উনচল্লিশ হাজার তিনশত বিরানব্বই)টি হস্তচালিত নলকূপ স্থাপন/খনন করেছে। যার মাধ্যমে বর্ধমান জেলার অধিবাসীদের প্রয়োজনীয় পানীয় জল সরবরাহ করা হয়।

কারিগরী ও শিল্পবিদ্যালয়ে সহায়ক অনুদান

১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯২) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সরকার কারিগরী ও শিল্প বিদ্যালয়গুলিকে সহায়ক অনুদান দেওয়ার জন্য কী কী পরিকল্পনা গ্রহণ করেছে?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তর, বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে, কারিগরী শিক্ষা সূচনা সংক্রান্ত তথ্য ও প্রাপ্ত অনুদানের শংসাপত্র প্রদানের পর উক্ত প্রতিষ্ঠানগুলিকে রাজ্য পরিকল্পনা (State Plan) খাত থেকে প্রয়োজনীয় আর্থিক অনুদান দিয়ে থাকে। অনুদানের পদ্ধতিকে ত্বরান্বিত করার জন্য বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ অধিকার ৬টি আঞ্চলিক অফিসেরও ব্যবস্থা করেছে। প্রত্যেকটি আঞ্চলিক অফিস ৩-৪টি জেলার অন্তর্গত শিল্প বিদ্যালয়গুলিকে অনুদান প্রদানের দ্রুত ব্যবস্থা গ্রহণ করেছে।

যুবকল্যাণ বিভাগের গঠন ও উন্নয়নমূলক কাজ

১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯৭) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

যুবকল্যাণ বিভাগ গঠনমূলক ও উন্নয়নমূলক কীরূপ কাজের পরিকল্পনা গ্রহণ করে থাকে?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : যুবকল্যাণ বিভাগ নিম্নলিখিত গঠনমূলক ও উন্নয়নমূলক কাজ করে থাকে—

- প্রথমত রাজ্যের যুবক-যুবতীদের স্বল্পব্যয়ে কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে চাকরির বাজারে নিজেদের যোগ্য করে তোলার লক্ষ্যে রাজ্যে মোট প্রায় ন'শোটি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে।
- এ ছাড়া বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে যাতে যুবক-যুবতীরা স্বনির্ভর হয়ে উঠতে পারে, তার জন্য রাজ্য জুড়ে মোট ২০টি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে। এই কেন্দ্রগুলিতে ২২টি বিভিন্ন বিষয়ে বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে।
- জঙ্গলমহলের আওতাভুক্ত তিনটি জেলা বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুরের ব্লকগুলিতে মোটর ড্রাইভিংসহ অন্যান্য বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থাও করা হয়েছে।
- যুবক-যুবতীদের খেলাধুলার মানোন্নয়নের লক্ষ্যে রাজ্যের সমস্ত ব্লকে, মিউনিসিপ্যালিটিতে ও মিউনিসিপ্যাল কর্পোরেশনগুলিতে ক্রীড়া সরঞ্জাম সরবরাহের কর্মসূচি গৃহীত হয়েছে।
- এ ছাড়া বিভিন্ন জায়গায় মাল্টিজিম স্থাপন ও তার সরঞ্জাম সরবরাহ এবং মিনি ইন্ডোর কমপ্লেক্স গঠনের জন্য আর্থিক সহায়তা প্রদানের কর্মসূচিও গৃহীত হয়েছে।
- জিমনেসিয়াম করার জন্য আর্থিক অনুদান দেওয়া হয়ে থাকে।
- খেলার মাঠ উন্নয়ন বাবদ অর্থ বরাদ্দ করা হয়ে থাকে।
- যুবসম্প্রদায় যাতে স্বল্প ব্যয়ে বিভিন্ন স্থান পরিদর্শন করতে পারে তার জন্য রাজ্যে ও রাজ্যের বাইরে অনেকগুলি যুব-আবাসের ব্যবস্থা আছে। বর্তমান আর্থিক বছরে কয়েকটি নতুন যুব-আবাস তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে ও বর্তমান যুব-আবাসগুলি সংস্কার করার উদ্যোগ নেওয়া হয়েছে।

- পর্বতারোহণ ও বিভিন্ন রোমাঞ্চক ক্রীড়ায় যুবক-যুবতীদের সামিল করার মাধ্যমে তাদের মানসিক দৃঢ়তা বৃদ্ধি ও সাহসিকতা অর্জনে সাহায্য করার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচিও গৃহীত হয়েছে।

- যুবক-যুবতীদের মধ্যে অন্ধবিশ্বাস ও কুসংস্কারবিরোধী চেতনা গড়ে তোলার লক্ষ্যে আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের ১৫২তম জন্মবর্ষ উপলক্ষে রাজ্যের সব কটি জেলায় এবং রাজ্যস্তরে বিশেষ বিজ্ঞান মেলা আয়োজনের কর্মসূচি গৃহীত হয়েছে।

- যুবক-যুবতীদের সাংস্কৃতিক মানোন্নয়নের লক্ষ্যে রাজ্যর সমস্ত ব্লক/মিউনিসিপ্যালিটি/কর্পোরেশন/বরোস্তরে এবং পরবর্তীতে সবকটি জেলায় এবং সবশেষে রাজ্যস্তরে ছাত্র-যুব উৎসবের আয়োজনও এই বিভাগের এক উল্লেখযোগ্য কর্মসূচি।

- ২০১১-১২ আর্থিক বছরে বিবেক মেলা পালিত হয়েছিল।

পর্যটন কেন্দ্রের উন্নয়নে গৃহীত ব্যবস্থা

১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২১) **শ্রী তজমুল হোসেন :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ডুয়ার্স, আলিপুরদুয়ার, কোচবিহার ও সুন্দরবন এলাকায় পর্যটন কেন্দ্রগুলি উন্নয়নের জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বা হচ্ছে?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : উক্ত এলাকায় পর্যটন কেন্দ্রগুলির উন্নয়নে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ঃ

ডুয়ার্স—ডেভেলপমেন্ট অফ্ ইস্টার্ন ডুয়ার্স ট্যুরিজিম সার্কিট ইন জলপাইগুড়ি ডিস্ট্রিক্ট প্রকল্পের অধীনে মাদারিহাট, হলং, দক্ষিণ খয়েরবাড়ি, কুঞ্জনগর, রাজাভাতখাওয়া, জয়ন্তী, বক্সাদুয়ার, হাতিপোতা এলাকায়—

- সৌন্দর্যায়ন
- আলোকিতকরণ
- আবর্জনা নির্বাহীকরণ, শৌচালয়
- স্থান নির্দেশক ফলক স্থাপন
- পর্যটক সুবিধা প্রদান কেন্দ্র ও
- পর্যটন সংক্রান্ত অন্যান্য কাজ চলছে।

ওয়েস্টার্ন ডুয়ার্স ট্যুরিস্ট সার্কিট ডেভেলপমেন্ট প্রজেক্ট ইন দার্জিলিং এ্যান্ড জলপাইগুড়ি ডিস্ট্রিক্ট, ওয়েস্ট বেঙ্গল প্রকল্পের অধীনে মহানন্দা ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারি, গাজলডোবা, তিলাবাড়ি, গরুমারা ন্যাশনাল পার্ক এলাকায়—

- সৌন্দর্যায়ন
- হাঁটার পথ
- পর্যবেক্ষণ মিনার
- গাড়ি রাখার স্থান নির্মাণ
- আলোকিতকরণ
- আবর্জনা নির্বাহীকরণ
- শৌচাগার, বিনোদন সরঞ্জাম, স্থান নির্দেশক ফলক
- পর্যটক সহায়তা কেন্দ্র নির্মাণ ইত্যাদি কাজ চলছে।

ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অফ টি ট্যুরিজিম সার্কিট ইন নর্থ বেঙ্গল প্রকল্পের অধীনে মূর্তি ট্যুরিস্ট কমপ্লেক্স, মালবাজার, বাটাবাড়ি, নাগরাকাটা এলাকায়—

- পায়ে চলা পথ নির্মাণ
- গাড়ি রাখার স্থান নির্মাণ
- চা গাছ রোপন
- সৌন্দর্যায়ন
- জল সরবরাহ ব্যবস্থা
- জল বীজাণুমুক্ত করার ব্যবস্থা
- আবর্জনা নির্বাহীকরণ
- আলোকিতকরণ
- পর্যটক সহায়তা কেন্দ্র নির্মাণ
- স্থান নির্দেশক ফলক স্থাপন ইত্যাদি কাজ চলছে।

ডেস্টিনেশন ট্যুরিজিম অফ্ বক্সাদুয়ার (ইকো ট্যুরিজিম প্রজেক্ট) ইন ওয়েস্ট বেঙ্গল প্রকল্পের অধীনে—

- সাঁতরাবাড়ি থেকে বক্সাদুর্গ পর্যন্ত ট্রেকিং রাস্তা তৈরি
- স্থান নির্দেশক ফলক স্থাপন
- বক্সাদুয়ারে ট্রেকার্স হাট ও কাফেটারিয়া নির্মাণ
- পর্যবেক্ষণ মিনার নির্মাণ, সৌন্দর্যায়ন
- বন্য জীবনের প্রতিমূর্তি নির্মাণ ইত্যাদি কাজ চলছে গেটওয়ে টু নর্থ বেঙ্গল (মৈনাক) প্রকল্পের অধীনে

- পর্যটক সহায়তা কেন্দ্র নির্মাণ
- স্থান নির্দেশক ফলক
- পায়ে চলা পথ নির্মাণ ইত্যাদি কাজ চলছে।

কোচবিহার—ডেভেলপমেন্ট অফ কোচবিহার সিটি এ্যাস ট্যুরিস্ট ডেস্টিনেশন প্রকল্পের অধীনে—

- নরেন্দ্র নারায়ণ পার্কের উন্নয়ন
- ভিক্টর প্যালেস পর্যটক আবাস
- রাসমেলা ময়দানের উন্নয়ন
- মধুপুর ধামের উন্নয়ন
- বানেশ্বর মন্দিরে পর্যটক সুবিধা প্রদান
- সাগরদীঘিতে পর্যটক সুবিধা প্রদান
- কোচবিহার প্রাসাদ আলোকিতকরণ ইত্যাদি কাজ সম্পূর্ণ হয়েছে।

সুন্দরবন—ডেভেলপমেন্ট অফ্ ইকো-ট্যুরিজিম কমপ্লেক্স-কাম-ডেস্টিনেশন এ্যাট সজনেখালি সাউথ ২৪ পরগণা প্রকল্পের অধীনে—

- এলাকার সৌন্দর্যায়ন
- জেটি নির্মাণ
- আলোকিতকরণ
- জল সরবরাহ ও আবর্জনা নির্বাহীকরণ
- স্থান নির্দেশক ফলক স্থাপন
- পর্যটক সহায়তা কেন্দ্র
- পর্যবেক্ষণ মিনার নির্মাণ ইত্যাদি কাজ চলছে।

ডেস্টিনেশন ট্যুরিজিম প্রজেক্ট এ্যাট গঙ্গাসাগর প্রকল্পের অধীনে—

- এলাকার উন্নয়ন
- আলোকিতকরণ
- পথপার্শ্বস্থ পর্যটক সুবিধা প্রদান স্থল
- জনস্বাস্থ্য উন্নয়ন ব্যবস্থা
- স্থান নির্দেশক ফলক স্থাপন ইত্যাদি কাজ হাতে নেওয়া হয়েছে।

ডেস্টিনেশন ট্যুরিজিম প্রজেক্ট এ্যাট সুন্দরবন প্রকল্পের অধীনে—

- গদখালি ও পাখিরালয় সংলগ্ন এলাকার উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে।

পর্যটন শিল্পে কর্মসংস্থান বৃদ্ধি

১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২২) **শ্রী তজমুল হোসেন :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কর্মসংস্থান বৃদ্ধিকল্পে পর্যটন শিল্প প্রসারের জন্য সরকার কী কী উদ্যোগ গ্রহণ করেছে?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পর্যটন বিভাগের পক্ষ থেকে যে পর্যটন প্রকল্পগুলি রূপায়িত করা হয় তার অন্যতম লক্ষ্য থাকে প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ কর্মসংস্থান বৃদ্ধি। যেমন গ্রামীণ পর্যটন প্রকল্পগুলির পরিচালনা স্থানীয় স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে করা হয়। যেমন (ক) বল্লভপুর ডাঙ্গা, বোলপুর, (খ) বারঘুটু, মুকুটমনিপুর প্রভৃতি।

নতুন পর্যটন কেন্দ্র, যেমন উদয়পুর বীচ্ টেন্ট (তাঁবু) বা যেসব নতুন পর্যটন কেন্দ্র তৈরি হতে চলেছে যেমন (১) মূর্তি কটেজ, (২) তিলাবাড়ি ও বাটাবাড়ির কটেজ, (৩) বনবীথি গঙ্গাসাগর ইত্যাদির মাধ্যমেও কর্মসংস্থান হবে বলে আশা করা যায়।

এছাড়া বিভিন্ন পর্যটন গন্তব্য স্থানে পর্যটকদের সংখ্যা বাড়ানোর জন্য নানা ধরনের প্রচারের ব্যবস্থা করা হচ্ছে। আশা করা যায়, পর্যটক সংখ্যা বৃদ্ধি পেলে কর্মসংস্থানও বৃদ্ধি পাবে।

নিয়ন্ত্রিত বাজার থেকে মার্কেট ফি আদায়

১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৩) **শ্রী তজমুল হোসেন :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নিয়ন্ত্রিত বাজারগুলি থেকে ২০১১-১২ আর্থিক বছরে কী হারে মার্কেট ফি আদায় করা হয়েছে?

(খ) উক্ত খাতে আদায়কৃত মোট অর্থের পরিমাণ কত?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) মার্কেট ফি আদায়ের হার ঃ— খাদ্যশস্য-বাজার মূল্যমানের ০.৫০% আলু হিমঘরের মজুত আলুর ক্ষেত্রে প্রতি কুইন্টালে ১টাকা, মরশুমি কাঁচা আলুর ক্ষেত্রে বাজার মূল্যমানের ১%, অন্যান্য কৃষিজ পণ্যের ক্ষেত্রে বাজার মূল্যমানের ১%।

(খ) ২০১১-১২ আর্থিক বছরে উক্ত খাতে আদায়কৃত মোট অর্থের পরিমাণ ৫৫,৪০,৫৭,০০০ টাকা।

মালদায় বিকল গভীর নলকূপ

১৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬০) **শ্রী তজমুল হোসেন :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদা জেলায় কতগুলি গভীর নলকূপ বর্তমানে বিকল অবস্থায় আছে?

(খ) তন্মধ্যে হরিশ্চন্দ্রপুর বিধানসভায় কতগুলি; এবং

(গ) সেগুলি মেরামতের জন্য কোনো পদক্ষেপ সরকার নিয়েছে কি?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১.০৩.২০১২ পর্যন্ত মালদা জেলায় জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর কর্তৃক পরিচালিত গভীর নলকূপগুলির মধ্যে ১০৮টি বিকল অবস্থায় আছে। এর মধ্যে ৫৮টি DTW, ৪৮টি HDTW এবং ২টি MDTW।

(খ) তন্মধ্যে হরিশ্চন্দ্রপুর-১ এবং হরিশ্চন্দ্রপুর-২ ব্লকে ৫টি HDTW বিকল অবস্থায় আছে।

(গ) ২১টি নলকূপ বুজে যাওয়া এবং Parted হওয়ার জন্য পরিত্যক্ত হয়েছে। এগুলি Redrilling-এর পরিকল্পনা নেওয়া হয়েছে। এর মধ্যে ২টির কাজ চলছে, বাদবাকিগুলির কাজ বিভিন্ন Programme-এ নেওয়ার প্রক্রিয়া চলছে।

১৫টি নলকূপের বৈদ্যুতিক তার ট্রান্সফর্মার চুরি বা পুড়ে যাওয়ার কারণে WBSEDCL কর্তৃপক্ষের সঙ্গে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যোগাযোগ করা হয়েছে।

৭২টি নলকূপে সমস্ত উপকরণ উপর্যুপরি চুরি বা প্রকল্পগুলির Command Area-তে আমবাগান হয়ে যাওয়ার কারণে বা নদীগর্ভে তলিয়ে যাওয়া ইত্যাদি কারণে পরিত্যক্ত হয়েছে।

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা

১৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯১) **শ্রী কল্লোল খাঁ :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১ মে, ২০১২ তারিখ পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় এই রাজ্যে অনুমোদনপ্রাপ্ত রাস্তার কত শতাংশ পাকা রাস্তায় পরিণত হয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩১ মে, ২০১২ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় অনুমোদন-প্রাপ্ত রাস্তার ৮২.৮১% (বিরাশি দশমিক আট এক শতাংশ) পাকা রাস্তায় পরিণত হয়েছে।

বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

১৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৭) **শ্রী ইনসার আলী বিশ্বাস :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জুন, ২০১১ তারিখ থেকে ৩১শে মার্চ, ২০১২ তারিখ পর্যন্ত রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে কত জন শিক্ষক যোগদান করেছেন (জেলাওয়ারি তথ্যসহ)?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : উক্ত সময়ে প্রাথমিকের জন্য ৫৪৪৫টি পদ ও উচ্চ প্রাথমিকের জন্য ৩৯৫১০টি শিক্ষক পদের সৃষ্টি করা হয়েছে। প্রাথমিকের পদগুলির জন্য নিয়োগ প্রক্রিয়াবিধি চূড়ান্ত করা হচ্ছে এবং উচ্চ প্রাথমিকের জন্য ৩৯৫১০টি শিক্ষকপদের

নিয়োগ প্রক্রিয়া বর্তমানে শুরু করা হয়েছে। জেলাওয়ারি যোগদানের তথ্য এখনই দেওয়া সম্ভব নয়।

মুর্শিদাবাদ জেলায় পর্যটন বিকাশ

১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮৭) **শ্রী আনিসুর রহমান :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলায় পর্যটন বিকাশের জন্য সরকারের পক্ষ থেকে বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, তার রূপরেখা কী?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, সত্যি।

(খ) মুর্শিদাবাদ জেলায় পর্যটন বিকাশের জন্য পর্যটন বিভাগের পক্ষ থেকে নিম্নলিখিত কাজগুলি সম্পন্ন হয়েছে—

(১) স্থান নির্দেশক হোর্ডিং লাগানোর কাজ।

(২) বাঘডাঙ্গা মন্দির আলোকিতকরণ।

(৩) গঙ্গানদীতট (নতুন গ্রাম)-এ ওয়েসাইড পাবলিক কনভিনিয়েন্স নির্মাণ।

(৪) কারবালা মসজিদ্ সংলগ্ন এলাকা উন্নয়ন তথা বিশ্রামাগার তৈরি।

(৫) কাটরা মসজিদ আলোকিতকরণ। এছাড়া নিম্নলিখিত কাজগুলিও রূপায়িত হচ্ছে—

(ক) হাজারদুয়ারী ও ইমামবাড়া আলোকিতকরণ।

(খ) সুভাষ দ্বীপ ও মোর গ্রাম-এ পর্যটন উন্নয়ন। মোরগ্রামে "ওয়েসাইড পাবলিক কনভিনিয়েন্সের" রূপরেখার জন্য আরকিটেক্ট নিয়োগ করা হয়েছে।

প্রতিবন্ধী বিদ্যালয়

১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৮) **শ্রী আনিসুর রহমান :** জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কত সংখ্যক অনুমোদনহীন প্রতিবন্ধী বিদ্যালয় আছে;

(খ) উক্ত বিদ্যালয়গুলির অনুমোদন সংক্রান্ত বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(গ) থাকলে, ২০১২-১৩ আর্থিক বছরে কত সংখ্যক বিদ্যালয়কে উক্ত অনুমোদন দেওয়া হবে বলে আশা করা যায়?

জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ কর্তৃক পোষিত এবং অনুমোদিত প্রতিবন্ধী বিদ্যালয়ের তালিকা ছাড়া অন্য কোনো তালিকা এই বিভাগে নেই।

(খ) এই সংক্রান্ত একটি প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন।

(গ) এই মুহূর্তে বলা সম্ভব নয়।

প্রাথমিক ও উচ্চ-প্রাথমিক বিদ্যালয়

১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৬) **শ্রী শীলভদ্র দত্ত :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে প্রাথমিক ও উচ্চ-প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত;

(খ) ২০১১-১২ অর্থবর্ষে কতগুলি প্রাথমিক ও উচ্চ-প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে (জেলাওয়ারি হিসাবসহ); এবং

(গ) ২০১২-১৩ অর্থবর্ষে কতগুলি প্রাথমিক ও উচ্চ-প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৫১২৪৩ এবং উচ্চ-প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১২৩২৩।

(খ) ২৯১১-১২ অর্থবর্ষে অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ২৬০ এবং উচ্চ-প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৫৪৯।

(গ) শিশু শিক্ষার অধিকার আইন, ২০০৯ অনুযায়ী মোট ১১৮৬টি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে। তার মধ্যে ২০১২-১৩ অর্থবর্ষে ১৯৭টি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা রয়েছে। উচ্চ-প্রাথমিকের ক্ষেত্রে ২০১২-১৩ অর্থবর্ষে ২০৩৫টি উচ্চ-প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

বিদ্যালয়ে শিক্ষক ছাত্রের অনুপাত

১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৭) **শ্রী শীলভদ্র দত্ত :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, শিক্ষা অধিকার সংক্রান্ত আইনানুসারে রাজ্যের প্রাথমিক ও উচ্চ-প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক ছাত্রের অনুপাত কম; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিদ্যালয়গুলির জন্য নতুন শিক্ষক পদ সৃষ্টি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সত্যি।

(খ) ইতিমধ্যেই প্রাথমিকের জন্য ৫৪৪৫টি পদ ও উচ্চ-প্রাথমিকের জন্য ৩৯৫১০টি শিক্ষক পদের সৃষ্টি করা হয়েছে।

জাতিগত শংসাপত্র

১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭২) **শ্রী ভূপেন্দ্রনাথ হালদার :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জুন, ২০১১ থেকে ৩১শে মার্চ, ২০১২ সময়কালে মালদা জেলায় মোট কত সংখ্যক তফশিলি জাতি, তফশিলি উপজাতি সংক্রান্ত শংসাপত্র প্রদান করা হয়েছে (ব্লকওয়ারি তথ্যসহ)?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১লা জুন, ২০১১ থেকে ৩১শে মার্চ, ২০১২ সময়কালে মালদা জেলায় মোট ১১৩৮৪ সংখ্যক তফশিলি জাতি ও ১৯১০ সংখ্যক তফশিলি উপজাতি সংক্রান্ত শংসাপত্র প্রদান করা হয়েছে। ব্লকওয়ারি তথ্য নীচে দেওয়া হল।

REPORT ON BLOCKWISE ISSUANCE OF SC/ST CERTIFICATE DURING THE PERIOD FROM JUNE, 2011 TO MARCH, 2012 IN THE DISTRICT OF MALDA

Sl No.	Name of the Block	Certificate Issued		Remarks
		SC	ST	
1.	Manikchak	841	33	
2.	Kaliachak-I	528	13	
3.	Kaliachak-II	580	12	
4.	Kaliachak-III	1781	21	
5.	Englishbazar Block & Municipality	2838	484	
6.	Old Malda Block & Municipality	1289	226	
7.	Gazole	870	356	
8.	Habibpur	576	231	
9.	Bamangola	786	226	
10.	Chanchal-I	318	37	
11.	Chanchal-II	177	92	
12.	Ratua-I	415	67	
13.	Ratua-II	124	46	
14.	Harishchandrapur-I	143	34	
15.	Harishchandrapur-II	118	32	
	Total	11384	1910	

নষ্ট শ্রমদিবস

১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৬) **শ্রী শীলভদ্র দত্ত :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত আর্থিক বছরগুলির তুলনায় ২০১১-২০১২ অর্থবর্ষে রাজ্যে অনেক কম শ্রমদিবস নষ্ট হয়েছে ;

(খ) সত্যি হলে, ২০০৬-২০০৭ থেকে ২০১১-২০১২ পর্যন্ত পৃথকভাবে এর পরিসংখ্যান কী; এবং

(গ) ২০১২-২০১৩ অর্থবর্ষে রাজ্যে শ্রমদিবস নষ্টের হার আরো কমাতে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, বিগত আর্থিক বছরগুলির তুলনায় ২০১১-২০১২ অর্থবর্ষে রাজ্যে স্ট্রাইক ও লকআউট জনিত কারণে শ্রমদিবস কম নষ্ট হয়েছে।

(খ)

সাল	স্ট্রাইক ও লকআউট জনিত কারণে
২০০৬	১.৮৯৯ কোটি
২০০৭	৩.০৪৯ কোটি
২০০৮	১.৯৫০ কোটি
২০০৯	১.৮৩৬ কোটি
২০১০	২.৪৭৯ কোটি
২০১১	১.৪৯৩ কোটি
২০১২	০.৫৯৪ কোটি (১.১.২০১২ থেকে ৩১.৫.২০১২ পর্যন্ত)

(গ) ২০১২-২০১৩ অর্থবর্ষে রাজ্যে শ্রমদিবস নষ্টের হার আরো কমাতে সরকার বিবদমান পক্ষের সাথে ত্রিপাক্ষিক আলোচনার মাধ্যমে পুনরায় শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানা চালু করার চেষ্টা করছে ও করবে।

মুর্শিদাবাদ জেলায় সরকারি কলেজ

১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১৮) **শ্রী হুমায়ুন কবীর :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলায় কতগুলি সরকারি কলেজ চালু আছে; এবং

(খ) ২০১১-২০১২ আর্থিক বছরে প্রস্তাবিত ভাবতা সরকারি কলেজটি চালু করার জন্য সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলায় কোন সরকারি কলেজ নেই।

(খ) সরকারের বিবেচনাধীন আছে।

মাঙ্গনপাড়া টোল গেটের আদায়ী অর্থের ব্যবহার

১৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২১) **শ্রী হুমায়ুন কবীর :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার রেজিনগর বিধানসভা এলাকায় ৩৪ নং জাতীয় সড়কের মাঙ্গনপাড়া টোল গেট থেকে আর.এম.সি. কর্তৃক টোল বাবদ আদায়ী অর্থ স্থানীয় উন্নয়নে খরচ হয়নি; এবং

(খ) সত্যি হলে, কারণ কী?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) কাশিমবাজার নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রজ্ঞাপিত বাজার এলাকার মধ্যে রেজিনগর বিধানসভা কেন্দ্র অন্তর্ভুক্ত। পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ অনুসারে নিয়ন্ত্রিত বাজার সমিতির আয় তার প্রজ্ঞাপিত বাজার এলাকার উনয়নে ব্যয়িত হয়। ২০১১-২০১২ আর্থিক বছরে কাশিমবাজার নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রজ্ঞাপিত বাজার এলাকায় পরিকাঠামোগত উন্নয়ন খাতে মোট ৬৭,৬৬,৪৭১/-টাকা ব্যয় করা হয়েছে।

(খ) প্রযোজ্য নয়।

মুর্শিদাবাদ জেলায় আই.সি.ডি.এস. প্রকল্প-কর্মী

১৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২৪) **শ্রী হুমায়ুন কবীর :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ, ২০১২ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় আই.সিডি.এস. প্রকল্পে নিযুক্ত মোট কর্মচারীর সংখ্যা কত; এবং

(খ) উক্ত সময়ে আই.সি.ডি.এস কেন্দ্রগুলিতে মোট শূন্য পদের সংখ্যা কত ছিল?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১শে মার্চ, ২০১২ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় আই.সি.ডি.এস. প্রকল্পে নিযুক্ত মোট কর্মচারীর সংখ্যা নিম্নে প্রদত্ত হল :

১।	সি.ডি.পি.ও.	—	১০
২।	এ.সি.ডি.পি.ও	—	১০
৩।	সুপারভাইজার	—	১১৩
৪।	টাইপিষ্ট-কাম-স্টোরকিপার	—	২০
৫।	ইউ.ডি.এ./একাউন্ট্যান্ট	—	২৯
৬।	ক্যাশিয়ার-কাম-এল.ডি.এ.	—	২৬
৭।	ড্রাইভার	—	২৪
৮।	পিওন	—	৪২

৯।	নাইট গার্ড	—	০৯
১০।	অঙ্গনওয়াড়ী কর্মী	—	৮,১৬২
১১।	সহায়িকা	—	৭,৭৫৪

(খ) উক্ত সময়ে আই.সি.ডি.এস. কেন্দ্রগুলিতে মোট শূন্য পদের সংখ্যা নিম্নে প্রদত্ত হলো :

১।	সি.ডি.পি.ও.	—	৩৩
২।	এ.সি.ডি.পি.ও.	—	০৮
৩।	সুপারভাইজার	—	২৫৫
৪।	টাইপিষ্ট-কাম-স্টোরকিপার	—	২৩
৫।	ইউ.ডি.এ./একাউন্ট্যান্ট	—	৩১
৬।	ক্যাশিয়ার-কাম-এল.ডি.এ.	—	০১
৭।	ড্রাইভার	—	০৪
৮।	পিওন	—	১৮
৯।	নাইট গার্ড	—	০৪
১০।	অঙ্গনওয়াড়ী কর্মী	—	৫০৯
১১।	সহায়িকা	—	৯১৫

ই.এস.আই. হাসপাতালের আধুনিকীকরণ

১৬২। **(অনুমোদিত প্রশ্ন নং ১৮৩১) শ্রী মোহিত সেনগুপ্ত :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের ই.এস.আই. হাসপাতালগুলির আধুনিকরণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) কতগুলি হাসপাতালকে আধুনিকীকরণ প্রক্রিয়ার অন্তর্ভুক্ত করা হয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্য সরকার পরিচালিত ই.এস.আই. হাসপাতালগুলির আধুনিকীকরণের বিবরণ ঃ

(১) হসপিটাল ডেভেলপমেন্ট কমিটির মাধ্যমে সমস্ত ই.এস.আই. হাসপাতালগুলির জন্য আধুনিক চিকিৎসার যন্ত্রপাতি কেনা হচ্ছে।

(২) মানিকতলা ই.এস.আই হাসপাতালে পোষ্ট গ্রাজুয়েট ইনস্টিটিউট খোলার জন্য ব্যাপক আধুনিকীকরণের কাজ হচ্ছে। সমস্ত হাসপাতালটি কেন্দ্রীয়ভাবে শীততাপ নিয়ন্ত্রিত করা হচ্ছে। অত্যন্ত ব্যয়বহুল উন্নতমানের যন্ত্রপাতি সহ আধুনিক অপারেশন থিয়েটারও স্থাপন করা হচ্ছে। দশ (১০) শয্যা সম্বলিত একটি আধুনিক আই.সি.সি.ইউ. ইতিমধ্যেই চালু করা হয়েছে। এই হাসপাতালে আট (৮) শয্যাবিশিষ্ট একটি ডায়ালিসিস ইউনিটের পরিকাঠামোও তৈরি হচ্ছে এবং এটি শীঘ্রই চালু হবে।

(৩) আই.পি.দের জন্য সমস্ত ই.এস.আই. হাসপাতালে উপযুক্ত বসার জায়গা এবং খাবার জলের ব্যবস্থা করা হয়েছে।

(৪) সমস্ত ই.এস.আই. হাসপাতালে অ্যাম্বুলেন্স পরিষেবার ব্যবস্থা করা হয়েছে।

(৫) কামারহাটি ই.এস.আই. হাসপাতালে একটি বার্ন ইউনিট খোলা হয়েছে এবং একটি মহিলা সার্জিক্যাল ওয়ার্ড খোলার প্রচেষ্টা চলছে।

(৬) শ্রীরামপুর ই.এস.আই. হাসপাতালে একটি আধুনিকীকৃত ইমারজেন্সি কমপ্লেক্স তৈরি করা হয়েছে। দুর্গাপুর ই.এস.আই. হাসপাতালেও একই ধরনের ইমারজেন্সি কমপ্লেক্সের প্রস্তুতি শেষ হওয়ার পথে।

(৭) গৌরহাটি, কামারহাটি এবং উলুবেড়িয়া ই.এস.আই. হাসপাতালগুলিতে ব্লাড স্টোরেজ ইউনিট খোলার প্রস্তাব ই.এস.আই. কর্পোরেশনের বিবেচনাধীন রয়েছে।

(৮) ছয়টি (৬টি) ই.এস.আই. হাসপাতালে আই.এস.এম. (হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদ) চালু করা হয়েছে। চেষ্টা করা হচ্ছে যাতে বাকি সাতটি (৭টি) ই.এস.আই. হাসপাতালেও এই সুবিধা চালু করা যায়।

(৯) সমস্ত ই.এস.আই. হাসপাতালগুলিতে ই.এস.আই. কর্পোরেশনের পঞ্চদীপ প্রকল্পের আওতায় ''আই.টি. রোল আউট'' চালু করার প্রক্রিয়া চলছে।

(খ) ই.এস.আই. (এম.বি.) স্কীমে ১৩টি ই.এস.আই. হাসপাতালের পর্যায়ক্রমে আধুনিকীকরণের কাজ বিবেচনাধীন রয়েছে। এই ব্যাপারে ই.এস.আই. কর্পোরেশনের সাথে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।

কান্দি মহকুমায় লোড-শেডিং সমস্যায় সরকারি পদক্ষেপ

১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৩) **শ্রীমতী প্রতিমা রজক :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমায় বিদ্যুৎ ছাঁটাই সমস্যা সমাধানে সরকারের পক্ষে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমায় বর্তমানে কোনো বিদ্যুৎ ঘাটতি নেই। তবে বোরো মরশুমে সব-স্টেশনে ট্রান্সফর্মারের কিছু সমস্যা থাকায় আংশিক লোডশেডিং হয়েছিল।

উক্ত সমস্যা নিরসনে বোরো সিজনের পরে পরেই সালার ৩৩/১১ কেভি সাব-স্টেশনে ও ভবানীনগর ৩৩/১১ কেভি সাব-স্টেশনগুলিতে একটি করে ৬.৩ এম.ভি.এ. ট্রান্সফর্মার বসিয়ে ক্ষমতা বৃদ্ধি করা হয়। এছাড়া পাঁচথুপিতে ও ভরতপুরে একটি করে মোট দুটি ৩৩/১১ কেভি সাব-স্টেশন নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে এবং তার জন্য জমি অধিগ্রহণের কাজ চলছে।

পুরুলিয়া জেলায় রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা

১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪৪) **শ্রী নেপাল মাহাত :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে. পুরুলিয়া জেলায় 'রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনা' রূপায়ণের কাজে এন.এইচ.পি.সি. সংস্থাকে বাদ দেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কী?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) না।

(খ) প্রযোজ্য নয়।

নদীয়ায় কিষাণ মাণ্ডি

১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫১) **শ্রী সমীর কুমার পোদ্দার :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ, ২০১২ সাপেক্ষে নদীয়া জেলায় মোট কতগুলি 'কিষাণ মাণ্ডি' স্থাপনের পরিকল্পনা সরকার নিয়েছে; এবং

(খ) তন্মধ্যে, রাণাঘাট উত্তর-পূর্ব বিধানসভা এলাকায় কতগুলি 'কিষাণ মাণ্ডি' চালু করা হবে (ব্লকওয়ারি তথ্য সহ)?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্য সরকার রাজ্যের প্রতিটি ব্লকে কৃষক বাজার স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। এর মধ্যে ৯২টির জন্যে স্থান নির্বাচিত হয়েছে। তার মধ্যে নদীয়া জেলার ৯টি স্থান নির্দিষ্ট হয়েছে।

(খ) এর মধ্যে রাণাঘাট উত্তর-পূর্ব বিধানসভা এলাকায় ওয়াটার ম্যানেজমেন্ট রিসার্চ স্টেশন, রাণাঘাট, এই একটি কেন্দ্র আপাতত নির্বাচিত হয়েছে।

গ্রন্থাগারে শূন্যপদ

১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৮) **শ্রী শাহাজাহান চৌধুরী :** জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সরকারি অনুদানপ্রাপ্ত গ্রন্থাগারগুলিতে শূন্যপদের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে, বর্ধমান জেলার গ্রন্থাগারগুলিতে উক্ত শূন্যপদের সংখ্যা কত; এবং

(গ) শূন্যপদগুলি পূরণের জন্য সরকারি কোনো পরিকল্পনা বিবেচনাধীন আছে কি না?

জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১,৬৭৮টি।

(খ) ১৩৯টি।

(গ) হ্যাঁ।

জনশিক্ষা প্রসার কেন্দ্র

১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৯) **শ্রী শাহাজান চৌধুরী :** জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জনশিক্ষা প্রসারের লক্ষ্যে সরকার কিছু পরিকল্পনা গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, বর্ধমান জেলায় উক্ত শিক্ষা প্রসারে কতগুলি কেন্দ্র চালু আছে?

জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) বর্ধমান জেলায় মোট ৩,৪০০টি জনশিক্ষা কেন্দ্র খোলা হয়েছে।

বকেয়া মামলার দ্রুত নিষ্পত্তি

১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৩) **শ্রী শাহাজাহান চৌধুরী :** বিগত ২২শে মার্চ, ২০১২ তারিখের তারকিত প্রশ্ন নং ৫১ (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৪)-এর উত্তর উল্লেখপূর্বক বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে জমে থাকা মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য বিশেষ কোনো উদ্যোগ গ্রহণ করছে/করেছে কি?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (১) হ্যাঁ, এ ব্যাপারে সরকার যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছেন।

(২) আদালতের দীর্ঘদিন পড়ে থাকা বিচারকদের শূন্য পদগুলি পূরণ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(৩) দ্রুত কার্য সম্পাদনকারী আদালত (ফাস্ট ট্রাক কোর্ট)— গুলোর জন্য কেন্দ্রীয় সরকার ০১.০৪.২০১১ তারিখ হতে বরাদ্দ বন্ধ করেছেন; কিন্তু রাজ্য সরকার আদালতগুলো চালু রাখার জন্য নিজ কোষাগার হতে অর্থ বরাদ্দ করে আদালতগুলো সচল রেখেছেন।

(৪) ফৌজদারী মামলাগুলো সঠিকভাবে দ্রুততার সাথে নিষ্পত্তির জন্য সরকারি আইনজীবীদের প্রশিক্ষণের ব্যবস্থা করেছেন।

(৫) রাজ্যে প্রতিটি মহকুমাতে অন্তত একটি করে গ্রাম ন্যায়ালয় স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(৬) রাজ্য আইন পরিষেবা কর্তৃপক্ষ লোক আদালতের মাধ্যমে বহু মামলা নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করেছেন। এছাড়া উক্ত কর্তৃপক্ষ প্রতিটি জেলায় এ.ডি.আর. কেন্দ্র স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করেছেন যাতে আদালতের বাইরের মামলাগুলো আপোষে নিষ্পত্তি করা যায়।

(৭) রাজ্যে যে সমস্ত মহকুমার কোনো আদালত নেই সে সমস্ত মহকুমায় আদালত স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(৮) প্রতিটি জেলায় ২টি করে অতিরিক্ত জেলা ও দায়রা পদমর্যাদাসম্পন্ন বিশেষ আদালত স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যাতে পারিবারিক বিবাদ সহ সংশ্লিষ্ট মামলাগুলি দ্রুত নিষ্পত্তি করা যায়।

(৯) রাজ্যে বেশ কিছু অতিরিক্ত বিচারকের পদ সৃষ্টি করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যাতে বকেয়া মামলাগুলি দ্রুত নিষ্পত্তি করা যায়।

সমাজকল্যাণ আবাসে প্রশিক্ষণ

১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯০) **শ্রীগৌরাঙ্গ চ্যাটার্জী :** নারী বিকাশ এবং সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার ২০১১-১২ আর্থিক বছরে বিভিন্ন সমাজকল্যাণ আবাসে ১,০০০ বালক/বালিকাকে প্রশিক্ষণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে;

(খ) সত্যি হলে, এই বালক-বালিকাদের মধ্যে কতজনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে; এবং

(গ) কতজন প্রশিক্ষণ শেষ না করেই সমাজকল্যাণ আবাস ছেড়ে চলে গিয়েছে?

নারী বিকাশ এবং সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া : (ক) ২০১১-১২ আর্থিক বছরে বিভিন্ন সমাজকল্যাণ আবাসে সুনির্দিষ্ট করে ১,০০০ বালক/বালিকাকে প্রশিক্ষণ দেওয়ার কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

(খ) ২০১১-১২ আর্থিক বছরে মোট ৩৫৬ (তিনশ ছাপ্পান্ন) জন আবাসিককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তন্মধ্যে ৯০ (নব্বই) জন বালক এবং ২৬৬ (দুশ ছেষট্টি) জন বালিকা।

(গ) ৩৩ (তেত্রিশ) জন বালক এবং ৫১ (একান্ন) জন বালিকা প্রশিক্ষণ শেষ না করেই সমাজকল্যাণ আবাস ছেড়ে চলে গিয়েছে।

শ্রমিক বিদ্যাপীঠে প্রশিক্ষণ

১৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯২) **শ্রীগৌরাঙ্গ চ্যাটার্জী :** জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতার শ্রমিক বিদ্যাপীঠ থেকে ৪৮টি বিষয়ের উপরে অদক্ষ, অর্ধদক্ষ এবং শ্রমজীবী পরিবারের বেকার যুবক-যুবতীদের বিনামূল্যে প্রশিক্ষণ দেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, এ যাবৎ প্রশিক্ষণপ্রাপ্তের সংখ্যা কত; এবং

(গ) তন্মধ্যে, শংসাপত্র প্রাপকদের সংখ্যা কত?

জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্য সরকার পরিচালিত কলকাতার শ্রমিক বিদ্যাপীঠ থেকে ২০১০-২০১১ আর্থিক বছরে বিভিন্ন বিষয়ে মোট ৪৮টি কোর্সে অদক্ষ, অর্ধদক্ষ এবং শ্রমজীবী পরিবারের বেকার যুবক-যুবতীদের বিনামূল্যে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

(খ) উক্ত অর্থবর্ষে মোট ৮৯৬ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

(গ) শংসাপত্র প্রাপকদের সংখ্যা ৭৬৩ জন।

তফশিলি জাতি ও উপজাতি অধ্যুষিত এলাকায় গ্রন্থাগার

১৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৩) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত ২০১১-১২ আর্থিক বছরে রাজ্যের বিভিন্ন তফশিলি জাতি, উপজাতি অধ্যুষিত এলাকায় গ্রন্থাগার স্থাপন করা হয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত গ্রন্থাগারের সংখ্যা কত; এবং

(গ) এই গ্রন্থাগারগুলিতে কত টাকার বই এবং আসবাবপত্র প্রদান করা হয়েছে?

জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১১-১২ আর্থিক বছরে কোনো নতুন গ্রন্থাগার স্থাপন করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

গো-পালনের জন্য প্রশিক্ষণ

১৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৪) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে উন্নত সংকর প্রজাতির গো-পালনের জন্য বিগত ২০১১-১২ অর্থবর্ষে কতজন সরকারি স্তরে প্রশিক্ষণ নিয়েছেন; এবং

(খ) প্রশিক্ষণপ্রাপ্তদের স্বাবলম্বী করার জন্য প্রাণী-সম্পদ দপ্তর থেকে কী ধরনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাদয় : (ক) শুধুমাত্র উন্নত সংকর প্রজাতির গো-পালনের জন্য এই রাজ্যে সরকারি স্তরে আলাদা করে প্রশিক্ষণ দেওয়া হয় না। রাজ্য সরকারের উন্নত প্রথায় সার্বিক গো-পালনের প্রশিক্ষণের কর্মসূচির মধ্যেই সেটা অন্তর্ভুক্ত। প্রাপ্ত তথ্য অনুযায়ী ২০১১-১২ অর্থবর্ষে উক্ত গো-পালন প্রশিক্ষণে ৪,২২৭ জন প্রশিক্ষণপ্রাপ্ত হয়েছেন।

(খ) প্রশিক্ষণপ্রাপ্তদের স্বাবলম্বী করার জন্য প্রাণী-সম্পদ দপ্তর থেকে নিম্নলিখিত সাহায্য প্রদান করা হয়ে থাকে :

- প্রশিক্ষণপ্রাপ্তদের স্বকীয় সামর্থ্য এবং আগ্রহ অনুযায়ী প্রকল্প রচনায় সহায়তা করা হয়।
- বিশেষ করে স্বউদ্যোগীদের বৈজ্ঞানিক পদ্ধতিতে গাভী পালনের খামার গঠনে প্রযুক্তিগত উপদেশ দেওয়া হয়।
- ভারত সরকারের ভর্তুকিযুক্ত ডেয়ারি এন্টারপ্রেনিয়রশিপ ডেভেলপমেন্ট স্কিমে গো-পালনের জন্য ন্যাবার্ডের মাধ্যমে ঋণ পেতে সাহায্য করা হয়।
- এছাড়া বিভিন্ন সরকারি প্রকল্পের সঙ্গে যুক্ত করে স্বাবলম্বী হতে সাহায্য করা হয়।

মুরগির মাংসের চাহিদা ও যোগান

১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৬) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** প্রাণী-সম্পদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রত্যহ আনুমানিক মুরগির মাংসের চাহিদা কত;

(খ) রাজ্যে মুরগির মাংসের চাহিদা ও যোগানের মধ্যে কি কোনো পার্থক্য আছে; এবং

(গ) পার্থক্য থাকলে, রাজ্যে মুরগির চাষের বৃদ্ধির জন্য রাজ্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে প্রত্যহ মুরগির মাংসের চাহিদা আনুমানিক ৯১৫ মেট্রিক টন।

(খ) হ্যাঁ। পুষ্টিগতভাবে চাহিদা ও যোগানের মধ্যে পার্থক্য আছে।

(গ) (১) কেন্দ্রীয় সহায়তা প্রকল্পে Rural Backyard Poultry Development' বা 'গ্রামীণ মুক্তাঙ্গন মুরগি উন্নয়ন'-এর মাধ্যমেও দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষের মধ্যে ৪ সপ্তাহের মুরগির বাচ্চা বিতরণের কাজ চলছে।

গত আর্থিক বছরে (২০১১-১২) রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার অধীনে রাজ্য মুরগি খামার টালিগঞ্জের আধুনিকীকরণসহ মেদিনীপুরে একটি নতুন মুরগি খামার স্থাপনের কাজ চলছে। এছাড়া এই বছরেও সিউড়িতে এবং হরিণঘাটায় আরও দুইটি একই প্রকল্প গৃহীত হয়েছে। এছাড়াও জলপাইগুড়ির মোহিত নগর ও পুরুলিয়াতে সম্প্রসারণের প্রকল্প নেওয়া হয়েছে। এর ফলে রাজ্যে বিশেষত মুক্তাঙ্গন পদ্ধতিতে মুরগি পালনের জন্য প্রচুর পরিমাণে বাচ্চা দেওয়া সম্ভব হবে।

(২) এছাড়াও ভারত সরকারের Poultry Venture Capital Fund' প্রকল্পের অধীন বিভিন্ন ভর্তুকিযুক্ত প্রকল্পকে জনপ্রিয় করে বিশেষত ব্রয়লার ও বাণিজ্যিক মুরগি খামার তৈরি করে রাজ্যে মাংস ও ডিমের উৎপাদন বৃদ্ধির চেষ্টা চলছে।

(৩) সর্বোপরি রাজ্য সরকারের অধীন বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্র ও মুরগি খামারে সম্পূর্ণ বিনামূল্যে মুরগি-পালন প্রশিক্ষণের ব্যবস্থা আছে।

পরিত্যক্ত কয়লাখনিতে মৎস্য চাষ

১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৭) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার পরিত্যক্ত খোলামুখ কয়লাখনিগুলিতে সরকার মৎস্য চাষের পরিকল্পনা গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনাটি রূপরেখা কীরূপ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, বর্ধমান জেলার পরিত্যক্ত খোলামুখ কয়লাখনিগুলিতে মৎস্য চাষের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

(খ) উক্ত পরিকল্পনায় প্রাথমিকভাবে বর্ধমান জেলার ৯টি পরিত্যক্ত খোলামুখ কয়লাখনি চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে সালানপুর ব্লকে ৭টি ও বারাবনি ব্লকে ২টি কয়লাখনি আছে। মৎস্য দপ্তর পাইলট প্রোজেক্ট হিসাবে কিছু পরিত্যক্ত খোলামুখ কয়লাখনিতে সামাজিক মৎস্য চাষের মাধ্যমে স্থায়ীন স্তরে স্বয়ম্ভর গোষ্ঠী গঠন করে এই প্রকল্পের সাথে যুক্ত করার পরিকল্পনা করা হচ্ছে।

লোকালয়ের হাতির অনুপ্রবেশ

১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০২) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া, বাঁকুড়া ও বর্ধমান জেলায় লোকালয়ে হাতির হানা বন্ধ করার জন্য সরকার কি কোনো পরিকল্পনা গ্রহণ করেছে;

(খ) করে থাকলে, তা কী ধরনের; এবং

(গ) বিগত ২০১০-১১ আর্থিক বছরে উক্ত তিন জেলায় লোকালয়ে উল্লেখিত ঘটনার সংখ্যা কত (পৃথক পৃথক ভাবে)?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) লোকালয়ে হাতির হানা বন্ধ করার জন্য সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

(খ) লোকালয়ে হাতি অনুপ্রবেশ বন্ধ করার জন্য সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপ হল—

(১) দক্ষিণবঙ্গে, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার অংশ বিশেষ নিয়ে ময়ুরঝর্ণা হস্তি সংরক্ষণ প্রকল্প (Mayarjharna Elephant Reserve) তৈরি হয়েছে।

হাতি অধ্যুষিত জঙ্গলে বাঁশ ও তাদের খাদ্যোপযোগী গাছের চারা লাগান হয়েছে। যেখানে যেমন প্রয়োজন সেখানে প্রাকৃতিক আবাসের সংরক্ষণের জন্য গাছপালা, জল সম্পদ, নুনমাটি, মৃত্তিকা সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে।

(২) হাতি-মানুষ সংঘর্ষ রোধের জন্য সরাসরি ব্যবস্থা যেমন বিদ্যুৎবাহী বেড়া তৈরি (১৩.৫ কিমি), ক্ষয়ক্ষতি হ্রাসের জন্য এলিফ্যান্ট স্কোয়াড তৈরি, আগেভাগে সতর্কবার্তার মাধ্যম মানুষকে সজাগ করা প্রভৃতি।

(৩) হাতি-মানুষ সংঘর্ষ রোধের জন্য বিকল্প ব্যবস্থা, যেমন হাতির আবাসস্থলের বাইরে অবস্থিত সমষ্টীগত ও সরকারি জমিতে গোচারণ ভূমি এবং বনভূমির উন্নতিবিধান করা হয়েছে।

(৪) ক্ষতিগ্রস্ত পরিবারবর্গকে আর্থিক ক্ষতিপূরণ প্রদান করা হয়।

(৫) পথনাটিকা, পুস্তিকা, প্রচারপত্র বিতরণ প্রভৃতি তথা সেমিনার, ওয়ার্কশপ, আলোচনা সভা ইত্যাদির দ্বারা হাতি সম্পর্কে জনসচেতনতা গড়ে তোলার মাধ্যমে হাতি সংরক্ষণের উপায় নির্দিষ্ট করা হচ্ছে।

(৬) যৌথ বন পরিচালন ব্যবস্থার মাধ্যমে স্থানীয় জনগণকে বন ও বন্যপ্রাণী সুরক্ষার কাজ লাগানো।

(৭) বর্তমান আর্থিক বছরে ৪টি অপ্রাপ্ত বয়স্ক হাতিকে ধরার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(৮) হাতি খেদানো দলের (হুল্লা পার্টি) দ্বারা লোকালয় এবং শস্যক্ষেত্র থেকে অনুপ্রবেশিত হাতিদের তাড়ানোর ব্যবস্থা করা হয়।

(গ) ২০১০-১১ সালে পুরুলিয়া জেলায় ২৮-৩২টি হাতির দুটি দল ৯৫ বার লোকালয়ে ঢুকে পড়ে। একটি দল রাঁচি থেকে ও একটি দল হাজারিবাগ থেকে আসে। মূলত মে থেকে অক্টোবর মাসের মধ্যে বেশিরভাগ হাতির হানার ঘটনা ঘটে। অপর দিকে নভেম্বর থেকে এপ্রিল পর্যন্ত এই ধরনের ঘটনা কম ঘটেছে।

২০১২-১১ সালে বর্ধমান জেলায় ৫ বার লোকালয়ে হাতি ঢুকে পড়ে। মে থেকে জুলাই পর্যন্ত হাতির হানার তিনটি ঘটনা ঘটে। অক্টোবর এবং মার্চ মাসে একটি করে ঘটনা ঘটেছে। এই জেলায় প্রধানত নিঃসঙ্গ দাঁতাল হাতির দ্বারা অনুপ্রবেশের ঘটনা বেশি ঘটেছে লক্ষ্য করা গেছে।

২০১০-১২ সালে বাঁকুড়া জেলায় ১৩৮ বার লোকালয়ে হাতি ঢুকে পড়ে। এই জেলায় প্রত্যেক মাসেই হাতির হানার ঘটনা ঘটেছে। হাতির প্রতিটি দলে কমপক্ষে ৩-৫টি ও সর্বোচ্চ ৮০-৯০টি হাতি লক্ষ্য করা গেছে।

বর্ধমানে পশুপালন প্রশিক্ষণ কেন্দ্র

১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৩) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার পশ্চিমাঞ্চলের বেকার যুবক-যুবতীদের পশুপালন সম্পর্কে প্রশিক্ষণ দেওয়ার জন্য প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা সরকারের আছে, এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটির রূপরেখা কীরূপ?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্ধমান জেলার পশ্চিমাঞ্চলের বেকার যুবক-যুবতীদের পশুপালন সম্পর্কে প্রশিক্ষণ দেওয়ার জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের সুনির্দিষ্ট কোনো পরিকল্পনা এই মুহূর্তে সরকারের তরফ থেকে নেওয়া হয়নি।

(খ) প্রযোজ্য নয়।

সংশোধনাগারের আবাসিকদের শিক্ষাদান

১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬৩) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :** সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সবকটি সংশোধনাগারের আবাসিকদের সাক্ষরতা কর্মসূচির আওতায় মৌলিক ও উচ্চশিক্ষা প্রদান করার ব্যবস্থা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, ২০১১-১২ সালে ৩১শে মে, ২০১২ সাপেক্ষে কতজন আবাসিককে এই কর্মসূচির আওতায় আনা সম্ভব হয়েছে?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সবকটি কেন্দ্রীয় সংশোধনাগার, ৭টি জেলা সংশোধনাগার, ২টি মহিলা সংশোধনাগার এবং ৪টি উপ-সংশোধনাগারে সাক্ষরতা কর্মসূচির মাধ্যমে মৌলিক লাভের ব্যবস্থা হয়েছে।

সবকটি কেন্দ্রীয় সংশোধনাগার ও জেলা সংশোধনাগারে এবং ২টি মহিলা সংশোধনাগারে উচ্চশিক্ষা লাভের ব্যবস্থা আছে।

(খ) ৩১শে মে, ২০১২ পর্যন্ত মোট ১,৮৭৮ জন আবাসিককে সাক্ষরতা কর্মসূচির আওতায় আনা সম্ভব হয়েছে। ২০১২-র মাধ্যমিক পরীক্ষায় ১০৮ জন উত্তীর্ণ হয়েছেন। ২ জন এম.সি.-এ পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন।

পর্যটন কেন্দ্রের উন্নয়ন

১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮২) **শ্রী অসিত কুমার মাল :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের পর্যটন কেন্দ্রগুলির আকর্ষণীয় করে গড়ে তোলার জন্য সরকার বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে,

(খ) সত্যি হলে, বীরভূম জেলার তারাপীঠের জন্য কোনো উদ্যোগ ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে কি না; এবং

(গ) হয়ে থাকলে, তা কীরূপ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) বীরভূম জেলার তারাপীঠকে কেন্দ্র করে পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য খসড়া প্রকল্প রিপোর্ট (ডি.পি.আর.) তৈরি করা হয়েছে।

(গ) বর্তমান প্রকল্প রূপায়ণের জন্য উপযুক্ত জমির অনুসন্ধান করা হচ্ছে।

আলিপুর চিড়িয়াখানায় দর্শক সংখ্যা

১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৮) **শ্রী বাসুদেব খাঁ :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-১২ আর্থিক বছরে আলিপুর চিড়িয়াখানায় দর্শক সংখ্যা কত ছিল; এবং

(খ) উক্ত সময়ে প্রবেশ কর বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ কত?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১১-১২ আর্থিক বছরে আলিপুর চিড়িয়াখানায় দর্শক সংখ্যা ছিল তেইশ লক্ষ একান্ন হাজার সাত শত চৌদ্দ (২৩,৫১,৭১৪) জন।

(খ) উক্ত সময়ে প্রবেশ কর বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ ছিল চার কোটি সত্তর লক্ষ চৌত্রিশ হাজার দুশো আশি (৪,৭০,৩৪,২৮০) টাকা।

প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের গৃহনির্মাণ

১৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২০১০) **শ্রী আব্দুর রহিম বক্সী :** বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা এপ্রিল, ২০১২ থেকে ৩১শে মে, ২০১২ তারিখ সাপেক্ষে রাজ্যে কত সংখ্যক গৃহ প্রাকৃতিক দুর্যোগে (ঝড়, শিলাবৃষ্টি) ক্ষতিগ্রস্ত হয়েছে (জেলাওয়ারি তথ্য সহ);

(খ) ক্ষতিগ্রস্ত পরিবারদের গৃহ নির্মাণের জন্য আর্থিক সাহায্য করার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(গ) থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কীরূপ?

বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক)

জেলা	পূর্ণ ক্ষতিগ্রস্ত	আংশিক ক্ষতিগ্রস্ত
কোচবিহার	৯,৭৪২	১৭,৮৩৫
জলপাইগুড়ি	১২,৩৭৯	২০,৭৯৭
দার্জিলিং	৫১৭	২,৫১৪
উত্তর দিনাজপুর	২৫,৮২৯	২২,৫১১
দক্ষিণ দিনাজপুর	৩,৫৪৭	২,৮৭৫
মালদা	২৮,৮৫০	৩০,৮৯৮
মুর্শিদাবাদ	৫৭৫	১,৯৩৭
নদীয়া	—	—
উত্তর ২৪-পরগণা	১৬০	৮৭২
দক্ষিণ ২৪-পরগণা	৮৮	১২,২৮২
হাওড়া	৩৭	৮৩৬
হুগলি	০	১০
বর্ধমান	৭৫৮	৪,০৫৭
বীরভূম	৬,৬৩৮	১১,৩৫১
বাঁকুড়া	১২০	৬৪৭
পুরুলিয়া	৮৫	৪৯৫
পশ্চিম মেদিনীপুর	৯৯৯	৯,৩৯০
পূর্ব মেদিনীপুর	—	২৯৯
মোট	৯০,৩২৪	৩৯,৬০৬

(খ) হ্যাঁ, সরকার প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত গৃহ নির্মাণের জন্য অনুদান দিয়ে থাকে।

(গ) ক্ষতিগ্রস্ত পরিবারদের গৃহ নির্মাণ বাবদ আর্থিক সাহায্যের জন্য নিম্নলিখিত শর্তগুলি পূরণ করা আবশ্যক :

(১) পঞ্চায়েত সমিতির একজন সদস্য, ব্লক উন্নয়ন অফিসের একজন সদস্য, সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের একজন সদস্য এবং ঐ গ্রাম পঞ্চায়েতের বিরোধী দলনেতা, এই চারজনের একটি দল পরিদর্শন সাপেক্ষে গৃহ ক্ষতির একটি প্রতিবেদন জমা দেবেন।

(২) জেলাশাসক একটি M-Form পূরণ করে পাঠাবেন যাতে ক্ষতিগ্রস্ত লোকেদের সই অথবা টিপছাপ থাকবে এবং ক্ষতিগ্রস্ত বাড়িগুলির ছবি দেওয়া থাকবে। এই M-Form সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের মাধ্যমে দপ্তরে আসতে হবে।

(৩) প্রাকৃতিক বিপর্যয়ের ফলে ক্ষতিগ্রস্ত গৃহ নির্মাণ অথবা মেরামতির জন্য নিম্নলিখিত হারে অনুদান দেওয়া হয় :

সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত		আংশিক ক্ষতিগ্রস্ত	
কাঁচা বাড়ি	পাকা বাড়ি	কাঁচা বাড়ি	পাকা বাড়ি
১৫,০০০/-	৩৫,০০০/-	৩,২০০/-	৬,৩০০/-

(৪) ক্ষতিগ্রস্ত গৃহের মালিকানা সঠিক হতে হবে ও সেই মর্মে জেলা থেকে সার্টিফিকেট দিতে হবে।

ডুয়ার্সে পর্যটন কেন্দ্র

১৮১। (অনুমোদিত প্রশ্ন নং ২০২৭) **শ্রী অনন্তদেব অধিকারী :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডুয়ার্সের কোন্ কোন্ স্থানে পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) ডুয়ার্সের ঐতিহাসিক নিদর্শনগুলি সংরক্ষণের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ডুয়ার্সের নিম্নলিখিত স্থানগুলিতে পর্যটন কেনেদ্রর উন্নয়ন ও পর্যটন কেন্দ্র গড়ে তোলার কাজ চলছে—বক্সাদুয়ার, মহাননদা ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারি, তিস্তা ব্যারেজের নিকট গাজলডোবা, তিলাবাড়ি, গরুমারা ন্যাশনাল পার্ক, জলদাপাড়া ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারির অধীনস্থ মাদারিহাট, হলং-দক্ষিণ খয়েরবাড়ি-কুঞ্জনগর, রাজাভাতখাওয়া, জয়ন্তী-বক্সাদুয়ার, হাতিপোতা। এছাড়া চা পর্যটন চক্র প্রকল্পের অধীনে ডামডিম মোর, মালবাজার, সামসিং টি এস্টেট, বাটাবারি, নাগরাকাটা, বিন্নাগুড়ি, মূর্তি ট্যুরিস্ট কমপ্লেক্স এলাকায় পর্যটন কেন্দ্র গড়ে তোলার কাজ চলছে।

(খ) পর্যটন বিভাগ এ বিষয়ে বিশেষ উৎসাহী। বক্সা কোর্টের চারিপাশে সৌন্দর্যয়ন-এর কাজ দ্রুত রূপায়িত হবে। এছাড়া জেলাশাসক/জেলা পরিষদ-এর পক্ষ থেকে এ বিষয়ে আরও সুনির্দিষ্ট প্রস্তাব এলে অবশ্যই বিবেচনা করা হবে।

ন্যায্য মূল্যে সার সরবরাহ

১৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩২) **শ্রী পরেশ অধিকারী :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সরকার নির্ধারিত মূল্যে কৃষকদের সার সরবরাহ লক্ষ্যে রাজ্য সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাজ্য সরকার বিগত সেপ্টেম্বর, ২০১১ থেকে সরকার নির্ধারিত মূল্যে রাজ্যের প্রতিটি জেলায় সার নিয়ন্ত্রণ আদেশ ও অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ মোতাবেক জেলা প্রশাসনের সহযোগিতায় সারের দোকানে কড়া নজরদারি চালু করেছেন এবং উক্ত আদেশগুলি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সেপ্টেম্বর, ২০১১ থেকে মার্চ, ২০১২ পর্যন্ত বিগত ৬ মাসে সারের দোকানে নজরদারির খতিয়ান নিম্নরূপ :

(১) দোকান পরিদর্শন	—	৮,৮৮৮টি
(২) সাময়িক বরখাস্ত	—	৩৫৭টি
(৩) অনুমতি বাতিল	—	৭৮টি
(৪) এফ. আই. আর.	—	২৭টি
(৫) সিজার	—	১২টি

বর্তমানে এই নজরদারি বহাল রয়েছে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

এখানে উল্লেখ্য ভারত সরকার ইউরিয়া ব্যতীত অন্য সমস্ত রকম সারের (ফসফেট ও পটাশ) বিক্রয় মূল্য ৮ই জুলাই, ২০১১ তারিখ থেকে বিনিয়ন্ত্রিত করেছে এবং সার প্রস্তুতকারী সংস্থাগুলিকে সর্বোচ্চ খুচরো মূল্য ঠিক করার দায়িত্ব দিয়েছে। সার সংস্থাগুলিকে প্রতিটি বস্তার গায়ে MRP এবং সরকারি ভর্তুকির পরিমাণ মুদ্রিত করার নির্দেশ দেওয়া হয়েছে। সর্বোচ্চ খুচরো সার ক্রয় করার সচেতনতা বৃদ্ধিতে রাজ্য সরকার প্রেস বিজ্ঞপ্তি জারি করেছে।

হলদিবাড়িতে সব্‌জি প্রক্রিয়াকরণ

১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৪) **শ্রী পরেশ অধিকারী :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা সত্যি যে, কোচবিহারের হলদিবাড়িতে টমেটো ও লঙ্কার প্রক্রিয়াকরণের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) কোচবিহারের

হলদিবাড়িতে টমেটো ও লঙ্কার ব্যাপক উৎপাদন হেতু দপ্তরের উদ্যোগে একটি সব্‌জি প্রক্রিয়াকরণ ইউনিট স্থাপনের পরিকল্পনা ছিল এবং এই মর্মে একটি পূর্ণাঙ্গ প্রকল্প প্রতিবেদন তৈরির জন্য খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন দপ্তর তেকে আই.সি.আই.-উইনফ্রা (আইউইন অ্যাডভাইসরি সার্ভিসেস লিমিটেড)-কে ২০০৭ সালে দায়িত্ব দেওয়া হয়েছিল। উক্ত সংস্থা পূর্ণাঙ্গ প্রকল্প প্রতিবেদন এই দপ্তরে জমা দিয়েছিল। বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে।

(খ) প্রকল্পটি রূপায়ণের ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত এখনও কিছু নেওয়া হয়নি।

জলপাইগুড়ি জেলায় সার্কিট বেঞ্চ

১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৫) **শ্রী পরেশ অধিকারী :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জলপাইগুড়ি জেলায় সার্কিট বেঞ্চ কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ ১৮/১২/২০০২ তারিখে জলপাইগুড়িতে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কিন্তু পূর্বতন সরকার একটি অপরিকল্পিত ভাড়া বাড়িতে সার্কিট বেঞ্চের কাজ শুরু করার চেষ্টা চালায়। এই ভাড়া করা ভবনের জন্য সংস্কারসাধন, বাড়ি ভাড়া, বিদ্যুৎ খরচ, আসবাবপত্র ইত্যাদির জন্য মোট ৪.৭৭ কোটি টাকা ব্যয় করলেও আদালত ভবন নির্মাণকল্পে কোনো টাকা বরাদ্দ করেনি। বর্তমান সরকার জলপাইগুড়িতে একটি নতুন সার্কিট বেঞ্চ ভবন নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সীমানা প্রাচীর নির্মাণ ও জমি উন্নয়ন বাবদ ইতিমধ্যেই ৬.২৭ কোটি টাকা ব্যয় করা হয়েছে। সার্কিট বেঞ্চের মূল ভবনটি ৮০.৪৮ কোটি টাকা মূল্যমানে নির্মাণ করার খসড়া তৈরি করা হয়েছে ও অনুমোদনের প্রতীক্ষায় রয়েছে। অনুমোদন পেলেই কাজ শুরু হবে। আশা করা যাচ্ছে কাজ শীঘ্রই সম্পন্ন হবে। কাজ শেষ হলেই সার্কিট বেঞ্চের কাজ শুরু হবে।

I.T.I. at Goalpokhar

185. (Admitted Quiestion No. 2061) **Shri Md. Gulam Rabbani :** Will the Minister-in-Charge of the Technical Education and Training Department be pleased to state—

(a) whether it is a fact that the Government has decided to set up an I.T.I. College at Goalpokhar block in Uttar Dinajpur district; and

(b) if so, the details thereof ?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, সরকার উত্তর দিনাজপুরের গোয়ালপুকুর ব্লক—১-এ একটি আই.টি.আই. প্রতিষ্ঠিত করার সিদ্ধান্ত নিয়েছে।

(খ) কেন্দ্রীয় সরকারের বহুমুখী উন্নয়ন পরিকল্পনায় গোয়ালপুকুর ব্লক-১, মৌজা পাঞ্জিপাড়া, জে.এল. নং ২২, প্লট নং ৪৩২৩, ৪৩২৪, ৪৩২৫, ৪৩২৬, ৪৩৬৪, ৪৩৭১ এবং ৪৩৭২-তে

৪.৩৪ একর জমিতে একটি আই.টি.আই. প্রতিষ্ঠিত করার জন্য ৫ কোটি ৮৯ লক্ষ ৯৪ হাজার টাকা অনুমোদন করা হয়েছে। সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের পর্যবেক্ষণের ভিত্তিতে প্রকল্পটি রূপায়িত হবে।

কোচবিহারে নতুন হিমঘর

১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৬) **শ্রী নগেন্দ্র নাথ রায় :** কৃষিজ বিবণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার কোচবিহার জেলায় নতুন হিমঘর স্থাপনের পরিকল্পনা করছে; এবং

(খ) সত্যি হলে, সেগুলি কোথায় স্থাপিত হবে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্য সরকার রাজ্যের প্রতিটি জেলার প্রতিটি ব্লকে প্রয়োজনভিত্তিক পর্যায়ক্রমে হিমঘর স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। এজন্য প্রথন পর্যায়ে প্রাথমিক ভাবে ৯২টি স্থান চিহ্নিত হয়েছে।

(খ) কোচবিহার জেলায় প্রাথমিক ভাবে নির্বাচিত স্থানগুলি নিম্নরূপ—

(১) জেলা বীজখামার, মাথাভাঙ্গা-২

(২) ব্লক বীজখামার, শীতলকুচি

(৩) তুফানগঞ্জ নিয়ন্ত্রিত বাজার সমিতির মুখ্য বাজার চত্বর।

পুরীতে রাজ্য কিষাণ অতিথি আবাস

১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮১) **শ্রী রামেশ্বর দোলই :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার পুরীতে রাজ্য কিষাণ অতিথি আবাস নির্মাণের পরিকল্পনা নিয়েছে;

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত নির্মাণের কাজ শুরু হবে;

(গ) উক্ত নির্মাণ কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়; এবং

(ঘ) এই বাবদ আনুমানিক ব্যয় কত?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ওড়িশার পুরীতে পশ্চিমবঙ্গ সরকার রাজ্য কিষাণ অতিথি আবাস নির্মাণের ভাবনা-চিন্তা করছে।

(খ) বিষয়টি এখন ভাবনা-চিন্তার স্তরে আছে।

(গ) এখনই বলার কোনো সুযোগ নেই।

(ঘ) এখনই বলার কোনো সুযোগ নেই।

একলব্য বিদ্যালয়ে শিক্ষক ও কর্মীদের বেতন

১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৭) **শ্রী রামেশ্বর দোলই :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের "একলব্য" স্কুলের শিক্ষক ও শিক্ষাকর্মীদের মাসিক বেতন নিয়মিত প্রদান করা সম্ভব হচ্ছে না; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কী?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

টোলের মাধ্যমে কর সংগ্রহ

১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১০৫) **শ্রী শাহাজাহান চৌধুরী :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, টোলের মাধ্যমে কর সংগ্রহের পদ্ধতি সরকার বাতিলের সিদ্ধান্ত নিচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্য সরকার, চেকিং পয়েন্টের মাধ্যমে বাজার শুল্ক সংগ্রহের পদ্ধতি পর্যায়ক্রমে তুলে দেবার কথা ভাবনা-চিন্তা করছে।

(খ) চেকিং পয়েন্টের মাধ্যমে বাজার শুল্ক সংগ্রহের পদ্ধতির কিছু অসুবিধা আছে, এগুলি হলো—

(১) যানবাহন চলাচলের স্বাভাবিক গতি ব্যাহত হচ্ছে।

(২) অধিকাংশ চেকিং পয়েন্ট সংলগ্ন বাইপাস রাস্তা থাকার কারণে পণ্যবাহী যান সেই বাইপাস ব্যবহার করেছে, ফলে প্রাপ্য বাজার শুল্ক আদায় অনেকাংশে কম হচ্ছে।

(৩) সরকারি ও বেসরকারি ব্যবসায়িক সংস্থাগুলির ক্ষেত্রে বিভিন্ন চেকিং পয়েন্টে বিক্ষিপ্তভাবে বাজার শুল্ক সংগ্রহ করা অপেক্ষা কেন্দ্রীয়ভাবে রিটার্ন পদ্ধতিতে বাজার শুল্ক সংগ্রহ করা বেশি সুবিধাজনক।

আদিবাসী বার্ধক্য ভাতা

১৯০। (অনুমোদিত প্রশ্ন নং ২১২০) **শ্রী খগেন মুর্মু :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা এপ্রিল, ২০১১ থেকে ৩০শে এপ্রিল, ২০১২ পর্যন্ত কত সংখ্যক আদিবাসীকে বার্ধক্য ভাতা প্রদান করা হয়েছে (জেলাওয়ারি তথ্য সহ); এবং

(খ) আদিবাসী বার্ধক্যভাতা প্রাপকদের চিহ্নিতকরণের জন্য নিয়মনীতি সরলীকরণের বিষয়ে সরকারে কোনো পরিকল্পনা আছে কি না?

অনগসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১,৩০,৪৬৩ জন আদিবাসীকে বার্ধক্য ভাতা প্রদান করা হয়েছে। জেলাওয়ারি তথ্য নীচে দেওয়া হল :

SI. No.	District	Beneficiaries
1.	Nadia	1,678
2.	Birbhum	13,330
3.	Bankura	9,268
4.	Hooghly	7,619
5.	Murshidabad	4,000
6.	Uttar Dinajpur	2,831
7.	Dakshin Dinajpur	7,737
8.	Purba Medinipur	273
9.	Paschim Medinipur	31,282
10.	Jalpaiguri	4,468
11.	Jalpaiguri (Closed Tea Garden)	693
12.	North 24-Parganes	5,751
13.	South 24-Parganes	3,751
14.	Howrah	184
15.	Burdwan	9,087
16.	Darjeeling (Siliguri	1,242
17.	DGHC	5,606
18.	Nalda	4,028
19.	Purulia	17,401
20.	Cooch Behar	234
	TOTAL	**1,30,463**

(খ) না, আদিবাসী বার্ধক্যভাতা প্রাপকদের চিহ্নিতকরণের জন্য যথেষ্ট সরল নিয়মনীতি সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে। বর্তমানে এ বিষয়ে আর কোনো বাড়তি পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

মালদহ জেলায় নতুন পৌরসভা গঠন

১৯১। (অনুমোদিত প্রশ্ন নং ২১২১) **শ্রী খগেন মুর্মু :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলায় নতুন পৌরসভা গঠনের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, কোথায় কোথায় এবং কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) মালদহ জেলায় চাঁচলে পৌরসভা গঠনের প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

হবিবপুরে নলবাহিত পানীয় জল সরবরাহ

১৯২। (অনুমোদিত প্রশ্ন নং ২১২৩) **শ্রী খগেন মুর্মু :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদা জেলার হবিবপুর বিধানসভা কেন্দ্র এলাকায়—

(১) ১লা এপ্রিল, ২০০৯ থেকে ৩১শে মার্চ, ২০১১ ও

(২) ১লা জুন, ২০১১ থেকে ৩১শে মে, ২০১২ পর্যন্ত কতগুলি নলবাহিত জল সরবরাহ প্রকল্প অনুমোদিত হয়েছে; এবং

(খ) উক্ত প্রকল্পগুলির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) মালদা জেলায় হবিবপুর বিধানসভা কেন্দ্র এলাকায় ১লা এপ্রিল, ২০০৯ থেকে ৩১শে মার্চ, ২০১১ ও ১লা জুন, ২০১১ থেকে ৩১শে মে, ২০১২ পর্যন্ত অনুমোদিত নলবাহিত জল সরবরাহ প্রকল্প এবং প্রকল্পগুলির বর্তমান অবস্থার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেওয়া হল ঃ

(১) ১লা এপ্রিল, ২০০৯ থেকে ৩১শে মার্চ, ২০১১

Sl. No.	Name of PWS Scheme	Name of block	Est.cost (in Rs. Lakh)	No. of villages covered	Total pop. benefitted (Census, 2001)	SC pop benefitted (Census, 2001)	ST pop. benefitted (Census, 2001)	Present Status
1.	Bhabuk	Habibpur	285.11	7	8,686	5,007	1,737	Ongoing Scheme
2.	Dakshin Brindabanpur	Habibpur	187.36	8	6,466	3,518	1,543	Ongoing Scheme
3.	Dalla	Habibpur	233.38	3	8,377	6,885	1,126	Ongoing Scheme
4.	Jagajjibanpur	Habibpur	152.67	4	3,736	3,062	527	Ongoing Scheme
5.	Kadirpur	Habibpur	232.14	12	4,985	2,524	1,856	Ongoing Scheme
6.	Mianagar	Habibpur	227.04	10	6,303	2,490	2,020	Ongoing Scheme
7.	Pannapur	Habibpur	257.38	7	7,357	5,377	1,493	Ongoing Scheme

L No.	Name of PWS Scheme	Name of block	Est.cost (in Rs. Lakh)	No. of villages covered	Total pop. benefitted (Census, 2001)	SC pop benefitted (Census, 2001)	ST pop. benefitted (Census, 2001)	Present Status
8.	Rajarampur	Habibpur	264.74	5	6,781	2,141	3,813	Ongoing Scheme
9.	Sankail	Habibpur	252.92	8	6,888	2,691	2,802	Ongoing Scheme
10.	Baherpur	Bamangola	862.5	17	17,433	5,576	3,376	Ongoing Scheme
11.	Basara	Bamangola	284.35	12	6,457	4,139	1,814	Ongoing Scheme
12.	Khatil	Bamangola	246.51	6	8,543	2,588	2,185	Ongoing Scheme

(২) ১লা জুন, ২০১১ থেকে ৩১শে মে, ২০১২

Sl. No.	Name of PWS Scheme	Block	Est. cost (in Rs. lakh)	No of		Population (2001) Benefitted			Present Status
				Villages Covered	Habitation Covered	Total	SC	ST	
1.	Parameswarpur (New)	Bamangola	307.66	11	31	10,111	6,443	3,108	Ongo-ing Scheme

(খ) উক্ত প্রকল্পগুলির কাজের বর্তমান অবস্থা উপরি-উক্ত তালিকাগুলির শেষ কলমে উল্লেখ করা আছে।

হবিপুর আই.টি.আই. কলেজের বর্তমান অবস্থা

১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ২১২৬) **শ্রী খগেন মুর্মু :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হবিবপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হবিবপুর (বুলবুলচণ্ডী) আই.টি.আই. কলেজের অবস্থা বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(খ) বর্তমান শিক্ষাবর্ষে উক্ত কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির কোনো পরিকল্পনা আছে কি না?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হবিবপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হবিবপুর (বুলবুলচণ্ডী) আই.টি.আই. কলেজের সরকারি কাজকর্ম স্বাভাবিক নিয়মে চলছে।

(খ) বর্তমান শিক্ষাবর্ষে (আগস্ট, ২০১২) ইলেক্ট্রিসিয়ান, ড্রেস মেকিং এবং মেকানিক কনজিউমার ইলেক্ট্রনিকস ট্রেড কোর্সে ছাত্রছাত্রীদের ভর্তির উদ্দেশ্যে গত ২৯-০৫-২০১২ তারিখে এন.সি.ভি.টি. সদস্য দ্বারা পরিদর্শিত হয়েছে এবং উল্লেখিত কোর্সগুলির এন.সি.ভি.টি. স্বীকৃতি

পাওয়ার জন্য এন.সি.ভি.টি.-এর নিউ দিল্লি অফিসে পাঠানো হয়েছে। উপরোক্ত ট্রেড কোর্সগুলিতে ভর্তি প্রক্রিয়া শুরু হবে এন.সি.ভি.টি.-এর স্বীকৃতি পাওয়ার পর।

নিয়ন্ত্রিত বাজার স্থাপন

১৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ২১৩৮) **শ্রী প্রবোধ চন্দ্র সিনহা :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জুন, ২০১১ থেকে ৩১শে মে, ২০১২ পর্যন্ত সময়ের মধ্যে রাজ্যে কোন্ কোন্ স্থানে কটি নিয়ন্ত্রিত বাজার স্থাপন করা হয়েছে; এবং

(খ) উক্ত বাজারগুলিতে কৃষিজ পণ্য বিপণনের জন্য কী কী পরিকাঠামো গড়ে তেলা হয়েছে?

কৃষিজ বিপণনের বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ অনুসারে রাজ্য সরকার কোনো নিয়ন্ত্রিত বাজার স্থাপন করে না।

(খ) প্রযোজ্য নয়।

'জল ধরো—জল ভরো' প্রকল্প

১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪০) **শ্রীপ্রবোধ চন্দ্র সিনহা :** জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) "জল ধরো—জল ভরো" প্রকল্পে ৩১শে মে, ২০১২ পর্যন্ত রাজ্যে মোট কতগুলি পুষ্করিণী সংস্কার/নতুন করে খনন করা হয়েছে; এবং

(খ) এই বাবদ মোট কত টাকা ব্যয় হয়েছে?

জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগে "জল ধরো—জল ভরো" প্রকল্পে ৩১শে মে, ২০১২ পর্যন্ত রাজ্যে বিভিন্ন প্রোগ্রামে (যথা, MGNREGA, AIBP, RKVY, CORE SECTOR ইত্যাদি) ৬৭টি পুষ্করিণী সংস্কার, ৩০টি নতুন পুকুর খনন, ১৭টি চেক ড্যাম ও ৫৪টি SFMIS, সর্বমোট ১৬৮টি বিভিন্ন প্রকল্প অনুমোদিত হয়েছে।

এর মধ্যে ১৯টি পুষ্করিণী সংস্কার, ৩টি নতুন পুকুর খনন, ৭টি চেক ড্যাম ও ২১টি SFMIS, সর্বমোট ৪৯টি প্রকল্পের কাজ শেষ হয়েছে। ৩৪টি পুষ্করিণী সংস্কার, ২১টি নতুন খনন, ১১টি চেক ড্যাম ও ২৫টি SFMIS সর্বমোট ৯১টি প্রকল্পের কাজ চলছে। বাদবাকি কাজগুলিও এই বছরেই শুরু হবে।

(খ) সর্বমোট ১৬৮টি প্রকল্পের অনুমোদিত ব্যয় ৪৪,৪০ কোটি টাকা যার মধ্যে ৩১-০৫-২০১২ পর্যন্ত বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১০.৯৭ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ৯.৩২ কোটি টাকা প্রায়।

শিক্ষকদের প্রশিক্ষণ

১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৬) **শ্রী রণজিৎ কুমার মণ্ডল :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাইট টু এডুকেশন, ২০১০ (আর টি ই, ২০১০) আইন অনুসারে রাজ্যের অশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের ট্রেনিং দেওয়ার বিষয়ে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এ বিষয়ে বিদ্যালয় শিক্ষা দপ্তর শিক্ষণপ্রাপ্ত নয় এমন প্রাথমিক শিক্ষকদের দূরশিক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গ প্রাথমিক বিদ্যালয় পর্ষদ ও ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত বিশ্ববিদ্যালয় মারফৎ প্রশিক্ষণের ব্যবস্থা করবে। এ বিষয়ে ইতিমধ্যে এন.সি.টি.ই. এর সঙ্গে যোগাযোগ করা হয়েছে।

উচ্চ-প্রাথমিক/মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে একই ধরনের প্রচেষ্টা উচ্চশিক্ষা দপ্তর হতে নেওয়া হচ্ছে।

সরকারি দুধের মূল্য বৃদ্ধি

১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৩) **শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত কয়েক মাসে সরকারি দুধের দাম বৃদ্ধি পেয়েছে;

(খ) সত্যি হলে, কারণ কী; এবং

(গ) ১লা জুন, ২০১১ থেকে ৩১শে মে, ২০১২ এর মধ্যে কতবার কী পরিমাণ মূল্য বৃদ্ধি ঘটেছে?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) গত কয়েক মাসে সরকারি ডেয়ারিতে প্রস্তুত প্রচলিত দুধের কোন রকম দাম বৃদ্ধি ঘটেনি।

(খ) প্রযোজ্য নয়।

(গ) ১লা জুন, ২০১১ থেকে ৩১শে মে, ২০১২ এর মধ্যে সরকারি ডেয়ারিতে প্রস্তুত প্রচলিত কোন দুধের মূল্য বৃদ্ধি ঘটেনি।

তবে, উক্ত সময়ের ভিতরে জনগণের চাহিদা মেটানোর প্রয়োজনে সরকারি ডেয়ারি থেকে এক প্রকারের নূতন দুধ বাজারে আনা হয়েছে।

গাজোল-চাঁচোল সড়কের মেরামতি

১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৬) **শ্রী খগেন মুর্মু :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদা জেলার গাজোল থেকে হরিশ্চন্দ্রপুর ভায়া চাঁচোল পর্যন্ত জাতীয় সড়কটি মেরামতের কোনো পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমোহদয় : (ক) হ্যাঁ।

(খ) উক্ত রাস্তার মোট ৫০ কি.মি.র মধ্যে ৩৬ কি.মি.-র নবীনিকরণের জন্য (পি.আর. ওয়ার্ক কাজের দরপত্র গ্রহণ করা হয়েছে এবং এক মাসের মধ্যে কাজ শুরু হতে পারে।

পরবর্তী ১৪ কি.মি. রাস্তার জন্য নবীনিকরণের (পি.আর.ওয়ার্ক) কাজের দরপত্র আহ্বান করা হয়েছে।

ডোকরা শিল্পীদের উন্নয়ন

১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৬) **শ্রী সৌমিত্র খাঁ :** ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া জেলার ডোকরা শিল্পীদের উন্নতির ব্যাপারে সরকারের চিন্তা ভাবনা কী?

ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বাঁকুড়া জেলার ডোকরা শিল্পীদের জন্য সরকার ইতিমধ্যে বিভিন্ন কর্মসূচি নিয়েছে—

(১) ডোকরা শিল্পীরা যাতে তাদের তৈরি দ্রব্য বিভিন্ন জায়গায় বিক্রি করতে পারে সেই লক্ষ্যে তাদের বিভিন্ন মেলায় অংশগ্রহণের সুযোগ করা হয়েছে।

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাস্তরের মেলায় তাদের সক্রিয় অংশগ্রহণ জেলা শিল্প কেন্দ্রের মাধ্যমে সম্ভব হয়।

(খ) ক্ষুদ্র ও ছোট উদ্যোগ অধিকারের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত রাজ্যস্তরের হস্তশিল্প মেলাগুলিতে ডোকরা শিল্পীরা অংশগ্রহণ করে উপকৃত হন।

(গ) ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে অনুষ্ঠিত জাতীয় স্তরের মেলায় অংশগ্রহও ক্ষুদ্র ও ছোট উদ্যোগ অধিকারের ব্যবস্থাপনায় সংঘটিত হয়।

(ঘ) ক্ষুদ্র ও ছোট উদ্যোগ অধিকার প্রতি বছর ডোকরা শিল্পীদের আন্তর্জাতিক স্তরের হস্তশিল্প মেলায় অংশগ্রহণের ব্যবস্থা করে থাকে।

(২) উপরোক্ত মেলাগুলিতে অংশগ্রহণ সুনিশ্চিত করবার জন্য অংশগ্রহণকারী প্রত্যেক শিল্পীকে যাতায়াতের খরচ, রাহা খরচ (@ ৭৫/-প্রতিদিন ও উৎপাদিত শিল্পসামগ্রীর পরিবহনের খরচ রাজ্য সরকার বহন করে থাকে।

(৩) বার্থক্যজনিত অক্ষমতার জন্য ষাট বছর বয়স অতিক্রান্ত হস্তশিল্পীদের প্রতি মাসে ৭৫০ টাকা বার্ধক্য ভাতার ব্যবস্থা রাজ্য সরকার করে থাকে।

(৪) বাঁকুড়া জেলায় স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং এর মাধ্যমে জনসংখ্যার একটি উৎসাহী অংশকে ডোকরা শিল্পে প্রশিক্ষিত করে স্বনির্ভর করে গড়ে তোলা হচ্ছে।

(৫) ডোকরা শিল্পীদের উৎপাদিত সামগ্রীর উৎকর্ষ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও ছোট উদ্যোগ অধিকারের ব্যবস্থাপনায় প্রতি বছর জেলাস্তরে, রাজ্যস্তরে প্রতিযোগিতার মাধ্যমে পুরস্কার প্রদান করা হয় এবং জেলায় হস্তশিল্প সপ্তাহ পালন করা হয়। হস্তশিল্পীদের জাতীয় পুরস্কারের জন্য বাছাই পর্ব

এই অধিকারের মাধ্যমে প্রতি বছর অনুষ্ঠিত হয়। এছাড়াও জাতীয় শিল্পগুরু জন্য পুরষ্কারের জন্য আবেদন করতে শিল্পীদের উৎসাহিত করা হয়।

(৬) বাঁকুড়া জেলার অন্যান্য শিল্পীসহ ডোকরা শিল্পীদের কথাও মাথায় রেখে রাজ্য সরকার বিষ্ণুপুরে একটি গ্রামীণ হাট তৈরি করবার কাজ হাতে নিয়েছে যাতে তারা স্থায়ী ভাবে সারাবছর ধরে নিজেদের পণ্য বিক্রি করতে পারে।

(৭) অন্যান্য শিল্পীদের সাথে ডোকরা শিল্পীদেরও সামাজিক পরিচয় তুলে ধরার জন্য হস্তশিল্পী পরিচয়পত্র প্রদান করা হয়।

(৮) কার্যকরী মূলধন পাওয়ার সুযোগ করে দেওয়ার উদ্দেশ্যে অন্যান্য শিল্পীদের সাথে ডোকরা শিল্পীদের হস্তশিল্পী ক্রেডিট কার্ড প্রকল্পটির সার্থক রূপায়ণের লক্ষ্য রাজ্য সরকার বিশেষ ভূমিকা নিয়েছে।

(৯) শিল্পীদের স্বাস্থ্য সুরক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্যবীমার আওতায় আনার জন্যও 'রাজীব গান্ধী শিল্পী স্বাস্থ্যবীমা যোজনা' প্রকল্পটিতেও রাজ্য সরকার বিশেষ জোর দিয়েছে।

চন্দননগরে ছাত্রী নিবাস নির্মাণ

২০০। (অনুমোদিত প্রশ্ন নং ২২০৪) **শ্রী অশোক কুমার সাউ :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চন্দননগর উইমেনস পলিটেকনিক কলেজের ছাত্রীনিবাস নির্মাণের জন্য সরকার অর্থ অনুমোদন করেছে;

(খ) সত্যি হলে, অনুমোদিত অর্থের পরিমাণ কত; এবং

(গ) কবে নাগাদ উক্ত ছাত্রীনিবাসের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, চন্দননগর উইমেনস পলিটেকনিক কলেজের ছাত্রীনিবাস নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার অর্থ অনুমোদন করেছে।

(খ) কেন্দ্রীয় সরকার অনুমোদিত অর্থের পরিমাণ ১ কোটি টাকা। প্রথম কিস্তির ২০ লক্ষ টাকা কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তর পেয়েছে এবং ছাত্রীনিবাস নির্মাণের জন্য পি.ডব্লু.ডি. কর্তৃপক্ষকে হস্তান্তরিত করা হয়েছে।

(গ) ছাত্রীনিবাসের নির্মাণের কাজ মার্চ ২০১২ থেকে শুরু হয়েছে।

চন্দননগর গভর্নমেন্ট কলেজের নাম পরিবর্তন

২০১। (অনুমোদিত প্রশ্ন নং ২২০৫) **শ্রী অশোক কুমার সাউ :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চন্দননগর গভর্নমেন্ট কলেজের নাম পরিবর্তন করে "রাসবিহারী বসু"-র নামে করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : সরকারের এরকম কোনো পরিকল্পনা আপাতত বিবেচনাধীন নয়।

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের টাকায় প্রতিবন্ধীদের সাহায্য

২০২। (অনুমোদিত প্রশ্ন নং ২২০৬) **শ্রী অশোক কুমার সাউ :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের টাকায় শারীরিক প্রতিবন্ধীদের ট্রাই-সাইকেল বা কৃত্রিম অঙ্গ প্রদান করার কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : না।

আইনজীবীদের প্রশিক্ষণ

২০৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২০৭) **শ্রী জ্যোতির্ময় কর :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ভারত সরকার অন্যান্য রাজ্যের প্যানেলভুক্ত আইনজীবীদের প্রশিক্ষণের ভার রাজ্যের বিচার বিভাগের উপর ন্যস্ত করেছে; এবং

(খ) সত্যি হলে, প্রশিক্ষণপ্রাপ্ত আইনজীবীদের জন্য আর্থিক সুবিধা দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ; ভারত সরকার সরকারি অভিযোক্তা প্রশিক্ষকদের প্রশিক্ষণ দেওয়ার জন্য রাজ্যের বিচার বিভাগের উপর দায়িত্ব ন্যস্ত করেছে। ইতিমধ্যে ন'টি রাজ্যের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

(খ) না।

ফাস্ট ট্রাক কোর্টের অনুমোদন

২০৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২১০) **শ্রী উজ্জ্বল প্রামাণিক :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১লা এপ্রিল, ২০১০ থেকে রাজ্যের ১৫১টি ফাস্ট ট্রাক কোর্টের জন্য কেন্দ্রীয় অনুমোদন বন্ধ হয়ে গেছে; এবং

(খ) সত্যি হলে, ঐ কোর্টগুলির পুনঃ অনুমোদনের জন্য কোনো ব্যবস্থা সরকার ইতিমধ্যে গ্রহণ করেছে কিনা?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, ১লা এপ্রিল, ২০১০ থেকে রাজ্যের ১৫১টি ফাস্ট ট্রাক কোর্টের জন্য কেন্দ্রীয় অনুদান বন্ধ হয়ে গেছে।

(খ) হ্যাঁ, ১লা এপ্রিল, ২০১০ থেকে রাজ্য সরকার নিজস্ব তহবিল থেকে অর্থ অনুমোদন করে ঐ কোর্টগুলিকে আপাতত ৩১শে মার্চ, ২০১৩ অবধি চালু রাখার ব্যবস্থা গ্রহণ করেছেন।

মহকুমায় আদালত স্থাপন

২০৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২১১) **শ্রী উজ্জ্বল প্রামাণিক :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কোন্ কোন্ মহকুমায় আদালত নেই;

(খ) উক্ত মহকুমাগুলিতে আদালত স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না;

(গ) থাকলে, বর্তমান আর্থিক বছরে কোথায় কোথায় উক্ত আদালত স্থাপিত হবে বলে আশা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যের চাঁচল, ডোমকল, ক্যানিং, এগরা ও খড়গপুর মহকুমাগুলিতে বর্তমানে কোন আদালত নেই।

(খ) চাঁচল ও খড়গপুর মহকুমায় আদালত নির্মাণের কাজ চলছে ও প্রায় শেষ হতে চলেছে। বাকি মহকুমাগুলিতে আদালত নির্মাণের প্রস্তুতি চলছে।

(গ) বর্তমান আর্থিক বছরে চাঁচল ও খড়গপুরে আদালত স্থাপিত হবে বলে আশা করা যায়।

বিচারকহীন আদালত

২০৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২১২) **শ্রী স্বপন দেবনাথ :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জুন, ২০১২ তারিখের সাপেক্ষে রাজ্যে বিচারকহীন আদালতের সংখ্যা কত; এবং

(খ) বিগত আর্থিক বছরে কত সংখ্যক নতুন আদালত স্থাপিত হয়েছে?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১লা জুন, ২০১২ তারিখের সাপেক্ষে রাজ্যে বিচারকহীন আদালতের সংখ্যা ৪১টি।

(খ) বিগত আর্থিক বছরে রাজ্যে ৩টি নতুন সি.বি.আই. আদালত স্থাপিত হয়েছে।

কলেজের পার্শ্ব শিক্ষকদের বেতন

২০৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২১৯) **শ্রী মনোরঞ্জন পাত্র :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলেজের আংশিক সময়ে শিক্ষকদের বেতন বন্ধ আছে; এবং

(খ) সত্যি হলে, বেতন বন্ধ থাকার কারণ কি?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পার্শ্বশিক্ষক এবং চুক্তিভিত্তিক শিক্ষক/শিক্ষিকারা, যাঁরা উচ্চশিক্ষা দপ্তর থেকে মান্যতা পেয়েছেন, তাঁদের গত ডিসেম্বর ২০১১ পর্যন্ত বেতন দেওয়া হয়েছে।

(খ) বর্তমানে শিক্ষা অধিকারে আলোচ্য শিক্ষক/শিক্ষিকাদের জন্য ডিসেম্বর ২০১১ পর্যন্ত যে বেতন ছাড়া হয়েছে, তার পোস্ট অডিট-এর কাজ দ্রুত চলছে। অডিট পর্যায়ের কাজ শেষ হলেই জানুয়ারি, ২০১২ থেকে জুন, ২০১২ পর্যন্ত বেতন দেওয়ার কাজ শুরু করা হবে।

NOTICE OF BREACH OF PRIVILEGE

Mr. Speaker : Ladies and gentlemen, I have received a notice of alleged breach of privilege and contempt of the House from Shri Shovandev Chattopadhyay, MLA against Shri Arunava Ghosh, ex-MLA, Smt Moupiya Nandy, Programme Co-ordinator, 24-Ghanta, Shri Anjan Bandyopadhyay, Editor in put, 24-Ghanta and Shri Barun Das, CEO, 24-Ghanta under rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The member alleges that Shri Arunava Ghosh, ex-MLA while taking part in a discussion telecast in 24-Ghanta, an electronic media has made some comments containing an insinuation of partiality against the Chair and casting reflection on the Speaker while performing his parliamentary duties as such. Smt. Moupiya Nandy while acting as a Co-ordinator in the discussion has also made comments casting reflection on the Speaker. Shri Anjan Bandyopadhyay, Editor in put and Shri Barun Das, CEO, 24-Ghanta had allowed to telecast the discussion which cast reflection on the Speaker and contained an insinuation of partiality against the Chair in their electronic media 24-Ghanta. Shri Chattopadhaya has requested to allow him to raise the matter on the floor of the House at the earliest opportunity. In support of his notice on the question of privilege he has submitted a copy of the CD containing the recorded discussions as telecast and its transcription.

I had allowed the persons incriminated an opportunity to explain their case in writing within seven days from the date of receipt of the communication from the Secretariat. Both Smt Moupiya Nandi and Shri Anjan Bandyopadhyay in their letters dated 14th September, 2012 have requested to grant them another couple of weeks to give their reply to the notice. As the House has already been summoned to meet on 21/09/2012, I had granted time for submission of their reply till 11-00am on 24th September, 2012.

Today I have received reply from both of them. It is said that there is no post of CEO in news media. Both Shri Anjan Bandyopadhyay and Smt Moupiya Nandy have denied the charges against them. No information has been received from Shri Arunava Ghosh, ex-MLA till now though the notice was duly served on them.

I have carefully gone through the notice and the documents placed on which the notice is given by the member and I am satisfied that the matter is fit for further enquiry and request the intervention of the House.

Now I request Shri Shovandeb Chattopadhyay to raise the matter as a question of privilege.

শ্রী শোভনদেব চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৯ই জুলাই, ২০১২, ২৪ ঘন্টা চ্যানেলে প্রাক্তন বিধায়ক শ্রী অরুনাভ ঘোষ কিছু মন্তব্য করেছিলেন স্পীকার পদের প্রতি। যেটি অত্যন্ত অসম্মানজনক, কুরুচিকর এবং স্পীকার পদের প্রতি অবমাননাকর। আমি, সেই সময় বিধানসভা চলছিল না, সেই কারণে যেটা রুলস এ্যান্ড প্রসিডিওরের ২২৬ ধারায় লেখা আছে যে, আমাদের যিনি প্রধান সচিব তাঁর কাছে, একটি প্রিভিলেজ মোসান জমা দিই, এবং তার সঙ্গে সমস্ত রেকর্ডটি লিখে জমা দিই অর্থাৎ রুলসন এ্যান্ড প্রসিডিওরে যা লেখা আছে সেই নিয়মকে সম্পূর্ণ মেনে আমি প্রধান সচিবের কাছে জমা দিই। আমি আজকে সেদিনের যে, কথাগুলি উনি বলেছিলেন যেগুলি অত্যন্ত অবমাননাকর-স্পীকার পদ অত্যন্ত সম্মানীয় পদ ভারতবর্ষের সংবিধানে এবং ভারতবর্ষের গণতান্ত্রিক ব্যবস্থায়, প্রতিটি হাউসে স্পীকার পদটি অত্যন্ত সম্মানজনকভাবে রক্ষিত হয় তাঁর সম্মান। কিন্তু একজন প্রাক্তন বিধায়ক যে বক্তব্য রেখেছেন আমি মনে করি, এতে তার বিরুদ্ধে প্রিভিলেজ মোশান আনা যায়, এবং সেই কারণে আমি যে চিঠিটি দিয়েছি যেহেতু এই বিধানসভার সব সদস্য সেই ব্যাপারে জ্ঞাত নন, আমি সেটি পড়ছি আপনার সামনে।

To

The Secretary
West Bengal Legislative Assembly
Assembly House
Kolkata

Sir,

Under Rule 226 of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly I hereby give notice of breach of privilege contempt of the House against Shri Arunava Ghosh, Ex-M.L.A., Sm. Moupia Nandi, Programme Co-ordinator, '24 Ghanta', Shri Anjan Bandyopadhyay, Editor-in put, "24 Ghanta" and Shri Barun Das, CEO, "24 Ghanta"for the comments against Hon'ble Speaker during a discussion which was telecasted on 09.07.2012 in electonic media "24 Ghanta" casting reflection on the

performance and impartiality of the Hon'ble Speaker in the discharge of his duties. While taking part in the discussion Shri Ghosh has commented inter alia as follows :

"স্পীকার যেটা করেছেন, বিমান ব্যানার্জী, উনি জেনারেলি সব কিছুই পুলিশের চোখেই দেখেন, পুলিশী উকিল ছিলেন তো, বেল টেল করতেন, ও কন্সটিটিউশন নিয়ে কোনদিন মামলা-টামলা করেননি, কিছু জানেও না, ওর ধারণা হল এ্যাসেম্বলীতে পুলিশ দিয়ে আটকাতে হবে, এ দিয়ে আটকাতে হবে।"

পরবর্তীকালে আবার বললেন, "কারণ কী? কারণ খুশী করার প্রবণতা, আমাকে মমতা ব্যানার্জীকে খুশী করতে হবে, না হলে আমার পদটা থাকবে না। আর স্পীকার করছেন, এই কারণে যে, মেজরিটি, টু-থার্ড মেজরিটি প্রায় কাছাকাছি তৃণমূলের আছে, মোর দ্যান হাফ। সুতরাং উল্টোপাল্টা করলে যদি সরিয়ে দেয়। ইট ইজ নট এক্সপেক্টেড।"

পরবর্তীকালে আবার বললেন, "এতো কথায় কথায় রুলিং দিতে গেলেই শুনছি, যে মমতা ব্যানার্জীর দিকে চেয়ে থাকেন। মমতা ব্যানার্জী না থাকলে, পার্থ চ্যাটার্জীর দিকে চেয়ে থাকেন - কি করব। ঐ একটা ফুটবল খেলা নিয়ে সিনেমা হয়েছিল মনে আছে? উত্তমকুমার ছিলেন, ফুটবল নিয়ে, "ধন্যি মেয়ে"। ধন্যি মেয়ের, সেই রেফারির কথা মনে আছে? রবি ঘোষ জওহর রায়কে জিজ্ঞাসা করছে, কি করব, গোলের হুইসেলটা বাজাব, না বাজাব না? এ হল ধন্যি মেয়ের রবি ঘোষ। কোথায় যাব! ইন্টেলেকচুয়াল পারসুয়েটটা চলে গেছে।"

পরবর্তীকালে আবার বললেন, "স্পীকার হবে সবার উর্ধে। আজকে বিমানবাবু যদি সেই মাহাত্মা দেখাতে পারতেন, সেটা কিন্তু তৃণমূলের পক্ষে যেত। যে তৃণমূল এমন একজন স্পীকারকে পাঠিয়েছেন দেখ, তার জ্ঞান, সে কি নিরপেক্ষতা দেখাচ্ছেন। এটা করলে মমতা ব্যানার্জীর নাম হোত। বরঞ্চ যেটা হচ্ছে, অসুবিধা হচ্ছে, উনি অঙ্গুলি হেলনে চলছেন। কন্সটান্ট যদি রবি ঘোষের মত দেখি যে জওহর রায় কি বলবে, গোলের হুইসেল বাজাব কি বাজাব না, ধন্যি মেয়ের সেই রেফারি,তাহলে মুস্কিল আছে। এদিকে সুব্রত মুখার্জী বলে দিচ্ছেন, আপনি এটা করুন, মমতা ব্যানার্জীর দিকে তাকিয়ে বলছেন এটা করুন।

যেমন এই, আপনাদের ঐ সিঙ্গুর বিলটা। সিঙ্গুর বিলটা তো উনি অনায়াসেই বলতে পারতেন যে কদিন বাদে দিন। মনে আছে, ছুটির মধ্যে নাকি একটা গন্ডগোল হল, উনি সেই সময় পেশ করলেন। বললেন না, একটা টাইম দেওয়া দরকার। সেই টাইমটাও দিলেন না।"

পরবর্তীকালে আবার বললেন, "এই যে ফরোয়ার্ড ব্লকের ছেলেটাকে তাড়িয়ে দিল, মানে সাসপেন্ড করলো, কার কথায়? স্পীকার কি নিজের মাইন্ড এ্যাপ্লিকেশান করে তাড়িয়েছেন, তা তো নয়, সুব্রত মুখোপাধ্যায় বলল, তাড়িয়ে দাও, তাড়িয়ে দিলেন। এটা স্পীকারের অসম্মান"।

It is needless to mention that the comments/statements containing an insinuation of partiality against the Chair and casitng reflection on the Speaker constitutes a grave breach of privilege of the House.

Shri Arunava Ghosh, Ex-M.L.A has thus committed a breach of privilege and contempt of the House.

Shrimati Moupia Nandi, while acting as Co-ordiantor in the discussion has made comments casting reflection on as follows :

"শুধু গতকালের ঘটনাই নয়, সাম্প্রতিককালে বারংবার স্পীকারের ভূমিকা প্রশ্নচিহ্নের সামনে এসেছে, এবং বিরোধিরা যে তাতে সরব হয়েছেন।"

Casting reflection on the Hon'ble Speaker is a serious breach of privilege and thereby Shrimati Nandi has committed a breach of privilege and contempt of the House.

Shri Anjan Bandyopadhyay, Editor-in put, "24 Ghanta" and Shri Barun Das, CEO, "24 Ghanta" have allowed to telecast the discussion which inter alia, casting reflection on the Hon'ble Speaker and Contain an insinuation on partiality against the Hon'ble Speaker, in their electronic media "24 Ghanta" on 9.7.2012 thereby committed a breach of privilege and contempt of the House.

I may, therefore, be allowed to raise the matter on the floor of the House at the earliest opportunity, এটা আমি আগেই চিঠি লিখেছিলাম। Copy of the C.D. containing recorded discussion as telecast and its transcription are eclosed.

Sir, I beg to move that the privilege Case against the above mentioned men may be referred to the Privilege Committee for investigation on report.

[12.10 – 12.30 p.m.]

মিঃ স্পীকার : এই পরিপ্রেক্ষিতে আমি আমাদের যে সমস্ত সংসদীয় দল রয়েছেন তাদের পক্ষ থেকে যদি কেউ বলতে চান আমি একজন করে এ্যলাউ করব।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : স্যার, মাননীয় চিফ হুইপ তিনি যে প্রস্তাব আনলেন আমার মনে হয় এই প্রস্তাব এই হাউসে আনার মত কোনো কারণ ঘটেনি।

....(গণ্ডগোল)...

কারণ এই ধরনের আলোচনা গত কয়েকদিন আগেই রাজ্যসভাতে একজন কংগ্রেস সদস্য তিনি চেয়ারে বসা রাজ্যসভার চেয়ারম্যানকে কোনো একটা বক্তব্যের ব্যাপারে বলার পর বিভিন্ন সংবাদ মাধ্যমে এইভাবেই খবর প্রচার হয়েছিল। এবং সেটা যেমন স্বাধিকারভঙ্গের প্রশ্নে রাজ্যসভায় এসেছিল, সেটা যেহেতু একটা সংবাদ মাধ্যমের প্রচার, সেই কারণে সেটা রাজ্যসভা গ্রহণ করেনি। আমি মাননীয় স্পিকারের কাছে অনুরোধ করবো, স্পিকারের সম্মান এবং মর্যাদা অনেক বেশি।

সেই মর্যাদা রক্ষা করার জন্য কোন্ সংবাদপত্রে বা কোথায় কি বেরোচ্ছে সেটাকে বিধানসভায় নিয়ে এসে বিধানসভায় স্পিকারের মর্যাদা যাতে ক্ষুন্ন না হয় সেই ব্যাপারে লক্ষ্য রাখার জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি এবং এই প্রস্তাব প্রত্যাহার করার জন্য অনুরোধ করছি।

ডা. সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি মনে করি যে মাননীয় সরকারী মুখ্য সচিব শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় যে প্রস্তাব এনেছেন সেটা টেকনিক্যালি ঠিক আছে। টেকনিক্যালি আমার আপত্তি করার কিছু নেই। নিশ্চিতভাবে আমাদের যে রুলস, প্রসিডিওর আছে সেই অনুযায়ী এই প্রিভিলেজ মোশান আনা যায়। আমি আপনাকে একবার ভেবে দেখতে অনুরোধ করবো এবং শ্রী চট্টোপাধ্যায়কে যে আমাদের নিয়ে যে সব কথা হাউসে, বাইরে, প্রায় সংবাদ মাধ্যমে বেরোয় সেগুলো যদি আমরা প্রত্যেকটা রেকগনাইজ করি এবং তার থেকে যে বিতর্ক ইত্যাদি হবে সেগুলোকে যদি আমরা উৎসাহিত করি সেটা কি খুব ভালো হবে আমাদের মর্যাদার পক্ষে! আমাদের এমন এমন সব কথা এই হাউসে হয়, কাগজে বা বিভিন্ন সংবাদ মাধ্যমে কিছু রিপোর্ট হয় সেগুলোর যদি প্রত্যেকটা খুঁটিনাটি ধরা হয় তাহলে আমার ধারণা টেকনিক্যালি যাই হোক, বাস্তবে যা হবে সেটা হচ্ছে যে আমাদের মর্যাদা প্রত্যেকদিন ক্ষুন্ন হবে। যাই হোক না কেন, আপনি জানেন স্যার রুলস অফ প্রসিডিওর অনুসারে আপনার ক্ষমতা আছে যে এটা নিয়ে একটা সিদ্ধান্ত নেওয়ার। আমাদের মতামত শুনেই সেটা দেওয়ার সিদ্ধান্ত আছে। আপনার মতামত, আপনার সিদ্ধান্ত, সেটাই চূড়ান্ত এই হাউসে। আমি আপনাকে কেবল অনুরোধ করতে পারি যে যদি আপনি এইরকম একটা সিদ্ধান্ত নিতে চান যেটা ব্রিচ অফ প্রিভিলেজ হচ্ছে। প্রিভিলেজ কমিটি আছে সেখানে আলোচনা করা, সেখানে যাদের বিরুদ্ধে অভিযোগ তাদের আত্মপক্ষ সমর্থনের আরো সুযোগ দেওয়া এবং তার ভিত্তিতে আমাদের কি সিদ্ধান্ত নিতে হয় সেই সিদ্ধান্তে যাওয়ার যে পদ্ধতি আছে সেই পদ্ধতিগুলো অনুসৃত হওয়া দরকার। কনটেম্পট নিয়ে আমরা এখানে উল্লেখ করতে পারি, প্রিভিলেজ কমিটি ডিসকাস করতে পারে। সেইজন্য ডিসকাস করে ওদের কথা শুনে তারপরে কোনো সিদ্ধান্ত হাউসে যদি নিতে হয় সেটা আপনি চূড়ান্ত রায় দিতে পারেন। আমার মনে হয় না যে এই নিয়ে আমাদের খুব বেশি এখানে বিতর্ক করার অবকাশ আছে।

শ্রী পার্থ চ্যাটার্জ্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই হাউসের অভিজ্ঞতা থেকে বলতে পারি, - বিগত পাঁচ বছরের যদি ইতিহাসটা আমরা দেখি- অধ্যক্ষকে অবমাননার জন্য, প্রাক্তন অধ্যক্ষ স্বয়ং ডি. জি-কে এখানে ডেকে এনেছিলেন এবং ব্যবস্থা গ্রহণ' করেছিলেন। এমন কি বিধানসভার যিনি সদস্য, দলগতভাবে আমরা ক্ষমা চাওয়ার পরেও এবং আমাদের অনুপস্থিতিতে এমনকি সংশ্লিষ্ট বিধায়কদের অনুপস্থিতিতে তাদেরকে সাসপেন্ড করা হয়েছিল। বিষয়টা আমরা যদি এইভাবে দেখি, হাউসের সম্মানটা যদি আমরা রক্ষা না করতে পারি, অধ্যক্ষের চেয়ারকে যদি তামাশায় পরিণত করবার চেষ্টা করে কেউ, আর এই হাউসে বসেই যদি আমরা বলি ঠিক হচ্ছে না কাজটা, তাহলে হাউসকে রক্ষা করবে কে। আমি মনে করি সূর্যবাবু যে কথা বললেন - খবরের কাগজের রিপোর্ট-শুধু খবরের কাগজের রিপোর্ট নয়, শোভনদেব বাবু যেটা জমা দিয়েছেন সেটা হচ্ছে সি. ডি। দেখলেই বোঝা যাবে। আপনার খেয়াল থাকতে পারে, আগে এখানকারই একজন সদস্য যিনি অন্য একটা ইস্যুতে অভিযুক্ত হয়েছিলেন এবং সেটাও সি.ডি ছিল। সি.ডি ট্যাম্পারিঙ করা হয়েছে কিনা, এটা

ঠিক আছে কিনা দেখার পর এই সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন এবং দল সেই বিধায়ককে ডেকে এনে পদত্যাগ করান। বিষয়টাকে যদি আমরা এত গুরুত্বহীন ভাবি এবং অধ্যক্ষের চেয়ারটাকে যদি তামাশায় পরিণত করে কেউ, আর আমরা যদি আমাদের দায়িত্ব পালনে সজাগ না হই, সর্বোপরি কার্যপ্রণালীকে সমর্থন না জানাই, তাহলে বিধায়ক হিসাবে সংসদীয় এই রীতিনীতিতে আমরা সঠিক কাজ করছি না। আমরা মনে করি শোভনদেব চট্টোপাধ্যায় আনীত এই প্রস্তাব প্রিভিলেজ কমিটির কাছে পাঠিয়ে দেওয়া হোক। আর সূর্যবাবুতো তার নিজের বক্তব্যের মধ্যে কোনটা করবেন বুঝতে পারেনি, কিন্তু তিনি বলেছেন বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক এবং তাদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয় যখন বললেন, তখন আমি একটু অবাকই হলাম, আত্মপক্ষ সমর্থনের জন্য একটা সুযোগ তিনি দিয়েছিলেন। দুজন চিঠি লিখেছে, অন্যরাতো চিঠি লেখেনি। আত্মপক্ষ সমর্থনের সুযোগ মাননীয় অধ্যক্ষ মহাশয় নিজেই সুযোগ দিয়েছেন এবং প্রিভিলেজ কমিটির উপরে নির্ভর না করেই তিনি স্বতঃপ্রণোদিতভাবে, ভিনডিকটিভ হচ্ছে কিনা তা দেখার জন্য সুযোগ দিয়েছিলেন এবং সচিবালয়ে তার উত্তর এসেছে। কিন্তু একেবারেই মানবো না, যা হচ্ছে হোক, সেটা বোধহয় এই হাউসের মর্যাদা বাড়াবে না। আমি মনে করি, সকলেরই উচিত, প্রিভিলেজ কমিটিতে বিষয়টা নিয়ে যাওয়া এবং যা আমাদের কার্যপ্রণালীতে আছে সেইমত মাননীয় অধ্যক্ষ মহাশয় ব্যবস্থা নেবেন।

শ্রী সুব্রত মুখার্জ্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শোভনদেব চট্টোপাধ্যায়ের একটি কথা আমি সমর্থন করছি। আমি একটা বই রেফার করছি "The Myth and Law of the Parliamentary Privileges"

(নয়েজ)

সেখানে তিনি বলেছেন - "This law and custom of Parliament is sought by all, is ignored by many and is known by few" আমরা জানি এই few লোকেদের মধ্যে কিছু লোক থাকেন যারা এই কটাক্ষ করেন। আমি দুটো উদাহরণ দেব। এই হাউসে হালিম সাহেব যখন স্পীকার ছিলেন তখন তার বিরুদ্ধে আমরা বিরোধী দলের পক্ষ থেকে একটা নো-কনফিডেন্স মোশান নিয়ে আসি। তখন আমাদের কোন কোন জায়গা থেকে অভিযোগ ছিল।

[12.20 – 12.30 p.m.]

এবং তখন আমাদের কোন কোন জায়গা থেকে অভিযোগ ছিলো উনি ইমপারসিয়াল, অর ইমপারসিয়াল নন, উনি তার উত্তরে বলেছিলেন 'Who said that I am impartial ; who said that' আমি কোট করছি, অন কোট, এই হাউসেরই, 'that the Speaker is impartial in the parliamentary process of India, আর একটি আমি কোট করছি তার মানে ইমপারসিয়াল হওয়া বলতে ব্রিটিশ পার্লমেন্টে যা সম্ভব তার কারণ ব্রিটিশ পার্লামেন্টে একবার ইলেকটেড হলে আর দ্বিতীয় বার সিম্বল দিয়ে তাকে ইলেকট হতে হয় না। আমাদের এখানে মাননীয় স্পিকার তাকে এই তৃতীয় বারও, এর পরে যত বার আসবেন তাকে একটা পার্টির সিম্বল

নিয়ে ইলেকট হয়ে আসতে হবে। .....(গোলমাল).....ইন্দিরা গান্ধী যখন ইমারজেন্সীর পরে, ...(গোলমাল).... ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে প্রিভিলেজ আনা হয়েছিলো এবং সেই প্রিভিলেজে তার MP-shit পর্যন্ত খারিজ করে দেওয়া হয়েছিলো। একটা রুলিং পার্টির ইনফ্লুয়েন্সে, একটা রুলিং পার্টির নির্দেশে তখন কিন্তু কংগ্রেস থেকে এটার প্রতিবাদই করা হয়েছিলো। সুতরাং ইমপারসিয়াল কথাটা যদি, কংগ্রেস এবং অপজিশান as a whole কোন সময় আলোচনা করেন, তাহলে দেখা যাবে সেই ব্রিটিশ মডেলের ইমপারসিয়াল হয় না। সুতরাং স্পিকারের প্রতি যে কটাক্ষ করা হয়েছে এবং পরিষদীয় মন্ত্রী যা অনুরোধ করেছেন আমি তাকে সমর্থন করি।

....(গোলমাল).....

মিঃ স্পীকার : এক মিনিট, আমাকে একটু বলতে দিন প্লিজ। ....(গোলমাল)...., No further discussion। .....(গোলমাল)...., আমাকে বলতে দিন। মাননীয় সদস্যগণ আমি আপনাদের বলি, প্লিজ আপনারা বসুন, ...(গোলমাল)....। বসুন, প্লিজ বসুন। সুব্রত মুখার্জীর নাম ঐ প্রিভিলেজে আছে, সেইজন্যে আমি উনাকে অনুমতি দিয়েছি। যে প্রিভিলেজ মোশানটা এনেছেন তাতে সুব্রত মুখার্জীর নাম উল্লেখ করা আছে, যে তার সম্বন্ধে একটা কটাক্ষ করে মন্তব্য করা হয়েছে সেই জন্যে আমি অনুমতি দিয়েছি। However, I will take the sense of the House. এটা কি আমাদের পাঠানো উচিৎ প্রিভিলেজে?

.....(Voices : Ayes).....

ঠিক আছে। ....(গোলমাল)..... I think that the House has consent to the Motion moved by Shri Sobhandeb Chattopadhyay. (The Committee shall submit the report) Therefore, I refer it to the Privilege Committeee. The Committee shall submit the report by opening of the next session.

Now, Hon'ble Members, please, please, please be seated, please be seated, বসুন, বসুন, আপনি প্লিজ বসুন, বসুন, বসুন আপনি বসুন। in terms of Rules 271 of the rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I remind everyone who are present here that when the matter will be under consideration and examination of the Committee of Privilege, Evidence report and proceedings of the committee shall be treated as confidential. I repeat 'evidence report and proceedings of the committee shall be treated as confidential'. If any member or any other person publishes any decision and evidence of the committee, that will tantamount to a breach of the privilege and contempt of the House. So,....(গোলমাল)....This is over. ছেড়ে দিন। I have already sent it to the Privilege Committee. আমি প্রিভিলেজ কমিটিতে অলরেডি পাঠিয়ে দিয়েছি। নো ফারদার ডিসকাসান অন ইট।

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Ashim Kumar Majhi desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Aritcle 190 of the Constitution of India. I read out it.

"To, The Speaker, West Bengal Legislative Assembly, Kolkata-1,

Sub : Appeal for leave grant.

Respected Sir,

I, MLA of Balagarh- 191 (SC) A.C. beg to inform you that I will not be able to be present in the Assembly from 20/09/12 to 27/09/12 for my personal problem. I shall join in the Assembly on 28/09/12. If you kindly grant my appeal, I shall be highly obliged to you, Thanking you.

Yours faithfully

(Ashim Kumar Majhi),

Member, WBLA"

Mr. Speaker : I now ask whether Shri Asim Kumar Majihi has the permission of Assembly asked for by him.

.....(Voicess Ayes).....

Mr. Speaker : So there is no dissentient voice. I declare that Shri Asim Kumar Majhi has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 21st to 27th September, 2012.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received one notice of Adjournment Motion from Dr. Surjya Kanta Mishra, Shri Anisur Rahaman, Shri Anandamoy Mondal, Shri Probodh Chandra Sinha, Shri Subhas Naskar, Shri Chand Mohammad and Shri Biswanath Karak on the subject of alleged spurt in the incidents of crime against women in the State.

The subject matter of the motion relates to general law and order situation of the State and day to day administration of the Government and does not call for the adjournment of the business of the House. Members may invite attention of the concerned Minister through Calling Attention, Mention, Questions, etc.

I, therefore, Withhold my consent to the Motion.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

ডা. সূর্য্যকান্ত মিশ্র : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্যে, এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল রাজ্যের প্রতিদিনই নারী শ্লীলতাহানী, দৈহিক নির্যাতন ও হত্যার ঘটনা ঘটে চলেছে।.....(গোলমাল)..... শিশু থেকে বৃদ্ধা সমাজের সব রকম মহিলারই এই আক্রমণের স্বীকার হয়েছেন। সম্প্রতি ১৮.০৯.১২ তারিখে, কসবায় লুম্বিনী মানসিক হাসপাতালে ৩৬ বছরের এক রোগীনির শীলতাহানীর অভিযোগ উঠেছে। পূর্ব মেদিনীপুরে ভগবানপুরে এক নম্বর ব্লকে ভেড়িবাড়ি গ্রামের জনৈক গৃহবধূকে শ্লীলতাহানীর পর হত্যা করা হয়েছে গত ২৯.০৯.১২ তারিখে। অভিযুক্ত সমাজে বিরোধীর বিরুদ্ধে পুলিশ প্রশাসনের ভূমিকা আশানুরূপ নয়। তার এই প্রস্তাব লেখার পরও আজকে সকালে সংবাদ মাধ্যমে আমরা জানতে পারছি, যে পুরুলিয়া.....

.....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়).....

Mr. Speaker : Mr. Mishra, please, I have already given my ruling. You have read it. I have given my ruling of today.

CALLING ATTENTION

Mr. Speaker : Today , I have received five (5) notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Reported spread of Dengue and other Mosquito borne diseases in the Districts of North Bengal including South Dinajpur	Shri Narmada Chandra Roy
(ii) Alleged financial irregularities regarding procurement of Trident Lamps installed in Kolkata and other Municipal Corporation areas	Shri Anisur Rahaman & Shri Sahajahan Choudhury
(iii) Urge for speedy implementation of Pipe line drinking water schemes in Harishchanrapur Assembly Constituency	Shri Tajmul Hossain

Subject	Name
(iv) Reported recurring cases of fatal accidents in NH2 near Panagarh Burdwan	Shri Sunil Kumar Mondal
(v) Urge for implementation of schemes For proper treatment and Immunization of dengue infected Patients in the State.	Shri Asit Mitra,. Dr. Sukhblas Barma, Smt. Firoza Begam & Shri Umapada Bauri

I have selected the notice of Shri Sunil Kumar Mondal on the Subject of Reported recurring cases of fatal accidents in NH2 near Panagarh, Burdwan.

The Minister in charge may please make a statement today, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে এই অধিবেশন চলাকালীন প্রপারে তার উত্তর দেওয়ার জন্য অনুরোধ জানাব।

LAYING OF ORDINANCES

The West Bengal Panchayat (amendment) Ordinance, 2012

The Subrata Mukherjee : Mr. Speaker, Sir, I beg to lay the West Bengal Panchayat (Amendment) Ordinance, 2012, (West Bengal Ordinance No. II of 2012) under Article 213 (2) (a) of the Constitution of India.

The West Bengal Panchayat Elections (Amendment) Ordinance, 2012

Shri Subrata Mukherjee : Sir, I beg to lay the West Bengal Panchayat Elections (Amendment) Ordinance, 2012 (west Bengal Ordinance No. III of 2012) under Article 213 (2) (a) of the Constitution of India.

[12.30 – 12.39 p.m.]

The West Bengal Panchayat Elections (Amendment) Ordinance, 2012

Shri Subrata Mukherjee : Mr. Speaker Sir, I beg to lay the West Bengal Panchayat Elections (Amendment) Ordinance, 2012 (West Bengal Ordinance No. III of 2012) under Article 213 (2) (a) of the Constitution of India.

The west Bengal School Service Commission (Amendment) Ordinance, 2012

Shri Bratya Basu : Mr. Speaker Sir, I beg to lay the West Bengal School Service Commission (Amendment) Ordinance, 2012 (West Bengal Ordinance No. IV of 2012) under Article 213 (2) (a) of the Constitution of India.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Reports of the Comptroller and Auditor-General of India relating to the Accounts of Government of West Bengal for the year 2010-2011

Dr. Amit Mitra : Mr. Speaker Sir, I beg to lay :

(i) Report of the Comptroller and Auditor-General of India (State Finances) for the year 2010-2011 ;

(ii) Report of the Comptroller and Auditor-General of India (Civil) for the year 2010-2011;

(iii) Report of the Comptroller and Auditor-General of India (Revenue Receipts) for the year 2010-2011 ; and

(iv) Report of the Comptroller and Auditor-General of India (Commercial) for the year 2010-2011 ;

The 58th Annual Report and Accounts of the West Bengal Financial Corporation for the year 2011-2012

Dr. Amit Mitra : Mr. Speaker Sir, I beg to lay the 58th Annual Report and Accounts of the West Bengal Financial Corporation for the year 2011-2012.

Shri Partha Chatterjee : Mr. Speaker Sir, I beg to lay the Annual Report containing Audited Accounts of the Webel Electronic Communication Systems Limited for the year 2010-2011.

MENTION CASES

Shri Narmada Chandra Roy : Not responded

Shri Sahajahan Choudury : Not responded

Shri Anisur Rahaman : Not responded

(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যগণ মাননীয় স্পীকারের চেয়ারের সামনে সমবেত হয়ে শ্লোগান দিতে থাকেন)

(গোলমাল)

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার মাধ্যমে এই রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রাজ্যের আইন-শৃংখলা পরিস্থিতি অবশ্যই নিম্নগামী। আজকের সংবাদপত্রে বেরিয়েছে এবং গতকাল থেকে বেরিয়েছে, রাইটার্স বিল্ডিংসের সামনে একজন মানুষের মন্ডু কাটা অবস্থায় পড়ে আছে।

(তুমুল গোলমাল)

স্যার, আমি আপনার কাছে শুধু একটা কথা বলতে চইছি, এটা চিৎকার চেঁচামিছি নয়, সারা বাংলার মানুষ ভাবছে যে যদি এই ভাবে যদি রাইটার্স বিল্ডিংসের সামনে কারো গলা কাটা অবস্থায় পড়ে থাকে, যদি কোন মহিলার গলার হার ছিনতাই হয়, যদি কারোর মেয়ে ধর্ষিতা হন, অথচ কোন বিচার না হয়, যদি চারিদিকে দেখা যায় এই ধরনের অত্যাচার চলছে তাহলে রাজ্যের আইন-শৃংখলা সম্পূর্ণ ভাবে ভেঙ্গে পড়েছে এটা নিরদিধায় বলা যায়। আমরা কংগ্রেস পরিষদীয় দলের পক্ষ থেকে দাবি রাখছি, অবিলম্বে স্বরাষ্ট্রমন্ত্রীকে এই বিষয়ে চুড়ান্ত ব্যবস্থা ....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী ইনসার আলি বিশ্বাস : (নট রেসপন্ডেড)

(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যরা ওয়েলে নেমে মাননীয় স্পীকার মহাশয়ের আসন ঘিরে স্লোগান দিতে থাকেন।)

(মেনশন)

শ্রী এস. এম. সাদি : (নট রেসপন্ডেড)।

(গোলমাল)

শ্রী চৌধুরী মহঃ হেদয়াতউল্লাহ : (নট রেসপন্ডেড)।

(গোলমাল)

শ্রী তজমুল হোসেন : (নট রেসপন্ডেড)

(গোলমাল)

শ্রী সুনীল কুমার মন্ডল : (নট রেসপন্ডেড)

(গোলমাল)

ডঃ আশীষ কুমার ব্যানার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে ভারতবর্ষের গরীব মানুষকে রিক্ত নিঃস্ব করার যে উদ্যোগ কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন, যে খুচরো ব্যবসা, ব্যবসায় বিদেশী বিনিয়োগ, বিদেশী পুঁজি বিনিয়োগের নামে গরীবের রক্ত চোষার যে আয়োজন করেছেন, তার তীব্র নিন্দা করছি, তার তীব্র বিরোধিতা করছি। যারা ভারতবর্ষের মানুষের কথা বিবেচনা করলেন না, যারা গরীব মানুষ, যারা কৃষক শ্রেণী, তাদের কথা চিন্তা করলেন না, যারা গরীব মানুষ-দিনের পর দিন তাদের যে অসহায় অবস্থা, তাদের কথা চিন্তা করলেন না, তারা বিদেশী বিনিয়োগ অর্থাৎ এই খুচরা ব্যবসা, বিদেশী বিনিয়োগ করবার জন্য উদ্যোগ গ্রহণ করলেন, আমি শুধু এই প্রসঙ্গে শুভেন্দু মজুমদারের 'জবাব' নামে কবিতাটি উল্লেখ করছি।

বললেন এটা সোজাসুজি, চাই আমাদের বিদেশী পুঁজি

খুচরা কিংবা পাইকারি, ব্যবসা যেমন হোক

দেখুন কেমন বহুতল, রঙ বাহারি শপিং মল

এসব ছেড়ে আর কি কোথাও পা বাড়াবে লোক?

নেতা যখন ভোট চাইতে আসবে আমার দোরে,

বলব তাকে ভোট চাইতে এলেন কেন আমার ভাঙ্গা ঘরে?

বিদেশে যান ভোট চাইতে টরেন্টো বা সাংহাইতে,

নইলে সোজা পাঠিয়ে দেব বিদেশের এক চরে।

(গোলমাল)

সুতরাং এই বিষয়টা আমি বলব আমাদের মুখ্যমন্ত্রী, মাননীয়া মমতা ব্যানার্জী যে উদ্যোগ গ্রহণ করেছেন সেটা হচ্ছে কোন অবস্থাতেই গরীবের স্বার্থকে বিসর্জন দিয়ে গরীবের স্বার্থকে নষ্ট করে কোন অবস্থাতেই কারোর সঙ্গে জোট বাঁধবেন না, কারোর সঙ্গে থাকবেন না, কোন কম্প্রোমাইজ করবেন না। সুতরাং আজ বিদেশী পুঁজি বিনিয়োগের জন্য যারা সচেষ্ট হয়েছেন, তাদের ধিক্কার জানাই, তাদের নিন্দা জানাই এবং পরিষ্কার ভাবে বলি যে এই অবস্থা কখনও চলতে দেওয়া যায় না। বাংলার মানুষ, বাংলার যুব সমাজ, বাংলার কৃষক, বাংলার শ্রমিক - তারা একের পর এক আন্দোলনে নেমে এর প্রতিবাদ করছেন। দেখতে পাচ্ছেন না, গরীব মানুষ তারা এর প্রতিবাদ করতে এগিয়ে এসেছেন। দেখতে পাচ্ছেন না যারা অসহায় তারা, যারা কৃষক, তারা ধান রোপন করে, তাদের সামান্য ফসল বিক্রির জন্য এগিয়ে যায়। তাদের অবস্থা, তাদের অসহায় অবস্থার কথা চিন্তা করছেন না। তাই প্রতিবাদ করছি, ধিক্কার জানাচ্ছি এবং মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় যে উদ্যোগ গ্রহণ করেছেন, সেই উদ্যোগকে সাধুবাদ জানাচ্ছি। (গোলমাল)

ZERO HOUR

Shri Narmada Chandra Roy : (not responded)

Shri Sahajahan Chowdhury : (not responded)

Shri Sunil Kumar Mondal : (not responded)

Shri Asit Mitra : (Absent)

Mr. Speaker : The House is adjourned till 1.30 p.m. today.

[1.30 – 1.40 p.m.]

-After Recess-

LEGISLATION

Mr. Speaker : Now the Business before the House is the West Bengal College Service Commission Bill, 2012. The Hon'ble Minister-in-Charge of Higher Education Department may please introduce the Bill. .... (pause)... I call upon Shri Bratya Basu.

শ্রী সূর্যকান্ত মিশ্র : স্যার, এটা কি হচ্ছে! এখানে একটা বিল introduce হচ্ছে, কিন্তু তার বিভাগীয় মন্ত্রী এখানে উপস্থিত নেই। ট্রেজারি বেঞ্চে কেউ নেই, আপনি স্যার বিষয়টা দেখুন। You must reprimand the minister and the government. আজকে এটাই বিগেস্ট ব্রিচ অফ প্রিভিলেজ ইন দ্য হাউজ।

মি. স্পীকার : আপনি বসুন, আমি দেখছি।

শ্রী অসিত মিত্র : স্যার, আমরা সম্মান রক্ষা করতে চাইব। কিন্তু, অত্যন্ত দুঃখের কথা যে, মাননীয় মন্ত্রীমহাশয়রা মনে করেন না এটার প্রয়োজনীয়তা। নিজের বিল, মন্ত্রী নিজেই উপস্থিত হননি। এদিকে announcement করে দিয়েছেন।

(এর পরে মাননীয় মন্ত্রী শ্রী ব্রাত্য বসু উপস্থিত হন)

মি. স্পীকার : অনারেবল মিনিস্টার, hence after you please be very careful. আজকে আপনার বিলটি ইন্ট্রোডিউস হবে, আমি এখানে অলরেডি আরম্ভ করে দিয়েছি, আপনি এখানে উপস্থিত ছিলেন না, অত্যন্ত দূর্ভাগ্যজনক। Anyway, আপনি তো জানবেন, আপনি একজন দায়িত্বশীল মন্ত্রী, আপনার তো জানা উচিত। এর পর থেকে আপনারা একটু সতর্ক থাকবেন। The Hon'ble Minister-in-Charge of Higher Education Department may please introduce the Bill.

শ্রী ব্রাত্য বসু : ঠিক আছে স্যার।

Sir, I beg to introduce the West Bengal College Service Commission Bill, 2012 .

(Secretary then read the title of the Bill)

Shri Bratya Basu : Sir, I beg to move that The West Bengal

College Service Commission Bill, 2012 be taken into consideration.

শ্রী আনিসুর রহমান : আমাদের একটা প্রস্তাব আছে, স্যার, বলব?

মি. স্পীকার : মি: রহমান, আপনার অ্যামেন্ডমেন্টটা আমি এক্ষুনি পেলাম। Just now বোধ হয় আপনি অ্যামেন্ডমেন্ডটা দিয়েছেন। আমরা তো আগেই বিলটির circulation-এর জন্য দিয়েছি, আগে দেওয়া হয়েছিল বিলটা। লাস্ট মোমেমেট ডিপার্টমেন্টের পক্ষ থেকে রেডি করে দেওয়া খুব ডিফিকাল্ট। তবুও আমি দেখছি।

শ্রী আনিসুর রহমান : স্যার, এখানে নিয়ম আছে নতুন বিল এলেই হয় সিলেক্ট কমিটি না হয় স্ট্যান্ডিং কমিটিতে যায় in-depth study করার জন্য। এটা একটা ইম্পর্ট্যাট বিল। তাই এই বিলটা স্ট্যান্ডিং কমিটিতে পাঠানা হোক এটা আমার প্রস্তাব।

মি. স্পীকার : না, না এটা আপনি ঠিক উপযুক্ত সময়ে দেননি, তাই এটা সিলেক্ট কমিটিতে পাঠাবার কোন ব্যাপার নেই। এটা যদি আপনারা আগে থেকে দিতেন, অনেকদিন আগে বিল দেওয়া হয়েছে। লাষ্ট মোমেন্টে আমাদের পক্ষে মুশকিল কাজ করা।

শ্রী আনিসুর রহমান : বিল-টাতো ২১ তারিখে দেওয়া হল। তারপর ২২ তারিখ ছুটি ছিল। তাহলে কবে অ্যামেন্ডমেন্ট দেব?

মি. স্পীকার : এই বিলের কপি অনেক আগেই দেওয়া হয়েছে। এর আগের হাউজে আপনাদের দেওয়া হয়েছিল। আপনারা হয়তো ভুলে গেছেন। 5th July, আমি official documents থেকে দেখিয়ে দেব, 5th July কপিগুলো দেওয়া হয়েছিল।

শ্রী অসিত মিত্র : এটা স্যার কোন বিতর্কের বিষয় নয়। হাউজে নতুন কোন বিল এলে তা ষ্ট্যান্ডিং কমিটি বা সিলেক্ট কমিটিতে যায়। এটা রুলে আছে এবং এটাই প্রচলিত, আমি কোন নতুন কথা বলছি না। এর আগেও এইরকম হয়েছে।

ডা: সূর্যকান্ত মিশ্র : স্যার, এটা আপনি কমিটিতে পাঠাতে পারেন। সেই প্রেরোগেটিভ আপনার আছে।

মিঃ স্পীকার : জানি আমি জানি। আমার সেই প্রেরোগেটিভ আছে তা আমি জানি। কিন্তু আমি মনে করিনা এই বিল-টাকে সিলেক্ট কমিটিতে পাঠানোর প্রয়োজন আছে।

শ্রী চৌধুরী মহম্মদ হিদায়েতুল্লাহ : মাননীয় স্পীকার মহাশয় আমি প্রথমেই বলতে চাই, বিলটি সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। একটা নতুন বিল আসছে, বিধানসভায় প্লেস করছেন, তার আগে সিলেক্ট কমিটিতে যাবে না ! এই বিলটি সিলেক্ট কমিটিতে পাঠানার জন্য অনুরোধ করছি।

মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল পেশ করেছেন তাতে পেজ নম্বর ২, সাব-সেকশন ২- 'by the State Government and also'-এই জায়গায় লেখা উচিৎ 'by the affiliating university and also'. মানে গর্ভনমেন্ট নয় ইউনিভার্সিটি এটা করবে। সব গর্ভনমেন্ট নিয়ে আসছে, সব গর্ভনমেন্ট নিজে করবে, এটা তো হতে পারে না।

Page no. 5, Section 4, sub-section I (f). 'at least been an Associate Professor for five years along with'-এর জায়গায় অবশ্যই হওয়া উচিৎ 'at least been a Professor along with'. ''Professor'' -কথাটা লিখতে হবে। কেননা আমাদের দেশ হচ্ছে একটা গণতান্ত্রিক দেশ। সেই দেশে এইভাবে হতে পারে না। কতগুলো পদ্ধতি আছে, সেই পদ্ধতি মেনেই এটা করতে হবে। ''Associate'' -কথাটা একেবারে বাদ দিতে হবে, delete করে দিতে হবে এবং ''Professor''-কথাটা নিয়ে আসতে হবে।

তৃতীয় বিষয় হচ্ছে, Section 4, sub-section 1. এখানে লিখেছেন, 'The chairperson or a member of Commission may be removed if he is a member or associated with any political party and in this situation the decision of the state Govt. shall be final. This cannot be accepted. This is against fundamental rights. In a democratic country no one can be debarred from being included in any committee on political ground. সরকার কী করতে চাইছেন ? কী চাচ্ছেন বুঝতে পারছি না। যাকেই মনে করবেন সরকার বিরোধী কথা বলছেন পলিটিক্যাল গ্রাউন্ডে বাদ দেওয়া চেষ্টা করা হবে এবং তাঁকে বাদ দেওয়া হবে। এই জিনিস চলতে পারে না। সুতরাং, এইসব জিনিসগুলো ডিলিট করতে হবে, বাদ দিতে হবে। The Chairpersons and other members of commission who are Associate Professor can select a Principal in the rank of Professor-এটা তো বললাম আপনাকে।

Non-teaching staff-র ক্ষেত্রে কিছু জিনিস বলা হচ্ছে। Page no. 6, section 4, sub-section 9. এতে বলা হয়েছে, প্রতিষ্ঠান থাকলে নিরপেক্ষ ভাবে কাজ করছেন এমন চেয়ারম্যান ও সদস্যের রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করা যাবে। সুতরাং, তাকে বাতিল করবেন, না করবেন, সমস্ত কিছু গর্ভনমেন্ট ঠিক করে দেবে। এটা হয় না। আগেও আমি বিষয়টি নিয়ে আলোচনা করেছি।

[1.40–1.50 p.m.]

আর সেকশান ফোর, সাব-সেকশান ওয়ান, পেজ নাম্বার ১০, in West Bengal may be made on জায়গায় লেখা উচিত in West Bengal shall be made on, shall কথাটা না লিখলে পরে may be কথাটা থাকলে পরে সেটা হচ্ছে এই, এই প্রার্থীকে সেই কলেজ ফ্রি দিতে পারে, may be কথাটা থাকলে কলেজ তাকে নিতেও পারে, নাও নিতে পারে। Shall be কথাটাকে যুক্ত করার দরকার আছে না হলে তাকে প্রত্যাখ্যান করতে পারে। আমি এই বিষয়ে দুটো কথা বলতে চাই। যখন খুশি আমাদের এই মা-মাটি-মানুষের সরকার যা খুশি বাজেট নিয়ে আসছেন, বিল নিয়ে আসছেন এবং সেই বিল এখানে পাশ করানো চেষ্টা করছেন। সংখ্যাখরিষ্ঠা আছে, তার জোরে এ সব জিনিস পাশ করিয়ে নেবেন। এতে আশ্চর্য হওয়ার কিছু নেই। কিন্তু মাননীয় মন্ত্রীকে ভাবতে বলবো, সদস্যদের ভাবতে বলবো। এই যে এবার বাজেট অধিবেশনের সময় বিরোধিরা অনুপস্থিত থাকার সময় আপনারা যেটা করলেন সেটা হচ্ছে এই, হঠাৎ ঘোষণা

করলেন দুটো বিশ্ববিদ্যালয় তৈরি করা হবে। একটি কুচবিহার বিশ্ববিদ্যালয়, তার অধীনে থাকবে ৫৫ টি এবং বর্ধমানে কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, যার অধীনে থাকবে ৩৪ টি কলেজ। ইতিমধ্যে মুখ্যমন্ত্রী কুচবিহার চলে গেলেন, ইউনিভার্সিটির উদ্বোধন করে এলেন, ভালো কথা। আমার রাজ্যে ইউনিভার্সিটি বাড়বে, ছেলেরা আরো পড়ার সুযোগ পাবে কিন্তু তার পরিকাঠামো কোথায়? আপনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের মধ্যে পরিকাঠামো আছে কিনা? এই বাজেটের মধ্যে পরিকাঠামোর কোন টাকাও ধরা নেই, জায়গাও ধরা নেই। অথচ উদ্বোধন করে দিয়ে চলে এলেন। আমার প্রশ্নটা হচ্ছে এই, আমাদের রাজ্য সরকার কি বেসরকারীর দিকে হাঁটছে? অর্থাৎ দেখা যাবে-তিনি 1শিল পোঁতার পর সেটাকে বেসরকারি হাতে তুলে দিলেন। কলেজ, ইউনিভার্সিটি বেসরকারী হাতে চলে গেল। সুতরাং এই বেসরকারী পুঁজির উদ্যোগকে রাজ্য সরকার তার উচ্চ শিক্ষা ব্যবস্থায় নিয়ে আসার একটা প্রচন্ড চেষ্টা করছে। রাজ্য সরকার নিজে দাবি করেন এমন গণতান্ত্রিক ব্যবস্থা বুঝি ভারতবর্ষে নেই। তাই আমরা দেখতে পাচ্ছি উচ্চ শিক্ষায় তার পছন্দের লোকেদের কিভাবে ঢোকানো হচ্ছে। বিভিন্ন বিশ্ববিদ্যালয় আইন তৈরি করছে মমতা সরকার। সে আইন অনুযায়ী এখন থেকে কোন বিশ্ববিদ্যালয়ে নির্বাচিত সিনেট, সিন্ডিকেট, কোর্ট, কাউন্সিল থাকবে না। নির্বাচনের বদলে সেখানে হবে মনোনীত করার গণতান্ত্রিক ব্যবস্থা। বিশ্ববিদ্যালয়ের যাবতীয় ক্ষমতা থাকার জন্য রাজ্য সরকার তথা মুখ্যমন্ত্রী এটাকে বেছে নিয়েছেন। সিন্ডিকেট, কোর্ট, কাউন্সিলে সদস্যরা থাকেন। কোন উপাচার্য রাজনৈতিক আদর্শে বিশ্বাসী হলে তাকে সরিয়ে দেবার স্বৈরতান্ত্রিক ব্যবস্থা থাকবে। কে ঠিক করবে? সে যদি সঠিক কথা বলে তাহলে রাজনৈতিক গ্রাউন্ড বলে তাকে সরিয়ে দেওয়ার ব্যবস্থা করা হবে। এই ফতোয়া দিয়ে সমস্ত বিষয়গুলোকে ছেঁটে ফেলার চেষ্টা করছে। রাজ্য সরকার দলতন্ত্র মুক্ত করার কথা বলছে কিন্তু তাদের নিজেদের পক্ষ থেকে বার বার প্রশ্ন আসছে। নির্বাচনের আগে তৃণমূলের হয়ে যারা গলা ফাটিয়ে চিৎকার করে রাস্তায় ঘুরেছেন তাদেরই আজ কলেজ পরিচালনা সমিতিতে বিভিন্ন জায়গায় 2 বিভিন্ন পদে, চেয়ারম্যান পদে নিযুক্ত করা হয়েছে। এটা একটা ভয়ংকর অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে। আমাদের উচ্চ শিক্ষামন্ত্রী ঘোষণা করেছিলেন শিক্ষা ব্যবস্থাকে বেসরকারী করার উদ্যোগ গ্রহণ করছেন-এমনটা জানিয়েছিলেন তিনি। বেসরকারী উদ্যোক্তারা নিজেরাই শিক্ষা প্রতিষ্ঠান খুলতে পারবে। সেখান থেকে ডিগ্রি, ডিপ্লোমা নিতে পারবে। শিক্ষক, শিক্ষাকর্মীদের বেতন কাঠামো তারা নিজেদের মতো ঠিক করবে। এমনকি ছাত্র, ছাত্রীদের ফি কত দিতে হবে, সেটাও তারাই নির্ধারণ করবেন। টেকনো ইন্ডিয়া গ্রুপকে বিশ্ববিদ্যালয় খোলার অনুমতি দিয়ে যে বিল সংখ্যাগরিষ্ঠতার জোরে পাশ করিয়ে নিয়েছেন তা শিক্ষা ক্ষেত্রে কে ভয়ংকর দিনের ইঙ্গিতবহন করছে। এই বিশ্ববিদ্যালয়ের আচার্য পদে বসবেন সংস্থার ম্যানেজিং ডিরেক্টর। ট্রাস্টের প্রধান, উপাচার্য এবং বোর্ড অফ গর্ভনরস নিয়োগ করবেন তিনি। বোর্ড অফ গর্ভনরস সবাইকে নিয়ে মুখ্য ভূমিকা পালন করবেন। ছাত্র-ছাত্রীর ভর্তির প্রক্রিয়া থেকে ডিগ্রি পাওয়ার যোগ্যতা পর্যন্ত সবই করবেন এই বোর্ড অফ গভর্নরস। আর এই বিষয়ে রাজ্য সরকারের কোন ভূমিকা থাকবে না। অর্থাৎ রাজ্য সরকার তার দপ্তর খুলেছেন, অথচ তার কোন ভূমিকাই থাকবে না এটা ভাবতেই পারা যায় না। বিশেষজ্ঞদের নিয়ে রাজ্য সরকার কোন কমিটি গঠন করে নি। একটু আগেই এখানে প্রশ্নোত্তরের সময় প্রশ্ন করেছিলেন বিরোধী দলের পক্ষ থেকে। রাজ্য সরকার কি কমিটি তৈরি করেছিল শিক্ষকদের নিয়ে? ব্রাত্যবাবু বলেছিলেন যে না আমি জানি না। জানবেন

না কেন? কমিটি তৈরি হয়েছে কি হয় নি জানবেন না কেন? একটা মন্ত্রী তিনি তার কমিটি তৈরি হচ্ছে কিনা তিনি জানবেন না এটা হতে পারে নাকি। এই সব গোপন করছেন, লুকাচ্ছেন। যা খুশি তাই করছেন। দেখা যাবে যে রাজ্য সরকার উচ্চশিক্ষার আঙ্গিনা থেকে কিছু দিনের মধ্যে ছিটকে পড়বে। যা একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে যাবে। আমাদের দেশের ১৮ থেকে ২২ বছরের ৯ ভাগ ছেলেমেয়ে কলেজে, বিশ্ববিদ্যালয়ে যায়। আমাদের রাজ্যে ৩৩ বছর বামফ্রন্টের সময়ে এটা অনেকটাই বেড়ে ছিল অন্য রাজ্যের তুলনায়। ফলে কলেজমুখী ছাত্রদের সংখ্যাটা বৃদ্ধি পেয়েছিল। রাজ্য সরকারের এই পদক্ষেপের ফলে অনেকটাই হ্রাস পাবে। যে দেশে ৮৫ কোটি মানুষ দুবেলা দুমোঠো খেতে পায় না লক্ষ লক্ষ টাকা খরচ করে কলেজ বা বিশ্ববিদ্যালয়ে পড়তে যাওয়াটা তাদের বাড়ির ছেলেমেয়েদের দিবা স্বপ্ন ছাড়া আর কিছুই নয়। এই বেসরকারীকরন হলে সেটাই হবে। যা খুশি তাই বলবেন, সাধারন ঘরের ছেলেমেয়েরা সেখানে ঢুকতে পারবেন না। বেসরকারী উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠানগুলি শুধুমাত্র মুনাফার কথা বলবে এবং মুনাফা তুলবে। তাদের কাজ মানব সম্পদ গড়ার নয় বিত্তবান খোঁজার উদ্দেশ্য নিয়ে এই ব্যবসা তারা চালাবেন। বেসরকারী মুনাফা সন্ধানী বিশ্ববিদ্যালয় আমাদের দেশের আইনের ফাঁক ফোঁকর দিয়ে দাতব্য সংস্থায় পরিণত হবে। আয়কর দপ্তরকে বুড়ো আঙুল দেখিয়ে প্রচুর লাভ করবে। অন্যদিকে প্রচুর অর্থের বিনিময়ে নিম্নমানের শিক্ষা দান করবে যা এক কথায় অভাবনীয়। ২০০৫ সালে ছত্তিগড়ের ১০০টার বেশি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বাতিল করে দিয়েছেন সুপ্রিম কোর্ট। এই যা খুশি তাই করার জন্য। আমাদের রাজ্যে সেটাই আগামীদিনে হবে। বিশ্ববিদ্যালয়গুলোর যেভাবে বেসরকারীকরন করার চেষ্টা হচ্ছে সরকারের পক্ষ থেকে তা আগামী দিনে একটা ভয়ংকর পরিস্থিতির জায়গায় যাবে। এক এমন বেসরকারী বিশ্ববিদ্যালয় তৈরি হতে চলেছে আমাদের রাজ্যে যার ডিগ্রি বা ডিপ্লোমাকে অন্য কোন সরকারী বিশ্ববিদ্যালয় থেকে অনুমোদন নিতে হবে না যেটা বামফ্রন্ট সরকারের আমলে নিতে হত। অনেক বেসরকারী ইঞ্জিনিয়ারিং, ডাক্তারী কলেজ হয়েছিল সেখান পড়ানো হত কিন্তু সেখানে সরকারী বিশ্ববিদ্যালয় থেকে অনুমোদন নিতে হত। কিন্তু এখন সেই বিশ্ববিদ্যালয়গুলোর কোন অনুমোদন নিতে হবে না। এই রাজ্যের অগণিত মানুষ যারা শিক্ষাকে নিজেদের অধিকার বলে মনে করেন এই রাজ্যের বর্তমান সরকারের শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্তে মোটেই খুশি নন।

বেসরকারী বিশ্ববিদ্যালয়কে সরকার যেভাবে লালন পালন করার উদ্যোগ নিয়েছেন তা আম জনতার কথা ভাবছেন না। তারা আমির জনতার কথা ভাবছেন। আপনাকে যে কথাটা আমি বলতে চাইছে সেটা হল, এই বিল এখান থেকে তুলে নিয়ে সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। সিলেক্ট কমিটি এই বিলে ঠিক করবে অ্যাসোসিয়েটেট প্রফেসর হবে কি প্রফেসর হবে। সিলেক্ট কমিটিতে যাক আমাদের আপত্তিগুলো গ্রহন করতে হবে এবং সেইভাবে বিলকে বাতিল করতে হবে, ধন্যবাদ।

ড. আশীষ ব্যানার্জী : স্যার, মাননীয় অধ্যক্ষ মহোদয় প্রথমে আমি আমি "মা-মাটি-মানুষ"-এর সরকারের মাননীয় মন্ত্রী শ্রী ব্রাত্য বসু মহোদয় আনীত যে "দি ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন বিল, ২০১২"-এটাকে পূর্ণ সমর্থন জানিয়ে ২-৪টি কথা নিবেদন করছি। এই বিলটা আমরা দেখছি নতুন আইন রচনার জন্য। কেন এই নতুন আইন রচনার প্রয়োজন হল। ১৯৭৮ সালে "দি ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন অ্যাক্ট" যা রচনা করা হয়েছিল তা সম্পূর্ণতা পায় নি, ফাঁক

ফোকর রেখেই সেই আইন তৈরি করেছিলেন। যাতে সেই ফাঁক ফোঁকর দিয়েই হেদায়েতুল্লা সাহেবরা বামফ্রন্টে দূর্নীতিগুলো সহজে করতে পারেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাই দেখলেন যে দূর্নীতি রোধ করতে গেলে পুরানো আইনটা পাল্টাতে হবে। তাই এই আইনের প্রয়োজন। এই বিলে স্যার কতগুলো মুখ্য বিষয় আছে।

(১) চেয়ারম্যান নয় চেয়ার পার্সন প্রসারিত করা হয়েছে।

(২) কমিশনের সদস্য সংখ্যা বাড়ানো হল।

(৩) লাইব্রেরীয়ানদের নিয়োগ কমিশনের মাধ্যমে করার কথা ঘোষিত হল।

[1.50 – 2.00 p.m.]

চার, Non-teaching স্টাফ, বেসরকারী বা সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজগুলিতে কমিশনের মাধ্যমে নিয়োগ করা হবে। পাঁচ, এটাই সবচেয়ে বড় কথা পার্ট টাইম এবং কনট্রাকচুয়াল টিচার যাদের কথা আপনারা খুঁড়োর কলের মত ঝুলিয়ে রেখেছিলেন, কিন্তু সমস্যার সমাধান করেন নি। বর্তমান সরকার, মা মাটি মানুষের সরকার মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর সহযোগী মানুষ ব্রাত্য বসু সেটা চিন্তা করলেন এবং তাদের বিষয় নিয়ে তার একটা প্রভিশন এখানে রাখলেন। এটা একটা বড় কথা এবং এই আইনের মধ্য দিয়ে স্বচ্ছতা আনা হবে, ফাঁক-ফোঁকড় বন্ধ করা হবে। যে ট্রান্সপারেন্সির কথা মাননীয়া মুখ্যমন্ত্রী বারংবার বলে চলেছেন, সেই ট্রান্সপারেন্সি যাতে থাকে তারজন্য এই আইন। আগের এ্যাক্টের সঙ্গে এই বিলের পার্থকটা কোথায়-প্রথমত তারা বলেছিলেন যিনি চেয়ারম্যান হবেন তার কি কি যোগ্যতা থাকবে তা আগের এ্যাক্টে বলা হয় নি। কি কি যোগ্যতা থাকবে সেটা আগের এ্যাক্টে বলা হয়নি। শিক্ষকের দলতন্ত্রীকরণের প্রয়াস প্রথম থেকেই ছিল এবং ছিল বলেই শিক্ষাক্ষেত্রে তার যোগ্যতা থাক বা না থাক আলিমুদ্দিনে বসলেই তিনি চেয়ারম্যান হওয়ার যোগ্যতা অর্জন করবেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রথম থেকেই যেটা চাইছেন সেটা হল শিক্ষার অঙ্গনকে শিক্ষিত লোকের, শিক্ষার সঙ্গে যুক্ত মানুষগুলি পরিচালনা করবেন। সেইজন্য এই বিলের ৪ নং ধারায় 'E' এবং 'F' টা দেখুন - তার কি কি থাকতে হবে, যিনি চেয়ার পারসেন হবেন তার কি থাকতে হবে - highest level of competence অর্থাৎ প্রবল কর্ম দক্ষতা, ইন্টিগ্রিটি-ন্যায়পরায়ণতা, morals-নৈতিকতা এবং ইনস্টিটিউশনাল কমিটিমেন্ট অর্থাৎ প্রাতিষ্ঠানিক অঙ্গীকার। আর কি থাকতে হবে অন্তত ৫ বছর এ্যাসোসিয়েট প্রফেসর হিসাবে থাকতে হবে। হেদয়াতুল্লা সাহেব আপনি এই টার্মগুলো জেনে নেবেন। ৫ বছর এ্যাসোসিয়েট প্রফেসর হিসাবে থাকতে হবে। সঙ্গে থাকতে হবে কলেজ বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতার অভিজ্ঞতা। অন্যান্য সদস্যদের ক্ষেত্রে শুধু বয়সের ফারাক রাখা আছে। এরা ৬২, ৬৫ আর ওরা ৭০। তাহলে মূল বিষয়টা দেখুন শিক্ষার সঙ্গে যুক্ত ব্যক্তিরাই শিক্ষার অঙ্গন আলোকিত করবেন। ঝান্ডা দিয়ে নয়, ডান্ডা দিয়ে নয়, পরিপূর্ণভাবে শিক্ষার আলোক বর্তিকা হাতে নিয়ে যারা রয়েছেন তিনি ওই কমিশনের চেয়ার পারসেন। মমতা ব্যানার্জী এখানেই ব্যতিক্রম, এখানেই সাহসিকতার পরিচয় দিয়েছেন। যে সাহস আপনারা দেখাতে পারেন নি। ক্যাডার রাজ প্রতিষ্ঠার জন্য এবং স্বাভাবিকভাবেই বাংলার মানুষদের

কাছে ওটা সি এস সি অর্থাৎ কলেজ সার্ভিস কমিশন নয়, ওটা আপনাদের কমরেড সার্ভিস কমিশন ছিল। রিমুভ্যালের ক্ষেত্রে ৩ টি বিষয় আপনারা রেখেছিলেন-misconduct. involving moral attitude, (২) insolvency (৩) infirmity of body and mind আর কিছু রাখলেন না। কারণ তিনি যদি বেআইনী কাজ-কর্ম চালান, কমিশনের আইন অনুযায়ী কাজ না করেন, তিনি যদি ক্ষমতার অপব্যবহার করেন তিনি যদি আলিমুদ্দিনের অপকর্মগুলোর সহায়ক হন তাহলে তাকে বাদ দেওয়া যাবে না। অর্থাৎ It is detrimental to the interest of the Commission, তাহলেও বাদ যাবেন না। এই বিলে বলা হল- না, তা হবে না। যথেচ্ছাচার করা যাবে না, নিয়ম অনুযায়ী কাজ করতে হবে। মমতা ব্যানার্জীর ভাষায় স্বচ্ছতা রাখতে হবে। ট্রান্সপারেন্সি রাখতে হবে। আপনাদের সঙ্গে পার্থকটা এখানেই। আপনারা প্যানেলের ওপরের জনকে নীচে এবং নীচের জনকে ওপরে উঠিয়ে দেওয়ার কায়দাটা এতো সুন্দর রপ্ত করেছিলেন যা ভাবা যায় না। কি স্বচ্ছতা-অনেককে মহামান্য আদালতের আশ্রয় নিয়ে চাকুরীতে ঢুকতে হয়েছিল এইরকম ভুরি ভুরি উদাহরণ, প্রমাণ এই রাজ্যে আছে। আরেকটা উল্লেখযোগ্য বিষয় এই বিলে রাখা হয়েছে। সেকশান ৭ সাব সেকশান ৪ বলা হয়েছে for the purpose of recommenation of eligible candidates in each post under this Act. The Commission shall follow counselling process as may be provided by regulations. এরদ্বারা কি হবে-কাউন্সিলিং প্রসেসের দ্বারা আমি কলেজ বেছে নিতে পারবো। ফলে কি হবে-কলেজে শিক্ষক শিক্ষিকার অভাব থাকবে না, আপনি যাকে রেকমেনডেশান করলেন জলপাইগুড়িতে, তিনি গেলেন না, তিনি বললেন যে, আমি কাছাকাছি কলেজেতে যাব। এই সুযোগটা এই সরকার করে দিচ্ছেন, ব্রাত্যবাবুকে ধন্যবাদ। কলেজগুলোতে আজ অধ্যাপক পদে শূন্যতার একটা বড় কারণ পূর্বতন বামফ্রন্ট সরকারের উদাসীনতা তথা অপদার্থতা। তাদের আমলে কলেজ সার্ভিস কমিশন কে দেখেননি বলুনতো? রিজারভেশানের ব্যাপারটা এরা নজর দেননি। তপশীলি জাতি, উপজাতিদের জন্য সংরক্ষণের রীতি মেনে চলেন নি। ফলে তাদের বঞ্চিত করেছেন। আজ যখন সরকার এই বিষয়কে ধরছেন তখন দেখা যাচ্ছে যে প্রচুর শূণ্য পদ। তারা যদি নজর দিতেন তাহলে কলেজে শূন্য পদের সংখ্যা কখনই এরকমভাবে বেড়ে যেত না। যেটা বলছেন হাজার হাজার শূণ্য পদ, এই শূণ্যপদের স্রষ্টাতো আপনারাই। এইসব বিষয়ে পূর্বতন সরকারের কোন নজরদারি ছিল না। কিন্তু বর্তমান বিলে স্পষ্ট করে বলা হয়েছে সেকশান আটের সাত নম্বর উপধারায়- The Commission should satisfy itself before advertising such post that relevant reservation policy and rules of the State Government in this respect have been duly complied with -অর্থাৎ রিজারভেশানের ব্যাপারটা দেখে তবে বিজ্ঞাপন দেওয়া হবে। এর ফলে তপশিলী জাতি, উপজাতি তথা সংরক্ষিত যে আসন সেই আসনগুলি যথাযথ ভাবে পূরণ করা হবে। বঞ্চনা ঘটবে না। আর একটা বিষয় দেখুন সেকশানটেনের সাবসেকশান ওয়ানে বাস্তবসম্মত প্রভিশান রাখা হয়েছে। পরপর দুই বছর কোন কলেজে একটি বিশেষ বিষয়ে যদি ছাত্র ভর্তি না হয় তাহলে সেই অ্যাসিসট্যান্ট প্রফেসারকে অন্য কলেজে নিয়োগের সুপারিশ করবে কমিশান, যে কলেজে সেই বিষয় এবং সেই পদ রয়েছে। ১৯৭৮ সালে বামফ্রন্ট সরকারের তদানীন্তন শিক্ষামন্ত্রী প্রয়াত শম্ভুচরণ ঘোষ এই বিলের সমর্থনে জবাবী ভাষণে বলেছিলেন-

আজকে ছাত্র ভর্তির হার কমে যাওয়ার ফলে অধ্যাপকরা উদ্বৃত হয়ে যাচ্ছেন তাদের চাকরির নিরাপত্তার সমস্যা দেখা দিচ্ছে। কিন্তু আজকের মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর মত তিনি ভাবতে পারেননি। সুতরাং অধ্যাপকদের চাকরির নিরাপত্তা কিভাবে দিতে হয় বিরোধী বন্ধুরা সেটা নিশ্চয়ই অনুধাবন করতে পারছেন। এই বিলে আর কি রাখা হয়েছে। কলেজের সামগ্রিক বিষয়টা দেখা হয়েছে। সি.এস.সি প্রকৃতপক্ষে কলেজ সার্ভিস কমিশান। শুধুমাত্র প্রিন্সিপ্যাল, অ্যাসিসট্যান্ট প্রফেসার অ্যাপয়েন্টমেন্টের জন্য সুপারিশ করবেন না। সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজ গুলি লাইব্রেরিয়ান নিয়োগের জন্য রেকমেন্ড করবেন। এই বিষয়টা আপনারা দেখেন নি। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে আর একটা বড় সিদ্ধান্ত নিয়েছেন সরকার। এই বিলে তার প্রতিফলন ঘটেছে। ননটিচিং এমপ্লয়িদেরও সি.এস.সি-র আওতায় আনা হল। তাদের প্যানেল তৈরি হবে। আমি জানি এমন অনেক কলেজ আছে যেখানে বিজ্ঞাপন দেওয়ার পরেও কোন নেতার কটা কোটা হবে এতে একমত হতে পারলেন না, না পেরে ইন্টারভিউটাই বন্ধ করে দিলেন। রন্ধে রন্ধে দুর্নীতি। তাই বেশি বকবেন না। তাই বিল এনে অশিক্ষক কর্মচারীর পদ পূরণ করে কলেজ গুলিতে কাজের পরিবেশ তৈরি করার প্রয়াস নিলেন। এখানে বলা হয়েছে প্রত্যেক জনের জন্য এবং প্রতেক ক্যাটাগরির জন্য ভিন্ন ভিন্ন প্যানেল তৈরি করবেন সি.এস.সি. এবং এই সিলেকশানর জন্য এলিজেব্‌ল ক্যানডিডেট তাদের কাছ থেকে আবেদনপত্র নেবেন। ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কাছ থেকে নাম নেবেন। সূর্যবাবুর নিশ্চয়ই খেয়াল আছে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ উঠে যাওয়ার কথা বলছিলেন, ওঠে নি। এবং সংবাদপত্রে ব্যাপক বিজ্ঞাপন দেওয়া হবে। সেকশান আট সাবসেকশান চার তাতে দেখুন আর একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করা হয়েছে। যে সকল পার্টটাইম টিচারস বা কন্ট্রাকচ্যুয়াল টিচারস রয়েছেন তাদের কথা পূর্বতন সরকার ভাবেননি। কিন্তু এই সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী ভাবলেন। কি ভাবেলন? তাদের প্রোভাইভ করার জন্য প্রভিশান রাখবেন- provision for relaxation of age for certain categories of candidates for the purpose of appearing in the selection process of Assistant Professor and Librarians-এটা নতুন আলো দেখাচ্ছে না? এটা নতুন আলো দেখাচ্ছে না কনট্রাকচ্যুয়াল এবং পার্টটাইম টিচারদের। যাদের কথা আপনারা ছুঁড়ে ফেলে দিয়েছিলেন। এই বিলকে সমর্থন জানিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করব যে, এই পূর্বতন কলেজ সার্ভিস কমিশন ব্যাপক দুর্নীতি করেছে। যোগ্য প্যানেলভুক্ত প্রার্থীদের বঞ্চিত করেছেন। যাদের কোনভাবেই বাদ দিতে পারেন নি তাদের প্যানেলে রাখলেও নিয়োগপত্র হাতে দেননি। প্রিন্সিপ্যাল অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রেও দেখা গেছে শতকরা ৫০ নম্বর এম.এ পরীক্ষায় পাননি শুধুমাত্র বামফ্রন্ট জিন্দাবাদ করার পরেই তাকে প্রিন্সিপালের পদে নিয়োগ করা হয়েছে। তদানীন্তন শিক্ষামন্ত্রী বিলের সমর্থন জানিয়ে অন্য কথার সঙ্গে একটি কথা বলেছিলেন, সেটা বাস্তব। কি রকম? কি বলেছিলেন তিনি? বলেছিলেন ইংরেজী ভাষা এবং সাহিত্যে কোন এক্সপার্ট বামফ্রন্ট সরকারের সমর্থক হন, বামফ্রন্টের চিন্তাধারার সমর্থক হন, তাহলে আমরা গর্ব অনুভব করব। কে বলেছিলেন? মাননীয় প্রয়াতঃ শিক্ষামন্ত্রী। তিনি গর্ব অনুভব করবেন। বস্তুতঃ এই গর্ব অনুভব বামফ্রন্টের সমকালীন একের পর এক শিক্ষা মন্ত্রীরা করেছেন। কমিশনের চেয়ারম্যানরা করেছেন। আর এই গর্ব অনুভব

করতে-করতেই বামফ্রন্ট সদস্যদের কলেজে নিযুক্ত করবার প্রয়াস চালিয়েছেন। তাই আমি মাননীয় শিক্ষামন্ত্রী এখানে আছেন, আমি তদন্তের দাবি করছি যে পূর্বতন সরকার, যে কমিশন, সার্ভিস কমিশন গঠন করেছিলেন তার পূর্ণাঙ্গ তদন্ত করে সাধারণ মানুষের কাছে একটা রিপোর্ট পেশ করা হোক। পার্টি আপনাদের সব, পার্টি আপনাদের ঈশ্বর, পার্টি আপনাদের ইহকাল, পার্টি আপনাদের পরকাল, পার্টি আমার ধর্মাধর্ম, পার্টি আমার প্রাণ, ইহকালের পার্টি আমার পরকালের প্রাণ। এই নিয়ে আপনারা আছেন। এই বিলে আরও অনেক দিক আছে। আমাদের বন্ধুরা সেসব দিকে আলোকপাত করবেন। এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে শেষে শুধু একটা কথা বলব যে, এই সরকার শিক্ষাক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন এনেছেন। আপনারা জেনে রাখুন, যে আপনারা বলছিলেন না বিশ্ববিদ্যালয়ের অ্যাপয়েন্টমেন্টের কথা। বিশ্ববিদ্যালয়ের অ্যাপেন্টমেন্টের জন্য আপনার খুঁজতে হবে, একটা অন্য কোন রঙের লোক খুঁজতে হবে যে, যাদের আপনারা ৩৪ বছর ধরে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে গিয়েছেন। শুধু অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রেই নয়, বালি, ইট, কাঠ,পাথর, সিমেন্ট কারা সাপ্লাই দেবেন, তার কথাও আপনারা ঠিক করে রেখেছেন। তার লিস্ট করে রেখেছেন। যে কারা এই বিশ্ববিদ্যালয় তৈরীতে কারা চাল সাপ্লাই দেবেন, কারা মাল সাপ্লাই দেবে, কারা সিমেন্ট সাপ্লাই দেবে, বালি সাপ্লাই দেবে, কারা আপনাদের আলিমুদ্দিনের পূজা দেবে-এই সমস্ত কিছুই আপনারা ঠিক করে রেখেছিলেন বছরের পর বছর। আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে শুধু একটা কথা বলব এই সরকার শিক্ষা ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন এনেছেন। জেনে রাখুন, অন্ধ হলে কি প্রলয় বন্ধ থাকে? এগিয়ে যাবেন এই সরকার মমতা ব্যানার্জীর নেতৃত্বে। তাই বলব মুখ্যমন্ত্রীর নামে তোরা সব জয়ধ্বনি কর, তোরা সব জয়ধ্বনি কর, ঐ নূতনের কেতন ওড়ে কালবৈশাখীর ঝড়, তোরা সব জয়ধ্বনি কর। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.00 – 2.10 p.m.]

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় দপ্তরের মন্ত্রী তিনি আজকে এই বিধানসভায় দি ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন বিল, ২০১২ উত্থাপন করেছেন। আমি প্রথমে বলতে চাই একটা নতুন বিল এখানে নিয়ে আসা হয়েছে। আমাদের বিরোধী দলনেতা বলেছেন এবং আমাদের পূর্ববর্তী বক্তা - তিনিও বলেছেন। এই বিল এখানে আলোচনার ব্যাপারে নিজেও পারতেন ক্ষমতাবলে সিলেক্ট কমিটি অথবা সাবজেক্ট কমিটিতে পাঠিয়ে দিয়ে এই বিল সম্পর্কে আলোচনা করার জন্য। কিন্তু সেটা আপনি রাজি হলেন না। এর আগে বিল নিয়ে মাননীয় সদস্যরা অনেক কথা বলছিলেন। বিলে বেশি কিছু বলার নেই। ৭৮ সালের যে বিল আছে, সেই বিলের সঙ্গে সামঞ্জস্য রেখেই এই বিলে দু-একটি জায়গায় আপনি নতুন প্রস্তাব নিয়ে এসেছেন। সেই কমিশনে মেম্বার সংখ্যা আপনি বাড়াতে চেয়েছেন। এখানে ছিল ৭ জন, আপনি ১৬ করতে চেয়েছেন। আমার এখানে প্রস্তাব হচ্ছে ১৬ না, প্রতি জোন থেকে দু জন করে রিপ্রেজনটেটিভ এখানে রাখা দরকার, যে জোন আমাদের নির্ধারিত রয়েছে। তাহলে সবটাই সমন্বয় হবে। আপনি ১৬টা ঠিক করে দেবেন, হয়ত দেখা গেল সমন্বয় হল না, কোথাও বেশি হল না কম হল সব জায়গায় ঠিকমত-তার যোগযোগও থাকল না। সেইজন্য আপনি এটাকে জোন ওয়াইজ অ্যাট লিস্ট দু জন করে সদস্য কমিশনে রাখার জন্য আমি আপনার কাছে প্রস্তাব রাখছি। আপনি একটা জায়গায়

বলেছেন যে, কমিশনের চেয়ারপার্সেন কে হবেন? আগে প্রফেসার ছিলেন এই কমিটির চেয়ারপার্সেন বা চেয়ারম্যান। আপনি সেখানে অ্যাসোসিয়েট প্রফেসার রাখতে চাইছেন। অভিজ্ঞতার দিক থেকে প্রায় একই আছে। কিন্তু এই কমিশনে প্রফেসার নিয়োগ হবে, প্রিন্সিপাল নিয়োগ হবে, তাহলে এই অ্যাসোসিয়েট প্রফেসার বিলো দি র‍্যাংক অফ প্রফেসার বা প্রিন্সিপাল। এখানে আমার বক্তব্য হচ্ছে, প্রফেসার থেকে যদি প্রিন্সিপাল হয়, সেই প্রফেসারকে এখানটায় চেয়ারপার্সেন বা চেয়ারম্যান হিসাবে রাখার জন্য আমি আপনার কাছে আমার বক্তব্যকে নিবেদন করছি। কারণ এই নিয়োগ হবে। তারপরে আপনি নন-টিচিং নিয়োগ করার ক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম নেওয়া এবং অ্যাডভাটাইজমেন্ট করার কথা বলেছেন। এটা আগেও ছিল। তাদের এলিজিবিলিটি টেস্ট হবে। কমিশন তাদের পরীক্ষা-নিরিক্ষা করে সমন্বয় করে প্যানেল তৈরি করবে। সেই প্যানেল থেকে তাদের অ্যাপয়েন্টমেন্ট হবে। আপনার বিলে এই দুটো জায়গা ছাড়া অন্য কোন জায়গাতে আমার কিছু বলার নেই। এই দুটো জায়গাতেই আমাদের বক্তব্য রাখছি। চেয়ারপারসন নিয়োগ করার ক্ষেত্রে, অ্যাপয়েন্টমেন্টর ক্ষেত্রে প্রফেসারদের রাখাটাই বেটার। আর মেম্বার্স প্রতি জোন থেকে দুজন করে নেওয়ার জন্য। এছাড়া চেযারম্যান-এর কি কি গুণাগুণ থাকবে আগেও বলা আছে, এখনও আপনি সেই কথা প্রায়ই বলেছেন। তারপরে আপনার বিলে সেক্রেটারি নিয়োগের ক্ষেত্রে আগেও যা বলা ছিল নট বিলো দা র‍্যাঙ্ক অফ ডেপুটি সেক্রেটারি অফ ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট, এখানেও আপনি সেই কথা বলেছেন। সেক্রেটারি সমস্ত কিছুর ডয়িং অ্যান্ড ডিসবার্সমেন্ট অফিসার হবে, সেটা আপনার বিলে খুব পরিস্কার করে বলা নেই। সেক্রেটারি হবেন এই কমিশনের মূল ডয়িং অ্যান্ড ডিসবার্সমেন্ট অফিসার উইথ দা ডিসকাসন অফ দা চেয়ারপারসন অফ দা কমিশন। এটা আপনি একটু ভেবে দেখবেন। আপনার বিলে আর কোথাও কিছু বলার আছে বলে আমি মনে করি না। যেভাবে আছে সেই ভাবে হবে। এই হচ্ছে মূল বিষয়। আমরা দুটো জায়গায় বিরোধিতা করছি। আপনার অ্যাসোসিয়েট প্রফেসর চেযারপারসন-এর দায়িত্বে যান, আমরা এর বিরোধিতা করছি। আমরা চাই প্রফেসার চেয়ারপারসন হোক। আর একটা জায়গায় বিরোধিতা করছি আপনারা ৭ এর জায়গায় ১৬ জন মেম্বার করেছেন। আমরা ৩৫ জন মেম্বার করার কথা বলছি। এই দুটো জায়গায় আমরা বিরোধিতা করছি। এই বেশি কিছু বলা নেই। আমি আপনার বিলের উপর এই দু-চার কথা রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, The West Bengal College Service Commission Bill, 2012 এর উপর আমি বক্তব্য রাখছি। স্যার, আপনি কিছুক্ষন আগে বললেন আমি এই বিল সিলেক্ট কমিটিতে পাঠাব না। এই হাউসে লেপফ্রন্ট গভর্নমেন্ট একটা বিল এনেছিলেন। আমার সঙ্গে যারা আমার সতীর্থ আছেন, তারাও জানেন সেই বিলটার নাম ছিল সালিসি বিল। ওই সময়ে যদি কোন বিল ফেরত গিয়ে থাকে অর্থাৎ বিলটা প্লেস করার পরেও বামফ্রন্ট পিছু হটে চলে যায়, একটাই বিল আমার যতদূর মনে আছে সেটা সালিসি বিল। সেটা তিনবার প্লেস করবার পরেও এই বিধানসভায় পাশ হয়নি। স্যার, আপনি শুনছেন কি না জানিনা, আমি আপনার কাছে বলছি এই হাউসের মধ্যে দাঁড়িয়ে আমি অন্য বিষয়ে দু-একটি কথা বলে শেষ করব। আমরা এইখানে এই চেয়ারে এই বেঞ্চে দাঁড়িয়ে আমরা বলেছিলাম পার্লামেন্টে এমন অনেক বিল

আসে, যে বিল গুলো শুধুমাত্র স্ট্যান্ডিং কমিটিতে আলোচিত হয়, সিলেক্ট কমিটিতে আলোচিত হয়, তা না।

[2.10–2.20 p.m.]

অনেক সময় পাবলিক ওপিনিয়ন পর্যন্ত সিক করা হয়, তাতে ১ বছর পর্যন্ত সময় যায়। আপনি এক কথায় বলে দিয়েছেন, 'না, এই বিল আমি সিলেকট্ কমিটিতে পাঠাবো না।' এখন যদি মনে হয়, যেহেতু ব্রাত্য বাবু বিল তৈরী করেছেন, অথবা শাসক দলের পক্ষ থেকে একটা বিল প্লেস করা হয়েছে, আমি আপনার প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা রেখে বলছি —সুতরাং, যেমন করেই হোক এই বিলটা সিলেকট্ কমিটিতে ফেরত পাঠানো যাবে না। এই বিল আজকে যেমন করেই হোক আলোচনা করতে হবে এবং [***] তাহলে আমার কিছু বলার নেই স্যার। আমি আপনাকে বলছি, আমার মনে হয়, এর পরেও আমি যখন বলবো, নিশ্চয় একটা দুটো কথা বলবো, কিন্তু তা সত্ত্বেও আমি বলছি স্যার, আপনি দেখবেন যে, এটা নতুন কোন বিল আসার সময় মানা হচ্ছে কিনা। দ্বিতীয় কথা যেটা মাননীয় ঈদ মহম্মদ সাহেব বলেছেন যে, আমরা দেখছি, ৭ নম্বর, ৮ নম্বর, ৯ নম্বর বিলে তো এটা গ্রহণ করার কোন প্রভিশন নেই। বিলে যদি এমেন্ডমেন্ট না দিতে পারন, আমি যদি এমেন্ডমেন্ট না দিই, তাহলে এমেন্ডমেন্ট নিয়ে আলোচনা না হতে পারে। বাজেটে কোন প্রস্তাব মাননীয় মন্ত্রী ইচ্ছা করলে গ্রহণ করতে পারেন। তিনি যদি মনে করেন, তিনি যদি এ্যনালিসিস করে মনে করেন যে, এটা গ্রহণ করা উচিত, তাহলে তিনি বলতে পারেন যে, 'এটা আমি গ্রহণ করলাম। আজকে ব্রাত্য বাবুর যদি মনে হয় যে, মাননীয় স্পিকার মহাশয়ের অনুমতি নিয়ে তিনি এটা গ্রহণ করবেন— আমার যতদূর মনে হয়, বিলের ক্ষেত্রে সেটা বোধহয় গ্রহণ করা যায় না, তাহলে তার এ্যমেন্ডমেন্ট চাই, কিন্তু বিলটা পুরো আলোচনা করতে হয়, আমরা অন্যান্য বিষয়গুলো তুলে ধরার চেষ্টা করি। মাননীয় স্পিকার সাহেব আমি অনুরোধ করবো যে, পরবর্তী পর্যায়ে যখন কোন বিল আসবে, তখন নিশ্চয় আপনার প্রাজ্ঞ চিন্তা নিয়ে, ভাবনা দিয়ে, আইনের কথা ভেবে আপনি এটা চিন্তা করবেন যে, সত্যি বিলগুলো সিলেকট্ কমিটিতে পাঠানো উচিত কিনা। শুধুমাত্র জেদের বশবর্তী হয়ে একটা বিল নিয়ে আলোচনা করা উচিত নয় বলে আমি মনে করি। স্যার, আমি এই বিল নিয়ে বলতে গিয়ে শুধু একটা কথা বলবো যে, এটা তো ১৯৭৮ সালে তৈরী হয়েছিল এবং এটা তো রিটেন্। আমি আপনাদের কাছে বলছি যে, নিশ্চয় বিলের বিষয়ে অনেক কিছু তাঁরা আলোচনা করছেন এবং আলোচনা করে তাঁরা ঠিক করেছেন যে, এই বিলটা প্লেস করতে হবে ইন দি ইন্টারেস্ট অফ লেকচারার, প্রফের, এ্যসিসট্যান্ট প্রফেসর যাঁরা আছেন তাঁদের জন্য করতে হবে। কনট্র্যাকচুয়াল লেকচারার যাঁরা আছেন, তাছাড়া অন্যকোন জায়গায় আছেন যাঁরা, তাঁদের কথা চিন্তা করে তাঁরা ভাবছেন যে তাঁদের একটা বয়ঃসীমা নির্ধারিত করতে হবে। যেটা ৬০ বছর পর্যন্ত বয়স বলা হয়েছে তাঁরা কোন সময় পর্যন্ত পরীক্ষা দিতে পারবেন বা পারবেন না—এগুলো নিঃসন্দেহে ভাল। কিন্তু একটা জায়গায় স্যার, আমার মনে হয়, আমাদের সকলেরই ভাবা উচিত— এখানে যাঁরা বিশেষত কলেজ এডুকেশন বা উচ্চ শিক্ষা দপ্তরের সঙ্গে সংযুক্ত বা যাঁরা এসব নিয়ে আলোচনা করেন, তাঁদের ভাবতে হবে— একটা মেধা শূন্যতা কি আমাদের গ্রাস করছে না? একটা মেধা শূন্যতা আসছে।

*** 'অধ্যক্ষের আদেশ ক্রমে বাতিল।'

কেননা, আমরা খবরের কাগজে দেখি এবং অন্য অন্য জায়গাতেও দেখি যে, দুটো জায়গায় আপনি পোস্ট ফিল-আপ করতে পারবেন না। কোনটা কোনটা? কিছুক্ষণ আগে আশীষ বাবু বলছিলেন, রিজারভেশনের কথা। এমন অনেক টিচার আছেন, এমন অনেক প্রফেসর আছেন, যে পোস্টটা রিজার্ভ ফল এস.টি। রিজার্ভ ফর এস. টি. যেটা সিডিউল ট্রাইব, আপনি পাচ্ছেন না, বিশেষ করে স্কুলের ক্ষেত্রে আপনি নিশ্চয় উপলব্ধি করছেন যে অনেক জায়গা থেকে এটা আসে, যদি স্কুলের কথা এখানে আলোচনা হয়, তাহলে দেখবেন যে, ইন কেস অফ রিজারভেশন এন্ড ইন কেস অফ কলেজ এন্ড ইউনিভারসিটিস — আমি আপনাকে বলছি, যদি এরকম জায়গা থাকে, তাহলে দেখা যাবে যে, রিজারভেশনের ক্ষেত্রে সেখানে কেউ আসছেন না। ফলে সেখানে জায়গাটা আমাকে ফিল -আপ করতে হচ্ছে অন্য কোন ভাবে। কিভাবে হচ্ছে সেটা আপনি বলবেন। সেটা কি পাশ নম্বর দিয়ে, না কি অন্য কোন ভাবে? কিভাবে ফিল-আপ করছেন? অথবা সেই জায়গায় লেখাপড়া বন্ধ হয়ে থাকছে—এটা আপনাকে ভাবতে হচ্ছে, আপনাকে ভাবতে হবে। আমরা কি দেখছি? প্রিন্সিপাল পাওয়া যাচ্ছে না। কলেজের অধ্যক্ষ মহাশয় পাওয়া যাচ্ছে না। কেন কলেজের অধ্যক্ষ মহাশয় পাওয়া যাচ্ছে না? কি কারণে পাওয়া যাচ্ছে না? এটা হতে পারে যে, দে আর নট আপ টু দি মার্ক। যাঁরা পরীক্ষা দিচ্ছেন, তাঁরা নিশ্চয় ভাবছেন যে, এই ছেলেটি— সেখানে ১০টি ছেলে এসেছে পরীক্ষা দিতে। ১০ টি ছেলের স্ট্যাটাস অফ এ্যকাডেমিক কেরিয়ার সব কিছু দেখে আমি একটা জায়গায় ভাবলাম যে, এই ছেলেটিকে প্রিন্সিপাল হিসেবে তৈরী করা যেতে পারে, নেওয়া যেতে পারে। দেখা গেল যে, তাদের কেউই যোগ্য নয়, তাহলে এই মেধা শূন্যতা কেন আসছে? মাননীয় ব্রাত্য বাবু আমি আপনাকে অনুরোধ করবো যে, মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে আপনাকে এটা ভাবতে হবে যে, এই মেধা শূন্যতার জন্য অনেক পোস্ট খালি থাকবে, সেটা কলেজ সার্ভিস কমিশন দিয়ে পূরণ করা যাবে না।

২ নং হচ্ছে, ইন কেস অফ প্রফেসরস অলসো। একই মেধাশূন্যতার জন্য, অনেক প্রফেসরের পদ যোগ্যতার নিরিখে তাদের মেধা অপূর্ণ থাকায় আপনারা সেখানে গ্রহণ করতে পারছেন না। এটা আপনাকে ভাবতে হবে। যদি পারেন আপনি আজকে সভায় আলোচনা করবেন যে, আপনারা এটাকে কি করে পূর্ণ করবেন।

আর একটা কথা আমি বলতে চাই। কিছুক্ষণ আগে দুর্নীতির কথা বলছিলেন আমাদের মাননীয় আশিস বাবু। খুব সত্যি কথা, এত দুর্নীতি হয়েছে যা বলার কথা নয়, কলেজে নন টিচিং এমপ্লয়ি নেওয়া হবে, তার জন্য এক হাজার বা দু হাজার দরখাস্ত পড়ল। দেখা গেল পার্টির নমিনেশনে লোক ব্যক্তিগত ভাবে হোক, যে ভাবেই হোক একজনকে গ্রহণ করা হ'ল। এটাকে যেমন দূর করতে বলব, ঠিক তেমনি আর একটি কথা বলব। আজকে সকালে আমার প্রশ্নের উত্তরে আপনি বলেছিলেন যে স্কুল গুলোর ক্ষেত্রে বা স্কুল এডুকেশনের ক্ষেত্রে সেসব মানুষকে নিয়ে আসা। আমি জিজ্ঞেস করেছিলাম, আপনি কি কোন শিক্ষক সংগঠনকে ডেকেছিলেন? আপনি বলেছিলেন, কোন্ শিক্ষক সংগঠন জানিনা, কিন্তু আমি তাদের এফিসিয়েন্সি দেখে তাদের নিয়েছি। আমি ঠিক একথা বলতে চাই আপনাদের কাছে। মাননীয় শিক্ষা মন্ত্রী, আপনি কলেজের গভর্নিং বডি তৈরী করছেন, সেই গভর্নিং বডিতে নিশ্চয় পাঠাবেন, আপনি অনেক জায়গায় এম.এল.এ. দের

পাঠিয়েছেন। অথবা আপনাদের দপ্তরের পক্ষ থেকে। কলেজের গভর্নিং বডিতে যদি আপনার প্রতিনিধি আপনি পাঠান, আপনি পাঠিয়েছেন অনেককে। এক্ষেত্রে আমার নিজের উদাহরণ দিয়ে আপনাকে বলছি। অনেক জায়গাতে অনেক বিধানসভা সদস্য গভর্নিং বডির মেম্বার হয়েছেন, তারা সেখানে গেছেন। This is quite unfortunate. In my Assembly constituency there is a college. There is Jaipur panchanan Roy college. আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি - যিনি এসেছেন তার যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলছি না। এখানে কিন্তু আর এম.এল. এ. হ'ল না, এই জায়গায় অন্য একজন এলেন। যার বাড়ি হাওড়ায়, যিনি হাওড়ায় থাকেন, তিনি এই জায়গায় এলেন। আমার মনে হয় না এটা বোধহয় অন্য কোন কারণে হয়নি—আমার অযোগ্যতা থাকলে নিশ্চয় আপনি বলবেন যে, আপনার চেয়ে অনেক যোগ্য লোকেরা অন্য জায়গায় মেম্বার হয়েছেন, আমার কোন আপত্তি নেই। বাট দিই ইজ কোয়ায়েট আনফুরচ্যুনেট। ঐ জায়গাতে আপনার দপ্তর আমাকে মনোনিত করতে পারলেন না। আমার মনে হয় এখানে বোধহয় ত্রুটি থেকে যাচ্ছে, and for this reason I protest. For this reason I would like to request through our Hon-ble Speaker যে, এইগুলো কিন্তু শিক্ষাকে দুর্বল করছে। এইগুলো শিক্ষার পদ্ধতিকে এমন জায়গায় নিয়ে যাচ্ছে - হয়ত এদের আমলে হয়ত যে পচা দুর্নীতি তৈরী হয়েছে, তা না হলেও তার একটা সোর্স নতুন করে তৈরী হচ্ছে which should not be applicable in the sphere of college academic condition. আমি স্যার অন্য আর কোন কথা বলতে চাইছি না। আমি আবারও বলছি, আপনার এইসমস্ত পদ্ধতি কার্যকরী হবে। আর একটা কথা, নতুন বিদ্যালয়, বিশ্ব বিদ্যালয় তৈরী করছেন। গতবার আপনাদের সঙ্গে একইসঙ্গে নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির কথা আলোচিত হয়েছে, পাশ হয়েছে। আপনি কাজি নজরুল বিশ্ব বিদ্যালয়ের কথা বলেছেন, পাশ হয়েছে, তৈরী হয়েছে। আর একটা বিশ্ব বিদ্যালয় যেটা তৈরী হচ্ছে। আপনাদের কাছে বলছি যে এইগুলো গ্রহণযোগ্য, অত্যন্ত ভালো হয়েছে। কিন্তু একইসঙ্গে আমি এই কথা বলব, তাড়াতাড়ি করবেন না। ইনফ্রাস্ট্রাকচারগুলো এখনও কিন্তু সেই জায়গায় পৌঁছচ্ছে না, এখনও পর্যন্ত তৈরী হচ্ছে না, এবং যখন আমরা সেই জায়গায় পৌছে যাচ্ছি তখন দেখছি আমি একটা শূন্যতার মধ্যে আছি। সেই জায়গাগুলোকে আমাদের ধরতে হবে এবং এই রোগ সেখানে যাতে স্পর্শ করতে না পারে সেটা দেখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিলের কথা আমি আগেই বলেছি, সবচেয়ে বড় যে কথা সেই মেধা শূন্যতার কথা বলেছি এবং দুর্নীতি দূর করার জন্য যা যা বন্দোবস্ত নিতে হয় তা যদি গ্রহণ করেন তাহলে আমরা সবাই মিলে এই বিলকে সমর্থন করে তাকে সম্পূর্ণ করার চেষ্টা করব।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য যে পোরসানটায় বলেছেন - [***] সেই পোরসানটা বাদ যাবে।

[2.20 – 2.30 p.m.]

শ্রী আমজাদ হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী ওয়েস্ট বেঙ্গল কলেজ

*** 'অধ্যক্ষের আদেশ ক্রমে বাতিল।'

সার্ভিস কমিশন যে বিল এনেছেন, এই বিল অ্যাসেম্বলির কনভেনশন অনুযায়ী, আমি প্রথমেই প্রস্তাব দেব যে এটা সিলেকট কমিটিতে পাঠানো হোক। তার পর এই বিল প্রসঙ্গে যে কারণে এই বিলকে সিলেকট কমিটিতে পাঠানোর প্রস্তাব দিচ্ছি এটা বলতে গিয়ে বুঝতে পারলাম না যে মাননীয় আশিস বাবু এই বিল সম্পর্কে বলতে গিয়ে ট্রেজারি পক্ষে বললেন নাকি মাননীয় মন্ত্রীকে বিপদে ফেলে চলে গেলেন। মাননীয় আশিস বাবু বিরোধিতা করে গেলেন আর মাননীয় মন্ত্রী ওনার বিলেই বলছেন, ওয়েস্ট বেঙ্গল সার্ভিস কমিশন আপনার ওই স্টেটমেন্ট অব অবজেকটস অ্যান্ড রিজনসে যেখানে আপনি বলছেন, The West Bengal College Service Commission .. "For selection of Teachers and Principals for those colleges which are receiving regular pay packet from the State Government"একথা থেকে অস্বীকার করার কোন উপায় নেই যে বর্তমান মন্ত্রী মেনে নিচ্ছেন সরকার মেনে নিচ্ছেন যে ১৯৭৮ সালে, ৭৭ এ বামফ্রন্ট সরকার আসার পরে গোটা পশ্চিমবাংলায় কলেজে টীচার রিক্রুটমেন্টেরে ক্ষেত্রে একটা ইউনিফর্মিটি আনার যে চেষ্টা, যে প্রয়াস সেটা ১৯৭৮ সালে এই কলেজ সার্ভিস বিলের মধ্যে দিয়েই তা গোটা ভারতবর্ষের দিশা দেখিয়েছে। তার কারণ এই মুহূর্তে দাঁড়িয়ে গোটা ভারতবর্ষে পাঁচ ছটা রাজ্যে আছে এই কলেজ সার্ভিস কমিশন। তার মধ্যে পশ্চিমবাংলার প্রথম কলেজ সার্ভিস কমিশন করা হয়েছিল। তার আগে তো যারা কলেজের মালিক যে যেমন খুশী অ্যাপয়েন্টমেন্ট দিত। আর অসিত বাবু যা বলছিলেন, দুর্নীতি, পচা দুর্নীতির কথা বলছিলেন। সার্ভিস কমিশনে যে দাবি ছিল এটা শুধু লেফটিস্টদের দাবি ছিল না, এই সার্ভিস কমিশনের দাবি আমাদের সঙ্গে কংগ্রেসী যাঁরা ছিলেন তারাও নির্বিশেষে এই দাবি করেছিলেন। সেই দাবি মেনেই ১৯৭৮ সালে এই কলেজ সার্ভিস কমিশন এখানে গঠিত হয়েছিল। একথা বারংবার স্বীকার করছেন মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বাবু। উনি আবার অবজেকটস অ্যান্ড রিজনসে বলেছেন "With the passage of time, the business of the Commission has been increasing day by day প্রত্যেকদিন এর গুরুত্ব বাড়ছে। এইরকম একটা কলেজ সার্ভিস কমিশন আমরা করেছিলাম। উনি আবার অবজেকটস অ্যান্ড রিজনসে বলছেন "The State government has been facing tremendous legal complications due to such unorganized appointment of non-teaching employees in Government aided colleges, সেখানে দাঁড়িয়ে আপনি এই যে সিলেকশন করতে চাইছেন আন অর্গানাইজড অ্যাপয়েন্টমেন্ট বন্ধ করার জন্য, এই যে বিল আনছেন সেটা এই কলেজগুলোতে দাবি উঠেছে যে যারা অস্থায়ী কর্মচারী রয়েছে এই কলেজগুলোতে, এটা আপনাদের পক্ষে যারা বলছেন তারাও স্বীকার করছেন যে এই ১৬ মাসে হোক, তার আগে হোক অস্থায়ী কর্মচারী সব কলেজগুলোতে আছে, সেই অস্থায়ী কর্মীদের স্থায়ী করার ব্যাপারে আপনার কি ভাবনা? সার্ভিস কমিশনের পরে এদের কি হবে যারা অস্থায়ী কর্মচারী আছে কলেজে। আপনি মুখে বলছেন সহানুভূতির সঙ্গে কনসিডার করবেন। আসলে পেনের খোঁচায় আপনি এদের তাড়িয়ে দেবেন না তো? সুতরাং এই বিষয়টাকে আইনে রাখবেন কিনা এটা আপনি ভেবেছেন? নাকি তাড়াহুড়ো করে করতে গিয়ে এই বিল আনতে গিয়ে কলেজে যারা অস্থায়ী কর্মচারী তাদের আপনি চিরকালই অস্থায়ী রেখে দেবেন এই বিলটা এখানে পাশ করিয়ে নিয়ে। অবজেকটস অ্যান্ড রিজনস যেগুলো রেখেছেন, যে বিলগুলো

আনতে চাইছেন, যা এনেছেন সেখানে দাঁড়িয়ে, চ্যাপটার (টু) সেকশন ফোরে, আপনি কি বলছেন, আপনি বলছেন যে চেয়ারপার্সনকে অ্যাপয়েন্ট করবেন। আপনি বলছেন যে তাকে অ্যাসোসিয়েট প্রফেসর হতে হবে। আমরা যারা জানি, আমরা যারা কলেজে লেখাপড়া শিখেছি যে ৩৪ বছরে পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে দুর্নীতির কথা যারা বলছেন তারা ফালতু কথা বলছেন - ইমারত গড়া হয়েছে। একেবারে প্রান্তজ মানুষের কাছে শিক্ষার আলো পৌঁচেছে। এই কলেজগুগলোতে আপনি আরও ভাল জানেন, আপনি তৃণমূলের একজন মন্ত্রী তার বাইরেও আপনার একটা পরিচয় আছে। আপনি বিশিষ্ট নাট্যকার, আপনি নিজে একজন প্রফেসর, আলাদা একটা পরিচয় আছে আপনার। সেখানে দাঁড়িয়ে কলেজে আপনার অ্যাসিসট্যান্ট প্রফেসর আছেন। তারপর উনি অ্যাসোসিয়েট প্রফেসর হবেন। তারপরে প্রফেসর। আমি কলেজে চাকরী পাব অ্যাসিস্ট্যান্ট টিচার হিসাবে, আর আমি অ্যাসিস্ট্যান্ট টিচার হেড মাস্টার নিয়োগ করব। একজন অ্যাসোসিয়েট প্রফেসর সে হবে চেয়ারম্যান, সে কলেজের প্রিন্সিপালকে ঠিক করবেন, যার যোগ্যতা একজন প্রফেসরের। একজন অ্যাসিস্ট্যান্ট টিচার ঠিক করবেন হেড মাস্টারকে? এই বিল আপনি আনতে চাইছেন? এটা দিয়ে আপনি গণতন্ত্র করতে চাইছেন? এটাতো আবার দলতন্ত্রের মারাত্মক জায়গায় চলে যাচ্ছে। আপনি সেকশান নাম্বার সেভেনের, সাব সেকশান নাইনে চেয়ারপার্শন সম্পর্কে বলছেন is a member of, or otherwise associated with, any political party or acts in any partisan manner while in office." এটা আপনি বলছেন। এক্ষেত্রে দাঁড়িয়ে আপনি এই কথা বলছেন। আপনি নিজে একজন শিক্ষামন্ত্রী, একজন্য পলিটিক্যাল পার্শন, আপনি নিজে একটা পলিটিক্যাল দলের প্রতিনিধি। আর আপনি বলছেন যাদের নিয়োগ করবেন তারা অ-পলিটিক্যাল লোক, তারা নিরপেক্ষ। এই যে নিরপেক্ষতার কথা বললেন, এগুলি ফেক কথা। এক্ষেত্রে তার নিজের একটা কোন মতাদর্শ নেই? তার নিজের একটা ভাবাদর্শ থাকবে না, এ রকম হতে পারে না। এক্ষেত্রে আপনারা যে বলছেন বাম আমলের সময়ের কথা, সেই সময়ে চেয়ারম্যান যারা হয়েছিলেন, সেই ব্যাপারে আপনি নিজে বুকে হাত দিয়ে বলবেন, তারা কেউ লেফটিস্ট মতাদর্শের হতে পারেন, তাদের যোগ্যতা নিয়ে কি কোন সন্দেহ আপনার ছিল? তাদের যোগ্যতা নিয়ে কোন প্রশ্ন নেই। কিন্তু আপনার সময়ে আমরা যা দেখলাম আমরা অত্যন্ত বেদনাহত হয়েছি। আমরা লজ্জা পেয়েছি। সি টি কলেজের অ্যাসোসিয়েট প্রফেসর সদ্য হয়েছেন। তাকে আপনি চেয়ারম্যান করে দিলেন। তার এই যোগ্যতাতে আপনি তাকে চেয়ারম্যান করলেন? আপনি বলছেন যে আপনি দলতন্ত্র দুর করে গণতন্ত্র আনবেন! এখানে সেই গল্পের কথা হয়ে যাচ্ছে। যার নিজের মাথায় টাক, সে বেরিয়েছে টাকে চুল গজাবার ওষুধ বেচতে। আপনাদের বিষয়টা এই রকম হয়ে যাচ্ছে। ওই আশিষ বাবু বড় বড় কথা বলছিলেন যে আইনের স্বচ্ছতা আনতে হবে, শিক্ষাকে দলতন্ত্রীকরণ করবে না। শিক্ষাঙ্গঁণকে শিক্ষিত লোকরা পরিচালনা করবেন। ঝান্ডা টান্ডা নয়, শিক্ষার আলোকবর্তিকা নিয়ে পরিচালনা করা হবে। ভাঙড় কলেজের গর্ভনিং বডির প্রেসিডেন্ট তাই বলছে? উত্তরবঙ্গেঁর দিনহাটা কলেজের গর্ভনিং বডির প্রেসিডেন্ট কে? ফোর পাস একজন কনট্রাকটার। ভাঙড় কলেজের গর্ভনিং বডির প্রেসিডেন্ট তার শিক্ষাগত যোগ্যতা কত? এ কি গণতন্ত্রের কথা বলতে চাইছেন আপনি? আপনি তো দলতন্ত্রের মোড়কে সবটাকেই মুড়ে ফেলতে চাইছেন। আপনি চ্যাপ্টার নাম্বার ফোরে বলেছেন তিন নাম্বার জায়গাতে, সেকশন নামবার থ্রিতে বলছেন There

shall be a separate panel of selected candidates for each category of post for each zone.'' ঠিক আছে। আপনি এখানে এই বিল এনেছেন কমিশনের মাধ্যমে অ্যাপয়েন্টমেন্ট হবে সব ঠিক আছে। কিন্তু এই নন টিচিং গ্রুপ সি, গ্রুপ ডি আছে। গ্রুপ ডি এর মধ্যে অনেকগুলি ভাগ আছে। সেই গ্রুপ ডি ক্যাটাগরীতে গার্ড আছে, নাইটগার্ড আছে, সেখানে সুইপার আছে। আর আপনি এইসব ব্যাপারে আমাদের থেকে ভালো জানেন। আমাদের যেমন স্কুল সার্ভিশ কমিশনের যেমন রিজিয়ন আছে, কলেজেরও ক্যালকাটা ইউনিভার্সিটিরও এক একটা রিজিয়ন আছে। বারাসাত রিজিয়ন আছে, ইত্যাদি রিজিয়ন আছে। আমাদের এই ২৪ পরগণার, কোলকাতার সব কলেজগুলিই ক্যালকাটা ইউনিভারসিটির এখানে। তাহলে এখানে চাকরী পাওয়ার পরে ২৪ পরগণার পাথরঘাটার একটা ছেলে চাকরী পাবে আপনার এই ক্যালকাটা ইউনিভার্সিটিতে। সে ওই ২৪ পরগণার পাথরঘাটা থেকে এখানে ঝাঁটা দিতে আসবে এই কলেজে, এটা আপনি ভেবেছেন? আমার এলাকায় পান্ডুয়া বিধানসভায় ব্যান্ডেলের পরে খুন্নানের ওখানে যদি কোন ছেলে বীরভূম বর্ধমান ইউনিভার্সিটি একই রিজিয়ন, তাহলে খুন্নানের ছেলেটা ঝাঁটা দিতে যাবে লাভপুর কলেজে? এই ব্যাপারে আপনি কি ভেবেছেন? আমার মনে হচ্ছে এগুলি আপনারা ভাবনা-চিন্তা করে করছেন না। করুন ভালো জিনিস। আপত্তি কিছু নেই। কিন্তু এগুলি নিয়ে ভাবনাচিন্তা করে করুন। আপনি চ্যাপ্টার নাম্বার ফাইভে Provisions regarding State Eligibility Test 'সেটে'র কথা বলছেন। ন্যাশানাল ক্ষেত্রে 'নেট' আছে। ন্যাশানাল এলিজিবিলিটি টেস্ট। আরও কয়েকটি রাজ্যে এই আমাদের 'সেট' আছে। এই ' সেট' প্রায় 'নেটে'র মতই থাকবে। এখানে একটা কমিটি থাকে। সেখানে ইউ জি সির লোক থাকে। এটা ইউ জি সি স্বীকৃত। ইউ জি সি স্বীকৃতি না দিলে এটা করাই যাবে না। আর আপনি এই 'সেট' টাকে হঠাৎ আইনে আনতে চাইছেন কেন? কেন আপনারা 'সেট' টাকে আইনে ঢোকাতে চাইছেন? আর আপনারা যদি স্ট্যান্ডার্ডের কথা বলেন তাহলে এটাকে আইনে আনতে চাওয়ার তো কোন দরকার নেই। নাকি ভবিষ্যতে গোলমাল পাকাতে চাইছেন। যেমন, স্কুল সার্ভিশ কমিশনের পরীক্ষা নিয়ে গোলমাল বাঁধালেন। তার পরীক্ষার কপির সিল আগেই খুলে ফেলছেন। তার পরীক্ষা নিয়ে গন্ডগোল বাঁধিয়ে দিলেন। ওই স্কুল সার্ভিস্ কমিশনের মত আবার এখানে গন্ডগোল বাঁধাতে চাইছেন?

তার পরীক্ষা নিয়ে গন্ডগোল বাঁধিয়ে দিলেন। ঐ স্কুল সার্ভিস কমিশনের মতো গন্ডোগোল বাঁধাতে চাইছেন এখানে? তারজন্য কি বিল আনতে চাইছেন? এই প্রশ্নগুলোর উত্তর দিলে পরে আপনার এই বিলের সাজুয্য থাকে। এই যে এতো অসত্য .... (নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

[2.30 – 2.40 p.m.]

শ্রী জীবন মুখোপাধ্যায় : মাননীয় স্পিকার স্যার, আজকে আমাদের শিক্ষামন্ত্রী কলেজ সার্ভিস কমিশন সংক্রান্ত যে বিলটি পেশ করেছেন, আমি সেই বিলের প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করছি। আমি মনে করি, এই বিল আমাদের পশ্চিমবঙ্গে উচ্চশিক্ষার ক্ষেত্রে একটা বিরাট অগ্রগতি।

এই বিলের কতগুলো বৈশিষ্ট আছে। আমার যেটা মনে হয়েছে সর্বপ্রথম আমি সেটা উল্লেখ করছি। এই বিলের ভেতরে স্বচ্ছতা অত্যন্ত স্পষ্ট। স্বচ্ছতাই হচ্ছে এর অন্যতম বৈশিষ্ট। দ্বিতীয়তঃ যে কথা বলতে চাইছি যে, বিলের ভেতরে আমরা দেখছি - আগে আমরা বলতাম চেয়ারম্যান, এখন আমরা বলছি চেয়ারপার্সন। অর্থাৎ চেয়ারম্যান যিনি হবেন অথবা চেয়ারপার্সন যিনি হবেন - নারী-পুরুষ ভেদাভেদ এর মধ্যে নেই। সুতরাং এটা সম্প্রসারিত হয়েছে। তৃতীয়তঃ আমি যে কথাটা বলছি, আমাদের সরকারের উদ্দেশ্য দলতন্ত্র নয়, গনতন্ত্র। আমরা বারংবার এই কথার ওপরেই জোর দিচ্ছি। আমরা দেখেছি দীর্ঘ ৩৪ বছর ধরে শিক্ষা ক্ষেত্রে দলতন্ত্র এখানে স্থাপিত হয়েছিল। এটা নতুন কোনো ব্যাপার নয়। এই নিয়ে আমাদের সাঙ্ঘাতিক রকম অভিজ্ঞতা হয়েছে। কিন্তু এখন যেটা আমাদের লক্ষ্য - শিক্ষাগত যোগ্যতাই আমাদের আসল। আলিমুদ্দিন স্ট্রীট থেকে স্থির হবে না যে, চেয়ারম্যান হবেন কে, কলেজের প্রিন্সিপ্যাল হবেন কে, কলেজের অধ্যাপক হবেন কে। এগুলো আলিমুদ্দিন থেকে স্থির হবে না। আমাদের লক্ষ্য হচ্ছে গনতন্ত্র স্থাপন করা, এটাই আমাদের উদ্দেশ্য। বন্ধুগণ আরেকটা জিনিস বলছি এখানে, আগে আমরা দেখেছি যে, সার্ভিস কমিশনের সদস্য সংখ্যা ছিল ৭ জন। এখন যে আইন আসতে যাচ্ছে, এতে তার সদস্য সংখ্যা দ্বিগুনেরও বেশি করা হচ্ছে। ১৬ জন্য মেম্বার, সঙ্গে আরো দু'জন আছেন - সেক্রেটারী এবং চেয়ারপার্সন। সুতরাং এতে ব্যাপারটা আরো বেশি সম্প্রসারিত হচ্ছে। আগে ৭ জনে স্থির করতেন, এখন সেটা ১৮ জনে স্থির করছেন। সুতরাং এর একটা উপকারীতা রয়েছে। আবার আমরা দেখছি যে, কলেজে শিক্ষকদের নিয়োগের ক্ষেত্রে আগে আমরা দেখতাম, অনেক রকম এলোমেলো ব্যাপার হ'ত। এক্ষেত্রে স্বচ্ছতা যাতে আসে, তারজন্য একটা উদ্যোগ নেওয়া হয়েছে এবং শিক্ষাগত যোগ্যতাই এক্ষেত্রে আসল। এটা অন্য কিছু নয়, শিক্ষক নিয়োগ হবে, আমরা স্বচ্ছতা চাইছি। আগে যেটা হ'ত, আমরা দেখেছি যে, শিক্ষকদের যে প্যানেল তৈরি হ'ত, সেটা আগে বিশ্ববিদ্যালয় ভিত্তিক হ'ত। হয়তো উত্তরবঙ্গের তিনজন অ্যাপ্লাই করেছেন, কোলকাতার ১০ জন অ্যাপ্লাই করেছে। হয়তো উত্তরবঙ্গের তিনজনেরই চাকরি হয়ে গেলো, আবার কোলকাতা বিশ্ববিদ্যালয়ে ১০ জন অ্যাপ্লাই করেছেন, একজনের চাকরি হ'ল। এখন যেটা সরকার স্থির করেছেন যে, প্যানেলটা হবে রাজ্য ভিত্তিক, গোটা রাজ্য ভিত্তিক, বিশ্ববিদ্যালয় ভিত্তিক নয়। সুতরাং এটা কিন্তু গুরুত্বপূর্ন একটা বিষয়। আবার আমরা দেখছি, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যে প্যানেল্ তৈরি হচ্ছে, শিক্ষক নিয়োগের এক্সপার্ট যাঁরা হবেন, এদের যে প্যানেলটা হয়েছে, এক্ষেত্রেও কিন্তু পরিবর্তন একটা আসছে এবং সেখানে শিক্ষাগত যোগ্যতাই হচ্ছে আসল ব্যাপার। এর ভেতরে অন্য কিছু নেই। আগে আমরা দেখেছি যে প্যানেল হচ্ছে, এক্সপার্ট কমিটি সেখানে বসেছে, সেখানে থাকছেন অল্প লোক। এখন যেটা নতুন আইন হচ্ছে, সেখানে ইন্টারভিউ বোর্ডে অনেকে থাকবেন। ম্যানেজ্ করবার কোনো স্কোপ্ এখানে নেই। ৩/৪-টে লোককে ম্যানেজ করা যায়, ১৬ জন্য মানুষকে ম্যানেজ করা সম্ভব নয়। সুতরাং এদিক থেকেও কিন্তু একটা অগ্রগতি আমরা দেখছি। আসলে সরকার চাইছেন স্বচ্ছতা, সরকার চাইছেন মেধার মূল্য দিতে। মেধাই হচ্ছে আসল সরকারের লক্ষ্য কিন্তু এদিকে একটা আছে। আবার এছাড়া আমাদের আলোচনা হল - পার্ট টাইম শিক্ষক, কনট্রাক্টুয়াল শিক্ষক। আমি একটি কলেজে পড়াতাম। আজকাল আমি সেখানে গিয়ে লক্ষ্য করছি সবই সেখানে পার্ট টাইম শিক্ষক, কনট্রাক্টুয়াল শিক্ষক। সবাই সেখানে। এবং এদের কোন

স্ট্যাটাস নেই, এদের কোন মর্যাদা নেই। আমার নতুন সরকার কিন্তু এদেরকে মর্যাদা দিতে উদ্যোগী হয়েছে। আমি তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। একটু আগে আমার এক বন্ধু আলোচনা করছিলেন যে, কলেজে অস্থায়ী কর্মচারী প্রচুর আছে। প্রত্যেকটা কলেজে অস্থায়ী কর্মচারী আছে। বেতন তাদের অত্যন্ত অল্প। ন্যূনতম বেতন। সারাদিন তারা পরিশ্রম করছে। চাকরির স্থায়িত্ব নেই। এখন এটা কি বন্ধু এমনি হল? বাম আমলে তো সব এ্যাপয়েন্টেড হয়েছে তারা। এর ভাই, ওর বোন, ওর দিদি, ওর শ্যালা এই সব লোকজন তো এ্যাপয়েন্টমেন্ট হয়েছে। এরা আশা করেছিল এই চাকরি হয়তো স্থায়ী হয়ে যাবে। স্থায়ী হয়নি চাকরিটা। আমাদের নতুন সরকার কিন্তু উদ্যোগ নিচ্ছে। এগুলোর যাতে একটা গতি হয় এজন্য আমার সরকার উদ্যোগ নিচ্ছে। দলতন্ত্র নয় - সবার ক্ষেত্রেই আমাদের সমান দৃষ্টিভঙ্গি এই জিনিসটা কিন্তু আমাদের আছে। আর এইজন্য এই ধরনের উদ্যোগ আমাদের নেওয়া হচ্ছে। আর একটি কথা বলি, আমাদের এই নতুন যে বিলটা এসেছে এতে কিন্তু স্থির হয়েছে, লাইব্রেরিয়ান - এরা সার্ভিস পরিচালন কর্তৃক নিযুক্ত হবে। এর একটা গুরুত্ব কিন্তু আছে। আগে আমরা দেখেছি কলেজ থেকে লাইব্রেরিয়ান এ্যাপয়েন্টেড হত অনেক কিছু অনাচার এখানে হত। নতুন যে ব্যবস্থাটা হচ্ছে এর কিন্তু একটা উপকারিতা রয়েছে। আবার আমরা দেখলাম বিলের ভেতরে আছে এবার থেকে নন টিচিং স্টাফ সার্ভিস কমিশনের মাধ্যমে নিযুক্ত হবে। এটার গুরুত্ব অপরিসীম। আগে আমরা বামফ্রন্টের আমলে দেখেছি এর ভাই, ওর বোন, ওর শ্যালা, ওর বৌ নিযুক্ত হচ্ছে। এবং কলেজগুলো পার্টির আখরা হয়ে গিয়েছিল। এখন আমরা আশা করব নতুন যে ব্যবস্থা করা হচ্ছে এর মাধ্যমে একটা সুব্যবস্থা একটা আসবে। পার্টিবাজি এখানে হবে না। এ্যাডভার্টাইজমেন্ট হবে এবং এইভাবে মেধাবী ছাত্ররা, মেধা যাদের আছে ইয়াং ছেলেরা এ্যাপয়েন্টেড হবে। আমরা চাইছি স্বচ্ছতা, আমরা চাইছি মেধা। সুতরাং এ জিনিসগুলো প্রয়োজন আছে আমাদের। সর্বশেষে আমি উল্লেখ করব, সার্ভিস কমিশনের কিন্তু একটা দায়বদ্ধতা আছে। দায়বদ্ধতা আছে। আর এই জন্যই স্থির করা হয়েছে আইনে, বিলে উল্লেখ করা আছে যে, প্রতি বছর আগস্ট মাসে সার্ভিস কমিশনকে তাদের এ্যাক্টিভিটির হিসেবপত্র সরকারকে দিতে হবে এবং সরকার সেই হিসেবপত্র অ্যাসেম্বলিতে পেশ করবে। এর কিন্তু একটা গুরুত্ব আছে। আমি এই বলে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় ব্রাত্য বসু এখানে বিল নাং ২৫, ২০১২ যে উত্থাপন করেছেন সেই সম্পর্কে বিলের যে সমস্ত বিষয়গুলি তিনি উল্লেখ করেছেন সেটা সরকারের, যে সরকার আছে সে তার নিজের মত করে নেয়। আপনি আপনার নিজের মত করে করে নিয়েছে। কিন্তু এমন কিছু বিষয় আছে যেগুলি বিলের অর্ন্তভুক্ত করলে ভালো হত। বাইরের দিকটা চাকচিক্য করলে হবে না ভিতরের দিকটাও একটু দেখতে হবে। সবথেকে বড় আপনি নিয়োগ পদ্ধতি এবং এ্যাডমিনিসট্রেশনের যে পরিবর্তনটা এনে স্বচ্ছতা দেখাতে চেয়েছেন ভিতরের দিকে শিক্ষার লেখাপড়ার ক্ষেত্রে কিন্তু সেই জিনিসটা একেবারে অবহেলিত হয়েছে। আপনি একটু ভেবে দেখবেন। আমি কয়েকটি বিষয় আপনার সামনে তুলে ধরব। তাই আজকে আমাদের যে আলোচ্য বিষয়গুলি সেই বিষয়গুলি এই আলোচনার মাধ্যম দিয়ে যদি সিলেক্ট কমিটিতে সংযোজন বিয়োজন করতে পারেন আমার মনে হয় সেটা ভালো হবে।

[2.40 – 2.50 p.m.]

আজকে এই যে শিক্ষক নিয়োগ আপনি যেভাবে বিলের মধ্যে উত্থাপন করেছেন তারমধ্যে লাইব্রেরিয়ান এবং চতুর্থ শ্রেণীর কর্মচারী থেকে আরম্ভ করে যেগুলো করেছেন, স্বাভাবিকভাবে একবার আপনি যে সচেতনতা দেখাতে চেয়েছেন যে কলেজের মধ্যে গভর্নিং বডি যদি সেটা নিয়োগ পদ্ধতি করে তাহলে নানারকম দুর্নীতি থাকে। আর একটা আপনি যে জায়গাটা ধরতে চেয়েছেন, সেই জায়গাটা ধরে তারমধ্যে আপনি যে স্বচ্ছতাটা দেখাতে চেয়েছেন কাজের ক্ষেত্রে কিন্তু সেই স্বচ্ছতাটা আসবে না। আমাদের একজন বলে গেছেন যে, সত্যিকারে আজকে যদি কোলকাতার কোনো একটি ছেলে রামপুরহাটে চাকরি পায়, বর্ধমানে চাকরি পায় ফোর্থ গ্রেডের চাকরি, আপনি যে জিনিসটা করতে পারতেন, আমরা তো তাকে হাউস রেন্ট দিচ্ছি। তার থাকার জন্য যে ব্যবস্থা এবং সেখানে তার কাজের গতি আনার জন্য যে থাকবার ব্যবস্থা এবং অন্যান্য দিকগুলো আপনারা যদি ভেবে দেখতেন এবং সেইভাবে যদি এই নিয়োগ পদ্ধতি চালু হয় এবং যদি সেখানে তার জন্য ব্যবস্থাগুলি করতে পারেন তাহলে আপনার এই পদ্ধতিতে আছে। কিন্তু তার কোনো ব্যবস্থা আপনার এখানে উল্লেখ নেই। ১৯৭৫ সালে সেই দুর্নীতির আখড়া থেকে মুক্ত করার জন্যই ১৯৭৮ সালের এই বিল আনা হয়েছিল, এখানেও আপনারা দেখেছেন যে, সেই বিলের উপরে আপনি যে বিল এনেছেন। সেই দিক দিয়ে বলি যে, এই পরিবর্তনের স্বার্থে পরিবর্তনের দিকে কার্যকরী করতে আমি আপনাকে অনুরোধ করবো যে, লেখাপড়ার ক্ষেত্রে অধ্যাপকদের চিরদিনের যে ধারাবাহিক ফাঁকিবাজি একটা টেন্ডেন্সি আছে, কলেজে পড়ানোর থেকে কোচিং করে বাড়িতে স্কুল বানিয়ে পড়ানো এবং কলেজে দু'তিনদিন এলেই চলে। নিজেদের মতো রুটিনগুলো তৈরি করে নেওয়া। এটা বাস্তবিক, আমি ছাত্রনেতা হিসাবে দেখেছি এবং যে শিক্ষককে বলা হবে, সেখান থেকে ছাত্রদের উপর নানানরকম সমস্যা তৈরি হয়। আমি দিকটা আপনাকে অনুরোধ করবো যে, কলেজে শিক্ষকরা - যে রুটিন প্রিন্সিপাল করে দেন সেই রুটিনটাকে তারা নিজেদের মতো করে নেন, আপনি অধ্যাপক হিসাবে জানেন। সেখানে তারা একদিনে অনার্সের ক্লাস পাসের ক্লাস করে তারা বেরিয়ে পড়েন, অথচ অনার্স থাকলে পরে চারজন অধ্যাপক সেখানে থাকেন অনার্সে। কিন্তু সেইদিকে কোনোরকম নজর দেওয়া হয় না এই দিকটা অর্থাৎ ক্লাসে যাতে সময়মতো ছাত্রদের ক্লাসগুলো হয়, এবং ওই ধরণের ফাঁকির টেন্ডেন্সি যাতে না থাকে, যে, কাজের মধ্যে দু'তিনদিন এসে ছ'দিনের সই করা - এইতো আমাদের মূল্যবোধ। দু'দিন এলাম, আমি এসে ছ'দিনের সই করে দিলাম। ডাক্তার আর এই অধ্যাপক এদেরকে আপনি যদি এই জায়গাটা যদি সঠিক করতে পারেন, আমার মনে হয় শিক্ষা ক্ষেত্রে একটা আলাদা দিক ফিরে আসবে। আর একটা কথা হচ্ছে, আপনি কমিশনের ক্ষেত্রে যেগুলো ৫ জন থেকে ১৫ জন করেছেন, সে আপনার মতো করেছেন। সেটা আমি কিছু বলতে চাইনা। আর একটা আসল উদ্দেশ্য হল, এই যে শিক্ষা ব্যবস্থা, শিক্ষা ব্যবস্থার মধ্যে আমাদের সবথেকে বড় ইউনিভার্সিটি এবং কলেজ। এ্যাসিস্ট্যান্ট প্রফেসার, এ্যাসোসিয়েট প্রফেসার এবং প্রফেসার। এই যে জায়গাগুলো যেটা আছে, অনেক সময় আমরা দেখতে পাচ্ছি, যে সমস্ত কলেজে, অনেক কলেজে এখন এম এ, এম এস সি পড়ানো হয়। এম এ, এম এস সি পড়ানো হয়, কিন্তু এই এম এ, এম এস সি যারা পড়ে সেই কলেজে তারা কিন্তু এ্যাসিস্ট্যান্ট প্রফেসারের কাছে পড়ে না

হয় এ্যাসোসিয়েট প্রফেসারের কাছে পড়ে। কিন্তু, ইউনিভার্সিটিতে যারা পড়ে তারা কিন্তু প্রফেসারের কাছে পড়ে। তাহলে একটা কলেজে যখন কোনো একটা ছেলে এম এ, এম এস সি পড়ছে, সে কিন্তু প্রফেসারের কাছে যেতে পারছে না। তাকে এ্যাসিস্ট্যান্ট প্রফেসার অথবা এ্যাসোসিয়েট প্রফেসারের কাছে পড়েই সেখানে ক্ষান্ত হতে হচ্ছে। তাহলে এখান থেকে আমরা কি দেখলাম, সুপ্রীম কোর্টের একটা রায় আছে যে, সম কাজে সম বেতন।

এখানে কিন্তু এই কলেজ এবং ইউনিভার্সিটি এই যে দুটো দিক, এই দুটো দিকে, এই যে বৈষম্য অর্থাৎ এম এ, এম এস সি ছেলেদেরকে পড়িয়ে এ্যাসোসিয়েট প্রফেসার, এ্যাসিসটেন্ট প্রফেসাররা যে বেতন পান, ইউনিভার্সিটিতে পড়িয়ে একজন প্রফেসার তার থেকে কিন্তু অনেকগুণ বেতন বেশী পান। তাহলে এখানে বেতনের দিকটা একদিকে এ্যাসোসিয়েট প্রফেসার, এ্যাসিসটেন্ট প্রফেসাররা যে রকম বৈষম্যের শিকার হচ্ছেন, আর এক দিকে ছাত্রও কিন্তু একজন ভাল শিক্ষক থেকে বঞ্চিত হচ্ছেন। যে কলেজে, যদি আপনি প্রফেসার নিয়োগ করতে পারেন, যে সমস্ত কলেজে এম এ, এম এস সি পড়ানো হয়, সেই এম এ এম, এম এস সি ছেলেদের পড়ানোর ক্ষেত্রে যদি আপনি প্রফেসার দিতে পারেন, তাহলে কিন্তু শিক্ষাক্ষেত্রে ছেলে মেয়েদের স্বার্থে এবং শিক্ষার পরিবেশের দিক থেকে অনেক সহায়ক হবে, এবং সেটা ভাল হবে। আর একটা কথা হচ্ছে, কলেজের পার্ট টাইম লেকচারার, আমরা জানি চার বছর কলেজে লেকচারারশিপ করলে ৭ হাজার টাকা, ৪ থেকে ১০, ১০ হাজার টাকা, ১০ এর উর্ধে ১৩ হাজার টাকা। এখন অনেক শিক্ষক, প্রফেসার আছেন, এ্যাসোসিয়েট প্রফেসার আছেন, যারা রিটায়ার্ড করার পর দেখা যাচ্ছে যে ঐ কলেজে যারা পার্ট টাইম আছে, সেই পার্ট টাইম দিয়ে পূরণ করা হচ্ছে। সেখানে কিন্তু নতুন রিক্রুটমেন্ট হচ্ছে না। এরজন্য কিন্তু বেশ কয়েক বছর ধরে কলেজ প্রফেসারদের রিক্রুটমেন্ট বন্ধ। এবং এইজন্যই কি বন্ধ, আমি আপনার কাছে এই ব্যাপারটা রাখব, কারণ এই বামফ্রন্ট সরকারের আমলে ২০১০ এর জুনে একটা অর্ডার বেরিয়েছিল, সেই অর্ডারের পর দেখা গিয়েছিল যে সেখানে যারা পার্ট টাইম বন্ধ হয়ে গিয়েছে, এবং তারপরে সেই পার্ট টাইম লেকচারার দিয়ে সেটাকে বন্ধ করা হচ্ছে। তারপর আছে গেস্ট টিচার, দেড়শো টাকা বেতন। পার ক্লাস দেড়শো টাকা। এটা স্যার, আমি আপনার কাছে অনুরোধ করবো, মাননীয় মন্ত্রীর কাছে যে দেড়শো টাকায় একটা পার ক্লাস বেতন দিয়ে একজন শিক্ষক কি রকম পড়াবেন, এই দিকটাও আমি আপনাকে চিন্তা-ভাবনা করার জন্য অনুরোধ করবো। এবং তারপরে বর্তমান দিনে ছাত্র এবং অধ্যক্ষর মধ্যে একটা বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে, সেই ক্ষেত্রেও আমি বলব যে কলেজের নির্বাচন নিয়ে আপনি বলেছেন, যে সেখানে যদি দু-তিন বছর অন্তর হয়, ভাল কথা। এই নিয়ম নীতিগুলো আছে। তারপরে কনসেসান এর ব্যাপারে, এই কনসেসান এর ব্যাপারে ফিফটি পারসেন্ট ছাত্রদের ক্ষেত্রে ফট্টি ফাইভ পারসেন্ট মেয়েদের ক্ষেত্রে এই জিনিসটার ব্যাপারে আমি আপনাকে অনুরোধ করবো, অনেক গরীব বাড়ীর ছেলে মেয়েরা আছে, যারা এই নাম্বারটা পায়না, অল্পের জন্য তারা কনসেসান পায়না, এই দিকটা দেখার জন্য আপনার কাছে অনুরোধ করবো, যাতে গরীব ছেলে মেয়েরা, সাধারণ ছেলে মেয়েরা সুযোগটা পায়।

ড. তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেহেতু সময় সব থেকে কম, পয়েন্ট আকারে আমি কয়েকটি কথা বলব। এই কলেজ সার্ভিস কমিশনের যে বিল, এই বিলের কিছু ভাল দিক

আছে, সেগুলি আমি প্রথমে উল্লেখ করতে চাইছি। গত রেজিমে গোটা রাজ্যে যে ভাবে পলিটিক্যাল সিলেকশান হয়েছে, বিশেষ করে উচ্চ শিক্ষায়, এবং মধ্য মেধার রমরমা যেভাবে গোটা বিশ্ববিদ্যালয়গুলিতে এবং কলেজগুলিতে হয়েছিল, তার থেকে বেরিয়ে আসাটা অত্যন্ত জরুরী। আমি জানিনা, যে বিল মন্ত্রী মহাশয় এনেছেন, তার মধ্যে দিয়ে তিনি সেই মধ্য মেধার রমরমা বন্ধ করতে পারবেন কিনা। যদিও কিছু এ্যাটেম্প এখানে আছে, তার কিছু ভাল দিক আছে, যেটা আমি প্রথমেই উল্লেখ করতে চাইছি। যে এ্যাসিসটেন্ট প্রফেসার নিয়োগের ক্ষেত্রে যেটা আগে ছিল লেকচারার, কলেজ সার্ভিস কমিশনের নিয়োগে যারা এক্সপার্ট থাকতেন, যেহেতু এটা বিশ্ববিদ্যালয় ভিত্তিক হোত, ফলে সেই বিশ্ববিদ্যালয় থেকে যারা পাস করে এসেছেন, তাদেরকে পলিটিক্যালি চিনে নেওয়া খুব সহজ হোত। ফলে পলিটিক্যাল সিলেকশান করতে বিগত রেজিমে অত্যন্ত সুবিধা হয়েছিল। সেখান থেকে বেরিয়ে আসার জন্য আপনারা যে কাজটা করেছেন অর্থাৎ সমস্ত বিশ্ববিদ্যালয় থেকে এক্সপার্ট থাকবে এবং তাদের মতামতের ভিত্তিতে রেকমেন্ডেশান হবে, এটা একটা ভাল দিক। এবং প্রিন্সিপালদের ক্ষেত্রেও কেন আপনারা এটা করলেন না, কেন কেবলমাত্র ইউনিভার্সিটি বেসড করলেন, এটা কিন্তু আমার মাথায় ঢুকছে না, এটা ঐ রকমই হওয়া দরকার বলে আমার মনে হয়েছে। এবং নন টিচিং স্টাফ সিলেকশান এর ক্ষেত্রে যেহেতু কলেজ ভিত্তিক সিলেকশাল হোত ফলে এখানে এই দূর্নীতির ব্যাপারটা ছিল আরো প্রকট। ফলে তার থেকে যেহেতু কলেজ সার্ভিস কমিশনের মধ্যে দিয়ে আপনারা করার চেষ্টা করছেন আপনারা যদি চান তাহলে এই দূর্নীতি হয়ত আপনারা কিছুটা মুক্ত করতে পারেন। ফলে সেই চেষ্টা, সেই প্রত্যাশা আপনাদের কাছে আমাদের নিশ্চয় রইলো।

[2.50 – 3.00 p.m.]

আরো একটা বিষয়, সেটা হল যে এখানে একটা কথা বারবার বলা হচ্ছে যে কলেজে সার্ভিস কমিশান নিয়োগ কর্তা নয়, কলেজ সার্ভিস কমিশান নিয়োগ কর্তা নয়। এই কথা যারা বলছেন তারা ঠিক বলছেন না। কলেজ সার্ভিস কমিশন যে কাজটা করে তারা রেকমেন্ডেশান করে, এটা রেকমেন্ডিং বডি। নিয়োগ করে কিন্তু কলেজের যে গভর্ণিং বডি, তারাই নিয়োগ করে। এখানে যে কথাটা বলতে গিয়ে তারা এটা বলেছেন, সেটা হচ্ছে যে কলেজ সার্ভিস কমিশানের যারা মেম্বার তারা এ্যাসোসিয়েট প্রফেসার হতে পারেন, এই কথাটা বলতে গিয়ে তারা বলেছেন। এই বলার উদ্দেশ্যটা সেই অর্থে এক দিক থেকে ঠিক, এই কারণেই আমি বলছি যে কলেজ সার্ভিস কমিশান রেকমেন্ডিং বডি হিসাবে যাদেরকে রেকমেন্ড করবে তারা প্রিন্সিপালও, যে প্রিন্সিপালের স্তর হচ্ছে প্রফেসার স্তর। এবং সেই প্রফেসার স্তরের রেকমেন্ডিং বডি যদি একটা এ্যাসোসিয়েট প্রফেসার স্তরে থাকে তাহলে সেটা ভালো দেখায় না। ফলে তার থেকে মুক্ত হওয়াটা অত্যন্ত জরুরি। তাই আমার মনে হয়, মাননীয় মন্ত্রী মশায় এটা ভাবতে পারেন যে এই যে রেকমেন্ডিং বডি তাতে যারা মেম্বার হবেন সেই মেম্বাররা যদি প্রফেসার স্তরের হতে পারেন তাহলে দেখতে শুনতে এটা অত্যন্ত ভালো হয়।

আমার পরের বক্তব্য হচ্ছে, এই যে রি-রেকমেন্ড করার একটা কথা বলা হয়েছে। অর্থাৎ একটা কলেজে নিয়োগ করা হল এবং সেই নিয়োগের পরে দেখা গেল সেখানে ছাত্র ভর্তি হচ্ছে না সেই পার্টিকুলার সাবজেক্টে। এবং আপনারা এখানে বলেছেন যে রি-রেকমেন্ড করবেন, তাদেরকে কোনো একটা কলেজে নতুন করে প্লেস করবেন। এই প্লেস করার ক্ষেত্রে তাকে ফারদার কাউন্সেলিংয়ের সুযোগ দিলে কি অসুবিধা। ফলে আমার বক্তব্য যে তাকে আবার ফারদার কাউন্সেলিংয়ের সুযোগ দেওয়া হোক। সেই ফারদার কাউন্সেলিংয়ের মধ্য দিয়ে তাকে নিয়োজিত হওয়ার ব্যবস্থা করা হোক।

আমার পরের বক্তব্য হচ্ছে, এই যে দীর্ঘদিন ধরে একটা দাবি আছে, এটা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন। সেটা হল বিভিন্ন কলেজে বিশেষ করে দূরের জেলায় যারা আছেন তারা হয়তো অন্য জেলা থেকে গিয়ে তারা সেখানে নিয়োজিত হয়েছেন এবং তারা বারবার পরিবর্তন চাইছেন, কলেজ পরিবর্তন চাইছেন এবং দীর্ঘদিন ধরে শিক্ষকদের মধ্যে একটা মতামত আছে এবং দাবিও আছে কলেজ পরিবর্তনের জন্য একটা কমপ্রিহেনসিভ পলিসি সরকারের তরফ থেকে তৈরি করা হোক। কিন্তু সরকারের তরফ থেকে এই কলেজ সার্ভিস কমিশানের যে বিলটা আনা হয়েছে সেই বিলের মধ্য দিয়ে এইরকম যদি কমপ্রিহেনসিভ পলিসির একটা কোনো রূপরেখা থাকতো বা এখানে যদি কোথাও থাকতো যে এইরকম একটা কাজ তারা করতে যাচ্ছে - আমি জানি না মন্ত্রী মহাশয় হয়তো উত্তর দেওয়ার ক্ষেত্রে বলবেন যে পরবর্তীকালে এটা করবেন। যদি পরবর্তীকালে হয় তাহলে এই কলেজ পরিবর্তনের একটা cry কিন্তু বিভিন্ন জায়গায় আছে। ফলে তার একটা সুযোগ এখানে দেওয়া উচিত বলে আমার মনে হয়েছে। ফলে সেই বিষয়টা মন্ত্রী মহাশয় ভাবুন।

আমার পরের বক্তব্য হচ্ছে, এখানে বলা হয়েছে যে যারা মেম্বার হবেন এই সার্ভিস কমিশানে তারা কোনোভাবেই should not be associated with any political party তার পরের বক্তব্যগুলো ঠিক আছে যে should not act in a partisan manner while in office, কারণ এটাই বিগত সরকারের সময় হয়েছে। কিন্তু আমি এখানে মন্ত্রীকে যেটা বলছি, আমার প্রশ্নের একটা উত্তরে এই হাউসে দাঁড়িয়ে তিনি বলেছিলেন যে কলেজগুলোতে গভর্নিং বডি নিয়ে যেভাবে পার্টির এম এল এ, এম পি, শাসক দলের এম এল এ, এম পি-দের সেখানে নিয়োগ করা হয়েছে তাতে তিনি ডিফেন্স করেছেন এখানে দাঁড়িয়ে। আমি তাকে রিকোয়েষ্ট করবো you please defend this also যে এ্যাসাসিয়েটেড উইথ এনি পলিটিক্যাল পার্টি হলে তিনি মেম্বারও থাকতে পারবেন না। আমি রিকোয়েষ্ট করবো আপনি এখানে দাঁড়িয়ে একটু ডিফেন্ড করবেন। ওইটার সঙ্গে যেন সাযুজ্য থাকে, আপনার আগের উত্তরের সঙ্গে।

আমার নেক্সট পয়েন্ট হচ্ছে যে এখানে অনেকেই বলেছেন যারা পুরোনো মেম্বার, আমি তো নতুন মেম্বার একজন, এখানে যারা বলেছেন যে সিলেক্ট কমিটিতে পাঠানো উচিত, নতুন বিল এলে select committee তে পাঠানো উচিত। নতুন বিল এলে যদি সিলেক্ট কমিটিতে পাঠানো এটা রীতির মধ্যে হয়, তাহলে আমি রিকোয়েষ্ট করবো সরকার পক্ষকে যারা নতুন বিল এনেছেন তারা যাতে এটাকে সিলেক্ট কমিটিতে পাঠান এবং এই সমস্ত যে নানা অসঙ্গতি আছে

সেই অসঙ্গতিকে দূর করে, তাহলে এই বিলটা নতুন করে এই হাউসে আসতে পারে এই কয়েকটি কথা বলে মাননীয় স্পিকারকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কলেজ সার্ভিস কমিশান, ২০১২ এই বিলের স্বপক্ষে বলতে গিয়ে আমি ২-৪টি কথা বলব এবং বিরোধী পক্ষের মূল যুক্তিগুলো একটু ছুঁয়ে যেতে চাই। বিরোধী পক্ষের সম্মানীয় দলনেতা থেকে শুরু করে অসিতদা কংগ্রেসের অসিত মিত্র পর্যন্ত এবং সর্বশেষ স্রোতে গা ভাসালেন তরুণবাবু বিজ্ঞানসম্মত উপায়ে না গিয়ে, যদি হয় তাহলে আমার মত যে সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। এই বিলটিতে তো লেখাই আছে যে এটা ১৯৭৮ সালের যে প্রিন্সিপাল এ্যাক্ট, সেই প্রিন্সিপাল এ্যাক্টটাকে মাথায় রেখে এই বিল। তাহলে এটা নতুন বিল কি করে হল। এটা প্রিন্সিপাল এ্যাক্ট কি করে হল। এটা তো বিলেই বলা আছে। সুতরাং এ্যামেন্ডমেন্ট আছে। এ্যমেন্ডমেন্ট মানে নতুন নয় স্যার। এ্যামেন্ডমেন্ট, এ্যামেন্ডমেন্ট। আর fundamental bill is that where it is clearly stated that it is that way presented and hereafter it may be called as a principal Bill. So in no way, under no circumstances, this can be called a principal act. It cannot demand to go for the Select Committee. I beg to differ নাম্বার, টু হচ্ছে, মাননীয় সদস্য আমজাদ সাহেব বললেন ৩৪ বছরে তারা প্রাসাদ তৈরী করে দিয়ে গেছেন। আমি একটা স্ট্যাটিসটিকস শুধু আপনাদের দিচ্ছি, কেমন কাজ আপনারা করেছেন তা এর থেকেই দেখতে পাবেন। UPSC 2011 সালে যে Civil Service পরীক্ষা নিয়েছে তার রেজাল্টটা আমি একটু পড়ে যাচ্ছি। Finally a token number of 910 candidates, 715 male and 115 female have been selected for appointment of various Central services like Indian Administrative Service, IAS, Indian Foreign Service, IFS and Indian Police Service, IPS. Among top 25 candidates there are candidates claming domiciled from Andhra Pradesh, Assam, Bihar, Chandigarh, Delhi, Haryana, Jammu and Kashmir, Jharkhand, Kerala, Madhya Pradesh, Maharashtra, Punjab, Rajasthan, Tamil Nadu, Uttarakhand and Uttar Pradesh. ওয়েস্ট বেঙ্গলের নাম আছে এখানে ? আপনারা বলছেন প্রাসাদ করে দিয়ে গেছেন। এই রেজাল্টে ওয়েস্ট বেঙ্গলের নাম নেই। সত্যি তরুণ বাবু তাই বলছিলেন, প্রেসিডেন্সি যেটা উচ্চমার্গে ছিল সেটা নামিয়ে দিয়ে গেল। মধ্যম মার্গে টেনে দিয়ে গেলেন। কারণ এটা তাদের পলিসি ছিল, একসেলেন্ট বলে কিছু হয়না, সবাইকে মোটামুটি একটা রাণ করতে হবে। সুতরাং যেটা একসেলেন্ট ছিল সেটাকে জেনারেল স্ট্যান্ডার্ডে নামিয়ে দিয়ে গেলেন, আর এখানে বলছেন প্রসাদ দৈরী করে দিয়ে গেছেন। অসিতদা তো ঠিকই বলছিলেন, মূল্যমানের হ্রাস হয়েছে, দূর্নীতি ছেয়ে গেছে - কিন্তু একটা কথা তিনি জুড়ে দিয়ে গেলেন এটা সিলেকট কমিটিতে পাঠানো হোক। আমাদের ব্রাত্য বাবু ব্রত নিয়েছেন সংশোধন করে বিলটা আনার জন্য। এই বিলে নতুন কিছু নেই। অ্যাকচুয়াসলি ১৯৭৮ সালে যে বিলটা হয়েছিল, after a course of time তারপরে গঙ্গা যমুনা দিয়ে অনেক জল বয়ে গেছে, অনেক নতুন সিদ্ধান্ত, অনেক নতুন দিগন্ত, অনেক নতুন ভিশান-মিশান এসেছে, সুতরাং সময়োপযোগী করে নেওয়ার জন্য এটা দরকার ছিল। তাই এই বিল আজকে এসেছে। এই বিল আনার দ্বিতীয় কারণ হল -

মাননীয় সদস্য সুনীল বাবু বললেন এবং আমজাদ সাহেবও বললেন, আমরা ১৯৭৮ সালে কলেজে বেতন দিয়েছি। কলেজ টীচারদের বেতন নির্ধারণ করেছেন University Grants Commission, সারা ভারতবর্ষে সার্ভিস কন্ডিশানও dertermine করেন University Grants Commission। অবভিয়াসলি পাঁচ বছরে এইটট্টি পারসেন্ট টাকা তারা দেন, তারপরে স্টেট গর্ভণমেন্টকে সেটা অ্যাকসেপ্ট করতে হয়। কিন্তু determination, maintenance, guidance সেটা ১৯৫৬ সালে University Grants Commission আইনের পর থেকে সারা ভারতে UGC করে। সুতরাং যেটা আপনি বললেন, সেটা ঠিক বললেন না। University Grants Commission এই টীচারের সংজ্ঞাগুলো পাল্টেছে। আমরা যখন কলেজে কাজ করতাম তখন ছিল Junior lecturer, Senior lecturer, Lecturer, Reader, Professor এই রকম বিভিন্ন slab, according to experience, according to qualification, accoroding to scale আমরা পেতাম। কিন্তু University Grants Commission এখন এটা করে দিয়েছে - সহযোগী প্রফেসার, সহকারী প্রফেসার, অধ্যাপক এইভাবে এবং তার qualification ও determination অনুযায়ী গেছে। এই ক্ষেত্রে University Grants Commissionসারা ভারতবর্ষে উচ্চশিক্ষার ক্ষেত্রে যে নীতি নির্ধারণ করেন সেটাকে আপনি এখানে incorporate করবেন না! তার যে অ্যামেন্ডমেন্ডগুলো সেটাকে আপনি incorporate করবেন না! এটাতো আনা আবশ্যিক। সেইজন্যই মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী আজকে অ্যামেন্ডমেন্ডটি এনেছেন এবং এই বিলে শিক্ষকের সংজ্ঞাগুলো দিয়ে দিয়েছেন। তিন নম্বর বিষয় হল একটা uniformity আনার দরকার ছিল। কে কোথায় থাকবে, কে কোথায় থাকবে না, চাকরির জন্য যেখানে সারা ভারতবর্ষে কম্পিটিশান, আপনি বুঝতেই পারছেন। কিন্তু আপনি জানেন কলকাতা হাইকোর্ট সহ বিভিন্ন কোর্টে ফোর্থ গ্রেড এবং থার্ড গ্রেডের অ্যাপোয়েনটমেন্ট নিয়ে কি ধরনের কেস হয়, কি ধরনের আইনগত জটিলতা তৈরী হয়। একদিকে কেস হয়ে গেলে তার আর অ্যাপ্রুভাল দেবে না। কলেজ ভুগছে বছরের পর বছর সেই থার্ড গ্রেডের অথবা গ্রুপ ডির পোস্টগুলোকে ফিল আপ করা যাচ্ছে না। সুতরাং এদিক দিয়ে আপনি সত্যিই একটা ইউনিফরমিটি আনার চেষ্টা করেছেন এবং সবাইকে এক ছাতার নীচে আনিয়েছেন from top to bottom, from principal to sweeper, everybody will be appointed under same and specific terms and conditions. যেখানে এই বিরোধগুলোকে অ্যাভয়েড করা যাবে। এতে অসুবিধার কি আছে? এবং যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ সেটা হচ্ছে এই জোন ভিত্তিক যে সিলেকশান হতো, যেটা, এই যে মধ্যম মানের কথা হচ্ছে, নিম্ন মানের কথা হচ্ছে standard, এই জোন ভিত্তিক প্রথাটাকে তিনি ভেঙে দিয়ে একজন scholar, বিদ্যান সর্বত্র পুজ্যতে। তাকে সব কান্ট্রিতে, পৃথিবীর সব দেশে তার অভিযাত্রা : তাই আজকে সেই বিশ্বদ্বার, বিশ্ববিদ্যালয়, সেখানে বিশ্ববিদ্যালয়ের আলোর সিংহদ্বারকে উন্মুক্ত করে দিয়েছেন যে না, there shall be one panel throughout the State for the teachers. আপনি বলুন তো, আমি বিদ্যাসাগর ইউনিভার্সিটিতে জোনে পাস করলাম, আমি জীবনে ঐ গন্ডী পোরোতে পারবো না? আবার আমাকে সার্ভিস কমিশন, সুতরাং আজকে এই যে excellence, এই যে মেধা দেওয়া নেওয়া আজকে তার রাস্তাটা খুলে দিয়েছেন তিনি, এই জন্যে খুবই অপরিহার্য ছিলো এই বিল, যে না জোন ভিত্তিক

প্যানেল হবে না। গ্রুপ ডি হতে পারে কিনা সেটা, যখন এ ব্যাপারে সার্কুলার বেরোবে, এ ব্যাপারে যখন উপবিধি বেরোবে, বিস্তারিত বেরোবে। কিন্তু টিচার কখনো এক জায়গায়, টিচারের কখনো জোন ভিত্তিক, জেলা ভিত্তিক, মহকুমা ভিত্তিক অ্যাপয়েন্টমেন্ট হতে পারে না। টিচারকে সামগ্রিকভাবে প্রতিযোগিতা করে আসতে হবে। এই প্রতিযোগিতার, এই মেধা ভিত্তিক প্রতিযোগিতার মুখটি খুলে দিয়েছেন, এই বিলে তার সংস্থান আছে। তৃতীয়ত এবং সব শেষ যেটা, আজকে এই অ্যাক্টটা এসেছে, এই অ্যাক্ট অনুযায়ী রেগুলেশান হবে। সেই রেগুলেশানে বিস্তারিত ভাবে বলা থাকবে সেসব কথা, সুতরাং আপনারা অহেতুক আশংকা করছেন কেন? যে সন্তান সবে মাত্র জন্মালো সে জল্লাদ হবে কি প্রহ্লাদ হবে, আর আপনারা আতংকেই ভুগে যাচ্ছেন? অযথা আতংক করবেন না। মাননীয় শিক্ষা মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী, ক্যাবিনেট যে শিক্ষা বিল এনেছেন, আজকে যথার্থভাবে ৩৪ বছর পরে একটা সংস্কার এসেছে। বামফ্রন্ট হয়েছে, উন্নততর বামফ্রন্ট হয়েছে। কিন্তু সার্ভিস কমিশন বিলটা যেই তিমিরে ছিলো, সেই তিমিরেই ছিলো। সেই অন্ধকার থেকে মুক্ত করে মাননীয় শিক্ষামন্ত্রী তাকে আলোয় নিয়ে এসেছেন। তার জন্য তাঁকে ধন্যবাদ দিন। নতুন রেগুলেশানে সাজেশান দিন। এইটুকু বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ, নমস্কার।

[3.00 – 3.10 p.m.]

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আজকে ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন বিল, ২০১২ যেটি মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু মহাশয় উত্থাপন করেছেন সেই সম্পর্কে বলতে গিয়ে প্রথমে যে কথাটি বলা প্রয়োজন বলে মনে হচ্ছে একটি বিতর্ক বা মত পার্থক্য দেখা দিয়েছে, যে বিলটা স্ট্যান্ডিং কমিটি বা সিলেকট কমিটিতে যাওয়া উচিৎ কি উচিৎ নয়। এই নিয়ে উভয় পক্ষ থেকে বক্তব্য এসেছে। আমার আগে একজন বললেন যে এটা অ্যামেন্ডমেন্ট বিল। না এই বিলটা অ্যামেন্ডমেন্ট বিল নয়। ১৯৭৮ সালে কলেজ সার্ভিস কমিশন অ্যাক্ট যেটা ছিলো এই বিলের মাধ্যমে সেটাকে পুরোপুরি বাতিল করে এটা নতুন বিল হিসাবে হাউসে উত্থাপিত হয়েছে। পুরোনোটা repeal হয়েছে, বাতিল হয়েছে। সুতরাং এটি একটি নতুন বিল এবং এই নতুন বিলের ক্ষেত্রে লিখিত আইন কিছু নেই। রুলস অফ্ বিজনেস, কনডাক্ট অফ্ বিজনেসে লেখা নেই। কিন্তু একটা কনভেনশান তৈরী করা হয়েছিলো যে, যেকোন নতুন বিল আসলে, সেই বিলের গুরুত্ব অনুযায়ী সময় বেশী কিম্বা সময় কম দিয়ে স্ট্যান্ডিং কমিটি বা সিলেক্ট কমিটিতে পাঠানো হবে এবং পরবর্তীকালে সেটা হবে। আজকে এই বিলটা, এমনিতে মনে হতে পারে যে ৭৮ সালের বিলের সাথে দুটো নতুন চ্যাপটার যুক্ত হয়েছে। একটা হচ্ছে নন টিচিং এমপ্লয়ীদের নিয়োগের ক্ষেত্রে, আর একটা হচ্ছে ঐ অ্যাকাউন্টস, অডিট ইত্যাদি এই দুটো নতুন চ্যাপটার একদম সংযোজিত হয়েছে। এছাড়া বাকি কিছু জায়গায় পরিবর্তন করা হয়েছে। আর একটা জায়গায় যেটা বলা হয়েছে যে আগের bill-এ ওই eligibility test-এর ব্যবস্থা ছিল না, তা কিন্তু ঘটনা নয়। আগের bill-এও State Eligibility Test, পরীক্ষা নেওয়ার একটা ব্যবস্থা ছিল। যাই হোক, তা এখন এই billটার গুরুত্বটা কি? এ শুধু শিক্ষক নিয়োগ করবে, non-teaching employee করবে, principal নিয়োগ করবে। এরা কি করেন? না, আমাদের শিক্ষা ব্যবস্থার মানোন্নয়ন করতে গেলে

যে কটা জিনিসের উপরে গুরুত্ব দেওয়া দরকার। যেমন, infrastructure একটা গুরুত্ব দেওয়া দরকার, যেমন Syllabus-এর আধুনিকীকরণ করার একটা গুরুত্ব দরকার। ঠিক তেমনি কলেজে কলেজে quality education যদি দিতে হয়, তাহলে যারা শিক্ষক হিসাবে নিযুক্ত হবেন, সেইটাও যাতে যথাযথ হতে পারে তার ব্যবস্থাটা থাকা দরকার। সুতরাং উন্নত শিক্ষা ব্যবস্থা তৈরি করার ক্ষেত্রে শিক্ষার মানকে উন্নত করার ক্ষেত্রে এই bill-এর সব থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। কারণ যারা শিক্ষাদান করবেন সেই অধ্যাপক কিংবা principal পরিচালনা যারা করবেন তারা এটার মাধ্যমে নির্বাচিত হবেন। অতএব এটাকে খুব হাল্কা ভাবে দেখা উচিত নয়। যদি প্রথম অসংগতি বলে মনে পরে। সেটা হচ্ছে কি? না আপনার বিলে বলা হচ্ছে যে যিনি Chairman হবেন তাকে অন্তত Associated Professor পদ হিসাবে হতে হবে। Associated Professor হতে হবে। আর principal নিয়োগের ক্ষেত্রে যেখানে ব্যবস্থাটা করা আছে, সেখানে commission-এর Chairman থাকবেন। তর্কের খাতিরে ধরে নিন তিনি associated-এর professor। কিন্তু সেখানে বলা আছে Vice-chancellor-এর জন্য nominated হবেন তাকে অবশ্যই professor হতে হবে। তাহলে vice-chancellor nominated-এর professor হবে, এই আপনারা 8(3)এ "For selection of persons for appointment to the post of principals in various Government aided Colleges in West Bengal, the Commission shall be aided by the following experts, - (i) the Chancellor, not below the rank of a Professor of a University," তাহলে যিনি nominee হয়ে আসবেন তাকে অবশ্যই Professor হতে হবে Chancellor-এ। আর যিনি এই teamটা preside করবেন, তিনি কিন্তু lower rank-এ হবেন, হতে পারেনassociated professor। এটা কি একটা অসংগতি নয়? এটাকে দূর করার প্রয়োজন আছে কি নেই? একজন professor হলে আপনার কিছু ক্ষতি হয়ে যাবে না, বা একজন associated professor থাকলেও আমারও কিছু ক্ষতি হয়ে যাবে না। কিন্তু সংগতিপূর্ণ কোনটা হওয়া উচিত? আপনি যেখানে bodyটা তৈরি করছেন তার যে chairman হবেন, সেই চেয়ারম্যানের ক্ষেত্রে আপনি সেই ব্যাপারটা রাখলেন না। এটা একটু খুবই দৃষ্টিকটূ বলে মনে হচ্ছে যে এটা হওয়া বাঞ্ছনীয় নয়। সুতরাং এখানে Amendment আছে। আমি আশা করব যে মাননীয় মন্ত্রী মহাশয় এই Amendmentটা মেনে নেবেন যে associated professor না করে অন্তত professor এটা করলে কোন অসুবিধা হয় না এটা এক নম্বর একটা জিনিস আছে। দুই হচ্ছে যে এই bill-এ আপনি আর একটা জিনিস করতে চেয়েছেন, দেখাতে চেয়েছেন - সেটা হচ্ছে রাজনীতি মুক্ত করতে চেয়েছেন। তা এইখানে commission-এর কয়েকজন member রাজনীতির সাথে যুক্ত না হলে গোটা শিক্ষা ব্যবস্থা রাজনীতি মুক্ত হয়ে যাবে। তা তো হবে না। আপনি কাদের রাজনীতির সঙ্গে - এই ১৬ জন memberকে select করার ক্ষেত্রে আপনি বলছেন এরা যাতে কোন political partyর মেম্বার না হয়, কিংবা political partyর সঙ্গে associated না হয়। ঠিক আছে এই ১৬ জন আপনার হল না। কিন্তু আপনার গোটা governing body, যে কথা একজন বলছিলেন আমাদের অসিত মিত্র মহাশয় বলছিলেন। পশ্চিমবঙ্গে সমস্ত collegeগুলোর চেহারা যদি দেখা যায় governing

body'র President অধিকাংশ ক্ষেত্রে হয় কোন MP, না হয় কোন MLA বসে আছে। এই জিনিসটা কিন্তু আমাদের সংবিধান রচয়িতা এই রকম একটা situation ঘটবে, তা কল্পনা করতে পারেনি। কিন্তু একটা emergency situation দেখা দেয় তাকে overcome করার জন্য একটা ছোট্ট provision রেখেছিলেন যে MP, MLAরা Office of profit গ্রহণ করতে পারবেন না। কিন্তু আপন প্রয়োজনের তাগিতে নানা সময় আইনের amendment করে office of profit সংখ্যাটাকে dilute করে আমরা অনেককে দিয়ে দিয়েছি। এখন এটা তো উচিত নয়। যে MLA, MP যদি আপনি সত্যিই শিক্ষা ব্যবস্থাটাকে রাজনীতি মুক্ত করতে চান।

[3.10 – 3.20 p.m.]

তাহলে এই জিনিসটা, গভর্নিং বডির কমপোজিশানটা দেখতে হবে, প্রেসিডেন্ট অফ দি গভর্নিং বডি, সেখানে কি হয় সেই ব্যাপার গুলো আপনাকে দেখতে হবে এবং যাতে সেটা নিরপেক্ষ ভাবে হয় সেটা চেষ্টা করে দেখতে হবে। আর অনেকেই বলছিলেন যে আগে আগে হয়েছে। এখনও কিন্তু হচ্ছে। প্রাইমারি শিক্ষক এ্যাপয়েন্টমেন্ট হচ্ছে, স্কুল সারভিস কমিশনের মাধ্যমে শিক্ষক এ্যাপয়েন্টমেন্ট হচ্ছে। এই সব এ্যাপয়েন্টমেন্ট করার ক্ষেত্রে কি কি ঘটনা ঘটছে না ঘটছে যে কথা গুলো বেরিয়ে আসছে। তার দ্বারা দূর্নীতিটা একটা জায়গায় দাঁড়িয়ে আছে, না কমেছে, না ক্রমবর্দ্ধমান সেটাও একটু বিচার বিবেচনা করে দেখা দরকার। আবেগে মধ্যে কোন কিছু বেশী বলা ভাল নয়। প্রত্যেক জিনিসটাকে বাস্তবানুগ দৃষ্টিভংগীতে গ্রহন করে তার কি সংশোধন করা যায় প্রকৃতপক্ষে রাজ্যের উন্নয়নের স্বার্থে, সেটা আমাদের দেখা দরকার। আপনার প্রচেষ্টা আপনি এটাকে রাজনীতি মুক্ত করতে চাইছেন, আপনার প্রচেষ্টা আপনি এটাকে দূর্নীতি মুক্ত করতে চাইছেন, আপনার প্রচেষ্টা শিক্ষা ব্যবস্থার স্টান্ডার্ডটাকে আপনি উন্নত করতে চাইছেন। এর সাথে আমরা বিরোধী হবো কেন? অবশ্যই একমত, সহমত। কিন্তু যেটা বলবেন তার সাথে যেন কাজের সাযুজ্য থাকে সেটা দেখতে হবে। তারপর একটা বিষয় আছে, সেটা হচ্ছে কি? না, এই যে বিলটা, এই বিলের মাধ্যমে অনেক জিনিস, বেশীর ভাগ জিনিস অব্যক্ত আছে, বলা নেই। আপনি বলছেন এটা রেগুলেশানে বলা হবে। একটা জায়গায় বলছেন এটা রুলসে বলা হবে। অধিকাংশ জিনিসই রুল এবং রেগুলেশানের মাধ্যমে আপনি করবেন - হয়ে থাকে গভর্নমেন্টের - যে গুলো আমরা বুঝতে পারছি না। আগামী দিনে আপনি শিক্ষক এ্যাপয়েন্টমেন্টের জন্য কি কি প্রসিডিয়োর করবেন - আজকে আমি আইনটা পাশ করে দিলাম, কিন্তু এর পরে আইনের ক্ষমতায় ক্ষমতাসীন হয়ে আপনি আপনার নিজের মতন করে রুলসটা তৈরী করে নিলেন। সেখানে কিন্তু এ্যাসেম্বলীর কোন এক্তিয়ার থাকলো না, কোন কিছু বলবার থাকলো না। রেগুলেসান্স আপনি করে নিলেন, সেখানে কিন্তু আমাদের বলবার কিছু থাকলো না। যাই হোক রুলস মেলকিং পাওয়ার থাকে, রেগুলেশান মেকিং পাওয়ার থাকে, আপনি নেবেন। কিন্তু একটা জিনিস তো করবেন যে আপনি যে রুলটা তৈরী করবেন সেই রুলটা বিধানসভায় লে করার একটা রীতি আছে। রুলসটা হচ্ছে সাবোডিনেট রেজিসলেশান। সেটা বিধানসভায় লে করতে হয় এবং সেটা বিধানসভায় লে করার জন্য এই আইনে পরিষ্কার উল্লেখ থাকবে যে, যে রুল তৈরী হবে সেই রুলসটা তৈরী হয়ে যাবার পরে, গৃহীত হয়ে যাওয়ার পর বিধানসভায় লে করা হবে। কিন্তু আপনার এই আইনে সেই প্রভিশানটা সম্পূর্ণভাবে অনুপস্থিত আছে। আপনি

বিধানসভায় লে করবেন না, ফলে আমরা কিছু জানতে পারবো না। পরে আপনি বই বার করবেন রুল বার করবেন, গভর্নমেন্ট অর্ডার হবে জানতে পারবো। কিন্তু বিধানসভায় যে সাবোডিনেট লেজিসলেশান কমিটি আছে যার দায়িত্ব হচ্ছে এ্যাক্টর সাথে সংগতি রেখে রুলসটা তৈরী হয়েছে কিনা, রুলসটা এ্যাক্টের সাথে Repugnant কিনা, বিরোধী কিনা, যে সাবোডিনেট লেজিসলেশান কমিটি যাদের পর্যালোচনা করার এক্তিয়ার আছে তারা সেই সুযোগ থেকে বঞ্চিত হয়ে যাবে যদি আপনি রুলসটা হাউসে লে না করেন। সুতরাং এটা আমি আপনার নজরে আনছি আপনি এটা নিশ্চয়ই ব্যবস্থা করবেন এটা আমার অনুরোধ।

(এ ভয়েস : এ্যাক্ট পাশ হলে তো রুলস হবে)

না না, আপনি জেনে নিন এ্যাক্ট পাশ হলে রুলসটা হবে কিন্তু এ্যাক্টে লেখা থাকে Any rules made under this Act will be laid on the Assembly after it is adopted. সেটা আসলে সাবোডিনেট লেজিসলেশান কমিটিতে যাবে। It is a must. It is a must to be includseds in the Act. এর পরে আছে যে টিচার এ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে কোনটা আপনি ঠিক করবেন? আমাদের শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে নানা ধরনের প্রতিষ্ঠানের ব্যবস্থা আছে। সরকারী কলেজ আছে, সরকার অনুমোদিত সাহায্য প্রাপ্ত কলেজ আছে, পুরোপুরি বেসরকারী কলেজ আছে এবং সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠান আছে। এই রকম নানা ধরণের শিক্ষা প্রতিষ্ঠান আছে। অথচ আমরা চাই ইউনিফরমিটি ইন দি এডুকেশান, সমান ভাবে হোক। আগে এ্যাক্টে চেষ্টা ছিল যে যারা সরকারের কাছ থেকে সাহায্য গ্রহন করুক বা না করুক কিন্তু শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এই কমিশনের মাধ্যমে তাকে শিক্ষক নিয়োগ করতে হবে যাতে করে তাকে একটা মিনিমাম ইউ. জি. সি স্কেল দিতে হবে এই ব্যাপারটা ছিল।

এবারে আপনি বলছেন যে এই বিলে যে সমস্ত বেসরকারী কলেজ কিংবা মাইনরিটি কলেজ, যারা সরকারের কাছ থেকে কোন অনুমোদন নেয় না, তারা তাদের মতন করে নিজেরা শিক্ষক নিয়োগ করতে পারবে। এই সুযোগটা যখন আপনি তাদের দিয়ে দিচ্ছেন, এর ফলে কি হচ্ছে? আপনি uniformity in academic qualification, uniformity in standard এটার সাথে কি একটু আপনি কম্প্রোমাইজ করছেন না? এটা তো compromise হয়ে যাচ্ছে। সুতরাং এটা হওয়াটা উচিত নয়। যাই হোক, যে কথা বলেছি যে কলেজ পরিচালনা করতে গেলে, শিক্ষা ব্যবস্থাকে পরিচালনা করতে গেলে শিক্ষক নিয়োগ করতে হবে, অশিক্ষক কর্মচারী নিয়োগ করতে হবে, লাইব্রেরিয়ান নিয়োগ করতে হবে। এই এ্যাক্টের মাধ্যমে এই তিনটি ক্যাটাগরীর শিক্ষকদের, এই তিনটি ক্যাটাগরীর এমপ্লয়ীদের নিয়োগ করার জন্য আপনি ব্যবস্থা করছেন, তার ক্ষমতা চাইছেন। তার জন্য কোন অসুবিধা নাই। কিন্তু সামান্য দু-একটা জায়গার ক্ষেত্রে অন্ততঃ যে অসুবিধাগুলো আছে, সেগুলোকে মেনে নেবেন আমি এটা আশা করছি। সর্বশেষে আমি অনুরোধ করছি যে গণতান্ত্রিক রীতি-নীতির প্রতি আস্থা রেখে বা শ্রদ্ধা রেখে অযথা সামান্য কয়েকটা দিন তাড়াহুড়ো করলে কিছু অসুবিধা হবে না। আপনি শীতকালীন অধিবেশনে এটা পাশ করে নিতে পারবেন। 'You set the precedent by sending the Bill to the Standing Committee or Select Commitee. আপনি সিলেক্ট কমিটি কিংবা স্ট্যান্ডিং কমিটিতে

বিলটি পাঠিয়ে পরের অধিবেশনে বিলটা পাশ করান, এই অনুরোধ জানিয়ে আপনার বিলে যে সামান্য অসঙ্গতিগুলো আছে, সেই অসঙ্গতির কথা উল্লেখ করে আমার বক্তব্য শেষ করছি।

Madam Dy Speaker : Now, the Hon-ble Minister-in-Charge, Shri Bratya Basu, to reply.

শ্রী বাত্য বসু : ধন্যবাদ, মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আজকে যে 'পশ্চিমবঙ্গ মহাবিদ্যালয় কলেজ সার্ভিস কমিশন' বিল আজকে এল, আমি সেটা নিয়ে অনেক আলোচনা শুনলাম, আমাদের মাননীয় প্রবোধ চন্দ্র সিনহা বলেছেন এবং তিনি গোড়ার দিকে বলেছিলেন যে এটাকে সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য। কিন্তু আমার মনে হয় যে এটা দরকার নেই, এই কারণে যে রুল বা যে অসঙ্গতিগুলো আছে .....

..... (এই সময় মোবাইল বেজে ওঠার শব্দ শোনা যায়।)....

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেবল মেম্বাররা যাদের মোবাইলগুলো বাজছে প্লিজড মিউট করুন অথবা আমার টেবিলে দিয়ে যান। সেভারেলি আমাদের এই কথাগুলো বলতে হচ্ছে আমাদের ডেস্ক থেকে । প্লিজ।

শ্রী ব্রাত্য বসু : সেখানে আমার মনে হয় এই রুলে বেশীটাই ক্লিয়ার হয়ে থাকবে। যদিও কেউ কেউ বলেছেন - প্রবোধ বাবু যেমন বিস্তারিত ভাবে বলেছেন, অনেকে আবার সিলেক্ট কমিটিতে পাঠানোর কথা বলেছেন। কিন্তু লজিকটা ঠিক কি, সেই লজিকটা ঠিক ক্লিয়ার করেন নি। তাহলে আমি ধরে নিচ্ছি যে এই প্রবোধ বাবুর কথাই হয়ত এসছে। কিন্তু আপনাদের আশ্বস্ত করতে চাই যে, যে সমস্ত অসঙ্গতিপূর্ণ কথা আপনি উল্লেখ করছেন আমার ধারণা যখন রুল আমরা লে' করব, তাতে পরিষ্কার করে এবং স্পষ্টভাবে বলা যাবে। যে আলোচনা হচ্ছিল, সেই আলোচনা থেকে অনেকগুলো - সত্যি কথা বলতে কি কতকগুলো ইন্টারেস্টিং কথা উঠে এসেছে। যেমন মিঠুদার কতকগুলো কথা রাজনৈতিক কথা, সেই রাজনৈতিক কথাগুলোর আমি এই বিলটা কি, ক্রাক্স কি, এই বিলটার মূল বিষয়টা কি আমি একটু পরে বলি। আগে আমার মনে হয় কতকগুলো কথার উত্তর দিয়ে নেওয়ার দরকার আছে। যেমন শ্রী চৌধুরী জনাব মহঃ হেদায়তুল্লাহ তিনি কথা বলতে গিয়ে বললেন যে এ রকম আমাদের ছাড়া উচ্চশিক্ষার ক্ষেত্রে, যারা বিভিন্ন আধিকারিক পদে বসেছে, তাদের নির্দিষ্ট রাজনৈতিক পরিচয় আছে। অর্থাৎ আমাদের পার্টিকেই হয়ত, আমাদের দলকেই হয়ত মিন করতে চাইলেন। আমি এই প্রসঙ্গে একটাই খালি উদাহরণ দেব, রেফারেন্স দিচ্ছি খালি সেটা হচ্ছে যারা আমার মূল তিনটি জায়গা আছে - একটা সিলেবাস কমিটি, একটা হায়ার এডুকেশান কাউন্সিল, আরেকটা হচ্ছে কলেজ সার্ভিস কমিশন, তিন চেয়ারম্যান। এবার আপনারা জানেন যে ভোটের আগে প্রত্যেক দলই বার করে যে ওমুক দলকে, ওমুক প্রার্থীকে জয়যুক্ত করুন। আমাকে একটা সিঙ্গেল কাগজ দেখতে হবে যে এরা ভোটের আগে কখনও কোন রাজনৈতিক দলেকে সমর্থন জানিয়ে কোন কথা বলেছেন কিনা এক। দুই, পাশাপাশি আমি আপনাকে কাগজ খুলে দেখিয়ে দেব আপনাদের সময় যারা হায়ার এডুকেশান কাউন্সিলের চেযারম্যান ছিলেন বা

কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান ছিলেন তারা অষ্টম বামফ্রন্ট সরকারকে জয়যুক্ত করুন এই মর্মে সই দিচ্ছেন, চিঠি দিচ্ছেন। ফলে বোঝা যাচ্ছে কারা রাজনীতিকরণ করে এবং কারা রাজনীতিকরণ করে না এটা এই একটি রেফারেন্সই আমার মনে হয় যথেষ্ট। দ্বিতীয়ত ঃ আমাদের তরুণ বন্ধু আমজাদ হোসেন অনেকগুলো কথা বলেছেন।

এবার সেই কথাগুলোর জায়গা থেকে উনি বলছেন যে, এ রকম আমাদের সময়কার ইমারত, আমরা যেটা করতে চাইছি তাতে কতটা স্বচ্ছতা থাকবে, কতটা রাজনীতি মুক্ত হবে, কতটা দলতন্ত্র মুক্ত হবে।

[3.20 – 3.30 p.m.]

Dy. Speaker Madam : Excuse me, অনারেবল মিনিস্টার আপনি আপনার মোবাইলটা ডেস্কে দিয়ে যান, প্লীজ। প্লীজ আমার ডেস্কে দিয়ে যান। Carry on.

শ্রী ব্রাত্য বসু : আমি খালি একটা আমজাদের কাছ থেকে তুলনামূলক সমীক্ষা চাইছি যে, গত ৩৪ বছরে লেফ্‌ট-এ কোন্ কোন্ নেতার পরিবার থেকে ইউনিভার্সিটিতে চাকরি পেয়েছেন? যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলছেন এবং আমাদের - আমি বলছি, কারও স্ত্রী হওয়া, কারও স্বামী হওয়া, কারও সন্তান হওয়া অপরাধ নয়, কিন্তু যোগ্যতা কি কেবলমাত্র তাদেরই আছে? এখানে যারা আছেন, অন্যান্য যারা আছেন তাদের একাধিকজনের জানি, আত্মীয়সজন বিভিন্ন জায়গায় পরীক্ষা দিয়েছেন, ইন্টারভিউ দিয়েছেন এবং পাননি। আপনি আপনার ব্যক্তিগত স্কুল সার্ভিস কমিশনের রেফারেন্স টেনেছেন, আমি আমার একটা ব্যক্তিগত রেফারেন্স টানছি, মার্জনা করবেন। সেটা হচ্ছে এই যে, আপনি আমায় বললেন, আমার কি একটা আলাদা পরিচিতি আছে, সেই পরিচিতি বলে - এখন না, পরে হাল ছেড়ে দিয়েছিলাম, দশ-পনের বছর আগের কথা বলছি, তখন একটা ইউনিভার্সিটিতে অ্যাপ্লিকেশন করেছিলাম যেটা আমার বিষয় নয়, আমার অন্য বিষয়ে পরিচিতির কথা বলছিলেন সেই থিয়েটারের, তার বিষয়ে আমি অ্যাপ্লিকেশন করেছিলাম। ঘটনাটা জানতাম না, খানিকটা বোকা মত ছিলাম। ওখানে যারা অ্যাপ্লিকেন্ট ছিলেন, সেখানে আমি দেখলাম যে, একমাত্র আমারই নেট আছে এবং থিয়েটার নিয়ে আপনি যেটা বলছেন এখন হয়ত তিনটে লোক ছিল, তখন হয়ত দুটি লোক ছিল। খুব কম লোক কিন্তু, এখনও খুব কম লোক ছিল, বিষয়টাই কম - মার্জিনাল। কিন্তু যারা অ্যাপ্লিকেন্ট ছিলেন তারা কেউই থিয়েটার বিষয়ক .. অন্ততঃ আমার দুজনের চেনা সম্পর্কে যে সামান্য ব্যুৎপত্তি জন্মেছিল তার থেকে সামান্য হলেও কম। ইন্টারভিউটা দিলাম এবং আমি জানলাম যে, আমি ইন্টারভিউটাতে লাস্ট হয়েছি - শেষ হয়েছি। কেননা আমার থিয়েটার এবং অন্যান্য বিষয়ে আমার কোনো যোগ্যতা - মাথায় রাখবেন, একমাত্র যারা ইন্টারভিউটা দিয়েছিল তাদের মধ্যে আমারই একমাত্র নেট কোয়ালিফিকেশান ছিল, বাকিদের ছিল না। ফলে আপনি যে দলতন্ত্র এবং তাকে মুক্তি দিয়ে এবং আপনাদের সময়ে যে পরিচ্ছন্নতা (ট্রান্সপারেন্সি) এবং যে ইমারত গড়ে তোলার কথা বলছেন এবং তার বিনিময়ে আমরা যেটা করতে চাইছি - এটা তো তুলনামূলক ব্যাপার। আমাদের সময় দিন, সময় দিয়ে যদি দেখা যায় যে, আমরা এটা পারছি না - আমি কিন্তু

এটা একবারও বলছি না, আমার কথা অন্য সেন্সে নেবেন না যে, যারা আত্মীয়সজনরা চাকরি পেয়েছেন আমি তাদের বিরুদ্ধে কোনো কটাক্ষ করছি। আমি বলছি না যে, যোগ্যতা আছে। আমি বলছি না যে যোগ্যতা আছে, আমি বিশ্ববিদ্যালয়ের কথাই বলছি। আমি নেট কলিফায়েড। ..... (গোলমাল).... আমার অপরাধ হয়েছে, আমি মেনে নিচ্ছি। তৃতীয়তঃ আর একটা কথা উঠে এসছে এখান থেকে যে, মাননীয় তরুন কান্তি নস্কর যে কথাটা তুলেছেন সেটা হচ্ছে যে - আপনিও বলেছেন যে, নন-টিচিং-দের ক্ষেত্রে কতটা স্বচ্ছতা থাকবে সেটা মাননীয় জ্যোতির্ময় কর এক ধরনের উত্তর দিয়েছেন যে, যারা এখন নন-টিচিং আছেন তাদেরই বরং চাকরির নিশ্চয়তা এখন নেই। আমরা চাইছি যে, এই বিলের মাধ্যমে তাদের চাকরির যাতে নিশ্চিতকরণ হয় এবং যেটা আমাদের সুনিলবাবু বলছিলেন যে, তাদের মাইনের যে অবস্থা, সেই মাইনের আমরা পুষ্টিকরণ চাইছি এবং উন্নিতকরণ চাইছি, নবিকরণ চাইছি। আমার মনে হয় যে, কথা না বাড়িয়ে আমরা কি কি করতে চাইছি তা এক, দুই, তিন করে বলে দিই, চার-পাঁচটা পয়েন্ট বলব। ...নয়েজ ... আপনি আমায় single রেফারেন্স দিতে পারেন যেখানে কোনো নন-টিচিং -এর মাইনে বন্ধ করে দেওয়া হয়েছে? আপনি এই বিলের মধ্যে আলোচনা সীমাবদ্ধ রাখুন, বিলের মধ্যে আলোচনাটা সীমাবদ্ধ রাখুন। এক নম্বর হচ্ছে, পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের চেয়ার ম্যান পদ থেকে চেয়ার পার্সন পদ দেওয়া হয়েছে যাতে উপযুক্ত মহিলা পার্থিও ঐ পদে আসতে পারে।

মাননীয় প্রবোধবাবু যথার্থই বলেছেন যে, আগের বিলটাকে আমরা বাতিল করেছি। বাতিল করে নতুন বিল নিয়ে এসেছি। U. G. C-র রেগুলেশন অনুযায়ী ঐ তিনটে পোষ্ট, Associate Professor, Assistant professor and Professor, প্রবোধবাবু কথাটা বলেছেন যে, Associate professor কী চাকরী দিতে পারেন বা যোগ্যতামান নির্ণয় করতে পারেন? কথাটার তরুণবাবু এক ভাবে উত্তর দিয়েছেন যে, ওঁরা কিন্তু চাকরী দিচ্ছেন না। কলেজ সার্ভিস কমিশন কেবলমাত্র রেকমেন্ড করবে। যাঁরা ইন্টারভিউ নেবেন তাঁরা কিন্তু ঐ ১৬ জনের কমিটির মধ্যের লোক। চেয়ারম্যান কিন্তু ইন্টারভিউ নেবেন না। তাঁরা ইন্ডারভিউয়ের মাধ্যমে নাম রেকমেন্ড করবেন। তিনি কেবলমাত্র প্রশাসনিক কাজ-টা করবেন। অর্থাৎ যোগ্যতামান, মেরিট, মেধার যে প্রসঙ্গ মাননীয় অসিতবাবু বলছিলেন তার সঙ্গে কিন্তু চেয়ারম্যানের কোন সম্পর্ক নেই। চেয়ারম্যান কেবলমাত্র ইন্টারভিউয়ের যে প্যানেল, যারা নিচ্ছেন, তারা তাদের নাম রেকমেন্ড করছেন সেই অনুযায়ী তিনি প্লেস করবেন। এবং প্লেস করবেন বলে আমাদের এখানে ধরা হচ্ছে যেটা, গর্ভনমেন্ট এডেড কলেজগুলোতে Assistant Professor নিয়োগের জন্য একটি মাত্র প্যানেল আমরা বার করছি এই বিলের মাধ্যমে, যেটা বর্তমান বিশ্ব-বিদ্যালয়গুলোর জোন ধরে প্যানেল আছে। একটা কথা উঠছিল, রামপুরহাটের একটা ছেলে 1 সে যদি মনে করে বঙ্গভাষী কলেজে পড়াবে বা অবনীন্দ্রনাথ কলেজে পড়াবে বা অন্য কোন কলেজে পড়াবে তার সামনে কিন্তু স্কোপ-টা ওপেন রয়েছে। আমার মনে হয় এই দিকগুলো এটার মধ্যে আছে।

আর, ঐ বয়সের বিষয়গুলো তো আপনারা নিজেরাই উল্লেখ করেছেন। আমি আর সেটা বলছি না। কিন্তু পলিটিক্যাল এবং ডি-পলিটিটাইজেশন, তার ব্যাপারে আপনাদের তো একটু সময়

দিতে হবে, কোন নিস্পত্তি করতে পারি কিনা। কিন্তু প্রভিশন আছে দেখবেন, বিলের মধ্যে আছে। এই আয়োগের, কমিশনের চেয়ারপারসন এবং সদস্যদের প্রয়োজনে বহিষ্কার করার জন্য আমরা কিন্তু প্রথম এই বিলে নিয়মের ব্যবস্থা রেখেছি। ইম্পিচ করা যেতে পারে প্রয়োজনে। এবং এই বিলে যেটা যুগান্তকারী, যেটা আশীষবাবু খানিকটা উল্লেখ করেছেন, এক নম্বর হচ্ছে যে লাইব্রেরীয়ান নিয়োগের ক্ষেত্রে আমরা একটা প্রভিশন আনছি এই বিলের মাধ্যমে। সবথেকে বড় কথা হচ্ছে, পার্ট-টাইম নিয়ে মাননীয় বিরোধী দলনেতা বার বার উদ্বেগের কথা জানিয়েছেন যে, এদের কী হবে! আমার মনে হয় যেটা ওনাকে বলেছিলাম এবং শুধু এই গ্রাউণ্ডেই আপনাদের এই বিলটাকে সাপোর্ট করা উচিৎ, কারণ উনি বার বার আমাকে বলেছেন যে, এদের নিয়ে আপনি কী ভাবছেন তার যদি পুষ্টিকরণ করেন। আমার মনে হয় এই বিলের ক্ষেত্রে রুলে আমরা স্পষ্ট করব কোন্ কোন্ ক্ষেত্রে তাদের ছাড় দেব। কিন্তু এই বিলে পরিষ্কার করে বলা হচ্ছে যে, পার্ট-টাইমারদের ক্ষেত্রে বয়সের ছাড় দেওয়ার ক্ষমতা এই বিলে সরকারকে দেওয়া হচ্ছে। ফলে সরকার যখন এর রুল তৈরী করবে তখন শিক্ষকদের জন্য বয়সের যথাযথ ছাড় আমরা দিতে পারব। এছাড়া, তাদের ওয়ার্ক এক্সপিরিয়েন্স, এতদিন ধরে তারা কাজ করেছেন, ফলে তারা যখন ইন্টারভিউ দিতে যাবেন তখন তাদের ক্ষেত্রে এই ছাড় আমরা দিতে পারব।

পাশাপাশি নন-টিচিঙের কথা বলব। নন-টিচিঙের ক্ষেত্রে কিন্তু কলেজের গভর্নিং বডি করে। গভর্নিং বডির ক্ষেত্রে যে স্বচ্ছতার অভাব বা ইত্যাদি যে আরো সমস্যার কথা বার বার এই সভায় আলোচিত হয়েছে, আমার ধারণা এরও একটা দূরীকরণ হবে যদি কমিশন সরাসরি নন-টিচিংদের অ্যাপয়েন্টমেন্ট দেয়। অধ্যাপকদের নিয়োগের ক্ষেত্রে বা লাইব্রেরীয়ান নিয়োগের ক্ষেত্রে যে বিষয়টা থাকছে সেটা নন-টিচিঙের ক্ষেত্রে হলে, আমার ধারণা প্রচুর স্বচ্ছ এবং বিভিন্ন জায়গায় কোন নন-টিচিং রিক্রুটমেন্টে কে কোন্ পলিটিক্যাল পার্টির ক্যাচ ধরে এসেছে, হেনা-তেনা, ইত্যাদি কথা ওঠে, তারও অনেকটাই অবসান হবে। পুরোটা রাজনীতি-মুক্তকরণের কথা আপনারা বার বার বলছেন। আমি জানিনা সম্ভব কিনা কিন্তু চেষ্টা করতে হবে। আবার বলছি, রাজনীতির বাইরে আমরা কেউ নই। যেটা আমজাদ বলেছেন, যথার্থই বলেছেন, রাজনীতির বাইরে আমরা কে? কিন্তু রাজনীতির প্রয়োগ ঘটানো, আর রাজনৈতিকতা। আমরা বলছি, ঐ রাজনৈতিকতা থেকে মুক্ত হতে হবে। যে সংকীর্ণ রাজনৈতিকতা, যেটা আমার সঙ্গের লোকটাকে বা একটা নির্দিষ্ট রাজনৈতিক দলের আনুগত্য আছে তাকে চাকরী পাইয়ে দেওয়া, এগুলো দূর করতে হবে, যোগ্যতা-মান নির্ধারণ করতে হবে। U G C যেটা আমাদের বলেছেন Associate Professor, Assistant Professor, ইত্যাদি - এগুলোকে আমরা চিহ্নিত করেছি এবং চিহ্নিত করে স্বচ্ছতা আনতে চেয়েছি, দুর্নীতিমুক্ত করতে চেয়েছি এবং রাজনীতি মুক্ত নয়, আমি আবার কথাটাকে রিপিট করি, রাজনৈতিকতা-মুক্ত করতে চেয়েছি।

এই বিলটা আপনারা সাপোর্ট করুন এবং যে জায়গায় অসঙ্গতি, অস্বচ্ছতা আছে বলে আপনারা মনে করছেন আমরা ধারণা রুলে হয়তো তার ক্লারিফিকেশন পেয়ে যাবেন। আমি আপনাদের কথা শুনেছি। যদি সেই কথাগুলো আমার মনে হয় রুলের ক্ষেত্রে, কতগুলো ক্ষেত্রে

গ্রাহ্য পয়েন্ট বলে মনে হয়েছে, সেটা রুলে নিশ্চয় আমরা স্পষ্ট করব। কিন্তু আমি চাইব এই সভা সমবেত ভাবে এই বিলটিকে সাপোর্ট করুক। ধন্যবাদ।

[3.30 – 3.40 p.m.]

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয় মন্ত্রীমহাশয়কে।

The question before the House is the motion of Shri Bratya Basu that the West Bengal College Service Commission Bill, 2012 be taken into consideration.

As many as are of the same opinion, will please say Aye ; as many as are of the contrary opinion, will please say No.

Ayes have it, ayes have it.

Clause 2

There are two amendments to clause 2; no 8 by Shri Chowdhury Md. Hedayatullah and no. 1 by Shri Tapas Roy. First, 1 call upon Shri Chowdhury Md. Hedayatullah to move his amendment.

Shri Chowdhury Md. Hedayatullah : Sir, I beg to move that in clause 2, in sub-clause (11), in line 4, for the words "by the State Government", "by the affiliating University" be substituted.

মিঃ স্পীকার : এই প্রসঙ্গে আমি কথা বলি, যে Amendment গুলো মুভ করার ছিল মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায়ের, যেহেতু তাঁর স্ত্রী অত্যন্ত অসুস্থ, একটা হাসপাতালে মেডিকেল বোর্ড হচ্ছে। উনি আমাকে বলে চলে গেছেন। সেইজন্য শ্রী তাপস রায় এই Amendment গুলো মুভ করবেন। I call upon Shri Tapas Roy to move his Amendment.

শ্রী সূর্য্যকান্ত মিশ্র : স্যার কপি কোথায়? আমরা তো কোন কপি পাইনি।

মিঃ স্পীকার : শোভনদেব চট্টোপাধ্যায়ের নামে সার্কুলার হয়েছে। আপনি দেখুন। প্রত্যেকের টেবিলেই দেওয়া হয়েছে। আপনারা একটু দয়া করে দেখুন।

Shri Tapas Roy : Sir, I beg to move that in clause 2, sub-clause (18) be deleted.

মিঃ স্পীকার : ঠিক আছে আই রেকুয়েস্ট অনারেবল মিনিস্টার that শ্রী চৌধুরি মহম্মদ হেদায়তুল্লাহ ওঁর একটা Amendment আছে , শ্রী তাপস রায়ের একটা Amendment আছে। প্রথম আমি শ্রী চৌধুরি মহম্মদ হেদায়তুল্লাহর অ্যামেন্টমেন্ট সম্বন্ধে আপনার মতামত জানতে চাইব, whether you take it or not?

শ্রী ব্রাত্য বসু : not accepted.

Mr. Speaker : The question before the House is amendment No. 8 moved by Shri Chowdhury Md. Hedayatullah.

As many as are of the same opinion, will please say Aye;

as many as are of the contrary opinion, will please say No.

Noes have it, noes have it.

Mr. Speaker : Hon'ble Minister-in-Charge, do you accept the amendment?

Shri Bratya Basu : Sir, I accept it.

Mr. Speaker : The question before the House that the Amendment No. 2 moved by Shri Tapas Roy

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

AYES have it, AYES have it.

I put Clause 2 as amended do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it, Ayes have it.

Clause 3

Mr. Speaker : There is no amendment to Clause 3.

The question before the House is that Clause 3 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it, Ayes have it.

Clause 4

Mr. Speaker : There are two amendments to Clause 4 by Shri Choudhury Md. Hedayatullah (Amendment No. 9) and Shri Tapas Roy (Amendment No. 2). There are in order. First I would call Choudhury Md. Hedayatullah to move his amendment.

Shri Choudhury Md. Hedayatullah :: Sir, I beg to move that in Clause 4, in sub-clause (1), in item no. (f) in line 1, for the word "Associate Professor", the word "Professor" be substituted.

Mr. Speaker : Now I call upon Shri Tapas roy to move his amendments.

Shri Tapas Roy : Sir, I beg to move that in Clause 4, in sub-clause (2), for item No. (iii), the following be substituted.

"(iii) fifteen years combined teaching experience in a Government aided College or in a Government College or in a University taken together."

Sir, I beg to move that in Clause 4, for sub-clause (3), the following be substituted.

"(3) Provisions of clauses (a), (b), (c), (d) and (e) of sub-section (1) of this section shall also apply in case of appointment of all other Memebrs of the Commssion except as provided under section 5 of this Act."

Mr. Speaker : Now I request the Hon'ble Minister-in-Charge so far as the amendment of Shri Chaudhury Md. Hedayatullah is concerned whether he accepts if or not.

Shri Bratya Basu : Sir, I do not accept it.

Mr. Speaker : The question before the House is that the Motion of Shri Chaudhury Md. Hedayatullah (Amendment No. 9) on which I understand a Division will be demanded.

[3.40 – 3.50 p.m.]

Voting slips were distributed among members.

Ayes being - 46; and

Noes - 133

The amendment is lost

Now the amendment nos. 2 and 3 moved by Shri Tapas Ray, whether the Hon'ble Minister accepts them or not?

[3.50 – 3.59 p.m.]

Shri Bratya Basu : Mr. Speaker, Sir, I accpet the amendment.

Mr. Speaker : The question before the House is that the amendment No. 2 moved by Shri Tapas Roy - As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say "No" Ayes have it, Ayes have it.

Now I put Clause - 4, as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clauses 5 to 12

Mr. Speaker : There is no amendment to Clauses 5 to 12. So, I put clauses 5 to 12 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clause - 13

Mr. Speaker : There is amendment No. 4 to Clause - 13 by Shri Tapas Roy. Now, I call upon Shri Tapas Roy to move his amendment.

Shri Tapas Roy : Sir, I beg to move that in Clause 13, for sub-clause (4), the following be substituted :

"(4) For selection of persons for appointment to the post of Non-teaching employees in various Government aided Colleges, the Commission shall prepare separate panel of experts which may included the Chairperson himself and such other Members of the Commission as may be provided for by regulations."

Mr. Speaker : Hon'ble Minister, Shri Bratya Basu.

Shri Bratya Basu : Hon'ble Speaker, Sir, I accept the amendment.

Mr. Speaker : The question before the House is the amendment No. 4 moved by Shri Tapas Roy - As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Now I put clause 13 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clauses 14

Mr. Speaker : There is no amendment to Clauses 14. So, I put Clauses 14 do stand part of the Bill. As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No". Ayes have it. Ayes have it.

Clause 15

Mr. Speaker : There are two amendments to Clause 15 by Shri Tapas Roy (Amendment No. 5) and Shri Chowdhury Md. Hedayatullah (Amendment No. 10). First I call upon Shri Tapas Roy to move his amendment.

Shri Tapas Roy : Sir, I beg to move that in Clause 15, in sub-clause (1), in line 3, for the word "may", the word "shall" be substituted.

Mr. Speaker : Next I call upon Shri Chowdhury Md. Hedayatullah to move his amendment.

Shri Chowdhury Md. Hedayatullah : I beg to move that in Clause 15, in sub-clause (1), in line 3, for the words "may be", the words "shall be" be substituted.

Mr. Speaker : So for as the amendment moved by Shri Tapas Roy is concerned, Hon'ble Minister, what you have got to say.

Shri Bratya Basu : Hon'ble Speaker, Sir, I accept the amendment.

Mr. Speaker : Another is the same amendment. Not the question before the House is that Amendment No. 5 moved by Shri Tapas Roy. As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

The other identical amendment moved by Shri Chowdhury Md. Hedayatullah falls through.

Now I put Clause 15 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No". Ayes have it. Ayes have it.

Clauses 16-23

Mr. Speaker : There is no amendment to Clauses 16 to 23. So I put Clauses 16 to 23 do stand part of the Bill. As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No". Ayes have it. Ayes have it.

Clause-24

Mr. Speaker : There are two amendments to Clause 24 by Shri Tapas Roy. Now I call upon Shri Tapas Roy to move his amendment.

Shri Tapas Roy : Sir, the first one, I beg to move that in clause 24, after subclause (2), the following sub-clause shall be inserted.

"(3) All rules made under this Act shall be laid before the State Legislature for not less than fourteen days as soon as they are made and shall be subject to such modification, if any, whether by way of repeal or amendment, as the State Legislature may make during the session in which they are laid or the session immediately following."

The second one of Clause 24. Sir, I beg to move that in clause 24, in sub clause (2), after item (ii), the following item be inserted

"(iii) the manner of regulating service conditions of the employees of the Commission".

Mr. Speaker : So far as these two amendments are concerned, the Hon'ble Minister may please give your opinion.

Shri Bratya Basu : Accepted Sir,

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : এখানে এই যে ক্লজ ২৪ - এ অ্যামেন্ডমেন্ট নম্বর ৬ যেটা মুভ করলেন, সেটা অ্যাকসেপটেড হয়েছে, ঠিক আছে। কিন্তু মূল আইনের সঙ্গে মিলিয়ে দেখুন এখানে তিনটে সাব ক্লজ আছে, যদি ক্লজ টু-র পরে এটা যদি থ্রি হয়, তাহলে থ্রি টাকে ফোর করতে হবে। তা না করলে এই আইটেম থ্রি টার কন্ডিশান কি হবে?

মিঃ স্পীকার : এটা আমাদের যে ড্রাফ্ট ম্যান আছে ওরা করে দেবে, consequential amendment ওটা ঠিক করে দেবে। That will be done by our draughts man. পরে যখন ওরা করবে এ করে দেবে। It is a procedure - এটা আপনি জানেন। ড্রাফ্ট ম্যান যারা আছে ওরা ঠিক করে দেবে।

Now, the question before the House is that amendments moved by Shri Tapas Roy. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now I put Clause-24, as amended, to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clause 25

Mr. Speaker : there is amendment No. 7 to Clause 25 by Shri Tapas Roy. Now, I call upon Shri Tapas Roy to move his amendment.

Shri Tapas Roy : Sir, I beg to move that in Clause-25, in Sub-Clause (2), item No. (iii) be deleted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Bratya Basu : Accepted Sir,

Mr. Speaker : The question before the House is that amendment no. 7 moved by Shri Tapas Roy. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Now, I put Clause-25, as amended, to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause 26 & 27

Mr. Speaker : There is no amendment to Clauses 26 & 27. I put Clauses- 26 & 27 to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formule, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula. The Preamble and the Title of the Bill.

The question that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now, the hon'ble Minister-in-Charge of Higher Education Department may please move the Motion for passing the Bill.

Shri Bratya Basu : Sir, I beg to move that the West Bengal College Service Commission Bill, 2012, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it. The Bill as amended is passed; the Bill as amended is passed.

Adjournment

The house was then adjourned at 3.59 p.m. till 11.00 a.m. on Tuesday, the 25th September, 2012 at the Assembly House, Kolkata - 700 001

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 25th September 2012 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 25 Minister, 5 Ministers of State and 199 Members.

[11.00 – 11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

বিধবাভাতার পরিমাণ বৃদ্ধি

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রী তজমুল হোসেন :** নারী বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিধবাভাতার পরিমাণ বৃদ্ধি করতে রাজ্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কি ; এবং

(খ) করে থাকলে, তা কীরূপ?

শ্রীমতি সাবিত্রী মিত্র :

(ক) রাজ্য সরকারের পক্ষে বিধবাভাতা এখনও বাড়ানো সম্ভব হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী তজমুল হোসেন : মাননীয়া মন্ত্রী এক কথায় বলে দিলেন 'প্রশ্ন ওঠে না।' কিন্তু দশ বছর আগে মারা গেছে, তার ডেথ্ সার্টিফিকেট পায়নি, তার ফলে ব্লকে বি.ডি.ও. অফিসে তার এ্যাপ্লিকেশন জমা হচ্ছে না এবং তার ফলে বিধবা ভাতাও পাচ্ছে না। দশ বছর আগে জানতই না ডেথ্ সার্টিফিকেট কি জিনিস। এসব ক্ষেত্রে যাতে বিধবাভাতা পেতে পারে তারজন্য কোন ব্যবস্থা নিচ্ছেন কি?

শ্রীমতী সাবিত্রী মিত্র : শুধু আমাদের দপ্তর থেকেই নয়, বিভিন্ন দপ্তর থেকেই বিধবাভাতা দেওয়া হয়। কোন ব্লক থেকে আমাদের কাছে এরকম কোন কমপ্লেইন আসেনি যে এ্যাপ্লিকেশন জমা দিতে পারছে না। যদি আসে আমরা দেখব। আর এক্ষেত্রে কোটাও সীমাবদ্ধ। তবে প্রত্যেকটা জায়গায় এই পেনশন পাচ্ছে।

শ্রী তজমুল হোসেন : এই ভাতাগুলো কোন কোন জায়গায় ৬ মাস, ৮ মাস বা এক বছর পরেও পায়। এটা নিয়মিত করার জন্য অনুরোধ করছি। আর একটা বিষয়, একজন একটা ব্লকে এই ভাতা পাচ্ছিল, সে পরে অন্য কোন ব্লকে স্থানান্তরিত হ'ল, সেখানে আর সে এই ভাতা পাচ্ছে না, স্থান পরিবর্তনের জন্য তার এই ভাতাটা বন্ধ করে দেওয়া হ'ল। বি.ডি.ও. অফিসে কমপ্লেইন করা হয়েছে যে দীর্ঘদিন ধরে এই ভাতা পাচ্ছে না। কিন্তু কিছু হচ্ছে না। সেটা চালু করার জন্য কোন ব্যবস্থা নিচ্ছেন কি?

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় সদস্যকে জানাই, এই বিষয়ে কোন কমপ্লেইন আমাদের কাছে আসেনি। যদি স্পেসিফিক কোন কমপ্লেইন থাকে তাহলে আমাদের কাছে দেবেন, আমরা সেটা টেক আপ করব এবং দায়িত্ব নিয়ে তার ব্যবস্থা করব।

শ্রী এস. এম. সাদি : মূল্যবৃদ্ধির বাজারে জানা গেল ভাতা বাড়ছে না। আমার জিজ্ঞাস্য, আমাদের রাজ্যে কত সংখ্যক অসহায় বিধবা মহিলাকে এই ভাতা দেওয়া হচ্ছে এবং আগামী দিনে এই সংখ্যাটা বাড়ানোর কোন পরিকল্পনা আছে কিনা।

মিঃ স্পীকার : দ্বিতীয় প্রশ্নের উত্তরটা হয়ে গেছে, প্রথম প্রশ্নের উত্তরটা বলুন।

শ্রীমতি সাবিত্রী মিত্র : মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তার উত্তরে বলি যে দ্রব্যমূল্য বৃদ্ধি থাকা সত্বেও ভাতা বাড়ছে না, এটা আপনারা বলছেন। আপনারা যে দু লক্ষ পঁচিশ হাজার কোটি দেনার দায় মাথায় চাপিয়ে দিয়ে গেছেন সেই জায়গায় দাঁড়িয়ে আমরা অনেকটাই চেষ্টা করছি যে মানুষ যাতে পেনশন পায়, এই পেনশন বাড়াবার জন্য অনেকরকম প্রচেষ্টা চলছে। এটা আপনাদের বলার অপেক্ষা রাখে না। আমাদের রাজ্যে মোট - ৪৪ হাজার ৫৬৯ জন মহিলা উইডো পেনশন পায়।

শ্রী ইনসার আলি বিশ্বাস : স্যার, আপনার মাননীয়া মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, আপনি বললেন যে কোটার বাইরে হবে না কিন্তু আপনি এটা ভাল করেই জানেন যে কখন কে বিধবা হচ্ছে এতো বলার বিষয় নয়। এর আগে আপনি এই সভায় বলেছিলেন যে এর কোন সীমাবদ্ধতা নেই সবাই পাবে। আজকে কোটার কথা বলছেন কিন্তু আমি বলছি যে বারবার বামফ্রন্ট সরকারকে দোষ না দিয়ে এই বিধবা ভাতার সংখ্যাটা বাড়ানোর কোন পরিকল্পনা আপনার গ্রহণ করছেন কিনা? অনুগ্রহ করে জানাবেন।

শ্রীমতি সাবিত্রী মিত্র : মাননীয় সদস্য আপনাকে আমি জানাই যে আপনি যে প্রশ্ন করেছেন তাতে বলি যে, যে কোন বয়সের উইডোই এই টাকাটা পেতে পারে। আপনি বললেন তো। আমি বলেছি, হ্যাঁ, পেতে পারে। উইডো ইজ এ উইডো, এর কোন ডেফিনিশন নেই। সেটা ওরা পাচ্ছে কিন্তু যে কোটা বাড়ানোর বিষয় বলছেন এই কোটাতো আপনারাও বাড়িয়ে যেতে পারতেন। কিন্তু আপনারা বাড়ান নি। ন্যাচারালি আমরা চেষ্টা করছি এক বছরের সরকারে। এই কোটা আমরা আগামীদিনে বাড়ানোর চেষ্টা করব।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে

আমার অতিরিক্ত প্রশ্ন। বিধবা ভাতা যাদের দেওয়া হচ্ছে তাদের সংখ্যা তিনি বললেন। আমার যতদূর জানা আছে যে আপনার একটা লিমিটেড কোটা আছে। যতজন এখন বিধবা ভাতা পাচ্ছে, আর আপনার যে স্যাংশন কোটা সেটা কি সম্পূর্ণ ফিল আপ হয়েছে নাকি এখনও কিছু পূরণ করতে বাকি আছে? যদি পূরণ করতে বাকি থাকে সেই সংখ্যাটা কত এবং কেন সেটা বাকি আছে?

শ্রীমতি সাবিত্রী মিত্র : মাননীয় সদস্য আপনি শুনলে খুশী হবেন যে আমাদের মাত্র দুশো মত কোটা উইডো পেনশন ছিল, ওল্ডেজ পেনশন ছিল। সেগুলো এই এক বছরে যারা আমাদের দপ্তরে দরখাস্ত করেছে তাদের আমরা দিয়েছি। এখন আমাদের কাছে আর এইরকম পেনশন নেই। শুধু ডিসএবিলিটিদের জন্য কিছু আছে।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীকে জিজ্ঞাস্য যে এই যে বিধবা ভাতা দেওয়া হয়, এই বিধবা ভাতা দেওয়ার মূল যে ভিত্তি সেটা তো নিশ্চয়ই বি.পি.এল। বি.পি.এল নাহলে সে কি বিধবা ভাতা পেতে পারে? দুই হচ্ছে, যে ওরা যে চীৎকার করছেন। বি.পি.এল তালিকাটা তো এমন গন্ডগোল করে রেখেছেন যে সেই বি.পি.এল তালিকার ভিত্তিতে আজকে বিধবারা বঞ্চিত হচ্ছেন। ওরা নিজেদের দোষ ঢাকবার জন্য এইরকম বিভ্রান্তিমূলক প্রশ্নগুলো করছেন। ওরা সব জানেন। আমি বলি যে বি.পি.এল তালিকার ভিত্তিতে যদি দিতে হয় তাহলে সেই বি.পি.এল তালিকা সংশোধন না হয়ে, কেন্দ্রীয় সরকার যে কোটাটা করে দেন, সেই কোটার ভিত্তিতেই তো দিতে হয়। আমি অনুরোধ করব যে আপনি কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করবেন এবং এই রাজ্যের যারা পূর্বতন রাজ্যসরকার যে অপদার্থতার পরিচয় দিয়ে গিয়েছেন বি.পি.এল তালিকার ক্ষেত্রে তার কোন পরিবর্তনের ইঙ্গিত রয়েছে কিনা?

[11.10—11·20 am]

শ্রীমতি সাবিত্রী মিত্র : স্যার, মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে বি পি এল তালিকার যে অবস্থা যারা বি পি এল তালিকাভুক্ত তারা এখন অনেকেই এ পি এল হয়ে গেছে। অনেক বি পি এল এখন এ পি এল হয়ে গেছে এবং বি পি এল তালিকার সংশোধনী না হওয়ার কারণে আজকে এই মেয়েরা বঞ্চিত হচ্ছে এটা কেন্দ্রীয় সরকার যতক্ষণ পর্যন্ত না আমাদেরকে এই ব্যাপারে না কিছু বলবেন, ততক্ষণ পর্যন্ত ফার্দার আর কিছু এই ব্যাপারে করতে পারি না। (ডাঃ সূর্যকান্ত মিশ্র : স্যার , আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে) আমাকে আগে বলতে দেবেন তো। তারপরে তো আপনি পয়েন্ট অফ অর্ডার তুলবেন। আমি বলতে চাই আমাদের দপ্তরে যে উইডো পেনশন বা ওল্ডেজ পেনশন দেওয়া হয়, সেটা আমরা উইদাউট বি পি এলই আমরা দিয়ে থাকি। আমাদের বি পি এল তালিকাভুক্তদেরই শুধু দিই না। যারা গরীব, যাদের বি ডি ও রেকমেন্ড করে দেন বা যারা অ্যাপ্লিকেশন করেন, তাদেরকে আমরা দিই।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, মাননীয়া মন্ত্রিকে আমি আবারও প্রশ্ন করতে চাই যে আপনি যা বলেছেন, এই ব্যাপারে আপনি আর একবার বলবেন। মাননীয় সদস্য জিজ্ঞাসা করছিলেন এই ব্যাপারে আপনি কেন্দ্রীয় সরকারের কাছে যাবেন কিনা। আমি তা প্রশ্ন করছি না। তার কারণ আপনি ভালোভাবেই জানেন যে এটা রাজ্য প্রকল্প। এবং যখন এ পি এল, বি পি এল এইসব কিছুই ছিল

না, এই প্রকল্প প্রথম বামফ্রন্ট সরকারের আমলে এটা নেওয়া হয়েছে বিধবাদের জন্য। আর যেটা উনি গুলিয়ে ফেলছেন সেটা হচ্ছে ন্যাশানাল একটা স্কিম আছে, সোসাল সিকিউরিটি স্কিম আছে, সেটার সঙ্গে উনি বোধহয় গুলিয়ে ফেলছেন। আপনি পরিষ্কার করে বলবেন কি কোনটা রাজ্য প্রকল্প, কোনটা কেন্দ্রীয় প্রকল্প, কোনটা রাজ্যসরকার চালু করেছিল এবং কতটাকা দিয়ে শুরু করে এক পয়সাও পেত না, কত টাকা দিয়ে শুরু করে কত টাকা পেয়েছেন এবং তারপরে আপনি কি করেছেন?

মিঃ স্পীকার : ডাঃ মিশ্র আপনি মাল্টিপ্লিসিটি অফ কোয়েশ্চেন করে ফেলছেন। (গোলমাল) আপনি একটা কোয়েশ্চেন করুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি স্যার, দেখলেন হাউসকে মিস ইনফরমেশন দেওয়া হচ্ছে। (গোলমাল)

মিঃ স্পীকার : (গোলমাল) না, আপনি একটা কোয়েশ্চেনের জায়গায় চারটে কোয়েশ্চেন করলেন। চারটে প্রশ্ন হতে পারে না। একটা প্রশ্ন করুন। (গোলমাল) অনারেবেল মিনিস্টার আপনি উত্তর দিন। আপনি একটা কোয়েশ্চেনের উত্তর দেবেন।

শ্রীমতি সাবিত্রী মিত্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য এখানে উনি প্রথমে বললেন যে আমি পয়েন্ট অফ অর্ডার চাই। ঠিক আছে, পয়েন্ট অফ অর্ডার আপনি বলবেন। পয়েন্ট অফ অর্ডার করে উনি প্রশ্ন করেছেন। তাও আমি রিপ্লাই দিচ্ছি। এটা রাজ্য থেকে করা হয়েছে। ৭৫০ টাকা করে দেওয়া হয়। আপনাদের আমল থেকে এটা হয়েছে। কিন্তু এই কোটাটা আপনারা বাড়িয়ে যান নি। এবং আমাদের ফিনানসিয়াল যা অবস্থা, (গোলমাল) আমি যেটা বলেছি আপনাদের আমলে রাজ্য সরকার যেটা করেছেন, তারপরে বাড়েনি। এটা আমি বলেছি। তারমানে কি আপনারা বাড়ান নি বলেছি? আপনারা তো এটার ভুল ব্যাখ্যা করছেন। আমি সে জায়গায় যাই নি। আমি যেটা বলছি পেনশনের দরকার আছে। পেনশন বাড়ার দরকার। আমাদের দপ্তরে এখন এই মুহূর্তে হচ্ছে না। আমরা প্রস্তাব পাঠিয়েছি। ফিনান্সে আমাদের ফাইল গেছে। ন্যাচারালি এই মুহূর্তে যা হয়ে আছে, এটার কথা আমি বলতে পারি না।

কৃষি বিপণন আইনের সংস্কার

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬) **শ্রী মন্টুরাম পাখিরা :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষি বিপণন আইনকে আরও সংস্কারের মাধ্যমে বেশী কৃষক বান্ধব করে তুলতে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন ; এবং

(খ) উক্ত পদক্ষেপগুলি কবে নাগাদ গৃহীত হবে বলে আশা করা যায়?

শ্রী অরূপ রায় :

(ক) পশ্চিমবঙ্গ কৃষিপণ্য বিপণন (প্রণিয়ন্ত্রন) আইন ১৯৭২ আইনের সংস্কারের লক্ষ্যে প্রয়োজনীয় সংশোধনী সহ বর্তমান আইন পরিবর্তনের পদক্ষেপ ইতিমধ্যেই নেওয়া হয়েছে এবং সংশোধিত আইনের খসড়া তৈরীর কাজও শুরু হয়েছে।

(খ) আগামী আর্থিক বছরে বর্তমান আইন সংস্কার সহ গৃহীত হবে বলে আশা করা যায়।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় মন্ত্রীকে অসংখ্য ধন্যবাদ যে, প্রথমতঃ কৃষি বিপনন দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী অরূপ রায় মহাশয় এক সময় যে বাজারদর ঊর্ধমুখী হয়েছিল কিছু ফোঁড়েদের জন্য কৃষিজ বিপননের মাল, সেইজন্য আমার এই বিরোধী বেঞ্চে যাঁরা বসে আছেন, তাঁরা চিৎকার করেছিলেন, এখানে পোষ্টার দেখিয়েছিলেন - অনেক কিছু করেছিলেন। কিন্তু রাজ্যের মাননীয় মন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে দায়িত্ব নিয়ে ..... (গোলমাল) ..... যেমন তিনি কৃষিজ বিপননের জিনিসের ঊর্ধমূখী হওয়াটাকে সমতা বজায় করেছিলেন, তারজন্য আমি মাননীয় কৃষি বিপনন দপ্তরের মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। ..... (গোলমাল) .....

মিঃ স্পীকার : ডোন্ট আর্গু, আপনি প্লিজ্ কোয়েশ্চেন করুন।

শ্রী মন্টুরাম পাখিরা : ..... (গোলমাল) ..... স্যার, আমি কোয়েশ্চেন্ করছি। মাননীয় মন্ত্রীকে আমি আবেদন করছি যে কবে এই খসড়ার কাজ শুরু হয়েছে এবং এই কাজগুলির অগ্রগতি কোন পর্যায়ে রয়েছে, দয়া করে আপনি যদি সভাকে জানান।

শ্রী অরূপ রায় : খসড়ার কাজ বিগত ৬ মাস আগে থেকে শুরু হয়েছে। সংশোধিত আইনের খসড়া তৈরির প্রক্রিয়াটি বর্তমানে প্রায় সমাপ্তির পর্যায়ে আছে এবং সরকারের আইন বিভাগ খসড়াটির খুঁটিনাটি পরীক্ষা করে দেখছেন।

শ্রী মন্টুরাম পাখিরা : ধন্যবাদ মাননীয় মন্ত্রী মহোদয়কে। আপনার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনার দপ্তর এবং আপনি এই যে সংস্কারের কাজ—সেটা কত দিনের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করছেন এবং এই সংস্কারের মৌলিক দিকগুলো যা আপনার দপ্তর এবং আপনি চিহ্নিত করেছেন, দয়া করে এগুলো আপনি জানাবেন কি?

শ্রী অরূপ রায় : আমাদের বাংলার কৃষক এবং সাধারণ মানুষের স্বার্থে এই আইনের সংস্কারের পরিকল্পনা গ্রহন করা হয়েছে এবং আশা করবো আগামি আর্থিক বছরে এই আইন আমরা গ্রহণ করার চেষ্টা করবো। এই পরিকল্পনা আমাদের আছে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, আপনার জানা আছে যে, বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন টাকা-পয়সা কালেকশন হয়ে কৃষি বিপনন দপ্তরে আসে। আপনি সংস্কার করবেন বলছেন। তো সেই টাকা কি এখন আপনার ট্রেজারিতে জমা পড়বে, না তাদের কাছেই থাকবে?

শ্রী অরূপ রায় : এই ব্যবস্থা তো আপনারাই করে গিয়েছিলেন। এই ব্যবস্থার সংস্কারের

জন্য আমরাই পরিকল্পনা নিয়েছি। সংস্কারের কাজ সম্পন্ন হ'লে এই প্রশ্নের উত্তর দিতে পারবো।

সুন্দরবন অঞ্চলের স্থলভাগের আয়তনের পরিবর্তন

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিশ্ব উষ্ণায়ণের কারণে সুন্দরবন অঞ্চলের স্থলভাগের পরিমাপের কি কোনো পরিবর্তন হয়েছে ; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত স্থলভাগকে রক্ষা করার কোনো পরিকল্পনা নেওয়া হয়েছে কি?

শ্রী শ্যামল মন্ডল :

অনারেব্‌ল্ স্পিকার স্যার, অনুমোদিত প্রশ্ন নম্বর ১১৪, সম্মানীয় বিধায়ক শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জীর প্রশ্নের উত্তরে জানাই—

(ক) বিশ্ব উষ্ণায়নের কারণে সুন্দরবন অঞ্চলের স্থলভাগের কি কোনো পরিবর্তন হয়েছে? এই পরিমাপ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের পরিবেশ দপ্তর এবং বন দপ্তর গবেষণা করে। সেখানে সেই দপ্তরের সমস্ত রিপোর্ট পাওয়া যাবে। তবুও প্রাথমিকভাবে আমরা সুন্দরবন অঞ্চলের স্থলভাগকে রক্ষা করার জন্য প্রতি বছর আমাদের সীমিত বাজেটে ম্যানগ্রোভ্ বনসৃজন আমরা করে থাকি। গত ২০১০-১১ তে ১৬২৫ একর হেক্টর জমিতে ম্যানগ্রোভ করা হয়েছিল। ..... (গোলমাল) .....

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, এগুলো একটাও এখানে লেখা নেই। ..... (গোলমাল) ..... আপনি যা বলছেন, আর লিখিত উত্তরের মধ্যে অনেক পার্থক্য আছে। ..... (গোলমাল) .....

মিঃ স্পীকার : ..... (গোলমাল) ..... ম্যানগ্রোভ আছে, 'খ'-টা দেখুন। ..... (গোলমাল) ..... আপনি দেখুন, আমি দেখেছি উত্তরটা আছে ..... (গোলমাল) .....

[11·20—11·30 a.m.]

...(গোলমাল)...

শ্রী শ্যামল মন্ডল : আমরা সুন্দরবন বিষয় দপ্তরের পরিবেশ রক্ষার এবং ভূমিক্ষয় রোধের জন্য প্রতি বছর আমরা ম্যানগ্রোভ বনসৃজন করি আমাদের সীমিত বাজেটে। ২০১১-১২ তে আমরা ২১০০ হেক্টর জমিতে সুন্দরবনের বিভিন্ন প্রান্তে ম্যানগ্রোভ প্ল্যান্টেশান এবং ঝাঁপ প্ল্যান্টেশান করেছি এবং ২০১২-১৩ তে আমাদের লক্ষমাত্রা আরও বাড়বে।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, গজব ব্যাপার স্যার। যা পেয়েছি তা স্যার, উত্তরে নেই। উত্তরে যা পেলাম আর উনি যা বলছেন দুটোর মধ্যে একদম আসমান-জমিন পার্থক্য স্যার।

মিঃ স্পীকার : বলুন, বলুন প্রশ্ন করুন।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : এই রকম করে করলে কি করে ..... (গোলমাল) .....

শ্রী শ্যামল মন্ডল : বলুন আপনি কি জানতে চাইছেন বলুন। বলুন আপনার কি প্রশ্ন। দারুন ব্যাপার। প্রাথমিক পর্যায়ে স্থলভাগের পরিমাপ পরিবেশ দপ্তর করে।

..... (গোলমাল) .....

মিঃ স্পীকার : মিঃ চ্যাটার্জী আপনি সাপ্লিমেন্টারি প্রশ্ন করুন।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : আমি প্রশ্ন করছি স্যার। মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ যে, তিনি লিখিত ভাবে যা দিয়েছেন আমার কাছে আর উনি মুখে যা বললেন তার মধ্যে আসমান-জমিন পার্থক্য। আমার, ওনার কাছে যেটা প্রশ্ন সেটা হল, আপনি বোধ হয় জানেন ইন্টিগ্রেটেড কোস্টাল ম্যানেজমেন্ট নামে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাড়ে ৩০০ কোটি টাকার একটা প্রোজেক্ট চলছে সুন্দরবন এলাকাতে। মূল লক্ষ্য হল সুন্দরবনকে রক্ষা করা, সুন্দরবনের ভূ-সম্পদকে রক্ষা করা, সুন্দরবনের ভূমিকে রক্ষা করা। এবং এই যে ইন্টিগ্রেটেড কোস্টাল ম্যানেজমেন্টের সাড়ে ৩০০ কোটি টাকার যে প্রোজেক্ট চলছে এই প্রোজেক্টে আপনার দপ্তর কি ধরনের ভূমিকা নিয়েছে এবং সুন্দরবনের ভূ-স্তরকে রক্ষা করার জন্য, ভূমিকে রক্ষা করার জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন? এটা জানতে চাই।

শ্রী শ্যামল মন্ডল : সুন্দরবন এ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের যেটা করণীয় সেটা পরিকাঠামোগত উন্নয়ন। আমরা যেটা করি আমাদের বাজেটের মধ্যে। এবং সুন্দরবন অঞ্চলকে রক্ষা করার জন্যে যে সিভিল ওয়ার্কগুলো আমরা বেশী করে করে থাকি। কিন্তু যে কথা আপনি বলছেন, সেটা আমার দপ্তরের মাধ্যমে নয় .... (গোলমাল) .... যে কথা আপনি বলছেন সেটা আমার দপ্তরের মাধ্যমে নয়। আপনি ভালো করে খোঁজ নিয়ে দেখবেন। সুন্দরবনের অনেক বিধায়ক এখানে আছেন তাঁরা নিশ্চয়ই জানেন যে, আমরা বিশেষ করে সুন্দরবন এলাকায় পরিকাঠামো উন্নয়ন করি স্কিমড ওয়ার্কগুলো আমরা করি, ব্রীজ, কালভার্ট, জেটি, সেতু নির্মান থেকে আরম্ভ করে আমরা বিভিন্ন সিভিল ওয়ার্কগুলো করি। আপনি যে গবেষণার কথাগুলো বলছেন সেটা সেই গবেষণা বিষয়ক সংশ্লিষ্ট দপ্তর সেটা করে। সুন্দরবন দপ্তরের ক্ষমতা সীমিত তবুও যেটুকু সামান্য বাজেটে ২০১১-১২ তে আমরা ২১০০ হেক্টর করেছি যাতে ভূমিক্ষয় রোধ করা যায়, পরিবেশকে রক্ষা করা যায় এবং আগামি দিনে আমরা আরও ভালো পরিকল্পনা গ্রহণ করব।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন - এই সব গবেষণার ধারে কাছে ওনার যোগাযোগ আছে বলে আমার মনে হয় না। কারণ তাহলে পরে উনি ঠিক উত্তর দিতেন। পেলাম না। ...(গোলমাল) .... প্রশ্ন তো করেই যাচ্ছি আপনি বুঝতে পারছেন না। স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন।

শ্রী শ্যামল মন্ডল : যেটা আমার নয় সেটা বলব কি করে? যেটা আমার দপ্তরের নয় সেটা বলব কি করে? ... (গোলমাল) ....

মিঃ স্পীকার : প্লিজ, আপনি প্রশ্ন করুন। আপনি প্রশ্ন করুন, আপনি প্রশ্ন করুন।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন - মাননীয় সুন্দরবন দপ্তরের যে মন্ত্রী তাঁর

নিশ্চয়ই জানা আছে, জানা থাকা উচিৎ যে, ইউ.এন.ও-র অধীনে রামসার প্রকল্প বলে একটি প্রকল্প আছে। রামসার এরিয়ার মধ্যে বাংলাদেশের সুন্দরবন অঞ্চল পড়ে। কিন্তু আমাদের রাজ্যের সুন্দরবন অঞ্চল পড়ে না। এবার ব্যাপার হচ্ছে, রামসার প্রকল্পের এরিয়ার মধ্যে সুন্দরবনকে নিয়ে যাওয়ার জন্য পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ২০০৬ সালে কেন্দ্রীয় সরকারের কাছে এবং ইউ.এন.ও-র কাছে জানিয়ে ছিলেন। তারপরে আপনি কি ধরনের ভূমিকা নিলেন? আপনার দপ্তর সরকারে দেড় বছর ধরে যে চলছে রামসার এরিয়ার মধ্যে আনার জন্য - বলতে দিন, বলতে দিন, বলতে দিন ...

শ্রী শ্যামল মন্ডল : আপনি যে প্রশ্ন করেছেন সেই প্রশ্নের উত্তর কেবল পাবেন। যদি আপনি অতিরিক্ত কোন প্রশ্ন করেন তাহলে লিখিত ভাবে নোটিস দেবেন।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : প্লিজ টেক ইওর সিট, প্লিজ। বসুন, বসুন, আপনি কোয়েশ্চান করুন। শ্রী চ্যাটার্জী, আপনি স্পেশিফিক কোয়েশ্চান করুন, প্লিজ।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : আপনার দপ্তর কি ভূমিকা নিয়েছে, যদিও East Kolkata Wet Land Act, সেটা হচ্ছে এই এলাকার মধ্যে যেখানে রামসের প্রকল্প হবে, সেই জায়গাটা সম্পূর্ণ in situ অবস্থায় থাকবে। স্যার, East Kolkata Wet Land হচ্ছে, রামসের মধ্যে পড়ে, সুন্দরবন নেই। আপনি বলুন, কি ভূমিকা নিয়েছেন?

শ্রী শ্যামল মন্ডল : আপনি আপনার মূল প্রশ্ন থেকে এড়িয়ে যাচ্ছেন, সুন্দরবন সম্পর্কে আপনি মূল প্রশ্ন করুন। East Kolkata-র সঙ্গে সুন্দরবনের কি সম্পর্ক আছে। আপনি মূলটা বলুন, সুন্দরবনের সমস্যা বলুন। সুন্দরবনের সমস্যা বলুন সেগুলোর আমি উত্তর দেব।

Mr. Speaker : Hon'ble Members, some of the Hon'ble Members of Kerala Legislative Assembly, they have come to visit our Assembly ; they are very much present here. So, I request you just to bear in mind this fact.

শ্রী সুভাষ নস্কর : স্যার, আমি কোয়েশ্চানের গুরুত্ব সম্পর্কে, মাননীয় মন্ত্রী বয়সে কম তো, বড্ড নবীন, বড্ড ছটপট করে ফেলছেন। সেই কারণে কোয়েশ্চানের গুরুত্ব সম্পর্কে বিবেচনা করুন। বর্ষীয়াণ মন্ত্রী এবং নেতৃত্বরা ওনাকে বোঝাচ্ছেন, নিশ্চই উনি একটু বুঝতে পারবেন। শ্যামলবাবু কোয়েশ্চানের গুরুত্ব সম্পর্কে আপনি বিবেচনা করবেন।

বিশ্ব উষ্ণায়ণের বিষয়ে সুন্দরবন কতটা শেষ হয়ে যাচ্ছে, নানা বিষয়ে, আপনি একটা উত্তর লিখিতভাবে দিয়েছেন আমিও দেখে নিয়েছি, বলেছেন যে ওটা বন ও পরিবেশ দপ্তরের বিষয়। আবার পরক্ষণেই বলেছেন, দ্বিতীয়ভাগে যে আমাদের দপ্তরে ম্যানগ্রোভ বনসৃজন করা হয়। কিন্তু ম্যানগ্রোভ বনসৃজন আবার বনদপ্তরও করে থাকেন। তা, সামগ্রিকভাবে যদি একটা রিপোর্ট তৈরি থাকতো, এই বনদপ্তর এবং পরিবেশ দপ্তরের কাছ থেকে এই বিষয়টা কিন্তু খুবই গুরুত্বপূর্ণ। আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো, এটাকে নিয়ে ছটপটে উত্তর দিলে হয় না। আপনি একটু ধৈর্য্য

ধরে বিষয়টাকে আর একটু ভাবুন। আমাদের প্রবীণ নেতৃত্ব, মন্ত্রীগণরা আছেন জিজ্ঞেস করুন এবং একটু জানার চেষ্টা করুন। পরবর্তীকালে এই উত্তরটা আর একটু ভালো করে দেবেন। হাউসের কাছে এটা খুবই লজ্জার। সুন্দরবন কিভাবে বিপন্ন হয়ে যাচ্ছে। আপনি ক'টা গাছ লাগালেন এটা খুব বড় একটা রিপোর্ট নয়। ধন্যবাদ স্যার।

Mr. Speaker : The question is not relevant. Therefore, there is no need to reply.

সরকারী ফ্ল্যাট মেরামতিতে বরাদ্দ অর্থ

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩) **শ্রী অপূর্ব সরকার :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের সরকারী ফ্ল্যাটগুলি মেরামতির জন্য বর্তমান আর্থিক বছরে (২০১২-২০১৩) কত টাকা বরাদ্দ করা হয়েছে (৩১.০৮.২০১২ পর্যন্ত)?

শ্রী অরূপ বিশ্বাস :

রাজ্যের সরকারী ফ্ল্যাটগুলি মেরামতির জন্য বর্তমান আর্থিক বছরে (২০১২-২০১৩) বাজেট বরাদ্দ নিম্নরূপ :

(১) প্ল্যান খাতে বর্তমান আর্থিক বছরে (২০১২-২০১৩) তে মোট বরাদ্দকৃত টাকা ৩০ কোটি। এর মধ্যে ৩১.৮.১২ পর্যন্ত মোট ৫ কোটি ১৯ লক্ষ ৩৮ হাজার ৩৬৫ টাকার প্রকল্প অনুমোদন করা হয়েছে।

(২) নন-প্ল্যান খাতে বর্তমান আর্থিক বছরে (২০১২-২০১৩) মোট বরাদ্দকৃত টাকা - ২৮ কোটি ৭৪ লক্ষ ৩৫ হাজার। এরমধ্যে ৩১.৮.১২ পর্যন্ত মোট ১৩ কোটি ৩০ লক্ষ ৩২ হাজার ৭৫০ টাকা রিলিজ করা হয়েছে।

শ্রী অপূর্ব সরকার : স্যার, অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহোদয় উত্তর দিলেন, যে প্রকল্প অনুমোদন করা হয়েছে। আমরা সরকারি আবাসনগুলোতে দেখে থাকি, যে বিভিন্ন জেলায় কোলকাতা থেকে শুরু করে যে, সরকারি আবাসনগুলো আছে, সেই সরকারি আবাসনগুলো রক্ষণাবেক্ষণ করার জন্য যে ইঞ্জিনিয়ারিং স্টাফ দপ্তরে থাকেন, দেখা যায় জেলাতে এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার আছেন, মালদাতে একজিকিউটিভ ইঞ্জিনিয়ার থাকেন বা কল্যানীতে একজিকিউটিভ ইঞ্জিনিয়াররা বসেন, খুব স্বাভাবিকভাবেই ছোটোখাটো সমস্যাগুলো হয় যে সরকারি আবাসনে। কখনও পাম্প খারাপ, কখনও ইলেকট্রিক খারাপ, কখনও দরজা ভাঙা জানালা ভাঙা। এই বিষয়গুলিকে দেখার জন্য যেহেতু স্টাফ এর সংখ্যা কম, সেখানে কন্ট্রাকটারদের কাজ না করে পয়সা নেওয়ার মানষিকতা, বিগত দিনে বিগত বছরগুলিতে আমরা লক্ষ্য করেছি, এইগুলোকে রোধ করার জন্যে মাননীয় মন্ত্রী মহোদয় কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

[11·30—11·40 am]

শ্রী অরূপ বিশ্বাস : আর এইচ ই ফ্ল্যাটের ব্যাপারে, সরকারি ফ্ল্যাটগুলো মেরামতের ব্যাপারে,

আমরা একটা ইন্সট্রাকশান দিয়েছি সমস্ত আর এইচ ই. তে, যে তাদের সম্পূর্ণ মেরামত, জল, রাস্তা এবং আলো, লাগানো হবে। এবং যে ঠিকাদার পাবেন, সেই ঠিকাদারের, ঐ কমপ্লেক্স এর মধ্যে ৫ টা, ৬ টা বোর্ড লাগিয়ে, সেই ঠিকাদার কে পেলেন, তার ফোন নম্বর কত, কত টাকার কাজ, কবে প্রকল্প শুরু হবে এবং কবে কাজ শেষ হবে সম্পূর্ণ আমরা লাগিয়ে দেবার চেষ্টা করছি।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে অতিরিক্ত প্রশ্ন, সরকারি আবাসনগুলোতে আমরা দেখেছি লক্ষ্য করে যে বেআইনীভাবে তারা আছে, কেউ সেখানে ফ্ল্যাটগুলি তালা মেরে দিয়ে চলে গেছে, অন্য কাউকে সেখানে বসিয়ে দিয়ে গেছে। এই রকম কত ঘর ফাঁকা আছে, জানি ৩৪ হাজারের মতন সরকারি ফ্ল্যাট আছে, কত ঘর ফাঁকা আছে, সেই ঘরগুলোকে নিয়ে নতুনভাবে সরকারি কর্মচারীদেরকে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে কি মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন, সারিয়ে, রিপেয়ারিং করার পর।

শ্রী অরূপ বিশ্বাস : মোট আর এইচ ই স্টেটের সংখ্যা আমাদের রাজ্যে ১০৮ টি। আর মোট ফ্ল্যাটের সংখ্যা হচ্ছে ১৩ হাজার ১৩৪ টি। তার মধ্যে যদি আপনি বলেন, এই ব্যাপারে আপনার সঙ্গে আমিও একমত, প্রায় ১৫ থেকে ১৮ পারসেন্ট অবৈধভাবে রয়েছে। এবং এই মুহূর্তে আমাদের কাছে প্রায় সাড়ে নয়শোর মত খালি রয়েছে, তো স্বভাবতঃই আপনারা প্রশ্ন করতে পারেন, যে সাড়ে নয়শোর মত ফ্ল্যাট খালি আছে, কেন আপনারা দিচ্ছেন না, বন্টন করছেন না। তার কারণ হচ্ছে যে, আমরা যখন এসে দেখলাম, যে যারা আগে এ্যাপ্লাই করেছিলেন, তারা পাননি, যারা পরে এ্যাপ্লাই করেছিলেন, তারা পেয়ে গেছেন। সেই জন্যই রাজ্য সরকার আমাদের এই অর্থনৈতিক সমস্যা থাকা সত্বেও আমরা সমস্ত খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে যারা সেই ৯৭-৯৮ সালে এ্যাপ্লাই করেছিলেন, তাদের আবার নাম নথিভুক্ত করেছি, করে প্রায় সাড়ে নয়শো নাম পেয়েছি, আমরা এই পূজোর মধ্যেই এই সাড়ে নয়শো ফ্ল্যাট আমরা তাদের দিয়ে দিতে পারব। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে কোন রকম কোটা, আউট অফ টার্ন কিচ্ছু নেই।

শ্রী আনিসুর রহমান : স্যার, আপনার মাধ্যমে আমি একটা বিষয়ে জানতে চাই, মাননীয় মন্ত্রীর কাছে, কিছুদিন আগে এখানে একটা খবরের কাগজে অভিযোগ বেরিয়েছিল এবং সেই অভিযোগের ভিত্তিতে মাননীয় মন্ত্রী তাড়াতাড়ি একটা বিবৃতিও দিয়ে দিয়েছিলেন, যে তদন্ত করব এবং ব্যবস্থা নেব। এবং সেই অভিযোগে কিছু বিচারপতি ছিলেন বিরোধী দলের নেতা ছিলেন এবং অনেকের নাম দেওয়া ছিল। তিনি যে বললেন, অবিলম্বে তদন্ত করে জানাব, এতবড় একটা গুরুত্বপূর্ণ বিষয়, সেই তদন্ত হয়েছে কিনা, হয়ে থাকলে আপনি জানান যে এই যারা যারা ঘর পেয়েছিল, ওনারশিপ নিয়েছিল, তারা কি অপরাধ করেছে। দ্বিতীয়তঃ আমি জানতে চাইছি, সেই ওনারশিপ দেওয়ার প্রক্রিয়া বন্ধ হয়েছে না চলছে।

মিঃ স্পীকার : আপনি একটা প্রশ্ন করবেন।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, উনি খুব সিনিয়ার সদস্য। কিন্তু স্যার, আমি ওনার প্রশ্নটায় ক্লিয়ার নই, উনি যদি প্রশ্নটা আবার একবার করেন।

শ্রী আনিসুর রহমান : এখানে আমার মনে আছে, একটা খবরের কাগজে বেরিয়েছিল, তার ভিত্তিতে আপনি বলেছিলেন, আমি তদন্ত করে দেখব। যারা ওনারশিপ পেয়েছে, জজ থেকে আরম্ভ করে বিরোধী দল নেতা তারা কি দূর্নীতি করে পেয়েছে, আমি তার ব্যবস্থা করবো। সেই তদন্ত হয়েছে কিনা, তার রিপোর্টটা কোথায়?

শ্রী অরূপ বিশ্বাস : আমার মনে হয়, মাননীয় সদস্য যদি সেদিনকে হাউসে থাকতেন, আমার বিবৃতিটা পড়তেন, আমাদের যেটা মূল অভিযোগ ছিল, সেটা হচ্ছে, যেটা যে দামে বিক্রি করা হয়েছে, সেটা অত্যন্ত কম ছিল, এই দামে বিক্রি হওয়া উচিত নয়। এটাই আমরা মূলতঃ বলেছিলাম এবং তদন্তও চলছে। এত তাড়াহুড়ো করার দরকার নেই। শান্তিতে থাকুন না। সময়ে সবটা বেরুবে।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন, আমাদের দূর্গাপুরে অনেক সরকারি ফ্ল্যাট আছে, এবং তারা নিজেরা ফ্ল্যাটের মালিক হয়ে বিক্রি করছে। কিন্তু আপনার কাছে আমার প্রশ্ন, যে সেই সরকারি ফ্ল্যাট বিক্রি করা এবং তার ওনারশিপ যারা নেয় আর কি, তাদের ক্ষেত্রে কি বিধিনিষেধ কিছু আছে কিনা এবং তারা নিতে পারে কিনা?

শ্রী অরূপ বিশ্বাস : আপনি এই পশ্চিম বাংলা বিধানসভার একজন মাননীয় সদস্য, আপনি বলছেন যে বেআইনিভাবে একটা সরকারী ফ্ল্যাট কেউ কিনছেন বা কেউ বিক্রি করছেন। এরজন্য তো আইন রয়েছে। কিন্তু আপনাকে আমি জানাই যে এটা আগের সরকারের সময়েই হয়েছে। এই সরকার আসার পর যদি আপনি একটা দৃষ্টান্ত দেখাতে পারেন তাহলে আপনি আমাকে লিখিতভাবে জানাবেন। আমি কড়া ব্যবস্থা গ্রহণ করবো।

শ্রী কল্লোল খাঁ : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন যে তিনি নিজে হাউসকে অবগত করলেন যে কয়েক হাজার অবৈধ মানুষ সরকারী ফ্ল্যাটগুলো অধিগ্রহণ করে আছেন। আমার প্রশ্ন যে বিগত বামফ্রন্ট সরকারের আমলে এই অবৈধ মানুষগুলো ওই ফ্ল্যাটে থাকার জন্য সরকারের আর্থিক ক্ষতি কত টাকা হয়েছে এটা জানালে ভালো হয়।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যকে জানাই যে সরকারের শুধু ক্ষতি হয়নি, ক্ষতি তো অনেক হয়েছে। এছাড়া অনেক ন্যায্য মানুষ যাদের প্রাপ্য ছিল তারা পাননি। অনেক অবৈধ মানুষ ঢুকে গেছে গায়ের জোরে রাজনৈতিক রঙ দেখিয়ে। কিন্তু বর্তমান সরকার সেগুলোকে নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছি।

ক্রেতার সুরক্ষার্থে গৃহীত প্রশাসনিক পদক্ষেপ

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫) **শ্রী শাহাজাহান চৌধুরী :** ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সেবামূলক প্রতিষ্ঠানের পক্ষ থেকে ক্রেতাকে প্রতারণার ক্ষেত্রে ক্রেতা সুরক্ষা দপ্তরের গৃহীত প্রশাসনিক পদক্ষেপের সংখ্যা কত?

মিঃ স্পিকার : মাননীয় ক্রেতা ও সুরক্ষা বিষয়ক মন্ত্রী শ্রী সাধন পান্ডে উনি অসুস্থ, উনি পার্থবাবুকে অথরিটি দিয়ে গেছেন এই কোয়েশ্চেনের উত্তর দেওয়ার জন্য। উনি একটি চিঠিও পাঠিয়েছেন, আমি সেটা পড়বো আপনাদের কাছে। উনি অসুস্থতার জন্য আজকে আসতে পারেন নি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মন্ত্রী সাধন পান্ডে অত্যন্ত গুরুতর অসুস্থ। সেই কারণেই তিনি লিখিতভাবে অধ্যক্ষকে জানিয়েছিলেন যে তার প্রশ্নের উত্তর লে করে দেওয়ার জন্য।

উত্তর : উপভোক্তা বিষয়ক দপ্তর সাধারণত জিনিষপত্র কেনাকাটা বা কোনও পরিষেবা পাওয়ার ক্ষেত্রে কোনরূপভাবে প্রতারিত হওয়া উপভোক্তার অভিযোগক্রমে সালিশি প্রক্রিয়ার মাধ্যমে অথবা ক্রেতা আদালতে বিচারের মাধ্যমে তার মীমাংসা করার প্রয়াস নেয়। এইরূপ উপভোক্তা কোনও একজন ব্যক্তি হতে পারা বা কোনও প্রতিষ্ঠান হতে পারে।

যাইহোক এ-পর্যন্ত দপ্তরে নথিভুক্ত (প্রতারিত উপভোক্তার) নালিশের সংখ্যা এবং তার নিষ্পত্তির ব্যাপারে এপর্যন্ত এবং ২০১১-১২ সালের তথ্যাবলী নিম্নে প্রদত্ত হইল :

ক্রমিক নং	প্রক্রিয়ার প্রকার	সময়কাল	অভিযোগের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা
১	সালিশী	প্রথম থেকে এখন পর্যন্ত (৩১।৭।১২)	১৯৪৯৩	৮৩০৭
		২০১১-১২ সালে	২১৭৫	১৩১৯
২	ক্রেতা আদালতের বিচার	প্রথম থেকে এখন পর্যন্ত (৩১-৭-১২)	১০০৯৩২	৯৪৮১৪
		২০১১-১২	৪৪২১	৩৯১১

এটা সাধনবাবুর নিজে এসে উত্তর দেওয়ার কথা ছিল। কিন্তু হঠাৎ তিনি অসুস্থ হয়ে পড়ায় মাননীয় অধ্যক্ষের কাছে তিনি অনুমোদন চেয়েছেন এবং সেই অনুমোদন পড়ে এটা আমি এখানে পেশ করলাম।

[11·40—11·50 am]

রাজ্যে যুব আবাস মেরামতি

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য যুব আবাসগুলি মেরামতির জন্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই

রাজ্যের সব যুব আবাসগুলি বিশেষ মেরামতি ও সংস্কারের পরিকল্পনা নেওয়া হয়েছে। ২০১২-২০১৩ আর্থিক বছরে এ পর্যন্ত ১৫ টি যুব আবাস মেরামতি, সংস্কার ও সৌন্দর্যায়নের জন্য মাট ১৫,৯৫,৭৫,৪৫৯ (পনেরো কোটি পঁচানব্বই লক্ষ পঁচাত্তর হাজার চার শত ঊনষাট) টাকা অর্থ দপ্তরের অনুমোদন পেয়েছে এবং প্রথম পর্যায়ে কাজ শুরু করার জন্য ৫০% হিসাবে মোট ৭,৬৭, ০৫,৫৩৩ (সাত কোটি সাতষট্টি লক্ষ পাঁচ হাজার পাঁচ শত তেত্রিশ) টাকা ইতিমধ্যে পি ডব্লু ডি-কে দেওয়া হয়েছে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যুব আবাসগুলির মেরামতি ও সংস্কারের জন্য অর্থ বরাদ্দ করার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে আন্তরিক ধন্যবাদ জানাই। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বললেন প্রথম পর্যায়ের কাজের জন্য ৭ কোটি ৬৭ লক্ষ ৫ হাজার ৫৩৩ টাকা, যার ৫০% অর্থ আপনি যুব আবাসগুলি মেরামতি করার জন্য বরাদ্দ করেছেন। এই মেরামতির কাজ কবে নাগাদ সম্পন্ন হবে এটা যদি দয়া করে জানান তাহলে ভালো হয়।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই, আমি রাজনীতির কথা বলছি না, কিন্তু পশ্চিমবাংলায় বিগত ৩৪ বছর ধরে যুব দপ্তর ছিল, যুব দপ্তরের একজন মন্ত্রী ছিলেন, কিন্তু এই যুব আবাসগুলি অভিভাবকহীন হয়েছিল। কেউ তাদের দেখার ছিলনা। অনেক জায়গায় যুব আবাসগুলি ভগ্নস্তুপ হয়ে গেছে, অনেক জায়গায় জঙ্গল হয়ে গেছে। সেগুলো পরিস্কার করে রিনোভেশানের কাজ আমরা করছি। আপনি নিশ্চিত থাকতে পারেন এই আর্থিক বছরের মধ্যে আমরা এই কাজ সম্পন্ন করব।

শ্রী বঙ্কিম হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন, সাগর একটি পর্যটন কেন্দ্র। গঙ্গা সাগরে একটি যুব আবাস রয়েছে। দীর্ঘ বামফ্রন্ট সরকারের আমলে ২০০১ সাল থেকে ২০০৬ সাল পর্য্যন্ত আমি ঐ এলাকার বিধায়ক ছিলাম। তৎকালীন এই দপ্তরের যিনি মন্ত্রী ছিলেন তিনি আজকে আমাদের মধ্যে নেই, তার কাছে আমি যুব আবাসের সংস্কারের ব্যাপারে বার বার আবেদন করেছিলাম। কিন্তু যুব আবাসটি সংস্কারের অভাবে ভগ্ন অবস্থায় পরিণত হয়েছে। প্রথম পর্যায়ে যে ১৫ টি যুব আবাসের কাজ আপনি হাতে নিয়েছেন তার মধ্যে সাগরের এই যুব আবাসটি রয়েছে কিনা এটা আপনার কাছে জানতে চাই।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্য নিশ্চয় শুনে খুশী হবেন, আমরা সাগরের যুব আবাসের জন্য গত তিন, চার দিন আগে এক কোটি টাকা বরাদ্দ করেছি এবং ফাইলটি স্যাংশানড হয়ে গেছে।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই, পশ্চিমবঙ্গ থেকে বহু মানুষ চেন্নাইতে চিকিৎসার জন্য যায়। আমি জানিনা এখন সেখানকার যুব আবাসটির অবস্থা কি, কিন্তু এর আগে আমি দেখেছি যুব আবাসটির খুবই দৈন্যদশা। এই যুব আবাসটির মেরামতির কোন চিন্তা-ভাবনা আপনার দপ্তরের আছে কিনা এটা দয়া করে জানাবেন কি?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যকে জানাই চেন্নাইয়ের যুব আবাসটি একটি ভাড়া বাড়িতে ছিল। আমি এর আগেও এই ব্যাপারে হাউসে বিবৃতি দিয়েছি। আমরা ভাড়া দিতাম, কিন্তু সেখানে

কোন মানুষ থাকতে পারত না। আমরা সেই ভাড়া বাড়িটা ছেড়ে দিয়েছি। নতুন করে আমরা ওখানে জায়গা নিচ্ছি। আজ থেকে ১০-১২ বছর আগে - ফিগারটা যদি আমার সঠিকভাবে মনে থাকে - ১ কোটি ৮১ লক্ষ টাকার একটা চেক এখান থেকে দেওয়া হয়েছিল জমি নেওয়ার জন্য। সেই চেকটা ওখানে পড়েই ছিল। মা-মাটি-মানুষের সরকার যেহেতু আমাদের এত ঋণ, আমরা চেষ্টা করছি সেই টাকাটা উদ্ধারের। সুদ সমেত সেই টাকাটা উদ্ধার করে এই আর্থিক বছরে ওখানে যুব আবাস আমরা তৈরী করব।

শ্রী শাহাজাহান চৌধুরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি একটু আগে বললেন যুব আবাসগুলি মেরামতি করার জন্য সরকার পদক্ষেপ নিয়েছে। আমাদের বর্ধমান জেলায় যুব আবাসটি মেরামতি করার জন্য কোন পদক্ষেপ নিয়েছেন কিনা জানাবেন।

শ্রী অরূপ বিশ্বাস : আমাদের বর্ধমান জেলাতে একটি যুব আবাস ছিল সাইয়ে। সাই সেটা নিয়ে নিয়েছে। আমরা এখন বর্ধমান জেলায় জমি খুঁজছি। প্রাথমিক কথাবার্তা চলছে, জমি পেলেই আমরা কাজ করব।

শ্রী পার্থসারথি চ্যাটার্জ্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, তিনি বলেছেন যুব আবাসগুলির মেরামতির কাজ চলছে। আমার প্রশ্ন, চেন্নাই ছাড়া আর অন্য কোন রাজ্যে যুব আবাস আছে কিনা এবং যদি থাকে তাহলে সেখানে মেরামতির কোন ব্যবস্থা করছেন কি?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যকে জানাই যে চেন্নাই ছাড়া আমাদের একটাই যুব আবাস রাজগীরে আছে। রাজগীরেও আমাদের রিপেয়ারিংয়ের কাজ শুরু হবে। আর চেন্নাইতে আমরা নতুন করে করছি। এছাড়া বাইরে নেই। যেমন পুরীতে, আমরা উড়িষ্যা গভর্নমেন্টকে লিখেছি, আমরা দিল্লির জন্যও দিল্লির গভর্নমেন্টকে লিখেছি। জমি পেলেই আমরা কাজ শুরু করবো।

শ্রী শুভাশিস বটব্যাল : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, আমাদের বাঁকুড়া জেলায় দুটি যুব আবাস বেহাল অবস্থার মধ্যে রয়েছে। তার মধ্যে একটা আমার বিধানসভা কেন্দ্রের শুশুনিয়া পাহাড়ের কোলে যে যুব আবাসটা রয়েছে সেটা অত্যন্ত খারাপ পর্যায়ে, সেখানে এস.সি., এস.টি. দফতরের ছাত্রদের রাখা হয়েছিলো এবং সেখানে ছাত্রদের ছাত্রীদের খুব করুণ অবস্থার মধ্যে থাকতে হয়েছিলো। বর্তমানে সেই যুব আবাসটা থেকে সেই ছাত্র ছাত্রীদের সরিয়ে নতুন যে স্কুলটি তৈরী হয়েছে সেখানে নিয়ে গেছি। সেই আবাসটাকে অতি সত্ত্বর রিপেয়ারিং করে যাতে যুব আবাসকে কার্যকরী করা যায় তার জন্যে সত্ত্বর ব্যবস্থা কি নেওয়া হচ্ছে? এই প্রশ্নটাই আমি বিভাগীয় মন্ত্রীর কাছে করছি।

শ্রী অরূপ বিশ্বাস : আপনি শুনলে খুশি হবেন, শুধু আপনার বিধানসভা কেন্দ্রের শুশুনিয়া নয়, শুশুনিয়ার জন্য অলরেডি আমরা প্রায় ৯৪ লক্ষ টাকা স্যাংশান করেছি। বাঁকুড়া জেলায় আরো দুটো রয়েছে, মুকুটমণিপুর সেখানে আমরা প্রায় ১০ লক্ষ টাকা স্যাংশান করেছি, আর একটা হচ্ছে রামকিঙ্কর যুব আবাস সেখানেও আমরা ৪৭ লক্ষ টাকা স্যাংশান করেছি।

শ্রী বিরাম মান্ডি : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা প্রশ্ন, ইতিমধ্যেই আমরা সব জায়গায় দেখছি বিবেক মেলা যুব উৎসব হচ্ছে বা পাইকা প্রতিযোগিতার খেলাধুলোও চলছে। আমার মাননীয় মন্ত্রীর কাছে সুনির্দিষ্ট প্রশ্ন কোথাও দেখছি যুব কল্যাণ দফতরের মন্ত্রীর প্রতিনিধি একজন আছেন, কোথাও একজনও নেই, কোথাও আবার তিনজন বসে আছেন বি.ওয়াই.ও.-র বাম দিকে, ডান দিকে, সামনে। আমার জানার বিষয় একটা ব্লকে বিভিন্ন অনুষ্ঠানের সময় মাননীয় মন্ত্রী কজন রিপ্রেজেনটেটিভ পাঠাতে পারেন?

শ্রী অরূপ বিশ্বাস : আমি দায়িত্ব গ্রহণ করার পরে যে বিবেক মেলা হয়েছিলো, তখন যেভাবে সিস্টেম ছিলো, সেটাই ছিলো। তারপরে কোন প্রোগ্রাম আমরা সেইভাবে করিনি। আমাদের নতুন করে কবাডি এবং তীরন্দাজী হচ্ছে, আমরা পাঠাবো এবং প্রতি ব্লকে দুজন করেই থাকবে।

বার্ড-ফ্লুর প্রাদুর্ভাব

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৬) **শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর ২৪ পরগণার বাদুড়িয়ায় বার্ড-ফ্লুর প্রাদুর্ভাবে মুরগির মড়ক মারাত্মকভাবে দেখা দিয়েছে ;

(খ) সত্যি হলে, রাজ্যে সাম্প্রতিককালে (৩১শে আগস্ট, ২০১২ পর্যন্ত) কত মুরগি বার্ড-ফ্লুতে মারা গেছে ; এবং

(গ) বার্ড-ফ্লু প্রতিরোধে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রী নুরে আলম চৌধুরী :

(ক) উত্তর ২৪ পরগনার বাদুড়িয়ায় বার্ডফ্লুর প্রাদুর্ভাবে মুরগীর মড়ক দেখা দিয়েছে - এটা সত্য নয়।

(খ) -প্রযোজ্য নয়।

(গ) সাধারণভাবে পশ্চিমবাংলায় বার্ডফ্লু প্রতিরোধে নিম্নলিখিত ব্যবস্থা নেওয়া হয়েছে ঃ

(১) প্রতিটি জেলায় বিশেষ নজরদারির কাজ চলছে - যার মধ্যে নিয়মমাফিক হাঁস/মুরগীর রক্তরসের নমুনা সংগ্রহ এবং পরীক্ষাগারে অনুসন্ধানের কাজ অব্যাহত আছে। এছাড়াও হাঁস মুরগীর টীকাকরণ ব্যাপকভাবে শুরু করা হয়েছে।

(২) প্রতিটি জেলায় আলোচনা সভা, গণচেতনা শিবিরের মাধ্যমে প্রশিক্ষণ ইত্যাদির মাধ্যমে প্রাণী পালকদের বিশেষভাবে অবহিত করা হচ্ছে।

(৩) কোন এলাকায় মুরগীর মৃত্যুহার অস্বাভাবিক হলে সঙ্গে সঙ্গে খামারীদের নিকটবর্তী প্রাণী সম্পদ বিকাশ বিভাগের দপ্তরে যোগাযোগ করার জন্য অবহিত করা হয়েছে।

(৪) ভি ডি ও কনফারেন্সিং মারফৎ জেলাগুলির প্রশাসনিক কর্তাসহ সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।

(৫) পশ্চিমবাংলার আন্তর্জাতিক সীমানা দিয়ে চলাচলকারী গাড়ীগুলিতে জীবানুনাশক ঔষধ প্রয়োগের কাজ চলছে।

[11·50 am—12·00 noon]

শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন - এই সরকার সব কিছুই অস্বীকার করছেন কেন? বুঝতে পারছি না। দিল্লীতে বলা হত সাজানো, বার্ড ফ্লুকে বলা হত সাজানো, নারী নির্যাতন বলা হচ্ছে সাজানো - কোন প্রশ্নের মুখোমুখি হচ্ছেন না। (গোলমাল)

মিঃ স্পীকার : আপনি কোয়েশ্চেন করুন। আপনি বার্ড ফ্লু সম্বন্ধে relevant deperment সম্বন্ধে প্রশ্ন করুন।

মিঃ চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ : আমরা টেলিভিশনের পর্দায় দেখেছি, খবরের কাগজে দেখেছি - কি ভাবে এই সমস্ত জায়গায় মুরগি মরছে। তাও খামারগুলোকে দেখানো হয়েছে। এমন কি খবরের কাগজে, টেলিভিশনের পর্দায় .....(গোলমাল).... এটা প্রশ্ন স্যার। আমরা দেখেছি সেটা হচ্ছে এই মরা মুরগিগুলো কিভাবে শহরের হোটেলগুলোতে আসছে। যা আমরা খাচ্ছি। যখন আমরা কাগজে দেখছি। আপনারা চোখ বন্ধ করে আছেন দেখতে পাবেন না। ..... (গোলমাল) .....এইগুলো আমরা দেখছি। সুতরাং এই যা উত্তর দিয়েছেন সেই উত্তরের সঙ্গে আমি যা প্রশ্ন করেছি তা হচ্ছে ঠিক নয়। আপনি সমস্ত অস্বীকার করে যাচ্ছেন। বার্ড ফ্লুতে যে সমস্ত মুরগী মারা গিয়েছে, যা এই মুরগীর মাংস খেলে মানুষের বার্ড ফ্লু হতে পারে, যা খুবই ক্ষতিকারক। এই বিষয়ে আপনি কি কি পদক্ষেপ নিয়েছেন আপনি বলুন?

মিঃ স্পীকার : আচ্ছা উনি যা বলছেন বার্ড ফ্লু। বার্ড ফ্লু-এর প্রার্দুভাবের ব্যাপারটা উনি বলেছেন - ঠিক নয়। এই questionটা কি আসতে পারে? সুতরাং আপনাকে উত্তর দিতে হবে না। উনি তো বলেই দিয়েছেন। বার্ড ফ্লুতে কোন রকম মরণ দেখা দেয়নি। আপনার এই questionটা করার মানেই হয় না। আপনি অন্য question করুন। আপনি next question করুন।

শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ : মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, বার্ড ফ্লুতে যদি প্রর্দুভাব না থাকে তাহলে কি ভাবে এই মুরগীগুলো মারা গিয়েছে?

শ্রী নুরে আলম চৌধুরী : স্যার, আমি ঝগড়া করার মুডে নেই। কিন্তু খুব simple কয়েকটা কথা ওনাকে বোঝাতে পারলে খুশি হব। ওনারা কাজ করেছেন রেডিও, টেলিভিশান, খবরের কাগজ সেটার সম্বন্ধে কিছু বলতে চাইছি না। অনেকগুলো ঝগড়া লেগে যাবে। (নয়েজ, আপনি উত্তর দিন) উত্তরটা এইভাবে হচ্ছে যখন কোন কিছু মুরগী মরার খবর আমরা পায়। আমাদের ডিপার্টমেন্টের অফিসার সেখানে যান ইনকোয়ারী করতে। Administration থেকে আমরা ডি.এম.,

.এ.ডি.এম.-এর কাছ থেকে রিপোর্ট নিই এবং রক্ত দেখার যে সমস্ত নমুনা নিই। আমাদের নিজস্ব institute বেলগাছিয়া সেখানে থেকে আমরা পাঠাই, সেখান থেকে রিপোর্ট নিই। তার সঙ্গে সঙ্গে আমরা National যেটা সেন্ট্রাল গভর্মন্টের laboratory আছে সেখানে পাঠাই। স্যার, প্রতিটি জায়গায় যেটা হয়েছে পুণের laboratory, National Institute of Virology। সেখান থেকে রিপোর্ট এসেছে নেগেটিভ। আমাদের যে laboratory আছে সেখান থেকে রিপোর্ট এসেছে নেগেটিভ। এ.ডি.এম. তিনি গিয়েছেন ইনকোয়ারি করতে source of bird কোথা থেকে এসেছে সেটা কেউ বলতে পারেন নি। মারা গেছে কোথাও তাও কিছু বলতে পারেন নি। এছাড়াও অদ্ভুত হচ্ছে পোলট্রে ফার্মগুলো আছে, সেগুলো ফাঁকা। তার পাশাপাশি যেসব বাড়িগুলো আছে সেখানে মুরগীগুলো সুন্দর চড়ে বেড়াচ্ছে। যার ফলে ওনারা নিজেরা একটা ক্যাওস তৈরি করে চেষ্টা করেছেন।

ড. আশীষ ব্যানার্জী : স্যার, কিছু বললেই ওরা তো চিৎকার করে উঠবেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে জিজ্ঞাসা করছি। বামফ্রন্টের অন্তিম লগ্নে বার্ড ফ্লু নিয়ে একটা ব্যাপক সাড়া পড়ে গিয়েছে। সাড়া পড়েছিল এই জন্যই (নয়েজ) প্রশ্নই করছি বার্ড ফ্লু যখন চলছে তখন এক শ্রেণীর বামফ্রন্টের মানুষ তারা টাকাগুলো কি করে এধার ওধার করা যায় সেই ব্যাপারে সক্রিয় ছিলেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করতে চাই যে এই বার্ড ফ্লুর ফলে যে আর্থিক দূর্নীতি সেই আর্থিক দূর্নীতি হয়েছিল কিনা এবং সেই আর্থিক দূর্নীতি সংক্রান্ত কোন তদন্ত আপনি করবেন কিনা?

শ্রী নূরে আলম চৌধুরী : স্যার, আমি আশীষবাবুকে অনেক ধন্যবাদ দিচ্ছি, আমি প্রথমেই কিন্তু বলেছিলাম যে ওনার সংগে আমি ঝগড়া করতে চাই না। বার্ড ফ্লু সুরু হয়ে গেলে পরে একটা উৎসব শুরু হয়ে যায়। কারণ সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা আসে, স্টেট গভর্নমেন্টের টাকা আসে। ওই চাঁদে যাবার মতো একটা ড্রেস পরে মুরগীগুলোর মাথা মারা হয়, দোমড়ানো হয় এবং টাকাগুলো, তার মধ্যে অনেক কোরাপশান জড়িয়ে থাকে আর কি। স্যার, আশীষবাবু যে প্রশ্নটা করছেন যে আমরা কোন ইনকুয়ারী করছি কিনা? এখনও পর্যন্ত সেই সবগুলো মাথায় আছে, এখনও পর্যন্ত শুরু করিনি। এখনও পর্যন্ত কিছু কিছু টাকা অনেককে দেওয়া হয়েছে কিছু এখনও আটকানো আছে। আমার আমলে কিন্তু একটা বার্ড ফ্লু ডিক্লেয়ার হয়েছিল, এই সরকারের আমলে। সেটা কিন্তু নদীয়ার তেহট্টয়। সেখানে আমি ব্যক্তিগত ভাবে দেখেছি যে উৎসব, কোরাপশান এখানে ভয়ংকর ভাবে জড়িয়ে সব আছেন তাঁরাই কিন্তু চেঁচামিছি করছেন, কিছু দিন আগে রেডিও খবরের কাগজ টেলিভিশানে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করতে চাই। বার্ড ফ্লু আপনার আমলে একবার হয়েছে, আপনি বলেছেন দেখেছেন এবং আপনার অভিজ্ঞতার কথা বলেছেন। আর যে প্রশ্নটা এখানে সুনির্দ্দিষ্ট ভাবে হয়েছে, আমি দায়িত্ব নিয়ে বলছি যে বেলগাছিয়া ল্যাবোরেটরীতে যখন আপনাদের পরীক্ষা হয়েছে তার প্রাথমিক রিপোর্ট হচ্ছে বার্ড ফ্লু পজেটিভ ছিল। ঠিক, তার রিপোর্টের ভিত্তিতে বার্ড ফ্লু ডিক্লেয়ার করা যায় না। ভুপালে বা ন্যাশানাল ইন্সটিটিউট

ভাইরোলজি, পুনে এই দুটি জায়গায় পাঠাবার নিয়ম আছে। আমি আপনাকে সুনির্দিষ্ট ভাবে প্রশ্ন করতে চাই যে ভুপালে বা পুনে কোথায় পাঠানো হয়েছিল কনফারমেশানের জন্য, সেই স্যাম্পেল কারা কালেক্ট করেছিল, আপনাদের ল্যাবোরেটরির রিপোর্ট কি ছিল, আর যদি বার্ড ফ্লু না হয়ে থাকে কি রোগে এতোগুলো মুরগী মারা গেল, না মুরগী একদম মারা যায় নি আপনি একটু পরিষ্কার করে বলবেন। যাতে করে এই সামগ্রিক বিষয়টা যেটা বুঝতে পারছি আমরা - মুরগীর চিন্তার ব্যাপার নয়, বার্ড ফ্লু একটা রোগ যা সংক্রমিত হলে মানুষ মারা যায় এবং রোগে কোন চিকিৎসা নেই।

শ্রী নূরে আলম চৌধুরী : আমি একটু আগে যেটা বললাম যে আমাদের যে ন্যাশানাল ইন্সটিটিউ বেলগাছিয়াতে আছে - উনি বলছেন হ্যাঁ আমি বলছি না। আমার কাছে যে রিপোর্ট এসেছে সেটা না, উনি কোথা থেকে রিপোর্ট পেলেন সেটা তো আমি বলতে পারবো না। ন্যাশানাল ইন্সটিটিউট অফ ভাইরোলজি পুনে, আমি তো বললাম একটু আগে যে সেখানে থেকে যে রিপোর্ট এসেছে আমাদের কাছে সেটা নেগেটিভ। আমি তো বলছি, ভুপালের কথা উনি বলছেন, উনি ভুপালে পারসোনালী ফোন করেছেন, সেখান থেকে আমাদের কাছে কোন রিপোর্ট আসেনি। তার কারণ হচ্ছে যদি নেগেটিভ হয় তাহলে ওরা রিপোর্টটা পরে পাঠায়। পজেটিভ হলে সংগে সংগে আমাদেরকে জানান, সেন্ট্রাল গভর্নমেন্টকে জানান। আমরা প্রিজিউম করছি সেখানে নেগেটিভ। জোর করে কি করে উনি বার্ড ফ্লু করালেন সেটা তো আমি বুঝতে পারছি না। স্যার, একটা সিম্পিল জিনিস, উনি ডাক্তার মানুষ, মানুষ মরলেই যে ক্যানসারে মরবে তা তো নয়। আর মুরগী মরলেই সেটা বার্ড ফ্লুলে মরবে তা তো নয়। মুরগীর একগাদা অসুখ আছে, উনি যদি জানতে চান আমি এখনি বলতে পারি কোন কোন অসুখে মুরগী মরে। তার মধ্যে ভয়ংকর অসুখ হচ্ছে এটা। তার জন্য প্রায় কয়েক লক্ষ ইনজেকশান দেওয়া হয়েছে, চেষ্টা করা হয়েছে। আমি একটু আগে বললাম যে এ.ডি.এম-এর রিপোর্টে আছে তিনি একটিও মরা মুরগী তিনি দেখতে পান নি। এডিশনাল ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট তিনি গেছেন - যে রিপোর্ট আমাদের কাছে পাঠিয়েছেন - তিনি কোন জায়গায় কোন খামারে কোন মুরগীর উৎস দেখতে পান নি। তাদেরকে জিজ্ঞাসা করেছেন যে মুরগীগুলো কোথা থেকে এসেছে, তাও তারা কিছু বলেনি। যদি মুরগী ভাল থাকে, কোথা থেকে এসেছে, তাও তারা কিছু বলতে পারেন নি। আশে পাশে যে বাড়িগুলো রয়েছে সাধারণ লোকের, প্রত্যেকের বাড়িতে মুরগী রয়েছে ইনট্যাক্ট, কোন মুরগী মরে নি।

(The question hour was over)

Starred Questions
(to which answers were laid on the table)

রাজ্যে মুরগির মাংসের চাহিদা

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে প্রত্যহ মুরগির মাংসের আনুমানিক চাহিদা কত ; এবং

(খ) মুরগির মাংসের চাহিদা ও যোগানের মধ্যে কোনো পার্থক্য আছে কি?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে প্রত্যহ মুরগির মাংসের পুষ্টিগত চাহিদা আনুমানিক ৯১৫ মেট্রিক টন।

(খ) হ্যাঁ। পুষ্টিগত ভাবে চাহিদা ও যোগানের মধ্যে পার্থক্য আছে।

আবাসন প্রকল্প

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সরকার ৩১শে আগস্ট, ২০১২ তারিখ সাপেক্ষে কতগুলি এল.আই.জি. এবং এম.আই.জি. আবাসন প্রকল্প গ্রহণ করেছেন ; এবং

(খ) এইগুলির রূপরেখা কীরূপ?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) নিউটাউন রাজারহাট এলাকায় ৯৬টি ফ্ল্যাট নির্মানের কাজ চলছে। এর মধ্যে ৪৮টি এল.আই.জি. ফ্ল্যাট নির্মানের কাজ প্রায় ৭০% শেষ হয়ে গেছে এবং ৪৮টি এম.আই.জি. ফ্ল্যাট নির্মানের কাজ সম্পাদনের জন্য টেন্ডার প্রক্রিয়ার কাজ চলছে।

(খ) প্রতিটি এল.আই.জি. ফ্ল্যাটের Built-up Area ৪৩.৯১ বর্গমিটার এবং প্রতিটি এম.আই.জি. ফ্ল্যাটের Built-up Area ৬৪.৪৮ বর্গমিটার।

প্রাণীবন্ধুর সংখ্যা

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯) **শ্রী শাহাজাহান চৌধুরী :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে 'প্রাণীবন্ধু' হিসাবে যাঁরা কাজ করছেন তাঁদের সংখ্যা কত ; এবং

(খ) প্রাণীবন্ধুদের স্থায়ীকরণের ব্যাপারে সরকার কোনো পরিকল্পনা নিয়েছেন কি?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে রাজ্যে 'প্রাণীবন্ধু' হিসাবে যারা কাজ করছেন,

তাদের সংখ্যা - ৩১৬৭

(খ) প্রাণীবন্ধুরা স্বনিযুক্ত। তাই বর্তমানে প্রাণীবন্ধুদের স্থায়ীকরণের ব্যাপারে কোনরূপ পরিকল্পনা সরকারের নেই। কিন্তু সরকার প্রতিনিয়ত কাজের পরিধি বাড়িয়ে / বিভিন্ন প্রকল্পের সাথে যুক্ত করে প্রাণীবন্ধুদের দৈনন্দিন রোজগার বৃদ্ধির সুযোগ করে দিচ্ছে।

LEAVE OF ABSENCE UNDER DULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from **Shri Sadhan Pande** desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

To
The Hon'ble Speaker,
West Bengal Legislative Assembly,
Assembly House,
Kolkata - 700 001.

Dear Sir,

I am to inform you that I am on leave on medical ground and my Doctors have advised me to be on rest for some more days. I have also informed the Hon'ble Chief Minister, West Bengal.

As such, I shall, perhaps, not be able to attend the ongoing session of West Bengal Legislative Assembly.

I would like to state that the Assembly Question of my department will be answered by Sri Partha Chatterjee, Hon'ble Minister-in-Charge, Departments of Commerce & Industries, Public Enterprises, Industrial Reconstruction, Parliamentary Affairs, Information Technology & Electronics on my behalf during my leave.

I would request you to grant me leave and oblige.

With warm regards

Yours truly,

Sd/-

(Sadhan Pande)

Mr. Speaker : Now I ask whether Shri **SADHAN PANDE** has the permission of the Assembly asked for by him.

(NO DISSENTIENT VOICE WAS HEARD)

Mr. Speaker : There is no dissentient voice. I declare that Shri **SADHAN PANDE** has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from 21st September, 2012 till the last day of the current session.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received two notices of Adjournment Motion one from Dr. Surya Kanta Mishra, Shri Anisur Rahaman, Shri Anandamay Mandal, shri Probodh Chandra Sinha, Shri Subhas Naskar, Shri Chand Mohammad, Shri Biswanath Karak and another from Shri Ajoy Dey on the same subject of outbreak of dengue in Kolkata and other districts in the State.

The subject matter of the motions relates to the day to day administration of the State Government and is not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the concerned Minister through Calling Attention, Mention, Questions, etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One member of the party may, however, read the text of the Motion as amended.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল - কলকাতা সহ পশ্চিমবঙ্গে বিভিন্ন এলাকায় ডেঙ্গুর প্রাদুর্ভাব ভীষণভাবে বেড়ে গেছে। ইতিমধ্যে রাজ্যে ৪৯ জন মারা গেছে। এটা খুবই উদ্বেগের বিষয়। আক্রান্ত হয়েছেন চার হাজারেরও বেশী। রাজ্যের মানুষ ভীষণ ভাবে উদ্বিগ্ন। ডেঙ্গু প্রতিরোধ ও চিকিৎসার ব্যাপারে সরকারের ভূমিকা আশানুরূপ নয়। কিছু ক্ষেত্রে জন মানসে প্রকৃত তথ্য প্রকাশিত হচ্ছে না। কখনও কখনও রক্তের অভাব, কখনও হাসপাতালে বেড নেই। ফলে মানুষের উদ্বেগ আরও বাড়ছে। স্যার, হাউসের মেম্বার থেকে আরম্ভ করে ..... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী অজয় দে : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল - রাজ্যে ডেঙ্গু এক ভয়াবহ আকার ধারণ করেছে। আজ পর্যন্ত এই রোগে আক্রান্ত হয়ে ৪২ জন মানুষের মৃত্যু ঘটেছে। রক্ত পরীক্ষার ক্ষেত্রে সরকারী পরীক্ষাগার থেকে সাত দিনের আগে কোন রিপোর্ট পাওয়া যাচ্ছে না। ফলে সাধারণ মানুষ বেসরকারী পরীক্ষাগারে কম পক্ষে দু হাজার থেকে আড়াই হাজার টাকা দিয়ে রক্ত পরীক্ষা করতে বাধ্য হচ্ছে। ব্লাড ব্যাঙ্কে থেকেও রক্ত পাওয়ার ক্ষেত্রে এক চরম সংকট রয়েছে। রাজভবন, বিধায়ক আবাসের মানুষজনও এর থেকে রেহাই পাচ্ছেন না। স্যার, আমরা মনে করি এই বিষয়টা একটা আলোচনার ..... (এই সময় মাইক অফ্ হয়ে যায়)

(তুমুল গোলমাল)

(এই সময় বিরোধি দলের মাননীয় সদস্যরা বিভিন্ন স্লোগান দিতে থাকেন এবং ওয়েলে নেমে মাননীয় স্পীকারের আসন ঘিরে ডেঙ্গু নিয়ে নানা স্লোগান দিতে থাকেন)

(গোলমাল)

[12.00 noon — 12.10 p.m.]

CALLING ATTENTION — 20 to 22/2

Mr. Speaker : Today, I have received **four (4)** notices of Calling Attention on the following subjects, namely :

Subject		Name
(i) Outbreak of Dengue in Kolkata and other districts in the State	:	Shri Sahajahan Choudhury, Shri Gouranga Chatterjee, Shri Chowdhury Md. Hedayatullah, Shri Basudev Mete & Shri Nabin Chandra Bag - **jointly** and Shri Anisur Rahaman - **separately**
(ii) Urge for completion of unfinished work under Rajib Gandhi Gramin Vidyutikaran yojana Scheme in Harishchandrapur Assembly Constituency area	:	Shri Tajmul Hossain
(iii) Measures taken by the State Government to prevent dengue	:	Shri Asit Mitra
(iv) Collapse of Bridge in Dunigram Road Canal More in the Rampurhat Assembly Constituency area	:	Dr. Asish Banerjee

I have selected the notice of Dr. Asish Banerjee on the subject of Collapse of Bridge on Dunigram Road Canal More in the Rampurhat Assembly Constituency area.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী মণীষ গুপ্ত : প্রশ্নের উত্তরটা আমি ২৮ তারিখে দিয়ে দেব।

...(Noise)...

Presentation of the Second Report of the Committee on Public Accounts (2012-2013)

Mr. Speaker : Now I request the Chairman (Shri Anisur Rahaman) to present the Second Report of the Committee on Public Accounts (2012-2013).

The Chairman (Shri Anisur Rahaman) : Not responded.

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS AND ACCOUNTS

The 40th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Dairy and Poultry Development Corporation Limited for the year 2008-2009

Shri Manjul Krishna Thakur : Mr. Speaker, Sir, I beg to lay the 40th Annual Report containing Annual Accounts, Audit Report and Comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal dairy and Poultry Development Corporation Limited for the year 2008-2009.

The Audit Report on the Accounts of the Panchayat Raj Institutions in West Bengal for the year 2009-2010

Shri Subrata Mukherjee : Mr. Speaker, Sir, I beg to lay the Audit Report on the Accounts of the Panchayat Raj Institutions in West Bengal for the year 2009-2010.

Mr. Speaker : I will request the Hon'ble Member of P.A. Committee, Shri Tapas Ray to present the Second Report of the Committee on Public Accounts (2012-2013)

Presentation of the Second Report of the Committee on Public Accounts (2012-2013)

Shri Tapas Ray : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to present the Second Report of the Committee on Public Accounts (2012-2013) on Para No. 4.1.1 of the Report of the Comptroller and Auditor General of India for the year 2005-2006 (Civil) relating to the Health & Family Welfare Department.

MENTION CASES

Shri Sahajahan Choudhury : Not responded.

...(Noise)...

Shri Tajmul Hossain : Not responded.

...(noise)...

Shri Anisur Rahaman : Not responded.

...(noise)...

Shri Gouranga Chatterjee : Not responded.

...(noise)...

Shri Choudhury Md. Hedayatullah : Not responded.

...(noise)...

Shri Basudeb Mete : Not responded.

...(Noise)...

Shri Dhirendra Nath Mahato : Not responded.

...(noise)...

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। F. D. I নিয়ে 2 অনাবশ্যক কারণে ভারতবর্ষের প্রধানমন্ত্রী এবং ইউ.পি.এ -এর চেয়ারপার্সন [অধ্যক্ষের আদেশক্রমে বাতিল] প্রতি বিরূপ ধারনা পোষণ করা হচ্ছে। গতকালও এই বিধানসভায় FDI-র বিরুদ্ধে আলোচনা হয়েছে এবং বলা হয়েছে যে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে ব্যবস্থা নিয়েছেন সেই FDI সংক্রান্ত ব্যবস্থা সঠিক। স্যার, আমি মনে করি কংগ্রেস পরিষদীয় দলের পক্ষ থেকে [***] FDI সম্পর্কে যে ব্যবস্থা নিয়েছেন ... (এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

মিঃ স্পীকার : [***]-নাম বাদ যাবে। এটা কেন্দ্রীয় ব্যাপার এখানে আলোচনা হতে পারে না।

[12.10 — 12.21 a.m.]

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আজকে এই বিধানসভার মধ্যে যাঁরা নাটক করছেন তাঁদের প্রথমেই বলি, গোটা হাওড়া শহরে আজকে ডেঙ্গুর জ্বালায় মানুষ পর্যুদস্ত হচ্ছে এবং এঁদের প্রশাসন হাওড়া পৌরসভা ৩৪ বছর ধরে ধরে রেখেছে, ডেঙ্গুর প্রকোপে মানুষ মরছে। আজকে এখানে যে নাটক হচ্ছে এই নাটকের যাঁরা মূল উদ্যোক্তা তাঁদের উদ্দেশ্যে

***'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

বলি, আগে আঙ্গুল-টা নিজের দিকে ঘোরান, দেখুন প্রশাসন আপনাদের হাওড়ার কী করছে ! ডেঙ্গুর মশাতে মানুষ মরছে আর আপনাদের মেয়র গোয়ার সি-বিচে বেড়াতে গেছেন। এটা আপনি দেখুন। হাওড়ায় জল নেই, হাওড়াতে সমস্ত নালা-নর্দমা বিপর্যস্ত, হাওড়া পরিষ্কার হয় না এবং তার জন্য ডেঙ্গুর প্রাদূর্ভাব হয়েছে। এই ডেঙ্গুর প্রাদূর্ভাবের মূল কারণ হাওড়ার মেয়র এবং ৩৪ বছর ধরে হাওড়ার প্রশাসনকে বামফ্রন্ট কবজা করে রেখেছে। আমি স্যার আপনার মাধ্যমে এই প্রশাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিমের কাছে আবেদন জানাচ্ছি ; আপনি অবিলম্বে ব্যবস্থা নিয়ে হাওড়ার মানুষকে বাঁচান। একটু জল জমলেই ছুটে যান। প্রশাসন নেই। বহুতল বাড়ীগুলো, বে-আইনী বাড়ীগুলো ভেঙ্গে পড়ছে আর মেয়র গোয়া বেড়াতে গেছেন। এঁদের লজ্জা হয় না, এঁরা এখানে নাটক করে বেড়াচ্ছেন। এঁরা মশারীর মধ্যে একটা বুড়ো মানুষকে বসিয়ে রেখেছেন। আরে শুইয়ে দিন, শুইয়ে দিন। বসে থাকলে আবার, উনি বেশিক্ষণ বসতে থাকতে পারবেন না। রেজ্জাক সাহেব আপনার অনেক বয়স হয়েছে, এবার একটু শুয়ে পড়ুন, আর বসে থাকা যাবে না। ... (এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

শ্রী ইনসার আলি বিশ্বাস : (not responded).

শ্রী রঞ্জিৎ কুমার মন্ডল : (not responded).

(At this stage the Hon'ble Left Front members walked out of the House)

শ্রী অপূর্ব সরকার : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয়া সংখ্যালঘু উন্নয়ন বিষয়ক মন্ত্রীকে জানাতে চাই যে, যখন এই সরকার সংখ্যালঘু মানুষের উন্নয়নের কথা বলছে, সংখ্যালঘু মানুষের উন্নয়নের কথা চিন্তা করছে, আমরা বিভিন্ন পত্র-পত্রিকায়, হাউজের মধ্যে, হাউজের বাইরে শুনতে পাচ্ছি তখন দুর্ভাগ্যের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, আমি মুর্শিদাবাদ জেলার কান্দি বিধানসভা থেকে নির্বাচিত একজন বিধায়ক অথচ সেখানকার সংখ্যালঘু উন্নয়ন দপ্তর যে 'আমার বাড়ী প্রকল্প'র কাজ শুরু করেছিল গত ১ বছর আগে, কান্দি ব্লকের ১১৭ জন বেনিফিসিয়ারিকে 50% টাকা দেওয়া হয়েছিল ১ বছর আগে, 50% কাজ করার পরেও বিগত ১ বছর ধরে ব্লক, মহাকুমা, জেলাস্তরের আধিকারীকদের বলার পরেও সেই ১১৭ জন বেনিফিসিয়ারীকে বাকি 50% টাকা না দেওয়ার ফলে বিগত বর্ষায়, বিগত শীতে তারা গাছতলায় অথবা ত্রিপল খাটিয়ে এখনও বসবাস করছেন। আপনার মাধ্যমে সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের মাননীয়া মন্ত্রীকে বলতে চাই উপরোক্ত ঐ ১১৭ জন বেনিফিসিয়ারীদের 50% টাকা দেওয়া হোক যাতে তারা 'আমার বাড়ী' গৃহের কাজ শেষ করতে পারে। এটা একটা সরকারী প্রকল্প, মাল্টি-সেকটরাল ডেভেলপমেন্ট প্লান। কেন্দ্রীয় সরকারের টাকা এসে পড়ে আছে খরচ হচ্ছে না। আপনার মাধ্যমে বিষয়টার প্রতি মাননীয়া মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আমরা দেখলাম দীর্ঘকাল ধরে দুষিত জলের মধ্যে বা দুষিত পরিবেশের মধ্যে বামফ্রন্ট থেকেছে, বামফ্রন্টেরই ডেঙ্গু হয়েছে।

আমি যে বিষয়টা আপনার কাছে তুলে ধরতে চাই সেটা হচ্ছে যে, আমার রামপুরহাট বিধানসভা এলাকার দুনিগ্রাম রোড ক্যানেল মোড়ে একটি সেতু আছে। সেই সেতুটি মাসখানেক হল ভেঙে গেছে। আমি মাননীয় যারা আধিকারিক আছেন, তাদের সঙ্গে যোগাযোগ করায় সেচ দপ্তর বলছেন ওটা পি.ডব্লউ.ডি.র, আবার পি.ডব্লউ.ডি. বলছেন ওটা সেচ দপ্তরের। ফলে এই একটা স্টেলমেট হয়ে রয়েছে। যার ফলে বহু মানুষ যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছেন, রামপুরহাট শহরেও আসতে পারছেন না। আমি আপনার কাছে অনুরোধ করবো অবিলম্বে এই সেতুটির সংস্কারের ব্যবস্থা করে জনজীবনে যে একটা বিচ্ছিন্নতার বিষয় চলে এসেছে, সেখানে মানুষ যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। আমি বলবো দুনিগ্রাম রোড ক্যানেল মোড়ের সেতুটি যে দপ্তরেরই হোক না কেন - স্বাভাবিকভাবে মানুষের যাতে কোন অসুবিধা না হয় আমাদের মা-মাটি-মানুষের সরকার তার নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এটি দেখে আসছেন। স্বাভাবিকভাবেই আধিকারিকদের কোন গাফিলতির ফলে এই বিষয়ে মানুষ কষ্ট ভোগ করুন নিশ্চয়ই আমরা এটা চাইব না। তাই আমি অনুরোধ করবো পি.ডব্লউ.ডি. বা সেচ দপ্তর যে দপ্তরেরই হোক না কেন এই বিষয়টি অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করে সেতুটি নির্মাণ করা হোক। ধন্যবাদ স্যার।

শ্রী রামশঙ্কর হালদার : নট রেসপনডেট।

ZERO HOUR

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার অনুমতি নিয়ে সাবজেক্টটা চেঞ্জ করছি। আমি অনুরোধ করছি মাননীয়া স্বাস্থ্য প্রতিমন্ত্রী এখানে আছেন উনি ডেঙ্গুর উপর যদি বিবৃতি দেন, এই জ্বরের উপরে কতজন মারা গেছেন, কি অবস্থার মধ্যে আছেন, এম.এল.এ. হোস্টেলে ..... (গোলমাল) ..... আমি স্যার আপনাদের কাছে আবেদন রাখছি। উনি এক্ষুনি বিবৃতি দিন।

মিঃ স্পীকার : বসুন বসুন, আপনি বসুন। যেহেতু জিরো আওয়ার - আপনি জানেন তো এর প্রাসঙ্গিকতা কি? জিরো আওয়ারে আপনি ম্যাটারটা রেজ করতে পারেন কিন্তু মন্ত্রী জিরো আওয়ারে বিবৃতি দেয় এরকম কোন এখানে প্রিসিডেন্স নেই। সুতরাং I cannot allow.

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, একটা বিষয় আমি বলি - এখানে বলা হচ্ছে গতকাল আমি বলেছিলাম - এফ.ডি.আই.য়ের জন্য মানুষের যে দুর্গতি, সেই দুর্গতিতে দেখেছি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সঠিক সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তিনি এর বিরুদ্ধে সাধারণ মানুষের হয়ে যে লড়াই করছেন সেই লড়াইয়ে আমরা সাধ দিচ্ছি। আজকে যে বিষয়টা বলতে চাই মাননীয় প্রধানমন্ত্রী তিনি সাধারণ মানুষের জন্য একটা বিশাল ভাবছেন, অসাধারণ মানুষের জন্য একরকম ভাবছেন আর সাধারণ মানুষের জন্য এরকম ভাবছেন। গ্যাস, ডিজেল, পেট্রোল এই সমস্ত বিষয়ে দাম বৃদ্ধি করে জনজীবনে একটা অশান্তি এনে দিয়েছেন, জনজীবনকে বিপর্যস্ত করেছেন। স্যার প্রধানমন্ত্রী তাঁর ভাষণে বলছেন ৬ টা মাত্র গ্যাস পেলেই সাধারণ মানুষের হয়ে যাবে। আর বাকিগুলি কিনতে হবে ৭৫০ টাকা দিয়ে। মাননীয় প্রধানমন্ত্রী ভাষণ দিয়ে বললেন দেশের মানুষের ৬ টা রান্নার গ্যাসই যথেষ্ট। হ্যাঁ, সাধারণ মানুষ তাঁর ধর্তব্যের বাইরে। তাদের ৬ টা গ্যাস হলেই চলবে। তারা তো বিশিষ্ট শিল্পপতি কিংবা কেন্দ্রীয় নেতা নন। স্যার শুনন খবরে দেখলাম .....

মিঃ স্পীকার : আপনি তো জানেন আশীষবাবু জিরো আওয়ারে এত কিছু .....

ড. আশীষ ব্যানার্জী : স্যার আমি তো বিষয়টা রেজ করছি। আমি সংক্ষেপে শুধু বলে দিচ্ছি, খবরে দেখলাম বিশিষ্ট শিল্পপতি নবীন জিন্দাল ১১-১২ আর্থিক বছরে গ্যাস সিলিন্ডার ব্যবহার করেছেন ৩৬৯টা, বিদেশ প্রতিমন্ত্রী প্রীতিন কাউর করেছেন ১৬১টা, বিজেপি নেতা রাজনাথ সিং করেছেন ৪০ টা, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এম.এস.গিল. করেছেন ৭৯ টা, কংগ্রেস নেতা সুরেশ কালমাদী করেছেন ৬৩ টা, রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলট করেছেন ৪৫ টা, লালুপ্রসাদ যাদব ৪৩ টা। স্যার সাধারণ মানুষ নন, অসাধারণ মানুষদের জন্য আলাদা ব্যবস্থা। সাধারণ মানুষের জন্য মমতা বন্দ্যোপাধ্যায়ের লড়াই তাই সঠিক এবং তার এই লড়াইয়ে বাংলার সাধারণ মানুষ সাধ দিচ্ছেন। ধন্যবাদ স্যার।

মিঃ স্পীকার : আপনি যে সাবজেক্ট দিয়েছেন সেখানে ইনক্রিজ অফ ডি.এ. সেখানে আপনি ডেঙ্গু নিয়ে বলছেন, আপনি একজন অভিজ্ঞ বিধায়ক এটা হবে না, I disallow this. উনি যা বলেছেন সেটা এক্সপাঞ্জ হবে।

GOVERNMENT RESOLUTION UNDER RULE 169

Mr. Speaker : Now, I call upon the Hon'bel Minister Dr. Sukumar Hansda to move his resolution.

ডাঃ সুকুমার হাঁসদা : মিঃ স্পীকার স্যার, আমি গভর্মেন্ট রেজলিউশান আন্ডার রুল ১৬৯ মুভ করছি না।

(At this stage the House was adjourned till 1-15 P.M.)

[1.15—1.30 p.m.] (Including recess)

LEGISLATION

The West Bengal Panchayat (Second Amendment) Bill, 2012

Shri Subrata Mukherjee : Sir, with your permission, I beg to introduce the West Bengal Panchayat (Second Amendment) Bill, 2012 and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. (Here take the cyclostyle copy of the statement enclosed herewith)

(Secretary then read the title of the Bill)

Mr. Speaker : There is a Statutory Resolution under Article 213(a) of the Constitution of India by Shri Anisur Rahaman. I now

call upon Shri Rahaman to move his Resolution.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that this House disapproves the West Bengal Panchayat (Amendment) Ordinance, 2012 (West bengal Ordinance No. II of 2012).

Mr. Speaker : Under the established parliamentary practices, discussion of Statutory Resolution and motion for consideration of the Bill will be taken together. The Hon'ble Minister-in-Charge for Panchayat and Rural Development may please move his motion for consideration of the Bill.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the West Bengal Panchayat (Second Amendment) Bill, 2012 be taken into consideration.

Mr. Speaker : There is an amendment to the motion that the bill be circulated for the purpose of eliciting opinion thereon by Shri Anisur Rahaman. I now call upon Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Sir, with your permission, I beg to move that The West Bengal Panchayat (Second Amendment) Bill, 2012 be circulated for the purpose of eliciting opinion thereon by the 25th October, 2012.

A Statement explaining the circumstances which had necessitated immediate legislation by the West Bengal Panchayat (Amendment) Ordinance, 2012

[under rule 72 of the Rules of Procedure & Conduct of Business in the West Bengal Legislative Assembly]

1. The West Bengal Panchayat (Amendment) Bill, 2012 was passed by the West Bengal Legislative Assembly on 02.04.2012. After assent of the Governor of West Bengal, the West Bengal Panchayat (Amendment) Act, 2012 was notified in the official Gazette. After the said amendment, the West Bengal Panchayat Act, 1973 had the following provisions in the 3-tier Panchayats —

(a) for reservation of seats and offices for **Scheduled Castes, Scheduled Tribes and Backward Classes** *in proportion to the populations* belonging to SC, ST and BC respectively;

(b) for reservation of not more than one-half of the seats and offices reserved for SC, ST and BC **for women** ; and

(c) for reservation of not more than one-half of the total seats and offices, including those reserved for women belonging to SC, ST and BC, **for women.**

2. When the matter of giving effect to the West Bengal Panchayat (Amendment) Act, 2012 was taken into consideration by the State Government, a solemn order passed by the Hon'ble Supreme Court of India in the matter of K. Krishna Murthy & Ors Vs Union of India came to its knowledge.

3. It may be noted that provisions for reservation in favour of SC and ST were made in the West Bengal Panchayat (Amendment) Act, 2012 following the mandate enshrined in Article 243D (1) of the Constitution of India for reservation of seats and offices in favour of SC and ST *in proportion to the SC or ST population.* Since Article 243D (6) of the Constitution has given the State Letgislatures adequate liberty to decide on the quantum of reservation for BC, provision for reservation of seats and offices in favour of BC has been made in the West Bengal Panchayats *in proportion to BC population.* It is pertinent to point out that in the matter of K. Krishna Murthy v. Union of India, the Hon'ble Supreme Court has upheld that *"in the absence of explicit Constitutional guidance as to the quantum of reservation in favour of Backward Classes in local self government, the rule of thumb is that of proportionate reservation."* But the judgment of the Hon'ble Supreme Court in the matter of K. Krishnamurthy v. Union of India also states that*"..... it may be necessary to provide reservations in favour of the Scheduled Tribes that exceed 50% of the seats in panchayats located in the Scheduled Areas. However, such exceptional considerations cannot be invoked when we are examining the quantum of reservations in favour of backward classes for the purpose of local bodies located in general areas. In such circumstances,* ***the vertical reservations in favour of SCs/STs/OBCs cannot exceed the upper limit of 50%***

when taken together. *It is obvious that in order to adhere to this upper ceiling, some of the States may have to modify their legislations so as to reduce the quantum of the existing quotas in favour of OBCs."*

4. Although there is no provision for fixing any 'percentage' or 'quota' for reservation for SC, ST and BC in the Panchayat laws of West Bengal, the extent of reservation of seats and offices for SC, ST and BC taken together would exceed fifty per cent in a large number of cases in all tiers of Panchayats owing to the provisions for reservation of seats and offices *in proportion to population*. Hence, it was considered necessary to be assured that the existing provisions of the West Bengal Panchayat Act, 1973, as amended up to date, would in no way violate the solemn judgment passed by the Hon'ble Supreme Court. So, valued opinion of the Ld. Advocate General was sought for on the point whether the existing provisions for reservation of seats and offices in the West Bengal Panchayats as amended up to date were free from any legal complication or whether any further amendment to the West Bengal Panchayat Act, 1973 would be necessary to make the same safe from legal complications, Since Ld. Advocate General was not available in office for long, valued opinion of Ld. Government Pleader was sought for in this regard. With regard to reservation of seats and offices for SC, ST and BC in theWest Bengal Panchayats, Ld. Government Pleader clearly opined as follows, *"Hence, adequate care is required to be taken by the Legislature to the effect that the provision for reservation as contained in the West Bengal Panchayat (Amendment) Act, 2012 does not violate the law declared by the supreme Court in K. Krishna Murthy (supra). There should be a clear and unambiguous declaration in the provision for reservation that the quantitative reservation does not exceed 50% by use of expressions like 'shall not exceed 50%'".*

5. In the light of the above opinion, it was considered necessary to bring about necessary amendments in the West Bengal Panchayat act, 1973 and in the West Bengal Panchayat Elections Act, 2003 in order to ensure

   (a) that the Hon'ble Supreme court's verdict regarding

vertical reservation of seats and offices for SC, ST and BC taken together does not exceed 50% ;

(b) that the Constitutional directive given in its Article 243D (1) for reservation of serats for SC and ST on the basis of proportion to population *as nearly as possible* can be adhered to, taking into account the Supreme Court's verdict ; and

(c) that reservation of seats and offices for BC can be made in terms of Article 243D (6) of the Constitution on the basis of proportion to population *as nearly as possible* but at the same time without affecting the rights of the SC and ST (which have been guaranteed by the Constitutional mandate) and after taking into account the Hon'ble Supreme Court's verdict.

6. Since preparatory steps for the next Panchayat General Elections were already initiated by the West Bengal State Election Commission and since the Legislative Assembly of the State of West Bengal was not in session, promulgation of the West Bengal Panchayat (Amendment) Ordinance, 2012 was necessitated to facilitate the ongoing process of delimitation of constituencies and reservation of seats.

শ্রী আনিসুর রহমান : স্যার, মাননীয় মন্ত্রী আমাদের পঞ্চায়েতের দ্বিতীয় এ্যামেন্ডমেন্ট বিল যে এনেছেন আমি শুধু তার বিরোধিতা করছি না, এই বিল আনাটা হয়েছে অন্যায়, অনৈতিক এবং অগণতান্ত্রিক এবং এমন কি অসংবিধানিক। আমি এইজন্য প্রথমে এই বিলের বিরোধিতা করছি কারণ আপনারা সকলেই ভাল করে জানেন যে, আমরা যখন ছিলাম ২০১১ সালে, তখন আমরা ফেব্রুয়ারী মাসে একটা বিল এনেছিলাম। সেই বিলে মূলত মহিলাদের রিজার্ভেশানের ব্যাপারে বলা ছিল যে গভর্ণমেন্ট অফ ইন্ডিয়া ইতিমধ্যে সিদ্ধান্ত করেছে যে তারা অর্দ্ধেক মহিলাদের রিজার্ভেশানের ব্যবস্থা করবে। সেইমত পশ্চিমবাংলাতেও এইরকম বিল আমরা এনেছিলাম যে, অর্দ্ধেক মহিলাদের রিজার্ভেশানের ব্যবস্থা করা হবে এবং সেটার নিয়মমত আমরা অনুমোদন পাই। তারপরে রাজ্যপালের অনুমোদন পাই এবং সেটা যেভাবে নোটিফিকেশান হওয়ার কথা নিয়মমত তা হয়ে গেল। তারপরে আমরা দেখলাম যে পরবর্তীকালে এই আগের যে session ছিল সেই সময় আবার একটা একই বিষয়ের উপর বিল আনা হল। এই যে বিরাট একটা বিল আনা হল মাত্র একটি শব্দ হচ্ছে আলাদা। আমাদের বলা হয়েছিল not less than 50% মহিলা হবে। আর আমাদের সুব্রতবাবু করলেন যেটা not exceeding 50%। এই একটা বিষয় করলেন। আমরা সেই সময় আলোচনায় বলেছিলাম আপনি যে বললেন মহিলাদের ৫০ ভাগ হবে না সেই যুক্তি হিসাবে আপনি যা

দেখিয়েছেন এই যুক্তি আপনি নিজেই খন্ডন করেছেন। খন্ডন করেছেন এই কারণেই সেই সময় যে আইনের ধারাগুলি আছে রিজারভেশানে যেটা তিনি পরপর বলেছেন, যেটা আমাদেরও বলা হয়েছিল এমনকি সংবিধানেও বলা আছে। যে কথাটা বলা আছে তা হচ্ছে যে এস.সি, এস.টি এবং ও.বি.সি - যে ও.বি.সি যুক্ত করা হল এই সব মিলিয়ে তাদেরই রিজারভেশান হবে জনসংখ্যা অনুপাতে। যে অনুপাতে এস.সি পাশ করবে, সেই অনুপাতে মেম্বার হবে চেয়ারম্যান হবে। যে অনুপাতে ও.বি.সি পাশ করবে সেই অনুপাতে সংরক্ষণ হবে। যে অনুপাতে এস.সি থাকবে সেই অনুপাতে সংরক্ষণ হবে। আমরা বললাম যে আপনি এটা রেখে দিয়েছেন। অথচ আপনি পরিবর্তন করলেন মেয়েদের ক্ষেত্রে। যুক্তি দেখালেন কি - নয় তো কখনই রিজারভেশান ৫০% পার হবে না। আমরা বললাম কোথায় লেখা আছে? সংবিধানের কোন জায়গায়তো লেখা নেই। এই যে আইনটা হয়েছে আমরা আগে করেছিলাম। তার আগে আপনারা জানেন যে ১৯৯২ সালে আমাদের সংবিধানের পরিবর্তন করা হল। সেই সংবিধানে স্পষ্ট ভাষায় লিখে দেওয়া হয়েছে প্রত্যেকটা ক্ষেত্রে, যেমন মহিলাদের ক্ষেত্রে বলা হয়েছিল not less than one third কিন্তু কোন আপার লিমিট বলা নেই। এস.সি-দের ক্ষেত্রে বলা হয়েছিল as per population percentage হবে কোন আপার লিমিট ছিল না। এস.টি, ও.বি.সি-দের ক্ষেত্রে যা বলা হয়েছিল সেখানেও কোন আপার লিমিট ছিল না। সুতরাং ৫০% বেশি হবে না একথা কিন্তু কোথায়ও বলা নেই। তিনি এই যুক্তি দেখিয়ে এটা হাজির করলেন। পরবর্তীকালে আমরা জিজ্ঞাসা করলাম কি হয়ে আছে? সংবিধানে কোন বার নেই। বার আছে কি না দেখতে গিয়ে একটা মামলা হয়েছিল। সুপ্রিম কোর্টে একটা মামলা হয়েছিল। সেই মামলায় নাকি অর্ডার বেরিয়েছে তাতে নাকি বলা আছে ৫০ ভাগের বেশি হবে না। আমরা বহু খোজাখুজির পর সেই মামলা উদ্ধার করলাম। সেই যে Constitution bench হয়েছিল কয়েকজনকে নিয়ে তার যে অর্ডার, তার যে ফাইন্ডিংস সেটা আমরা দেখলাম যে অদ্ভূত। যে কথা বলা হয়েছে তার কোন মানে হয়নি। এই বিষয়ের একটা বইয়ে যে কটা কথা বলা আছে সেই কটা কথা পড়লে বুঝতে পারা যায় কি কথা বলা আছে। প্রথম বলা আছে আমাদের যে ফান্ডামেন্টাল রাইটস তারা যে ১৪ ধারা, ১৫ ধারা, ১৬ ধারা তাতে আমাদের বলা আছে যে কোন ডিসক্রিমিনেশান করা চলবে না। ধর্মের নামে হতে পারে বা ভাষার নামে হতে পারে বা কোন নামের কোন পার্থক্য করা যাবে না। একথা বলা আছে নিঃসন্দেহে ঠিক। কিন্তু তারপরে ২৪৩ -এর D এবং ২৪৩-এর T এই যে ধারা আছে এখানে পঞ্চায়েত যুক্ত করে বলা হল এখানে ওই ধারা মিলবে না। যে কোর্টে এই কেসটা এসেছিল তাতে যে চার-পাঁচটা বিষয় বলেছে তার শেষ কথাটা যেটা বলেছে এই একটা কথাতেই বুঝতে পারা যায় কি চেয়েছিল তারা। তারা বলল With this observation the present set of writ petition stands disposed of এটা কোন verdict নয়। এটা কোন অর্ডার নয়, নাথিং। এটা হচ্ছে একটা অবজারভেশান। অবজারভেশানের বলতে গিয়ে তারা পাঁচটা অবজারভেশানের কথা বলেছে, পাঁচটা বিষয়ের উপর। প্রথমে যেটা বলেছে The nature and purpose of reservations in the context of local self-government is considerably different from that of higher education and public employment. হায়ার এডুকেশান এবং পাবলিক এমপ্লয়মেন্টের ক্ষেত্রে ওই ১৪-১৫ ধারায় যেটা বলা আছে তারসঙ্গে এর কোন সম্পর্ক নেই। এটা একেবারে

আলাদা। Article 243-D and Article 243-T form a distinct and independent constitutional basis for affirmative action and the principles that have been evolved in relation to the reservation policies enabled by Articles 15(4) and 16(4) cannot be readily applied in the context of local self-government. Even when made, they need not be for a period corresponding to the period of reservation for purposes of Articles 15(4) and 16(4), but can be much shorter. 'খুব স্পষ্ট ভাষায় বলে দেওয়া আছে ওখানে যে ফান্ডামেন্টাল রাইটসে বলা ছিল, রিজারভেশানের কথা যদিও সেখানে বলা নেই যে ৫০ ভাগের বেশি হবে না। কিন্তু তা সত্বেও বলে দেওয়া আছে ওখানে যা আছে এই যে ২৪৩ - এর ডি এবং ২৪৩ -এর টি ধারা এখানে ওই নিয়ম কার্যকরী হবে না। এটা আলাদা করে বলা আছে। এই যে Constitution bench এই কথা বলেছে।

Article 243-D (6) and Article 243-(6) are constitutionally valid since they are in the nature of provisions which merely enable State Legislatures to reserve seats and chairpersons posts in favour of backward classes. Concerns about disproportionate reservatons should be raised by way of specific challenges against the State Legislations.

অতএব এখানেই বলা আছে কখনই ৫০ ভাগের কথা কোথাও এইখানে বলা নেই। তারপর ৩ নম্বরে বলা আছে —

(iii) We are not in a position to examine the claims about overbreadth in the quantum of reservations provided for OBCs under the impugned State Legislations since there is no contemporaneous empirical data. The onus is on the executive to conduct a rigorous investigation into the patterns of backwardness that act as barriers to political participation which are indeed quite different from the patterns of disadvantages in the matter of access to education and employment. As we have considered and decided only the constitutional validity of Articles 243-D(6) and 243-T(6), it will be open to the petitioners or any aggrieved party to challenge any State legislation enacted in pursuance of the said constitutional provisions before the High Court. We are of the view that the identification of 'backward classes' under Art. 243-D(6) and Art.243-T(6) should be distinct from the identification of SEBCs for the purpose of Art. 15(4) and that of backward classes for the purpose of Art. 16(4).

এখানেও পরিষ্কার বলা আছে যে, এই ব্যাপারে কোনরকমের যদি কারোর কোনো অভিযোগ থাকে, তারা কোর্টে যেতে পারে, বলতে পারে কিন্তু আমরা এই ব্যাপারে বন্ধ করতে পারি না, এই ব্যাপারে কোন স্পষ্ট নির্দেশ আমাদের কনস্টিটিউশান রাইটে বলা আছে। ৪ নম্বরে আছে রিগার্ডিং

দি ৫০%। যদিও ৫০% বলে কনস্টিটিউশানে কিছু নেই কিন্তু যারা দাবি করেছিলেন তারা ৫০%-এর কথাই যেহেতু বলেছিল, এর জন্য বলা আছে—

(iv) The upper ceiling of 50% vertical reservations in favour of SC/ST/OBCs should not be breached in the context of local self-government. Exceptions can only be made in order to safeguard the interests of Scheduled Tribes in the matter of their representation in panchayats located in the Scheduled Areas.

যদিও আমাদের এখানে সিডিউল এরিয়া নয় কিন্তু এই যে ৫০% এটা কোন সংবিধানে কোথাও উল্লেখ করা নেই। এটা বলেছে যদি এইরকম কিছু থাকে, তবে আলোচনার জন্য সেইভাবে বলেছে কিন্তু বাদ তারা দেয়নি। ৪ নম্বরে বলেছে —

(v) The reservatin of chairperson posts in the manner contemplated by Article 243-D(4) and 243-T(4) is constitutionally valid. These chairperson posts cannot be equated with solitary posts in the context of public employment.

এই চাকরি-বাকরির জন্য যে ব্যবস্থা আছে, তার সঙ্গে চেয়ারপার্সেন রিজার্ভেশান - একে যুক্ত করা যায় না। সেটাও এখানে বলা আছে। অতএব যে যুক্তি দেখানো হয়েছে সে যুক্তি আদৌ টেকে না। দ্বিতীয় হচ্ছে যে, আজ থেকে ২০ বছর আগে এই সংবিধানের পরিবর্তন হয়েছে। সেই সংবিধানে বলা আছে, নির্দিষ্ট করে বলা আছে সংবিধানে যে, পপুলেশানের পার্সেন্টেজে এই রিজার্ভেশান হবে। যদি এইরকম কোন বার থাকত তাহলে একথা বলা থাকত - ইট উইল নেভার একসিড্ ৫০%। এই কথা কোথাও বলা নেই। অতএব এই যুক্তিও টিকতে পারে না। দ্বিতীয়তঃ এই ২০ বছরে অনেকগুলো ভোট আমাদের হয়েছে। যদি এটা কোন কারণ হত যে ৫০%-এর বেশি করা যাবে না তাহলে আমাদের অনেকগুলো ভোটই বন্ধ হয়ে যেত, মামলা হত, মোকদ্দমা হত। এই ২০ বছরের মধ্যে পশ্চিমবাংলায় এই ব্যাপারে কোন মামলা, মোকদ্দমা কিচ্ছু হয়নি। সবাই এটা মেনে নিয়েছে এবং সবাই এটা মেনে নিয়ে চলছে। এই অবস্থা কেন হল এটা আমি বুঝতে পারছি না। দ্বিতীয় আপনারা দেখবেন যে, আমাদের পঞ্চায়েতে অনেকগুলো সমস্যা ছিল, আমরা সেই সমস্যার সমাধান করেছি। কিন্তু এখনও কয়েকটা সমস্যা আছে। সেই সমস্যার দিকে সুব্রতবাবু গেলেন না। একটা বড় সমস্যা যেটা এর মধ্যে বলা আছে, আমরা বলেছিলাম যে, সংবিধানের পরিবর্তন করা দরকার। আজকে ২০ বছর আগে সংবিধান সংশোধন হয়েছে। এই ২০ বছরের মধ্যে যদি কোন অর্ডার বেরত, তাহলে সংবিধানের সংশোধন করাটা জরুরী হত। সেটা হয়নি বলেই হয় নি। এইজন্য ওটা কোন প্রশ্ন উঠতে পারে না। কিন্তু এই প্রশ্ন আজকে আমাদের সামনে এসছে, এই যে ২০ বছর পার হয়ে গেল, এরমধ্যে যে ভোটগুলো হল, সেই ভোটে কোথাও আমরা এই সমস্যা দেখলাম না, এই সমস্যা আসেনি, কোন মামলা হয়নি, কোন মোকদ্দমা হয়নি। এমনকি কারোর পক্ষ থেকে এই অভিযোগও করা হয় নি যে এটা সংবিধান বিরোধী এই কথাও বলা হয় নি। কাজেই সংবিধানের কারণে যে পরিবর্তনের ব্যাপার আছে, এটা কোন প্রশ্ন আছে বলে আমরা মনে করি

না। কিন্তু তাসত্ত্বেও আমরা মনে করি, যে ব্যবস্থা এখানে হয়ে আছে এটা খুব জটিল। এর ফলে সমস্যা হয়েছে আমি একদিন উদাহরণ দিয়ে বলেছিলাম, ঐ দিল্লির অনেক মন্ত্রীকে আমি বলেছিলাম, এমনকি যিনি এখন আমাদের রাষ্ট্রপতি হয়েছেন, তিনি আগে মন্ত্রী ছিলেন, তাঁকেও আমরা বলেছিলাম। অল পার্টি মিটিং হয়েছিল ৩ মাস, সেখানেও আমরা তুলেছিলাম।

[1.30—1.40 p.m.]

আমাদের এই যে ব্যবস্থাটুকু আছে, এটা হচ্ছে গণতন্ত্রের যে মূল স্পিরিট, সংবিধানের যে মূল স্পিরিট তার বিরোধী। বিরোধী এই কারণে, উদাহরণ দিয়ে বলেছিলাম যে আজকে মুর্শিদাবাদ জেলাপরিষদে যদি ৬০ টা মেম্বার নির্বাচিত হয়, যদি দেখা যায় যে কংগ্রেস দল ৫৯ টি জিতে গেছে বা তৃণমূল দল ৫৯ টি জিতে গেছে, একটা জিতেছে বামফ্রন্ট এবং সেটা হচ্ছে রিজার্ভ একটা সিট, সিডুল ট্রাইব মহিলা, তাহলে সভাধিপতি কে হবে? ওই একজন হবে। ৫৯ জন পাশ করল, তাদের মধ্যে থেকে সভাধিপতি হবে না। একজন পাশ করল সে সভাধিপতি হবে। এটা আমাদের সংবিধানে বলা আছে। এটা জটিল, এর পরিবর্তন দরকার। এর জন্য আমরা দুবার প্রস্তাব পাঠিয়েছি। সেই জ্যোতিবাবুর আমল থেকে পাঠানো হয়েছে। আজও এর সমাধান হয়নি। যদি এইটা সমাধানের প্রস্তাব আনতেন, আমরা আনন্দের সঙ্গে সমর্থন করতাম। দ্বিতীয় একটা দেখবেন, একটা বড় সমস্যা হয়ে আছে আমাদের, তা হচ্ছে জেলাপরিষদ এবং পঞ্চায়েত সমিতির বাজেট। এই যা সিস্টেম হয়ে আছে খুব জটিল। সেই জটিলতাটা এই ধরণের। বাজেটের জন্যে যে মিটিং করতে হবে, স্পেসাল মিটিং, তাতে এগজিসটিং মেম্বারের ৫০ পারসেন্টের বেশি হাজির থাকতে হবে। এগজিসটিং মেম্বার মানে, যারা ইলেকটেড মেম্বার এবং যারা এক্স অফিসিয় মেম্বার। জেলাপরিষদে এক্স অফিসিয় মেম্বার কে কে আছে? যারা ইলেকটেড মেম্বার তারা আছে তার সঙ্গে আছে সমস্ত এম এল এ, সমস্ত এম পি, সমস্ত সভাপতি, এই সমস্ত যুক্ত করে একটা বিরাট কমিটি করা আছে। এবার দেখা গেল ইলেকটেড মেম্বার তারা শুধুমাত্র সভাপতি নির্বাচন করতে পারবেন। আর অন্য ক্ষেত্রে সব মেম্বারের ক্ষমতা আছে। কিন্তু সভাপতি নির্বাচনে তাদের কোন ক্ষমতা নেই। এবার দেখা গেল ইলেকটেড মেম্বারের বামফ্রন্ট কিংবা তৃণমূল কংগ্রেসের সভাধিপতি রয়ে গেল, কিন্তু বাকি মেম্বার যোগ করে বিরোধীরা হয়ে গেল মেজরিটি। এবার সভাধিপতি কি করে কাজ করবে? আর ৫০ পারসেন্টের বেশি মিটিং-এ হাজির কিভাবে করবে, তার কোন ব্যবস্থা নেই। এর ফল হয়েছে জটিল। আমি এই কারণে বলেছিলাম আমার এই বিধানসভা, আজকে এই বিধানসভা তৈরি করেন মুখ্যমন্ত্রী, যদি কালকে আমরা ঠিক করি যে আমাদের এম পি রা আমাদের এখানকার মেম্বার হবে, এক্স অফিসিয় মেম্বার এবং তাদের মুখ্যমন্ত্রী নির্বাচনে পাওয়ার থাকবে না কিন্তু সব সিদ্ধান্তে পাওয়ার থাকবে। তাহলে দেখা যাবে যে এক দলের মুখ্যমন্ত্রী হয়েছে, আর এক দলের মেজরিটি হয়ে গেছে। এই জটিল অবস্থা হবে। যা আজকে উত্তর ২৪ পরগণায় হয়েছে, মুর্শিদাবাদে হয়েছে, নদীয়াতে হয়েছে। মাননীয় মন্ত্রী ভালো করে জানেন। আমি বার বার বলেছিলাম এটার সমাধান না করলে, কোন দলের ব্যাপার না, সব দলকে বিপদে পড়তে হবে। সেই জিনিস হয়ে আছে, এই সমস্যা হয়ে আছে। সেখান থেকে বাজেটে সমস্যা হয়েছে। এমন কি এই কথাটাও বলা নেই যে একবার বাজেট যদি না হয়, ৫০ পারসেন্ট হলনা মিটিং হলনা, তারপর কবার মিটিং হবে, অনন্তকাল ধরে মিটিং হয়ে

হয়ে জীবনে সমাধান হবে না। এই ব্যবস্থা করা আছে। এটার একটা পরিবর্তন ভীষণ দরকার। এটা আমি বলেছিলাম, সেটা এখানে আনা হয়নি। তিন নম্বর বলেছিলাম আমাদের ওই যে এক্স অফিসিয় ব্যবস্থা যেটা করা আছে, এটা একটা অগণতান্ত্রিক ব্যবস্থা। গ্রাম পঞ্চায়েতে মেম্বাররা হচ্ছে মেম্বার, আবার হচ্ছে পঞ্চায়েত সমিতির মেম্বাররা হচ্ছে মেম্বার। ঠিক একই ভাবে পঞ্চায়েত সমিতি, সেখানে এম পি জেলাপরিষদের মেম্বার আবার পঞ্চায়েত সমিতির মেম্বার। এম এল এ আবার জেলাপরিষদের মেম্বার, পঞ্চায়েত সমিতির মেম্বার। একদিকে ডিসেনসির একটা ব্যাপার তো থাকেই। বি ডি ও, সহায়করা বসে আছেন ডায়াসে, আর এম পি মহাশয় বসে আছেন নীচে, দেখতেও খারাপ লাগে। সেটা আমি ভাবছিলাম। এই যে দুইরকম ক্ষমতা এক দল মেম্বারের ক্ষমতা হচ্ছে চেয়ারম্যান তৈরি করা, আর একজন মেম্বারের ক্ষমতা নেই চেয়ারম্যান তৈরিতে অংশ নেওয়া কিন্তু সব জায়গায় অংশগ্রহণ করতে পারবে। এই যে দুই রকম ব্যবস্থা আছে, যার ফলে পঞ্চায়েতে একটা ভীষণ জটিলতা তৈরি হচ্ছে। এর সমাধান হচ্ছে না। আজকে এই বিষয়গুলো যদি সংশোধনী আনতেন আমরা হাত তুলে সমর্থন জানাতাম। আমি যখন এখানে অলপার্টি মিটিং করি, তিন বার মিটিং করেছিলাম। এই তিন মিটিং-এ আমি বলেছিলাম এটা। এবং তারা বলেছিল এই কথাটা লেখা আছে এমন ভাষায়, সেই ভাষার ব্যাপারে আপনি একটু পরিষ্কার জেনে নিন। ওতে বলাছিল The State legislation may by law can provide representation from M.L.A, M.P. ওমুক তোমুক এইসব বলা আছে। সেইটা ওরা বলেছিল may মানে এখানে ধরতে হবে shall, মানে বাধ্যতামূলক। আমি বললাম তা হবে কেন? তারপরে বহুবার লেখালিখির পরে শেষ পর্যন্ত ওরা বলে দিয়েছে It is optional। আপনার ইচ্ছে হলে করতে পারেন, ইচ্ছে না হলে নাও করতে পারেন। তারপরে তিন মিটিং-এ আমি তুলেছিলাম এই জটিলতা কেন রাখবেন? এই জটিলতা রাখা মানে পঞ্চায়েতকে defunct করে দেওয়া। অতএব এটার পরিবর্তন হওয়া দরকার। সেটার কিন্তু পরিবর্তন হয়নি। কিন্তু সেগুলো না করে তিনি এমন বিষয় কতগুলো আনলেন সেগুলো হচ্ছে মারাত্মক। মারাত্মক এই কারণে, আজকে ভাবুন ২০ বছর ধরে জনসংখ্যার ভিত্তিতে যেখানে যত সিডুল কাস্ট আছে তারা তত মেম্বার হয়। যেখানে যত সিডুল ট্রাইব আছে সেই মত মেম্বার হয়। যেখানে যত ও বি সি আছে সেই মত মেম্বার হবে। এবার সুব্রতবাবু করে দিলেন, সংবিধানে কোথাও লেখা নেই, তিনি দিখলেন না এবং এটা তো খুব সহজ প্রমাণ। যদি তিনি দেখতেন এটা তাহলে কমাস আগে যখন বিল আনলেন, আমি যখন তুললাম তখন তিনি বললেন না। তারপরে এখন বলছেন মামলা আছে। আগেও বলেছেন মামলা আছে। মামলার রায় কি আছে বললেন না। আমরা রায় পেয়েছি। কিন্তু এবার হল কি সিডুল কাস্টের মেম্বার যা ছিল তা কমে যাবে, সিডুল ট্রাইব কমে যাবে। শুধু তা না আরো মারাত্মক যা করেছেন যে এই প্রথম ও বি সি কে যুক্ত করা হল। ও বি সি-র একটা বড় অংশ হচ্ছে মুসলিম। আমি ধর্মের নামে কোন উস্কানি দেওয়ার কথা বলতে চাই না। কিন্তু অনেকে বলে মুসলিমরা পিছিয়ে আছে, মুসলিমরা পিছিয়ে আছে। আজকে ও.বি.সি.র নামে কিছু মুসলিমকে এই ক্ষমতা দিতে পারত। কেউ প্রধান হোত, কেউ সভাপতি হোত, কেউ সভাধিপতি হতে পারত। আজকে আপনি বললেন, যদি কখনও এটা ৫০ পার হয়ে যায় তাহলে সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব যোগ করা হবে ইন ফার্স্ট ফেজ। ফার্স্ট ফেজে যোগ করা হবে সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবদের। যদি ফার্স্ট ফেজে ৫০ বা তার বেশী হয়ে যায় তাহলে

আর ও.বি.সি.র একটাও রিজার্ভেসন হবে না। যদি ঘাটতি থাকে তাহলে দু-একটা হবে। আর ঘাটতি না থাকলে হবে না। এই যে ব্যবস্থা করে দিলেন, এর ফলে যারা এই সুযোগটা পেত, এমনকি যদি প্রপোরশনেটলি হোত যে, সিডিউল কাস্ট প্রপ্রোরশনেটলি হবে, সিডিউল ট্রাইব প্রপোরশনেটলি হবে, ও.বি.সি. প্রপোরশনেটলি হবে, তাহলেও একটা যুক্তি ছিল। আর আপনি যা করে দিলেন তাতে সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবদের যুক্ত করে দিয়ে যদি জায়গা থাকে তাহলে পাবে, না হলে পাবে না, যেখানে বেশী হয়ে যাবে, সেখানে এটা কাউন্টেই আসবে না। এটা হয়েছে, যাদেরকে আমরা বলছি পিছিয়ে পড়া, যাদেরকে আমরা বলছি সামনে আনা দরকার, তাদেরকে আইন করে দেওয়া হ'ল। সংবিধান তাদের স্কোপ দিয়েছে, অধিকার দিয়েছে, আর সেখানে আপনি সংবিধানকে ভায়োলেট করে এই জিনিসটা করলেন। মুখে বলছে ফর দা সেফ অফ দা কনস্টিটিউশন, আর কাজে হচ্ছে ফর দা ভায়োলেশন অফ দা কনস্টিটিউশন। এটা আজকে ব্যবস্থা করা হয়েছে। কাজেই এটা হচ্ছে মারাত্মক। আমি মনে করি যে আমি সুব্রত বাবুকে বলব, আমি যে প্রস্তাব রেখেছি, হতে পারে আপনি এখনও হয়ত সবটা পড়ে নিতে পারেননি, কিন্তু এক্ষুনি জরুরি ভাবে এখানে আলোচনায় এটার সমাধান না করে এটা নিয়ে আলোচনা করা দরকার। আমি নিজে প্রস্তাব দিয়েছি, জনগণের মতামত নেওয়া হোক। আর আপনি একটু ভাববেন, আপনি কথা দিয়েছিলেন যে— আমি সময় নিচ্ছি, গোটা বিষয়াটা ভালো ভাবে দেখে যেখানে সংশোধন করা দরকার, যেখানে যে ধরণের এ্যামেন্ডমেন্ট করা দরকার তার একটা ব্যবস্থা আমি করব। এটা আপনি বলেছিলেন। কিন্তু আপনি সেদিকে গেলেন না। আমি বলছি, এখনও সময় আছে, সেই মত করে কমিটির কাছে পাঠান, কিম্বা সেই ব্যবস্থা করুন যাতে আরও ভালো করে পড়ে নিয়ে, যাতে এই যে তিন-চারটি বিষয় যেগুলো খুব জটিল - বাজেট একটা খুব জটিল, চেয়ারম্যান রিজার্ভেশন একটা জটিল, এক্স অফিসিও মেম্বার একটা জটিল, এরকম অনেকগুলো জটিল বিষয় আছে যেগুলোর সমাধান করা দরকার। আমি তখন সমাধান করতে চেয়েছিলাম। কিন্তু আমাদের তৃণমূলের যারা নেতা ছিলেন তারা বললেন যে, এতদিন আপনারা করেননি, আর এখন আমরা মেম্বার - এম.এল.এ.- বেশী হয়ে গেছি সেইজন্য এগুলো করছেন। সেইজন্য আমি পিছিয়ে গেলাম। তখন আমি বিতর্ক চাইনি। কিন্তু আজকে আমরা দু'হাত তুলে সমর্থন করব যদি এটা সমাধান করার চেষ্টা করেন। এটা দলের কারো জন্য নয়, এটা হচ্ছে বাস্তব সমস্যা। যারা ভালো করে দেখেছেন তারা বুঝতে পারবেন যে জটিল সমস্যা কি ধরণের হচ্ছে। এইজন্য আমি বলব, এই পঞ্চায়েতি ব্যবস্থা যদি আমরা ঠিক মত চালাতে চাই, আজকে এটা সবাই জানেন যে, আমাদের পশ্চিমবাংলায় পঞ্চায়েতি ব্যবস্থা অনেক উন্নত ব্যবস্থা হয়েছে। কিছু ত্রুটি, দুর্বলতা, দুর্নীতি থাকতে পারে, কিন্তু একথা কেউ অস্বীকার করতে পারবে না যে, পশ্চিমবাংলায় পঞ্চায়েত কতখানি শক্তিশালী হয়েছে। এটা অস্বীকার করার ক্ষমতা নেই। কিন্তু এটাও আবার তেমনি সত্য যে, কাজ করতে গিয়ে অনেকগুলো সমস্যা আমাদের তৈরী হয়েছে। যেমন যেমন আমরা কাজ করতে গেছি তেমন তেমন সমস্যা হয়েছে, আর যেমন যেমন সমস্যা হয়েছে তেমন তেমন করে সমাধান করার চেষ্টা হয়েছে, তেমন করে পরিবর্তন আনা হয়েছে। আবার পরিবর্তন করতে গিয়েও একটা নতুন সমস্যা তৈরী হয়েছে। এটা ইচ্ছে করে করার ব্যাপার নয়, এটা বাস্তব যে, কাজ করতে গেলে সমস্যা হয়, কিন্তু আমাদের সবার দায়িত্ব হচ্ছে এই সমস্যার বাস্তব সমাধান করা। এটা আমাদের সামনে সবচেয়ে জরুরি কাজ বলে মনে করি। কিন্তু সেটা না

করে এই যে ব্যবস্থা হয়েছে, এই যে প্রস্তাব আনা হয়েছে, এতে আমাদের সংখ্যালঘু, যারা পিছিয়ে আছে, এটা সবাই বলেছেন, সারা দুনিয়া ব্যাপী আলোচনা যে, গ্রামীণ উন্নয়নের জন্য সবচেয়ে বড় দরকার হচ্ছে, গ্রামের সত্যিকারের গরিব মানুষ যারা তাদের অংশগ্রহণ সবচেয়ে বেশী জরুরী। সেইজন্য আমরা বারে বারে বলি যে, আমরা গর্ব করি যে, আমাদের দেশ সারা বিশ্বে একটা বৃহৎ গণতান্ত্রিক দেশ। আমারও গর্ব। কিন্তু আমরা বারে বারে একটা কথা বলি, গণতন্ত্র মানে এই নয় যে, পাঁচ বছরে একটা ভোট দেওয়া, গণতন্ত্র মানে এই নয় যে শুধু একটা মেজরিটি। Majority, vote and demand are the criteria of democracy, ডেমোক্রেসির সবচেয়ে বড় ক্রাইটেরিয়া হচ্ছে যে, ডেমোক্রেসি পার্টিসিপেটরি কিনা। যে গণতন্ত্রে মানুষ অংশগ্রহণ করতে পারে না, যে গণতন্ত্রে মানুষপ্রকল্প রচনায় যুক্ত হতে পারে না, যে গণতন্ত্রে মানুষ প্রকল্প রূপায়নে অংশগ্রহণ করতে পারে না, সেখানে গণতন্ত্র ম্যাচিওর করে না, সেই দেশে গণতন্ত্র উন্নত হতে পারে না। আজকে তাই হয়ে গেছে। নানা কারণে হচ্ছে। এখন আমাদের সামনে দায়িত্ব হচ্ছে, এই যে ব্যবস্থাটুকু আছে তাকে আরও ডেভলপ করা, কি করে আরও পিছিয়ে পড়া মানুষকে যুক্ত করতে পারি, কি করে আরও সেই মানুষকে মর্যাদায় বসাতে পারি, কি করে তাদের অধিকারে উদ্বুদ্ধ করতে পারি তার ব্যবস্থা করা আমাদের কাছে সবচেয়ে জরুরি। এই যে পশ্চিমবাংলায় মহিলাদের সংরক্ষণ করা হয়েছে, এ ক' বছরের অভিজ্ঞতা কি? কেউ বলতে পারে, এমনও হয়েছে যে স্ত্রী হচ্ছে মেম্বার, স্বামী পরিচালনা করছে। এই ঘটনা যে একটাও নেই তা না। এই ঘটনা নিশ্চয় আছে। কিন্তু বাস্তব ঘটনা হচ্ছে, আমি যতগুলো জায়গায় দেখেছি মন্ত্রী হিসাবে, বা কখনও প্রধান বা সভাপতি হিসাবে আমি দেখেছি মেয়েদের কাজ অনেক বেশী আন্তরিক। আর যত ত্রুটি, দুর্নীতির কথা বলা হয় - আমি হিসেব করে দেখেছিলাম একটা সার্ভে করেছিলাম, দেখেছিলাম মেয়েদের কাজে দুর্নীতি অনেক কম হয় এবং তারা যোগ্যতার সঙ্গে কাজ করছে। আদিবাসী জাতির মেয়ে, তফশীলি জাতির মেয়েরা, যারা জীবনে কোনদিন ভাবতে পারেনি যে কোন দিন ভদ্রলোকের পাশে গিয়ে বসব, আজকে বি.ডি.ও. সাহেবের পাশে বসে মিটিঙ করছে, পরিকল্পনা করছে, আলোচনা করছে, মাথা উঁচু করে দাঁড়িয়েছে।

[1.40—1.50 pm]

ঠিক তেমনি সিডিউল কাস্ট বাড়ির মহিলা সিডিউলড ট্রাইব বাড়ির মহিলা তারা মাথা উঁচু করে দাঁড়িয়েছে। আজকে আমাদের পশ্চিমবাংলার মহিলাদের যে মানসিক উন্নয়ন তাদের যে চেতনাগত উন্নয়ন, তাদের যে প্রশাসনে অংশ গ্রহণের ব্যবস্থা করা তাতে পঞ্চায়েত একটা বিরাট ভূমিকা পালন করেছে। আমরা কেউ এটা অস্বীকার করতে পারি না। কিন্তু আমাদের দায়িত্ব আরও বেশি। আপনাদের নিশ্চয়ই মনে আছে এখানে আলোচনা হয়েছিল যখন রাজীব গান্ধী এখানে এসেছিলেন তখন আমাদের এই কলকাতায় মিটিং হয়, তখন একটা আলোচনা হয়েছিল যে মহিলাদের সংরক্ষণ নিয়ে কি হবে না হবে। আমাদের অনেকেই বলেছিলেন মেয়েদের চেতনা এখনও বাড়ে নি, এখনই সংরক্ষণের দরকার নেই। একথা দু একজন বলেছিলেন। সেই সময়ে রাজীব গান্ধী আমাদের জিজ্ঞেস করেছিলেন যে আপনাদের এতগুলো জেলা আছে, জেলায় জেলা পরিষদের

সভাধিপতি আছে, কজন মহিলা আছে? আমরা লজ্জা পেয়েছিলাম যে তখন একজনও ছিল না। তাই আমাদের সংরক্ষণ করতে হয়েছিল। কিন্তু সংরক্ষণ করার ফলে আমরা দেখেছি যে একজন সভাধিপতি যার র‍্যাংক হচ্ছে, স্ট্যাটাস হচ্ছে একজন ডেপুটি মিনিস্টারের মত সেইরকম দায়িত্ব নিয়ে আজকে তারা সর্বত্র ভাল কাজ করছে। এটাই হচ্ছে ঘটনা এবং এই শিক্ষা নিয়ে আমাদের সামনে আরও দায়িত্ব হচ্ছে, আরও কিভাবে আমরা মেয়েদের যুক্ত করতে পারি যাতে তারা নিজেরা দায়িত্ব নিয়ে এই উন্নয়নের কাজ, নিজেদের উন্নয়নের কাজ, এলাকার উন্নয়নের কাজ তারা করতে পারে। এইটা যখন আমার দায়িত্ব তখন আমি এটা কমিয়ে দেওয়ার চেষ্টা করেছি। আমাদের আইনে করা হল ৫০। আমি জানি না এটা রেকর্ড রাখার ভয়ে নাকি কোন কারণে সুব্রত বাবু সেটা রেফারেন্স না করে নতুনভাবে করলেন। আমার আপত্তি নেই। যা করলেন, করলেন। কিন্তু এবার যেটা করলেন এটার কোন মানে হয় না। কোথাও কোন বাধা নেই। একটা কোন বাধা খুঁজে পাওয়া যাবে না যে ৫০ করা যাবে না। বরং লেখা আছে কোথাও আপার লিমিট করা নেই। প্রথম যেদিন সংবিধান লেখা হয়েছে নটা লেস দ্যান ওয়ান থার্ড। দেয়ার ইজ নো আপার লিমিট। এটাকে ৫০, ৬০, ৭০। ৮০ করা যেত। সাংবিধানিক কোন বাধা নেই। এটা ইচ্ছার বাধা। আমি যদি মনে করি করব না। সেটা আলাদা কথা। যদি সুব্রত বাবু মনে করেন যে মহিলাদের বিষয় আমি বাড়াব না সেকথা আলাদা কিন্তু মহিলাদের যদি এগিয়ে নিয়ে যেতে চান এটা সবচেয়ে বড় একটা হাতিয়ার। আজকে আমাদের সমাজে মহিলারা লাঞ্ছিত হয়েছে, ধর্ষিত হয়েছে, বঞ্চিত হয়েছে। এর অন্যতম কারণ তাদের চেতনা। তাদের অধিকারবোধ। পঞ্চায়েত একটা বড় হাতিয়ার। তাদের মাধ্যমেই আমরা এই কাজ করতে পারতাম। সেটা লংঘিত হবে এর মাধ্যমে। এটা আমি বিবেচনা করতে বলব। দ্বিতীয়ত, আমি সিডিউলড কাস্ট, সিডিউলড্ ট্রাইবের ব্যাপারে বলব যে ৭৫ বছর আগে আমরা স্বাধীন হয়েছি। তারপর থেকে সংরক্ষণের ব্যবস্থা হয়ে আছে কিন্তু যে ধরণের উন্নয়ন দরকার ছিল সারা ভারতবর্ষে তফশিলী জাতি, তফশিলী উপজাতি তাদের জন্য সে ব্যবস্থা হয় নি। বরং আমরা বলতে পারি পঞ্চায়েতের মাধ্যমে মেম্বার হওয়ার পরে, পঞ্চায়েতের মাধ্যমে সভাপতি হওয়ার পরে, পঞ্চায়েতের মাধ্যমে প্রধান হওয়ার পরে আজকে সেই মেয়েরা মাথা উঁচু করে দাঁড়িয়েছে। তফশিলী বাড়ির ছেলেরা, মেয়েরা তারা মাথা উঁচু করে দাঁড়িয়েছে। আমাদের দায়িত্ব হচ্ছে তাদের আমাদের সঙ্গে আনা। তফশিলী জাতির বাড়ির ছেলেমেয়েরা পিছিয়ে থাকবে আর যাদের সংগতি আছে তারা সমাজে উন্নত হব এ কখনো হতে পারে না।

এইজন্য আজকে যখন প্রয়োজন যে আরও বেশি সিডিউল কাস্টকে মেম্বার করা তখন আমি তাদের সংখ্যা কমিয়ে দিচ্ছি এবং সবথেকে মারাত্মক অপরাধ যেটা করা হচ্ছে, মুখে আমরা বলছি যে মুসলিমরা পিছিয়ে আছে, আজকে মুসলিমদের একটা বড়া অংশ ওবিসি হয়েছে কিন্তু আজকে যেখানে এই পিছিয়ে পড়া মুসলিম ছেলেরা মেয়েরা আজকে মেম্বার হত, প্রধান হত, সভাপতি হত আরও এগিয়ে যেতে পারত, আরও মাথা উঁচু করে দাঁড়াতে পারত। এই সুযোগ আমাদের সামনে আছে। আইনে কোন বাধা নেই, সংবিধানেও কোন বাধা নেই। বাধা ইচ্ছে করে সুব্রত বাবু করলেন। এটা চরম অন্যায় তিনি করেছেন। আমি অনুরোধ জানাব ভাল করে দেখে নিন যদি সত্যিই বাধা থাকে আইন দেখান আমরা সব মেনে নেব কোন বাধা নেই। যদি আইনে

বাধা থাকে আমরা মানতে বাধ্য। যদি তাই হত তাহলে ২০ বছরে সংবিধান সংশোধন হয়ে যেত। আপনারও ছিলেন সেখানে। সেটা কিন্তু হয় নি। এটা বাধা নয়। এটা আপনাদের উর্বর মস্তিষ্কের চিন্তা যে আমি একটু কমিয়ে মজা দেখি। এটা কাম্য নয়। এতে সুব্রত বাবুর নাম, দুর্নাম কি হবে আমি জানি না। কিন্তু আমি মনে করি পশ্চিমবাংলার ক্ষতি হবে। আমি বিনীতভাবে বলব যে সমালোচনা তো হয়েই আছে। সেই ৭৩এ আইন করেছিলেন। ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭ এই ক বছর আপনি ক্ষমতায় ছিলেন। আইন করে ভুল করেন নি কিন্তু আজকে সুযোগ পেয়েছেন ভোট করার, আপনার মন্ত্রিত্বে ভোট হবে। সেই ভোট যেন এমন ভোট না হয় যে সিডিউলড কাস্ট কমে গেল, সিডিউলড ট্রাইব কমে গেল, আমার মহিলা কমে গেল এই কলংক যেন আপনার ঘাড়ে না পড়ে। এই জন্য আমি আবেদন জানাব যে একটু দায়িত্ব নিয়ে ভাবুন। আমি এখনও বলছি যে যদি আইনে বাধা থাকে সংবিধানে বাধা থাকে সব মেনে নেব। (মাইক অফ)

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, আমি দ্য ওয়েস্ট বেঙ্গ পঞ্চায়েত সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল দু হাজার বারোকে সমর্থন জানিয়ে শুধু বলব যে এই অ্যামেন্ডমেন্ট বিল যথার্থ এবং এই অ্যামেন্ডমেন্ট বিল আনার প্রাসঙ্গিকতা সমাজের পিছিয়ে পড়া মানুষের স্বার্থেই। আইনের অস্পষ্টতা এবং আমাদের সংবিধানের যে মান্যতা এবং সর্ব্বোচ্চ আদালতের রায়কে মান্যতা করার উদ্দেশ্য নিয়েই এই সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল দু হাজার বারো আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী এনেছেন, আমি তাঁদের কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাই। আমি বুঝে উঠতে পারছি না নজরটা অন্যদিকে ঘোরানোর একটা চেষ্টা চলছে বিরোধিতা করে। সিনিয়ার মিনিস্টার এবং মেম্বার ছিলেন আনিসুর সাহেব। কিন্তু আমাদের ভুলে গেলে চলবে না যে, আইনের ফাঁক ফোকর দিয়ে নির্বাচনকে বন্ধ করার একটা অপচেষ্টা পূর্বতন সরকারের ছিল। এবং অন্ধ্রপ্রদেশের হাইকোর্টের একটি রায়ে এই আইনের অস্পষ্টতা এবং ফাঁকফোকর খুঁজে তিন বছর পঞ্চায়েত নির্বাচন বন্ধ আছে। তাই এই সরকার চান নি বলে এই আইনকে করে যেতে পারেন নি। আর চৌত্রিশ বছর যেমন সরকারের ছিলেন, তেমনি এখন সরকারের না থাকলেও পঞ্চায়েতেও যাতে ক্ষমতায় টিকে থাকতে পারি একটা আইনের মারপাঁচ দিয়ে মামলা করে দিয়ে অন্ধ্রের মত তিন বছর ঝুলিয়ে দিতে পারলেই পঞ্চায়েতে থাকাটা একদম পাকা হয়ে যাবে এই রকম একটা মানসিকতা ওদের মধ্যে কাজ করেছিল। তাই অ্যামেন্ডমেন্ট বিল দু হাজার বারো এর প্রাসঙ্গিকতা যথেষ্ট। কথাটা অন্যদিকে ঘুরিয়ে দিলে চলবে না। আপনারই গরীবের সরকার বলে দাবি করেছিলেন। কিন্তু আপনারা সেটা করে যেতে পারেন নি। ''ওইসব ম্লান মূক মুখে দিতে হবে ভাষা, ওইসব শ্রান্ত ভগ্ন শুস্ক বুকে ধ্বনিয়া তুলিতে হবে আশা''। এই জায়গাটি আপনারা ব্রেক করেছিলেন। (গোলমাল) আমি কথাটা বলার চেষ্টা করছি। মূল স্পিরিটটাকে ঘুরিয়ে দিলে হবে না। স্পিরিটটা কোথায় ছিল। আপনারা দারিদ্রের কথা বলতেন। দারিদ্র্য স্বাধীনতাকে দুর্বল করে। কিন্তু বাংলার সমাজের পিছিয়ে পড়া গরীব মানুষের এই যে সংখ্যাটা আছে দু হাজার একের সেনসাসে, এটা যদি দেখেন, আট কোটি এক লক্ষ ছিয়াশি হাজার একশো সাতানব্বই জন হচ্ছে বাংলার জনসংখ্যা। টেন পারসেন্ট রেটে যদি ধরি, তাহলে দেখবেন বেড়েছে। তারমধ্যে পাঁচ কোটি সাতাত্তর লক্ষ আটচল্লিশ হাজার নশো ছেচল্লিশ জন মানুষ গ্রামে বাস করেন। যারা সমাজের সবথেকে দুর্বল শ্রেণীর মানুষ। মোট জনসংখ্যার দু কোটি ছিয়ানব্বই

লক্ষ ষোলো হাজার নয় জন পুরুষ, আর দু কোটি একাশি লক্ষ বত্রিশ হাজার নশো সাঁইত্রিশ জন মহিলা। আনুপাতিক হারে সমান না হলেও প্রায় কাছাকাছি। এই জনসংখ্যার মধ্যে শতকরা তেইশ দশমিক শূন্য দুই শতাংশ তফশিলী জাতি, পাঁচ দশমিক পঞ্চাশ শতাংশ তফশিলী উপজাতি। সমগ্র বাংলার জনসংখ্যার প্রায় এক তৃতীয়াংশ মানুষ এই দুর্বল পিছিয়ে পড়া শ্রেণীভুক্ত। তাই এই গ্রামীন চরিত্রকে অস্বীকার আমরা করতে পারি না। এই শ্রেণীর মানুষগুলির অধিকারকে যদি প্রতিষ্ঠিত না করা যায়, তাহলে ঠিক হবে না। স্বাধীনতা এসেছে। দারিদ্র্যই স্বাধীনতাকে দুর্বল করে। অর্থ দিয়েই তো সব কিছু হবে না। কিন্তু মানুষের দরকার স্বয়ম্ভরতা। মানুষের দরকার তার অধিকার। সমাজের কারা, যারা অর্ধেক হচ্ছেন নারী প্রায় কাছাকাছি। আপনারাও বলেন, আমরাও বলি এই বিশ্বের যত কিছু সৃষ্টি কল্যাণকর, অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর। সে নারীর অধিকারকে প্রতিষ্ঠা করা হচ্ছে। সমাজের দুর্বল শ্রেণীর মানুষের অধিকারকে এখানে প্রতিষ্ঠা করা হচ্ছে। আপনারা এখানে কথা ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করছেন। আর আমরা বলছি এই আইন এনে সেই অধিকারকে এখানে প্রতিষ্ঠা করা হচ্ছে। আপনারা এখানে কথা ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করছেন। আর আমরা বলছি এই আইন এনে সেই অধিকারকে সুপ্রতিষ্ঠিত করতে। সেই অধিকারকে প্রকৃতপক্ষে কোন রকম ফাঁকফোকর না রেখে, তার অধিকার যাতে বিঘ্নিত হতে না পারে, সেইজন্য গণতান্ত্রিক পদ্ধতিতে এই অ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে। তারজন্যই আমরা এর সমর্থন করছি। কোন দিক থেকেই পিছিয়ে যেতে পারব না আমরা। তাই এই বিলকে সমর্থন করার পিছনে আমাদের বক্তব্য হচ্ছে এই আমরা কি চাইছি। আমরা চাইছি গরীব মানুষকে ভরসা দিতে। গরীবের ভরসা, তার অধিকারের কথা বলেছেন।

[1.50—2.00 pm]

কিন্তু সেই অধিকারকে সুপ্রতিষ্ঠিত করে তার মনে ভরসা জাগিয়ে যেতে পারেননি। আর আমাদের নেত্রী মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী অধিকারকে প্রতিষ্ঠিত করার সাথে সাথে ভরসা দিচ্ছেন। সমাজে তাঁর যে বিশেষ ভূমিকা আছে, পঞ্চায়েত ব্যবস্থায় তাঁর যে বক্তব্য প্রতিষ্ঠা করবার ভূমিকা আছে, অধিকার আছে, সমাজ উন্নয়নে তাঁর যে বড় স্থান আছে, সেটাকে সুপ্রতিষ্ঠিত করার জন্যই এই অ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে। তাই আমি মনে করি যে, আমরা যে যাই বলি না কেন, মমতা ব্যানার্জী আমাদের মা-মাটি-মানুষের সরকারের নেত্রী, তিনি এই বিল এনেছেন এবং ৫০ ভাগ মহিলাদের সুরক্ষিত করা হয়েছে। তারমধ্যে এস.সি., এস.টি., ও.বি.সি. রিজার্ভেশন ৫০%, তারমধ্যে আবার ৫০% হচ্ছে সিডিউল কাষ্ট এবং ট্রাইব্। যদি তাতে পূরণ না হয় ও.বি.সি.রা স্থান পাবেন। আর জেনারেল যে ৫০% করা হচ্ছে, তারমধ্যে ৫০% মহিলাদের করা হচ্ছে। এই অ্যামেন্ডমেন্টে তার বিস্তারিত উল্লেখ আছে, আপনারাও দেখেছেন। কিন্তু আমাদের প্রশ্নটা ঐ জায়গাতেই। কেননা আমরা বলতে চাইছি - একটা কথা বলে দিই আমি যে, আপনারা বলছেন নট্ লেস্ দ্যান্ ৫০%। আর এটা সুরক্ষিত করা হচ্ছে নট্ একসিডিং ৫০%। এর একটাই উদ্দেশ্য। এই বিষয় নিয়ে বেশি কচকচানি করার কোনো স্কোপ্ নেই। যদিও স্পিকার সাহেবের সময় বরাদ্দ আছে। মূল বক্তৃতাটা কি হবে? কোথায় আছে? একটাই তো কথা। কিন্তু আইনের কোনো রকম দুর্বলতা, ত্রুটি যাতে না থাকে, অস্পষ্টতা যাতে না থাকে, সেইসঙ্গে সর্ব্বোচ্চ আদালতের রায়কে

মান্যতা করা এবং সংবিধানের যে স্বীকৃতি আছে, তাকে মান্যতা করার জন্যই এই অ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে। আমি খুঁজছি না, আমি বলছি। এটা ফেনিয়ে অনেক কথাই বলা যায়। আপনারা সিনিয়র, হয়তো আরো বেশি বলবেন, জুনিয়র হলেও বলা যাবে। কিন্তু কোন জায়গাতে? আপনাদের কথাই ফিরিয়ে দিচ্ছি। অধিকারটা আনা যাচ্ছে এই কারণেই যে, মমতা ব্যানার্জী বাংলার মা-মাটি-মানুষের সরকারের নেত্রী সুপ্রতিষ্ঠিত করেছেন এই বিলকে এনে, অর্ডিন্যান্স এবং তার অ্যামেন্ডমেন্টের মধ্যে দিয়ে। শরৎচন্দ্র যথার্থই বলেছেন, আগের দিনও বলেছি - ''সংসারে যারা শুধু দিলে, পেলেনা কিছুই, যারা দুর্বল, উৎপীড়িত, বঞ্চিত মানুষ যাদের চোখের জলের হিসেব নেবে না কোনো দিন, নিরুপায়, দুঃখময় জীবনে ভেবেই পেলো না সমস্ত কোনো কিছুতেই কেনই তাদের অধিকার নেই।'' সেই অধিকারটাই তো প্রতিষ্ঠা হচ্ছে - গরীবের অধিকার এই সবকিছুর মধ্যে দিয়ে। এই কথা বলে, এই অ্যামেন্ডমেন্ট বিলকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী অনন্ত দেব অধিকারী : অনারেব্‌ল্ স্পিকার স্যার, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে পঞ্চায়েত সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন, সেই সম্পর্কে আমি এটাই বলতে চাই যে, উনি নিশ্চয়ই জানেন যে গান্ধীজির স্বপ্ন ছিল পঞ্চায়েতরাজ এবং সেটা ১৯৭৩ সালে যখন পঞ্চায়েত অ্যাক্ট্ হয়, সেই সময় তদানিন্তন মন্ত্রীসভার তিনি একজন সদস্য ছিলেন। সেই গান্ধীজির যে দল, সেই দলের তিনি সদস্য ছিলেন এবং মন্ত্রী ছিলেন। সুতরাং গান্ধীজির যে স্বপ্ন, সেটাকে মাথায় রেখে আমার মনে হয় এই বিলের সংশোধনীটা আনলে ঠিক হ'ত। কারণ, এই সংশোধনীর মধ্যে অনেক এলোমেলো ঘটনা আছে। আমরা জানি যে, মন্ত্রী মহোদয় গান্ধীজির আদর্শে, নীতিতেই বিশ্বাসী এবং ওঁনার আদর্শেই তিনি রাজনীতি করতেন। যে সময় এই অ্যাক্টটা হয় ১৯৭৩-এ, তিনি মন্ত্রী সভারও সদস্য ছিলেন। এটাকে সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বলছেন, কিন্তু আমার মনে হয় যে, গত জুনে যে বিধানসভা হ'ল, তখনও একটা সংশোধনী এনেছিলেন। কিন্তু সেখানে সংশোধনী বিলের কিছুই পরিবর্তন আমরা খুঁজে পাইনি। শুধুমাত্র কৃতিত্ব জাহির করার জন্যই মন্ত্রী মহাশয় সেই সংশোধনী বিল এনেছিলেন। এবারে যে বিল এনেছেন, তাতে দেখা যাচ্ছে যে, -এই কারণেই আমি দ্বিতীয় বিল বলব না যে - আজকে ৩০% মহিলা বিল, এটা বামফ্রন্টের আমলে, বিগত সরকারের আমলেই এনেছিল। সুতরাং সংশোধনও হয়েছে এবং পঞ্চায়েত রাজের যে স্বপ্ন গান্ধীজীর ছিল সেটা প্রথম কার্যকরি হয় ৭১ সাল থেকে। সম্পূর্ণ ভাবে না হলেও কিছুটা বাস্তবে কার্যকর হতে শুরু হয়। এই মহিলা সংরক্ষণ বিল এবং এস.সি, এস.টি সংরক্ষণ এবারে নতুন সংশোধনের মধ্যে যোগ হয়েছে ও.বি.সি। কিন্তু এই ও.বি.সির মধ্যে কারা আসবে সেটা যেমন পরিষ্কার বলা নেই। আমরা জানি ও.বি.সি কারা কারা। এটা যদিও আমরা জানি কিন্তু তাদের পার্সেন্টেজ কি হবে? আজকে এস.সি পার্সেন্টেজ কত হবে, এস.টি পার্সেন্টেজ কত হবে এবং ও.বি.সি পার্সেন্টেজ কত হবে? আমরা চাকরির ক্ষেত্রে যেটা জানি যে, ২২% এস.সি ৭% এস.টি এবং ও.বি.সি হচ্ছে ১৭% পার্সেন্ট। তাহলে টোটাল গিয়ে দাঁড়ায় ৪৬%। তাহলে বাকি ৪% কোথা থেকে আসবে তার কোন পরিষ্কার উল্লেখ এই বিলের মধ্যে নেই। অর্থাৎ অন্ধকারে রয়ে গেছে। আবার এদিকে বলা হয়েছে ৫০% মহিলা আবার ৫০% রিজার্ভেশান। আবার বলা হয়েছে ৫০% যদি এস.সি, এস.টি দিয়ে পূরণ হয়ে যায় তাহলে সেখানে

ও.বি.সি থাকলেও তাদের আসার কোন সুযোগ নেই। এই বিলের মধ্যেই রয়েছে। অর্থাৎ দ্বি-চারিতা। পরিষ্কার ভাবে এখানে স্পেসিফিক ভাবে ও.বি.সি -রা কিভাবে আসতে পারে, এটা নতুন সংযোজন হল ও.বি.সি. ক্যাটাগরি অথচ সেই ও.বি.সি -রা কিভাবে আসতে পারে এবং তাদের জন্যে রিজার্ভেশান যাতে সুরক্ষিত হয় সে ব্যাপারে স্পষ্ট ভাবে এই বিলে কিন্তু উল্লেখ নেই। উল্লেখ নেই। ঠিক তেমনি ভাবে প্রধান, উপ-প্রধানদের ক্ষেত্রেও বলা হয়েছে ৫০% -এর বেশী প্রধান, উপ-প্রধান রিজার্ভেশানের আওতায় আসবে না। কিন্তু আবার বলেছে ৫০% যদি এস.সি, এস.টি মিলে পূরণ হয়ে যায় তাহলে সেখানে ও.বি.সি আসার সুযোগ নেই। কিন্তু কোথাও যদি আমরা ধরি এস.সি, এস.টি, ও.বি.সি মিলে ৭০% হয় তাহলে এক্ষেত্রে তো নিশ্চয়ই আসার সুযোগ আছে। তাহলে সেখানে কিভাবে পার্সেন্টেজটা আসবে সেটারও কিন্তু এখানে পরিষ্কার ভাবে উল্লেখ নেই। অর্থাৎ এই পঞ্চায়েত নির্বাচন যদি আসে সেই নির্বাচনে এস.টি, ও.বি.সি এবং এস.সি এই ক্যাটাগরিকালি এবং ওমেন্স -মহিলা -এই সিট রিজার্ভেশানের ক্ষেত্রে এক একটা পঞ্চায়েতে বা এক একটা ব্লকে যে গোলমালটা শুরু হবে সেটা আমার মনে হয় সরকারি অফিসাররাও ঠিক ভাবে সুনির্দিষ্ট ভাবে কোন সিট, কত নাম্বার সিট, কার জন্য রিজার্ভ এস.সি, এস.টি না ও.বি.সি, মহিলা না জেনারেল এটা পরিস্কার করে তাদের ক্ষেত্রে করাটাও খুব কঠিন হবে। সরকারি অফিসারদের ক্ষেত্রেও করাটা খুব কঠিন হবে। তাই আমার মনে হচ্ছে এই রিজার্ভেশানের ক্ষেত্রে পরিষ্কার কোন চিত্র নেই। আমরা মন্ত্রী মহোদয়ের কাছে এই আবেদনই রাখব যে, এই বিলটা সংশোধন হোক আপত্তি নেই, জনস্বার্থে সংশোধন হোক। পঞ্চায়েত রাজই হচ্ছে উন্নয়নের একমাত্র হাতিয়ার এবং পঞ্চায়েতেই থাকে অনুন্নত মানুষ। তারা উঠে আসুক এটা আমরা সকলেই চাই। কিন্তু আসার ক্ষেত্রে যে বাধা নিষেধগুলো আছে সেগুলো যাতে সরলীকরণ হয়, সবাই যাতে উপলব্ধি করতে পারে এবং এতে যাতে কোন বাধার সৃষ্টি না হয়, অসুবিধার সৃষ্টি না হয় যেটা এর আগে আনিসুর দা-ও বললেন। দেখা যাচ্ছে অনেক কিছু বাধার সম্মুখিন হতে হবে এবং এলোমেলো হবে যেগুলো পরিষ্কার ভাবে আজকে এই পঞ্চায়েত বিলের মধ্যে আনাটা উচিৎ ছিল। কারণ আজকে ও.বি.সিদের ক্ষেত্রে বলা হয়েছে কিন্তু ও.বি.সিদের সুনিশ্চিত এখনও করা হয়নি। সুনিশ্চিতকরণ নেই। কিন্তু ও.বি.সি এসেছে এই বিলে এটাকে নিশ্চয়ই সম্মতি জানাতে হয় যে ভালো কাজ হয়েছে। কিন্তু ও.বি.সির জন্য ক্লিয়ার ব্যাখ্যা, পবিষ্কার ব্যাখ্যা সেই ব্যাখ্যা কিন্তু এই বিলের মধ্যে নেই। এতদিন ও.বি.সি ছিল না এবং এই ও.বি.সির মধ্যে যেমন হিন্দু আছে তেমনি মুসলিম সম্প্রদায়ের মানুষও আছে। সেক্ষেত্রেও একটা সমস্যা দেখা দিতে পারে। সেক্ষেত্রেও একটা সমস্যা দেখা দিতে পারে কারণ হিন্দুদের মধ্যেও বহু ও.বি.সি সম্প্রদায়ের মানুষ আছেন। আবার মুসলিম সম্প্রদায়ের অধিকাংশ মানুষই হচ্ছে ও.বি.সি ভুক্ত। সুতরাং সেক্ষেত্রেও একটা দ্বন্দ্ব তৈরী হতে পারে এই সিলেকশানের ক্ষেত্রে অর্থাৎ সিট নির্বাচনের ক্ষেত্রে।

[2.00—2.10 p.m.]

সুতরাং এই অবস্থাগুলো, আজকে যেহেতু সামনে পঞ্চায়েত নির্বাচন হবে, এটা একদম পরিষ্কার ক্লিয়ারভাবে এই বিলের মধ্যে সুনির্দিষ্টকরণ করা উচিত ছিল বলে আমার মনে হয়। না হলে পঞ্চায়েত নির্বাচনের আগে একটা এলোমেলো অবস্থার সৃষ্টি হবে - আমাদের পঞ্চায়েতের

যে অভিজ্ঞতা সেই অভিজ্ঞতা থেকে আমাদের মনে হচ্ছে। আজকে এখানে উনি সবক্ষেত্রেই বলেছেন যে, একটা কথাই ঘুরে ফিরে বারে বারে আসছে, সেটা হচ্ছে, provided also that if and when the number of seats determined for reservation in favour of the scheduled castes and the scheduled tribes in terms of the first proviso or the fourth proviso as the case may be severally or jointly exceeds 50% of the total number of seats in that Panchayat Samiti where shall be no reservation of seats in favour of the backward classes not withstanding that there is a sizeable proportion of backward class population in that block. সেখানে OBC-র মধ্যে একটা sizeable proportion থাকলেও তারা সেখানে আসার সুযোগ পাচ্ছে না এই বিলে। তাহলে OBC -কে আমরা entrance দিলাম, অথচ তারা SC, ST সেখানে 50% হয়ে গেলে OBC -রা আসার কোনো সুযোগ পাচ্ছে না, এখানে বলে দেওয়া আছে। তাহলে আমার মনে হয়, OBC -দেরকে এনে আমরা এটাকে যেমন সমর্থন করছি OBC আসুক কিন্তু আবার পাশাপাশি তাদের সুযোগটাকেও বন্ধ করে দেওয়া হচ্ছে। কাজেই এই বিলকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করতে পারছি না ধন্যবাদ।

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, West Bengal Panchayat Second Amendment Bill আজকের এই সভায় আলোচিত হচ্ছে, বিলটি এনেছেন পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকারের পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী অত্যন্ত সুদক্ষ প্রশাসক শ্রী সুব্রত মুখার্জী মহাশয়, এই বিলটি নিয়ে আজকে আলোচনা হচ্ছে। এই বিলটিতে মূলতঃ যে আলোচনা হয়েছে, এই বিলটি আনা হয়েছে, তার মূল উদ্দেশ্য হচ্ছে সংরক্ষরণকে পুষ্টিকরণ করা এবং আইনের জটিলতাকে পরিহার করা। এবং এই বিলটি যে Amendment করা হয়েছে তা সাতটি ধারায় এই বিলটি র Amendment আনা হয়েছে। Amendment Section No. 4, Section No. 9, Section No. 94, Section No. 98, Section No. 140, Section No. 143, Section No. 185 (B) এই সাতটি ধারায় এই বিলটি আমাদের Amendment আনা হয়েছে, এই বিলটি নিয়ে আলোচনা হচ্ছে। বিরোধী পক্ষের আনিসুর সাহেব বলেছেন, ২০১০ সালে এই West Bengal Panchayat Second Amendment Bill-টা হয়েছিল, কিন্তু এটা বিগত সরকার, বামফ্রন্ট সরকারের আমলে এটার আইনটি প্রয়োগের জন্য কোনো ব্যবস্থা তখন গ্রহণ করা হয়নি, রাজ্যপাল মহোদয়ের কোনো অনুমোদন লাভ করেনি বলেই আইনটি প্রয়োগ করা যায়নি। স্বাভাবিক কারণেই একে আইনের জটিলতাকে বের করার জন্য এই বিলটি আনা হয়েছে। একথা ঠিকই যে, এই পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মমতা ব্যানার্জীর সুদক্ষ নেতৃত্বে পঞ্চায়েত মন্ত্রী সুব্রত মুখার্জ্জীর সুদক্ষ নেতৃত্বে আজকের এই পঞ্চায়েত ব্যবস্থা অনেকখানি এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে এবং অনেকখানি গতিশীল হয়েছে পঞ্চায়েত ব্যবস্থা। স্বাভাবিক কারণেই আমাদের মূল উদ্দেশ্য হচ্ছে, আমাদের দেশে স্বামী বিবেকানন্দের সার্ধ্বশতবর্ষ উজ্জাপিত হচ্ছে, স্বামী বিবেকানন্দ একটা কথা বলেছিলেন, " আমাদের সমাজটা যদি পাখিস্বরূপ হয় তাহলে তার একটা ডানা হচ্ছে পুরুষ, আর একটা ডানা হচ্ছে নারী।" তাই দুটিকে যদি ভারসাম্য রাখতে

হয়, তাহলেই একটা ৫০ শতাংশ আমাদের ভারসাম্য রাখা দরকার। আমাদের বেশিরভাগ জনসংখ্যা হচ্ছে গ্রামীণ তাই গ্রামের সমাজ ব্যবস্থাকে ঠিক রাখতে গেলে পঞ্চায়েত ব্যবস্থাকে ঠিক রাখতে হবে। তাই যে আইনের জটিলতাটা বিগতদিনের সরকার রেখে দিয়ে গেছে তারজন্য not exceeding 50% এই কথাটা বর্তমান মন্ত্রী মহোদয় উল্লেখ করে তা আইনের জটিলতা থেকে পরিহার করবার চেষ্টা করছেন। আমাদের সমাজে, সমাজের পিছিয়ে পড়া অংশ হিসাবে মহিলা তপশিলি জাতি, আদিবাসী, আর্থিক ও সামাজিক উন্নয়নে পঞ্চায়েত ব্যবস্থার একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে এবং স্বশাসন ও সুশাসনের লক্ষ্যে এদেরকে প্রতিষ্ঠিত করা দরকার, তার জন্যই আজকে এখানে তাদেরকে শুধুমাত্র অর্থনৈতিক উন্নতি করলে হবেনা, তাদের রাজনৈতিক অধিকারের কথাটাও আমাদের রাখতে হবে। তার জন্য রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠিত করার কথা তাদের রাখতে হবে। তার জন্যেই, এই লক্ষে পৌছানোর জন্য, আমরা আজকে, আমাদের মাননীয় মন্ত্রী মহোদয়, সরকারের থেকে এই বিলটা এ্যামেন্ডমেন্ট আকারে এনেছেন, সেটা নিয়েই আলোচনা হচ্ছে। রাজনৈতিক ক্ষমতায়ন দরকার। সংবিধান প্রদত্ত অধিকার পূর্ণ বিকাশের জন্যে এটা আমাদের দরকার এই আইনটাকে এ্যামেন্ডমেন্ট করা দরকার। সাম্প্রতিককালে, আজকে যে এই এ্যামেন্ডমেন্ট এনেছেন, এটা সর্বোচ্চ আদালত, আমাদের দেশের সুপ্রীম কোর্টের ভিসানকে সামনে রেখে এটার এ্যামেন্ডমেন্টটা আনা হয়েছে। উন্নত জাতি, উপজাতি যে সংরক্ষণের ব্যবস্থা আছে সেগুলিকে মাথায় রেখে ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত এ্যামেন্ডমেন্ট সেকেন্ড বিল আনা হয়েছে। এই বিলে আজকে সব ধারাগুলিকে, যেমন পঞ্চায়েত ব্যবস্থা, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের সদস্যদের সংরক্ষণের কথা বলা হয়েছে। ঠিক তেমনি করে কর্ম কর্তাদের নির্বাচনের ক্ষেত্রেও এই বিলের সংরক্ষণের ক্ষেত্রে এই বিধি বন্দোবস্ত রাখা হয়েছে, এই এ্যামেন্ডমেন্ট এর ক্ষেত্রে। স্বভাবতঃই এর থেকে বোঝা যায় যে পঞ্চায়েত ব্যবস্থাকে আরো বেশী করে গতিশীল করবার জন্যে মাননীয় মন্ত্রী মহোদয় যে বিলটা এ্যামেন্ডমেন্ট করেছেন, তাকে আমরা সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি এবং এটার ক্ষেত্রে একটা ক্লিয়ারকাট স্পষ্ট উক্তি আছে যে পঞ্চায়েতের এ্যামেন্ডমেন্ট এর ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েতে মোট সদস্যদের অর্ধেক এস সি, এস টি, ও বি সি দের জন্য সংরক্ষিত হবে। রিজার্ভ আর নন রিজার্ভ এর ক্ষেত্রে অনধিক ৫০ শতাংশ মহিলা থাকবে। এক্ষেত্রে একেবারে স্পষ্টভাবে বলা হয়েছে যেটা, আগের সরকারের সময়ে কোন স্পষ্টভাবে বলা ছিল না। আজকে এই সরকার এবং মন্ত্রী সুব্রত মুখার্জী মহাশয়, একেবারে ক্লিয়ার করে, স্পষ্টকরে, এটা উল্লেখ করেছেন এই বিলের মধ্যে। এবং আরো এই বিলের মধ্যে স্পষ্ট করা হয়েছে সংরক্ষিত ক্ষেত্রে, প্রথমেই প্রাধান্য পাবে এস সি এবং এস টি। সেই ক্ষেত্রে যদি এককভাবে, সম্মিলিতভাবে, প্রথমে এস সি, এস টি ক্ষেত্রে প্রাধান্য পাবে, অতিরিক্ত হলে, তারপর ও বি সি.র জন্যে, আমাদের চিন্তা-ভাবনা হবে। তার জন্যই আজকে এই পঞ্চায়েত ব্যবস্থাকে সমাজে সবচেয়ে গ্রামে বাস করা মানুষদের যদি আজকে এগিয়ে নিয়ে যাওয়া হয়, তাদের অর্থনৈতিক ভাবে রাজনৈতিকভাবে তাদের যদি অধিকারকে প্রতিষ্ঠিত করতে হয় তাহলে আজকে এই এ্যামেন্ডমেন্ট এর মাধ্যমে আজকে যে এই বিলটা আনা হয়েছে, এটা অত্যন্ত দৃঢ় পদক্ষেপ এবং এই পদক্ষেপের মাধ্যমে আমাদের পঞ্চায়েত ব্যবস্থাকে আরো স্পষ্টভাবে এগিয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থা হবে। সেই ক্ষেত্রে আমাদের এই পঞ্চায়েত ব্যবস্থায় প্রকৃত যে আইনে সংরক্ষণের কথা বলা হয়েছে, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইনে গৃহীত ব্যবস্থাগুলি যে নেওয়া হয়েছে, সেই ক্ষেত্রে আমরা

মনে করি যে পঞ্চায়েত এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট সেই ক্ষেত্রে সমস্ত রকম আসন সংরক্ষণের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্ট-এর যে গভর্ণমেন্ট অফ ইন্ডিয়ার এই বিষয়ে যে সুস্পষ্ট নির্দেশ রয়েছে, সেই নির্দেশ এবং কোর্ট এর অর্ডার অনুযায়ী সামনে রেখে ব্যাকওয়ার্ড ক্লাস এবং মহিলা, সিডিউল কাস্ট এবং ট্রাইবদের তাদেরকে আগামী দিনে প্রতিষ্ঠিত করবার জন্যে এই বিলটি আনা হয়েছে। তাই আমি এই বিলে সম্পূর্ণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পীকার স্যার, ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত সেকেন্ড এ্যামেন্ডমেন্ট বিল, ২০১২ ; মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জী পেশ করেছেন, এই নিয়ে আমি দু-একটি কথা বলছি। স্যার, মূলতঃ এই বিলটা উনি এনেছেন - এই যে অর্ডিনান্স জারী করেছেন, সেটা বিধানসভা চলছিল না তখন অর্ডিনান্স জারী করেছিলেন, সেটা কনফার্ম করার জন্য। এখানে তিনি কয়েকটি কথা বলেছেন, সেটা হচ্ছে, ব্যাকওয়ার্ড ক্লাস, এস সি, এস টি এদের রিজার্ভেশান এবং এই রিজার্ভেশানের যে পার্সেনটেজ সেটা কোন মতেই ফিফটি পারসেন্ট এর বেশী করা যাবে না, এই কথা তিনি বলেছেন। এই বিষয়ে আমি এখানে বলতে চাই, যে আনিসুর রহমান সাহেব যে কথা বলেছিলেন, সংবিধানে কিন্তু এই ফিফটি পার্সেন্ট এর বেশী রিজার্ভেশান করা যাবে না, এই কথাটা কোথাও লেখা নেই। এটা উনি ঠিক কথাই বলেছেন। আমি এটা সমর্থন করি। কিন্তু এ্যাট দি সেম টাইম, যেটা কয়েকটা কোর্ট কেস ইতিমধ্যে হয়েছে এবং বিশেষ করে যেটা ঘটেছে কয়েকটি স্টেটে, যেখানে বেশী করতে গিয়েছিল, সেখানে সুপ্রীম কোর্ট অর্ডার দিয়েছে, যে কোন মতেই এই রিজার্ভেশানটা ফিফটি পার্সেন্ট এর বেশী করা যাবে না।

[2.10—2.20 pm]

সংবিধানে কিন্তু এটা নেই। এক্ষেত্রে আমি বারবার বলেছি, আগেও অনেকবার এই কথা বলেছি যে পঞ্চায়েত ব্যবস্থা একটা গণতান্ত্রিক ব্যবস্থা এবং এখানে মূলত গ্রামের উন্নয়ন, গরীব মানুষের উন্নয়ন এগুলি সমস্ত নির্ভর করে। কিন্তু আমাদের খুব বেশি আইনের কচকচানি করতে গিয়ে এমন সব জটিলতা আমরা সৃষ্টি করে ফেলি তারফলে বহু জায়গাতে এই ধরণের ডেভলপমেন্টের কাজ থেকে আমরা বিরত থেকেছি। ওনাদের আমলেও ওই ধরনের অনেক ঘটনা ঘটেছে। অনেক পঞ্চায়েতে অনেক ঝামেলা, কয়েকটা কথা উল্লেখ করেছেন উনি, আনিসুরবাবু বা আরো অনেক বললেন এখানে যে জটিলতা দূর করার জন্য। সেক্ষেত্রে জেনারেল বডির কথা বলা হয়েছে, আরো অনেক কিছুর কথা বলা হয়েছে। সেগুলো একটু একসঙ্গে চিন্তা-ভাবনা করে করলে খুব ভালো হত। আমি যে কথাটা বলতে চাইছি স্যার যে মূলত এখানে এই জটিলতা সারাতে গিয়ে আরো একটা জটিল পরিস্থিতির মধ্যে আমরা পড়ে গেছি। বলা হচ্ছে যে আমরা মহিলাদের ৫০ পারসেন্ট রিজার্ভ করছি কখনো, তাহলে রিজার্ভ ক্যাটাগরির মহিলারা ইনক্লুডেড। এবারে কোথাও যদি দশটা গ্রাম পঞ্চায়েতের সিট থাকে সেখানে ৫০ পারসেন্ট মহিলাদের জন্য আমি রিজার্ভ করে দিলাম, সেটা ৫০ পারসেন্ট যে বেরিয়ারটা আপনি করছেন সেই বেরিয়ারটিতে ওই মহিলাদের রিজার্ভেশানটাও পড়ে। তাহলে এস সি, এস টি, ও বি সি-র যে রিজার্ভেশানটা করছেন সেটা কিন্তু ৫০ পারসেন্টের ওপর যাবে না। তাহলে পুরো এস সি, এস টি, ও বি সি টা কনসেনট্রেট করবে মহিলাদের মধ্যে এবং এই বিলে যে জটিলতাটা সৃষ্টি হল তাতে কোনো ছেলে এস সি ছেলে, বা

এস টি ছেলে, বা ও বি সি ছেলে এই রিজার্ভ ক্যাটাগরিতে আর নমিনেশান করতে পারবে না। কারণ এই ৫০% মহিলাদের রিজার্ভ করে ব্লক হয়ে গেছে। মহিলাদের রিজার্ভেশানটা যদি রিজার্ভেশান হিসাবে কাউন্ট করি তাহলে ৫০ পারসেন্টটাকে আর প্লাস করা যাবেই না। সুতরাং যতগুলো রিজার্ভেশানের আপনি প্রসেস ইমপোজ করবেন তার এরিয়া হচ্ছে মহিলাদের মধ্যে। আপনি মহিলাদের থেকে আর বেরিয়ে যেতে পারছেন না। সুতরাং সিডিউল কাষ্ট ছেলে, সিডিউল ট্রাইব ছেলে, ব্যাকওয়ার্ড ক্লাস ছেলের আর কোনদিন ওই ৫০ পারসেন্টের মধ্যে আসার আর অবকাশ থাকলো না। ওপেন ক্যাটাগরি থেকে যদি অসতে পারে সেটা আলাদা ব্যাপারে, অ্যানাদার থিং। এখানে কিন্তু একটা জটিলতা বেড়ে গেছে। দ্বিতীয় জটিলতা হচ্ছে, যেটা আমি এ্যমেন্ডমেন্টেও দিয়েছি, সেটা হচ্ছে ব্যাকওয়ার্ড ক্লাসের এস সি, এস টির রিজার্ভেশানের পারসেন্টেজটা ঠিক রাখার পর ব্যাকওয়ার্ড ক্লাসের রিজার্ভেশানটা করতে চাইছেন। এই জায়গাতে একটা প্রভিশান আছে যে রিজার্ভেশানটা আপনাদের ক্যালকুলেশান করতে হবে পপুলেশানের বেসিসে। সেটা সংবিধানে আছে। তাহলে এই পপুলেশানের বেসিসে করতে গেলে আমরা এমন জায়গাতে দেখতে পাবো যেখানে ওবিসি-র পপুলেশান অনেক বেশি। কিন্তু সিলিং এস সি, এস টি টোটাল যোগ করার পর যেহেতু ও বি সি করছেন সেক্ষেত্রে পপুলেশানের ক্ষেত্রে ওরা মার খেয়ে যাবে এবং তখন এই জায়গাতে আর একটা আইনি জটিলতা সৃষ্টি হবে। সেকেন্ড ব্যাপারটা হচ্ছে, অফিস বেয়ারার। এটা আমি বারবার বলেছি, এটা আরো জটিলতা সৃষ্টি হয়ে গেল, সেটা হচ্ছে অফিস বেয়ারারের যে রোষ্টারটা সেই রোস্টারটা আপনি কিভাবে করছেন? উইদিন দ্য গ্রাম পঞ্চায়েত যদি করেন তাহলে ঠিক আছে, সেটা হচ্ছে না। প্রধান, উপ প্রধানদের রোষ্টার হচ্ছে হয় জেলা ভিত্তিক, নয় ব্লক ভিত্তিক। সেক্ষেত্রে যেটা হচ্ছে, ইতিমধ্যে আমাদের এক্সপেরিয়েন্স আছে, আমি বারবার বলেছি সেটা। সেটা হচ্ছে, উপ প্রধানদের পোষ্ট এমন একটা রিজার্ভ করা হয়েছে সেই ক্যাটাগরির কোনো ক্যান্ডিডেট সেখানে আইনগতভাবেই নেই। এবং সেই জটিলতা হওয়ার কারণ হচ্ছে, এই জায়গাটা আরো জটিল হবে এই কারণে যে কোনো জায়গায় আপনি উপপ্রধানের সিটটা ব্যাকওয়ার্ড ক্লাসের করে দিলেন। এবার দেখা যাচ্ছে backward class ওখানে পায়নি। তাহলে ব্যাকওয়ার্ড ক্লাসের ওরা আসবে কোথা থেকে? এই জেনারেল সিট ওপেন সিট থেকে অসবে সেটা আলাদা কথা। কিন্তু এই জায়গাতে at least একটা প্রভিশান থাকা দরকার যে আমরা যেখানে অফিস বেয়ারার রিজার্ভ করছি সেখানে at least one candidate among the total seat - at least one seat should be reserved, যেটা আমরা প্রধান বা উপ প্রধানদের জন্য রিজার্ভ করছি। এই প্রভিশানটা যদি না থাকে তাহলে সেই জটিলতাটা আরো বেশি বেড়ে যাবে। আমি এই নিয়েই এ্যমেন্ডমেন্টটা দিয়েছি। ইতিমধ্যে যে অসুবিধার কথাগুলি আমি বললাম এই কথাটা একটু আপনারা চিন্তা করে দেখবেন এবং যে বিষয়টা এখানে বলা হয়েছে - জেনারেল যে মিটিংগুলো - আমাদের এই মূলত আইনগুলো যেটা করা হচ্ছে সেই আইনগুলো খুব সহজভাবে পঞ্চায়েতটা কিভাবে চলে সেইজন্য করা হচ্ছে। এখানে দেখা যাচ্ছে যারা ইলেকশানের মাধ্যমে প্রধান বা পঞ্চায়েত সমিতির সভাপতির যে বডি, যারা ইলেকটেড করে নিয়ে আসছে, সেক্ষেত্রে দেখা যাচ্ছে যখন জেনারেল মিটিং বসছে তখন সে মাইনরিটি হয়ে যাচ্ছে। তার ফলে সেখানে কিছু পাশ হচ্ছে না, একটা জটিলতা সৃষ্টি হচ্ছে। পরিবর্তিত সরকার স্মুথভাবে যদি পঞ্চায়েত চালাতে পারেন তাহলে ভালো। সূর্যকান্ত

বাবু যখন এই দপ্তরের মন্ত্রী ছিলেন তখন প্রায়ই অ্যামেন্ডমেন্ড এনে এনে জটিলতা সৃষ্টি করতেন। আমি আপনাকে অনুরোধ করতে চাই, যে জটিলতাগুলো সৃষ্টি হয়েছে সেগুলোকে একটু ভালো করে অ্যাসেসমেন্ট করে যদি সবগুলোকে একসঙ্গে নিয়ে কাজটা করা হত তাহলে বোধহয় ভালো হত। কোটি কোটি টাকা খরচ করে একটা পঞ্চায়েত নির্বাচন হয়, পঞ্চায়েত সমিতির নির্বাচন হয়, তারা বডি গঠন করেন, কিন্তু সেখানে কেবলমাত্র আইনি জটিলতার জন্য কোন কাজ হবে না, এই দায়িত্বটা কিন্তু সম্পূর্ণভাবে বিধানসভার উপরেই এসে পড়ে। আমরা অনেক জায়গাতেই দেখছি সেখানে আইনি জটিলতার জন্য কোন কাজ করা যাচ্ছে না। তাই এই জটিলতাগুলোও দূর করা একান্তই দরকার। এত টাকা-পয়সা খরচ করে একটা গণতান্ত্রিক বডি গঠন করা হল, কিন্তু সেই বডি কোন টাকা - পয়সা খরচ করতে পারছে না, কোন কাজ করতে পারছে না, এটা ঠিক নয়। এখানে মূল কর্ত্যবটা আমাদের বিধানসভার সদস্যদের ও সরকারের করা উচিত, যে জটিলতার জন্য পঞ্চায়েতগুলো কাজ করতে পারছে না সেগুলোকে ভালো করে রিসার্চ করে বার করতে হবে। ইতিমধ্যে বহুদিন এই পঞ্চায়েত ব্যবস্থা চলেছে, তারপরে হাইকোর্টে অনেক কেস হয়েছে, অনেক জায়গাতেই জটিলতা সৃষ্টি হয়েছে, আবার অনেক জায়গাতে বিভিন্ন রকম প্রবলেম এসে হাজির হয়েছে। চিন্তা-ভাবনা করে সবগুলোকে একসঙ্গে নিয়ে এসে যদি চেষ্টা করা যেত তাহলে বোধ হয় স্মুথভাবে পঞ্চায়েতগুলো ফাংশান করতে পারত। যেহেতু পঞ্চায়েত নির্বাচন সামনে এবং বিশেষ করে ব্যাকওয়ার্ড ক্লাসদের সেনসাস করার জন্য অবিলম্বে এই কাজটা করার দরকার ছিল সেইজন্য তিনি অর্ডিনান্স জারি করেছিলেন। তাই স্বাভাবিকভাবেই এই অ্যামেন্ডমেন্ডটা আজকে বিধানসভাতে পাশ করাতে হবে। এই ব্যাপারে আগের যে আইনটা ছিল তাতে ফিফটি পারসেন্টের ব্যাপারটা ঠিক ক্লিয়ার ছিল না। সেটা পরিস্কারভাবে এই অ্যামেন্ডমেন্ডের মধ্যে রাখা হয়েছে। সুপ্রীম কোর্টে যাতে এই বিষয়টা আটকে না যায় এটাই ছিল মূল উদ্দেশ্য এবং সেই বিষয়টাকে সামনে রেখেই অ্যামেন্ডমেন্ডটা আনা হয়েছে। কিন্তু মূল যে ফাঁকগুলো থেকে গেছে সেগুলো যদি সংশোধন করা না হয় তাহলে আপনি যে প্রোটেকশান নিতে চাইছেন - এই জিনিসটা করে দিলে আর কোর্ট হবে না বা ইলেকশান বন্ধ হবে না বা কেউ অসুবিধায় ফেলবে না, এটা কিন্তু ঠিক নয়। এখনো প্রচুর ভুলত্রুটি এই আইনের মধ্যে থেকে গেছে। আমি যে কথাটা বলতে চাই, ফিফটি পারসেন্টের এই ব্যাপারটা রুলের মধ্যে অনেকটা ক্লিয়ার থাকে, তাই এখানেও ব্যাপারটা উল্লেখ করে দিলে বোধহয় ভালো হত। যে জায়গাতে এগারোটা সীট আছে বা তেরোটা সীট আছে, সেখানে আবার জটিলতা সৃষ্টি হবে। এই জায়গাগুলো একটু দেখা দরকার। বিশেষ করে আমি আরেকবার যে কথাটা বলতে চাই, অফিস বিয়ারার রির্জাভেশানের ব্যাপারে জটিলতা যদি আপনি দুর না করেন তাহলে অসুবিধা হবে। এবারে যে প্রসেসে রির্জাভেশানটা হচ্ছে তাতে এই অফিস বিয়ারারের পোস্টগুলো অনেক বেশী ফাঁকা থেকে যাবে। এই আইন যারা প্রণয়ন করছেন এটা তাদের ডিসক্রেডিট, এটা তাদের ভাবতে হবে। এই বিষয়টা আমি এখানে বললাম এবং আমি যে অ্যামেন্ডমেন্ড দিয়েছি সেই ব্যাপারে মাননীয় সুব্রত বাবুকে অনুরোধ করব সেইগুলো আপনি গ্রহণ করুন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.20—2.30 pm]

শ্রী কালিপদ মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় "The West Bengal Panchyat (Second Amendment) Bill, 2012" যেটা এনেছেন সেটাকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। প্রশ্ন হচ্ছে, রির্জাভেশান নিয়ে একটা অর্ডিনান্স জারি করা হয়েছে যে ফিফটি পার্সেন্টের বেশী রির্জাভেশান হবে না। আনিসুর বাবু বক্তব্য রেখেছেন এবং তিনি আরও উল্লেখ করেছেন যে আরও OBC এবারে নতুন ইনক্লুশান হচ্ছে। সেই জায়গায় ফিফটি পারসেন্টটা যদি বেধে দেওয়া যায় তাহলে OBC অনেক জায়গায় বাদ পড়ে যাবে। আবার OBC সম্প্রদায়ের মধ্যে মুসলিম সম্প্রদায়ের মানুষজনও আছেন। তাদের মধ্যেও প্রতিনিধিত্ব করার আশা আকাঙ্খা আছে। কিন্তু নিয়মে কি কোথাও বলে দেওয়া আছে, ও.বি.সি. ক্যান্ডিটেড মাইনরিটি হোক আর ও.বি.সি. হোক কোন জেনারেল সিটে কমপিট করতে পারবেন না। আপনি তো আপনার দল থেকে ঘোষণা করতে পারতেন যে আমি পিছিয়ে পড়া মানুষের জন্য হ্যান্ড্রেড পার্সেন্ট পিছিয়ে পড়া মানুষদের জন্য দেবো, ও.বি.সি. -র জন্যে দেবো, এস.সি.-র জন্যে দেবো, এস.টি.-র জন্যে দেবো, মহিলাদের জন্যে দেবো। বাকী জেনারেল সিটে কোন ক্যান্ডিটেড দেবো না। তাহলে যে কোন জায়গায় তারা তো কমপিট করতে পারে। যে কোন জায়গায় তারা কমপিট করতে পারে, ও.বি.সি. ও কমপিট করতে পারে। এটা তো একটা বাহবা পাওয়ার জায়গা, আনিসুর বাবু করুন না আপনার দল থেকে করুন। ও.বি.সি. পিছিয়ে পড়ে যাচ্ছে, এস.সি. পিছিয়ে পড়ে যাচ্ছে, রিজারভেশান নেয় নি। সুব্রত বাবু ও.বি.সি. কে কচু কাটা করে দিয়েছে। আমরা চাচ্ছি, দল থেকে বলছি, আমরা ও.বি.সি. দের জেনারেল সিট থেকে রিজারভেশান দেবো দল থেকে। রিজারভেশান কোটা মনে মনে থাকতে পারে, ও.বি.সি. বাদ গেলে দিতে হবে। একটা নৈতিকতা আছে, এটার একটা মানবিক দায়বদ্ধতা আছে। যদি আমরা মনে করি, এখন প্রশ্ন হচ্ছে যে কতগুলো অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে যেমন সেকশান ফোরে আনা হয়েছে রিজারভেশান অফ্ দ্য গ্রামপঞ্চায়েত সিট কেমন হবে। সেকশান নাইনে আনা হয়েছে প্রধান, উপপ্রধান, চেয়ারপার্সন কেমন হবে? ৯৪ সেকশানে দেওয়া আছে পঞ্চায়েত সমিতির সিট রিজারভেশান, ৯৮ পঞ্চায়েত সমিতির সভাপতি ও সহসভাপতি দেওয়া আছে, এইভাবে জেলা পরিষদেরও দেওয়া আছে সব কিছু দেওয়া আছে। তো বর্তমানে আমরা দেখছি আগের থেকে মডিফিকেশানের মাধ্যমে যে পঞ্চায়েত ব্যবস্থা এখন দাঁড়িয়েছে তাতে সর্বস্তরের মানুষের প্রতিনিধিত্ব করার একটা সুযোগ এসে গেছে। সর্বস্তরের মানুষ এখানে প্রতিনিধিত্ব করতে পারে। বিশেষ করে ব্যাকওয়ার্ড ক্লাস পিছিয়ে পড়া মানুষজন তারা এখানে প্রতিনিধিত্ব করতে পারে। আপনারা জানেন যে যত সমাজ বদলাচ্ছে, সমাজের অগ্রগতির পথে আমরা যত চিন্তা-ভাবনা করছি তত বেশী বেশী করে পঞ্চায়েতে মানুষের পার্টিসিপেশানটা কিন্তু বাড়ছে। এটা বাস্তব ছিলো, এককালে পুরুষ শাসিত সমাজ ছিলো ১৯৭৭ সালে আমরা দেখেছিলাম প্রায় অধিকাংশ সিটে ৯০ পার্সেন্ট সিটে পুরুষ প্রতিদ্বন্দ্বীতা করতো, মহিলারা আসতো না। তারপরে ক্রম প্রগতির ফলে, এর মধ্যে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন হয়েছে, তারা নিজেদের প্রতি সচেতনতা ফিরে পেয়েছে, তারা তাদের নিজেদের অভিজ্ঞতা বিনিময় করতে চায়। যে জায়গায় পরিষেবাটা কেন্দ্রীয় সরকার বলুন বা রাজ্য সরকার বলুন, যেটা দিতে চায় সেই জায়গাটা তারা নিজেরা বুঝে নিতে চায় তাদের

প্রতিনিধিত্ব করার দরকার আছে। তাই মহিলাদের ৫০ পার্সেন্ট অতি যুক্তিযুক্ত যে তাদের পার্টিসিপেশান একান্ত ভাবে দরকার আছে। আজকে এখনো আমরা পঞ্চায়েতে পঞ্চায়েতে যখন দেখি তখন ও.বি.সি. র মানুষজনও বলে যে আমাদের কোন প্রতিনিধিত্ব এখানে নেই। এস.সি., এস.টি র মানুষজনও বলে আমাদের কোন প্রতিনিধি না থাকার জন্যে সমস্ত কিন্তু বিত্তবান ব্যক্তিদের হাতে চলে যাচ্ছে দুর্নীতির আশ্রয় করে। আমরা আমাদের প্রাপ্য অংশটুকু ফেরৎ পাচ্ছি না। যত বেশী করে আমরা পিছিয়ে পড়া মানুষের পার্টিসিপেশানটাকে ত্বরান্বিত করতে পারবো সুনিশ্চিত করতে পারবো তত বেশী কিন্তু পঞ্চায়েতের একটা স্বচ্ছতা ফিরে আসবে। অ্যাকাউন্টেবিলিটি ফিরে আসবে এবং বিশেষকরে তারা তাদের নিজেদের ক্ষমতাগুলোকে বুঝতে পারবে এটা ঠিক কথা। কিন্তু রিজারভেশানের ক্ষেত্রে একটা বাধ্য বাধকতা আছে। আমরা যখন দেখেছিলাম ২০০৮ সালে আগে যখন সিড্যুইলড কাস্ট প্রোপোরশান অনুযায়ী রিজারভেশান হয়েছে। সিড্যুইলড ট্রাইব পপুলেশানের প্রোপোরশান অনুযায়ী রিজারভেশান হয়েছে। ওয়ান থার্ড মহিলা রিজারভেশান হয়েছে। আমি একটা পরিসংখ্যান দিলে আপনারা বুঝতে পারবেন যেমন, নেপালবাবু বোধ হয় বলছিলেন, যে একটা পঞ্চায়েতে ধরুন ২৫টা সিট। এস.টি. পপুলেশান ভিত্তিক রেশিও করতে দাঁড়ালো তিনটে। তাহলে ঐ তিনটের মধ্যে যদি ৫০ পার্সেন্ট মহিলা আমরা ধরি, দুটো মহিলা, একটা পুরুষ যদি ধরি বা তিনটে মহিলাও দাঁড়াতে পারেন কিন্তু দুটো নিয়ম অনুযায়ী এস.সি. যদি ৫টা হয় তাহলে দুটো মহিলা এই তিনটে মহিলা দুটো পুরুষ। ও.বি.সি. যদি পাঁচটা ক্যাটাগরি হয়, তিনটে মহিলা, দুটো জেনারেল। আর অবশিষ্ট ২৫টার মধ্যে থাকলো, তাহলে রিজার্ভ ক্যাটাগরিতে গেলো এস.সি., এস.টি., ও.বি.সি. পাঁচ পাঁচ দশ তিন তেরো। আর থাকলো জেনারেল ১২টা সিট। আমি মহিলা পেয়ে গেলাম রিজার্ভ সিট থেকে তিন দুই পাঁচ, তিন আটটা। তাহলে মহিলা ৫০ পার্সেন্ট করতে গেলে ১৩টা সিট দরকার। তাহলে আর মহিলা General থেকে দাঁড়াল ৫টা। তাহলে Total ১৮টা seat দাঁড়াল reservation এ। আমরা যেটা ২০০৮ সালে পরম্পরায় দেখেছিলাম। তাহলে percentage দাঁড়াল 72%। ১০০ -এর মধ্যে percentage দাঁড়াল 72%। যদি এই হারে আমরা proportion অনুযায়ী করি। সেই জায়গায় বলা হয়েছে যে SC/ ST reservation যদি 50% এ পৌঁছে যায়, তাহলে এমন অনেক জায়গায় হয়তো situation সৃষ্টি করতে পারে 80%, 90% reservation দাঁড়িয়ে যেতে পারে মহিলাদের ধরে। সেই জায়গায় একটা অন্তরায় রাখার জন্য বলা হচ্ছে 50%। এখানে সারকুলারে বলা হয়েছে যে ceiling 50% যেটা ধরা হবে, সেই 50% সিট গ্রাম পঞ্চায়েত থেকে SC/ST reservation করা হবে। Balance যে 50%, এই Balance 50% থেকে - এখানে বলা আছে পরিস্কার করে Ceiling limit of fifty percent of the total seats in a Gram Panchayat এটার থেকে SC/ST select হবেন। আর total seats shall be reserved for the Backward Classes subject to the proportion of total population of the Backward Class to the total population in the said Gram, remaining ceiling limit 50% থেকে গেল তা থেকে reservation টা হবে Backwardclass-এর। স্বাভাবিক কারণে 50% proportionটা আমরা যদি ধরি তাহলে আমরা যে আশংকার কথা আমরা

ভাবছি, সেটা আশংকাটার অনেকখানি ঘাটতি পূরণ হয়ে যাবে। এই ঘাটতিটা পূরণ করার জন্য আমার মনে হয় অতিযুক্ত যুক্ত ভাবে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন এই বিলটাকে সকলেই সমর্থন করা উচিত। একটা জিনিস প্রবলেম নেপাল মাহাত বলছিলেন, যে seat reservation যখন হচ্ছিল আমরা unitটা ধরছিলাম গ্রামপঞ্চায়েতকে। পঞ্চায়েত সমিতির ইউনিটটা ধরছিলাম পঞ্চায়েত সমিতিকে, জেলা পরিষদের ইউনিট ধরছিলাম জেলা পরিষদকে। কিন্তু Chairperson থেকে নির্বাচিত হচ্ছেন three tier গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ, তিনটি tier এই আমরা districtটাকে ইউনিট ধরছি। এই districtটাকে unit ধরার ফলে আমাদের ক্ষেত্রটা অনেক বেশি বেড়ে যাচ্ছে। এখন বলা হচ্ছে এখানে প্রধান হয়তো Schedule Caste হবে, কিন্তু percentage এ Schedule Casteটা আমাদের থাকবে না। তাহলে আমাদের seat reservation এর ক্ষেত্রে এদিকে নজর দিতে হবে district level এ seat allocation করার সময় যে কোন জায়গাটা আমরা proportion পাচ্ছি না। যেমন আমরা গ্রাম পঞ্চায়েতে অনুসন্ধান করি যখন seat reservationটা করা হয় কোন জায়গাটা SC/ST populationএর pecentage বেশি। যে জায়গাটায় বেশি এবং যে percentage -এ আমাদের seat reservation করার কথা, সেই জায়গা থেকে আমরা টোটাল দেখে নিই। টোটাল সেই জায়গা থেকে আমার দুটো seat আছে, তাহলে সেই seat এস.সি. বেছে নিই। বেছে নেওয়ার পর তার নির্বাচন করা হয় একটা করে দুটো সিট হয় তাহলে মহিলা, আর একটা general। তাহলে সেই ভাবে আমরা যদি করি তাহলে এই reservation নিয়ে আমরা যে আশংকা প্রকাশ করিছ। তাহলে সেই আশংকা অনেকটা দূরীভূত হবে বলে আমি মনে করি। আমি বিশেষ ভাবে অনুরোধ করব যে এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে যে পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে বর্তমানে, কিছু ত্রুটি-বিচ্যুতি থাকতে পারে। কিন্তু modification আমরা দেখেছি ৭৩ সালের পর থেকে কম amendment হয় না, অনেক amendment হয়েছে। আরও কিছু amendment করার থাকতে পারে। কিন্তু আমরা যতক্ষণ না আমরা practice নিজেরা কনফার্ম হতে পারছি কোন জায়গায় কি অন্তরায় আমরা একটা অজানা আশংকা পিছনে ছুটে ছুটে, আমরা সেই জায়গায় ইলেকশানটা বিঘ্ন করার যে প্রবণতা। এই প্রবণতা আমাদের মধ্যে রোধ করতে হবে। দিনের পর দিন আমরা বুঝতে পারব, যত প্যাক্টিক্যাল হতে পারব - এই যে একটা implementation হল। এবারে নতুন 50% reservation Bill মহিলাদের জন্য। এই অজানা OBC reservation নতুন এতদিন পর্যন্ত SC/ST reservation ছিল। এই নতুন পদ্ধতিকে অনুসরণ করে আমাদের মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে পরিপূর্ণ ভাবে সমর্থন করা উচিত আমি তাই তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

[2.30—2.40 pm]

ডা. সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, আমি মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করে কয়েকটি বিষয় আপনার এবং আপনার মাধ্যেমে মাননীয় মন্ত্রীর এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তার মধ্যে প্রথম কথা হচ্ছে আমার, আমি স্যার আপনাকে মনে করিয়ে দিচ্ছি যে, গত অধিবেশনে যখন একটা এ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছিল পঞ্চায়েত আইনে, তার

৩ ঘন্টা আগে সদস্যরা এখানে এই এ্যামেন্ডমেন্ট বিলের কপি পেয়েছিলেন। আমি অবশ্য আগের দিন রাত্রে পেয়েছিলাম বাড়িতে, বাসায় গিয়ে দিয়েছিল। আমি বলেছিলাম যে এতো তাড়াহুড়ো করবেন না। সব মেম্বাররা বিল পড়েন নি, পড়া সম্ভব নয় এবং জটিল ব্যাপার। সুপ্রিম কোর্টের ডিসিশান, যাই বলেন আপনি, রায় জাজমেন্ট, অবজারভেশান, আইন ইত্যাদি। তার পরিপ্রেক্ষিতে এই রকম একটা বিল, আমরা বলেছিলাম যে আপনি-বিজনেস এডভাইসারী কমিটিতে বলেছিলাম - এটা একটু আপনি সিলেক্ট কমিটি বা স্টানডিং কমিটি, যাতে হোক দিন যাতে আমরা আলোচনা করে মত বিনিময় করতে পারি। যাতে যেটা হবে সেটা নিয়ে পরে আমাদের কাউকে পস্তাতে না হয়। তাতে কি অসুবিধা হতো? তাতে এই অধিবেশনে সেই সিলেক্ট কমিটি আলাপ আলোচনা করে নিজেদের মধ্যে মত বিনিময় করে ঐক্যমত হয়ে আমাদের সবাই এক সুরে আমরা একটা বিল নিয়ে আলোচনা করতে পরতাম। কিন্তু তখন জেদ ধরে তিন ঘন্টা আগে বিলের কপি দিয়ে বিলটা পাশ করিয়ে নেওয়া হলো। আমরা বয়কট করেছিলাম, আমরা আসেনি। কিন্তু অভিজ্ঞতায় কি দেখিয়ে দিচ্ছে? যে সেই বিলটা পাশ করা ঠিক হয় নি। এবং ঠিক হয় নি বলেই আজকে আবার আপনাকে আর একটা এ্যামেন্ডমেন্ট বিল নিয়ে আসতে হয়েছে। যদি সেই বিল পাশ করাটা ঠিক হতো তাহলে আজকে এ্যামেন্ডমেন্ট বিল আনতে হতো না। আমরা যেটা বলেছিলাম আমাদের কথার সারবর্তা আজকে এই এ্যামেন্ডমেন্ট বিল, মাঝখানে আর্ডিনান্স এই সবের মধ্যে দিয়ে আমাদের সারবর্তা প্রমাণিত হচ্ছে। কিসের জন্য তাড়াহুড়ো হলো? আপনি তাড়াতাড়ি পঞ্চায়েত নির্বাচন করতে চান, এগিয়ে আনতে চান। কারণ হয়ত আপনার চিন্তা হচ্ছে যে যত দেরী হবে তত অসুবিধা হবে। তাড়াতাড়ি করতে গিয়ে, নির্বাচনটা যাতে সুষ্ঠ হয় সেই প্রশ্ন তো কমপ্রোমাইজ করা যায় না। এবং এই তাড়াতাড়ি করতে গিয়ে যে একটার পর একটা ভুল হচ্ছে, সেই জন্যই এই বিলটা আজকে আপনাকে আনতে হয়েছে গতবারে একটা এ্যামেন্ডমেন্ট বিল পাশ করার পরেও। আমরা কি বলেছিলাম? কি নিয়ে মতপার্থক্য হচ্ছে আমাদের? সংবিধানে কি লেখা আছে? পঞ্চায়েত পৌরসভা নিয়ে যখন সংবিধান সংশোধন হয় তখন আমরা সবাই জানি যে সব দল একমত হয়ে পার্লামেন্টে সংবিধান সংশোধিত হয়েছিল। এই পঞ্চায়েত নিয়ে, পৌরসভা নিয়ে সারা দেশে একটা ব্যবস্থা যাতে গোড়ে তোলা যায়, স্বায়ত্ব শাসিত সংস্থা, সেই গুলো গড়ে তোলার জন্য সব দল মিলে বহু আলাপ আলোচনা হয়েছে তখন। আমি সেই কমিটির সদস্য ছিলাম, আমার খেয়াল আছে যে সবাই একমত হয়ে লোকসভায় রাজ্যসভায় পাশ হয়েছে। তার আগে একবার চেষ্টা করা হয়েছিল, পাশ হয় নি, সরকার পাশ করাতে পারেনি। তারপরে ১৯৯১ সালে তার চেষ্টা শুরু হয় এবং তখন সেটা পাশ হয়। অবশ্য আমরা তার আগেই এই বিষয় নিয়ে, অর্থাৎ তফশিলী জাতি উপজাতি এবং মহিলাদের সংরক্ষণ নিয়ে আমরা বিল পাশ করেছিলাম এবং কার্য্যকর করেছিলাম সংবিধান সংশোধন হওয়ার আগে। সংবিধান সংশোধন যখন হল তখন আমরা যা করেছিলাম তাই হল, সেই ভাবেই। আর কিছু বিষয় হল যেগুলি আমরা পরে সংবিধানের সঙ্গে সঙ্গতি রেখে সংশোধন করেছি। কিন্তু এই বিল যেটা এখানে আছে, সেটা সংবিধানে যা বলা আছে তার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। যেহেতু এখানে সংবিধান আছে, নিয়ে পড়তে পারেন, আপনিও পড়তে পারেন। সেই সংবিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। সংবিধানে কি বলা হয়েছে? সংবিধানে বলা হয়েছিল যে তপশীলি জাতি, উপজাতিদের জন্য

যে সংরক্ষণ হবে তা হবে জনসংখ্যার অনুপাতের সঙ্গে সঙ্গতি রেখেই। প্রপোরশনেটলি, সেই আনুপাতিক হারে তাদের পঞ্চায়েতে সংরক্ষণ হবে। আর এখানে যেটা করা হচ্ছে সেটা তাদের আনুপাতিক হারে যে প্রতিনিধিত্বের অধিকার তারা এতদিন পর্যন্ত পেয়ে এসেছে, ২০ বছর ধরে তারা ভোগ করছে যে অধিকার, সেই অধিকার যা নিয়ে কোন চ্যালেঞ্জ কেই কখনও করে টিঁকতে পারে নি, বহু কেস হয়েছে, বারবার কেস হয়েছে হাইকোর্টে, হাইকোর্টের কেস ভয় দেখিয়ে তো লাভ নেই। কারণ হাইকোর্টে কেস হয়েছে। কিন্তু একটাও কেস দাঁড়ায় নি। ২০ বছর ধরে এই ব্যবস্থা চালু ছিল এবং এই ২০ বছর ধরে এটা কেউ চ্যালেঞ্জ করে আমাদের নির্বাচন আটকাতে পারে নি। পরীক্ষিত, সময়ের দ্বারা পরীক্ষিত। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন যে আমি মহিলাদের জন্য সংরক্ষণ করব, আমি তপশিলী উপজাতিদের জন্য সংরক্ষণ করব, আমি বাড়িয়ে দেব তাদের জন্য সংরক্ষণ। কিন্তু কি হচ্ছে কার্যতঃ আজকে? কার্যতঃ হচ্ছে এই আমরা যে সংরক্ষণ করেছিলাম তা কমিয়ে দেওয়া হচ্ছে। তপশীলি জাতি, উপজাতিদের জন্য সংরক্ষণ কমিয়ে দেওয়া হচ্ছে, ও.বি.সি-দের জন্য সংরক্ষণ কমিয়ে দেওয়া হচ্ছে, মহিলাদের জন্য সংরক্ষণ কমে যাচ্ছে। কেন কমে যাচ্ছে? কারণ আমরা যে আইন করেছিলাম তাতে মহিলাদের জন্য সংরক্ষণ ছিল not less than 50%, অর্থাৎ ৫০% -এর কম হবে না, বেশী হতে পারে। এই আইন করবার আগে, বিলের চাইতে উইল, পলিটিক্যাল উইল, রাজনৈতিক ইচ্ছার গুরুত্ব অনেক বেশী। খালি আইন করলেই হয় না। আইন ছিল, কিন্তু আইন কার্য্যকরী হয় নি। আইন কার্য্যকরী করার জন্য বিলের ওপারে যেটা দরকার, সেটা হল উইল, রাজনৈতিক ইচ্ছা। আমাদের সময় যখন মহিলাদের জন্য সংরক্ষণ ছিল না, অনাধিকারীদের সংরক্ষণ যখন ৫০% -এর প্রভিসান হয় নি, তখনও আমাদের অর্দ্ধেক সভাধিপতি পশ্চিমবাংলায় মহিলা সভাধিপতি ছিলেন, সংরক্ষণ ছাড়াই ছিলেন। বিল ছাড়াই ছিলেন। কারণ উইল ছিল, ইচ্ছা ছিল আমাদের। আর এখন দাঁড়াচ্ছে ৫০% - এর বেশী হতে পারবে না। কোথায় বলা আছে সুপ্রীম কোর্টের জাজমেন্টে? জাজমেন্ট আমার কাছে আছে। এই পুরো জাজমেন্ট আমি তিন তিনবার পড়েছি। আরও অনেকবার কেউ পড়তে পারে। মাননীয় মন্ত্রী এখানে একটা নোট সার্কুলেট করেছেন। সেই নোট সার্কুলেট করে তিনি বলছেন যে, অ্যাডভোকেট জেনারেলের আমরা ওপিনিয়ন নিয়েছিলাম, গভর্নমেন্টের। কিন্তু অ্যাডভোকেট জেনারেল ছিলেন না। অ্যাডভোকেট জেনারেলকে পাওয়া যায় নি। সেই জন্য আমরা লার্নেড গভর্নমেন্ট প্লিডার তার ওপিনিয়ন নিয়েছি। লার্নেড গভর্নমেন্ট প্লিডারের যে ওপিনিয়ন সেটা এখানে লেখা আছে। আমি স্যার বিনীতভাবে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে, সরকারকে অনুরোধ করতে চাই গভর্নমেন্ট প্লিডারের যে লিখিত ওপিনিয়নটা এখানে দেওয়া হয়েছে, যার ভিত্তিতে এই হাউসকে বলা হচ্ছে যে এটা মেনে নিন এই আইন, এটা সরকার রিভিউ করুন। আমি গভর্নমেন্ট প্লিডারের তার মতামত দেওয়ার অধিকার নিয়ে প্রশ্ন তুলতে পারি না এই হাউসে। কিন্তু আমি নিশ্চয় বলতে পারি যে আরও ওপিনিয়ন নেওয়ার অবকাশ ছিল। আমি নিজে সুব্রত বাবুকে বলেছি যে আপনি এই রকম একটা বিষয় যেটা সংবিধানে আছে, যেটা সারা দেশের জন্য প্রযোজ্য, সংরক্ষণের মত বিষয়, যেখানে আপনি কমিয়ে দিচ্ছেন, আপনি ৫০% -এর নীচে নিয়ে আসছেন, এই রকম একটা বিষয় আপনি একটা রাজ্যে কেন করবেন? আপনি কেন কেন্দ্রীয় মন্ত্রীকে ডেকে তখন, আমাদের সময় তাই প্রথা ছিল।

[2.40—2.50 pm]

কেন্দ্রীয় মন্ত্রী সব রাজ্যের মন্ত্রীদের ডাকবে। অভিজ্ঞতা বিনিময় হত, এক্সপার্টদের ডাকতেন। আমরা ঘুরে ঘুরে মিটিং করতাম এ রাজ্যে সে রাজ্যে। আমরা অনেক মিটিং করেছি এই সংবিধান সংশোধনের আগে করেছি, তার পরে করেছি। সেটাকে কার্যকর করতে গিয়ে রাজ্যগুলি যখন আইন করেছে, আমরা করেছি। আমরা মত বিনিময় করে একটা জায়গায় পৌঁছাবার চেষ্টা করেছি। আমি বলেছিলাম, কেন সেই পথে যাচ্ছেন? কারণ, সংবিধান যদি সংশোধন করতে হয়, পার্লামেন্টের ব্যাপার, পার্লামেন্টে যেটা আলোচ্য বিষয় সেটা আমাদের সব রাজ্যের প্রতিনিধিদের নিয়ে, মন্ত্রীদের নিয়ে, কেন্দ্রীয় মন্ত্রীকে নিয়ে, কেন্দ্রীয় সরকারকে যুক্ত করে আমাদের আলোচনা করে ঠিক করতে হবে যে এই সমস্যার কি করে সমাধান হবে। সুপ্রিমকোর্টের জাজমেন্টে যা বলা আছে। সুপ্রিমকোর্টে judgment - আমি আবারও বলছি স্যার, আপনি আইনবিদ, আপনি ভালো করে জানাবেন। বহু জাজমেন্ট - আমি আরও এখানে তিনটে জাজমেন্ট দেখাতে পারি যে, জাজমেন্ট -এ একটা অবজারভেশন থাকে আর একটা হচ্ছে নির্দেশ থাকে। কিছু অবজারভেশন কোর্ট সব সময় করে। আর কতগুলো নির্দেশ যেটা মেনে চলতে হবে। অবজারভেশনটা অবজারভেশন। এখানে আপনি জাজমেন্ট -এর শেষে দেখবেন যে, লাস্ট কথায় জাজমেন্টে লেখা আছে। With this observation, - not directive - with this obervation, the present set of writ petition stands disposed of - para 49 of the Supreme Court judgment. It's a constitutional bench judgment. যদি এ কথা জাজমেন্টে কোথাও থাকত যে- these provisions of the Constitution are ultra vires, are unconstitutional, have to be amended, then we are forced to amend. সেটা কোথাও লেখা নেই। আপনি যেহেতু আনিসুর রহমান পড়ে দিয়েছেন আমি সেগুলো আবার পড়তে চাইছি না আর আমি section কে দিয়েছি যাতে নোট করতে পারেন, দরকার নেই, সরকারের কাছে নিশ্চয় আছে। এক, দুই, তিন, চার, পাঁচ করে সব বলা আছে যে-Article - 243(D4), 243(T4) are constiltutionally valid, valid, constitutional provisions valid সুপ্রিমকোর্টের জাজমেন্ট। not declared unconstitutional, not declared ultra vires. Certain observations are made. How do you comply with these obervations rest on the learned government pleader's guidelines and observation. You have nobody else to consult? You don't want to consult anybody? And you encroach upon the right that they have enjoyed for more than two decades ! সেটাই, সেটাই হচ্ছে আমাদের আপত্তির বিষয়। এখানে আমি বলেছিলাম সুব্রতবাবুকে যে, দেখুন, ব্লক আছে এখানে একটাই - বান্দোয়ান ব্লক, পুরুলিয়া। যেখানে scheduled tribe পপুলেশন is more than 50%। আপনি কি করবেন? 50% -এর কমে scheduled tribe -কে রেখে দেন বা 50% - এর বেশী করবেন না বলেন তাহলে not according to the proportion হচ্ছে না। তাহলে scheduled caste যদি সেখানে থাকে তাহলে কোনো রিজার্ভেশনের ব্যাপার থাকবে না। আর, ওবিসির তো থাকবেই না আপনি যা আইন করেছেন বা amendment

আনছেন, কোনো স্কোপ থাকবে না। আপনি যদি উত্তরবঙ্গের কতগুলি ব্লকে যান এটা সব জায়গায় প্রযোজ্য হবে। পশ্চিমবাংলায় আপনি যদি সামগ্রিক ভাবে দেখেন - আমাদের সমস্যা তামিলনাড়ুর মত নয়- উদাহরণ স্বরূপ বলছি। যেখানে এসসি, এসটি, ওবিসি মিলিয়ে 50% -এর বেশী এবং তাদের রিজার্ভেশন আছে 50% -এর বেশী। সুপ্রিম কোর্টের জাজমেন্টের সময়ও বলা আছে - যেগুলো ছিল, সেগুলো আছে, আগের থেকে আছে, আছে। আমাদের তো তা না। আমাদের এসসি, এসটি OBC মিলিয়ে 50%-এর বেশী নয়, কমই আছে আমাদের। আমাদের রাজ্যে সেই সমস্যা প্রযোজ্য নয়। কিন্তু, কোনো একটা ব্লকে, কোনো একটা গ্রাম পঞ্চায়েতে, কোনো একাকটা জেলায় এই সমস্যা হতে পারে। সেই জায়গায় তাদের প্রতিনিধিত্ব জনসংখ্যার আনুপাতিক হতে হবে এবং এটা কোনো ভাবে constitution -কে ভায়োলেট করে না এবং ঐ সব রাজ্যের সঙ্গে কোথায় অন্ধ্রপ্রদেশে কে কি case করলো সেটা আমাদের এখানে অসুবিধা হতে পারে বলে আমরা তার দ্বারা পরিচালিত হওয়া উচিৎ নয়। আমাদের দেখা দরকার যে, এত দিন পর্যন্ত যেটা অর্জিত অধিকার এদের - না, এই অধিকার কোনো কারণে কেড়ে নেওয়া নয়। আমরা মাইনোরিটি তাদের জন্য কোনো রিজার্ভেশন করতে পারিনি। Constitution does not allow. কিন্তু, তাদের ওবিসি তালিকাভুক্ত করা যেহেতু তাদের সংরক্ষণের ব্যবস্থা একটা করা হয়েছে। সুতরাং, ওবিসি 10+7= 17% এবং তার মধ্যে মাইনোরিটি, নন-মাইনোরিটি সব রকম আছে। 17%, তার জন্য আইন করেছি আমরা। আমরাই করে গেছি। এই সরকারের আমলে নোটিফায়েড হয়েছে। গভর্নর অ্যাসেন্ট দিয়েছেন নোটিফায়েড হয়েছে। একজন মাননীয় সদস্য বললেন 'ওটা গভর্নর নোটিফিকেশন দেননি'। Mis-information, dis-information, wrong information, untrue. এটা সবাই জানেন, হাউজেও আমরা সবাই পেয়েছি, নোটিফিকেশনও হয়েছে। যেটা সুব্রতবাবু এটা নিয়ে দ্বিতীয়বার অ্যামেন্ডমেন্ট করছেন। সুতরাং, সেই OBC, তাদের সংরক্ষণের অধিকার থাকবে না? যেখানে SC/ST মিলিয়ে 50% -র বেশী হবে সেখানে তাদের একজনেরও সংরক্ষণের অধিকার থাকবে না? এই যে সমস্যা-টা হচ্ছে, আমার মনে হয় অযথা এই সমস্যা তৈরী করা হচ্ছে এবং আমরা মনে করি যে, কোন পরিবর্তন না করে যা ছিল, কনস্টিটিউশনের ধারার সঙ্গে সঙ্গতি রেখে সেটা কার্যকর করা যেত। আমি বিরোধী পক্ষ থেকে মাননীয় মন্ত্রীকে, সরকারকে আস্বস্ত করত চাই যে, এই নিয়ে কোন কেস হলে আমরা সরকারের পাশে থাকব, দাঁড়াব। আমরা পার্টি হয়ে বলব, সরকার আর আমরা এক জায়গায় আছি। যে অধিকার আছে সে অধিকার পশ্চিমবাংলার মানুষের কেউ কেড়ে নিতে পারবে না। আপনি কাকে ভয় পাচ্ছেন? কেন ভয় পাচ্ছেন? কত কেস হয়েছে আমরা মোকাবিলা করেছি। যদি ইচ্ছা থাকে তাহলে করা যায়। আর একথা কী বলার অপেক্ষা রাখে, মাননীয় সদস্যরা সব বলেছেন, সরকার পক্ষের সদস্যরা বলেছেন, বলেছেন যে, মহিলাদের, তফশিলি জাতি, উপজাতির, OBC, ইত্যাদির আপনারা কেন করে দিচ্ছেন ক্যান্ডিডেট দেওয়ার সময়? এটা খুব পুরনো যুক্তি। যখনই সংরক্ষণের কথা ওঠে তখন বলে দেয় সংরক্ষণের দরকার নেই, সব পার্টিগুলো তারা ক্যান্ডিডেট দিয়ে দিলেই হল। সে রাজনৈতিক ইচ্ছা আমাদের যা আছে আমি তার প্রমাণ দিয়েছি, আপনাকে বরং প্রমাণ দিতে হবে। আপনি ঘোষণা করেছেন। আমার ঘোষণা করার দরকার হবে না। আপনি মাঠে দেখবেন, যখন ক্যান্ডিডেট দেওয়া হবে, যদি ক্যান্ডিডেট দিতে দেন। .....(হৈ চৈ)... মানে দিতে দেবেন না। এটা ঠিক নয় যে, মহিলা, তফশিলি জাতি,

উপজাতি, আদিবাসী এবং OBC, including minority, এঁদের অনেক বেশী ক্ষমতায়ণ হয়েছে, আমরা তা মনে করিনা। এঁরা ক্ষমতায়ণের পথে একধাপ এগিয়েছে। বহু দূর যেত হবে। মহিলাদের আমরা জানি ভালো করে। বিশ্বে একটা হিসাব হয়েছে। সারা পৃথিবীর হিসাব আমি বলছি। UNDP হিসাব করেছে। এটা আন্তর্জাতিক কনভেনশনে হিসাব হয়েছে। '৭৩ -৭৪ সালে সংরক্ষণের সময় এই ভিত্তিতে সংরক্ষণের সিদ্বান্ত হয়েছে। আন্তর্জাতিক স্তরে, UNDP সিদ্বান্ত করেছে আন্তজার্তিক কনভেনশনে যে, পৃথিবীর যত মহিলা আছেন তাঁরা মোট শ্রম, পরিশ্রম, মেহনত, তার তিন ভাগের দু'ভাগ করেন মহিলারা। পুরুষরা করেন এক ভাগ। মানে আপনি বুঝতে পারছেন স্যার, আমরা পুরুষরা মিলে যা পরিশ্রম করি মহিলারা তার ডবল পরিশ্রম করেন সারা পৃথিবীতে। খাই-র (খাওয়া) দিক থেকেও হিসাব হয়েছিল। খাই যদি হিসাব করেন, যাঁরা ডবল পরিশ্রম করে তাঁরা অর্ধেক খায়, যাঁরা অর্ধেক পরিশ্রম করে তাঁর ডবল খায় ক্যালোরি হিসাবে। আর, আয় যদি আপনি ধরেন, income, total global income -র মহিলাদের অংশ 5%. Because just of it, it is unpaid labour. যে পরিশ্রমের জন্য কোন দাম দেয় না। আর যদি আপনি ইনকাম বাদ দিয়ে অ্যাসেট ধরেন, সম্পত্তির অধিকার, সারা দুনিয়াতে, আপনি ভাবুন উন্নত দেশ, সমাজতান্ত্রিক দেশ, সেইসব দেশ ধরে ১ পারসেন্ট, 1% of the total asset. This is what the world stands. আমরা একটা উন্নয়নশীল দেশ, আমাদের অবস্থা আরো খারাপ। এর জন্য রাজনৈতিক ক্ষমতায়ণ চাই, সামাজিক ক্ষমতায়ণ চাই, অর্থনৈতিক ক্ষমতায়ণ চাই, empowerment চাই। বহুদূর যেতে হবে আমাদের। তেমনি তফশিলী জাতি, তফশিলি উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী, সংখ্যালঘু, সাচার কমিটি রেকমেন্ডেশন করবার কী দরকার ছিল?

[2.50—3.00 p.m.]

সাচার কমিটি কেন এই রিপোর্ট এনেছিল? যার ভিত্তিতে জাস্টিস রঙ্গনাথ মিশ্র কমিশন তারা যে সুপারিশ করেছিলেন যার ভিত্তিতে কেন এদের OBC তে অন্তর্ভুক্ত করার দরকার হল? ক্ষমতায়ণের জন্য। যাতে অংশগ্রহণমূলক গণতন্ত্রে তাঁদের অগ্রাধিকার কি, সেটা তারা ব্যক্ত করতে পারেন, যেখানে তারা জনসংখ্যায় বেশি। আমাদের কি বলা হচ্ছে? বলা হচ্ছে যে - এখানেও বক্তৃতা হয়েছে- আচ্ছা যেখানে বেশি হবে সেখানে আপনি - ঠিকই, মাননীয় সুপ্রিম কোর্টের observation এটা আছে, general observation. সেই observation কি? সিডিউল্ড এরিয়ায় সেখানে আপনি ৫০ পারসেন্টের বেশি করতে পারেন। আমাদের কি সিডিউল্ড এরিয়া আছে নাকি? আপনারা জানেন, আমি আশা করি সুব্রতবাবুও জানেন। আমি মনে করিয়ে দিচ্ছি সিডিউল্ড এরিয়ার জন্য এই constitution amendment for Panchyat is not applicable. There is a separate constitutional amendment, separate provision for scheduled area. It is Panchayat Extension In The Seceduled Area, PESA, পেশা বলে একটা আলাদা আইন আছে। That act is not applicable for West Bengal. Because we don't have any schedule area. Do we have any schedule area? Do we have any sixth schedule area? And what we are asked আমাদের যেটা বলা হচ্ছে, পশ্চিমবাংলায় যেখানে ৫০ পারসেন্টের

বেশি আছেন সেখানে সিডিউল্ড এরিয়া ঘোষণা হবে। তার মানে হচ্ছে আমাদের বান্দোয়ানে -সেখানে একটা ব্লককে সিডিউল্ড এরিয়া বলে ঘোষণা করবেন? কি একটা গ্রাম পঞ্চায়েতে ৫০ পারসেন্টের বেশি আছে বলে আপনি ওখানেও সিডিউল্ড এরিয়া বলে ঘোষণা করবেন? এটা পথ? পশ্চিমবাংলায় আদিবাসীদের সমস্যাটা আলাদা। আমাদের যখন হিসাব হয়েছিল তখন আমরা বলেছিলাম যে ITDP block, Integrated Tribal Development project যে সমস্ত ব্লকে আছে, সেই সমস্ত ব্লকে ট্রাইবালদের কত পারসেন্টেজ আছে? সেই ব্লকের মধ্যে যে মৌজাগুলো আছে ITDP মৌজা, তাতে কত পারসেন্টেজ আছে? তার বাইরে কত পারসেন্টেজ আছে? আমাদের সংগে ওড়িশা, কিংবা আমাদের সংগে ছত্তিশগড়, কি আমাদের সংগে ওইরকম ঝাড়খন্ড রাজ্যের সংগে তুলনা হয়? ঝাড়খন্ডে যেখানে জেলার পর জেলা ৫০ পারসেন্টের বেশি, জেলাগত ভাবে। তাদের ৫০ পারসেন্টের বেশি সিডিউল ট্রাইপ আছে। ওড়িশায় আপনি ময়ুরভঞ্জ, কেওনঝড়, সুন্দরগড় চলে যান, তারপর ছত্তিশগড়ের রায়পুর, বস্তার এই সব জেলা, জেলার পর জেলা এখানে ৫০ পারসেন্টের বেশি সিডিউল ট্রাইপ আছে। These can be definitely declared scheduled and applications of PESA, provision of Panchyat Extension In Scheduled Areas can be applied there. আপনি কি মনে করেন যে পশ্চিমবাংলায় সে জিনিস সম্ভব? সেইজন্য অনেক অনেক বিষয় আছে যা ভালো করে আলোচনা হওয়া প্রয়োজন। এইসব আলোচনা না করে তাড়াহুড়ো করে যেটা করবার চেষ্টা করছেন তা না করে আমি বলবো এখনও সময় আছে। আপনি কম সময় দিতে পারেন কিন্তু আলোচনার ভিত্তিতে এই সমস্ত সমস্যার সমাধান করার জন্য কেন্দ্রীয় সরকারকে যুক্ত করে, কন্সটিটিউশান যেহেতু এখনও পরিবর্তন হয়নি ultra vires declared হয়নি সুপ্রিম কোর্টের জাজমেন্টে তা বলা নেই, তা বহাল আছে। সেইহেতু কিভাবে এই পরিস্থিতিকে আমরা সবাই জাতীয়স্তরে - কারণ এটা কেবল পশ্চিমবাংলার সমস্যা নয়, ন্যাশনাল লেভেলে কি করে একটা unanimity করা যায় তার ভিত্তিতে আমরা পশ্চিমবাংলায় আইন করবো, সেইভাবেই প্রয়োগ করবো, এর কোন বিকল্প নেই। সেইজন্যই আমি তীব্র ভাবে এর বিরোধিতা করছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি দীর্ঘক্ষণ ধরে বিরোধী দলের এবং সরকারী দলের সদস্যদের বক্তব্য শুনলাম। অনেকে কিছু কিছু কন্সট্রাকটিভ সাজেশানও দেওয়ার চেষ্টা করেছেন। আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। যেমন-নেপাল দেব মাহাত, স্বপন দেবনাথ, কালিপদ মন্ডল এরা সব অনেকগুলো কন্সট্রাকটিভ সাজেশান দিয়েছেন। যেগুলো পরবর্তীকালে বিবেচনার সুযোগ থাকবে সেগুলো নিশ্চয়ই আমরা দেখবো কিন্তু আমি সূর্যকান্ত মিশ্র এবং মাননীয় সদস্য আনিসুর রহমানের বক্তব্য শুনলাম কিন্তু কি বলতে চাইলেন আমি বুঝলাম না। এইটুকু বুঝলাম যে এটাতে আপনাদের হোম ওয়ার্ক খুব দূর্বল। আর তার সঙ্গে আর একটু বুঝলাম কিছু মনে করবেন না যে এই বুদ্ধিশুদ্ধি নিয়ে কি ম্যাজিকে ৩৪ বছর ছিলেন। হোয়াট ইজ দ্যা ম্যাজিক, ক্লিনিক্যাল ম্যাজিক মুখ্যমন্ত্রী বলছেন। আমি আপনাদের বলছি এই কারণে যে আপনারা দুইজনে এই বিভাগের দায়িত্বে ছিলেন। আমিও এই বিভাগ অতীতে একবার চালিয়েছিলাম এবং যে মূল আইনটা নিয়ে আপনারা পরিচালানা করেছেন এটা সেই আমলে ১৯৭৩ সালের আইন কিন্তু মুস্কিল হয়েছে যে

সি.পি.এম. -এর এই যে আপনারা বক্তব্য শুনলেন এই বক্তব্য তো মূল উদ্দেশ্য নয়। এরা তাক করে বক মারে কাক। এই যে বক্তব্যগুলো শুনলেন এগুলো কিন্তু আসল কথা নয় এরা নিজেরাও জানে। আসল কথা হল নির্বাচন আসছে এমন একটা পরিস্থিতি করো যাতে এক টাকা খরচ করে একটা আইনের আশ্রয় নিয়ে ৩ বছর, ৪ বছর ইলেকশানটা পিছিয়ে যাক। আর যে মডেলে ওরা নানা রকম কারচুপি করে পঞ্চায়েতগুলো দখল করেছে সেগুলো কনটিনিউ হয়। এটা ভাবের ঘরে চুরি করে কোন লাভ নেই। আমরা সবাই রাজনীতি করা মানুষ। কেন বলছেন এই কথা কনটিনিউয়াসলি? আমি তো এর আগে সুশান্তবাবুকে বলেছিলাম যে দৃশ্য দূষণ হচ্ছে এখন এদের কথা শুনে আমার মনে হচ্ছে শব্দ দূষণও হচ্ছে। কেন বলছেন? কনটিনিউয়াসলি বলে যাচ্ছেন সংবিধান, সংবিধান, সংবিধান। কে বারণ করেছে যে সংবিধান মাথায় করে চলতে হবে। সংবিধানকে তালগোল পাকাবার পুরো দায়িত্ব তো ৩৪ বছর আপনারা নিয়েছিলেন, আমরা নয়। আপনারা পার্টির রুল গর্ভমেন্ট করতে চেয়েছিলেন। আজকে যে পঞ্চায়েত, পঞ্চায়েত বলে চেঁচাচ্ছেন ইট ওয়াজ এ পার্টি রুল পঞ্চায়েত। আবার কেউ কেউ গান্ধীজির কথাও বলেছেন। গান্ধীজি পার্টি রুল পঞ্চায়েত দেখতে চেয়েছিলেন? না, তিনি পার্টির উর্ধে মানুষের রুল পঞ্চায়েতী রাজ দেখতে চেয়েছিলেন। আমি গান্ধীজিকে দেখিনি, গান্ধীজির কথা পড়েছি, তার স্বপ্নের কথাও পড়েছি কিন্তু পরবর্তীকালে আমি মমতা ব্যানার্জীকে দেখেছি এবং আমি এটা জানি যে ৩৪ বছরের আগে যদি এই রকম একজন মুখ্যমন্ত্রী হত আর ১৯৭৪ সালের আইনটাও রূপায়ন করে নির্বাচন করা যেত তাহলে আপনাদের আজকে এই বাড়বাড়ন্ত, এই ৩৪ বছরের সর্বনাশা আমাদের দেখতে হত না। কি বলছে, আপনারা বলেছেন কনটিনিউয়াসলি আনিসুর সাহেব আপনি পড়ে গেছেন সংবিধানের পাতাগুলো কখনও পড়ছেন না যে সংবিধানের বাইরে একটা ফান্ডামেন্টাল রাইট রক্ষা করার জন্য আমাদের এই সংবিধানের নির্দেশে সুপ্রিম কোর্ট আছে। আমি সম্প্রতি একটা ঘটনার কথা উল্লেখ করি, খুব অতীতে বলবো না। সম্প্রতি আমাদের মুখ্যমন্ত্রী মহামান্য রাষ্ট্রপতিকে রিশেপশান ব্যবস্থা করেছিলেন এই আমাদের বিল্ডিংয়ের উল্টো দিকে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে। মহামান্য রাষ্ট্রপতি তার বক্তৃতার সময় বললেন একটা গুরুত্বপূর্ণ কথা। তিনি বলছেন আমরা দায়িত্ব রাষ্ট্রপতি হিসাবে সংবিধানকে রক্ষা করা। আর সংবিধানকে নানাভাবে ব্যাখ্যা এবং নির্দেশিকা দিতে পারে সে হল সুপ্রিম কোর্ট। সূর্যবাবু আপনি একজন দীর্ঘদিনের মানুষ সংবিধান রচনা করে পরিবর্তন, অ্যামেন্ডমেন্ট পার্লামেন্ট করে কিন্তু অবর্জাভেশান পার্লামেন্ট দেয় না।

[3.00—3.10 pm]

সেটা ম্যানডেটারী, অবজারভেশান দেয় সুপ্রিম কোর্ট and that is in tantamount of order and judgment সংবিধানের ক্ষেত্রে। সংবিধানের ক্ষেত্রে এটা ভেরি ইমপর্টেন্ট, যারা উকিল আছেন, আমি উকিল নই। এই অবজারভেশানের ভিত্তি করেই চলে তার কারণ তারা পার্লামেন্টের মত চেঞ্জ করতে পারে না। তারা বলতে পারেন এইটার সম্পর্কে আমার এই

observation and that is the guideline, that is the right of any other citizen to follow that observation। যদিও অবজারভেশান নয়, আমি পড়ে একটু শোনাই। আপনাদের ভালোও লাগতে পারে, খারাপও লাগতে পারে। এই অবজারভেশানের ভিত্তিতে, আমি যে অবজারভেশানটা পড়বো - কেন এই আইনটা এনেছি। স্যার, এটা তো আমি বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে বলেছিলাম যে এটা content of debate কারণ মাদার এ্যাক্ট থেকে এ্যামেন্ডমেন্ট লাস্ট সেশানে হয়ে গেছে। তারপরে আমরা প্রথমে মুখ্যমন্ত্রীর কাছে, তারপরে ক্যাবিনেটে, তারপরে এ্যাডভোকেট জেনারেল, ল ডিপার্টমেন্ট। প্রত্যেকটা vetting করে করে এই সিদ্ধান্তে উপনীত হয়। উনি বলতে পারেন হু ইজ এ্যাডভোকেট জেনারেল, আমরা বলতে পারি না। আমরা আইনকে মানি। আর উনি কেন বুঝতে পারছেন না সংবিধান তৈরী হয়, আবার সংবিধান সংশোধনীও আসে। আমাদের দেশে সংবিধান তৈরী হল স্বাধীনতার ৩ বছরের মধ্যে। কিন্তু প্রায় ১০০ তম হতে চলেছে তার সংশোধনী, ৯৭ তম। পৃথিবীর কোন সংবিধান আপনাদের মত স্থবির হয়ে বসে থাকে না। সে গতি নিয়ে এগিয়ে যায়। সংবিধান তার গতি নিয়ে এগিয়ে যায়। আপনি বলছেন ভুল করছেন যারজন্য আবার আপনাদের এ্যামেন্ডমেন্ট আনতে হচ্ছে।, that is the beauty of the parliamentary democracy যদি আমাদের আইনের ত্রুটি থাকে তাহলে আমরা সংশোধন করবো, আরো সহজ, সরল, পঞ্চায়েতে আরো পারফেকশান আনতে গিয়ে যদি আইন দরকার হয় আমরা আইন করবো, তার মানে হয় or it is a crime তারমানে এটাই পার্লামেন্টারী ডেমোক্রেসির প্রসেস। আমি তো বলেছিলাম, এই নেপাল মাহাতোর আগের বক্তৃতার উত্তরে আমি বলেছিলাম। আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে সেই ব্যাপারে পরামর্শও করেছি যে আমাদের ১৯৭৩ সালের আইনটা করেছিলাম তার ব্যবহারিক সুবিধা অসুবিধাগুলো আমরা ৩৪ বছর ধরে ছিলাম না, আমরা জানতাম না। যখন এটাকে ব্যবহারিক করতে যাচ্ছি তখন এই সুবিধা অসুবিধাগুলো আমরা দেখছি। পরে আলোচনার ভিত্তিতে আমরা একটা complete shape এর পরিবর্তনের কথা ভাববো। আজও অনেক কিছু পরিবর্তন করা দরকার। আমি আপনাদের পড়ে শোনাই যেটা সুপ্রিম কোর্টের, ইট ইজ নট এ জাজমেন্ট, it is not a observation, it is a judgment সেখানে কি বলছে - আমি দিয়েও দিয়েছিলাম একটা কপি While in the matter of giving effect to the West Bengal Panchayat (amendment) Bill Act 2012 was taken into consideration by the State Government, a soleman order passed by the Hon'ble Supreme court of India in the matter of K. Krishna Murthy versus Union Government of India came to its knowledge. It may be noted that the provision for reservation of seat in favour of the Scheduled Caste and Scheduled Tribe were made in the West Bengal Panchayat (amendment) Act, 2012 following the mandate. The enlist in the Article 243 D, Clause

1, of the Constitution of India for the reservation of seats and office favour of Scheduled Caste and Scheduled Tribe in proportion of the Scheduled Caste or Scheduled Tribe population sicne the Article 243 D Clause 6 of the Constitution has given the state legislature adequate liberty to decide of the quantum of the reservation for backward classes. The provision for reservation of seats and offices in favour of the backward class has been made in the West Bengal Panchayat in proportion to the backward population. It is pertinent to point out that the matter of Krishna Murthy versus Union of India the Hon'ble Supreme Court has upheld that এখানেই Judgment. এখানেই জাজমেন্ট ' In the absence of explicit constitutional guidance as to the quantum of reservation in favour of the Backward Classes in local self-government, the rule of thumb is that of proportionate reservation.

But the judgement of the Hon'ble Supreme Court in this matter Dr. K. Krishnan Murthy -vs. - Union of India also state that it may be necessary to provide the reservation in favour of the Schedule Tribe and that exceed 50% of the seats in panchayats located in Scheduled Areas.

However, such exceptional favour of the Backward Class for the purpose of local bodies located in the general areas.

In such circumstances, the vertical reservations in favour of the Schedule Caste, Schedule Tribe and OBCs cannot exceed the upper limit of 50% when taken together, এটা সুপ্রিম কোর্টের অর্ডার থেকে। সুপ্রিম কোর্টের এই অর্ডারের পর... (গোলমাল).....এই সুপ্রিম কোর্টের ..... (গোলমাল) ..... Justice K.G. Balakrishnan, Justice R.V. Reveendran ..... Justice D.K. Jain.... Justice P. Sathasivam and Justice J.M. Panchal -তারা একটা রায় দিলেন। এবং সেটার পরিপ্রেক্ষিতে অন্ধ্রতে, অন্ধ্র কোর্ট ঠিক ইলেকশানের আগে আমাদের মতন সিচ্যুয়েশান। ঠিক ইলেকশানের আগে একজন মামলা করল। আগে যে সুপ্রিম কোর্টের জাজমেন্টটা পড়লাম সেই জাজমেন্টটাকে তুলে ধরে। এবং সেখানে অন্ধ্র কোর্ট আজ তিন বছর হয়ে গেল ইলেকশানটাকে পোস্টপন্ড করেছিল যেটা ওনারা চান যে আমরা সেই পুরনো জায়গায়ই থাকি আর এই কেসটাকে দেখিয়ে একটা মামলা করে দেওয়া হোক।..... (গোলমাল) .....আপনারা অনেক কথা শুনলেন। এই দুটো জাজমেন্ট সুপ্রিম কোর্ট সংবিধানের ব্যাখ্যা যা দেবে এবং হাইকোর্ট সাবসিকোয়েন্টলি সেটাকে ফলো করে। আমরা সেটাকে অ্যাভোয়েড করে নির্বাচন নির্দিষ্ট করবার জন্য মুখ্যমন্ত্রী আমাকে নির্দেশ দিলেন খুব গুরুত্বপূর্ণ কথা। এত চেচাচ্ছেন যে বললে লজ্জা পাবেন, কিছু মনে করবেন না। আপনারা ও.বি.সি নেননি। এই মুখ্যমন্ত্রী ও.বি.সি যোগ করে নিয়ে এসেছেন। এবং তারমধ্যেও

মাইনরিটি ধরেছেন .... (গোলমাল)..... আপনারা ২০০৮ সালে ও.বি.সি আনেন নি। এইবার শুনুন আমরা কি করেছি। আমরা শুধুমাত্র ও.বি.সি আনিনি। আমরা লিখতে পারিনি এখানে কিন্তু আমার বলতে অসুবিধা নেই ও.বি.সি -র মধ্যে মাইনরিটি ও.বি.সি যারা তারাও কিন্তু এই ও.বি.সি কোটায় আমরা এখানে ঢুকিয়ে দিয়েছি। যা আপনারা কোনদিন করেননি। আনিসূর স্যারতো নিজে মাইনরিটি। কিন্তু নিজেরও ব্যবস্থা করে আসেননি। এই ও.বি.সি-র নাম করে মাইনরিটি করা। মহিলা মহিলা চেচাচ্ছেন, ধরুন ১০০টা সিট। ভালো করে শুনুন সবাই। ধরুন ১০০টা সিট আমরা দুটো কমপোনেন্ট করে ভাগ করেছি। একটা কমপোনেন্ট -guided by mostly Constitution - সেখানে এস.সি, এস.টি এবং ও.বি.সি প্রোভাইডেড ও.বি.সি-র ক্ষেত্রে স্টেটও ইচ্ছা মত বাড়াতে কমাতে পারবে প্রোপরসানেটলি।

[3.10–3.20 pm]

একটা কম্পোনেন্ট এইটা। ধরুন ১০০ সিটে ৫০টাই কম্পোনেন্ট, আর ৫০ টা যেটা থাকবে তার ৫০% হয়ে যাবে ২৫। অর্থাৎ এটাকে প্রার্থী ধরলে ২৫টা-২৫টা। আর এই সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবস, ও.বি.সি-র তার ৫০% অর্থাৎ ২৫টা। পশ্চিমবাংলায় কেন, ভারতবর্ষের কোন জায়গায় যে ১০০টা সিটের প্রায় ৭০ ভাগ মহিলা কোন মুখ্যমন্ত্রী কোন দিন আনতে পারেনি। আমরা আইন বাঁচিয়ে, সংবিধান বাঁচিয়ে, সুপ্রিম কোর্টকে বাঁচিয়ে আমরা এই পরিস্থিতিতে গিয়েছি। আমি তো আমাদের প্রচুর সদস্যকে ডেকে ডেকে বলেছি, যান তৈরি হোন যাতে মহিলা সদস্য আমরা খুব ভালভাবে দিতে পারি। আমরা আগে কোনদিন ও.বি.সি, মাইনরিটিদের এইরকম ধরণের রিজার্ভেশান ছিল না। সুতরাং কোন ক্ষেত্রেই যেটা সংবিধানের গ্যাপ নেই একটা কম্পোনেন্ট, যেটা স্টেট অ্যাক্টের মধ্যে আসবে সেটা একটা কম্পোনেন্ট। আর কি করতে পারে? আর এরচেয়ে বেশি রিজার্ভেশান কি করতে আইন বাঁচিয়ে, সুপ্রিম কোর্টের নির্দেশ বাঁচিয়ে, সংবিধান বাঁচিয়ে? আমার মনে হয় যে এছাড়া এরচেয়ে আর ভাল রিপ্রেজেনটেশান হয় না। প্রথম যে কম্পোনেট সেটা ভার্টিকালি হবে। পপুলেশানকে কেন্দ্র করে, বিচার করে সেটা ভার্টিকালি হবে। আর মহিলাদের ক্ষেত্রে হরাইজেন্টাল হবে। ৫০%-এর স্টেট ওয়াইজ ২৫%। আর এটা পপুলেশানকে বেসড করে তার পোপোরশনেট ওয়েতে আমরা একেবারে মাইনরিটি ও.বি.সি পর্যন্ত নিয়ে আসতে পেরেছি। কারণ মাইনরিটিও উনি চেয়েছিলেন আনবার জন্য। কিন্তু আমাদের সংবিধানে কোন জাত-পাতকে করে আনতে পারবেন না। তাই ঘুরিয়ে আমরা ও.বি.সি-র মধ্য দিয়ে, ও.বি.সি মাইনরিটি বলে আমরা কিছু আনতে পেরেছি। আপনাদের সাথে যেটা তফাৎ এটা এক লাইনের। কেন চিৎকার করছেন সিলেক্ট কমিটি, সিলেক্ট কমিটি? একটা নতুন বিল হয় সিলেক্ট কমিটি হয়, একটা অর্ডিনেন্স এবং যে অর্ডিনেন্সটা যার সামনে আমাদের ইলেকশান, সেই ইলেকশানটাকে প্রোটেক্ট করার জন্য অর্ডিনেন্সটা আনতে হয়েছে এবং অ্যামেন্ডমেন্টটা করতে হয়েছিল এবং এটা যদি আমরা না করতাম তাহলে সূর্যবাবুদের লাভ হত বা পোয়াবারো হত। আমরা সেখানে করতে দিইনি। আমি জানি ওনার দরকার আছে এখন। কাজেই আমাদের প্রভিশান আছে এই ও.বি.সি-র ক্ষেত্রেও বাড়ানো এবং কমানোর। আমি আপনাদের কাছে জানাই, আনিসুর সাহেব একটা কথা বলেছেন, এটাও

ফান্ডামেন্টাল কথা। স্থায়ি কমিটির ব্যাপারে। কিন্তু সেটাও আপনাদের সংবিধানের ক্ষেত্রে করাই আছে। স্থায়ি কমিটিতে প্রবলেম হলে বলে দাও- অনেক জায়গায় স্থায়ি কমিটিতে হয়ত একটার বেশিতে নির্বাচন হয়েছে, তারপরে এম.এল.এ, এম.পি নির্বাচন হয়েছে। এম.এল.এ, এম.পি-তে আমাদের সদস্য বেশি হয়ে গেছে। স্থায়ি কমিটিতে মাইনরিটি হয়ে গেছে ওনাদের সদস্যরা। সেটা তো উল্টোও হতে পারে। Everybody is elected by the adult franchisees. যেকোন জায়গায় হতে পারে। আপনি হয়ত অসুবিধায় পড়েছেন। আজকে আপনি চিৎকার করছেন মুর্শিদাবাদ জেলা, আজকে নদীয়া জেলা, আর একটা জেলা নদীয়া, মুর্শিদাবাদ, উত্তর ২৪ পরগণা। আচ্ছা আপনি বলুন তো যে আইনে সূর্যবাবু প্রায় ১৫০ টা বিভিন্ন পঞ্চায়েত ভেঙে দিয়েছিলেন, আমরা একটাও পঞ্চায়েত ভেঙে দিয়েছি? আমরা একটাও ভেঙেছি? মমতা ব্যানার্জী একটাও ভেঙেছেন? আপনারা বলে বেড়াচ্ছেন আমরা ক্ষমতা নাকি নিয়ে নিয়েছি? আমাদের ডি.এম-এর অর্ডার। ডি.এম বলছেন যে এখানে কোন টাকা দেওয়া যাবে না। ডি.এম ইজ নট ডি.এম। ডি.এম ইজ দি চিফ এগজিকিউটিভ অফ জেলা পরিষদ। তিনি বলছেন এখানে কোন কাজ করা যাবে না। সেই রিপোর্টের ভিত্তিতে যেখানে তারা মাইনরিটি হয়ে গেছে স্থায়ি কমিটিতে সেখানে কোন কাজ এবং টাকা পাবে না। তাহলে সেই টাকাগুলো কি আমরা ব্যবহার করতে পারব না? এই জেলাগুলো কার পাপ, কার অপরাধ? জেলার মানুষগুলোর জন্য রাস্তা করতে টাকা দিতে পারব না, বাড়ি করতে টাকা দিতে পারব না, তার জলের জন্য টাকা দিতে পারব না? তারজন্য আমরা বাধ্য হয়েই জেলায় কোন তৃণমূলের মেম্বারকে সভাধিপতির দায়িত্ব দেয়নি। জেলার যে চিফ এগজিকিউটিভ, তাকেই মুখ্যমন্ত্রী দায়িত্ব দিয়েছেন টেকওভার করার জন্য-শুধু অর্থনৈতিক পার্টটার জন্য জেলার ডি.এম-কে দায়িত্ব দেওয়া হয়েছে, যিনি চিফ এগজিকিউটিভ অফিসার।

মিঃ স্পীকার : সভার সম্মতি নিয়ে ৫ মিনিট সময় বাড়ানো হল।

শ্রী সুব্রত মুখার্জী : ডি এম-রা শুধু ফাইনানসিয়াল ক্ষমতাটা দেখবেন। আর তো কোন কিছু করিনি। এ সত্ত্বেও আমরা মনে করি যে এই তিনটে জেলায় আপনি যদি লক্ষ্য রাখেন নারেগার কাজ বলুন, ইন্দিরা আবাস যোজনা বলুন, রাস্তা বলুন এই কাজ দ্রুততম করছি। আপনারা যদি ঠিকমত কাজ করতেন, এই যে জোড়া মানিক বসে আছেন আনিসুর সাহেব আর সূর্যদেব, আপনারা দুজন পঞ্চায়েত আর রুরাল-ডেভলাপমেন্ট -এ ঠিক করে কাজ করতে পারলে জোরচুরি করতে হত না, মানুষের আশীরবাদে আরো ৩০ বছর থাকতেন। এটা আপনাদের ব্যর্থতা। এই কাজগুলো যদি আপনারা করতেন তাহলে হারতে হত না। আমি আজকে একটা বই আপনাদের ডিস্ট্রিবিউট করেছি। পেয়েছেন বোধহয়। দেখবেন ২০০৯-২০১০ সালের আমাদের ফাইনানসিয়াল রিপোর্টটা। এই বইটা দেখবেন, এটা সরকারের তৈরি, তৃণমূল কংগ্রেস তৈরি করেনি। এই বইয়ের ছত্রে ছত্রে কোরাপসান, নিপোটিজম, অব্যবস্থা সবকিছু এর মধ্যে ঢুকে আছে। তখন আপনি দায়িত্বে ছিলেন। আপনি পড়ে দেখবেন। এটা না আমার তৈরি, না মুখ্যমন্ত্রীর তৈরি, না তৃণমূল কংগ্রেসের তৈরি। এটা সরকারের তৈরি। তখন কে ছিলেন? আনিসুর সাহেব ছিলেন। আপনি পড়ে দেখবেন আর ডিম্যান্ড করবেন যে এই বইটার উপর একদিন আলোচনা হোক। আমিও ডিম্যান্ড করছি মাননীয় অধ্যক্ষের কাছে যে এই রিপোর্টের ভিত্তিতে। Now it is the property of the House.

Let us discuss. (গোলমাল) স্যার, আমার এই নিয়ে অধিক কিছু বলার নেই। এই অ্যাক্টের মধ্যে দিয়ে আমরা চেষ্টা করেছি যাতে স্মুথ নির্বাচনটা হয়ে যায়। এটা ঠিক এই পঞ্চায়েতে পুরনো অ্যাক্টটির আরো ত্রুটি বিচ্যুতি যদি থাকে আমরা কমপ্রিহেনসিভ ওয়েতে বসব। সূর্যবাবু কটাক্ষ করলেন যে ইলেকশন তাড়াতাড়ি করলে ওনাদের লাভ। আমাদের দেরি করলেও লাভ, কারণ আপনারা বাজারে নেই। আর আমাদের এখন করলেও লাভ। আপনারা কি করবেন? আপনাদের দেরি হলে

[***] আপনারা টিভি তে গিয়ে বসে থাকবেন। আর তো কোন কাজ নেই। [***]

(গোলমাল)

(এই সময় বিরোধী দলনেতা ডাঃ সূর্য্যকান্ত মিশ্র কিছু বলার চেষ্টা করেন।)

মি: স্পীকার : Dr. Mishra, it is not in that sense. ..... (Noise)..... You are taking it in a different perspective .....(Noise) .....আপনি এটা একটা অন্য পার্সপেকটিভে নিয়েছেন। উনি সেই ভাবে বলেননি। It is not like that. (Noise).....

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, যারা সমর্থন করেছেন আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি এবং যারা কিছু সাজেশন দিয়েছেন তাদেরও ধন্যবাদ জানাচ্ছি। এই বিল মূলত সংবিধানকে সামনে রেখে, সুপ্রিমকোর্টের জাজমেন্টকে সামনে রেখে, অন্ধ্রকে সামনে রেখে এবং আজ ঠিক এই আইনকে সামনে রেখে তামিলনাড়ু হাইকোর্ট একটা জাজমেন্ট দিয়েছেন এডুকেশন দপ্তরের সংরক্ষণ রেখে, এটাকেই মাস্টার জাজমেন্ট ধরে সেটাকে সামনে রেখে যাতে খুব নির্বিঘ্নে, শান্তিতে, নিশ্চিন্তে আগামীদিন নির্বাচন হয় তারজন্য আমরা ব্যবস্থা করি। আমরা আইনের দাস। আইন মেনে এবং সংবিধান মেনে এই যা সংশোধনী তা আপনাদের সামনে পেশ করলাম।

[3.20-3.30 pm]

Mr. Speaker : The question before the House is the Statutory Resolution moved by Shri Anisur Rahaman that this House disapproves the West Bengal Panchayat (Amendment) Ordinance , 2012 (west Bengal Ordinance No. II of 2012), on Which I understand a division will be demanded.

Ayes 44

Noes 111

Noes have it. Noes have it.

The Statutory Resolution is lost.

Mr. Speaker : Now the Question before the House is that the

[***] Expunged under order of Hon'ble speaker.

Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 25th October, 2012

As many as are of that opinion will please say Aye

As many as are of the contrary opinion will please say No

Noes have it. Noes have it.

The Question before the House is that the Bill The West Bengal Panchayat (second Amendment) Bill, 2012 be taken into consideration

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Clause 2

Mr. Speaker : There is no amendment to Clause 2. So I put Clause 2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

[3.30–3.40 p.m.]

Clause 3

Mr. Speaker : There is amendment No. 2 to Clause 3 by Shri Nepal Mahata. Now I call upon shri Mahata to move his amendment.

Shri Nepal Mahata : Hon'ble Speaker, Sir, I beg to move that in Clause 3, in sub-section (1) of Section 9 of the Principal Act, after the proposed fourth proviso the following proviso be added :

"Provided also that at least there is one seat under the said reserved category to fill up the said post either for Pradhan or Upa Pradhan."

Mr. Speaker : Hon'ble Minister-in-charge, do you accept it?

Shri Subrata Mukherjee : স্যার, আমি গ্রহণ করতে পারছি না। কিন্তু সাজেশনগুলো আমি আফটার ইলেকশন নিশ্চয়ই আপনাদের সাথে কথা বলে কমপ্রিহেনসিভ ওয়েতে করব।

Mr. Speaker : Hon-ble Minister has appreciated.

Now the question before the House is that the motion of Shri Nepal Mahata (Amendment No.2) on which I understand a Division will be demanded.

Ayes being – 19 ; and

Noes - 118

The amendment is lost

Now I put to vote Clause 3 do stand part of the Bill, As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

There is an amendment (amendment no. 3) by Shri Nepal Mahata. Shri Mahata may now move your amendment.

Shri Nepal Mahata : Mr. Speaker, Sir, I beg to move that in Clause 4 (1), in clause (ii) of sub-section (2) of Section 94 of the principal Act, after the proposed fourth proviso, the following proviso be added :

"Provided also that at least there is one seat under the said reserved category to fill up the said post either for Sabhapati or Sahakari Sabhapati of Panchayat Samiti."

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা এটা গ্রহণ করতে পারছি না। কিন্তু এই সাজেশনগুলো আমি আফ্টার্ ইলেকশন্ নিশ্চয়ই আপনাদের সাথে কথা বলে কমপ্রিহেন্সিভ্ ইনিশিয়েটিভ্ নেবো।

Now the question before the House the Amendment No. 3, As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Noes have it, Noes have it.

I put to vote clause 4 do stand part of the Bill, As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Clause 5 to 9

I put to vote Clause 5 to 9 do stand part of the Bill, As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

I put to vote Clause I the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill, As many as are of that opinion will please say, Aye, As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Now the Minister-in-Charge to move the West Bengal Panchayat Elections (Second Amendment) Bill, 2012, as settled in the Assembly, be passed.

[3.40–3.50 pm]

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that as settled the West Bengal Panchayat (Second Amendment) Bill, 2012 be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill be passed on which I understand a Division will be demanded.

.....(At this stage the Division slips were distributed).....

(Election)

Mr. Speaker : Now the result of the Division :

Ayes : 111

Noes : 46

Ayes have it. Ayes have it. The Bill is passed. The Bill is passed.

.....(vioce).....

মি: স্পীকার : Please. Please. আমি আমাদের যারা রয়েছেন আমাদের রিপোর্টার, আমি বলছি যে, আমাদের মাননীয় মন্ত্রীর যে স্পীচটা আছে আপনি আমাকে দেবেন, যদি দেখি আমি কোনো অসংসদীয় শব্দ রয়েছে আমি ওটা দেখে এক্সপাঞ্জ করে দেব। ডঃ সূর্য্যকান্ত মিশ্র আমাকে পয়েন্ট আউট করেছেন, ওটা আমি এক্সপাঞ্জ করে দেব। ঠিক আছে।

The West Bengal Panchayat Elections (Second Amendment) Bill, 2012

Mr. Speaker : Now, I call upon the Hon'ble Minister-in-Charge of Panchayats & Rural Development Department to introduce his Motion and thereafter to place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Shri Subrata Mukherjee : Sir, I beg to introduce that the West Bengal Panchayat Elections (Second Amendment) Bill, 2012 and

place a statement explaining the circumstances which had necessitated immediate legislation of the West Bengal Panchayat Elections (Amendment) Ordinance 2012 under the Rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : Now, I call upon the Hon'ble Minister-in-Charge of Panchayats & Rural Development Department to move his motion for consideration of the Bill.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the West Bengal Panchayat Elections (Second Amendment) Bill, 2012 be taken into consideration.

[3.50—4.00 pm]

Shri Dasharath Tirkey : ओनरेबल स्पीकार, माहब आज जो इस हाउस में माननीव मंत्री पंचायत मंत्र The west Bengal Panchayat (second Amendment) Bill, 2012 का यहाँ पर पेश किया है, इस सम्बन्ध मे मै दो-चार शब्द कहना चाहता हूँ। इसके आगे जिस किस्म से यहां चर्चा हो रही है। इसके आगे बाला बिल मे भी, ये हमको ताज लगना है कि हमलोग 34 साल रहे। ये आप लीग बारम्बर बोलते है कि हमलोग 34 साल ये तो हमलागों का इतिहास है तो हमलोग यहाँ पश्चि बंगाल मे 34 साल रहे। आशा करुणा कि आप लीग भी हमलीग की तरह रहें। काम किजियेणा तो हमलोग से ज्यादा भी रह सकते है। इसके मै आशा करुणा आपलोग से तो, ये पंचायत ब्यावस्था यह एक ऐसा व्यवस्था है हसमें जो बिल लाया है बहुत महत्बपूर्ण बिल, बहुत ही महत्बपूर्ण बिल कारण आज पंचायत व्यवस्था के माध्यम से हमलोग का गाँव घर का साधरण जो मनुष्य है। उसका सही जिविका पालन होता है, गाँव-घर का उन्नयण होता है जिसके कारण हमको जहाँ तक आन्दाज है 1978 में वामफ्रन्ट सरकार पहला पंचायत vote कराणा। यही सोचकर कि ये जो राइटर्स का जो शाशण क्षमता है, इसको विकेन्द्रीकरण करें। काम ग्राम-गन्ज मे पहुचाया जाय, ताकि ये शासन व्यवस्था वहाँ पर रहे और गाँव का उन्नयन हो। जैसां भी हो ये वाम समय मे भी Reservation था Reservation रहा है और हमने देखा है 1973 का जो आइन बना था, उसके बाद आपलोगों ने चलावा हे। 1978 के आगे भी हमलोगों ने पंचायत व्यवस्था देखा है, कैसा चला है वो भी हमलोगों को मालुम है, वो दोहरानँ का कोई जरुरत नही है। जैसा भी है, धन्यवाद देना चाहता हुँ माननीय मंत्री साहब को कि संशोधन लाया है जैसा भी हो लेकिन मै समर्थन नहीं कर पा रहा हुँ इस कारण कि हमलोग का चाय वगान में वन वस्ती 98 में चालु है-पंचायत व्यवस्था, इसलिये पंचायत व्यवस्था के उपर मे हमारा अन्धाज थोडा कम ही हे। अनुभव थाडा कम ही है, लेकिन हमलोगों ते देखा है आगे जो Reservation तफसीली जाति, तपशीली जनजाती, वेकवर्ड क्लास ये सबके बारे मे हम लोगों ने देखा इसका बहुत सच इसका आगे भी ये चर्चा हुई है लेकिन ये जो Reservation के बारे में, Election होने के बाद में चो पद के लिये Reservation किया जाता है मान

लिजिये चाहे प्रधान हो, चाहे सभापति हो, पंचायत समिति सभापति हो, सह सभापति हो, जिलापरिषद का सभाधिपति, सहकारी सभाधिपति हो इस पोस्ट के लियें जो Reservation रहना हैं अकसर हमलोगों ने देखा हैं वहुत सा एसा ये problem आया है इसका मै ध्यान दिलाना चाहता हुँ इस विषय के लिये। हमने देखा हैं उसका 2, 3, 4, 5 तक मे देखा है, लेकिन हसका संशोधन के लिये कोई उपाय नहीं हैं। आप इसको यदि संशोधन बिल मे लाइयेगा, तो मै आभारी रहुंणा। हमने देखा कि यें प्रधान पोस्ट के लियें मानलिजिये कोई ग्राम पंचायत मे Reservation है, सिडुल ट्राइव महिला का सिडुल ट्राइव महिला का प्रधान पोस्ट के लिये Reserved है, वहाँ जो संख्या Reserved हुया वहाँ न महिला आई न ही ST आया, तो उस पोजीसत में क्या किया जायेगा जो संख्या लघु मे है वो ST मे भी है तो एसी परिस्थिति मे क्या किया जाय। ये जो आइन संशोधन हुआ है, ये चीज हम समङ्ग नही पाये तो इसके लिये क्या उपाय किया जायेगा। कारण इसके लिये बहुत असुविधा भी होता है, बहुत सा कलंकारी भी होता है। हमलोगों ने देखा हैं प्रेक्टिकल इसलिये मैं बोल रहा हुँ। खरीद-बिक्री होता है कन्डीडेट, हम-किस्म का आता है सिचुयेशन तो इसका लिये मै अनुरोध करुणा माननीय मंत्री महोदय से कि ये जो संशोधन Amendment किया है किया है, ये बहुत ही गुरुत्वपूर्ण बिल है। आप ये जो Amendment किया है ताकि ये बहुत गुरुत्व पूर्ण बिल है लेकिन हमने देखा है समस्या रह ही गया है। ये समस्या का समाधान कैसे आप एमेन्डमेन्ट करे,कैसे आप सुधार करेगँ। हमको आप सुचारु टंग से परिस्थिति को निपटायेगें यही मै बोलता चाहता हुँ और इसीलिये मै आपका बिल को विरोधिता करके मै आपना वक्तव्य शेष करता हुँ।

श्री योगरञ्जन हालदार : माननीय चेयारम्यान स्यार, किछुक्षन आगे ओयेष्ट बेङ्गल पञ्चायेत इलेकशान (सेकेन्ड) एयामेन्डमेन्ट विल निये दीर्घक्षण आलोचना हयेछे एवं आलोचना करार परे यें सिद्धान्तगुलि आमादेर वास्तवे एसेछे - एई यें विलटा एखन हच्छे तार सङ्गे एई दुटो विलेर अनेकटा मिल आछे। एई विलटा आगेर विलेर सङ्गे यदि आमरा करते पारताम ताहले हयतो आलादा करे आनते हत ना। याईहोक, आमादेर माननीय पञ्चायत मन्त्री श्री सुव्रत मुखार्जी तिनि १९७३ सालें आमादेर प्रथम पञ्चायेत मन्त्री छिलेन एवं तार समयें पञ्चायेतेर आईन तैरि हयेछिल एवं सेई आईनके सामने रेखे, वास्तवायित करे आमादेर विरोधी दल वामफ्रन्ट सरकार दीर्घ ३४ वछर क्षमतायं तारा आसीन छिलेन एवं आजके खुवई आनन्देर विषय यें आमरा सेई माननीय सुव्रत मुखार्जीर उपस्थितितें एवं प्रस्तावे आमरा संशोधन करलाम, स्थिरिकरण करलाम एवं दृढ़ीकरण करलाम किभावे आमादेर आगामी यें पञ्चायेत निर्वाचन आसन्न, यें पञ्चायेत निर्वाचन पश्चिमवांलाय अनुष्ठित हते चलेछे सेखाने किभावे रिजार्ज्ञेशानगुलि करा हवे एवं सवचेयें वड़ यें जिनिसटा एसेछे, येटा मा माटि मानुषेर सरकार ५० भाग महिलादेर जन्य सिटगुलि संरक्षण करेछेन सेटाई आमादेर काछे एकटा वड़ विषय। येटा आमादेर विरोधीपक्षेर माननीय सदस्यदेर किछुक्षण आगेर वक्तव्ये शुनछिलाम ओराओ नाकि चेष्टा करेछिलेन यें महिलादेर जन्य सेई समय संरक्षण करार पञ्चायेतें, त्रि-स्तर पञ्चायेतें। तखन नाकि वाधा छिल, एखन नाकि कोनो वाधा नेई। एखन वाधा नेई, तखन वाधा छिल। ओरा नाकि चेष्टा करेछिलेन तखन ओविसि-देर जन्य संरक्षणेर, तो ओरा करते पारेननि। एखन किन्तु आमादेर मा माटि मानुषेर सरकार एवं तार मुख्यमन्त्री ममता वन्द्योपाध्याय एवं पञ्चायेत मन्त्री सकलेर समन्वयें, प्रचेष्टायं आमरा ओविसि-के

সংরক্ষণ করতে পারলাম। পঞ্চায়েত নির্বাচনে এটা একটা আমাদের কাছে, মানুষের কাছে উল্লেখযোগ্য বিষয় যে প্রকারান্তরে আমরা সংখ্যালঘু মানুষকে তাদের ক্ষমতায় আনার জন্য গণতান্ত্রিক গ্রামীণ স্বায়ত্তশাসন ব্যবস্থায় তাদেরকে অধিকার দেওয়ার প্রশ্নে আমরা তাদেরকে সংরক্ষিত করে নিয়ে আসলাম। তার মানে এই নয় যে সংরক্ষণের বাইরে তারা কেউ প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। এখানে কিছু কিছু ব্যাখ্যায় বলা হয়েছে যে কোনো জেলায় যদি এস টি সম্পূর্ণ হয়, আর সেখানে যদি ৫০ ভাগ রিজার্ভেশান হয় তাহলে বাকি যারা তারা কি দাঁড়াতে পারবেন না। বিষয়টা মনে হয় একটু উল্টোভাবে ব্যাখ্যা করছিলেন। যারা ব্যাখ্যা করছিলেন তারা অত্যন্ত অভিজ্ঞ ব্যক্তিত্ব এবং দীর্ঘদিনের তারা সদস্য এবং মন্ত্রীও ছিলেন। আপনাদের নিশ্চয় অনেক অভিজ্ঞতা বেশি আছে এবং সেইজন্য আপনারা এত সুন্দরভাবে বিধানসভায় প্লেস করতে পারছেন এই উল্টো কথাটা।

[4.00–4.10pm]

এই রকম তো হয়নি যে পঞ্চাশের বেশী দাঁড়াতে পারবে না। পঞ্চাশের বেশী দাঁড়াতে পারবে না যদি সীটটা এস.টি হয়। তাহলে এস.টি-ই তো সেখানে দাঁড়াবে, অন্য কেউ দাঁড়াবে কেন? তাহলে এখানে কেন সেগুলোকে উত্থাপন করে হাউসকে বিভ্রান্ত করবার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে আমি জানি না। যাইহোক আমি পুরোণো যে আলোচনা তার মধ্যে বেশী যেতে চাইনা। আগামী পঞ্চায়েত নির্বাচনটা আমাদের অনতিবিলম্বে করা একান্তই প্রয়োজন, কারণ পশ্চিমবাংলায় বর্তমানে কয়েকটি জেলায় জেলা পরিষদের যে পরিস্থিতি তাতে উন্নয়নের কাজ ব্যহত হচ্ছে। মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছ থেকে আমরা অবহিত হয়েছি বা অন্যভাবেও আমরা অবগত হয়েছি। অনুরূপভাবে পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতগুলো বেশ কিছু জায়গায় কাজ করতে পারছে না। এই রকম একটা অবস্থার মধ্যে যে সংশোধনীগুলি আজকে গ্রহণ করা হল এবং আজকের আলোচনার শেষে যে অ্যামেন্ডমেন্ডগুলি গৃহীত হল সেই অনুসারে ৫০% মহিলা, এস.সি, এস.সি, এস. টি, ওবিসি-দের নিয়ে আমরা যাতে অতি দ্রুত আগামী পঞ্চায়েত নির্বাচন সম্পন্ন করে গরীব মানুষ, খেটে-খাওয়া মানুষ, শ্রমজীবি মানুষ, অবহেলিত মানুষ, সংখ্যালঘু মানুষ এবং মহিলাদেরকে ক্ষমতা অর্পণ করে নতুন বাংলা গড়ার ক্ষেত্রে নতুনভাবে একটা নজির সৃষ্টি করতে পারি এবং মা-মাটি-মানুষের সরকারকে সেদিকে এগিয়ে যাবার জন্য ও নির্বাচন দ্রুত সম্পন্ন করার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানিয়ে এবং আরেকবার এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মইনুল হক : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় "The West Bengal Panchyat Election (Second Amendment) Bill, 2012" যা এখানে উত্থাপন করেছেন সেই ব্যাপারে আমার বক্তব্য রাখছি। এখানে রির্জাভেশান নিয়ে একই সাবজেকটের উপরে অনেক আলোচনা হচ্ছে। আমি শুধু মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাইব, ৫০% রির্জাভেশান যেটা সিউউল কাস্ট, সিডিউল ট্রাইবস, ও.বি.সি এবং মহিলাদের মধ্যে হবে বললেন, এই ব্যাপারটা আমি ঠিক বুঝতে পারলাম না। এর বাইরেও কি মহিলাদের জন্য সংরক্ষণ থাকছে? এই ব্যাপাটা আপনি আমাকে একটা দয়া করে জানাবেন। আজকে আমরা যতই অ্যামেন্ডমেন্ট আনি না কেন, যতই আমরা আলোচনা করি না কেন, মূল বিষয়টা হচ্ছে মানুষকে পঞ্চায়েতের সুফলটা দিতে হবে। সেখানে জটিলতা যাতে তৈরি না হয় তারজন্যই এই সমস্ত আলোচনা। আজকে আমার যেটা মনে হয়েছে, মাননীয় সদস্য নেপাল মাহাতো যেটা বলেছেন এই রোস্টারের ক্ষেত্রে -প্রধান, উপ-প্রধান,

সভাপতি, সহকারী সভাপতি, সভাধিপতি, সহকারী সভাধিপতি- এখানে রির্জাভেশান করার ফলে অসুবিধা হবে। আমার বিধানসভা এলাকায় বাহাদুরপুর বলে একটা জি.পি. আছে। এটা আদিবাসী অধ্যুষিত গ্রাম পঞ্চায়েত। সেখানে ২০০৮ সাল থেকে আমরা উপ-প্রধান দিতে পারিনি। যেহেতু এটা সিডিউল কাস্ট মহিলা হতে হবে এবং সেখানে কেউ নির্বাচিত হয়নি। কোন পার্টিরই এই ব্যাপারটা মনে ছিল না। সেই পদটা কিন্তু খালি আছে। এই বিষয়টা কিন্তু খুব গুরুত্ব দিয়ে ভাবতে হবে। এই জটিলতা শুধু আমার এলাকায় নয়, সারা পশ্চিমবাংলাতেই হয়েছে। দ্বিতীয় যে বিষয়টি আমার বলার, বিধানসভা বা লোকসভার ক্ষেত্রে আমরা দেখি একজন সাংসদ বা বিধায়কের জায়গাটা খালি হলে সেখানে ছয় মাসের মধ্যে নির্বাচন হয়। আমার পঞ্চায়েত অ্যাকট্ জানা নেই, আপনার নিশ্চয় জানা আছে। আমাদের মুর্শিদাবাদ জেলায় ২০০৯ সালে একজন বামপন্থী সদস্য পদত্যাগ করে, ফলে জেলা পরিষদটা আমাদের পাওয়ার কথা। কিন্তু সেখান উপ-নির্বাচন হল না।

গত সরকারও করেনি, বিগত সরকার, আর আপনারাও প্রায় এক বছর সাত মাস, আমরা বার বার জানানো সত্ত্বেও আপনারাও করেননি। ইতিমধ্যে বিধানসভা নির্বাচন হওয়ার ফলে দেখবেন বহু জেলা পরিষদের সদস্য, সদস্যা যাঁরা বিধানসভায় নির্বাচিত হয়েছেন কিন্তু কোন খালি পদে আপনারা আর নির্বাচন করলেন না। ইতিমধ্যে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে প্রায় কয়েক হাজার শূন্য পদ রয়েছে প্রায় বছর দুয়েক থেকে সেই জায়গাগুলোয় নির্বাচন হয়নি। এই বিষয়টা আমি ভাবতে বলবো, যে এটা ছ মাসের মধ্যে হবে, না কত দিনে হবে, নির্দিষ্টভাবে এটা ঠিক করার দরকার আছে। আজকে আমরা আর একটা বিষয় দেখেছি, যদিও আমার সময় ছ মিনিট। তবু বলি, যে গত পঞ্চায়েত নির্বাচনগুলোতে সেই ৭৮ সাল থেকে দেখে আসছি যে উনারা বামপন্থী দল তারাও নির্বাচনের নামে প্রহসন করতেন। কোন বছর আমরা দেখেছি প্রায় ২৫ হাজার, ৩০ হাজার, ৪০ হাজার, ৫০ হাজার আসনে বিনা প্রতিদ্বন্দ্বীতায় তারা নির্বাচিত হয়ে এসেছেন। মনে হয় আবার এইরকম একটা সমস্যা তৈরী হচ্ছে। আমি জানিনা ওটা ৫০ হবে না ১ লক্ষ হবে। তো এই বিষয়গুলো, গণতন্ত্র আমরা বলছি, গণতন্ত্র মানে কি? আপনি যেটা একটু আগে বললেন, দুষ্টু ছেলেরা, জানি না এটা আপনি থ্রেট করলেন, না কি করলেন পারতে পারে। তো এই যে বিষয়গুলো, আমার মনে হয় যে আবার একই জিনিস, একইভাবে, যেটা আমরা বার বার লক্ষ্য করেছি সেই জিনিসটা যাতে না হয় সেটাও দেখা দরকার। আমার আর একটা কৌতুহল হচ্ছে, পঞ্চায়েত মন্ত্রী আমি আপনার কাছে জানতে চাইছি, আমার কৌতুহল হচ্ছে বার বার আপনারা জেলায় যাচ্ছেন, মুখ্যমন্ত্রী যাচ্ছেন, আপনারা যাচ্ছেন। নির্বাচন পঞ্চায়েত ভোট এগিয়ে নিয়ে আসবেন, কবে হবে, কি হবে সেটা আপনাদের বিষয়। আমি যেটা জানতে চাইছি, যে এই নির্বাচন বর্তমান ভোটার লিস্ট ধরে হবে? না পয়লা অক্টোবর আবার ভোটার তালিকা নতুন করে সংযোজন, সংশোধন হতে চলেছে। সেই ভোটার লিস্ট ধরে নির্বাচন হবে? আপনি এটা একটু দয়া করে পরিষ্কার করবেন। ধন্যবাদ।

শ্রী উদয়ন গুহ : মাননীয় চেয়ারম্যান স্যার, আজ মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জী দুটো বিল এই হাউসে পেশ করেছেন। দুটো বিলের মধ্যে খুব একটা পার্থক্য নেই। অনেকটা সেই চাল ভাজা আর মুড়ির মতো। এটা নিয়ে অনেকক্ষণ ধরে আলোচনা হয়েছে। সুব্রত বাবু প্রথম ধাপের আলোচনায় তার জবাবী ভাষণও দিয়েছেন। আমি তো এর আগেও একদিন বলেছি যে সুব্রত বাবু

আমার পছন্দের মানুষের মধ্যে একজন, রাজনীতিটা আলাদা। তো উনি যখন বক্তব্য রাখছিলেন, সেই বক্তব্যও মন দিয়ে শুনছিলাম। উনার বক্তব্য শুনতে শুনতে আমার ৭০ দশকের একটা কথা মনে পড়ছিলো। সেই সময় আসাম থেকে আগত সর্ব ভারতীয় এক কংগ্রেস নেতা তদনীন্তন প্রধানমন্ত্রীর স্তুতি করতে গিয়ে বলেছিলেন ইন্দিরা ইজ ইন্ডিয়া, ইন্ডিয়া ইজ ইন্দিরা। সারা ভারত ছি ছি করে উঠেছিলো। আজকে সুব্রত বাবু যখন তাঁর বক্তব্যে মহাত্মা গান্ধীর সাথে তাল মিলিয়ে মমতা ব্যানার্জীর স্তুতি করেন, তখন মনে হয় দেবকান্ত বড়ুয়ার আত্মার শান্তি বোধহয় এতদিনে হলো। তো আমি একটু আলোচনা করি, মূল রিজারভেশানের ব্যাপারটা এসেছে, এক্ষেত্রে বলে দিয়েছেন যে সিড্যুইলড কাস্ট, সিড্যুইলড ট্রাইব, ও.বি.সি. ৫০ শতাংশ পর্যন্ত হবে। ৫০ শতাংশের ওপরে নয়, রিজারভেশান হবে। পাশাপাশি এটাও বলেছেন যে কোন অবস্থাতেই ৫০ শতাংশের ওপরে হবে না।

[4.10–4.20 p.m.]

এবং সেই এলাকার জনসংখ্যার নিরিখে হবে। তাহলে কোথাও যদি এস.সি., এস.টি বেশি হয়ে যায় তাহলে ও.বি.সি হবে কি না, সেই ব্যাপারে কোন নিশ্চয়তা নেই। আমি সুব্রতবাবুকে বলব, আমার জেলা কোচবিহার ৯টা বিধানসভা কেন্দ্র, ৫টা তফসিলিদের জন্য সংরক্ষিত, একটি লোকসভা কেন্দ্র তফসিলিদের জন্য সংরক্ষিত । ৫১ শতাংশ তফসিলিদের বাস। ৬টা পৌরসভা, এই ৬টা পৌরসভায় কিন্তু ৫১ শতাংশ তফসিলি নেই। তাহলে গ্রামে তফসিলি সংখ্যা ৫১ শতাংশের বেশি। যখন এই রিজারভেশানের ব্যাপারটা আসবে তখন আমাদের জেলায় ১২৮টা গ্রাম পঞ্চায়েতে, প্রায় প্রত্যেকটা গ্রাম পঞ্চায়েতেই তফসিলিদের জন্য যে ৫০ শতাংশ আসন, সেই আসন সংরক্ষিত হয়ে যাবে। সেখানে এস.টি, বা ও.বি.সি. দের জন্য কোন সংরক্ষিত থাকবে কিনা সেটা আপনি একটু ভেবে দেখবেন। একই অবস্থা আমাদের পাশের জেলা জলপাইগুড়ি। সেখান এস.সি. এবং এস.টি. মিলিয়ে প্রায় ৪৫ শতাংশ মানুষের বাস। এবং সেটাও গ্রাম কেন্দ্রিক, গ্রাম পঞ্চায়েত এলাকায়। শহরের এই সংখ্যাটা কম। স্বাভাবিক ভাবেই জলপাইগুড়িতে জেলাতে ও.বি.সি.দের জন্য সংরক্ষণ আপনার পক্ষে দেওয়া হবে বলে আমার মনে হয় না। আপনি কোর্ট কেসের কথা বলছেন, রাস্তাটা তো আপনি খুলে দিয়েছেন। আপনি ২২ শতাংশ এস.সি. ৭ শতাংশ এস.টি, এই সব চিন্তা-ভাবনা না করে এমন একটা কথা বললেন সেটা নিয়ে কোর্টে হয়তো আপনাকে যেতে হতে পারে এবং কোর্টে গেলে পরে এই নির্বাচন করে হবে সেটা নিয়ে প্রশ্ন আছে। আপনারা হয়তো চান এটা কোর্ট-এ গিয়ে আটকে যাক। কারণ আগামী বছর পঞ্চায়েত নির্বাচন, পৌরসভা নির্বাচন -এইগুলো হয়নি বন্ধছিল আমরা দেখেছি। আমি বলেছি আমাদের জেলায় ৫১ শতাংশ তফসিলির বাস। পাশাপাশি সুব্রতবাবুকে বলি যে আমাদের জেলাতেই তফসিলিদের জন্য আসন সংরক্ষিত হবে। কিন্তু সেখানে ২৪ শতাংশ সংখ্যালঘু সম্প্রদায়দের বাস, তারা মুসলমান এবং এই মুসলিম সম্প্রদায়ের মানুষের অধিকাংশ হচ্ছে মৎস্যশেখ। এদের যে সামাজিক অবস্থা এই মৎস্যশেখদের সামাজিক অবস্থা, আর্থিক অবস্থা আপনি যদি দেখেন এরা কোন অংশেই তফসিলিদের থেকে ভাল হয় বরং খারাপ অবস্থায় আছে। এবং ধর্মীয় ব্যাপারটা আপনি যদি দেখেন এই মৎস্যশেখ ঐতিহাসিকরা বলেন, এদের ওরিজিনটা হচ্ছে তফসিলিদের মধ্যে থেকে। অধিকাংশই ধমান্তরিত। তাহলে আপনি একটা জায়গায় এস.সি. হওয়ার জন্য তাদের রিজারভেশান সেটা দিয়ে দিলেন। অথচ একই রকম আর্থিক-সামাজিক

পরিস্থিতি এবং ধর্মীয় কারণটা একই জায়গায় থেকে উঠে এসেছে তাদের জন্য কোন রিজারভেশান থাকছে না আপনার এই নিয়মটা হওয়ার ফলে। এটা নিয়ে একটু চিন্তা করবেন, ভেবে দেখতে হবে। এমন কতগুলো জায়গা আছে, জেলা আছে যেখানে আপনি ও.বি.সি. দের জন্য কোন আসন রাখতে পারবেন না। আমি বাজেট বক্তব্য-এর সময় বলেছিলাম। এই যে প্রধান-উপপ্রধান রিজারভেশান, থার্ড রিজারভেশান কিন্তু তার জন্য বাস্তবটা খুলে রাখতে হবে। আপনি আমার জেলাতে আসুন এস.টি. মহিলা প্রধান। এবার যারা মেজরিটি ওখানে এল, নির্বাচনের যারা মেজরিটি পেল, তাদের কোন এস.টি. মহিলা প্রার্থী সেখানে জয়ী হল না। আপনি প্রধানের পদ এস.টি. মহিলার জন্য সংরক্ষিত করলেন। আর সেখানে যারা মেজর পার্টি তাদের কোন এস.সি. মহিলা জিততে পারল না। স্বাভাবিক ভাবেই যারা অন্য দলের থেকে একজন জয়ী হয়েছিলেন এস.টি. মহিলা তিনি সেখানে প্রধান হলেন। ফলে মেজরিটির ব্যাপারটা সেখানে থাকল না। এই ব্যাপারটা আপনাকে লক্ষ্য রাখতে হবে। রিজারভেশান করবার ক্ষেত্রে এই জিনিসগুলো যদি না রাখেন পরের দিকে বিশৃঙ্খালার সৃষ্টি হবে। আমি আপনাকে আর একটা ব্যাপারে বলছি, আপনি লিখেছেন এখানে যে প্রধানদের হোল টাইমার হতে হবে। তাদের হোল টাইম প্রধানের জন্য দিতে হবে এবং প্রয়োজনে ছুটি নিতে হবে।

গ্রামের শিক্ষিত লোককে প্রধান করতে গেলে মূলত তারা প্রাথমিক শিক্ষক বা মাধ্যমিক শিক্ষক হবে। আপনি আমাকে জি.ও দেখান। এই আইন আগেও ছিল, আগের সরকারের ছিল, যারা প্রাথমিক শিক্ষক তারা প্রধান হতে পারবেন না, ছুটি নিতে হবে। কিন্তু গতবার এই ঘটনা ঘটেছে। প্রাথমিক শিক্ষকরা প্রধানী করবেন, তারা ছুটি নিতে পারবেন। এই রকম কোন সরকারী অর্ডার নেই যে ছুটি নিয়ে তারা প্রধানী করবেন। তাদের কোন ছুটির বন্দোবস্ত নেই। সরকার থেকে কোন আইন হলো না, আপনি বলে দিচ্ছেন ওখানে হোল টাইম থাকতে হবে, তাকে ছুটি নিতে হবে। তাহলে তার আগে জি.ও-র ব্যবস্থা করুন। অর্ডারটা বার করে দিন তারপর প্রাথমিক শিক্ষকরা ছুটি নিয়ে, ৫ বছর যদি মনে করেন প্রধানী করতে পারেন তার ব্যবস্থা করুন। সেটা না করে শুধু আইনে বলবেন তা তো হবে না। দ্বিতীয় আমি আপনাকে আর একটা কথা বলবো। সেটা হচ্ছে এখানে আলোচনা হয়েছে, আনিসুর সাহেব বলেছেন, যে পঞ্চায়েতী ব্যবস্থাটা-আপনি তো ওনাকে মাহাত্মা গান্ধী-টান্ধী বললেন-গণতন্ত্রকে শক্তিশালি করবার জন্য, গ্রামীন গণতান্ত্রিক ব্যবস্থাটাকে আরো শক্তিশালি করবার জন্য, উন্নয়নকে শক্তিশালি করবার জন্য। কিন্তু এই কথা বলতে আমার দ্বিধা নেই - এটা নতুন নয়, আগেও ছিল- পঞ্চায়েতী ব্যবস্থাটাকে দখল করবার জন্য জোর জুলুম চলছে। এটা আগেও ছিল, এখন এটা আরো বেড়ে গেছে। এমন একটা পরিস্থিতির সৃষ্টি হচ্ছে, এবারের নির্বাচন পশ্চিমবাংলার অতীতের সব ঘটনাকে ছাপিয়ে যাবে। এবারের নির্বাচনে এমন পরিস্থিতি হবে, একটা চেষ্টা হবে কত বেশী পঞ্চায়েতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী করে আনা যায়। বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী করার কমপিটিশান এখন থেকে শুরু হয়ে গেছে। বিভিন্ন স্কুল নির্বাচনে আমরা দেখছি প্রার্থী দাঁড় করাতে, মনোনয়ন পত্রদাখিল করতে দেওয়া হচ্ছে না। আপনি মাহাত্মা গান্ধীর সংগে মাননীয়া মুখ্যমন্ত্রীর তুলনা করেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী এর আগে এই হাউসে ঘোষণা করেছিলেন যে স্বচ্ছতা আনবার জন্য টেন্ডার পেপার অন লাইনে দেবেন। আমি মাননীয় মন্ত্রীকে বলবো আপনি মাননীয়া মুখ্যমন্ত্রীর সংগে আলোচনা করুন, যদি এই নির্বাচনে স্বচ্ছতা আনতে চান, এই নির্বাচনে মানুষ যাতে তার গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করে তার নিজের লোককে নির্বাচিত করতে পারে, তাদের মাধ্যমে যাতে তারা গণ উন্নয়ন করতে পারে, যেন তিনি ব্যক্তিগত ভাবে

যদি পারেন উপস্থিত হয়ে মনোনয়ন পত্র দাখিল করবেন, আর যদি কেউ ব্যক্তিগত ভাবে উপস্থিত হয়ে মনোনয় পত্র দাখিল করতে না পারেন, তাকে যদি সেই মনোনয়ন পত্র দাখিল করতে না দেওয়া হয়, তিনি যাতে অন লাইন মনোনয় পত্র দাখিল করতে পারেন, চ্যালেঞ্জ করে বলছি সেটা যদি করতে পারেন তাহলে ওই ব্যাপারে আপনাকে পুরো সমর্থন জানাবো। এটা একটা রেকর্ড হয়ে থাকবে, আপনার নাম ইতিহাসে থাকবে। আপনি অন লাইন মনোনয়ন পত্র পঞ্চায়েতের ক্ষেত্রে দাখিল করবার ব্যবস্থা করে গণতন্ত্রের ভিতটাকে শক্তিশালি করবার চেষ্টা করুন। কিন্তু আপনি যেটা করতে যাচ্ছেন, যেটা হচ্ছে, যেটা আছে সেই বিধি ব্যবস্থা যদি চলতে থাকে তাহলে আগামী পঞ্চায়েত নির্বাচন পশ্চিমবাংলার গ্রামে মানুষের কাছে একটা বিভিষিকা ব্যাপার হয়ে দাঁড়াবে। ইতিমধ্যে সেটা শুরু হয়েছে। আপনারা এখানে নতুন সরকারে বসার পরে গণতান্ত্রিক ব্যবস্থাটা আরো শক্তিশালি করবেন বলেছেন। আমি দুটো ব্যাপারে আপনাকে বলবো, দুটো ব্যাপার আপনার দায়িত্বের মধ্যে পড়ে, ওই গীতাঞ্জলী গৃহ প্রকল্পের কথা বলেছেন। একটা মৎস্যজীবীদের জন্য আর একটা সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য। দুটো ক্ষেত্রে কোথাও পঞ্চায়েত সমিতিকে তার থেকে জড়ান নি। এমন কি আমরা যারা বিধায়ক, যারা জনপ্রতিনিধি, বি.ডি.ও আমাদের ডেকে বলছেন সরকারী অর্ডার আছে এতো গুলো ঘর দিতে হবে, আপনি কি সাজেশান বলুন, এস.ডি.ও এবং বি.ডি.ও মিলে সেটা ঠিক করবেন। আমরা জনপ্রতিনিধি হিসাবে আমাদের নাম দেওয়ার আধিকার আছে কিনা, আমরা সেই তালিকা তৈরী করতে পারবো কিনা সেটা আমাদের কাছে স্পষ্ট করে লেখা আপনারা পাঠান নি, স্পষ্ট করে কোন চিঠি আমাদের দেন নি। বি.ডি.ও মুখ থেকে আমাদের শুনতে হয়, তিনি ডেকে আমাদের বলেন যে এই রকম জি.ও আছে, আপনি এসে মিটিং এ্যাটেন্ড করুন এবং কাগজে সই করুন। এ কোথায় নিয়ে যাচ্ছেন? পঞ্চায়েতটা বিরোধীদের হাতে বেশী আছে বলে সেটাকে একেবারে কাবু করে দিতে হবে? এমন কি এম.এল.এ-দের সংখ্যা আপনাদের অনেক বেশী।

[4.20–4.30 p.m.]

তাদের পর্যন্ত অসম্মান করিয়ে দিচ্ছেন বি.ডি.ও-দের দিয়ে, এস.ডি.ও-দের দিয়ে। এটা কি গণতন্ত্রের ভীতটাকে শক্তিশালী করবে? তাই আমি আপনার কাছে বলব যে আপনি আইন করছেন, আপনি বিল আনছেন, আপনি প্রবীণ রাজনীতিবিদ্, আগেও মন্ত্রী ছিলেন, সব কিছু বিবেচনা করে কি করে এটাকে একটা সুষ্ঠ ব্যবস্থার মধ্যে আনা যায় তার জন্য চিন্তা-ভাবনা করুন। কিন্তু যেটা করছেন, সেটা আপনি কার নির্দেশে করছেন, কি ভাবে করছেন। আপনার দলের এক নেতা বলেছেন - আপনি মাননীয়া মুখ্যমন্ত্রীর সাথে বসে এটা করেছেন। আমার তো মনে হয় যে -' একা রামে রক্ষা নেই, তারপর সুগ্রীব দোসর।' আমাদের তো লাইফই হেল হয়ে যাবে। যাই হোক, যে কালা আইন, যে বিল এখানে আপনি পাশ করলেন, এটা প্রতিবাদ করছি এবং এই প্রতিবাদস্বরূপ আমি মনে করি যে এই কালা আইন যেটা সংখ্যালঘুদের যে রাইট, সেই রাইট, বা অধিকারকে খর্ব করবে, মহিলাদের অধিকারকে খর্ব করবে, সেই বিল আপনি আজকে এই সংখ্যাধিক্যের জোরে এই হাউসে পাশ করলেন। তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আমরা আজকে এই কক্ষ ত্যাগ করছি। ধন্যবাদ।

(At this stage Hon'ble members of Left Front Parties walked out the House).

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটু আগেই আগের যে অর্ডিন্যান্স, যেটা

অ্যামেন্ডমেন্ট করে বিল করে আমরা নিয়ে এসেছি, যেটা এই হাউসে আপনি প্লেশ করেছেন এবং পাশ হয়েছে এটা বক্তব্যের নিরীখে নতুন করে আমার বলার কিছু নেই। শুধু আমি বারেবারে এটাই বলি যে মূল যে মাদার এ্যাক্ট ১৯৭৩, এতে নেপাল মাহাতোর কথায় কিছু কিছু জটিলতা আছে। এই জটিলতাগুলো দ্রুত আমরা আলোচনা করে মীমাংসা করতে পেরেছি এই দাবী আমি করছি না। আবার এটা অস্বীকারও করছি না যে এটাকে কোনকালেই আমরা আলোনচা করে একটা কমপ্রিহেনসিভ সামগ্রিক একটা নতুন কিছু আইন আমরা আনব না, আমরা সেই রকম ভাবনার মধ্যে আছি। কিন্তু যেহেতু নির্বাচন আমাদের বেশী দূরে নয়, স্বভাবতঃই আমাদের এক্ষুনি তাৎক্ষণিক কাজগুলো যে নির্বিঘ্নে, শান্তিতে অবাধ নির্বাচনের মধ্যে দিয়ে প্রকৃত পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠা করা, আমরা সেই লক্ষ্যে যাবার জন্যই একটু আগেই যেটা পাশ করেছি, সেটাই যদি ইলেকশান এ্যাক্ট হিসাবে রূপায়িত হতে পারে, সেই জন্য আইন মোতাবেক আরেকটি এ্যাক্ট এই এ্যাক্টে আনা হয়েছে। প্রসঙ্গক্রমে আমি বলে রাখি আবারও যে রিজার্ভেশান এর চেয়ে বেশী হওয়া আর সম্ভব নয়। কারণ সুপ্রীম কোর্টের খুব ক্লিয়ার ভার্ডিক্ট আছে। আনুষঙ্গিকভাবে অন্য কেস আমরা দেখেছি। আজকেও একটা রিজার্ভেশন নিয়ে কেস আছে এবং সুপ্রীম কোর্টের এই অর্ডারের পরিপ্রেক্ষিতে আইন মোতাবেক যে ব্যবস্থা করা উচিত, আমি সেই ব্যবস্থাই করেছি। আপনাদের আশ্বস্ত করতে পারি যে, যে দুটি রিজার্ভেশনের কম্পোনেন্ট হয়েছে, একটা Scheduled Caste, Scheduled Tribe এবং ও.বি.সি. আরেকটা মহিলা -এই দুটো কম্পোনেন্ট মিলনে রিজার্ভেশন কিন্তু আনুপাতিক হারে কম হবে না, কম হবার কথা নয়। একটা প্রসঙ্গ অনেক সময় অনেকে তুলেছেন যে ও.বি.সি-র ক্ষেত্রে যেখানে অনেক ও.বি.সি আছে। যেমন উত্তরবঙ্গে রাজবংশী সম্প্রদায় অনেকে আছেন, তাদের সঙ্গে যদি Scheduled caste, Scheduled Tribe ইত্যাদি যোগ হয়, সেখানে আমি জানিয়ে রাখি যে, যেখানে ও.বি.সি. অনেক বেশী আছে, ও.বি.সি-র ক্ষেত্রে কিন্তু আমাদের প্রভিশান আছে, স্টেট গভর্নমেন্ট, সে কমবেশী বা ইলেকশান অফিস করতে পারবে। সুতরাং প্রপোরশান ভার্টিকালি হবে যেহেতু স্বভাবতঃই লোকসংখ্যা যেরকম যেরকম আছে, সেই মোতাবেকই তাদের রিজার্ভেশনে আসবে। কেউ বঞ্চিত হবে না এবং মহিলাও বঞ্চিত হবে না। এমন কি কিছু সংখ্যক ওবিসি মাইনোরিটি এর মধ্যে চলে আসবে। সব মিলিয়ে রিজার্ভেশনের দিকটা দেখে এবং অন্যান্য আইন দেখেই এটাই ইলেকশন আইনে বলবৎ করা হোক বলে আর একটা প্যারালাল আইন আমাদের আনতে হচ্ছে। সুতরাং, আমি দীর্ঘ বক্তৃতা করছি না। অনেকে অনেক রকম সাজেশন রেখেছেন। তবে, মূল আইনের পরেই আমাদের যেহেতু দ্রুততা ছিল, আছে সেই জন্য অর্ডিনেন্স করতে হয়েছিল। আজকে আপনাদের সমর্থনে সেটা অ্যাক্ট হয়ে গেল, পাশ হয়ে গেল এবং আমরা দ্রুত কাজ শুরু করতে পারব। বোধ হয় মান্নান সাহেব বলেছেন যে, কোন্ ইয়ারের নির্বাচনের ভোটার-লিস্ট গৃহীত হবে? এটা আমরা বলতে পারি না। কারণ এই বছরেব শেষে নেকস্ট ইয়ারের ১৩-তে হয় তো নতুন ভোটার-লিস্ট আসবে। এটা ডিপেন্ড করবে ইলেকশন কমিশনার যেটা সংবিধান মতে তৈরী হয়ে আছে। তারা বিতবণ করবে। তারা যেটা করবেন আমাদের কাজ সেই জিনিসগুলোকে সুষ্ঠ ভাবে ইমপ্লিমেন্ট করার জন্য সহযোগিতা করা। কোনটা গ্রহণ করবেন, কোনটা গ্রহণ করবেন না সেটা আমাদের ঘোষণা করা আমাদের এক্তিয়ারের মধ্যে পড়ে না। হয় তো সংবাদ পাব আর কিছু দিন পরে। কিন্তু আমাদের এক্তিয়ার নেই ডিকটেট দ্য টার্মস অফ ইলেকশন কমিশনারের অফিস, স্টেট ইলেকশন কমিশনারের অফিস। যারা বক্তব্য রেখেছেন তাদের সকলকে ধন্যবাদ জানিয়ে, এই আইনটি পাশ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : Now, the question before the House is that the West Bengal Panchayat Elections (Second Amendment) Bill, 2012 ,be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No '. Ayes have it, Ayes have it.

Clause - 2

There is no amendment to Clause 2. So, the question that Clause 2. do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'no'. Ayes have it, Ayes have it.

Clause - 3

Mr. Speaker : There is amendment No. 1 & 2 to clause 3 by Shri Nepal Mahata. Now, I call upon Shri Mahata to move his amendment.

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, এখন এই অ্যামেন্ডমেন্টার আর গুরুত্ব থাকছে না। কারণ, ওয়েস্টবেঙ্গল পঞ্চায়েত যেটা অ্যামেন্ডমেন্ট ছিল তাতে এটা গ্রহণ করা হয়নি, তারই ইলেকশন পোরশনে আসছে, তবুও আমি পড়ছি-

Sir, with your kind permission, I beg to move that in Clause 3(1), in Sub-Section (1) of Section 18 of the Principal Act. after the proposed fourth proviso, the following proviso be added :

"Provided also that at least there is one seat under the said reserved category to fill up the said post either for pradhan or Upa-Pradhan."

Sir, I also beg to move my second amendment that in Clause 3(2), in Sub-Section (6) of Section 18 of the Principal Act, after the proposed fourth proviso, the following proviso be added :

" Provided also that at least there is one seat under the said reserved category to fill up the said post either for Sabhapati or Sahakari Sabhapati."

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Subrata Mukherjee : এখনই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : The question before the House is that amendment nos. 1&2 moved by Shri Nepal Mahata. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it, Noes have it.

Now I put Clause-3 to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clauses 4 & 5

Mr. Speaker : There is no amendment to Clauses 4 & 5. I put Clauses-4 & 5 to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, The Preamble and the Title of the Bill.

The question that clause 1, the enacting formula, the preamble and the title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now, the Hon'ble Minister-in-Charge of Panchayat & Rural Development Department may please move the Motion for passing the Bill.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the West Bengal Panchayet Elections (Second Amendment) Bill, 2012, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it. The Bill is passed ; the Bill is passed.

Adjournment

The House was then adjourned at 4.30 p.m. till 11.00 p.m. on Wednesday, the 26th September, 2012 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 26th September 2012 at 11·00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 26 Minister, 6 Ministers of State and 197 Members.

[11.00 – 11.10 a.m.]

(গোলমাল)

(ভয়েস : Point of information Sir.)

(গোলমাল)

মিঃ স্পীকার : বসুন, বসুন, এখন পয়েন্ট অফ ইনফর্মেশন হবে না। কোশ্চেন আওয়ার শেষ হোক তারপর বিবেচনা করব। ... (গোলমাল) ... আপনি তো বলেই দিলেন, আর তো কোন লাভ নেই। ... (গোলমাল)...

আমি একটা অনুরোধ করব, এখানে যাঁরা মিডিয়ার পক্ষ থেকে রয়েছেন, গতকাল মিডিয়ার অনেক সাংবাদিকদের, যাঁরা এখানে এসেছিলেন তাঁরা তাঁদের মোবাইল ফোনে আমাদের বিধানসভার ছবি তুলে, কালকে টেলিকাস্ট হয়েছে আমি দেখেছি। আমি দু'একটা মোবাইল ফোন সিজ করে নিয়েছিলাম। তাঁরা গিয়ে আমাদের কাছে দুঃখ প্রকাশ করেছেন, আর ভবিষ্যতে করবেন না। আমি আপনাদের অনুরোধে করব, এই ধরণের আচরণ যেন না হয়। কালকে আমাকে অনেকেই বলেছেন যে, আমাদের হাউজের মধ্যে কালকে যখন **অ্যাডজোর্নমেন্ট** মোশানে আলোচনার পরিপ্রেক্ষিতে যে ঘটনাটা এখানে হয়েছিল সেটা নাকি টেলিকাস্ট করা হয়েছে। এটা বাঞ্ছনীয় নয়। এ ব্যাপারে আপনারা সতর্ক থাকবেন। এর আগেও এই ধরনের ঘটনা হয়েছিল এবং তাঁদের এগেইনেস্টে প্রিভিলেজ হয়েছিল। আমি প্রত্যাশা করব এটা যেন না হয়।

Starred Questions
(to which oral answers were given)

তিনটি বাতিযুক্ত আলোকস্তম্ভ

*৩৭। (অনামোদিত প্রশ্ন *২৪২) **ড. সূর্য্যকান্ত মিশ্র** ঃ পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমোহদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে আগস্ট, ২০১২ সাপেক্ষে কলকাতা পৌর নিগম সহ রাজ্যের মোট কতগুলি পৌর এলাকায় তিনটি বাতিযুক্ত আলোকস্তম্ভ বসানোর কাজ সম্পন্ন হয়েছে;

(খ) উক্ত সময়ে এই কাজে মোট ব্যয়িত অর্থের পরিমাণ কত (কলকাতা পৌর নিগম ও পৌরসভা ভিত্তিক পৃথক পৃথক হিসাব) ; এবং

(গ) এই গাজে কোন্ কোন্ সংস্থাকে বরাত দেওয়া হয়েছে?

শ্রী ফিরহাদ হাকিম :

(ক) ৩১শে আগষ্ট, ২০১২ সাপেক্ষে কলকাতা পৌরনিগম সহ রাজ্যের মোট ৫৪টি পৌর এলাকায় তিনটি বাতিযুক্ত আলোকস্তম্ভ বসানোর কাজ সম্পন্ন হয়েছে।

এছাড়া উল্টোডাঙ্গা থেকে বারাসাত পর্যন্ত ৩১নং জাতীয় সড়ক বরাবর এবং পাতিপুকুর রেলব্রিজ থেকে কলকাতা বিমানবন্দরের ১ নং গেট পর্যন্ত যশোহর রোড বরাবর তিনটি বাতিযুক্ত আলোকস্তম্ভ বসানোর কাজ অনেকাংশে সম্পন্ন হয়েছে।

(খ) উক্ত সময়ে এই কাজে বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নরূপ ঃ

(১) কলকাতা পৌরনিগম —	২৪ কোটি ৬৮ লক্ষ টাকা
(২) কলকাতা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটি (কে.এম.ডি.এ) কর্তৃক গৃহিত ৬টি পৌরসভায় —	৮৯ লক্ষ ৯৩ হাজার টাকা
(৩) রাজ্য নগর উন্নয়ন সংস্থা (সুভা) এবং পৌর কারিগরি অধিকার (এম.ই.ডি) কর্তৃক গৃহিত ৪৫টি পৌরসভায়—	১৪ কোটি ৭১ লক্ষ টাকা
(৪) বিধাননগর পৌরসভা —	২ কোটি ৯৬ লক্ষ টাকা।
(৫) নবদিগন্ত শিল্পনগরী কর্তৃপক্ষ—	৬ কোটি ১২ হাজার টাকা।

(গ) এই কাজে কলকাতা পৌরনিগম, পৌর ও নগরোন্নয়ন দপ্তরের অধীন সংশ্লিষ্ট সংস্থাগুলি, বিধাননগর পৌরসভা এবং নবদিগন্ত শিল্পনগরী কর্তৃপক্ষ বিভিন্ন সংস্থাকে বরাত দিয়েছে।

আমি স্যার কয়েকটা নাম পড়ে দিচ্ছি। এর মধ্যে আছে ইক্যুইপমেন্ট আন্ড স্পেয়ারর্স, বি.ই.ইঞ্জিনিয়ারিং, রিমা ইঞ্জিনিয়ারিং, আকবর অ্যান্ড কোম্পানি, শতাব্দী ইঞ্জিনিয়ারিং, মহেশ্বরী ইলেকট্রিক্যাল, ইস্টার্ন ইলেকট্রিক্যালস, টুম্পা ইলেকট্রিক্যাল, ইলেকট্রো-মিক্স, বেঙ্গল ইলেকট্রিক্যালস, ফোর্ড ইলেকট্রিক্যালস, সোনি উদ্যোগ, এম.টি. উদ্যোগ এরকমভাবে অনেক আছে। আমি টোটাল লিস্টটা প্রিন্ট করে লিডার অব দি অপোজিশানকে দিয়ে দেব।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার মন্ত্রীকে ধন্যবাদ। উনি আমাকে টোটাল তালিকাটা দিয়ে দেবেন বলেছেন। কিন্তু যে কারণে আমি প্রশ্নটা করেছি কোন কোন সংস্থাকে এটা বরাত দেওয়া হয়েছে? যেহেতু কলকাতা পৌর নিগম দিয়েছে, নগর উন্নয়ন দপ্তর দিয়েছে, বিধাননগর পৌরসভা দিয়েছে ইত্যাদি। বিভিন্ন সংস্থা এক জোটে করেছে। যেহেতু এই নিয়ে অনেক সংবাদ মাধ্যমে, অভিযোগ

ইত্যাদি বেরিয়েছে। যে অভিযোগে দুর্নীতি, স্বজনপোষণ ইত্যাদি ইত্যাদি কথা বলা হচ্ছে, সেইহেতু আমি আপনাকে জিজ্ঞেস করতে চাই সুনির্দিষ্টভাবে সরকারের পক্ষ থেকে আপনার দপ্তরের পক্ষ থেকে এই সব অভিযোগগুলো নিয়ে—ঠিকভাবে টেন্ডার করে দেওয়া হয়েছে কিনা, ঠিক স্পেশিফিকেশান করে দেওয়া হয়েছে কিনা, কেন দামের এত পার্থক্য হচ্ছে, ইত্যাদি ইত্যাদি বহুবিধ যেসব অভিযোগগুলো এসেছে সেগুলো নিয়ে তদন্তের কোন ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার স্পেশিফিক অভিযোগ আমার দপ্তরে কিন্তু জমা পড়েনি। কিন্তু তা সত্ত্বেও যারা এই টেন্ডারগুলি করেছে যে সংস্থা সুডা, কে.এম.ডি.এ., কলকাতা কর্পোরেশান, বিধাননগর পুরসভা, এই বিভিন্ন দপ্তরে—যে দপ্তরগুলি ডাইরেক্টলি আমার মন্ত্রিসভার অধীনে আছে, তাদের আমি দেখেছি স্যার, প্রসেস অনুযায়ী টেন্ডার কাজ হয়েছে। স্পেশিফিক যদি কোন কমপ্লেইনট জমা পড়ে তাহলে আমরা এনকোয়ারি করে দেখব।

ড. সূর্য্যকান্ত মিশ্র : স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাই, স্পেশিফিক কমপ্লেইনট তো আপনি নিশ্চয়ই দেখে থাকবেন। আমি আপনাকে সুদির্নিষ্টভাবে প্রশ্ন করতে পারি প্রথম স্পেশিফিক কমপ্লেইনট হচ্ছে যে টেন্ডার হয়নি। দ্বিতীয় স্পেশিফিক কমপ্লেইনট হচ্ছে যে যেসব নোটিশ ইত্যাদি হয়েছে তাতে স্পেশিফিকেশানই নেই। তৃতীয়ত হচ্ছে তার দামগুলো সব ভিন্ন ভিন্ন। কলকাতা পৌরসংস্থার নিজস্ব যে ম্যানুফ্যাকচারিং ব্যবস্থা আছে তার দাম এবং বাজারের দামের মধ্যে বিশাল পার্থক্য হচ্ছে। এরমধ্যেই বহু জায়গায় অনেক বাতি সেগুলো সব খারাপ হতে আরম্ভ করেছে। ৫ লক্ষ টাকা কম করে দেওয়ার জন্য সেখানে ৫০০-র বেশি ফাইল হয়েছে। আমি সব ডিটেলসে যাচ্ছি না। কারণ আমার কাছে আছে, আমাদের এই হাউসের সদস্য যিনি কলকাতা পুরসভার মাননীয় মেয়র তিনি যা বিবৃতি দিয়েছেন, পুরসভার পক্ষ থেকে যা বিবৃতি দেওয়া হয়েছে লিখিত বিবৃতি সব আমার কাছে এখানে আছে। তারমধ্যেই সুনির্দিষ্ট অভিযোগগুলি আছে, তারাও তদন্ত করবেন বলে তারাও বলছেন যে আমরা দেখব। কিন্তু আমি জিজ্ঞেস করছি আপনাকে, সরকারকে যেহেতু কলকাতার সৌন্দর্যায়নের সংগে যুক্ত সমস্ত বিষয় শুধু লাইটের ব্যাপার নয়, নীল, সাদা করা ইত্যাদি ইত্যাদি সব কিছুই এর সংগে কলকাতা পৌরসভা, সরকার, রেল দপ্তর এবং তার সংগে কলকাতা পোর্ট ট্রাস্ট, এরা যুক্তভাবে এটা করেছে। সেইজন্য আপনার পক্ষ থেকে কি সুনির্দিষ্টভাবে কারা এর সংগে জড়িত তাদের চিহ্নিত করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার অ্যাকচুয়ালি কলকাতা পৌরসভা একটি স্বাশাসিত সংস্থা। তাদের যে কাজকর্ম, তাদের নিজস্ব হাউস আছে, ইলেকটেড রিপ্রেজেনটেটিভ আছে। সূর্যবাবু যদি ইন্টারেস্টেট হন উনি মন্ত্রীর থেকে এখন এম.এল.এ., এম.এল.এ.-র থেকে যদি কাউন্সিলর হয়ে ওইখানে প্রশ্ন করেন, তাহলে মনে হয় বেটার হবে। (.....গোলমাল.....)

[11.10 – 11.20 a.m.]

Dr. Surjya Kanta Mishra : That is not the point.

(গোলমাল)

মিঃ স্পীকার : প্লিজ, আমি দেখছি, আমাকে বলতে দিন। please, allow me to say, আপনারা বসুন, আমি বলছি। আপনারা শান্ত হয়ে বসুন, আমি বলছি। মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করবো আপনি এমন কিছু বলবেন না যাতে করে কোন সদস্য আহত হন, এটা ঠিক হবে না আমার মনে হয়। শ্রী মিশ্র আপনি ওনাকে একটু শান্ত হতে বলুন। আমি তো মন্ত্রীকে অনুরোধ করেছি, মাননীয় মন্ত্রীকে আমি তো বলেছি আপনারা প্লিজ শান্ত হয়ে বসুন। অলরেডি আমি যা বলার বলেছি। আনিসুর সাহেব আমি বলেছি যে এমন কোন শব্দ যেন ব্যবহার না করেন যাতে কোন সদস্য আহত হতে পারেন। আপনারা বসুন প্লিজ। মাননীয় মন্ত্রী আপনি উত্তর দিন। আপনি এমন কিছু বলবেন না যাতে করে কোন সদস্য আহত হতে পারেন। প্লিজ, আপনি রিপ্লাই দিন।

(Noise)

আপনারা ওনাকে তো উত্তরটা তো দিতে দেবেন। প্রশ্ন করেছেন উত্তর তো দিচ্ছেন উনি, উত্তরটা তো দিতে দিন। আপনার উত্তর পছন্দ না হতে পারে কিন্তু আপনি উত্তর দিতে দিন ওনাকে। মাননীয় মন্ত্রী আপনি উত্তর দিন।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমার বলার উদ্দেশ্য তা ছিল না আমার বলার উদ্দেশ্য ছিল যে নিশ্চিতভাবে তাদের একটা গণতান্ত্রিক উপায় একটা হাউস আছে, সেখানে এটা নিয়ে আলোচনা হয়েছে তাদের এটা এনকোয়ারিতে আছে স্যার। সেইখানে আমরা এটাতে হস্তক্ষেপ করতে পারি না। তাদের এনকোয়ারির রিপোর্ট বেরোলে তারপর নিশ্চিতভাবে রাজ্য সরকার সেটা দেখে যদি দরকার হয় তরেপরে এখানে স্টেটমেন্ট দেবে।

মিঃ স্পীকার : আপনি বসুন, শুনুন। আমি শুনেছি ডাঃ মিশ্র আপনি প্রথম উত্তরটা শোনেন নি। উনি প্রথম উত্তরে বলেছেন ওনার কাছে কোন অভিযোগ জমা পড়েনি। প্রথম উনি উত্তর দিয়েছেন। তারপরে উনি বলেছেন কলকাতা পৌরসভা এই ব্যাপারে তদন্ত করছে। কলকাতা পৌরসভার নিজস্ব একটা তদন্তের নির্দেশ দিয়েছে তার রিপোর্ট হলে উনি জানাবেন। ওনার কাছে যদি কোন অভিযোগ না জমা পড়ে থাকে উনি কি করে বলবেন সেটা প্রশ্নের উত্তরে প্রথমে বলেছেন। এই নিয়ে কোন আলোচনা হবে না। next supplementary, that is the reply given by him. উনি প্রথমেই বলেছেন এই কথা। আপনি শুনেছেন ভাল করে, আমরা সবাই শুনেছি। ডাঃ মিশ্র আমি আপনার প্রশ্নটা শুনেছি।

(গোলমাল)

শ্রী মনোরঞ্জন পাত্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই। কলকাতাসহ বিভিন্ন পৌরসভা এলাকায় যে ত্রিফলা লাইট লাগানো হয়েছে, বিভিন্ন ফান্ড থেকে নাকি করা হয়েছে—কোন জায়গায় রাজ্যসভার সদস্য, কোন জায়গায় অন্যভাবে হয়েছে। আমার স্পেশিফিক প্রশ্নটা হচ্ছে বাঁকুড়া পৌরসভাতে এইরকম ৫৭টি স্ট্রিট লাইট বসানো হয়েছিল। এর বরাদ্দকৃত ছিল এবং এই কাজটা কে করেছে এবং এখন আমি নির্দিষ্টভাবে বলতে চাই যে ৪১টি বাসিস্তম্ভে আলো জ্বলেনি এবং এর বিল কে পেমেন্ট করবে এবং এর যে মেরামতি তার দায়িত্ব কার এটা আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাই।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, বাঁকুড়া পৌরসভায় এম পি ল্যাডের টাকায় কাজ হয়েছে। কিন্তু স্পেশিফিকভাবে কোন সংস্থা কাজ করেছে সেটা অরিজিন্যাল প্রশ্নে ছিল না, ন্যাচারেলি আমি ওনাকে জানিয়ে দেব যে কোন সংস্থা কাজ করেছে এবং নিশ্চিতভাবে যদি ওনার অভিযোগ সত্যি হয় তাহলে প্রসেস অনুযায়ী বাঁকুড়ায় যারা এই কাজটা করেছে তাদের এটা দায়িত্ব এবং যদি না হয়ে থাকে তাহলে আইন অনুসারে নিশ্চিতভাবে যা ব্যবস্থা নেওয়ার সেইভাবে সরকার সেটার ব্যবস্থা নেবেন।

ড. আশীষ ব্যানার্জী : স্যার, আমি প্রথমেই যেকথা বলতে চাই যে, মাননীয় মন্ত্রী যে কথা বলেছিলেন তাতে তিনি প্রপার ফোরামে প্রশ্ন করার কথা বলেছিলেন। এতে কোন অসঙ্গতি আছে বলে আমি মনে করছি না। (গোলমাল)

দ্বিতীয়ত স্যার, আমি যে প্রশ্নটা করছি...

(ভয়েস)

আমি আপনাদের সময়ে দেখেছি আমাদের প্রশ্নের আপনারা কি উত্তর দিয়েছেন, কি দিতেন কি করতেন এটা আমাদের জানা আছে। ১০ বছর ধরে আপনাদের দেখেছি, মন্ত্রীদেরও দেখেছি। আপনি কি ভাষায় উত্তর দিতেন এটাও জানা আছে। (গোলমাল)

মি. স্পীকার : আপনি প্রশ্ন করুন, ব্যক্তিগত কোন কথা বলবেন না।

ড. আশীষ ব্যানার্জী : স্যার, আমি প্রশ্নটা করতে চাই যে, যে সমস্ত পৌরসভায় এই সমস্ত সৌন্দর্যায়নের জন্য উদ্যোগ গ্রহণ করেছেন তারজন্য আমরা নিঃসন্দেহে সাধুবাদ জানাচ্ছি। এবং এতে গ্রামাঞ্চলের মানুষ যারা এতে এই সুন্দর্যায়নের ব্যাপার দীর্ঘদিন দেখেন নি তারা এর স্বাদ পাচ্ছেন। আমি শুধু জানতে চাইছি যে, ত্রিফলা লাইট লাগানো হয়েছে যেসব পৌরসভা এলাকায় সেটা মেনটেনেন্সের দায়িত্ব কাদের?

শ্রী ফিরহাদ হাকিম : এটা বিভিন্নভাবে কাজ হয়েছে যেরকম ধরুন কোথাও সুডা কাজ করেছে, কোথাও কে এম ডি এ কাজ করেছে, কোথাও আবার পৌরসভা নিজেরাও কাজ করেছে। বিধায়ক এলাকা উন্নয়নের টাকাতেও কাজ হয়েছে। এই কাজগুলো মূলত যেসব পৌরসভা এলাকায় হয়েছে সেই পৌরসভা এলাকার পৌরসভাগুলো রক্ষণা-বেক্ষণের দায়িত্ব নেবেন।

শ্রী কৃষেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে একটা অতিরিক্ত প্রশ্ন — আমরা দেখেছি শহরতলীতে লাইটগুলো হয়েছে, কিছু কিছু গ্রামীণ এলাকায় যে মিউনিসিপ্যালিটি তাতেও হয়েছে। আমি আপনার কাছে একটা প্রস্ন রাখতে চাই যে non-conventional energy তে এই সমস্ত লাইটগুলো লাগালে বিদ্যুতের যে বিল হয়, সেই বিদ্যুতের বিল রাজ্য সরকার থেকে দেওয়া হয় দুটো পৌরসভাকে-একটা হচ্ছে কলকাতা পৌরসভা এবং আরেকটি হচ্ছে হাওড়া পৌরসভা। সেটা বামপন্থীদের দ্বি চারিতা। ওনাদের ইউনিট ছিল না সবাইকে দেখার, তাই দুটো পৌরসভাই ওনারা বেছে ছিলেন। স্যার, আমার প্রশ্ন খুব ভাল হচ্ছে এই ধরনের লাইট লাগিয়েছিলেন দুটো পৌরসভাতে, আর বাকী পৌরসভাগুলোকে আপনারা দেখতেন না, কালার গ্লাস লাগাতেন। আমার প্রশ্নটা হচ্ছে যে, non conventional energy

র মাধ্যমে যদি বিদ্যুৎ আপনি গ্রামীণ পৌরসভাগুলোতে লাগান তাহলে আমার মনে হয় বিদ্যুতের সাশ্রয় হবে এবং দেখতেও ভাল হবে। এই ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা একটু বলবেন।

শ্রী ফিরহাদ হাকিম : মেম্বারদের কাছে এটা এক্সপেকটেড যে তাদের সাজেশান গুলি আমরা ওয়েলকাম করি। এবং নিশ্চিতভাবে কিছু কিছু জায়গায় যেখানে ননকনভেনশনাল এনার্জির মাধ্যমে এই স্ট্রীট লাইট গুলি জ্বালানো যায়, এটা মালদায় আমরা শুরু করেছি। বাঁকুড়া, পুরুলিয়ার বিভিন্ন জায়গায় আমরা ননকনভেনশনাল এনার্জির মাধ্যমে এই স্ট্রীট লাইট গুলি লাগানোর একটা পরিকল্পনা করছি।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রথমে ধন্যবাদ দিচ্ছি যে কলকাতা শহরে বিশেষ করে রাজারহাট নিউটাউনের উপর দিয়ে আমরা যখন যাই সে সৌন্দর্য আমরা উপভোগ করি, আমি ব্যারাকপুর শিল্পাঞ্চলের মানুষ। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি যে ব্যারাকপুরে কল্যাণী রোড যেটা কে.এম.ডি.এর আন্ডারে মন্ত্রীর কি কোন পরিকল্পনা আছে ওই রাস্তার ধারে এই ত্রিফলা লাইট লাগিয়ে ওখানকার সৌন্দর্যায়ন বৃদ্ধি।

শ্রী ফিরহাদ হাকিম : আসলে এখন ঔ রাস্তাটার চওড়ার কাজটা চলছে জে.এন.এন.ইউ.আর.এম —এর টাকায়। ওই কাজটা সম্পূর্ণ হলেই ওই রাস্তাটার বিউটিফিকেশানের জন্য লাইট লাগানোর পরিকল্পনা আছে।

শ্রী মন্টুরাম পাখিরা : অনুপস্থিত।

আই.সি.ডি.এস. কেন্দ্রগুলির পরিকাঠামোগত উন্নয়ন

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০) **শ্রী তজমুল হোসেন :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে আই.সি.ডি.এস. কেন্দ্রগুলির পরিকাঠামোগত উন্নয়নে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

মি. স্পীকার : আমাদের মাননীয় মন্ত্রী শ্রী শ্যামাপ্রসাদ মুখার্জী অত্যন্ত অসুস্থ হয়ে পড়েছেন। উনি ভাইরাল ফিবারে আক্রান্ত। আমাকে কালকে বিকালে একটা চিঠি দিয়ে পাঠিয়েছেন। আমি সেই জন্য প্রশ্নটা হেল্ডওভার করলাম।

শ্রী তজমুল হোসেন : স্যার প্রশ্ন ছাপা হল, অনেক মেহানত করে প্রশ্ন জমা হল। তাহলে ছাপা হল কেন?.....(গোলমাল).....মন্ত্রী কেন উপস্থিত থাকবেন না?

.....(গোলমাল).....

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী কালকে বিকেলে আমাকে চিঠি দিয়েছেন। তিনি ভাইরাল ফিবারে আক্রান্ত এবং ভীষণ অসুস্থ। কি বলব বলুন তো?

শ্রী সূর্য্যকান্ত মিশ্র : অসুস্থ আসতে পারবেন না, উনি তাড়াতাড়ি সুস্থ হোক আমরা তাই কামনা করি, কিচ্ছু বলার নেই। কালকেও আমরা দেখেছি যখন কেউ অসুস্থ হয়ে যান আসতে পারেন না তিনি তখন অ্যানসারটা লে ডাউন করে দেন। কাল যেমন পার্থবাবু লে করেছেন। কালকে আপনার নির্দেশেই হয়েছে।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী ওনাকে অনুরোধ করে গেছেন সেইজন্য উনি ওটা দিয়েছিলেন।

[11.20 – 11.30 a.m.]

কলকাতা পৌর এলাকায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮) **শ্রী অসিত মিত্র :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিক কালে (১২ই সেপ্টেম্বর, ২০১২ সাপেক্ষে) কলকাতা পৌর এলাকায় মোট ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা কত;

(খ) উক্ত সময়ে এই রোগে মৃতের সংখ্যা কত ; এবং

(গ) ডেঙ্গু প্রতিরোধে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

শ্রী ফিরহাদ হাকিম :

(ক) কলকাতা পৌর নিগম থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী সাম্প্রতিককালে (১লা জানুয়ারী, ২০১২ থেকে ১২ই সেপ্টেম্বর, ২০১২ পর্যন্ত) কলকাতা পৌর এলাকায় ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা ৫৬৭জন।

(খ) উক্ত সময়ে কলকাতা পৌরনিগম এলাকায় এই রোগে মৃতের সংখ্যা ২ (দুই)। প্রসঙ্গত, চিকিৎসা সংক্রান্ত যাবতীয় তথ্য যাচাই করার পর ডেঙ্গুজনিত মৃত্যুর খবর ঘোষণা করে রাজ্য স্বাস্থ্য দপ্তর।

(গ) কলকাতা পৌরনিগম কর্তৃক ডেঙ্গু প্রতিরোধে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে :

- কলকাতা পৌরসংস্থা পরিচালিত ১৩৫ টি ম্যালেরিয়া ক্লিনিক এবং দাতব্য চিকিৎসা কেন্দ্রগুলি প্রতিদিন সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত খোলা থাকছে।
- ২৫শে আগষ্ট, ২০১২ থেকে প্রতিদিন শহরের বিভিন্ন এলাকায় ১২টি হেলথ ক্যাম্প পরিচালনা করা হচ্ছে।
- পৌরসংস্থায় ১৩৫টি ম্যালেরিয়া ক্লিনিকের মাধ্যমে বিনামূল্যে রক্তের অনুচক্রিকা (প্লেটলেট) গণনার কাজ চলছে।
- ৫টি ডেঙ্গু সনাক্তকরণ কেন্দ্রে 'এলাইজা' পদ্ধতির মাধ্যমে ডেঙ্গু সনাক্তকরণের জন্য বিনামূল্যে রক্ত পরীক্ষা করা হচ্ছে।

- লিফলেট, ফ্লেক্স, ব্যানার, মাইকের মাধ্যমে ঘোষণা এবং বৈদ্যুতিন গণ-মাধ্যমের সাহায্যে ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির প্রচার চলছে।
- ১২ই আগষ্ট, ২০১২ থেকে কলকাতা পৌর নিগমের অন্তর্গত স্বাস্থ্য নিকাশী, জল সরবরাহ, বিল্ডিং এবং পয়ঃপ্রণালী দপ্তরের সমস্ত কর্মীর ছুটির দিন বাতিল করা হয়েছে।

এবং তারা জয়েন্টলি-প্রত্যেক বোরোর মাধ্যমে তারা একটা জয়েন্ট অ্যাকশান কমিটি করে প্রত্যেক ওয়ার্ড ভিজিট হচ্ছে, যাতে ডেঙ্গু সম্পর্কে মানুষের সচেতনতা বাড়ে এবং এই রোগ প্রতিরোধের জন্য বাড়ির পিছনে বা অন্যান্য জায়গায় যে জল জমে থাকে, সেগুলো ডিটেক্ট করে সেখানে স্প্রের ব্যবস্থা করা হচ্ছে।

শ্রী অসিত মিত্র : আমার অতিরিক্ত প্রশ্ন-উনি যেটা বলেছেন সেটা রিপোর্টেড। উনি বলেছেন যে, আক্রান্ত রোগীর সংখ্যা ২০১২-র ২২শে সেপ্টেম্বর পর্যন্ত ৫৬৭ জন। স্যার এই ব্যাপারে বিভিন্ন ধরনের তথ্য আছে। আমি একটা সংবাদপত্রের রিপোর্ট উল্লেখ করে বলছি, তাতে বলা হয়েছে আপনাদের স্বাস্থ্য দপ্তর থেকে যে, কোলকাতায় ১৩৩৫ জন আক্রান্ত হয়েছে। আমি আপনাকে বলছি, মৃত্যুর সংখ্যা এটা যেমন বর্তমান কাগজে লিখেছিল-মৃত্যুর সংখ্যা টাইমস্ অফ ইন্ডিয়া লিখছে-Death toll in the city went up to 16, মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করছি অ্যাকচুয়ালি আপনি যে রেকর্ডটা দিলেন, এই রেকর্ডটাতে ডেথ টোল সম্পর্কে অথবা যারা আক্রান্ত হয়েছেন তাদের যে সংখ্যাটা দেওয়া হয়েছে এবং এটা বিভিন্নরকম ভাবে প্রকাশিত হয়েছে। আপনার নিজস্ব কোন দপ্তর থেকে-যে দপ্তর মন্ত্রী মহাশয় নিজে পরিচালনা করেন, সেই দপ্তর থেকে আক্রান্ত রোগীর সংখ্যা এবং মৃত্যুতে যারা পতিত হয়েছেন, তাদের রোগীর সংখ্যা এটা আপনি কি নতুন করে গ্রহণ করার কোন সিদ্ধান্ত নিতে পারেন নি?

শ্রী ফিরহাদ হাকিম : অ্যাকচুয়ালি যখন সরকারের পক্ষ থেকে বলা হয়, তখন তার একটা বেসিস ধরে বলা হয় যে কোথা থেকে তথ্যটা পাওয়া গেল। অনেকে কাগজে লেখা বা মুখে বলার সময় কেউ ৬০, কেউ ৬০০, কেউ ৬ লক্ষও বলতে পারে। কিন্তু যখন আমি প্রশ্নের উত্তর দিয়েছিলাম, তখন আই.জি.এম টেস্ট অনুযায়ী ৫৬৭ জন-এর কথা বলা হয়েছে। এছাড়া অন্যান্য প্রিলিমিনারি টেস্টও হতে পারে অনেক বেশি হয়েছে কিন্তু সে তথ্যটা ঠিক না। কারণ আই.জি.এম টেস্ট ছাড়া ডেঙ্গুর স্পেসিফিক ডিটেকশান হয় না। সেই স্পেসিফিক ডিটেকশানের পরেই আমরা এই তথ্যটা দিয়েছি। ডেঙ্গুর ডেথ সার্টিফিকেট যে কেউ লিখে দিতে পারে কিন্তু যতক্ষন না ডেথ সার্টিফিকেট এবং তার সঙ্গে ব্লাড রিপোর্ট তা কনফার্ম করছে ডেঙ্গু, ততক্ষণ ডেঙ্গু করফারমেশান করা যায় না। মুখে অনেক কিছু বলা যায় এবং সরকারের তরফ থেকে বলা যায় না। আমার দপ্তর না, এটা পৌরসভার বিভিন্ন জায়গায় স্বাস্থ্যদপ্তর আছে এবং সেটাও রিলেটেড টু রাজ্য স্বাস্থ্যদপ্তরের অধীনে এটা দেখা হচ্ছে। সেখান থেকে যে রিপোর্টটা পাওয়া যাচ্ছে সেই বেসিসে আমি আপনাকে তথ্যটা দিয়েছি।

শ্রী অসিত মিত্র : সাপ্লিমেন্টারি। আপনি ঠিকই বলেছেন, 'আমরা যেটা পেয়েছি আমরা

সেটা বলেছি এবং ডেথ সার্টিফিকেট অনুযায়ী বলেছি।' তার অর্থ দুজনেরই ডেথ সার্টিফিকেট পেয়েছিলেন, তারপর আর ডেথ সার্টিফিকেট পাননি।

শ্রী ফিরহাদ হাকিম : আমি তো ডাক্তার নই। আপনি ডেথ সার্টিফিকেট দিতে পারেন না, আমিও দিতে পারি না। একমাত্র ডাক্তার ডেথ সার্টিফিকেট দিতে পারে। যদি কোন ডেথ সার্টিফিকেট সূর্যবাবু লিখে দেন এবং তাতে তিনি ডেঙ্গু লিখে দেন তাহলে আমাদের নিশ্চিত ধরতে হবে যে সে ডেঙ্গুতে মারা গেছে। কিন্তু আমি মুখে বললাম বা কাগজে লিখে দিলাম সেটা কখনও বেসিস হতে পারে না।

শ্রী অসিত মিত্র : প্রতিষেধকের ব্যাপারে আমি যেটা প্রশ্ন করেছিলাম সেটা আপনি উত্তর দিয়েছেন বিভিন্ন ভাবে যে, পৌরসভার ১৩৫টা ম্যালেরিয়া ক্লিনিকের মধ্যে বিনামূল্যে রক্তের অনুচক্রিকা গণনার কাজ চলছে।

[11.30 – 11.40 a.m.]

এবং এর সঙ্গে সঙ্গে আপনি অনেকগুলো কথা বলেছেন। যদি আমরা সারা বছর ধরে তার প্রতিষেধক, প্রতিষেধক মানে তো যাতে করে রোগটা না আসে। সারা বছর ধরে কি বিভিন্ন ভাবে এর কার্যক্রম চলতে থাকে? স্যার, শুধু এর সঙ্গে একটা allied প্রশ্ন করব রাজ্যের বিভিন্ন পৌরসভার অন্তর্গত যে জায়গা গুলো আছে, রাজ্যের আমি অন্যান্য জায়গার কথা বলছি না, সেটা আপনার অধীনে নয়। রাজ্যের যে সমস্ত পৌরসভা এলাকা গুলো আছে, সেখানকার প্রতিষেধক বন্দোবস্ত করার জন্য তাদেরকে কি আপনি অর্থ সাহায্য বা অন্য কোন ভাবে সাহায্য করেছেন?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, এটা ঠিক যে সারা বছর ক্যাম্পেনিংটার দরকার হয়। কারণ মানুষের ক্যাম্পেনিং ছাড়া ডেঙ্গুর, সত্যিকারে বলতে গেলে ডেঙ্গুর কোন ট্রিটমেন্ট নেই। এটা একটা ভাইরাস। একটা সময় পর্যন্ত, তারপর সেই ভাইরাসটা চলে যায়। তখন অনেকু গলো platelet down হয়ে যায় বা অনেকরকম symptom দেখা যায়। তাতে অনেক সময় মানুষের জীবনের আশঙ্কা হয়। এটা প্রতিরোধ করার একমাত্র উপায় হল জন চেতনা এবং সেই কাজটা পৌরসভা গুলো সারা বছর ধরেই চালায়। নিশ্চিত ভাবে যে spray জন্য রাজ্য দপ্তর থেকে আমরা কয়েক কোটি টাকা দিয়েছি বিভিন্ন পৌরসভায়। যাতে এই সময় spray করা, door to door করা, বিভিন্ন জায়গায় আরো বেশি করে worker যাতে নিয়ে এই campaign হয়, door to door visit হয়, সেই জন্য দিয়েছি। সারা বছর ধরে এই campaign চালানো দরকার এবং সেটা পৌরসভাগুলো করছে।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কালকে আমরা একটা হসপিটালে গিয়েছিলাম। সেখানে আমাদের একজন বিধায়ক ভর্তি আছে। তার ডেঙ্গু হয়েছে। তার কাগজ পত্র আমরা দেখলাম, তাতে ডেঙ্গু লিখে দিয়েছে। Platelet নেমে ৬০ হাজারের নিচে চলে গিয়েছে। ডেঙ্গুর চিকিৎসা হচ্ছে কিন্তু ডেঙ্গু বলা হবে না বলে দিয়েছে। আজকে আবার শুনলাম আর এক মন্ত্রীরও হয়েছে। এই লুকিয়ে রেখে লাভ কি? ৫০ জন মারা গিয়েছে, ৪ হাজার আক্রান্ত হয়েছে।

এর অন্যতম একটা কারণ হচ্ছে—আজকে আলো জলছে, রাস্তা ঝকঝক করছে, আর বস্তি এলাকায় উন্নয়ন গুলো হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রীকে বিনীত ভাবে বলব যতই আমরা যা লুকিয়ে রাখি না কেন তাতে তো লাভ হবে না। যা ঘটনা তা হয়েছে। এখন এটা ঠেকাবার জন্য কি কি ব্যবস্থা নেওয়া যায় দেখুন। আর একটা ব্যাপার হচ্ছে এই যে হিসেব নেওয়া হচ্ছে, এক তো ডেঙ্গুকে ডেঙ্গু বলছে না, আর দ্বিতীয় হচ্ছে প্রাইভেট হসপিটাল গুলোর কাউন্ট হচ্ছে না। পুরোটাকে কাউন্টে এনে মানুষকে আরো সজাগ করা এবং যে যে ব্যবস্থা নেওয়া দরকার সেই ব্যবস্থা নেবেন কি ভাবে সেটা একটু অনুগ্রহ করে বলনু।

মিঃ স্পীকার : ঠিক আছে, উনি একটা suggestion দিয়েছেন। You need not reply to this.

শ্রী অজয় দে : মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা প্রশ্ন যেহেতু আপনার সঙ্গে রিলেটেড, স্বাস্থ্য দপ্তরই হচ্ছে মূল। অসুবিধা হচ্ছে বিভিন্ন যে পুর এলাকা, এর মেন ব্যাপারটা হচ্ছে ব্ল্যাড টেস্ট্। ব্ল্যাড টেস্ট করার ক্ষেত্রে হচ্ছে কি পাঁচ সাতটা এরিয়া ধরে একটা মেডিক্যাল কলেজে লিঙ্ক আপ করে দেওয়া হচ্ছে। যেমন আমাদের জেলাকে এন আর এস-এ আসতে হচ্ছে। কাউকে বর্ধমানে যেতে হচ্ছে। কাউকে মেডিক্যাল কলেজে যেতে হচ্ছে। এটা একটা দীর্ঘসূত্রতা ব্যাপার। এটা অস্বীকার করার উপায় নেই। রিপোর্ট পেতে প্রায় ৬-৭ দিন লেগে যাচ্ছে। ৬-৭ দিন পরে যদি জানা যায় ডেঙ্গু হয়েছে তাহলে তার ট্রিটমেন্টটা হবে কি করে? এটা একটা অন্তরায় হচ্ছে। আমার প্রশ্ন জেলা লেভেলে যে সমস্ত ডিস্ট্রিক হসপিটাল গুলো আছে, ওই ব্ল্যাড টেস্টটা ডিস্ট্রিক লেভেলে করা যায় কি না - এটা আপনার ব্যাপার নয়, স্বাস্থ্য দপ্তরের ব্যাপার। এই ব্যাপারে আপনি কি কোন যোগাযোগ করবেন? আমাদের খুব অসুবিধা হচ্ছে। এটা করলে তারা রিপোর্টটা তাড়াতাড়ি পাবে এবং এই সম্পর্কে কনফার্ম হতে পারবে।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, ওনার concern টা আমি স্বাস্থ্য দপ্তরকে জানিয়ে দেব এবং নিশ্চিত ভাবে সরকার বদ্ধপরিকর মানুষের স্বার্থে যা যা ব্যবস্থা নেওয়ার, নিশ্চিত ভাবে সরকার সেটা নেবে।

শ্রী তাপস রায় : স্যার, আজকে ডেঙ্গি নিয়ে সবাই খুব উদ্বিগ্ন-সূর্য বাবু, আনিসুর রহমানরা, আমরাও। আমার স্পেসিফিক প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে-২০০৫ সালে যখন কলকাতায় ডেঙ্গি হয়েছিল তখন কতজন ডেঙ্গিতে মারা গিয়েছিল, এখন যারা বলছেন তারা তখন কি করেছিল এবং তখনকার সরকারের ওই ক্ষেত্রে কি ভূমিকা ছিল জানাবেন কি?

শ্রী ফিরহাদ হাকিম : ২০০৫ সালে আমি নিজেও কলকাতা কর্পোরেশনের সঙ্গে যুক্ত ছিলাম। সেইসময় একটা খুব ভয়াবহ পরিস্থিতি হয়েছিল, প্রায় ৫০০ এর উপরে মানুষের মৃত্যু হয়েছিল এই কলকাতায়। তখন আবার স্বাস্থ্যদপ্তর সূর্য বাবুর হাতেই দায়িত্ব ছিল। সেইসময় কিন্তু আমরা দেখিনি যে সূর্যবাবু কলকাতার কোন হাসপাতালে দৌঁড়ে গিয়ে কোন ব্যবস্থা নিয়েছেন। এটা আমার উপলব্ধি। সেই সময় সরকার সিরিয়াস না থাকলেও আজকে সেই দল আজকে অপোজিশনে গিয়ে যে সিরিয়াস হয়েছে, সেইজন্য ধন্যবাদ।

শ্রী বিরাম মান্ডি : স্যার, আমরা শুনেছি এর আগেও ডেঙ্গি হয়েছিল এবং সেইসময় দু তিন ধরণের ভাইরাসের সন্ধান পাওয়া গিয়েছিল। এখন যে ডেঙ্গি হচ্ছে তাতে অনেকের সন্দেহ হচ্ছে এটা কি ধরণের ভাইরাস, ভাইরাসটা কোন প্রজাতির এবং কোন প্রজাতির মশা এই ভাইরাসটা বহন করছে, এটা জানা থাকলে বলবেন।

মিঃ স্পীকার : জানা থাকলে মাননীয় মন্ত্রী মহাশয় বলুন।

শ্রী ফিরহাদ হাকিম : Though this question is not related to my original question, কিন্তু নিশ্চিত ভাবে এটা detection করে স্বাস্থ্য দপ্তর ব্যবস্থা নিচ্ছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমার প্রথম কথা হচ্ছে যে, এই কোশ্চেন যখন যায়, এ্যাসেম্বলির প্রাকটিস যে রিলেটেড ডিপার্টমেন্টকে পাঠানো হয়। যদিও মন্ত্রী ঠিকই বলেছেন যে, স্বাস্থা দপ্তর থেকে তথ্য সংগ্রহ করতে হয় এবং তাদের কাছ থেকে জেনেই তিনি বলছেন। আমি সেইজন্য সুনির্দিষ্ট ভাবে মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করতে চাই, আপনি কি স্বাস্থ্য দপ্তরকে প্রশ্নটা রেফার করেছেন, না কি স্বাস্থা দপ্তরকে বাঁচানোর জন্য আপনাকে দায়িত্ব দিয়েছে? কেননা, যে সময়ের ব্যাপার আপনার নয়, ২০০৪ এর ব্যাপার, ...

মিঃ স্পীকার : সূর্য্য বাবু, আপনি একটা সাপ্লিমেন্টারি করেছেন। আই হ্যাভ অলরেডি এ্যালাউড ইউ ওয়ান সাপ্লিমেন্টারি, তখন আপনি এই সমস্ত প্রশ্ন তোলননি। ডাঃ মিশ্র আপনাকে একটা সাপ্লিমেন্টারি এ্যালাউ করেছি। আমাকে তো অন্য সদস্যদেরও সাপ্লিমেন্টারি করার সুযোগ দিতে হবে। মাননীয় মন্ত্রী আপনি স্বাস্থ্য দপ্তরের কাছ থেকে কোন ইনফরমেশন নিয়েছেন কিনা এটা বলে দিন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : কোশ্চেনটা স্বাস্থ্য দপ্তরের কাছে যায়, কোশ্চেনটা এখানে হয় না। এ্যাসেম্বলি থেকেই কি গোলমাল হচ্ছে তাহলে।

মিঃ স্পিকার : মাননীয় মন্ত্রী আপনি শুধু এটুকুই বলে দিন।

শ্রী ফিরহাদ হাকিম : হ্যাঁ স্যার, আমরা এটা স্বাস্থ্য দপ্তরকে রেফার করে, স্বাস্থ্য দপ্তর থেকে তথ্য নিয়েই এখানে বলছি।

শ্রী অশোক ঘোষ : স্যার, ভালো লাগল যে, হাওড়ার মানুষ হয়েও অসিত মিত্র মহাশয় কলকাতা পৌরসভা নিয়ে ভাবছেন। বামফ্রন্ট শাসিত হাওড়া পৌরসভা এখনও চলছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, হাওড়া পৌরসভা এলাকায় এখনও পর্যন্ত কত সংখ্যক মানুষ ডেঙ্গি রোগে আক্রান্ত হয়েছে এবং কত জন মারা গেছে? কেননা ওখানে তথ্য পাওয়া যায় না, মেয়র গোয়ার সৈকতে ঘুরে বেড়াচ্ছেন। এই বিষয়ে আপনার কাছে কোন তথ্য আছে কিনা জানাবেন কি?

শ্রী ফিরহাদ হাকিম : ডেঙ্গুতে যখন এরকম অবস্থা, তখন আমি মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে হাওড়া পৌরসভায় গিয়েছিলাম। উনি ঠিকই বলেছেন যে, মেয়র গোয়ায় বেড়াতে গেছেন। তবুও আমি আধিকারিকদের নিয়ে মিটিঙে বসেছিলাম। হাওড়ার D.M. এবং আমাদের পৌরসভার

পৌরকমিশনার দুজনকে ডেকে একটা সিস্টেম করে দিই যাতে door to door, house to house গুলো হয়, যেমন কলকাতা পৌরসভা বা সল্টলেক পৌরসভাতে ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা করে দিয়েছি। এখনও পর্যন্ত কত আক্রান্ত, সেই তথ্য এক্ষুনি আমার কাছে নেই, যেহেতু প্রশ্নটা ছিল কলকাতা পৌরসভার বিষয়ে। আমি আপনাকে লিখিত ভাবে পাঠিয়ে দেব।

[11.40 – 11.50 a.m.]

কাটোয়া তাপবিদ্যুৎ কেন্দ্র

*৪১।(অনুমোদিত প্রশ্ন নং *১৮১) **শ্রী শাহাজাহান চৌধুরী :** গত ২৮শে মার্চ, ২০১২ তারিখে প্রদত্ত প্রশ্ন নং *১১ (অনুমোদিত প্রশ্ন নং *৪৪২)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কাটোয়া তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

শ্রী মণীশ গুপ্ত :

কাটোয়া তাপ বিদ্যুত কেন্দ্র প্রকল্পটি ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন লিমিটেডকে হস্তান্তর করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন লিমিটেড প্রকল্প রূপায়নের প্রাথমিক পদক্ষেপ গ্রহণ করেছে।

শ্রী শাহাজাহান চৌধুরী : আমার মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন এন.টি.পি.সিকে থার্মাল পাওয়ার করার জন্য প্রায় সাড়ে পাঁচশো একর জমি অধিগ্রহণের ক্ষেত্রে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী মণীশ গুপ্ত : প্রাথমিকভাবে ৫৫৬ একর জমি অধিগ্রহণ করা হয়েছিল। তারপরে এন.টি.পি.সি আমাদের জানিয়েছেন এবং ওঁদের আমরা অনুরোধ করেছিলাম যে আপনারা যদি বাকি জমিটা ক্রয় করে নেন। সেটা তারা নিতে পারেন নি। আপাতত এই ৫৫৬ একরেই প্রকল্পটি রূপায়ণ হবে নতুন প্রযুক্তি ব্যবহার করে।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। এন.টি.পি.সি জমি অধিগ্রহণের প্রশ্নে সরকার সহযোগিতা না করার জন্য এন.টি.পি.সি চলে গেছে। তারা এই প্রকল্প করতে পারবেন না। এই খবর আমাদের কাছে আছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রী জানাবেন কি?

শ্রী মণীশ গুপ্ত : আপনার এই খবরটা সম্পূর্ণ ভুল। কারণ আমাদের এন.টি.পি.সির সঙ্গে যোগাযোগ আছে। আধিকারিকদের সঙ্গে আমাদের মিটিং হয়েছে এবং ওরা এই প্রকল্প রূপায়ণ করবেন। তার পদক্ষেপ ওরা নিচ্ছেন।

শ্রী তাজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। এই যে বিভিন্ন উৎপাদন কেন্দ্রে—বিদ্যুত উৎপাদন কেন্দ্রে সমস্ত ইউনিটগুলো কাজ করছে না। এই বিকল ইউনিটগুলোকে সচল বা ঠিক রাখতে নতুন কোন প্রযুক্তি ব্যবহার করার জন্য কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

শ্রী মণীশ গুপ্ত : এটা যদিও রিলেটেড প্রশ্ন নয় তবু আপনার উত্তর আমি দিচ্ছি। কিছু কিছু ইউনিট যেমন ব্যান্ডেল, কোলাঘাট এগুলো পুরনো ইউনিট। দু একটা অচল হয়ে গেছে। আমরা ওয়ার্ল্ড ব্যাংকের সাহায্যে ব্যান্ডেলের সাত নম্বর ইউনিটকে নতুন করে আধুনিকীকরণ করা হচ্ছে এবং ২০১০ মেগাওয়াটের ইউনিটটির কাজ শেষ হলে ২০১৫ মেগাওয়াট উৎপাদন করবে। এভাবে কোলাঘাটে এক, দুই, তিন এগুলোতে আমরা নতুন করে আধুনিকীকরণ করে ওগুলোকে আবার চালাবার ব্যবস্থা করছি।

শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি নির্দিষ্ট করে বলতে পারবেন যে এন.টি.পি.সি কবে কাজ শুরু করবে?

শ্রী মণীশ গুপ্ত : দেখুন আমরা যখন প্রকল্পটি এন.টি.পি.সিকে দিয়েছি তাদের কি প্রোগ্রাম হবে ওঁরাই ঠিক করবেন। তবে আমাদের আলোচনায় যা বুঝতে পারছি এখনও বছর খানেক সময় ওদের লাগবে কাজ শুরু করতে।

শ্রী দেবপ্রসাদ রায় : স্যার, পাওয়ার গ্রীডের উদ্যোগে আলিপুরদুয়ারের পাকুড়ীতলা এবং কুচবিহারের মরিচবাড়িতে ১৮০ একর জমির উপরে সাড়ে চার হাজার কোটি টাকার একটি প্রকল্প রূপায়িত হওয়ার পথে। রাজ্য সরকার জমি অধিগ্রহণের পথে হাঁটবেন না বলে সেখানে জমিদাতাদের সঙ্গে আলোচনার মাধ্যমে পাওয়ার গ্রীড সরাসরি জমি কিনতে সম্মত হয়েছে এবং জমিদাতারা যে মূল্য চেয়েছে সেই মূল্য দিতেও রাজী হয়েছে। বিষয়টি এখন রাজ্যসরকারের অনুমোদনের অপেক্ষায় কারণ জমির ঊর্ধ্বসীমা ছাড় না পেলে পাওয়ার গ্রীড জমি কিনতে পারছে না। মাননীয় বিদ্যুত মন্ত্রী জানাবেন কি এই বিষয়ে তিনি কতদূর অগ্রসর হয়েছেন এবং এই ক্ষেত্রে পাওয়ার গ্রীডকে অনুমোদনের বিষয়টি কবে নাগাদ চূড়ান্ত হতে পারে।

শ্রী মণীশ গুপ্ত : ওঁনাদের 14(y) অ্যাপ্লিকেশন পেয়েছি। কাগজপত্র তৈরী হচ্ছে। আমরা এটা নিয়ে এখন ক্যাবিনেটে যাব। কাবিনেট স্ট্যান্ডিং কমিটির মিটিং এ এটা আলোচনা হবে। এবং তারপরে আরও কিছু কিছু এই রকম প্রকল্প 14(y) অ্যাপ্লিকেশন এসেছে। সবগুলি একসঙ্গে করে অনুমোদন করে আমরা ওঁনাদের জানিয়ে দেব।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন-কাটোয়া তাপবিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়িত করার জন্য বর্তমান সরকার উদ্যোগ নিয়েছে। কোন কোন জেলা আগামীদিনে তার সফলতা পাবে।

শ্রী মণীশ গুপ্ত : এটা তো পাওয়ারগ্রিড কর্পোরেশান উনি বললেন। কাটোয়া বিদ্যুৎ কেন্দ্রে পুরো যে বিদ্যুৎ উৎপাদন হবে সেটা পুরো গ্রিডে চলে যাবে। অতএব আলাদাভাবে উৎপাদন কেন্দ্রকে কোন জেলার সঙ্গে ট্যাগ করা হয় না। পুরোটাই একটা গ্রিডে যায়, গ্রিড থেকে বিভিন্ন জেলায় দেওয়া হয়।

শ্রী অজয় দে : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন-এই কাটোয়া বিদ্যুৎ কেন্দ্র প্রথমে পি ডি সি এলকে দেওয়া হয়েছিল। এবং দু হাজার দশ সালে এটা কমপ্লিট হওয়ার কথা। সেটা

না হতে পারার কারণ কি? এখন যেটা শুনেছি যে জমি অধিগ্রহণ হয় নি। যারা জমি দিয়েছে তারা তাদের মত কমপেনসেশন না পাওয়ার ফলে, তারা কোন গ্যারান্টী পায় নি বলে দিতে পারেন নি। সুতরাং জমিও নিতে পারেন নি। এটা নিয়ে অন্তরায় কেন হল। এখনও যেটা এন টি পি সিকে বলছেন দেওয়া হবে, সেই জমি তারা গ্রহণ করবে, অধিগ্রহন করবে, তারপরে কবে শুরু হবে, সেটা নিয়ে কোন নিশ্চয়তা নেই। সুতরাং প্রশ্ন হল পি ডি সি এল টা কেন হল না?

শ্রী মণীশ গুপ্ত : পি ডি সি এল এর ব্যাপারে আপনারা জানেন যে বিগত সরকারের আমলে ঠিক হয়েছিল ১৬০০ মেগাওয়াটের উৎপাদন কেন্দ্র হবে। সেটা পাল্টে ওরা পরে বললেন যে ১৬০০ মেগাওয়াটের এবং ৮০০ মেগাওয়াটের দুটো ইউনিট ওখানে বসানো হবে এবং উৎপাদন হবে। পরবর্তীকালে দু হাজার দশ সালে ওরা সিদ্ধান্ত নিয়েছিলেন যে এটাকে এন টি পি সিকে অনুরোধ করা হোক যে ওঁনারা এই প্রজেক্টটা রূপায়ণ করুন। এন টি পি সি তাতে রাজী হয়। কিন্তু পরবর্তীকালে এটা ক্যাবিনেট হয় নি। আমরা এপ্রিল মাসে এসে এটাকে ক্যাবিনেট করে অনুমোদন করার পরেই আমরা এন টি পি সি কে জানিয়েছি। এন টি পি সি প্রথমে বলেছিল যে এগারোশো একর জমি লাগবে। ৫৫৬ একর জমি অধিগ্রহণ করাই হয়েছিল বিগত সরকারের সময়ে। পরবর্তীকালে ওঁনাদের সঙ্গে আলোচনা করার পরে ওঁনারা বলেছেন যে ৫৫৬ একরেই ওঁনারা দুটি ৮০০ মেগাওয়াটের প্ল্যান্ট রূপায়ণ করবেন। অতএব সেই কাজটা এখন শুরু হবে বছর খানেকের মধ্যে। এবং যে জমিটা আমরা অধিগ্রহণ করেছি সেই জমিটা ওঁনাদের হস্তান্তর করা হবে।

শ্রী ধীরেন বাগদী : স্যার, মাননীয় মন্ত্রির কাছে আমার অতিরিক্ত প্রশ্ন-বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র নিয়ে। সেখানে পি ডি সি এল একটা ইউনিট করার কথা ছিল। সেখানে জমি অধিগ্রহণের ক্ষেত্রে একটা গ্রামকে তুলে পুরোটা পুনর্বাসন হয়ে গেছে। মানুষ স্বেচ্ছায় ছেড়ে দিয়েছে। মন্ত্রীমহাশয় দয়া করে বলবেন কি বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রে ইউনিট গড়ার বিষয়টি কোন পর্যায়ে আছে?

শ্রী মণীশ গুপ্ত : বক্রেশ্বর পাঁচশো মোগাওয়াটের একটা ইউনিট ওখানে রূপায়ণ করার কথা। কিন্তু তারজন্য যে অর্থের দরকার, সেটা জাপানী অ্যাসিসটেন্স, জাপানী ওবারসীজ কর্পোরেশন বলেছিলেন যে ওরা ওখানে কিছুটা টাকা দেবেন। তবে আগে ওখানে যে ইউনিট দুটো হয়েছিল তা জাপানী অ্যাসিটেন্সেই হয়েছিল। পরবর্তীকালে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের যে রিকোয়েস্ট ছিল, সেটা ওঁনারা এখনও অনুমোদন করেন নি। তাই তার ফিন্যান্সিং এর জন্য ওখানে আটকে আছে।

শ্রী জোসেফে মুন্ডা : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন-চা বাগানে যে সমস্ত শ্রমিক রয়েছে, তাদের মালিকানার নামে বিদ্যুৎ। এবং প্রতি মাসে পাঁচশো থেকে সাতশো টাকা দিতে হয় এবং একটাই মাস্টার মিটার কোম্পানীরা বসিয়ে দিয়েছে। চা বাগানের মালিকরা সেখান থেকে সমস্ত চা বাগানের শ্রমিকের বিল কেটে নিচ্ছে। এটা কি কোন ইন্ডিভিজুয়াল বা ব্যক্তিগত করার কোন চিন্তাবাবনা আছে কি?

শ্রী মণীশ গুপ্ত : দু একটা চা বাগানে এটা করা হয়েছে। কিন্তু শ্রমিকদের আলাদাভাবে দরখাস্ত করতে হবে আলাদা মিটারের জন্য। বাল্ক মিটার আমরা প্রত্যেক চা বাগানে দিয়ে থাকি। সেটাকে

যদি ভেঙ্গে করতে হয় তাহলে শ্রমিকদের আলাদাভাবে অ্যাপ্লিকেশন করলে এবং মালিকের যদি তাতে সম্মতি থাকে তাহলে এটা করা যাবে।

শ্রী রাজীব ব্যানার্জী : স্যার, মাননীয় মন্ত্রির কাছে অতিরিক্ত প্রশ্ন-একটু আগে আমার আর এক মাননীয় সদস্য বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র নিয়ে কিছু বলছিলেন। আমি শুধু একটা কথাই বলতে চাই যে বিগত সরকার রক্ত দিয়ে বক্রেশ্বর তাপবিদ্যুৎ তৈরী করার কথা বলেছিলেন এবং রক্ত দিয়ে এই তাপ বিদ্যুৎ কেন্দ্র কতটা তৈরী হয়েছিল সেই পরিসংখ্যান যদি আমাদের মাননীয় মন্ত্রি মহাশয় দেন, তাহলে আমার মনে হয় আমাদের হাউস জেনে খুশি হবেন।

শ্রী মনীষ গুপ্ত : রক্তের পরিসংখ্যানটা তো আমি দিতে পারবো না, তবে ৫০০ মেগাওয়াটের যে ইউনিট দুটো রূপায়ন হয়েছে, তারপরেই এটা আটকে আছে। আমি বললাম যে, জাপানীরা এখনো টাকা অনুমোদন করেনি বলে সেটার কাজ আমরা শুরু করতে পারিনি।

[11.50 – 12.00 noon]

রুগ্ন শিল্পের সংখ্যা

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২০৪) **শ্রী অপূর্ব সরকার :** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে আগস্ট, ২০১২ সাপেক্ষে রাজ্যে মোট রুগ্ন শিল্পের সংখ্যা কত?

শ্রী পার্থ চ্যাটার্জী : এ যাবৎ এই রাজ্যের মোট ৩৬৩টি কারখানা বি.আই.এফ.আর., -এ নথিভুক্ত হয়েছে।

আমি এই ব্যাপারে একটু বলি, এই একই প্রশ্নের উত্তর বিধানসভার আগের অধিবেশনে আমি দিয়েছিলাম। তার থেকে আরেকটু কমেছে বলে আমরা সেটা জানাচ্ছি, ৩৬৩টি কারখানা বি.আই.এফ.আর.-এ নথিভুক্ত হয়েছে।

শ্রী অপূর্ব সরকার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহোদয় যে বাজেট ভাষণ দিয়েছিলেন, সেখানে আমরা দেখেছিলাম যে, ৩৩৭টি কারখানা বি.আই.এফ.আর.-এ গেছে। সংখ্যা বেড়ে হয়েছে ৩৬৩। ২৬ টা নতুন করে আরো বি.আই.এফ.আর-এ গেছে। খুব স্বাভাবিকভাবেই প্রশ্নটা এই জায়গায় যে, বিগত দিনের সরকার বা বর্তমান সরকার যে শিল্পগুলোকে বাঁচানোর স্বার্থে শিল্পের প্রয়োজন অর্থ, শিল্পের প্রয়োজন বাজার, শিল্পের প্রয়োজন র-মেটেরিয়াল এবং শিল্পগুলো বন্ধ হওয়ার কারণও এগুলো, সাথে থাকে শ্রমিক অসন্তোষ। কয়েশ্চেনটা হচ্ছে স্যার, বিগত দিনে বা আজ পর্যন্ত বিগত সরকার থেকে এই সংস্থাগুলোকে বাঁচানোর জন্য বিগত দিনের সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন বা বর্তমান সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছেন বা চেষ্টা করছেন? এটা যদি আপনি বলেন স্যার।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কাছে একটা রেকর্ড আছে। প্রসঙ্গতঃ

বলে রাখা ভালো যে, বি.আই.এফ.আর.-এ যেগুলো গেছে, মূলতঃ বেসরকারি সংস্থাই বেশি। ৩৩৭টি প্লাস একটি এবং সি.পি.এস.ইউ.-ও আছে ২৫টি। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমি আগেরবারই জানিয়েছিলাম যে, বি.আই.এফ.আর.-এর রেকর্ড কেসেস্ অনেক সময় পেন্ডিং থাকে, কেস রেফার্ড হয় না। ফলে জমে থাকে। সংখ্যাটাকে ঐভাবে দেখলে বা বিচার করলে হবে না। দেখতে হবে নতুন করে কিছু হচ্ছে কিনা এবং কতগুলো রেফারেন্স হয়ে তা বেরিয়ে আসতে পারছে কিনা বি.আই.এফ.আর. থেকে। সেদিক থেকে দেখতে গেলে দেখা যাবে, আমাদের ২০১০-১১ সালে প্রোগ্রেস অফ রিভাইভ্যাল ইজ হায়ার সিন্স্ মে ২০১১। বি.আই.এফ.আর. থেকে বেরিয়ে আসে। এবার বি.আই.এফ.আর. স্যাংশনড্ বিভাইভ্যাল প্যাকেজেস্ আন্ডার ইমপ্লিমেন্টেশন। অর্থাৎ বি.আই.এফ.আর.-এ গেছে, তার রিভাইবাল প্যাকেজ্ পুনর্জীবন প্রকল্পের সংখ্যাও ২০১০-১১ থেকে ২০১১-১২তে বেড়েছে। অর্থাৎ ৮টি হয়েছে, যেখানে ৭টি ছিল। এখন পেন্ডিং কেসেস্ বি.আই.এফ.আর.-এ ২০০৯-১০-এছিল ১১৪, ২০১০-১১ তে ১২৩, ২০১১-১২তে সেটা কমে এসেছে১০২ এবং ডিসপোজাল কেসেস্, বি.আই.এফ.আর. আগের থেকে অনেক বেশি। ২০০২ সালের পর থেকে-আমরা আপনার উদ্বেগের সঙ্গে একমত হয়ে বলি, যথেষ্ট গুরুত্ব দিচ্ছি এবং প্রতিটি বিষয়ে যখনই যেখানে খবর পাওয়া যাচ্ছে, সেটা আমরা করছি। সঙ্গে সঙ্গে আরেকটা কথা আপনি তোলার আগেই বলতে চাই যে, একটা প্রবনতা দেখা দিয়েছে যে,বি.আই.এফ.আর.-এ যায়, জমিগুলো অন্যত্র চলে যায়, শিল্পের জমিতে শিল্প আর হয় না। সে ক্ষেত্রে 14Z আমরা সংশোধন করেছি, এই বিধানসভায় এসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, না, শিল্পের জমিতে শিল্পই করতে হবে, এবং সেই মতন এই সংশোধনটি আনা হয়েছে। ফলে BIFR-এ গেলেও যে-লক্ষে অনেকে যাঁরা শিল্প করতে চান না তারা অকশনে প্যার্টিসিপেট করেন। আমরা নিজেরা, আমাদের দপ্তর গিয়ে সেখানে হাজির হয়ে বলছে, যাই হোক না কেন এই জমি শিল্পের জন্য জমি, শিল্পের কাজেই ব্যবহার করতে হবে।

শ্রী অপূর্ব সরকার : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন। নতুন যারা শিল্প করবেন তাদেরকে এই রুগ্ন শিল্পকে নেবার আবেদন এই সরকার থেকে হয়েছিল। সেই জায়গায় দাঁড়িয়ে যারা শিল্প গড়বেন বা যারা রুগ্নশিল্প অধিগ্রহণ করতে চাইছেন এ রকম কোন শিল্পোদ্যোগী সরকারের কাছে আবেদন জানিয়েছে কিনা ? যদি জানিয়ে থাকে, তাহলে তার ফল কি হয়েছে, যদি মাননীয় মন্ত্রী মহাশয় বলেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন এটি। আমরা লক্ষ্য করে দেখেছি যে বিনিয়োগকারীরা মূলত এখানে আসেন নতুন বিনিয়োগ করতে এবং নতুন শিল্পসংস্থা করতে। এবং আমাদের অভিজ্ঞতা দেখেছি যে, যখন আমরা IEM করেছিলাম বিগত সময়ে, ৪৭১০টি করে মাত্র ১৩১০ এবং আজকে সর্বসাকুল্যে ৮৩৩টি। এই যে ব্যাপক সংখ্যক লোক নাম করে এসেছে, কোথাও কোথাও জমি নিয়ে রেখেছে, এবং বছরের পর বছর সে জমি পড়ে আছে অথচ তারা শিল্পের কাজে ব্যবহার হচ্ছে না। আমাদের সরকার প্রথম থেকেই এই ব্যাপারে যথেষ্ট গুরুত্ব দিচ্ছে, এবং দেওয়া শুধু নয়, আমরা লিস্ট তৈরী করছি যে কাদের কাদের হাতে জমি কতদিন ধরে পড়ে আছে এবং কত দিনের মধ্যে তাদের শেষ করবার কথা ছিল। এর একটা দুভার্গ্যের বিষয় যে, আগের সরকার কোন নির্দিষ্ট সময়সীমা বেঁধে না রাখার ফলে এবং যে সমস্ত চুক্তি সেই সময়

করবার দরকার ছিল সেই চুক্তি তারা না করবার ফলে, প্রায় পাহাড় প্রমাণ চুক্তি আমাদের এখানে জমা পড়েছে। আমাদের প্রধান কাজই হচ্ছে সেইগুলো শেষ করে দেওয়া এবং নতুনকে ডেকে আনা। আমরা লিস্ট শুরু করেছি এবং আপনি যে প্রশ্ন তুলেছেন যে কারা কারা করেছে, এই রকম বেশ কিছ সংখ্যক শিল্প সংস্থা তারা ইন্টারেস্ট দেখিয়েছে। কিন্তু মুসকিলটা হচ্ছে-তাতে আমরা লক্ষ্য করে দেখেছি যে জমি এবং যা পড়ে আছে তা যদি আমরা ভাগাভাগি করি, তাহলে দেখা যায়, যে শিল্পপতিরা আসতে চান এই পুরনো জমি নিতে, অনেক ক্ষেত্রেই তা হচ্ছে না। কিন্তু বেশ কিছু ক্ষেত্রে যেখানে state PSU আছে, কিছু ক্ষেত্রে তারা ইন্টরেস্ট নিচ্ছেন কোথাও J.V. করবার জন্য। কিন্তু আমরা প্রত্যেককেই এই হাউসকে কথা দিতে চাই যে শ্রমজীবী মানুষের স্বার্থ রক্ষা করেই আমরা সকল stake holders কে সঙ্গে নিয়েই এই বন্ধ কারখানাগুলো খোলবার জন্য উদ্যোগ নিচ্ছি। আজকে একটা খুলছি তো কালকে আর একটা নানা কারণে বন্ধ হচ্ছে। আমি অনুরোধ করবো আপনাদের সকলের তরফ থেকে আপনাদের নজরেও যদি কোথাও এই রকম কিছু এসে থাকে আমাদের নজরে আনুন, আমরা তার ব্যাপারে যথেষ্ট গুরুত্ব দিয়ে সে কাজ দেখবো।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটা বিষয় জানতে চাইছি সেটা হচ্ছে যে, কোন শিল্পপতি বা মালিকপক্ষ মনে করলেই BIFR-এ যেতে পারে না। কারখানা বন্ধ করে দেব মনে করলেই যেতে পারে না। যতক্ষণ পর্যন্ত তার ব্যালান্সশীট, তার ইনকাম এক্সপেনডিচার সব কিছু মিলিয়ে তার নেট ওয়ার্কে সে নেগেটিভ প্রমাণ করতে না পারছে ততক্ষণ পর্যন্ত মনে করলেই যেতে পারে না। তাহলে পরে এই যে আপনি ৩৬৩টি কারখানা BIFR-এ নথিভুক্ত আছে বলছেন, এই ৩৬৩টি কারখানার মধ্যে-আপনার কাছে নিশ্চয়ই এখন থাকবে না, থাকলে খুব ভালো কথা,-কোন কোন কারখানার নেগেটিভ নেটওয়ার্ক কত এবং সর্বমোট নেগেটিভ নেটওয়ার্ক কত হয়েছে কারখানাগুলোর, আর কারোর কারোর নেগেটিভ নেটওয়ার্ক নেই, অথচ সে BIFR-এ যাওয়ার চেষ্টা করছে এই রকম কি কোন তথ্য আছে আপনার কাছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনি যে প্রশ্নটি করেছেন, সেটা একেবারে সংস্থার ভিতরে ঢুকের কথা, আপনারা যে কাজটা করতেন। আমরা সে কাজটা করি না। আমরা দেখি, খবর পাই, মনিটরিং করি, তদারকি করি। বেসরকারী সংস্থার নেটওয়ার্ক দেখাটা সরকারের কাজ নয়।

[12.00 – 12.10 p.m.]

সরকার দেখে সেই সংস্থা ঠিক মতন দেশের আইন মেনে চলছে কিনা, রাজ্যের আইন মেনে চলছে কিনা, শ্রমিকদের কথায় চলছে কিনা। আমরা তখনই ইন্টারফেয়ার করি, আপনাদের নিজেদেরই এটা-আপনি বসুন বসুন, আপনি অনেক বলেন একটু বসুন, শুনুন একটু, একটু শুনুন অনেক বলেন তো। এবার শুনুন না, বসুন না। বসুন, প্রশ্ন করেছেন শুনবেন না? তো নেটওয়ার্কটা যখন আসে সেটা রিফ্লেকশান হয় ব্যালেন্স সিটে। অনেক সময় ব্যালেন্স সিটেও জাগলারি হয়। এটা আপনি জানেন তো ভালো মতই। এই জাগলারিটা, এই জাগলারিটা সুদীর্ঘ দিন ধরা হচ্ছিল না। আমরা সে ব্যাপারেও যথেষ্ট সতর্ক আছি যে, ব্যালেন্স সিট কি করে ইনফ্লেট করে বাঁচানো যায় এবং চলে যাওয়া যায়

এবং তারপর বেরিয়ে আসা যায়। এই রকম অনেক কোম্পানি আছে যা আপনাদের আমলে বেরিয়ে গেছে। এক টাকায় বিক্রি হয়ে গেছে। সেগুলো আবার নতুন করে খুলেছে, আবার বন্ধ হয়েছে আবার খুলছে আবার বন্ধ হচ্ছে। আমরা এই ব্যাপারগুলো অত্যন্ত সতর্কতার সঙ্গে দেখছি। এবং বি.আই.এফ.আর. শুধুমাত্র তাই নয় নির্দিষ্ট করে আমরা কয়েকটি লোককে বলেছি সরকারের তরফ থেকে এ ব্যাপারে লক্ষ্য রাখতে। আর আপনি যে প্রশ্নটা করেছেন সেই প্রশ্নটার থেকেও বড় কথা হচ্ছে যে, যারা গেছে তাদের সম্পর্কেও আমরা ভালো করে দেখছি রেকর্ডগুলো ঠিক আছে কিনা। কারণ একটা চালু আছে না রিলিফ আন্ডার টেকিং। এই রিলিফ আন্ডার টেকিংয়ের নাম করে অনেক রিলিফ আন্ডার টেকিং সুযোগ পেয়ে গেছে বিগত সরকারের আমলে। আমরা এই সরকারের আমলে রিলিফ আন্ডার টেকিংয়ের বিষয়টিকে ভালো ভাবে দেখছি যাতে করে কেউ এর থেকে সুযোগ না ব্যবহার করে।

Mr. Speaker : Question Hour is over.

Starred Questions
(to which answers were laid on the Table)

সংশোধনাগারগুলিতে দুর্নীতি প্রতিরোধ

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮২) **শ্রী মন্টুরাম পাখিরা :** সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সংশোধনাগারগুলি পরিচালনায় দুর্নীতির কোনো অভিযোগ সরকারের কাছে আছে কি না; এবং

(খ) থাকলে, সেক্ষেত্রে কীরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এক্ষেত্রে উপযুক্ত বিভাগীয় ব্যবস্থা তৎসহ একটি নির্দিষ্ট কেসে বিভাগীয় তদন্তের সাথে পুলিশে এফ.অই.আর. দায়ের করা হয়েছে।

উপরিউক্ত তথ্যগুলি মে, ২০১১ থেকে আগস্ট, ২০১২ পর্যন্ত (নথিভুক্ত তথ্য ও পরিসংখ্যানের নিরীখে)।

পৌরসভার সংখ্যা

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬) **শ্রী আনিসুর রহমান :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ, ২০১১ সাপেক্ষে রাজ্যে মোট পৌরসভার সংখ্যা কত ছিল;

(খ) ৩১শে আগস্ট, ২০১২ সাপেক্ষে মোট পৌরসভার সংখ্যা কত; এবং

(গ) বর্তমান আর্থিক বছরে (২০১২-২০১৩) নতুন পৌরসভা গঠনের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে মার্চ, ২০১১ সাপেক্ষে রাজ্যে পৌরসভা, পৌরনিগম ও প্রজ্ঞাপিত এলাকার মোট সংখ্যা ছিল ১২৭ টি।

(খ) ৩১শে আগস্ট, ২০১২ সাপেক্ষে রাজ্যে পৌরসভা, পৌরনিগম ও প্রজ্ঞাপিত এলাকার মোট সংখ্যা১২৭ টি।

(গ) সম্প্রতি ডোমকল, তেহট্ট ও হরিণঘাটা এই তিনটি এলাকায় নূতন পৌরসভা গঠনের জন্য প্রাথমিক প্রজ্ঞাপন প্রকাশ করা হয়েছে।

রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২) **শ্রী শাহাজাহান চৌধুরী :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে (২০১২-২০১৩) রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনায় বি.পি.এল. তালিকাভুক্ত কতগুলি পরিবারকে বিদ্যুৎ সংযোগ দেওয়ার পরিকল্পনা আছে; এবং

(খ) উক্ত যোজনায় বিদ্যুৎ সংযোগ দেওয়ার ক্ষেত্রে পরিবারপিছু গড় ভরতুকির পরিমাণ কত?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১১.৪৬ লক্ষ।

(খ) উক্ত যোজনায় বি.পি.এল. পরিবারে বিদ্যুৎ সংযোগের পুরো অর্থই সরকার অনুদান হিসাবে উপভোক্তাদের দিয়ে থাকেন।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received one notice of Adjournment Motion from Shri Asit Mitra on the subject of Alleged anarchical situation in the educational institutions in the State.

The subject matter of the motion is not restricted to a specific matter of recent occurrence. In terms of Rule 61(iii) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the notice is thus out order and I reject it.

(At this stage Hon'ble Member Shri Asit Mitra rose to speak)

মিঃ স্পীকার : I have rejected it. It is out of order. Please, You have raised multiple subjects. আমি বলে দিয়েছি আপনি রুলটা দেখে নেবেন। আপনি অনেক

অভিজ্ঞ সদস্য। এর আগেও ছিলেন। আপনি রুলটা দয়া করে দেখে নেবেন। আপনি একাধিক বিষয় আনতে পারেন না। এনি ওয়ে।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received six (6) notices of Calling Attention on the following subjects namely :-

	Subject	Name
(i)	Alleged deplorable condition of Harishchandrapur rural hospital	: Shri Tajmul Hossain
(ii)	Alleged non-payment of arrear salary & pension to the employees and ex-employees of the North Bengal State Transport Corporation	: Shri Sahajahan Choudhury
(iii)	Increase in the prices of fertilizers and other related items	: Shri Anisur Rahaman
(iv)	Urge for completion of unfinished construction work of Sir Rashbehari Ghosh College building in Ukhrid Village under Khandaghosh Assembly Constituency area	: Shri Nabin Chandra Bag
(v)	Non-implementation of the Government decision to convert C.P.F. to G.P.F. for teachers	: Shri Asit Mitra
(vi)	Urge for construction of Metal Road from Ayas Dharmatala More to Chamti Bagan in Birbhum district	: Dr. Asish Banerjee

I have selected the notice of Dr. Asish Banerjee on the subject of Urge for construction of Metal Road from Ayas Dharmtala More to Chamti Bagan in Birbhum district.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ড. আশীষ ব্যানার্জী কতৃক আনিত কলিং অ্যাটেনশানের বিষয়টি নিয়ে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর সঙ্গে কথা বলে প্রয়োজন হলে আগামিকাল কিম্বা তার পরবর্তী সময় তাঁকে উত্তর পাঠাব।

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presentation of the First Report of the Committee on Bidhayak Eleaka Unnayan Prakalpa (2012-2013)

Shri Khagen Murmu : Sir, I beg to present the First Report of the Committee on Bidhayak Elaka Unnayan Prakalpa (2012-2013) on the implementation of the sanctioned schemes and projects under Bidhayak Elaka Unnayan Prakalpa in the State of West Bengal.

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Accounts along with Audit Report thereon, of the West Bengal Labour Welfare Board for the year 2009-2010

Shri Purnendu Basu : Mr. Speaker, Sir, I beg to lay the Annual Accounts along with Audit Report thereon, of the West Bengal Labour Welfare Board for the year 2009-2010.

The 50th Annual Report and Accounts together with Audit Report thereon, of the Durgapur Projects Limited for the year 2010-2011.

Shri Manish Gupta : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the 50th Annual Report and Accounts together with Audit Report and thereon, of the Durgapur Project Limited for the year 2010-2011.

The Annual Reports containing Audited Annual Accounts of the West Bengal Electronics Industry Development Corporation Limited for the years 2009-2010 and 2010-2011

Shri Partha Chatterjee : Mr. Speaker, Sir, I beg to lay the Annual Reports containing Audited Annual Accounts of the West Bengal Electronics Industry Development Corporation Limited for the year 2009-2010 and 2010-2011.

MENTION CASES

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করে বলছি, আমার হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত ভালুকা জিরো পয়েন্ট, ফতেপুর, খিদিরপুর, খোপাকাঠি, তেলঝান্ডা হয়ে এই বাজে রাস্তাটি ইসলামপুর পর্যন্ত বাঁধের রাস্তাটি অযোগ্য অবস্থায় পড়ে আছে। এই রাস্তাটির কথা আমি বার বার বিধানসভায় তুলেছি এবং এই রাস্তাটির বিষয় নিয়ে বহুবার বনধ পালন হয়েছে। এই রাস্তাটি হচ্ছে তিনটি অঞ্চলের একমাত্র যোগাযোগ ব্যবস্থা। বিশেষ করে ভালুকা অঞ্চল, দৌলতনগর অঞ্চল, ইসলামপুর অঞ্চলের একমাত্র এই রাস্তাটি। এই রাস্তাটি এখন পায়ে চলারও অযোগ্য হয়ে দাঁড়িয়েছে। এই রাস্তাটির উপর দিয়ে দু' একটি বাসও চলত, অটো চলত, এমনকি ভ্যান-ভুটিও চলত। এখন কোনোকিছুই চলছে না। ফলে, এলাকায় একটা ক্ষোভের সৃষ্টি হয়েছে। তাই আমি আপনাকে বিনীত সহকারে বলব যে, অবিলম্বে এই বাঁধের রাস্তাটি নির্মাণ করার জন্য, পুনসংস্কার করার জন্য আমি দাবি জানাচ্ছি। বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। বিষয়টি বিবেচনা করার জন্য জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সিঙ্গুরের চাষীদের বিপর্যয়, আজকের দিনে পশ্চিমবাংলার সমস্যাগুলোর মধ্যে অন্যতম জায়গায় দাঁড়িয়ে আছে। আইন, কোর্ট এবং অন্যান্য আইনি জটিলতা আজকে তাদের চূড়ান্ত সর্বনাশের পথে নিয়ে যাচ্ছে বলে তারা মনে করছেন। গতকাল সিঙ্গুর দিবসে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছ থেকে তারা কিছু শুনতে চেয়েছিলেন, আজকের সংবাদপত্রেও তার প্রকাশ আছে। মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে শুধু এইটুকুই বলতে চাই যে, আমরাও একদিন এই বিষয়ে আমরা সমর্থন জানিয়ে সিঙ্গুর বিলে সমর্থন দিয়েছিলেন। শুধু একটা অনুরোধ, বর্তমানে যে অবস্থা চলছে, বেড়াবেড়িয়ার কার্তিক ঘোষেরা যে কথা বলছে যে, আলাপ আলোচনার মাধ্যমে যদি এই সমস্যার সমাধান হয়, যদি আবার নতুন করে আমরা জমি ফিরে পাই অথবা অন্য কোনোভাবে বাঁচার রসদ পাই তাহলে তার ব্যবস্থা করা উচিত।

[12.00–12.10 p.m.]

আমি বেড়াবেড়িয়ার সুর ধরে আমাদের কংগ্রেস দলের পক্ষ থেকে যে কথা রাখা হয়েছে সেই আবেদন রেখে বলছি, শুধুমাত্র আইন আদালত এই করে সর্বনাশের পথে যদি ওরা যায়, চূড়ান্ত সর্বনাশ হবে, আসুন আমরা তাকে বাস্তবে রূপায়িত করার জন্যে আলাপ আলোচনার মধ্যে আমরা যাওয়ার চেষ্টা করি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে, আমি কোলকাতা পৌরসভার এবং শহর উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কোলকাতা শহরের সৌন্দর্যায়নের প্রকল্পে কোলকাতা পৌরসভার অর্থ দপ্তরের হিসাব অনুযায়ী এক্ষুণি একটু আগে বললেন ২৪ কোটি, কিন্তু ৩০ কোটি টাকার মত বিল জমা পড়েছে এবং বাস্তবে এর খরচের পরিমাণ দাঁড়াবে ২৪ কোটি টাকা। কোলকাতা পৌরসভার নিজস্ব যে এন্টালি ওয়ার্কশপ আছে সেখানে এক একটা বাতিস্তম্ভের খরচ হচ্ছে ৯ হাজার ৬০০ টাকা। কিন্তু সেটা বাইরে থেকে ১৭ হাজার ৬০০

টাকায় হচ্ছে, নেওয়া হয়েছে, প্রতিটি বাতিস্তম্ভ। প্রতিটি বাতিস্তম্ভ পিছু দেখা যাচ্ছে যে বিল জমা পড়েছে প্রায় ২৪ হাজার টাকা। ফ্রেশ টেন্ডারকে এ্যাভয়েড করে বাইপাস করে বাছাই করা সংস্থাকে হচ্ছে বরাত দেওয়া হয়েছে। ৫ লক্ষ টাকা খরচের পরিমাণ, এই রকম ৫৪০ টা বিল বানানো হয়েছে। এর জন্য ১৪০টা কোম্পানীকে দিয়ে এই বিল করানো হয়েছে। এবং মাননীয় রাজ্যপাল এই বিষয়ে এই যে প্রসিডিউরাল ল্যাপসেস এর কারণ জানতে চেয়েছেন এবং ডি ডি কে হচ্ছে চিঠিও করা হয়েছে, ডিজি কে বদলি করা হয়েছে, কিন্তু ডিজি বলেছেন, যে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে তিনি এই কাজ করেছেন। এইটা হচ্ছে তদন্ত করে স্পেকট্রাম কেলেঙ্কারীর মতন নেপথ্যে কোন কেলেঙ্কারী আছে কিনা, সেটা তদন্ত করবার জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

শ্রী অশোক কুমার দেব : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। যে একজন নাট্যকর্মী এবং প্রাক্তন স্টুডেন্ট রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের বিমান ভট্টাচার্য্য ৯ই জুন ১৯৯২ থেকে নিখোঁজ। এফ আই আর করেছিলেন বিমানের মা, অমিতা ভট্টাচার্য্য। চিঠি দিয়েছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে। যিনি এখন নেই, প্রয়াত। বর্তমান মুখ্যমন্ত্রীর কাছে তারা এফ আই আর লজ করেছেন এবং কাগজপত্র জমা দিয়েছেন। যার বিরুদ্ধে অভিযোগ লেকচারার শ্রীমতী দীপা ঘোষ তার বিরুদ্ধে ওয়ানম্যান কমিটি হয়েছিল, অনিল বোসের নেতৃত্বে। কিন্তু আজ পর্য্যন্ত তার কোন রিপোর্ট পাওয়া যায়নি। সেই তদন্ত রিপোর্ট হাউসে প্রডিউস করা হয়নি। বর্তমান সরকার সেই তদন্তের ব্যাপারে, অভিযুক্তর ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন বা বর্তমান পদক্ষেপ কি, দয়া করে জানাবেন কি। মুখ্যমন্ত্রী এখানে নেই, যদি আমাদের মাননীয় মন্ত্রী পার্থ চ্যাটার্জী জানান তাহলে আমরা সেটা জানতে পারব। আশা করি তিনি হাউসে জানাবেন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রীও নেই, পার্থ চট্টোপাদ্যায় - পরিষদীয় মন্ত্রীও নেই, আপনি লিখিতভাবে জানাবেন, আমরা স্বরাষ্ট্র দপ্তরে পাঠিয়ে দেব।

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে খুবই বেদনাদায়ক মর্মান্তিক ঘটনার কথা উল্লেখ করতে বাধ্য হচ্ছি। আপনারা হয়ত শুনেছেন যে ২০১১ সালে যখন এই নতুন সরকার প্রতিষ্ঠা পায়, ২০ তারিখে, ঠিক তার পরের দিন, ২১ শে মে, এই দক্ষিণ ২৪ পরগণায় অমল সমাদ্দার নামে আমাদের একজন কর্মী তার বাড়ী আক্রমণ হয় এবং তাকে নৃশংসভাবে খুন করা হয়। এবং পরবর্তীকালে তার স্ত্রীকেও ভয় দেখানো হয়। কিন্তু গতকাল তার স্ত্রী উপরে মর্মান্তিক আক্রমণ চালানো হয়েছে। এবং তাকে একেবারে বিবস্ত্র করে তার উপর যতরকম অত্যাচার করা সম্ভব সব তারা করেছে। তারপর হাসপাতালে নিয়ে গিয়েছে, সেখানে এখন তাকে ভয় দেখানো হচ্ছে, ইতিমধ্যে আমাদের বিরোধী দলের নেতা আগে গিয়েছিলেন দেখা করতে তখন তাকে আবার পুলিশ বলেছে আপনি যাবেন না। অদ্ভুত ব্যাপার আমরা বুঝতে পারছি না। এখন আবার যারা ওখানে আছে আসামী তারা দাবী করেছে যে তোমার বাড়ীর সমস্ত বাড়ী আমাদের লিখে দিতে হবে, আর না হলে ৭ লক্ষ টাকা জরিমানা দিতে হবে। এ কোন রাজত্বে আমরা বাস

করছি জানিনা। আমি আবেদন জানাব আপনার মাধ্যমে, আমাদের মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানাব, এই যে মর্মান্তিক ঘটনা যারা ঘটিয়েছে তাদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক, তাদের ব্যবস্থা করা হোক এবং তাদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা হোক, যাতে এই ঘটনা আর না ঘটাতে পারে।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয়া ডেপুটি স্পিকার মহাশয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম, আমাদের সাঁকারাইলের ডেল্টা জুট মিল, প্রাচীন একটি মিল, সেই মিলে প্রায় চার হাজার শ্রমিক কর্মচারী কাজ করেন। গতকাল হঠাৎ মিল মালিক কোনোরকম আলোচনা না করে সাসপেনসান অফ ওয়ার্কের অর্ডার দিয়েছেন, ওটা বন্ধ করে দিয়েছেন.। আজকে ওই মিল বন্ধ হয়ে গেলে এলাকার চার হাজার মানুষ শুধু নয় নয়, কয়েক হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হবেন। তাই আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই অবিলম্বে এই মিলটি যাতে তাড়াতাড়ি চালু হয় এবং শ্রমিক যারা আছেন, কর্মচারী যারা আছেন তাদের সঙ্গে বসে এবং মিল মালিকদের সঙ্গে বসে আলোচনার মাধ্যমে মিলটি যদি চালু করা যায় তাহলে এলাকার মানুষ শুধু উপকৃত হবেন না, শ্রমিক পরিবার থেকে অনেকেই উপকৃত হবেন। ধন্যবাদ।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি এই হাউস তথা রাজ্য সরকারের মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৪৭ সালে ভারত স্বাধীন হয়েছে। ১৯৪৭ এর পরে পশ্চিমবাংলায় মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়, প্রফুল্লচন্দ্র সেন, অজয় মুখোপাধ্যায়, সিদ্ধার্থ শংকর রায়, জ্যোতি বসু এবং বুদ্ধদেব ভট্টাচার্য্য এরা মুখ্যমন্ত্রী ছিলেন। আমরা ইতিহাসে দেখিনি জীবিতিকালেও দেখিনি, বর্তমান মাননীয়া মুখ্যমন্ত্রী জেলা সফর করলেন, জেলা সফরে প্রশাসনিক টাকায় তিনি জেলা সফরে ডি এমদের হুইপ জারি করে যত সরকারী কর্মচারী, আই সি ডি এস, আশা এবং অন্যান্য যে সমস্ত কর্মীরা ছিলেন তেরাঙ্গা ঝান্ডা বহন করে বাসে করে তাদের হাজির করতে সরকারী টাকায় বাস ভাড়া করা হয়েছে। এই টাকা কোথা থেকে ব্যয় করা হল এবং কত টাকা খরচ করা হল? বারবার বলছেন যে বিগত রাজ্য সরকার ঋণে ডুবিয়ে দিয়ে গেছে। এই টাকায় যেভাবে অবৈধভাবে পার্টির মিটিং, সভা করলেন। আমরা তীব্র প্রতিবাদ করছি এবং জনগণের টাকাকে খরচ করা হয়েছে এই হিসাবটা আমরা চাই। এই টাকা অর্থমন্ত্রী কোথা থেকে দিলেন। নাবার্ডের টাকা শুনছি, অন্যান্য জায়গার টাকা শুনছি, এই মাননীয়া মুখ্যমন্ত্রীর এটাই কি কালচার যে তিনি সমস্ত হুইপ জারি করে সরকারী কর্মচারীদেরকে এবং এলাকার যারা মানুষ, আই সি ডি এস ইত্যাদি থেকে জমায়েত করবেন এবং এই টাকা কোথা দিয়ে খরচ হল এগুলো তদন্ত করার জন্য আমি দাবি রাখছি। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পিকার : অনারেবল মেম্বার ইনসার আলি বিশ্বাস আপনি বলেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী সম্পর্কে। আমি শুধু আমার ডেস্ক থেকে একটা কথাই বলতে পারি হিস্ট্রি রিপিট ইটসেল্ফ। হিস্ট্রি রিপিট ইটসেল্ফ। আপনি দীর্ঘদিনের মেম্বার, আপনি জানেন যে যখন যিনি মুখ্যমন্ত্রী থাকেন তখন তিনি কিভাবে এরিয়ায় যান।

...(গোলমাল)...

আমি বলেছি হিস্ট্রি রিপিট ইটসেল্ফ। যখন যিনি মুখ্যমন্ত্রী থাকেন তখন তিনি জেলায় যান। এর আগের মুখ্যমন্ত্রী জেলায় যেতেন না?

...(গোলমাল)...

তাহলে তো আপনাদের ব্যর্থতা।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : ম্যাডাম আমি আপনার মাধ্যমে এই সভার কাছে জানাতে চাইছি যে এই সরকারের এই কয়েক মাসের মধ্যে চোলাই মদের কারবার তো কমাতে পারেইনি, কিন্তু দিনের পর দিন সেটা বেড়েই যাচ্ছে।

...(গোলমাল)...

চোলাই মদের আসর পড়ে গেছে আপনাদের ওপরে। আমি যেটা বলতে চাইছি, ধরুন, আগষ্ট থেকে সেপ্টেম্বর, ১৬ই আগষ্ট দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে মদের ঠেকে দুজন গ্রামবাসী আহত হল। কি হল - কোনো ব্যবস্থা নেওয়া হল না! ২৮ শে আগষ্ট মালদহের ইংলিশবাজারের কাজিগ্রামে চোলাই মদ বিক্রির বিরোধিতা করার জন্য যিনি বিরোধিতা করলেন তাকে ধরে তার জিভ কেটে দেওয়া হল। কি ব্যবস্থা নেওয়া হল? চোলাই মদের বিরোধিতা করতে যাচ্ছে, তাকে ধরে তার জিভটা কেটে দেওয়া হচ্ছে! কাগজে বেরিয়েছে।

[12.20–12.30 p.m.]

তারপরে চোলাই মদ বিক্রি করার জন্য রঘুনাথগঞ্জের শ্রীধরপুরের সোনাবুল শেখ নামে একজনের মুখে অ্যাসিড ঢেলে দেওয়া হল। সেখানে কি ব্যবস্থা নেওয়া হল? ৩রা সেপ্টেম্বর উত্তর ২৪ পরগণার বারাসাতে মদ বিক্রির বিরোধিতা করার জন্য একজন হোমিওপ্যাথি ডাক্তারকে ধাক্কা দিয়ে মেরে দেওয়া হল। সেখানে কি ব্যবস্থা নেওয়া হল? কিছুই হল না। ৪ঠা সেপ্টেম্বর বাঁকুড়া শহরের মহিলাদের উপরে অত্যাচার করল চোলাই মদের ব্যবসায়ীরা। কি ব্যবস্থা নিলেন এই সরকার? কোন ব্যবস্থা নেওয়া হল না। ১৫ই সেপ্টেম্বর পানাগড়ে রেকটিফায়েড স্পিরিট সহ ধরা পড়ল। সেখানেও কিছু ব্যবস্থা নেওয়া হল না। আর এখানে [***]

ম্যাডাম ডেপুটি স্পীকার : বিধায়কদের দিকে হাত দেখিয়ে চোলাই মদের আসর বসে গেছে এই কথা আপনি বলতে পারেন না। এটা একসপাঞ্জ হবে। প্লিজ আই অ্যাম টকিঙ। আই অ্যাম অন মাই লেগ। ডাঃ মিশ্র উনি ট্রেজারি বেঞ্চের সদস্যদের দিকে আঙুল দেখিয়ে বলেছেন চোলাই মদের ঠেক বসে গেছে। এটা একসপাঞ্জ হবে। যে ঘটনা উনি বলেছেন সেটা আমি একসপাঞ্জ করতে বলিনি। আর হাউসের প্রত্যেক মাননীয় বিধায়কদের বলছি, আমরা কিন্তু প্রথমে বিধায়ক। কখনো আপনারা সরকার পক্ষে আছেন, কখনো ওনারা সরকার পক্ষে থাকবেন। হাউসের মধ্যে কাউকে অপমান করা মানে প্রত্যেক বিধায়ককে অপমান করা, Please don't do so.

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

শ্রী চৌধুরি মহঃ হিদায়েতউল্লাহ : ম্যাডাম ডেপুটি স্পীকার, আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য সারা দেশে জিনিসপত্রের দাম অস্বাভাবিকভাবে বাড়ছে। কিন্তু মা-মাটি-মানুষের সরকার যে কথা বলেছিলেন, তারা কোন জিনিসের দাম বাড়াবেন না, বিদ্যুতের দামতো বাড়াবেনই না। কিন্তু মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পরে অস্বাভাবিকভাবে বিদ্যুতের দাম বাড়িয়েছে। ম্যাডাম, আমি এই ব্যাপারে একটু উদাহরণ দিলেই ব্যাপারটা আপনি বুঝতে পারবেন। ২০১১ সালের মে পর্য্যন্ত বিদ্যুৎ বিল ছিল ৫০ ইউনিট পর্য্যন্ত ১৫৬ টাকা ৩৯ পয়সা। আর ২০১২ সালের মে মাসে সেটা হল ২৩০ টাকা ৫০ পয়সা। অর্থাৎ বৃদ্ধি হল ৭৪ টাকা ১১ পয়সা।২০১১ সালে ১০০ ইউনিট ছিল ৩৪৮ টাকা ৫১ পয়সা, সেটা বেড়ে হল ৪৯০ টাকা ৫০ পয়সা। বৃদ্ধি হল ১৪১ টাকা ৯৯ পয়সা। ২০০ ইউনিট বিদ্যুৎ ৮৫০ টাকা ৮৯ পয়সা ছিল, সেটা বেড়ে দাঁড়াল ১১১২ টাকা ৮০ পয়সা, অর্থাৎ বৃদ্ধি হল ২৬১ টাকা ৯১ পয়সা। ৩০০ ইউনিট ১,৪১১ টাকা ৭৪ পয়সা ছিল, সেটা বেড়ে দাঁড়াল ১, ৭৪৪ টাকা ৮৯ পয়সা। অর্থাৎ বৃদ্ধির হার হল ৩৩৩ টাকা ১৫ পয়সা। ৫০০ ইউনিট ২, ৯৫৩ টাকা ৩২ পয়সা ছিল, সেটা বেড়ে হল ৩, ৬২১ টাকা ৬৩ পয়সা। অর্থাৎ বৃদ্ধি হল ৬৮৮ টাকা ৬১ পয়সা। এই হচ্ছে আজকে অবস্থা। যে বিদ্যুৎ নিয়ে কৃষকরা চাষ করবে, যে বিদ্যুৎ গ্রার্হস্থ্যরা ব্যবহার করবে সেই বিদ্যুতের দাম অস্বাভাবিকভাবে বাড়িয়ে দেওয়া হয়েছে। এই যদি হাল হয় তাহলে কৃষকরা সর্বশান্ত হবে, মানুষ সর্বশান্ত হবে। তাই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব অবিলম্বে বিদ্যুতের দাম পূর্বের অবস্থায় ফিরিয়ে আনা হোক।

শ্রী নবীন চন্দ্র বাগ : ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা এলাকায় খন্ডকোষ গ্রামে জনগণের সুবিধার্থে একটি অফিস খেলা হয়। অফিসটি থেকে বিধায়কের বিভিন্ন ধরনের প্রমাণপত্র দেওয়া শুরু হয় এবং সেখানে গ্রামের মানুষ বিভিন্ন রকমের সমস্যা নিয়ে আসে। গত ২০.৯.২০১২ তারিখে খন্ডকোষ গ্রামে তৃণমূলের বুথ সভাপতি সন্ধ্যে ছয়টার সময় এসে বলে অফিসটি বন্ধ করে দিতে হবে। এই ব্যাপারে আমি পুলিশকে খবর দিলেও পুলিশ কোন হস্তক্ষেপ করেনি। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে জনগণের স্বার্থে যাতে অফিসটি খুলে রাখতে পারি তারজন্য আমি নিরাপত্তার দাবি জানাচ্ছি।

শ্রী বাসুদেব মেটে : ম্যাডাম আমি আমার বিধানসভা আউশ গ্রামের কিছু কথা এখানে বলতে চাই। একই মাসে দু বার রেল ডাকাতি এবং আমার বিধানসভা এলাকায় যে সমস্ত স্কুল, সমবায় যেগুলোতে নির্বাচন হচ্ছে সেগুলোতে আমাদেরকে অংশ গ্রহণ করতে দেওয়া হচ্ছে না। তৃণমূলের একটা অংশ বহিরাগতদের এনে আমাদের ওপর আক্রমণ নামিয়ে আনছে .. (গোলমাল)... এবং প্রকাশ্যে পুলিশের সামনে আমাদের দলের লোকদের বুকে এবং মাথায় পিস্তল ঠেকিয়ে হুমকি দেওয়া হচ্ছে প্রাণনাশের তাই আইন শৃঙ্খলার যে অবনিত হচ্ছে সেটাই আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আমার বার্তা পাঠিয়ে দিলাম। নমস্কার।

ড. আশীষ ব্যানার্জী : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, ম্যাডাম, আমি আমার বক্তব্যের প্রারম্ভে একটা কথা বলতে চাই, যিনি একটু আগে আমাদের দিকে তাকিয়ে [***] বললেন তার মানসিক সুস্থতা সম্পর্কে সংশয় আছে। ... (গোলমাল)...

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি আপনার পয়েন্টে বলুন। ... (তুমুল গোলমাল)...

ড. আশিস ব্যানার্জী : হ্যাঁ বলবো প্রতিবাদ করার ভাষা আছে। কিন্তু সমস্ত ব্যাপারে করবেন, যা ইচ্ছা, সেটা .....

ম্যাডাম ডেপুটি স্পীকার : ড. ব্যানার্জী ডঃ ব্যানার্জী আমি ওটা এক্সপানজ করতে বলেছি। আমি বলেছি তো। ... (গোলমাল)... ড. ব্যানার্জী আমি ওটা এক্সপানজ করতে বলেছি। আমি বলছি তো, আপনারা চুপ করুন প্লিজ, আমি ওটা এক্সপানজ করতে বলেছি। আপনি আপনার পয়েন্টে বলুন। আমি ওটা এক্সপানজ করতে বলেছি, প্লিজ

ড. আশীস ব্যানার্জী : থ্যাংক ইউ ম্যাডাম। আমি এর সঙ্গে শুধু একটা কথা যোগ করতে চাই। যে ক্ষমতা হারিয়ে হতাশাগ্রস্ত হয়ে [***] কারা যাচ্ছে এটা আগে খোঁজ করা হোক, তদন্ত করা হোক। আমি পরিষ্কার ভাবে বলছি এসব চলবে না, এসব চলবে না। এগুলো আমি বলবো। ইয়েস আই হ্যাভ দিস রাইট টু সে সো।

... (নয়েজ)...

ম্যাডাম ডেপুটি স্পীকার : এটাও এক্সপানজ হবে। এটাও এক্সপানজ হবে .... (গোলমাল)... এটাও এক্সপানজ হবে। আমি তো বলে দিয়েছি ... (গোলমাল)...।

আপনি আপনার পয়েন্টে বলুন। ড. আশীষ ব্যানার্জী আপনার পয়েন্টে বলুন।

... (নয়েজ)...

আমি বললাম তো এটাও এক্সপানজ হবে। আপনারা এত অধৈর্য হচ্ছেন কেন আনিসুর সাহেব। ড. আশীষ ব্যানার্জী আপনি আপনার পয়েন্টে বলুন।

ড. আশীষ ব্যানার্জী : না ম্যাডাম, আমার বক্তব্য এখানেই যে মেনশান কেসে বলতে উঠে উনি অন্যভাবে কথা বলবেন, ...

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি আপনার পয়েন্টে বলুন। আমাদের টাইম ইজ ভেরি শর্ট, আজকে বন সৃজন আছে, প্লিজ।

ড. আশীষ ব্যানার্জী : ঠিক আছে। আমি একটা বিষয় আপনার কাছে তুলে ধরতে চাই আমার রামপুরহাট বিধানসভায় দীর্ঘকাল এই ভন্ডের দল, এরা ৩৪ বছর ধরে কথা শুনিয়ে এসেছে যে রামপুরহাট বিধানসভায় সুপার মার্কেট হবে। আমি আমার বিষয়ে কনসেনট্রেট করছি। তো সেই

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

সুপার মার্কেট করবার জন্য আমি মাননীয় পুরমন্ত্রী এখানে আছেন, আমি পুর মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে দীর্ঘকাল ধরে অবহেলিত এবং বঞ্চিত করে রেখেছে রামপুরহাট বিধানসভাকে। রামপুরহাট শহরে একটা সুপার মার্কেট করার ব্যাপারে আবেদন জানাচ্ছি। তিনি অনুগ্রহ করে সেই সুপার মার্কেট করার জন্য উদ্যোগ গ্রহণ করুন। এখানে মাননীয় মন্ত্রী উপস্থিত আছেন, মাননীয় মন্ত্রীকে আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো মাননীয় মন্ত্রী যদি এই সম্পর্কে দু একটা কথা বলেন।

ড. তরুণ কান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় স্কুল শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমাদের রাজ্যের যে স্কুলগুলো আছে তাতে বহু পার্ট টাইম শিক্ষক আছেন। তাঁদের সপ্তাহে ২৫-২৮টা ক্লাস নিতে হয়। তারা মাসে মাত্র ৫০০ - ১০০০ টাকা সাম্মানিক পায় এবং সেটাও দেওয়া হয় স্কুল অথরিটি তরফ থেকে। তাদের কোন মেডিক্যাল লিভ সি. এল. এসব কোনো কিছুই নেই। স্কুলে তাদের যে মর্যাদা সেই মর্যাদাও তাঁরা পান না। এটা বিগত সরকারের সময় থেকে চলছে, ১০, ১৫ বছর ধরেই এই ঘটনা ঘটছে। আমি মাননীয় শিক্ষা মন্ত্রীকে যে কথাটা বলতে চাইছি যেমন করে কলেজ শিক্ষকদের দের জন্য আপনি কোন ব্যবস্থা করেছেন, আপনাকে তার জন্য কলেজ শিক্ষকরা ধন্যবাদ দিয়েছেন। আপনি স্কুল শিক্ষকদের জন্য যদি এরকম কোন ব্যবস্থা গ্রহণ করতে পারেন তাহলে বহু হাজার স্কুল শিক্ষক তাদের একটা ব্যবস্থা হতে পারে।

[12.30–12.40 p.m.]

ZERO HOUR

শ্রী অসিত মিত্র : ম্যাডাম লিখে দেব পরে আপনাকে। যাচ্ছিলাম আমি যাইহোক।

ডেপুটি স্পীকার ম্যাডাম : আপনি সিনিয়ার মেম্বার আপনি জানেন লিখে দিতে হয়।

শ্রী অসিত মিত্র : আমি জানি তো, যাচ্ছিলাম ওই জন্যেই। ম্যাডাম আপানার অনুমতি নিয়ে আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম আপনারা জানেন যে এক দিন আগেই কেন্দ্রীয় সরকার তারা তাদের কর্মচারীদের জন্য মহার্ঘ ভাতা ঘোষণা করেছেন। পশ্চিমবঙ্গের রাজ্য সরকারের কর্মচারী এবং তার সঙ্গে স্কুল শিক্ষক-শিক্ষিকা এবং অন্যান্য পুরসভা বা পঞ্চায়েত সমস্ত কর্মচারীদের দীর্ঘদিনের বোধহয় 27% DA এখনও পর্যন্ত বাকি আছে, এটা নিয়ে। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে অনুরোধ করব যে রাজ্য সরকারী কর্মচত্রারীদের পক্ষে যে পাওনা আছে DA, এর যতখানি অংশ দিয়ে দেওয়া সম্ভব হয় 27% বাকি আছে। এটা যতখানি অংশ সম্ভব তাদের দিয়ে দেওয়া যায় তার ব্যবস্থা করার জন্যে আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি, ধন্যবাদ ম্যাডাম।

ডা. আশীষ ব্যানার্জী : ম্যাডাম আমি আপনার মাধ্যমে এই বিধানসভার কর্তৃপক্ষকে তথা অধ্যক্ষ মহোদয়সহ সকলকে এবং মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতি আমাদের কৃতজ্ঞতা জানাতে চাই। আমরা জানাতে চাই এই জন্যেই যে আমরা - আমি এই হাউসে ১০ বছরের উপরে

আছি। কোন দিন দেখিনি যে বিদ্যাসাগরের জন্মদিন পালন বিধানসভার উদ্যোগে হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী তথা তদানিন্তন মুখ্যমন্ত্রী কোনদিন উদ্যোগ গ্রহণ করেছেন জানি না। কেউ কেউ বিদ্যাসাগরের মানসপুত্র বলে বাইরে প্রচারিত হয়ে থাকেন। কিন্তু আমরা প্রথম দেখছি যে বিদ্যাসাগরের জন্মদিন এই বিধানসভার লবিতে অনুষ্ঠিত হচ্ছে। তাঁকে শ্রদ্ধা জানাবার একটা আয়োজন করা হয়েছে। এই যে বিষয়, এই বিষয়টা আমরা নিঃসন্দেহে সকলেই স্বাগত জানাচ্ছি এবং বিধানসভার অধ্যক্ষসহ মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। আমি প্রস্তাব রাখছি এই বিষয়টা একটা ধন্যবাদ সূচক প্রস্তাব এই সভা থেকে গ্রহণ করা হোক।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া রাজ্যে প্রায় সাড়ে চারশোটি পয়েন্টে ধান বীজ রাজ্য সরকার দিয়েছেন প্রায় তিন লক্ষ কৃষককে ত্রিশ কেজি করে। কিন্তু খুবই দুঃখের বিষয় ১০-১২ দিন পর এই বীজ ফুলিয়ে গিয়েছে। যার ফলে তিন লক্ষ চাষী সর্বনাশা ক্ষতির সামনে দাঁড়িয়েছে। সেইজন্য আমি মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই তিন লক্ষ কৃষককে ক্ষতিপুরণের জন্য দাবি জানাচ্ছি ধন্যবাদ।

শ্রী অপূর্ব সরকার : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া জনস্বার্থে একটা গুরুত্বপূর্ণ বিষয় যে পশ্চিমবঙ্গে বিভিন্ন ব্লাড ব্যাংকগুলিতে স্বেচ্ছায় রক্তদাতা যে রক্তদান করেন বা ব্লাড ক্যাম্প হয় - তা আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি যে, ব্লাডের কীট পাওয়া যাচ্ছে না। স্বাস্থ্য দপ্তরের মাননীয়া প্রতিমন্ত্রী আছেন। ব্লাডের কীটের অভাবে স্বেচ্ছায় রক্তদাতা রক্ত দিতে পারছেন না। শুধু তাই নয় শুনলে অবাক হতে হবে যে, ব্লাড দেওয়ার পর যে স্ট্রিপগুলো হাতে লাগানো হয়, নাম মাত্র তুলো দিয়ে ছেড়ে দেওয়া হচ্ছে। সেই স্ট্রিপ-এর সাপ্লাই হসপিটালগুলোতে নাই, ব্লাড ব্যাংকগুলোতে নাই।

যে একটা ব্যাজ, আমাদের যুব সমাজ ছাত্র সমাজ যাদেরকে আমরা ইন্সপায়ার করি ব্লাড দেবার জন্য, যখন ব্লাড দিতে আসে, তারা খুব ছোট, তারা কলেজে পড়ে, তারা বলে দাদা বা কাকা একটা ব্যাজ হবে না? আমাদের একটা ব্যাজ হবে না? ব্যাজ দেওয়া হতো তাও দেওযা বন্ধ হয়ে গেছে। খুব স্বাভাবিক ভাবেই বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাননীয়া প্রতিমন্ত্রী আছেন, তিনি যদি এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করেন যে ব্লাডের কিট গুলো পর্যাপ্ত পরিমাণে ব্লাড ব্যাংক গুলোতে সাপ্লাই করার জন্য যাতে স্বেচ্ছায় রক্তদাতারা রক্ত দিতে পারে পশ্চিমবঙ্গে, এই আবেদন আপনার মাধ্যমে রাখছি।

শ্রী পরশ দত্ত : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, গত ১৬ তারিখে কেন্দ্রীয় সরকারের যে সিদ্ধান্ত হয়েছে সেই সিদ্ধান্তে অনেকগুলো ব্যাপার রয়েছে। যেমন ওই সিদ্ধান্ত গুলোর বিরোধিতা করে আমাদের দল মন্ত্রীত্ব ছেড়ে চলে এসেছেন। কিন্তু অদ্ভুত ব্যাপার দেখলাম যে যারা রাম দলের সংগে একসংগে গ্যাট চুক্তির বিরুদ্ধে ১৯৯৪ সালে ভোট দেন নি। কেন না রামেদের সংগে একসংগে ভোট দিলে জাত যাবে। তাঁরা বনধ ডাকলেন। কি রকম ভাবে বনধ ডাকলেন? রামের ডাকা ২৪ ঘন্টার ভেতরে তার গর্ভে বামেরা কেমন নিঃশব্দে ঢুকে গেলেন, ঢুকে প্রতিবাদ প্রতিবাদ নাটক করলেন। এই বিষয়টা পরে বলবো।

(গোলমাল)

সূর্য্যবাবু ইউ আর ভেরী সিনিয়ার পারসন। এই 1 বিষয়টা আমি পরে বলবো, রেজলিউশান আসছে তখন ভাল করে গুছিয়ে বলবো। আজকে ম্যাডাম আর একটা বিষয় এই সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ৭৪ শতাংশ ব্রডকাসটিং-এ ফরেন ডাইরেক্ট ইনভেষ্টমেন্ট এ্যালাও করা হয়েছে। ৭৪ শতাংশ ফরেন ডাইরেক্ট ইনভেষ্টমেন্ট যদি এ্যলাও করা হয় তাহলে ব্রডকাসটিংটা দেশের বাইরে তার কনট্রোলে চলে যাবে। আমি ইতিমধ্যে বলেছিলাম যে, যেহেতু ব্রডকাসটিং-এর উপর হলে কোন প্রতিবন্ধকতা থাকে না, কোন সেনসার থাকে না, আমরা ইতিমধ্যেই দেখছি একেবারে কালজয়ী সাহিত্যিকদের উপন্যাস গুলোকে কী ভাবে ডিসটর্ট করে সিরিয়াল নামে ছড়ানো হচ্ছে। এই জিনিস শুধু সাহিত্যে হবে না, এই জিনিস যদি বিদেশের হাতে কনট্রোল চলে যায় তাহলে ভারতবর্ষের কৃষ্টি কালচারের বিরুদ্ধে প্রচার শুরু হলে দেশের ভবিষ্যতের পক্ষে একাট চরম ক্ষতির সম্ভবনা আছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়া, আমি আপনার মাধ্যমে এই সভাকে জানাতে চাইছি যে, একটা জাতি অনাহারে শেষ হয় না, মন্বন্তরে শেষ হয় না কিন্তু শেষ হয়ে যায় যদি তার সংস্কৃতি শেষ হয়ে যায়, তার কালচার শেষ হয়ে যায়। আগের যে সরকার ছিল, তারা খুব সুপরিকল্পিতভাবে বাংলাকে, বাঙালীকে তার নিজস্ব ঐতিহ্য, তার নিজস্ব কৃষ্টি, তার সভ্যতা তার সংস্কৃতি থেকে দূরে সরিয়ে নেবার দিকে সুপরিকল্পিত ভাবে এগিয়ে যাচ্ছিলেন। মা-মাটি-মানুষেরা সরকার প্রতিষ্ঠিত হবার পর রাইটার্স বিল্ডিং-এ বাংলার যারা কৃতি সন্তান তাদের জন্মদিন পালন করার একটা রেওয়াজ চালু করা হয়েছে। বামপন্থী হলেও তাঁকে সম্মান জানানো হচ্ছে তিনি কোন দলের না হলেও তাঁকে সম্মান জানানো হচ্ছে। একই সংগে এই বিধানসভা যাঁরা প্রাক্তন মুখ্যমন্ত্রী, তাঁদের এবং যাঁরা ন্যাশানাল হিরোজ তাদেরকে সম্মান জানানো হচ্ছে। এই যে বাঙালীকে বাংলা জাতিকে তার নিজস্ব অতীত থেকে বিস্মৃত করে দেবার পরিকল্পনা ছিল, তার থেকে আবার তার নিজের জায়গায় ফিরিয়ে আনার যে চেষ্টা হচ্ছে তারজন্য এই সভার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি। কারণ বাঙালীর তার নিজস্ব মর্যাদা প্রতিষ্ঠিত হচ্ছে।

[12.30–12.40 p.m.]

শ্রী আনিসুর রহমান ঃ মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি যে কথাটা বলব তার আগে দুটো কথা বলতেই হচ্ছে শোভনদেব বাবু বললেন খুব ভাল কথা যে বাংলার সংস্কৃতির বিকাশ ঘটছে। এই সংস্কৃতি তো রাজনীতি নিরপেক্ষ হয় না, রাজনীতি নিয়েই হয়। আমার মুখ্যমন্ত্রী যেমন জেলাতে এত বিশাল আয়োজন, সেখানে একজন বিরোধি দলের কাউকে ডাকা হবে এটা নাকি বাংলার সংস্কৃতি। এখানে একটা সম্বর্ধনা দেওয়া হল রাষ্ট্রপতিকে, কাউকে ডাকা তো হলই না, গায়ক শিল্পীতে ভরে গেছে, আর বিরোধি দলের নেতাকে ডেকে তাকে বসতে দেওয়া হল না, এটাই সংস্কৃতি। এই সব যা গান হচ্ছে, ওই যে, যে সংস্কৃতির কথা বললেন, সেখানে ''মন দুর দুর করে বুক দুর দুর করে'', এই সব গান দিয়ে বাংলার সংস্কৃতি হয় না। যা করছেন তা ভাল করে দেখে নিন একবার।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আনিসুর রহমান সাহেব, আপনার পয়েন্ট অন্য ছিল।

শ্রী আনিসুর রহমান : পরেশবাবু যেটা বললেন, সেটা খুব ভাল কথা। এত দেরীতে হলেও যে বুঝেছেন, এই এফ.ডি.আই, খুব ভাল কথা। তিনি ওই দলে তো জন্মান নি, অন্য দলে জন্মেছিলেন, রামের দলে। এখন এসছেন এই দলে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি যে পয়েন্ট দিয়েছেন, আপনি সেই পয়েন্টের উপর কিন্তু বলছেন না। ওগুলো কিন্তু যাবে না। ওগুলো অফ দি রেকর্ড।

শ্রী আনিসুর রহমান : প্রশ্ন হচ্ছে, বিল ক্লিন্টন আসবেন এখানে, মমতার ঘরে আলোচনা হবে, বিদেশী রাষ্ট্রদূত আসবে, তার সঙ্গে আলোচনা হবে ঘরের মধ্যে। আর সাম্রাজ্যবাদী নিয়ে কথা বলেন, সবাই জানে। আজকে দুনিয়ায় সাম্রাজ্যবাদীরা কি করছে সব জানে। তার লোকেরা মমতা ব্যানার্জীর ঘরে মিটিং করবে, আর তার মুখে এখানে শুনতে হবে। আর আমি দ্বিতীয়তঃ বলতে চাই.....

ম্যাডাম ডেপুটি স্পীকার : আনিসুর রহমান সাহেব, আনিসুর রহমান সাহেব, আমি আপনাকে বলছি। এক সেকেন্ড, আপনি বলবেন, বলবেন। আমি বলছি, উনি যে পয়েন্টের উপর বলেছিলেন, সে পয়েন্টটা বাদ দিয়ে উনি যেগুলো বলেছিলেন, সেগুলো যাবে না। আর দেখুন, রাষ্ট্রপতিকে সম্বর্ধনা দেওয়া হয়েছিল, আমরা সবাই সেখানে ছিলাম। মাননীয় বিরোধি দলনেতাও সেখানে ছিলেন। সমাজের কিছু গুণীজনকে ওখানে ডাকা হয়েছিল। মাননীয় স্পীকার ওখানে ছিলেন। বাকী আমরা সবাই সেখানে নীচে ছিলাম। মাননীয় বিরোধি দল নেতাকে সেখানে কিন্তু কোন রকম অসম্মানজনকে কিছু করা হয় নি। তিনি আমাদের সঙ্গে একই সারিতে ছিলেন। উনি নিজে আছেন। আপনি হয়ত নিজে যেতে পারেন নি। ওনাকে কোন রকম অসম্মানজনক কিছু করা হয় নি। আমরা বরঞ্চ অনেক উঠে গিয়ে, আমাদের অনেক মন্ত্রীরা উঠে গিয়ে ওনাকে বসার জায়গা করে দিয়েছিলেন।

(**শ্রী আনিসুর রহমান :** তা আমি বলি নি)

আপনি নিজে না গিয়ে প্রত্যক্ষ না করে আপনি তো কিছু বলতে পারেন না। এগুলো কিন্তু প্রসেডিংসে যাবে না, আপনি আপনার পয়েন্টে বলুন। আমি এক্ষুনি রিসেস দিয়ে দেব। প্লিজ, প্লিজ।

শ্রী আনিসুর রহমান : রাস্ট্রপতিকে যেখানে সম্বর্ধনা দেওয়া হবে, সেখানে কিন্তু শিল্পীদের জায়গা নয়, শিল্পীরা নিশ্চয়ই যাবে, কিন্তু তারা এখানে যাবে না। আমি যেটা বলছিলাম দুনিয়ার সব চেয়ে বড় সমস্যার ব্যাপারে আজকে আলোচনা হচ্ছে, তা হচ্ছে ফুড সিকিউরিটি। সারা পৃথিবী আজকে উদ্বিগ্ন যে আমাদের দেশে কি হবে। আর আমরা, পশ্চিমবাংলা বেশী উদ্বিগ্ন এই কারণেই যে, কালকে আমরা দেখলাম সাড়ে পাঁচ লক্ষ হেক্টর জমিতে ধান চাষ হয় নি। রবি শস্য আসছে, রবি শস্য অনেক চাষী চাষ করবে না, এমন সিদ্ধান্ত নিয়েছে। কারণ হচ্ছে একটাই। সব উপকরণের দাম বেড়ে গেছে। যত ইনপুটস, সে ডিজেল হোক, সে সার হোক, সব দাম বেড়ে গেছে। এই অবস্থা চললে গুচ্ছের আলো জ্বললে তো শুধু হবে না, গুচ্ছের গান করলে হবে না, গুচ্ছের ফুল

দিলে হবে না, লোকে খাবে কি? আজকে সারের দাম বেড়ে যাচ্ছে, বলার কেউ নাই। সারের দাম যখনই ব্ল্যাক হচ্ছে দেখার কেউ নাই। সারের ব্যাপারে যদি উদ্যোগ না নেন, তাহলে আগামীদিনে পশ্চিমবাংলার মানুষকে না খেয়ে মরতে হবে। এটা আমাদের সামনে বড় সমস্যা। আমি আবেদন জানাব আপনার মাধ্যমে এই ব্যাপারটা দেখার জন্য।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন রিসেস, আমরা আবার সবাই আড়াইটের সময় মিলিত হব, আজকে বিধানসভার পেছনের লবিতে আমাদের বনসৃজন উৎসব হবে, প্রত্যেক বছর যেটা হয়ে থাকে। সমস্ত মাননীয় বিধায়কদের সেখানে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাচ্ছি। নমস্কার।

[2.30–2.40 p.m.]

AFTER ADJOURNMENT

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : Hon'ble Members, I beg to present the 26th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber yesterday and recommended the Programme of Business for the 27th September, 2012 as follows :

27.09.2012, Thursday (i) The West Bengal School Service Commission (Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing) 1 1/2 hr.

(ii) The West Bengal University Laws (Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing) 1 hr.

(iii) The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Temporary Supersession) Bill, 2012 (Introduction, Consideration & Passing) 2 hr.

(iv) Resolution under rule 169 regarding Foreign Direct Investment in the retail Sectors Notice given by Shri Partha Chatterjee 1/2 hr.

N.B. There will be no Mention Case on Thursday, the 27th September, 2012.

Now the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the motion for acceptance.

Shri Sobhandeb Chattopadhyay : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য-উপদেষ্টা কমিটির ২৬তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think, the motion is adopted.

LEGISLATION

Mr. Speaker : Now the business before the House is there are three bills for Introduction, Consideration & Passing. These three bills will be introduced separately but discussion will be held jointly. It will be passed separately.

The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2012

Shri Firhad Hakim : Hon'ble Speaker, Sir, I beg to introduce the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2012.

(Secretary then read the title of the Bill)

Shri Firhad Hakim : Hon'ble Speaker, Sir, I beg to move that the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2012 be taken into consideration.

The Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012

Shri Firhad Hakim : Hon'ble Speaker, Sir, I beg to introduce the Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012.

(Secretary then read the title of Bill)

Shri Firhad Hakim : Hon'ble Speaker, Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012 be taken into consideration.

The West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012.

(Secretary then read the title of the Bill)

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012 be taken into consideration.

Mr. Speaker : These three bills are similar in nature and joint discussion on the motion for consideration of the three Bills will be held.

Shri Gourange Chatterjee : Sir, The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2012, West Bengal Act 59 of 1980, The Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012, The

West Bengal Act 58 of 1980 and the West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012, The West Bengal Act of 39 of 2006-এই তিনটে বিল আনা হয়েছে। আমি এই তিনটে বিলের বিষয়ে প্রথমেই বলি, এই বিলগুলো এমন কোন নতুন বিষয় নয়। বামফ্রন্ট সরকারের গৃহীত মিউনিসিপ্যাল কর্পোরেশনের যে নীতি তার ভিত্তিতেই এই বিলগুলো আনা হচ্ছে। বিশেষ করে JNNURM -র যে রিফর্ম-নীতি, সেই রিফর্ম-নীতির শর্ত অনুসারে এই বিলগুলো আনা অত্যন্ত আবশ্যক ছিল বলে আমরা মনে করি। কিন্তু সেই সঙ্গে সঙ্গে বিগত বামফ্রন্ট সরকার এর রিফর্ম-নীতির জন্য যে পদক্ষেপ নেওয়া শুরু করেছিল এখন আপনাদের সরকার এই সমস্ত বিলগুলোকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছে, এটাও ঠিক। কিন্তু এটা মনে রাখার দরকার আছে যে, আমাদের পরিচালিত কর্পোরেশনগুলো JNNURM -র রিফর্ম-নীতির শর্ত অনুসারে বামফ্রন্ট সরকার যে পদক্ষেপগুলো গ্রহণ করেছিল, আপনাদের এই যে আইনটা এখন নিয়ে আসছেন সেই আইনের ক্ষেত্রে, সেই ধরণের পদক্ষেপগুলো নেওয়ার ক্ষেত্রে, বিলের ক্ষেত্রে আমরা কিছু অসঙ্গতি দেখতে পাচ্ছি। আর এই অসঙ্গতি দেখতে পাওয়ার কারণে বিধানসভার মাননীয় সদস্য আনিসুর রহমান সাহেব কিছু সংশোধনী নিয়ে এসেছেন। সংশোধনী নিয়ে আসার শর্ত হল এটাই যে, এই বিলগুলো সম্বন্ধে আমাদের কিছু বক্তব্য আছে এবং সেই বক্তব্য সুনির্দিষ্ট ভাবে আপনাদের কাছে আমি এই সভায়, মাননীয় মন্ত্রী মহোদয় রয়েছেন, তাঁর কাছে রাখার চেষ্টা করছি।

মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি নিশ্চয় বুঝতে পারছেন, এই যে বিল আনা হয়েছে, এই বিলের ক্ষেত্রে দেখা যাচ্ছে, এর আগে লেফ্টফ্রন্ট গর্ভনমেন্ট JNNURM -র যে শর্ত, যে পদ্ধতি, সেই অনুযায়ী যে ভাবে মিউনিসিপ্যাল কর্পোরেশনগুলোকে দেখার চেষ্টা করেছিল আপনাদের এই বিলের মধ্যে কিন্তু আমরা সেই জিনিসটা দেখতে পাচ্ছি না। আমরা এটাও মনে করছি, শহুরে গরীব এবং শহুরে বস্তি এলাকার মানুষদের উন্নয়ন করা যে প্রয়োজন, এই প্রয়োজনের জন্য আপনাদের সরকারের যে ভূমিকা, সেই ভূমিকা কিন্তু আমার সন্দেহাতীত বলে মনে হচ্ছে না। আমার মনে হয়েছে, কর্পোরেশনগুলোর আভ্যন্তরীণ আয়ের যে রাস্তা, যেগুলো আপনারা দেখিয়ে দিয়েছেন এর মধ্যে ১ ২ ৩ ৪ ৫ ৬ করে, A B C D করে G পর্যন্ত, তিনটে বিলেই আছে, ক্লজ টু-য়ে A B C D E F G - এইভাবে আপনারা এগুলো দেখিয়ে দিয়েছেন। কিন্তু এটা মনে রাখা দরকার যে, সমস্ত কর্পোরেশনগুলোর আয়ের যে পদ্ধতি, তার আভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের যে সোর্স, সেই সোর্স-টা সব জায়গায় একই রকম নয়।

[2.40–2.50 p.m.]

২৫ শতাংশ যেটা বলা হচ্ছে নিশ্চতভাবে এটা সরকারের ঘোষিত নীতি, আমাদের বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি ছিল। এই সোর্সটা কিন্তু সমস্ত কর্পোরেশানের একই রকম নয়। বিভিন্ন কর্পোরেশন এলাকায় এখন বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকাগুলো ঢুকে পড়েছে। তার ফলে সেই সমস্ত এলাকাগুলোর উন্নয়ন করার প্রয়োজন রয়েছে। কাজেই others areas development সেটা কিভাবে হবে এবং তার ইনকামের সোর্স কোথা থেকে আসবে সেটা দেখানোর প্রয়োজন ছিল। এই রিপোর্টের মধ্যে - আপনি যেটা দিয়েছেন - গোটা বিষয়টাকে রাখার দরকার ছিল বলে আমি

মনে করি। কারণ দেখুন বিশ্ব জনসংখ্যার যে নিরীখ, তাতে দেখা যাচ্ছে ৫০ শতাংশ মানুষ বর্তমানে সারা বিশ্বে শহরবাসী। ভারতে এই সংখ্যা হচ্ছে বর্তমানে ৩০ শতাংশ; আমেরিকায় এই সংখ্যা হচ্ছে ৮২ শতাংশ, চীনে এই সংখ্যা হচ্ছে ৪০ শতাংশ। ৬ই এপ্রিল ২০১২ এটা rivision of the World Urbanization project - র যে রিপোর্ট, সেই রিপোর্ট অনুসারে ভারতে শহরবাসীর সংখ্যা বৃদ্ধি পেয়ে আগামী দিনে দাঁড়াবে ৪৯ কোটি ৭০ লক্ষ। যা হবে বিশ্বের সর্বোচ্চ। টাইম ম্যাগাজিনের ১১ই ডিসেম্বর ২০১১ রিপোর্টে উল্লেখ করা হয়েছে বিশ্বের ৭ কোটি ৩৯ হাজার ৮৫৩ জন শিশু - আমি এই কারণেই বলছি শহুরে গরীব এলাকা এবং Slum এরিয়া এই সমস্ত জায়গাগুলোতে গোটা পৃথিবীরতে যা রিপোর্ট তাতে দেখা যাচ্ছে - এই সমস্ত শিশুরা বিভিন্ন জায়গাতে নানারকম হেনস্তা even তারা যৌন হেনস্তারও শিকার হচ্ছে। World Health Organigation এর রিপোর্টে উল্লেখ করা হয়েছে প্রত্যেক শিশুর অন্ততপক্ষে সারা দিনে এক ঘন্টা তার খেলাধুলার জায়গার ব্যবস্থা করে দেওয়ার দরকার আছে। আপনি যখন এই বিল বিধানসভার মধ্যে নিয়ে আসছেন তখন এই সমস্ত শিশুদের বিশেষ করে বস্তি এলাকার এবং শহুরে গরীব এলাকার শিশুদের খেলাধুলা করার জন্য জায়গার বিষয়টা আপনি কোথায় রেখেছেন? ২৫ শতাংশ দেওয়ার পরেও এ বাবদ কর্পোরেশানগুলোর others areas development - র জন্য যে অর্থের প্রয়োজন আছে, সেই অর্থ স্টেট ফাইনান্স কমিশন থেকে অতিরিক্ত অর্থ বরাদ্দ করার কোন প্রভিশান আপনি রেখেছেন কিনা সেটা কিন্তু আপনার এই বিলের মধ্যে কোন জায়গাতে আমি দেখতে পেলাম না। আপনাকে আর একটা জিনিস বলে রাখি, এই বিলে কর্পোরেশানগুলোর অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের যে পদ্ধতি আপনি দেখিয়ে দিয়েছেন A, B, C, D, E, F করে, এর মধ্যেই আমাদের সংশোধনী দেওয়া আছে। যদি বলেন তাহলে ক্লজ টু এর বি, ই, এফ - এখানে কিন্তু সম্পদের বিক্রিবাট্টা, দান সংগ্রহ ইত্যাদি নানা বিষয়ের কথা বলা হয়েছে। এখন কর্পোরেশানগুলি তার সম্পদের বিক্রিবাট্টা করতে শুরু করে যদি অর্থ সংগ্রহ করে, দান দিয়ে যদি অর্থ সংগ্রহ করে তাহলে পরে একটা সময় দেখা যাবে কর্পোরেশানগুলির পরিষেবাটা বেসরকারীকরণের দিকে আস্তে আস্তে ধেয়ে যাবে। কাজেই পরিষেবাকে বেসরকারিকরণের দিক থেকে রুখতে গেলে কি করার দরকার আছে তার একটা প্রভিশান আপনার এই বিলের মধ্যে রাখলে পরে বিলটা আরো সুচিন্তিত হত, আরো উন্নত হত বলে আমরা মনে করি। এই কারণে আমাদের মনে হচ্ছে, এই বিল সম্বন্ধে আপনি বস্তি এলাকার উন্নয়ন এবং শহুরে গরীবদের উন্নয়নের যে বিষয়গুলো উল্লেখ করেছেন সেখানে আপনার আন্তরিকতা সম্বন্ধে, এই সরকারের আন্তরিকতা সম্বন্ধে আমার কিন্তু প্রশ্ন থেকেই যাচ্ছে। এখন তো সবার সামনে হই হই করে বলা যাবে না। আমি চুপি চুপি আপনাকে একটা জিনিস বলে রাখি। সবার সামনে হই হই করে বললে মুশকিল। আপনাকে আমি চুপি চুপি বলছি - আপনারা চারিদিকে trident light লাগিয়ে দিচ্ছেন। এই ট্রাইড্রেন্ট সম্বন্ধে আপনার নিশ্চয় জানা আছে সেটা আরো চুপচাপ করে বলছি এই কারণে যে এটা জেনে রাখা ভাল ট্রাইড্রেন্ট মিশাইল ইরাক আক্রমনের সময় বুশ সাহেব ইরাকের হাসপাতালগুলোতে প্রথম যে মিশাইলটা দেগেছিলেন এবং ইরাকের স্কুলগুলোতে প্রথম যে মিশাইলাট দেগেছিলেন সেই মিশাইলের নাম ছিল ট্রাইড্রেন্ট মিশাইল। ট্রাইড্রেন্ট আলো যা তৈরি করেছেন যা কেউ কেউ আবার একে বলছেন জগন্নাথ আলো, কেউ কেউ আবার বলছেন ট্রাইড্রেন্ট মিশাইল - এই যে জগন্নাথ আলোর বন্দোবস্তো করেছেন, এই

জগন্নাথ আলোতে যেভাবে খরচ হচ্ছে সেই খরচের হিসাব কোন জায়গাতে দেওয়া নেই। আপনাকে আরো একটা কথা বলি, আপনি নিজে জেনে রাখুন সেটা হল বাবরি মসজিদ যখন ধ্বংস হয় তখন যারা ত্রিশূল নিয়ে বাবরি মসজিদ ভাঙতে গিয়েছিল - এখন আবার আমার যেটা মনে হচ্ছে দূর্মুখরা আবার এই কথা বলছে বাবরি মসজিদ ভাঙ্গার সময় যারা ত্রিশূল নিয়ে গিয়েছিল এই ত্রিশূলের বোধ হয় নয়া কলেবর ট্রাইড্রেন্ট মিশাইল। এই ত্রিশূলগুলোকে দিয়ে বিভিন্ন জায়গায় আপনারা সাজাবার চেষ্টা করছেন। আমার কথা এইখানে যে ত্রিশূল মার্কা আলো আপনারা যেটা সাজাচ্ছেন এবং মিশাইল মার্কা যে আলো আপনারা যেটা দিয়ে সাজাচ্ছেন এতে ২০১১ সালের ফ্রেব্রুয়ারী পর্যন্ত ৬ হাজার ৭০০ মিশাইল বসিয়েছেন আপনি। এখন এই সংখ্যা প্রায় ৮ হাজার ছাড়িয়ে গেছে এবং এই যে ৮ হাজার যে দাঁড়িয়ে গেল এতে বিদ্যুৎ যেটা পুড়ছে এবং এতে দূর্নীতির কথা নিন্দুকরা আজকে বলতে শুরু করেছে আমার মনে হচ্ছে যেটা এই দূর্নীতি শুধুমাত্র সি. পি. আই. নয় - এই দূর্নীতিতে হয়তো আগামী দিনে শার্লক হোমসকে নিয়ে এসে তদন্ত করিয়ে দেখতে হবে যে কি পরিমাণ এই ট্রাইড্রেন্ট আলোকে নিয়ে, ত্রিশূল মার্কা আলোকে নিয়ে আপনারা কি জিনিসটা করছেন। তাহলে গরীবের উন্নতি কোথা থেকে করবেন? শহরের উন্নতি কোথা থেকে করবেন? এবার আসি বিদ্যুতের প্রসঙ্গে, এই যে আলো যেটা আপনি জ্বালাচ্ছেন বিভিন্ন জায়গায় সুন্দর করতে, লন্ডন করতে এক একটি আলোতে ৫৪ ওয়াট করে বিদ্যুৎ লাগছে এবং যদি স্যার, ৫৪ ওয়াট করে বিদ্যুৎ লাগে তাহলে যা আলোর ব্যবহার করা হয়েছে এই আলোর ব্যবহারের ফলে গ্রামের বস্তি এলাকাতে ৩৮ হাজার পরিবারকে বিদ্যুৎ দেওয়া যেত। তাহলে যদি গরীবের উন্নতির জন্য, শহুরে গরীবদের জন্য এবং বস্তির গরীবদের জন্য যদি উন্নয়নের কথা বলছেন আপনি তাহলে ৩৮ হাজার পরিবারকে যে বিদ্যুৎ দেওয়ার ব্যবস্থা হত সেটা কোথায় গেল? তাহলে আমি যেটা বলছি আপনাকে কানুনের মধ্যে যা আপনি রাখতে চাইছেন তারমধ্যে দিয়ে আপনার কাজ এবং আপনার আন্তরিকতা এই আন্তরিকতার মধ্যে কিন্তু যথেষ্ট সন্দেহ থেকে যাচ্ছে। আপনি ভাবছেন যে আমার এই কথার সাথে বিলের সম্পর্ক আমি এটাই বলতে চাইছি যে, অপচয়ের রাস্তায় আপনারা যদি যেতে চান তাহলে কোন মতে এই বিলকে কার্যকরী করা যাবে না। আমাদের বামফ্রন্ট সরকার যে নীতি নিয়ে চলার চেষ্টা করেছিলেন, আপনি দয়া করে ২০০৯ সালের তৎকালীন যে পুরমন্ত্রী ছিলেন তাঁর বক্তব্যটাকে আমি আপনাকে বলবো দেখে নিতে। ২০০৯ সালের পুরমন্ত্রীর বক্তব্যটাকে আপনার দেখে নেওয়ার দরকার ছিল।

আপনাকে আরেকটা জিনিস বলি নীল সাদা ব্যাপারে। নীল সাদা নিয়ে অনেক টাকা খরচ করছেন এবং এই নীল সাদার ব্যাপারে কিন্তু নিন্দুকরা অন্য রাজ্য হলে এতোদিন প্রশ্ন তুলে ফেলতো। বলতো যে নীল সাদা জ্বেলে কত তুমি পেলে'। প্রশ্ন তুলতো নীল সাদা নিয়ে, সেই প্রশ্ন কিন্তু কেউ তোলে নি। এবং আপনাকে বলি এখানে কয়েকজন রয়েছেন যিনি গান্ধীর উদাহরণ দিচ্ছেন। গান্ধীর উদাহরণ দিয়ে তিনি একজনের সঙ্গে তুলনা করছেন যে উনি নাকি গান্ধী আমি বলি এইভাবে গোপাল ভাঁড় গিরি করে চলে না। গোপাল ভাঁড় গিরি চলার জন্যই আমার একটা কথা মনে পড়ছে - 'পুঁটি মাছে গাঙ্গ ধরে দাড়কে মাছে টান ধরে আর আরশোলোতে বাজায় বাঁশি, টিকটিকিতে বাজায় কাঁশি। আর বাঁদর বেটা ডালে বসে তোহারী বাজায়'। এই নজরুলের লেটো গান শুনেছেন এবং এরপরে আপনার কি অবস্থা হবে আপনি বুঝতে পারছেন? (এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

ডা. শশী পাঁজা ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন (এ্যামেন্ডমেন্ট) বিল ২০১২, মন্ত্রী মহাশয় প্রস্তাব তুলেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে খুব দুঃখের সঙ্গে প্রকাশ করতে হচ্ছে যে, আগে যিনি বক্তব্য রাখলেন তিনি ধ্বংসের রাজনীতিতে বিশ্বাস করেন। তিনি নতুনত্ব কিছুই দেখলেন না। আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখছি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল অবধি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার আগের বক্তা এই বিলের মধ্যে নতুনত্ব কিছুই দেখলেন না, তাই তাঁকে নতুনত্ব কিছু অবগত করে দিতে চাই। বিষয়টি হচ্ছে জোকা (১) এবং জোকা (২) গ্রাম পঞ্চায়েত অঞ্চল ছিল, সেটাকে নথিভুক্ত করা হল এবং বহু বছর ধরে এটা অবহেলিত ছিল, নেগলেক্টড ছিল এবং কিছু কিছু এরিয়া গ্রাম পঞ্চায়েতের অধীনে। এই যে ১০টি মৌজা-জোকা (১) কেই যদি ধরে নিই সেখানে প্রায় দুটো মৌজা ছিল। কিছুটা অংশ গ্রাম পঞ্চায়েতের মধ্যে, কিছুটা কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের মধ্যে। আবার জোকা (২) যে গ্রাম পঞ্চায়েত ছিল ৬টি মৌজা, সেটায় প্রায় তিনটি মৌজা, তারমধ্যে-কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে অন্তর্গত ছিল, জুরিশডিকশান না হলেও কাছে ছিল, তারসঙ্গে গ্রাম পঞ্চায়েতও ছিল। ফলে হল কি - যেটা দীর্ঘ দিন অবহেলা করেছেন সেখানে এখন rapid urbanisation হয়েছে। ওখানে অগ্রগতি হয়েছে টাউনশিপ হয়েছে। বহু বছর ধরে ওখানে একটা লোক্যাল ডিমান্ড ছিল যে সমস্ত রকম পরিষেবা যেন তাদের কাছে পৌঁছায়। যেটা গত পৌরসভা বোর্ড সেটাকে অবহেলা করেছে এবং নেগলেক্ট করেছে। সেখানে কিছুটা আরবানাইজেশান হয়ে যায় কিন্তু গ্রাম পঞ্চায়েত সেখানে পারে নি তাদেরকে সেই পরিষেবা পৌঁছতে, এখন তাদেরকে নথিভুক্ত করা হল। এবং নথিভূক্ত করার ফলে তাদেরকে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এ্যাক্ট ১৯৮০ - ১২৩ এর 'এ' সেকশানের মাধ্যমে পরে যে একটা নতুন ইনসারশান করা হল ১২৩ এর 'বি' - কারণ এই মিউনিসিপ্যাল ফান্ড যেটা আমাদের ছিল ১২০ হেডিং থেকে আরম্ভ করে ১২৩ অবধি। মিউনিসিপ্যাল ফান্ড, একটা নির্দ্দিষ্টভাবে তো একটা বাজেট নির্ধারন করতেই হবে। এটাকে বলা হল বেসিক সার্ভিস ফর দি আর্বান পুওর ফান্ড। ঐতিহাসিক কর্পোরেশন-কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন ১৭২৬ সালে প্রতিষ্ঠিত এবং তারপরে এখানে প্রায় ২১টি এ্যামেন্ডমেন্ট এবং পরে এই যে এ্যামেন্ডমেন্ট আসছে এটা নতুনত্ব এই কারণে প্রথমে এখানে যে পরিষেবা দেওয়া দরকার ছিল, সেটা এতোদিনে পৌঁছে দেওয়া হচ্ছে। এবং দ্বিতীয়ত হচ্ছে এই বিল ভাল করে পড়লে পরে এখানে অবজেক্টস এ্যান্ড রিজন্সের কাছে এলে আপনারা দেখবেন যে, এখানে নতুনত্ব এইটাই যে পুরো সিসটেমে একটা স্বচ্ছতা আনা হয়েছে। একটা অনেষ্টি, একটা ইনট্রিগিটি, একটা সততা আনা হয়েছে যেটা আপনাদের চোখে পড়ে নি। নিশ্চয় আমি সেটা বলবো - ১৬৩র 'এ' যেটা ইনকর্পোরেট করা হয়েছে তার মাধ্যমে। কিন্তু তার আগে এটা বলে দিই মিউনিসিপ্যাল ফান্ড যেটা আছে সেটা বিভিন্ন খাতে থাকে। সেটা 120, 121, 122, 123 & 123 (a) অবধি ছিল যেখানে water supply, drainage, seweragc roads development and maintenance, bustee services, commercial projects, general fund and solid waste management এইগুলো যেমন মিউনিসিপ্যাল ফান্ডে আছে। এই বেসিক সার্ভিসেস অফ আরবান পুওর ফান্ডের মাধ্যমে ১২৩ 'বি' ইনসার্ট করে একটা নতুন খাতে নতুন হেড, নতুন ব্যাংক এ্যাকাউন্ট এবং তারসঙ্গে নির্দ্দিষ্টভাবে ২৫ পার্শেন্ট যেটা আছে ফান্ড কর্পোরেশনের ফান্ড যেটা হয়,

যেটা আর্থিক বছর, আমাদের যখন অর্থনৈতিক বছর আরম্ভ হয় তখন একটা বাজেট এ্যালোকেশান করা হয়। নির্দ্দিষ্টভাবে একটা আলাদা এ্যাকাউন্ট করে দেওয়া ১২৩ এর (ডি)র মাধ্যমে, ১২৩-এর 'সি'র মাধ্যমে। এই এ্যালোকেশান যেটা আছে সেটা এ্যানুয়াল বাজেটে ইন কর্পোরেট করা।

যে রেভিনিউয়ের কথা আপনারা বলছেন উঠবে কি করে, এখানে খুব সুন্দরভাবে সমস্তটা লেখা হয়েছে। আপনারা জানেন যে কর্পোরেশানের রেভিনিউ যেটা ট্যাক্স প্রোপার্টি, লাইসেন্স ফিজ বলুন, এস.ডাব্লু.এমের চার্জেস যেগুলি থাকে তার সঙ্গে রেন্টের কিছু থাকে অ্যাডভারটাইজমেন্ট, বিল্ডিং, রেন্টাল প্রপার্টি কিছু অ্যাসাইনড্ রেভিনিউস। এগুলিকে একটু ছোট করে ইল্যাবরেট করে বলা যায় যেমন বলা যায় মোটর ভ্যাহিক্যাল্স ট্যাক্স যেটা হয় এবং তার সঙ্গে এন্টারটেনমেন্ট ট্যাক্স যেটা স্টেট গভর্ণমেন্টের মাধ্যমে কিছুটা অংশ অন্য খাতে যেমন স্যালারি মারফত সেগুলি পৌঁছে যায়। এই ধরনের কিছুটা এবং সেন্ট্রাল ফাইনান্স কমিশান এবং স্টেট ফাইনান্স কমিশানের যে ফান্ডস আছে যেমন জে.এন.এন.ইউ.আর.এম স্কীম যেটা ৩৫%দেয় স্টেট, ৩৫% সেন্ট্রাল দিচ্ছে আর বাকি অংশটা কর্পোরেশান দিচ্ছে। সুতরাং এর মাধ্যমে যে জে.এন.এন.ইউ.আর.এম -এর প্রকল্প আমরা সাকসেস হয়েছি সেটাই আমরা সব সময় দেখছি। যেটা আপনারা বলছেন নতুনত্বটা দেখলেন না কিন্তু পুরানো ইতিহাস — সুব্রতবাবু বসে আছেন। উনি আগে মেয়র ছিলেন। তারপরে যে বোর্ডটা বসেছিল তারপরে আমরা বসেছি। আমি নিজে একজন পৌর প্রতিনিধি হয়ে আছি — এম.আই.সি। এই যে তিনি সেল অফ কর্পোরেশান অ্যাসেট নিয়ে বলছিলেন, আমার কাছে সেই অংকটা এখন নেই। সেভাবে কর্পোরেশান অ্যাসেট, গত পৌরবোর্ডে বামপন্থীরা ছিলেন, সেভাবে তারা সেল অফ অ্যাসেট করেছেন তারপরে যখন নতুন অর্থবর্ষে আরম্ভ করে আমাদের বাজেট খুব ডেফিসিট দিয়ে আরম্ভ করতে হয়েছে। কারণ প্রায় কোলকাতা শহরটাকে আপনারা বিক্রি করে দিয়েছিলেন। এই অবস্থা ছিল মাননীয় স্পীকার স্যার। সুতরাং আমরা যেটা করেছি যে ট্রাইড্যান্ট ট্রাইড্যান্ট করছেন, ধর্মীয় জ্ঞান নিয়ে করছেন ধর্মীয় জ্ঞানটার একটু সদ্ব্যবহার করলে ভাল হত। যে ট্রাইড্যান্টের কথা বলছেন সেটা ত্রিশূলের মতন দেখতে। বাজে লোকের বাজে মানসিকতা বধ করা যায় ত্রিশূলের মধ্যে দিয়ে। আজকে যে ফান্ডের কথা বলছেন কত স্বচ্ছতা দিয়ে বলা আছে আমরা একটা এরিয়া ডেভলপমেন্ট আমরা চাইছি। এখানে আমরা একটা এরিয়া ডেভলপমেন্ট চাইছি — রাস্তাঘাট হবে, জল পৌঁছাবে, নানা রকম সার্ভিস ওখানে পৌঁছাবে। শুধু স্লাম এরিয়া আছে, আর্বান পুওর যারা আছে তাদের মধ্যে সুশিক্ষা, সুস্বাস্থ্য সেটা তাদের মৌলিক অধিকারের মধ্যে পড়ছে আজকের দিনে। সেগুলি যখন পৌঁছতে হয় তখন এমন একটা ফান্ড তৈরি করা হয়েছে যখন ডেভলপমেন্ট হচ্ছে, শিশু যখন সবে ভূমিষ্ঠ হচ্ছে তখন নন-ল্যাপসিব্যাল ফান্ড এটা একটা নতুনত্ব ব্যাপার। কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ফান্ড প্রত্যেক বছর যদি ফান্ডটা ইউটিলাইজ না হয় সেই আনইউটিলাইজ ফান্ডটা ল্যাপস হয়ে যায়। এবং সেটাকে রিভাইজড এস্টিমেট করে পরের বছর পেশ করা হয়। কিন্তু এর ক্ষেত্রে এটা নন-ল্যাপসিব্যাল ফান্ড হবে। অর্থাৎ যে ফান্ডটা থেকে যাবে নট ফুললি ইউটিলাইজড্ সেটাকে ক্যারি ফরওয়ার্ড করা হবে। এটা একটা নতুনত্ব দিক। সব সময় ভাল ভাল জিনিসগুলি দেখতে হবে। সব সময় বাজে জিনিস দেখে গেছেন চোখে সেটাই পড়ছে।

লাস্ট যেটা বলতে হবে ১৬৩ যে সেকশান আছে, প্রিন্সিপ্যাল অ্যাক্ট, কতটা স্বচ্ছতা আনা হয়েছে। আমাদের মিউনিসিপ্যাল অ্যাকাউন্টস যেগুলি হচ্ছে সেগুলি চিফ মিউনিসিপ্যাল অডিটর দেখতেন। মিউনিসিপ্যাল কমিশানারের কাছে দিতেন। তারপর সেটা ক্যাগে যেত। এখন যেটা নতুনত্ব দেখবেন যেটা স্টেট গভর্ণমেন্টে যাওয়ার পরে সেটা স্টেট লেজিসলেচারে পেশ করা হবে। এটা কি নতুন নয়? এটা কি ট্রান্সপ্যারেন্সির উদাহরণ হয়? এটা কি সততার উদাহরণ নয়? আমরা যে ইন্টিগ্রিটি দেখাচ্ছি কোথায় অর্থনৈতিক খরচাগুলি কি হয়েছে দেখবেন এবং স্টেট লেজিসলেচারে পেশ করা হবে। সুতরাং মনে হচ্ছে এই কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান অ্যামেন্ডমেন্ট বিল পেশ করা হয়েছে অত্যন্ত ভাল একটা পদক্ষেপ এবং এটাকে পূর্ণ সমর্থন জানিয়ে, সকলকে আহ্বান জানাই যে দেখুন কিভাবে ভাল কাজ করা যায় বলে আমার বক্তব্য এখানেই সংক্ষিপ্ত করলাম, ধন্যবাদ।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে আজকে মহাসদনে মন্ত্রী মহোদয় যে বিল এনেছেন এই বিলের উপরে — এই বিল কিসের ভিত্তিতে হল? আজকে আমাদের ডেঙ্গুজ্বর, নারী ধর্ষণ আজকে বিভিন্ন মিউনিসিপ্যালিটি এলাকাতে ..... (গোলমাল) ..... যে অর্থনৈতিক সংকট, সেই সংকটে ভিতরে যে দুর্নীতি সেই দুর্নীতির পরেও এই বিল? আজকে যে বিল মাননীয় মন্ত্রী এখানে পেশ করলেন, ২০১২ সালে এই মহাসদনে আনলেন সেই বিল কিন্তু কোন নতুন বিল নয়।

[3.00–3.10 p.m.]

এই বিল আগের পূর্বতন অনুসারে করেছেন। সেই বিলকে এখানে আনা হল। এই বিল না আনলে আমার মনে হয় ভালো হত। কারণ ২০১১ সালের ১৩ই সেপ্টেম্বর কোলকাতা কর্পোরেশনের সামনে যে সমাবেশে আমরা দাবি করেছিলাম জওহরলাল নেহেরু ন্যাশানাল আরবান রিন্যুয়াল মিশন-এর অন্যতম হচ্ছে মোট ২৫ শতাংশ গরীব মানুষের জন্য রাখতে হবে। কিন্তু তা সত্ত্বেও সেই অনুসারে সেইভাবে বামফ্রন্ট সরকার যে আইনটি করেছিলেন কিন্তু সম্পূর্ণভাবে সেই আইনটি করতে গিয়েও সেই আইনটি সম্পূর্ণভাবে করতে পারে নি। কিন্তু তারা চেষ্টা করেছিলেন এই আইনটি করার। সেই আইনটিকেই আপানারা অনুসরণ করছেন। গরীব মানুষদের জন্য এই বিলে যে কমিউনিটি হল, স্বাস্থ্যের পরিকাঠামো এগুলোর কিভাবে উন্নয়ন করা হবে তার কোন উল্লেখ নেই এই বিলে। যে কোন বিষয়ে বা জিনিসের উপরে বিল আনতে হলে তা কার্যকরী থাকা দরকার কিন্তু আপনাদের সেই বিষয়ে কোন পরিকল্পনা এই বিলের উপরে নেই। দিল নয় তো মগজ হল ঘুসাল্। আপনারা এখনও ৩০ কোটি টাকা খরচ করে গৌরাঙ্গের মত আমরা যখন শিয়ালদহ স্টেশান থেকে এম.এল.এ হোস্টেলে ঢুকি তখন দেখতে পাই এই গৌরাঙ্গের মতন আলোগুলো করার জন্য আপনারা কি টেন্ডার করেছিলেন? টেন্ডারের নিয়মে কি ছিল? কোলকাতা কর্পোরেশানের এই বাতিগুলো কম দামে বেশি হয় এইরকম ৩ হাজারেরও আছে, আপনারা সেগুলো না কিনে বাইরে থেকে কিনেছিলেন। মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমরা মাননীয় মন্ত্রী কাছে জানতে চাই যে, আমাদের পৌর কর্পোরেশানে, শুধু কোলকাতা কর্পোরেশানে নয়, আরও আমাদের

অনেক কর্পোরেশন আছে, যার মাধ্যমে গরীব মানুষের যে উন্নয়ন করা দরকার, সেই উন্নয়ন এখনও পর্যন্ত হয়নি। সেই সম্পর্কে এই বিলে কিছু উল্লেখ নেই। সম্পদ বিক্রী করে সংগ্রহ বাড়াতে চাইছে এতে দুর্নীতির বাসা আরও বেশী করে বাড়বে। তাই মাননীয় মন্ত্রীকে এটুকু বলব যে, আপনারা গরীব মানুষের জন্য করুন, যদি গরীব মানুষের জন্য কিছু করতে হয় তবেই আপনাদের এই বিলকে সমর্থন করব। আর যদি গরীব মানুষরা অন্যায়ভাবে তারা সবকিছু থেকে বঞ্চিত হয়ে যায় তাহলে আপনাদের এই বিলকে আমি সমর্থন করতে পারছি না। এই বলে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে বিল এখানে উপস্থাপনা করা হয়েছে, সেই তিনটি বিলের বিষয়ে কিছু বক্তব্য রাখতে চাইছি। আপনি অনুমতি দিয়েছেন। আমরা হাউসে এসেছি, একটা বিল নিয়ে আলোচনা হচ্ছে কিন্তু বারে বারে যে কোন বিষয় নিয়ে আলোচনায় সাবজেক্টের কনটেন্টের মধ্যে না ঢুকে শুধু গরুর রচনা শুনতে অভ্যস্ত হয়ে যাচ্ছি আমরা। বিষয়টা হচ্ছে, যে বিলগুলো এখানে উপস্থাপনা হয়েছে, আমরা জানি ইলেভেনথ ফাইভ ইয়ারস প্ল্যানে জওহরলাল নেহেরু ন্যাশানাল আরবান রিন্যুয়াল মিশনে যে কন্ডিশান, সেই কন্ডিশান অনুযায়ী যা শুরু হয়েছিল ২০০৫-'০৬ এ যে কিছু পার্ট ছিল ম্যানডেটরী রিফর্মস, কিছু পার্টস ছিল অপশনাল রিফর্মস। আজকে যে বিল এখানে আলোচনা হচ্ছে, এটা ম্যানডেটরী রিফর্মস-এর একটা পার্ট, যে পৌরসভাগুলো, কর্পোরেশানগুলো তাদের ফান্ডে ২৫ শতাংশ গরীব মানুষের জন্য আরবান পুওরের জন্য উন্নয়ন খাতে ব্যবহার করবে। এর আগে এই হাউসেই আলোচনা হয়েছে যে পৌরসভা যেগুলো আছে কর্পোরেশান বাদ দিয়ে পৌরসভা, সেখানে এই বিল এই হাউস পাস করেছে। সেখানে ২৫% নির্ধারিত হয়েছে। আজকে কর্পোরেশানগুলোর ক্ষেত্রে নির্ধারিত হচ্ছে। শুধু বিলের দু-একটি বিষয় বলতে চাইছি যে, এখানে সেন্ট্রাল ফিনান্স কমিশন, সেকশান টু, সাব সেকশান টু, ক্লজ সি - যে সেন্ট্রাল ফিনান্স কমিশন বা কেন্দ্রীয় সরকারের যে অনুদান আমরা পাই। সেটা নির্দিষ্ট খাতে ব্যবহার করা হয়। এখান থেকে ২৫ পারসেন্ট টাকা আমরা কিভাবে কর্পোরেশনগুলো বাবহার করতে পারি। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলবো বিষয়টাতে যদি আলোকপাত করেন তাহলে কর্পোরেশনগুলোর সুবিধা হয়। সাবসেকশন টু-এর ই তে বলছে এক্সটারনালি এডেড প্রোজেক্টের টাকা, এক্সটারনালি বাইরের দেশ থেকে আমরা কর্পোরেশনগুলো বিভিন্ন টাকা, ডি এফ আই ডি, জে বি আই সির টাকা পাই। সেই টাকার ২৫ পারসেন্ট কর্পোরেশনের আরবান পুয়োরদের জন্য কিভাবে সরিয়ে রাখা যাবে। আর একটা বিষয় আছে মিউনিসিপাল অ্যাসেট। এই জায়গায় একটা চেক অ্যান্ড ব্যালেন্স রাখার জন্য বলব। কর্পোরেশনগুলো তাদের মিউনিসিপাল অ্যাসেট বিক্রি করে সেই টাকা রাখতে পারে এই ফান্ডে। কিন্তু সেই জায়গায় দাঁড়িয়ে যে একটা অধিকার দিয়ে দেওয়া হচ্ছে যে কোন সম্পত্তি বিক্রি করার। এখানে যদি স্টেট গভর্ণমেন্টের একটা পারমিশান নেওয়ার বাবস্থা থাকত তাহলে একটা চেকিং-এর জায়গা থাকত। যে কোন প্রপার্টি যে কোন সময় কর্পোরেশন বিক্রি করতে পারে না। আমি দু একটা কথা বলতে চাইছি। মাননীয় সদস্য গৌরাঙ্গবাবু বলছিলেন যে বামফ্রন্টের নীতির ফল। আগেই বলেছি এটা বামফ্রন্টের নীতির ফল নয়। এটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের ম্যান্ডেটারি রিফর্মস-এর একটা পার্ট, আপনারা করে গেছেন। আপনারা কি করে গেছেন? যদি দু একটা কর্পোরেশনের কথা আমি বলি আপনাদেরকে, এই মুহূর্তে আপনাদের উত্তরাধিকার

সূত্রে আমরা প্রাপ্ত হয়েছি কলকাতা কর্পোরেশনে ৬৭ হাজার ৭০০ জন মানুষ পথে বাস করে। কোথাও অফিসের নীচে বারান্দায়, কোথাও প্লাস্টিক খাঁটিয়ে, কোথাও গাড়ির ভিতরে, কোথাও বাস স্ট্যান্ডে, কোথাও রেলওয়ে স্টেশনে। এই অবস্থা রেখে গেছেন। কত বস্তিবাসী আছে? আগের পৌরমন্ত্রীকে কোট করলেন আপনি। তার নিজের শহর শিলিগুড়ি, সেখানে বস্তিবাসীর সংখ্যা হচ্ছে সেখানকার জনসংখ্যার ৩০ শতাংশের বেশি মানুষ বস্তিতে বাস করে। শিলিগুড়ির মানুষ অনিরাপদ পানীয় জল — যে ড্রিংকিং ওয়াটার দেওয়া পৌরনিগমগুলির কর্তব্য — ৬০ শতাংশেরও বেশি মানুষ ঝোরার জল খায়। অনিরাপদ পানীয় জল খায়। এই অবস্থার মধ্যে আমরা আজকে দাঁড়িয়ে আছি। বিদ্যুত বিহীন এলাকা, আপনারা উত্তরাধিকার সূত্রে দিয়ে গেছেন। দুর্গাপুরে মোট জনসংখ্যার ৩০ পারসেন্ট মানুষের বিদ্যুতের ব্যবস্থা নেই। শিলিগুড়িতে ২০ পারসেন্ট মানুষের বিদ্যুতের ব্যবস্থা নেই। আসানসোল, চন্দননগর, হাওড়ায় নেই ১০ শতাংশ মানুষের। এগুলো আমরা উত্তরাধিকার সূত্রে পেয়েছি। খুব স্বাভাবিক ভাবেই সেই জায়গা থেকে বস্তিবাসীর উন্নয়ন করা জন্যে স্লাম ফ্রি সিটি, ইউনাইটেড নেশন ঘোষণা করেছে, সেই স্লাম ফ্রি সিটির পার্ট হচ্ছে জহরলাল নেহেরু আরবান রেনিউয়াল মিশন। সেই মিশনের ম্যান্ডেটরি রিফর্মস। খুব স্বাভাবিক ভাবেই এই টাকা গরীব মানুষদের কাজে ব্যবহার হোক, এটা আমরা নিশ্চয়ই চাইব। সেই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জট্টু লাহিড়ী : মাননীয় স্পীকার স্যার, আজকে এখানে The Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012 যে আনা হয়েছে আমি আমাদের মাননীয় পৌর মন্ত্রীকে এর জন্য অসংখ্য ধন্যবাদ জানাই। এখানে অনেক কথা শুনলাম। কেউ স্ল্যামের কথা বলছেন, কেউ জে.এন.এন.ইউ.আর.এম-এর কথা বলছেন। কিন্তু বাস্তবে গরীব মানুষদের জন্যে চিন্তা-ভাবনা কোন ভাবেই করা হয়নি। সেই বাস্তব চিন্তা ভাবনাকে সামনে রেখে আজকে মাননীয় পৌরমন্ত্রী যে বিল এনেছেন হাওড়া কর্পোরেশনের, তা আমি পূর্ণ সমর্থন করছি।

[3.10–3.20 p.m.]

হাওড়া কর্পোরেশনে বস্তি বা স্লামের নাম করে কোটি কোটি টাকা আসছে, কিন্তু বস্তি উন্নয়নের সেই টাকা বস্তি উন্নয়নের জন্য খরচ হয়নি, সেই টাকা অন্য খাতে খরচ হয়েছে। এই ভাবে প্রতিটি ক্ষেত্রে গরীব মানুষকে বঞ্চিত করা হচ্ছে। সেই জায়গায় আজকে একটা সুনির্দিষ্ট পদক্ষেপ নেওয়া হয়েছে যে, ২৫ শতাংশ কর্পোরেশন বাজেট, তার সঙ্গে সেন্ট্রাল ফিনান্স কমিশন হোক, রাজ্য ফিনান্স কমিশন হোক, যেখান থেকে যেভাবেই যত টাকা আসুক না কেন সমস্তটাই বেসিক পুওর ফান্ডের অন্তর্গত হবে। কারণ এর মধ্যে দিয়ে নির্দিষ্ট ভাবে একটা পরিকল্পনা করা যাবে। আজকে দীর্ঘ ৩৫ বছর বামফ্রন্ট ক্ষমতায় ছিল, এখনও হাওড়া কর্পোরেশনে বামফ্রন্টই আছে। একটু আগেই মাননীয় সদস্য বলছিলেন বহু জায়গায় এখনও বিদ্যুৎ নেই, বহু মানুষ কোথাও গ্যারেজে, কোথাও খোলা বারান্দায়, স্টেশন চত্বরে রাত কাটায়। এটা কেন হবে? স্বাধীনতার পর দীর্ঘ বছর চলে গেছে, ৩৪ বছর ওরা ক্ষমতায় ছিল, হাওড়ায় ওরা ৩৬ বছর রয়েছে। আজকে হাওড়ার স্লাম এরিয়া বা বস্তিগুলোর উন্নয়ন হয়নি। টাকা আসছে, কিন্তু সেই টাকা যথাযথ জায়গায় খরচ

হয়নি। সেই জায়গাটা সুনির্দিষ্ট করার জন্য আজকে একটা সুন্দর বন্দোবস্ত হয়েছে। নিয়ম করা হয়েছে যে, কর্পোরেশন তার প্রপার্টি বিক্রি করুক এবং আমাদের চিফ্ হুইপ একটা প্রস্তাব এনেছেন যে, লিজ অন্তর্ভুক্ত করা হোক, যাতে লিজ দিলেও সেই টাকা কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়। অর্থাৎ যে ভাবেই যে টাকা আসুক না কেন, টোটাল বাজেটের ২৫ শতাংশ তাদের রাখতে হবে গরীব মানুষের জন্য বেসিক পুওর ফান্ডের মাধ্যমে উন্নয়নের জন্য। সেই উন্নয়নগুলো কি ভাবে হবে? আমরা বাস্তবে দেখি, একজন গরিব মানুষ তার ল্যাট্রিন নেই, কর্পোরেশন যে ল্যাট্রিন করে দেবে তার বন্দোবস্ত নেই। কিন্তু সেই মানুষটার বিশেষ প্রয়োজন আছে ল্যাট্রিনের। আজকে যদি এই ফান্ডের বন্দোবস্ত থাকে তাহলে গরিব মানুষের ঘর বলুন, ল্যাট্রিন বলুন, রাস্তা, জল, আলো, সব ক্ষেত্রেই বিশেষভাবে এই ফান্ডের মাধ্যমে খরচ করা যাবে। কোন ভাবেই এই টাকা হস্তান্তর করা যাবে না, অন্য খাতে নিয়ে যাওয়া যাবে না। এই বন্দোবস্ত এই বিলে রাখা হয়েছে। শুধু তাই নয়, সবচেয়ে বাস্তব যে জিনিস, যেটা অনেক ক্ষেত্রেই দেখা যায় ইচ্ছাকৃত ভাবে ঐ ফান্ডের টাকা যথোচিত সময়ে খরচ না করে, সেই ফিনান্সিয়াল ইয়ারের মধ্যে খরচ না করে হয়ত অন্য খাতে সেটা খরচ করার চেষ্টা করত। কিন্তু এই বিলে সেটাকে সুরক্ষিত করা হয়েছে। এখানে বলা হয়েছে যে, যদি এই ফান্ডের টাকা সেই বছরে, সেই ফিনান্সিয়াল ইয়ারে খরচ নাও হয়, তাহলে সেই টাকাটা পরবর্তী বছরে পরিকল্পনার মাধ্যমে খরচ করবে, কোন ভাবেই এটা অন্য খাতে নিয়ে যাওয়া যাবে না। আমাদের মা-মাটি-মানুষের সরকার, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী প্রথম থেকেই এই কথা বলছেন যে, গরীব মানুষকে বাদ দিয়ে কিছু করা যাবে না। আজকে যারা প্রকৃতই বিলো পভার্টি লাইনে রয়েছে, তাদের বাদ দিয়ে যারা নেই তাদেরও করা হয়েছে। এই বঞ্চনা দীর্ঘদিন ধরেই করা হয়েছে। আপনারা গরীব মানুষের কথা বলেন, কিন্তু গরীব মানুষের জন্য কিছু করেন না। আজকে একটা সুন্দর সিস্টেম আনা হয়েছে। প্রতিটি কর্পোরেশন, প্রতিটি মিউনিসিপ্যালিটি সারা পশ্চিমবাংলায় যত পৌর সংস্থা আছে সব জায়গায় একটা ইউনিফর্ম ওয়েতে গরিব মানুষের জন্য বেসিকভাবে কাজ করতে হবে। তার জন্য একটা সুনির্দিষ্ট পরিকল্পনা এই বেসিক পুওর ফান্ডের মধ্যে দিয়ে করা হয়েছে। এটার মধ্যে দিয়ে কর্পোরেশন বলুন, আমাদের পৌরসভাগুলো বলুন সংশ্লিষ্ট কাউন্সিলাররা তারা অন্ততঃ বাজেটের মধ্যে এই ২৫ শতাংশ কোথায় কি ভাবে খরচ করা হয়েছে গরিব মানুষের জন্যে সেটা তারা ওয়াকিবহাল থাকতে পারবেন, তারা কৈফিয়ত দিতে পারবেন এবং তার নিজের নিজের এলাকায় নির্দিষ্ট পরিকল্পনার মাধ্যমে গরীব মানুষের জন্যে তারা কাজ করতে পারবেন এই ফান্ডের মাধ্যমে। তাই এই বিল আমাদের পৌরমন্ত্রী যেটা এনেছেন আমি সাধুবাদ জানাই। ফেক কথা বলে এই বিলকে বানচাল করা চেষ্টা করবেন না। এর মধ্যে দিয়ে সত্যিকারের কাজ হবে বলে আমার ধারণা। পরিকল্পনার মধ্যে দিয়ে প্রতিটি পৌর অঞ্চলে গরীব মানুষের সত্যিকারের কাজ্যের রূপরেখা তৈরী হবে। আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবদুর রহিম বকসী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় নগরোন্নয়ন মন্ত্রী যে বিল এনেছেন সেই বিলকে সামনে রেখে এই পবিত্র হাউসে দু'একটি কথা আলোচনা করতে চাই। বিলের মুখ্য উদ্দেশ্য শহর এলাকার মানুষের জন্য পৌর এলাকার যে বাজেট সেখান থেকে ২৫% নির্দিষ্ট করে দেওয়া হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে গোটা পশ্চিমবঙ্গ জুড়ে

যে পৌরসভাগুলো আছে সেই পৌরসভাগুলোর কি কোন নির্দিষ্ট তথ্য আছে পৌর এলাকায় গরীব মানুষের সংখ্যা এবং তাদের জীবিকা কি? আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে কোন কোন জীবিকার সাথে এই গরীব মানুষগুলো, বস্তির মানুষগুলো পৌর এলাকায় তারা যুক্ত আছেন। কি ভাবে তারা তাদের জীবিকা নির্বাহ করছেন। এটা এই কারণে বলছি যে আজকে ২৫ পারসেন্ট যে বাজেটের বরাদ্দ তাদের জন্য রাখা হবে। সামগ্রিকভাবে যে গরীব মানুষ শহর এলাকায় বাস করছেন তারা কতখানি উপকৃত হবেন। সেটা কি তাদের জন্য পর্যাপ্ত না বাজেটে তাদের জন্য আরও বেশি বৃদ্ধি করার দরকার ছিল। তাদের বাসস্থান, তাদের নিকাশী ব্যবস্থা, তাদের পানীয় জলের ব্যবস্থা, তাদের স্বাস্থ্যের ব্যবস্থা তাদের পয়ঃপ্রণালীর ব্যবস্থা সমস্ত কিছু মিলিয়ে এলাকার যে অবস্থা আছে গোটা পশ্চিমবঙ্গ জুড়ে বিভিন্ন পৌর এলাকায় যে সমস্ত গরীব মানুষ আছে তাদের কি ভাবে উন্নয়ন ঘটবে। সার্বিক উন্নয়ন কি ভাবে ঘটানো হবে। আমরা লক্ষ্য করে দেখছি বাসস্থানের ক্ষেত্রে যে বসতি এলাকাগুলো আছে যেখানে বেশি গরীব মানুষ বাস করছেন সেই এলাকাগুলোতে আজকে জে.এন.এন.ইউ.আর.এমের মাধ্যমে, আই.এইচ.এস.ডি.পি প্রকল্পে যে বাড়ি তৈরী করে দেওয়ার কথা আছে সেখানে বলা হচ্ছে কে কত করে টাকা দেবে বাড়ি তৈরীর জন্য। সাথে সাথে শর্ত রাখা হচ্ছে সেখানে তাদেরই বাড়ি হবে যাদের জমি আছে এবং লক্ষ্য করে দেখা যাচ্ছে যে খাস জমিতে সেই বস্তিবাসীরা বাস করছেন। তাদের কোন জমির কাগজ নেই। তাদের পাট্টা দেওয়া হয় নি। এদের জন্য উন্নয়নের কথা বলা হচ্ছে। ২৫ শতাংশ বাজেট বরাদ্দ করা হবে তাদের জন্য। অন্যদিকে আবার জে.এন.এন.ইউ.আর.এমের মধ্য দিয়ে তাদের আই.এইচ.এস.ডি.পি প্রকল্পের মাধ্যমে বাড়ি করার কথা বলা হচ্ছে। কিন্তু তাদের সেখানে পাট্টা দেওয়া হয়নি। তাদের নিজস্ব কোন জমি নেই। তাই তারা দখলীকৃত ভেস্ট জমিতে তারা বাস করছেন। ফলে তাদের যে পাট্টা দেওয়ার কথা বামফ্রন্ট সরকার বলেছিলেন যে যারা এই ধরণের দখলীকৃত জমিতে বাস করছেন তাদের এক টাকার বিনিময়ে পাট্টা দিতে হবে। আপনি কি এই ধরণের কোন পরিকল্পনা ইতিমধ্যে তৈরী করেছেন যে অনতিবিলম্ব বস্তিবাসী যারা খুব কষ্টের মধ্যে বাস করছেন। আপনি বলেছেন যে বাসস্থানের ব্যবস্থা করা হবে। জলনিকাশী ব্যবস্থা করা হবে। সেই পাড়াতে যেখানে তারা থাকবে সেখানে সমস্ত ধরণের সুযোগ সুবিধা দেওয়া হবে।

[3.20–3.30 p.m.]

এবং জে.এন.এন.ইউ.আর.এমের মধ্য দিয়ে তাদেরকে সেই ব্যবস্থার আওতায় আনা হবে। যদি তাদের পাট্টাই না থাকে, তাহলে তাদেরকে সেই সুযোগসুবিধা আপনারা দিতেই পারছেন না। তাদের যদি নিজস্ব জমিই না থাকে, তাহলে সরকারীভাবে তারা সেখানে তো ঢুকতেই পারছে না। তাহলে তারজন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন, এটা জানালে বাধিত হব। পাশাপাশিভাবে আমরা লক্ষ্য করে দেখছি যে শহরের মধ্যে ম্যাকসিমাম হকার ব্যবসায়ী ফুটপাতে থাকে। তারা কিন্তু শহরের গরীব মানুষ। তারা সামান্য ছোট ছোট হকারী করে তাদের জীবিকা নির্বাহ করছেন। সেখানে আপনাদের হকারদের জন্য কি নীতি আছে। তাদের উন্নতির জন্য আপনি কি ধরণের পরিকল্পনা গ্রহণ করেছেন। সেটা আপনি পরিষ্কার করে বলবেন। আজকের দিনে নিম্নবিত্ত যে সমস্ত মানুষ আছেন শহরের মধ্যে, যে গরীব মানুষগুলি আছে, তাদের জন্য কি করেছেন জানাবেন। আজকে

জিনিসপত্রের দাম আকাশছোঁয়া। মূল্যবৃদ্ধির সময়ে আজকে সমস্ত জিনিসের দাম বাড়ছে। তাদের জীবন জীবিকা নির্বাহের জন্য পৌরসভাগুলিতে কিভাবে তারা সাহায্য পাবে। আজকে দেখুন কেউ রিক্সা চালাচ্ছেন, কেউ পরের বাড়ীতে কাজ করছেন। এখানে বস্তি এলাকার মানুষজনের জীবিকা নির্বাহের জন্য কি ধরণের ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা জানাবেন। আজকে গণবন্টন ব্যবস্থার মধ্য দিয়ে তাদের জন্য কি দু টাকা কেজি দরে চাল সরবরাহ করা হবে? তাদের জন্য কি সরকারীভাবে পৌরসভা এলাকাগুলি থেকে দু টাকা কেজি দরে গম সরবরাহ করা হবে? অর্থাৎ এই সমস্ত মানুষ খেতে না পেলে বাঁচতে পারবে না। এখানে দেখুন অনেক গরীব মানুষ শহরে বাস করছেন। এদের উপার্জনের জায়গা শহরে খুবই কম। আজকে দেখুন দেড়শো দিনের কাজের মধ্য দিয়ে রুরাল এলাকাগুলিতে মানুষের ন্যূনতম কাজের অধিকার তদানীন্তন ইউ পি এ সরকারের সময়ে বামপন্থীরা আন্দোলন লড়াইয়ের মধ্য দিয়ে সুপ্রতিষ্ঠিত করেছিলেন। সেই ধরণের কোন পরিকল্পনা এখানে আছে কিনা। যাতে করে এই মানুষগুলি সেখান থেকে সুযোগ-সুবিধা পেয়ে তাদের বেঁচে থাকার জায়গাটা তারা বের করতে পারে। এইজন্য সার্বিকভাবে পৌরসভা এলাকাগুলিতে পঁচিশ শতাংশ আপনি যেটা করেছেন সেটা আরও বৃদ্ধি করলে আমার মনে হয় সেখানে তাদের আরও বেশি ডেভলপমেন্ট হবে। পাশাপাশিভাবে এই মানুষগুলির জীবনজীবিকা সম্পর্কে আপনাদের যদি চিন্তাভাবনা থাকে, অর্থাৎ তাদের উপার্জনের সোর্স যদি বের করা যায় তাহলে তাদের আরও বেশি সুবিধা হবে বলে আমি মনে করি। এখানে কিন্তু সেই ব্যাপারে দিশা দেখানো নেই। এখানে পরিষ্কারভাবে কোন কিছু বলা নেই। এখানে আরও একটি জিনিস যেটা বিলের বাইরে, আমি আলোচনা করতে চাইছি। আমাদের মালদা জেলায় চাঁচোল মহকুমা হওয়ার কথা আমরা এর আগে সব দলেরএম এল এ আপনাদের কাছে বলেছিলাম। আমরা এখনও বলছি সেখানে সমস্ত কিছু করা হয়েছে। ম্যাপিং করা হয়েছে। প্রায় সেখানে ৬২২ একর জায়গা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। প্রায় ৫০,০০০ মানুষ সেই এলাকার মধ্যে পড়ছেন। সেই পৌরসভার ব্যাপারে এখনও কিছু জানা যায় নি। আমরা দুঃখের সঙ্গে জানাতে বাধ্য হচ্ছি যে, মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়া গত কয়েকদিন আগে মালদা জেলা সফর করেছিলেন। সেখানে তিনি গাজোলের কথা বলেছেন। তিনি কালিয়াচকের কথা বলেছেন। নতুন নতুন পৌরসভা করার কথা বলেছেন। কিন্তু যে পৌরসভা করার কথা বলা হয়েছিল, সেখানে বহু গরীব মানুষ বাস করছেন, যদি সেই এলাকা পৌরসভা হয়, যে এলাকাটাকে পৌরসভা হিসাবে ঘোষণা করার ব্যাপারে দীর্ঘদিন ধরে সেখানকার মানুষরা লড়াই আন্দোলন করছেন, সেটা যদি করা হয়, তাহলে ওই গরীব মানুষগুলি উপকৃত হবে। এই ব্যাপারে কি পজিশনে দাঁড়িয়ে আছে আমাদেরকে জানাবেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়া সেখানে গিয়ে গাজোল এবং কালিয়াচকের সাথে চাঁচোলটাকে যুক্ত করে দিয়েছেন। কিন্তু এই জায়গায় দাঁড়িয়ে চাঁচোল এবং গাজোল এক নয়। অধিকাংশ কাজ প্রায় শেষ হয়েছে। সেই বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করব। আগামীদিনে যাতে চাঁচোল মহকুমা তৈরী করা হয়, এটা যাতে করা সম্ভব হয় এবং সেখানকার মানুষজন যাতে সুযোগসুবিধা পেতে পারে, এবং পাশাপাশিভাবে আমরা আজকের দিনে দাঁড়িয়ে দেখলাম যে, আপনি যে বিল এনেছেন, সেই বিলে আরও স্বচ্ছতা আনার দরকার আছে বলে মনে করি। সেই বিলটিকে আরও পরিষ্কারভাবে এখানে আলোচনা করার দরকার আছে বলে আমি মনে করি এবং সেই পঁচিশ শতাংশ

বরাদ্দ বাজেট দিয়ে সেখানকার সেই মানুষগুলির উপকার করা সম্ভবপর হবে কিনা সেই জায়গাটাকে আরও ভালো করে দেখার দরকার আছে এবং বিশেষ করে পৌর এলাকার গরীব মানুষরা যারা খুব কষ্টের মধ্যে বাস করছেন, তাদের জন্য আরও কি ধরণের পরিকল্পনা গ্রহণ করবেন সরকার তার একটা রূপরেখা তৈরী করার জন্য আমরা আবেদন করব আপনার কাছে। আমি আশা রাখবো, এই গরীব মানুষের ডেভেলপমেন্টের জন্য, পৌর এলাকার গরীব মানুষ, বস্তিবাসীর ডেভেলপমেন্টের জন্য এই বিল যথেষ্ট নয়। এই বিল শেষ কথা নয়। শুধু বক্তব্যের মধ্যে দিয়ে একটা বিল এনে সান্ত্বনা না দিয়ে যাতে প্রকৃতপক্ষে মানুষের ডেভেলপমেন্ট করা যায়, এই কাজটা করবেন। এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : ম্যাডাম্, মাননীয় মন্ত্রী আজকে যে বিল এনেছেন — কোলকাতা কর্পোরেশন, হাওড়া কর্পোরেশন এবং ওয়েষ্টবেঙ্গল কর্পোরেশনের ওপরে, আমি তার ওপর বক্তব্য রাখছি। ম্যাডাম, আমার আগে অপূর্ববাবু বলেছেন যে, আসলে এটা কেন্দ্রের ম্যান্ডেটারি রিফর্মস্। এই ম্যান্ডেটারি রিফর্মসের অনেকগুলো ধারা ছিল, একটা হচ্ছে ৬। শুরু করেছিলেন হোল্ডিং কভারেজ ফর প্রপার্টি ট্যাক্স এটসেট্রা, এর থেকে শেষ করেছেন একটা জায়গায় এসে, কনজার্ভেন্সি সার্ভিস চার্জে। তার মাঝখানে ৪ নম্বরে যা আছে, ২৫% বাজেটারী প্রভিশন ফর আর্বান্ পুওর। ম্যাডাম, আমার সময় অত্যন্ত কম, আমি শুধু একটা কথাই বলব মাননীয় মন্ত্রী মহাশয়কে। কিছুক্ষণ আগে আমার আগের যিনি বক্তা, তিনি একটা খুব ভালো কথা বলেছেন। তিনি বলেছেন যে, "আমরা একটা ব্যবস্থা করে গিয়েছিলাম।" অর্থাৎ আপনারা একটা ব্যবস্থা করে গিয়েছিলেন, আইন করে গিয়েছিলেন যে, যারা সরকারি জায়গায় বাস করে, অথচ তাদের বি.এল.আর.ও. অথবা অন্য কারো স্বীকৃতিপত্র নেই, সুতরাং সেটা ব্যবস্থা করে দেবেন। আমি আপনাকে শুধু এইটুকু বলছি যে, এটা যদি আপনারা কার্যকরী করতেন, তাহলে এতদিনে কিন্তু অনেক মানুষ তাদের বাড়ি-ঘর-দোর তৈরি করতে পারতো। অর্থাৎ যার জায়গাতে নিজস্ব কোনো সার্টিফিকেট নেই, ফলে সে বাড়ি তৈরি করতে পারছে না। অর্ডারটা হ'ল, সার্কুলারটা করলেন, তখনকার দিনে যিনি আপনাদের লোকাল স্টেট গভর্ণমেন্টের সেক্রেটারী ছিলেন, কিন্তু সেটা বাস্তবে কার্যকরী হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনার কাছে অনুরোধ করছি, সবার আগে আপনি এই জায়গাটায় দৃষ্টি দিন। অর্থাৎ যারা এখনো পর্যন্ত জায়গার সিকিউরিটি পায়নি, তাদের জায়গার সিকিউরিটি দিয়ে তাদের জন্য সরকারি পাট্টাটা দিয়ে, সরকারী অনুমোদন দিয়ে তাদের বাড়িগুলো তৈরি করে দেওয়া হোক।

আমি আরেকটা কথা বলব, হাওড়ার সম্পর্কে, সেটা হ'ল এই যে, হাওড়া জেলার আমাদের যে ধারাগুলো রয়েছে, সেই ধারাগুলোতে দেখা যাচ্ছে, কোলকাতা কর্পোরেশনে উন্নয়নের জন্য ৭৫০ টির বেশি ধারা আছে। পশ্চিমবঙ্গ পৌর আইনে ৪১৪টি ধারা আছে। কিন্তু হাওড়া পুরসভায় মাত্র ২৫০টিরও কম ধারা আছে। আমি আপনার কাছে অনুরোধ জানাবো মাননীয়া উপাধক্ষ্য মহোদয়ের মাধ্যমে যে, হাওড়া কর্পোরেশনের এই যে অসুবিধেটা ছিল, এই অসুবিধেটা অনেকখানি দূর হবে এই আইনটা যদি কার্যকরী করা যায় এবং তাতে একটা জিনিস হবে অন্ততঃ। আপনারা যেটা বলছেন, ২৫% যে বাজেটারী অ্যালটমেন্ট, অ্যান্ড দ্যাট্ সুড্ বি অ্যাড্ ইন্ ফর্ দি পুওরার সেক্শন্, শহরের গরীব মানুষদের জন্য, যারা বস্তিতে থাকে, তাদের বস্তির উন্নয়নের জন্য, জল

সরবরাহের জন্য, নর্দমা পরিষ্কার করার জন্য যে কোনো কারণেই হোক না কেন এটা কিন্তু কার্যকরী হবে।

আরেকটা কথা এই বিলে খুব সুন্দরভাবে বলা আছে। সেটা হচ্ছে, যদি কোনো টাকা খরচ না হয় ইন ডিউ টার্ন, তাহলে সেই টাকাটা ফেরৎ চলে যাবেনা। এটা বোধহয় জটুদা বলছিলেন। আমি এটাকে সমর্থন করে বলি, ইট্স্ এ ভেরি ভাইটাল অ্যামেন্ডমেন্ট। ধরা যাক, হাওড়া কর্পোরেশনে ১৫ কোটি টাকা রয়ে গেছে ফর দিস ফান্ড্ এবং সেটা মার্চের মধ্যে খরচ করা গেলো না। কিন্তু দেখা যাবে, আমরা সেই টাকাটা আবার পরের বছরে খরচ করতে পারছি। ইট্স্ এ ভেরি ভাইটাল অ্যামেন্ডমেন্ট।

আমি এই সঙ্গে আরেকটি কথা বলব, এই আর্থিক ব্যবস্থার মধ্যে আমাদের অন্যান্য যে ব্যবস্থাগুলো আছে, সেগুলোকে অন্য সময় কার্যকরী করতে হবে। যেমন হাওড়া-উলুবেড়িয়া ১৯৮০-র ৮০-এ ধারা সংযোজনের সময় প্রস্তাব করা হয়েছে, তাহলে পুরোসভার আদায় ও খরচা সংক্রান্তি নিরীক্ষনের বিষয়টি আরো প্রসারিত হবে। অর্থাৎ অডিটিংটা অত্যন্ত সুচারুভাবে করা হবে। এটাও এতে উল্লেখ করা হয়েছে। মাননীয় উপাধক্ষ্য মহোদয়া, আপনি বললে অনেকক্ষণ বলতে পারতাম, কিন্তু আমার বলার সময় নেই। এই বিলের ওপর বক্তব্য সকলেই রেখেছেন, সমস্ত রকম সামঞ্জস্যপূর্ণ ভাবে মাননীয় মন্ত্রী মহোদয়কে বাস্তবে রূপায়িত করার জন্য অনুরোধ করছি এবং যাতে শহরের বস্তিবাসী অথবা গরীবরা এগিয়ে যেতে পারে। এই কথা বলে ম্যাডাম্ আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[3.30–3.40 p.m.]

শ্রী অরূপ খাঁ : মাননীয় উপাধ্যক্ষ, মহোদয়া, আজকে তিনটে Amendment Bill আনা হয়েছে Kolkata Corporation, Howrah এবং WestBengal। আমি "West Bengal Municipal Corporation (Amendment) Bill 2012"-তে ক্লজ ২, সেকশান ৬২, তার যে অ্যামেন্ডমেন্ট যেগুলো আনা হয়েছে, সেই অ্যামেন্ডমেন্টর মধ্যে বাস্তবমুখী এবং জনমুখী সময়-উপযোগী যে অ্যামেন্ডমেন্টগুলো আমাদের পৌরমন্ত্রী মাননীয় শ্রী ফিরহাদ্ হাকিম এনেছেন সেটাকে পূর্ণ সমর্থন করি যে কটি জিনিস তিনি তার মধ্যে দিয়েছেন। অনেকে বললেন যে জটুদা বললেন, আমাদের অসিতবাবুও বলেছেন, অপূর্ববাবু বলেছেন এ বিলকে সমর্থন করে। যেটা আমাদের ক্লজ ২-এর 62-তে বলা আছে যে কিভাবে আমরা টাকাটা সংগ্রহ করি পৌরসভাগুলোতে। বস্তি উন্নয়নের জন্য নির্দিষ্ট ভাবে আগে কিছু বলা ছিল না। এই অ্যামেন্ডমেন্ট বিলের মধ্যে দিয়ে সেই প্রত্যেকটা জিনিসকে বলা হয়েছে যে কি ভাবে আপনি ফান্ড কালেকসান করতে পারবেন, কোন জায়গার থেকে নিতে পারবেন — সেন্ট্রাল ফিনান্স কমিশন, ওন্ সোর্স, বা কেউ যদি গিফট্ করে বা কেউ যদি ডোনেশান করে। কিন্তু তার সাথে সাথে এই টাকাটার সুরক্ষার জন্য পৌরসভার যে বাৎসরিক বাজেট হয় সেই বাজেটের মধ্যে ২৫% টাকা, যদি এক কোটি টাকা কোন পৌরসভার বাজেট হয় বাৎসরিক, তাহলে ২৫ লক্ষ টাকা তাকে রাখতে হবে এই বস্তি উন্নয়নের জন্য, বস্তি উন্নয়ন, ডেভেলপমেন্ট অফ্ আর্বান এরিয়া স্লাম এরিয়া। আর কি করতে হবে? না,

এই ফান্ডে টাকাটা রাখার জন্য ন্যাশানালাইজড ব্যাংকে তার একটা আলাদা এ্যাকাউন্ট খুলতে হবে। শুধু এ্যাকাউন্ট খোলাই নয়, সবচেয়ে যেটা গুরুত্বপূর্ণ যে, বছরের শেষে — যা অনেকেই বলেছেন — যদি আমরা টাকাটা খরচ করতে না পারি তো সেটা ল্যাপস্ হবে না, পরের বছরে সেটা ইনক্লুড হবে। কিন্তু এই ইনক্লুড হবার পরে আরও স্বচ্ছতার সাথে মা-মাটি-মানুষের সরকার স্বচ্ছতা আনার জন্য অডিট রিপোর্ট যেটা ক্যাগের মাধ্যমে হয়, সেই অডিট রিপোর্টের মাধ্যমে সেটাকে করে, তারপর সেটাকে করতে হবে। আজকে মার্ক্সবাদী কমিউনিষ্ট পার্টি, যাঁরা অন্য দিকের বন্ধু দীর্ঘ দিন যাঁরা ক্ষমতায় ছিলেন, যাঁরা বলতেন আমরা গরীবের বন্ধু, খেটে খাওয়া মানুষের বন্ধু, এতগুলো বাজেট করেছেন, ওয়েষ্ট বেঙ্গল মিউনিসিপ্যালিটি শহরে আর্বান এলাকার বস্তি উন্নয়নের জন্য, তাদের রাস্তাঘাটের উন্নয়নের জন্য, সেখানে ড্রেনেজ সিস্টেম ব্যবস্থার জন্য — বস্তি উন্নয়নের বিল একটা ছিল 62 তে — কিন্তু তারজন্য কোন সুনির্দিষ্ট প্রস্তাব আপনারা হাউসের সামনে রাখেন নি বা পৌরসভার কাছে রাখেন নি। কিন্তু আমাদের মাননীয় মন্ত্রী ফিরহাদ্ হাকিম, মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী সুনির্দিষ্টভাবে ক্লজ 2-এর সেকশান 62A এবং B এবং C-তে তিনি বলেছেন — আমরা কি ভাবে টাকাটা শোধ করতে পারি, কি ভাবে টাকাটা আনতে পারি এবং এই ২৫% টাকা সেই বাজেটের বরাদ্দকৃত টাকা ঐ বস্তি উন্নয়নের জন্য খরচ হবে। এটা অন্য কোন খানে ট্রান্সফার করা যাবে না। নন ট্রান্সফারেবেল টাকা। এই টাকাটা শুধু বস্তি উন্নয়নের জন্যই খরচ করতে হবে। কিন্তু আপনারা এতদিন ছিলেন এতগুলি বাজেট করেছেন। কেন এই কথাগুলি বলতে পারেননি। ২০০৬ সালের পর থেকে এতগুলো বাজেট হয়েছে তারপরে কেন বলতে পারেন নি? আজকে ওখান থেকে দাঁড়িয়ে আমি দেখছিলাম যে, আজকে — গতকাল আমাদের মন্ত্রী বলছেন, সত্যিই আমার মনে হয় এদের বুদ্ধিভ্রষ্ট হয়েছে বিলটা না পড়েই। তিনি কিন্তু উল্টোপাল্টা জায়গায় চলে গেলেন। কোথাও কি শুরু করলেন, কোথাও কি বললেন আমাদের জানা নেই। বোধগম্য হল না। বোধগম্য হল না। আজকে পানীয় জলের জন্য বলছেন আমাদের অপূর্ববাবু। আজকে দায়িত্ব নিয়ে বলা যায় যদিও এটার সঙ্গে রিলেভেন্ট নয় তবুও কিন্তু শহর এলাকায় পানীয় জলের জন্য বৈশাখ-জৈষ্ঠ্য মাসে মানুষের হাহাকার হয়। আপনারা এতদিন অনেকগুলো পৌরসভার্য় ছিলেন কিন্তু একটা পরিকল্পনাও করতে পারেন নি। আজকে এখানে দাঁড়িয়ে বলতে পারি যে, কোথাও মিউনিসিপ্যালিটিগুলোতে কোন কোন জায়গায় মিউনিসিপ্যালিটি নিজে পরিচালনা করেন জল পরিষেবায় আর কোন কোন জায়গায় পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিংয়ের মাধ্যমে পরিচালনা হয়। কিন্তু আমি বাঁকুড়া জেলার ছেলে, রুক্ষ-সুক্ষ জেলার ছেলে। ঐ জেলায় নদী আছে কিন্তু পানীয় জল আমরা গ্রীষ্মকালে পাইনি। কিন্তু এই মা-মাটি-মানুষের সরকার আজকের দিনে দাঁড়িয়ে বলা যায় এই পবিত্র হাউসে যে, বাঁকুড়ার মত একটা অবহেলিত জায়গায় — ঐ দিকে আবার মন্ত্রী বসে আছেন পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিংয়ের মাননীয় সুব্রত মুখার্জী যে, ভারতবর্ষের মধ্যে একটি মাত্র জেলাতে ১১০০ কোটি টাকা পানীয় জলের জন্য, রুক্ষ জেলার জন্য মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী এ্যালটমেন্ট করেছেন এবং তার কাজ খুব শীঘ্রই শুরু হচ্ছে। আজকে এই জন্য ধন্যবাদ। মাননীয় পৌরমন্ত্রী ফিরহাদ হাকিম বিষ্ণুপুর এবং বাঁকুড়া জেলার তিনটি পৌরসভা বিষ্ণুপুর এবং সোনামুখীতেও পানীয় জলের জন্য কয়েক কোটি টাকা গত বছর ২০১১ সালে দিয়েছেন।

আমি তার জন্য বাঁকুড়া জেলার মানুষ হিসাবে এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে ধন্যবাদ জানাই ফিরহাদ হাকিমকে। আজকের এই অ্যামেন্ডমেন্ট বিল, যে বিলটি তিনি এনেছেন সেটি সময় উপযোগী এবং অত্যন্ত স্বচ্ছতার সাথে, ট্রান্সপারেন্সির সাথে তিনি বলেছেন এই যে টাকাটা দেওয়া হচ্ছে এই টাকাটা খরচের পর বাজেটে যে প্রভিশান আছে খরচের পর অডিট, সেটা ক্যাগের মাধ্যমে হয়ে আসবে। এজন্য ধন্যবাদ জানিয়ে আমি আজকে এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

শ্রী নারায়ণ মুখার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে এখানে যে তিনটি বিল উত্থাপিত হয়েছে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন অ্যামেন্ডমেন্ট বিল ২০১২, ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল ২০১২ এবং হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল ২০১২ সেগুলির মধ্যে আমার আলোচনা সীমাবদ্ধ রাখছি। এই বিলে যেটা প্রভিসান রয়েছে খুব বেশি বিরোধিতা করার স্কোপ নেই। দু-একটা ক্ষেত্রে our suggestion দেবার দরকার আছে এবং আমার আগে গৌরাঙ্গ চট্টোপাধ্যায় মাননীয় সদস্য তিনি তা দিয়ে গেছেন। যেমন এখানে বলা আছে আপনি যেটা নিয়ে এসেছেন এই বিলগুলো আমাদের সংবিধানে 12th Schedule, 243(W), 243(X) এই যে urban poverty alleviation এর উপর দাঁড়িয়ে power to impose tax by and funds of the municipality এর সঙ্গে সম্মতি রেখে ২০০৬ সালে যে আইনটা হয়েছিল তার উপরে একটা সংশোধন নিয়ে এসেছেন। এবং তিনটি সংশোধন আছে — ছোট্টো ব্রাকেটে। এই জায়গাটা একটু বলে রাখা দরকার এই যে, 12th Schedule, এটা আমরা পেলাম কোথা থেকে? এটা বলতে হয় আশীষবাবু আছেন ভালোই হয়েছে, বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর আমরা এখানে রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের সম্পর্ক নিয়ে আন্দোলন করেছি।

[3.40–3.50 p.m.]

এবং মিউনিসিপ্যালিটি এবং গ্রাম পঞ্চায়েতকে বেশি ক্ষমতা দেওয়ার জন্য আন্দোলন করেছি। রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন, তাকে অনেকবার দরবার করা হয়েছে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষ থেকে। উনি এখানে খুব সম্ভবত ১৯৮৭ সালে, আমাদের কোলকাতার সল্টলেকে, আমাদের এখানে উনি পূর্বাঞ্চলীয় যেসব রাজ্যগুলি আছে তাদের মুখ্যমন্ত্রী এবং স্বায়ত্বশাসন মন্ত্রী তাদেরকে 14 নিয়ে একটা সম্মেলন করেছিলেন দু'দিন ধরে, ৪৮ ঘন্টা ধরে। আমার সেই সম্মেলনে থাকার সৌভাগ্য ঘটেছিল। এবং সেখানে বিভিন্ন রাজ্যের যারা স্বায়ত্বশাসন মন্ত্রী বা মুখ্যমন্ত্রী বা আরো অনেকে এসেছিলেন, তারাও অনেককিছু আলোচনা করেছিলেন। তাদের যে গ্রামের অবস্থা, শহরের অবস্থা ইত্যাদি সম্পর্কে। সব আলোচনা করার পর রাজীব গান্ধী বলেছিলেন, follow West Bengal, West Bengal-কে follow করতে বলেছিলেন। এবং এটা ঘটনা, এখানে বললেন, মাননীয় সদস্যা ডাঃ শশি পাঁজা বললেন যে ধ্বংসাত্মক আমরা, আমরা ধ্বংসাত্মক। না, ঠিক নয়। আমরা সৃজনাত্মক, constructive। জেনে রাখুন, এখানে সুব্রতবাবু আছেন, ১৯৬৮ সালে সারা পশ্চিমবাংলায় মিউনিসিপ্যালিটি নির্বাচন হয়েছিল কেতাবে লেখা আছে act-এ, act তো ছিল পুরোনো ১৯৩৫ এর এ্যাক্ট, ইংরেজ আমলের একটা আইন ছিল। পরিবর্তন করার জন্য কিছু

amendment হয়েছিল, কিন্তু পরিবর্তন হয়নি। সেই আইন ছিল এবং সেই আইন পরিবর্তন করে আমরা ১৯৮১ সালে কিছু সংশোধন করে ১৩ বছর পর, ৬৮ সালের পর ১৩ বছর পর ১৯৮১ সালে সারা পশ্চিমবাংলায় মিউনিসিপ্যালিটি নির্বাচন হয়েছিল। কেতাবে কি লেখা আছে, এ্যাক্টে? চার বছর অন্তর, এখন পাঁচ বছর, তখন চার বছর অন্তর ছিল, হয়নি। আপনি বললে হবে destructive ? এবং তারপরে মিউনিসিপ্যালিটির হাতে যে ক্ষমতা সেই ক্ষমতা ১৯৯৩ সালে সেই পুরোনো বস্তাপচা আইনকে পরিবর্তন করে খোলনলচে পালটে ১৯৯৩ সালে West Bengal Municipal Act হয়। সেই এ্যাক্টের বলেই আমরা আছি মিউনিসিপ্যালিটিগুলোতে। আর কোলকাতা কর্পোরেশনে তো এই এ্যাক্টটাই ছিল, যা কিছু সাহায্য বাইরের থেকে ভিতর থেকে সব। কোলকাতা কর্পোরেশন, এই যে জটু লাহিড়ী আছেন মাননীয় সদস্য, উনি বলেছিলেন হাওড়া, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন করেছিল পূর্বতন বামফ্রন্ট সরকার। জলের বিরাট ব্যবস্থা করেছিল বামফ্রন্ট সরকার। এই যে, আসানসোল কর্পোরেশন বামফ্রন্ট সরকার, শিলিগুড়ি বামফ্রন্ট সরকার। বললে হবে? সব ধ্বংসাত্মক হয়ে গেল? আমি নিজে ছিলাম, ১৯৬৪ সাল থেকে আমি ৪৬ বছর ধরে আমি মিউনিসিপ্যালিটিতে ছিলাম। আমার অভিজ্ঞতায় রয়েছে, দীর্ঘ অভিজ্ঞতায় বলছি যে, এটা ঘটনা পূর্বতন সরকারের আমলে গ্রামের কথা বলছি না, শহরে একটা দারুণ অভাবনীয় পরিবর্তন ঘটেছিল। এখন এই পরিবর্তন এক জায়গায় দাঁড়িয়ে থাকে না। উন্নয়ন এক জায়গায় দাঁড়িয়ে থাকে না, গতিশীল, উন্নয়ন হচ্ছে গতিশীল। ফলে আমরা যেটা করেছিলাম তরপরে যদি কিছু বাদ থাকে, এই যে এখানে একজন মাননীয় সদস্য বললেন, এটা করেননি কেন? ২০০৬ সালে হয়েছিল তারপরে হয়নি কেন? আরে ২০০৬ সালে তো পরিবর্তন হয়েছিল, তারপরে আপনারা এর আগে amendment নিয়েছিলেন, 61A, 61B, 61C ভালো, এরকম চলে। আবার আপনারা যখন চলে যাবেন তখন দেখবেন আর যারা আসবে তারাও ওরকম করবে। একটা সৌহার্দ্য গড়ে তুলবে, সেটাকে আসতে আসতে করতে হয়। ফলে কেউ কিছু করিনি এই ৩৪ বছর ধরে এমনি এমনি ছিলাম আমরা? লোক কি এত বোকা? আপনারা পশ্চিমবাংলার লোককে তাহলে নির্বোধ মনে করেন। পশ্চিমবাংলার লোক নির্বোধ না। নির্বোধ না। তারা ৩৪ বছর ধরে এমনি এমনি রাখেনি। অন্তত তা নয়। সেইজন্য আমি বলছি, আমি আগেও বলেছি এই যে, 62B তে আপনারা লিখেছেন, এই বিলে ২৫ শতাংশ চিহ্নিত করেছেন, ভালো। খারাপ না। বরং আরো বেশি দিলে তাও ভালো। কারণ দরিদ্র, শহরের মানুষ যারা, বস্তিবাসী তাদের উন্নয়নের জন্য আপনি টোটাল যে বাজেট তার ২৫ শতাংশ ব্যয় করবেন এতো ভালোই। এটা ছিল, কেন্দ্রীয় সরকারের নির্দেশ ছিল আপনি জানেন। নির্দেশ ছিল, কিন্তু এই নির্দেশ কিন্তু আমরা অক্ষরে অক্ষরে পালন করতে পারিনি। ছিল, এই যে আপনি যেটা করছেন urban poor fund তৈরী করতে বলেছিল। করিনি। এটা আমাদের defect। সেটা আপনি আইন করেছেন ভালো। করতেই হবে। It is a must, ভালো তো করুন না। ফলে এই জায়গায় দাঁড়িয়ে আপনি যে এটা ২৫% করেছেন এটা ভালো। তার আগের যে সার্কুলার ছিল মানতাম না, এবার আইন হয়েছে মানতে হবে, এবার মানতে হবে। যেমন, আগে ছিল, এই urban service poor যেটা বলছিলাম এক মিলিয়নের নীচে যাদের অধিবাসী যেসব শহরে তাদের কেন্দ্রীয় সরকার দিত ৮০ ভাগ আর রাজ্য সরকার দিত ২০ ভাগ। আর্বান বেসিক সার্ভিস ফর দি পুওর এর। আবার যাদের এক মিলিয়ন থেকে চার মিলিয়ন প্রতিটি শহরে তাদের

ছিল ফিফটি ফিফটি। ৫০ ভাগ দেবে কেন্দ্র, ৫০ ভাগ দেবে রাজ্য। আর কিছু দেবে যারা বেনিফিসিয়ারী। যেমন ঘর করতে হবে, বস্তিবাসীদের জন্য ঘর, কিংবা গরীব মানুষদের জন্য ঘর, ১৬ হাজার টাকা দিতে হোত, ওইটাই হচ্ছে বেনিফিসিয়ারিদের ঘর। আর ৫০-৫০। আর ফোর মিলিয়ানের বেশি যে শহর, অধিবাসী, সেখানে বেনিফিসিয়ারি ফান্ড দিতে হত না। ৫০-৫০, কিন্তু বেনিফিসিয়ারিদের দিতে হবে। এটা ছিল। এই যে ফান্ড আপনি করেছেন, এটা ভালো। এই ফান্ডের ফলে খানিকটা সুবিধা হবে। এই জায়গাটা। আর একটা হচ্ছে একটা জিনিস এর মধ্যে আছে, এই যে আপনি বলছেন, ২৫% ফান্ড যেটা কর্পোরেশান করতে পারবে এটাতে বিভিন্ন এ, বি, সি, ডি করে দেখিয়েছেন, এ্যসাইনড রেভিনিউ — এ্যসাইনড রেভিনিউটা এটা কর্পোরেশান তৈরি করবে। এটা কি করবে এই জায়গাটা আমার মনে হচ্ছে শ্যুড বি থাকলে ভালো হত। ওটা রুলস করে আপনি পরে করবেন, জানি। কিছু একটা আইন করলে রুল করতে হয়। রুলস করে আপনি নিশ্চয় এটাকে এন্যাক্ট করবেন। আর এক জায়গায় আছে, যেটা করেছেন ভালোই, এটা খারাপ নয়। অডিট যেটা কর্পোরেশান করবে অডিটগুলো ক্যাগের রিপোর্ট, সি এ জির রিপোর্ট এখানে প্লেস করতে হবে। ভালো। এটা ভালো জিনিস। কারণ এইভাবে এই যে ত্রিফলা লাইট - অমুক লাইট, তমুক লাইট হচ্ছে, এইগুলো যদি ক্যাগের রিপোর্টে থাকে তাহলে সেগুলো নিয়ে আলোচনা হবে। আমরা যেমন করি, পিএসিতে আলোচনা করে গভর্ণমেন্টের কাছে দিই, ভালোই হবে। এগুলো যদি ঠিকমত প্রতিফলিত হয়, আইন করলেই হয় না, কিছু আইন আছে, পালিত হয় না। অনেক আইন আছে এ দেশে। যা কেউ মানে না। সুতরাং যে আইন কেউ মানে না, সেই আইন রাখতে নেই। এটা দেখবেন আইন যেন প্রতিফলিত হয়, আইনটা যেন লোকে মেনে চলে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। আমি মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়াকে অনেক সময় স্যারও বলে ফেলি, অনেক সময় ভুলে। কিছু মনে করবেন না, কারণ Rank should be maintained. এটা মানতে হবে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি শ্রদ্ধেয় মানুষ, আপনি আমাকে চেয়ারে বসলে যা বলার বলবেন, বাইরে আপনি আমার নাম ধরেও ডাকতে পারেন। আমি এটাকে মাথা পেতে নেব, সিনিয়ার মেম্বার অফ দিস হাউস।

শ্রী ফিরহাদ হাকিম : ম্যাডাম, আমি সমস্ত সদস্যদের ধন্যবাদ জানাই। আমাদের এই যে তিনটে বিল নিয়ে অনেকক্ষণ ধরে খুব ভ্যালুয়েবেল আলোচনা হল। নিশ্চিতভাবে গৌরাঙ্গবাবু বলেছেন ফান্ডের কথা, কোথা দিয়ে আসবে। উনি আমাদের সাথে সহমত হয়েছেন রাজ্যের যে দেউলিয়া অবস্থা বিগত বামফ্রন্ট সরকার করে গেছেন, যেভাবে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা চাপিয়ে যেভাবে ২৫ হাজার কোটি টাকা, প্রত্যেক বছরে রিজার্ভ ব্যাঙ্ক কেটে নিচ্ছে, তাতে সত্যি সত্যিই রাজ্যের যে আর্থিক অবস্থা সেই অবস্থার কথা উনি তুলেছেন। এবং যদি এটা না থাকত তাহলে হয়ত সত্যি সত্যি আরো বেশি করে শহরের গরীব এবং শহর বা পুরো বাংলা সব কিছুকে আরো ভাল ভাবে, আরো দ্রুত ভাবে সাজান যেত। আমরা অত্যন্তভাবে আজকে চিন্তিত, অনেকে বলেছেন যে এটা আমরা নাকি করতে বাধ্য। জে.এন.এন.ইউ.আর.এম এর এটা ম্যান্ডেটারি। কিন্তু তাদের জানাই যারা জে.এন.এন.ইউ.আর.এম এর কথা বলেছেন জে.এন.এন.ইউ.আর.এম এর

সময়ে যতটা জে.এন.এন.ইউ.আর.এম ওয়ানে যে সময়টা চলছিল, সেই সময়ে পুরোটাই বামফ্রন্ট সরকার ছিলেন, শেষের কয়েক মাসে আমাদের এই মা-মাটি-মানুষের সরকার এসেছিল। তাহলে সেই সময়ে রিফর্মসটা করা হল না। সেই সময়ে রিফর্মস করা হল না। আর মার্চ মাসে জে.এন.এন.ইউ.আর.এম শেষ হয়ে গেছে। এখনও জে.এন.এন.ইউ.আর.এম টু কি আসবে, তার কি রিফর্মস হবে, সেটা আমরা জানিনা। কিন্তু নিশ্চিতভাবে, আমাদের সরকার ,মা-মাটি-মানুষের সরকার, মমতা বন্দ্যোপাধ্যায় আমাদের চীফ মিনিস্টার, তার নেতৃত্বে আমরা গরীবের পাশে দাঁড়াব, গরীবের জন্য কাজ করবো, গরীবের হয়ে কাজ করবো। সেইটা যেমন সিঙ্গুরে প্রমাণিত, যেমন নন্দীগ্রামে প্রমাণিত, সেই রকম শহরের গরীব মানুষ এর জন্য কাজ করাতে সেটা প্রমাণ করার জন্যই এই ২৫ পারসেন্ট আমাদের ফান্ডে রিজার্ভেশান আমরা আনছি।

[3.50–4.00 p.m.]

সুতরাং এটা কোনও মেন্ডেটরির জন্য নয়। আমরা চুপ করে বসে থাকবো। জে.এন.এন.ইউ.আর.এম আমাকে বলতে পারবে না, কারণ মার্চ মাসে তাদের দেওয়া শেষ হয়ে গেছে। জে.এন.এন.ইউ.আর.এম এখন নেই, আই এস ডি পি নেই। এখন নতুনভাবে রে আসবে, নতুনভাবে জে.এন.এন.ইউ.আর.এম আসবে কি না আসবে সেটা কেউ জানে না। সুতরাং তার রিফর্মসের সঙ্গে এই বিলটার কোনো সম্পর্ক নেই। এটা শুধু আমাদের সরকারের কমিটমেন্ট। তাই আমরা গরীব মানুষের জন্য এটা রাখছি। এবং নন রিলাক্সেবল ফান্ড, যেটা সেই রিফর্মসে ছিল না — আমরা যে টাকাটাকে ইয়ারমার্ক করে রাখবো সেই টাকাটা ল্যাপস হবে না — সেই টাকাটা তার পরের বছর — আবার ওই টাকাটা এবং যে বাজেটের আরো ২৫ পারসেন্ট তার সাথে মিলে সেই উন্নতি হবে। অনেকে বলেছেন যে এর থেকে বেশি কেন করা হল না। ঠিকই তো। একদিকে আর্থিক দুর্দশা, অন্যদিকে আর একটা জিনিস, সেটা হল, এইটা শুধু আমাদের বস্তিবাসী গরীবদের জন্য, বেসিক আর্বান পুওরের জন্য এটা করা হচ্ছে। এছাড়া যে ফান্ডটাই আমরা খরচ করছি সেটা দিয়ে নিশ্চিতভাবে বস্তিবাসী, বস্তির ডেভেলপমেন্ট করব। তার সাথে যে রাস্তা করব সেই রাস্তাও বস্তিবাসী ইউজ করবে। সেই রাস্তায় যে আলো করছি, যে আলো দিয়ে আজকে আমাদের পুরো কলকাতা বা শহরাঞ্চল সাজানো হচ্ছে, যে জন্য আপনাদের জ্বালা হচ্ছে, সেই আলোর আনন্দ সিপিএম নেবে, কংগ্রেস নেবে, তৃণমুল নেবে, গরীব নেবে, বড়লোক নেবে, হিন্দু নেবে, মুসলমান নেবে, খ্রীষ্টান নেবে, সকলে মিলে সেই আলোর আনন্দ নেবে। শহরাঞ্চলে, বাংলায় ঘুরতে গিয়ে আনন্দিত হবে যে আমরা আগে শুধু দূর্গাপূজায় আলো দেখতাম। এখন সারা বছর ধরে চারিদিকে আলোতে আনন্দ দেখব, আনন্দের জোয়ারে বাংলায় আমরা ভেসে যাব। সুতরাং সত্যি সত্যি এটা আনন্দের লাগছে। আমরা যে এই কাজটা করতে পারলাম ভালো লাগছে। কেউ নীলের কথা বললেন। আমরা একটা বিল্ডিং তৈরি করব, আমার যদি ছোট দোকানও থাকে, সেই দোকানটাও তো আমাদের দেওয়ালির আগে, পয়লা বৈশাখের আগে পরিষ্কার করে রঙ করি। যদিও দেওয়ালি, পয়লা বৈশাখ হয়তো আপনারা মানেন না। কিন্তু আমাদের এটা কর্তব্য। সেইরকম যে-কোনো এ্যসেট ক্রিয়েট করলে সেই এ্যসেটটাকে রাখাটাও একটা সরকারের বা একটা যে-কোনো মানুষের কর্তব্য হয়ে দাঁড়ায়। সুতরাং যদি একটা জায়গায় ধরুন আমি রঙ করলাম না, একটা জায়গায় ফ্যাচফ্যাচে

ফেলে রেখে দিলাম, আস্তে আস্তে সিমেন্ট বালিগুলো ধসতে শুরু করল, তারপরে রডগুলো নষ্ট হতে লাগল, তারপরে রঙগুলো ফেটে গেল, এ্যসেটটা নষ্ট হয়ে গেল। তারপর আবার টেন্ডার হল, আবার আপনাদের লোকেরা কাজ করল, আবার আপনাদের লোকেরা মাল কামালো। আমরা সেটা না করে আমরা চাই যে এ্যসেটগুলো সুন্দরভাবে রাখার জন্য। বাংলাকে সুন্দর করার জন্য, কলকাতাকে সুন্দর করার জন্য আমরা করেছি। নীল দিগন্তের মধ্যে যে নীল আকাশ, সেই আকাশে আমরা ভাসব, স্কাই ইজ দ্য লিমিট, কলকাতা শহরকে সাজাব। আমাদের পক্ষে খুব সুবিধা ছিল যদি আমরা সবুজ রঙ করে দিতাম। কিন্তু আমরা রাজনীতি আনিনি, ডেভেলপমেন্টের মধ্যে আমরা রাজনীতি আনিনি। যদি আজকে জয়পুর পিংক সিটি হয়, তাহলে এটাও আমাদের বাংলা — নিশ্চিতভাবে ৩৪ বছর ধরে পিছিয়েছিল — সেই বাংলাকে এগিয়ে নিয়ে গিয়ে মানুষের সামনে প্রেজেন্ট করার যে স্কাই ইজ দ্য লিমিট, আমরা সকলে বাংলায় আনন্দে থাকব, আকাশে ছড়িয়ে থাকবো, তাই আমরা এই নীল রঙ করেছি। এটা নিয়ে কটু কথা করবেন না। ঠিক তো, আজকে আমাদের আব্দুল রহমান বক্সী সাহেব বলেছেন, নিশ্চিতভাবে এটা আমাদের মুখমন্ত্রীর নিজের একটা ব্রেন চাইল্ড যে নিজ গৃহ নিজ জমি প্রকল্প এবং সেই অনুযায়ী বিভিন্ন জায়গায় যেখানে এ্যভেবিলিটি অফ ল্যান্ড হচ্ছে, আমরা প্রত্যেক পৌরসভাকেও বলেছি যে জায়গা খোঁজো — মুখ্যমন্ত্রী যে নির্দেশটা আমাদের দিয়েছেন যে সেইসব জায়গায় গরীব মানুষদের যদি গৃহ হয় — আমাদের যেটা হাউজিং ফর আর্বান পুওর আছে — সেটা দিয়ে সেইখানে করার এবং যেখানে আমাদের পৌরসভা নেই, যেখানে আমরা সেই জমির দলিল পাচ্ছি না বা যেটা গভর্ণমেন্টের রয়েছে সেখানে আমরা চাইছি — পৌরসভাগুলো — এবার আমরা ভার্টিক্যালি বড় বাড়ি তৈরি করে সেই বাড়িগুলো গরীব মানুষদের থাকার জন্য দেব। এবং এটা আমাদের সরকারের নীতি স্যার। সুতরাং যেখানে আমরা পাব নিশ্চিতভাবে সেখানে আমরা দেবো, কিন্তু যেখানে আমরা পাব না সেখানে সরকার নিজের দায়িত্বে বাড়ি তুলে নিয়ে সেই বাড়ি গরীব মানুষকে দেবেন। তাই গিয়ে আপনি দেখে আসুন নোনাডাঙায় এই কাজটা কি সুন্দরভাবে চলছে। আমরা শহরী রোজগার যোজনার জন্য কাজ করে যাচ্ছি। আর এই শহরী রোজগার যোজনার অন্তর্গত আমরা আমাদের সরকার আসার পরে অনেকগুলো নতুন আইটেম যেগুলোয় খুব তাড়াতাড়ি লোক কাজ পাবে বা নিজে স্বনির্ভর হতে পারবে সেইজন্য শহরী রোজগার যোজনার অন্তর্গত আমাদের প্রায় ২৩টা আইটেম, ইনক্লুডিং ড্রাইভিং থেকে আরম্ভ করে, কার মেকানিক থেকে আরম্ভ করে, রেফ্রিজারেটার, টিভি, এই মেকানিজম থেকে আরম্ভ করে অনেকগুলো আইটেম আরো বাড়িয়ে দিয়ে আমরা চাইছি, ড্রাইভারের অসুবিধা, তাই ড্রাইভিংটাকে আমরা শহরী রোজগার যোজনার মধ্যে ঢুকিয়ে দিয়েছি এ্যপ্রুভাল দিল্লি থেকে নিয়ে এসে। সেই কাজগুলো আমরা করছি যাতে আর্বান পুওরদের রোজগারের ব্যবস্থা হয় — যেটা বললেন মাননীয় সদস্য আব্দুর রহমান সাহেব। আমরা এই বিলটা যখন আনলাম তখন নিশ্চিতভাবে আমি ভেবেছিলাম এই বিলকে আপনারা অ্যাপ্রিসিয়েট করবেন এবং এই ব্যাপারে কন্সট্রাকটিভ সাজেশান যদি থাকে তাহলে বলবেন। কিন্তু দূর্ভাগ্যবশতঃ আমরা দেখলাম অপোজিশানের অনেক মেম্বার চলে গেলেন, এই বিলের ব্যাপারে তাদের কোন বক্তব্য নেই। নারায়ণ বাবু যেমন এই বিলকে সমর্থন করে বললেন, তাদেরও এই জিনিসটাকে সমর্থন করা উচিত ছিল। হ্যাঁ একটা ভালো কাজ হয়েছে, আমরা সবাই সমর্থন করছি। সেটা না করে, বিলের আলোচনার মধ্যে না এসে কেউ চলে

গেলেন ত্রিশূলে, কেউ চলে গেলেন মাসুলে, কেউ চলে গেলেন অন্যান্য দিকে। আমি বুঝতে পারছি না তারা কেন এই কথা বলছেন। আমি নিজে মুসলিম ধর্ম মানি, কিন্তু তার মানে এই নয় ত্রিশূল খারাপ হয়ে গেল। 'Trishul is not a symbol' খারাপ হয়ে যাবে। এটা ঠিক, শিব ঠাকুর ত্রিশূল নিয়ে থাকেন, সেটাকে ভক্তি করা উচিত, সেটাকে মানা উচিত। ত্রিশূল থাকা মানেই সেটাকে কমিউনাল সেন্টিমেন্ট দেওয়া ঠিক হবে না। এখানে আমরা যে কাজটা করছি সেটাকে আপনারা অ্যাপ্রিসিয়েট করলেন না। আজকে CAG বিভিন্ন পৌরসভার অডিট রিপোর্ট তৈরী করবে। এই প্রথমবার আইন করে এটা করা হচ্ছে এবং পৌরসভার অডিট রিপোর্ট আমরা হাউসে প্লেসড করব। কোন পৌরসভা কিভাবে কাজ করছে তা আমরা বুঝতে পারব, কোন পৌরসভার দূর্নীতি আছে কিনা সেটা বুঝতে পারব, সেই পৌরসভার আর্থিক বেনিয়ম আছে কিনা তা আমরা বুঝতে পারব। আর্বান পুওরের যে ফান্ড, সেই ফান্ডের ২৫% ঠিকমত ইউটিলাইজড হচ্ছে কিনা এটা দেখার দায়িত্ব এই হাউসের থাকবে। তাই আমরা ভেবেছিলাম এই ব্যাপারে হাউসের সকলের অ্যাপ্রিসিয়েশান আমরা পাব। যারা সমর্থন করেছেন নিশ্চিতভাবে তাদের আমি ধন্যবাদ জানাই। সিমিলার এই রকম একটা বিল আমি আগেও পেশ করেছিলাম ওয়েস্ট মিউনিসিপ্যাল এ্যাক্টে এবং আজকে the Kolkata Municipal Corporation (Ammendment) Bill, 2012 ; The Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012 এবং The West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012 পেশ করেছি। আমি চাইব সমগ্র হাউস একসাথে মিলে, গরীবের স্বার্থে মা-মাটি-মানুষের সরকার যে কাজ করছেন তাকে সমর্থন জানিয়ে এই বিলটাকে পাশ করাবেন। ধন্যবাদ।

Mr. Speaker : Thank you Hon'ble Minister. Now the question before the House is that The Kolkata Municipal Corporation (Ammendment) Bill, 2012, be taken into consideration. As many as are of that opinion will please say "AYE". As many as are of the contrary opinion will please say "NO". Ayes have it. Ayes have it.

Clause - 2

Mr. Speaker : There are three amendments to Clause 2 by Shri Sobhandeb Chattopadhyay and Shri Anisur Rahaman (Amendment No. 2 and 3). First I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Mr. Speaker, Sir, I beg to move that in clause 2, in proposed section 123B (2) of the Principal Act, for item (f), the following be substituted :

"(f) sale of Corporation assets and also lease of land ;"

Mr. Speaker : Now I call upon Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in clause 2, in proposed section 123B (1), of the principal Act, in line 2, for the words "Basic Services for Urban Poor Fund", the words "Kolkata Urban Basic Services for Poor Fund" be substituted :

Mr. Speaker : Hon'ble Minister, so far as the amendment of Shri Sobhandeb Chattopadhyay is concerned.

Shri Firhad Hakim : Sir, as far as the amendment of Shri Sobhandeb Chattopadhyay is concerned, this is basically in the Bill and we have no objection to that Sir.

[4.00–4.10 p.m.]

Mr. Speaker : Now, the Hon'bel Minister may please give your opinion, so far as the amendments of Shri Anisur Rahaman are concerned.

Shri Firhad Hakim : Sir, it is already in the Bill and Shri Sobhandeb Chattopadhyay has already moved it. Therefore, I think the amendments of Shri Anisur Rahaman are not necessary to accept.

Mr. Speaker : The question before the House is that the amendment (No.2) moved by Shri Anisur Rahaman. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it, Noes have it.

The question before the House is that the amendment (No.3) moved by Shri Anisur Rahaman. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it, Noes have it.

The question before the House is that the amendment moved by Shri Sobhandeb Chattopadhyay. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now I put Clause-2, as amended, to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause - 3 & 4

Mr. Speaker : There is no amendment to Clauses 3&4. So, the

question before the House is that the Clauses 3&4 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the title of the Bill.

The question that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now, the Hon'ble Minister-in-Charge of Municipal Affairs & Urban Development Department may please move the Motion for passing the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2012.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2012, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2012 as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it. The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2012, as amended, is passed.

THE HOWRAH MUNICIPAL CORPORATION (AMENDMENT) BILL, 2012

Mr. Speaker : Now, the question before the House is that the Howrah Municipal Corporation (Amendment) Bill 2012, be taken into consideration. As many as are of that opinon will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause - 2

Mr. Speaker : There are three amendments to Clause 2 moved

by Shri Sobhandeb Chattopadhyay (Amendment No. 1) and Shri Anisur Rahaman (Amendment Nos. 2&3). First, I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 2, in proposed section 55A (2) of the Principal Act, for item (f), the following be substituted

"(f) sale fo Corporation assets and also lease of land."

Mr. Speaker : Now, I call upon Shri Anisur Rahaman to move both of his amendments.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in Clause 2, in proposed section 55A (1), of the Principal Act, in line 2, for the words "Basic Services for Urban Poor Fund", the words "Howrah Urban Basic Services for Poor Fund" be substituted (Amendment No.2).

Sir, I also beg to move that in Clause 2, in proposed section 55A (2), in item no. (f), after the word "Corporation assets", the words "excluding land" be inserted (Amendment No.3).

Mr. Speaker : Now, the Hon'ble Minister-in-Charge to reply so far as the amendment of Shri Sobhandeb Chattopadhyay is concerned ; whether you accept it or not.

Shri Firhad Hakim : Sir, I accept the amendment moved by Shri Sobhandeb Chattopadhyay.

Mr. Speaker : Now, the Hon'ble Minister to reply so far as the amendments of Shri Anisur Rahaman are concerned.

Shri Firhad Hakim : Sir, as the amendment has already been moved by shri Sobhandeb Chattopadhyay, there is no need for the next amendment moved by Shri Anisur Rahaman.

Mr. Speaker : The question before the House is that amendment (No.2) moved by Shri Anisur Rahaman. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it, Noes have it.

The question before the House is that the amendment (No.3) moved by Shri Anisur Rahaman. As many as are of that opinion will please say 'Aye', and as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it, Noes have it.

The question before the House is that the amendment moved by Shri Sobhandeb Chattopadhyay. As many as are of that opinion will please say 'Aye', and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now I put Clause-2, as amended, to vote. As many as are of that opinion will please say 'Aye', and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title insent of the Bill

Mr. Speaker : The question before the House is that Clause 1, Enacting formula, Preamble and Title do stand part of the Bill.

As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now I call upon the Hon'ble Minister-in-Charge of the Municipal Affairs and Urban Development Department to move the Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

The Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012 as amended is passed.

The West Bengal Municipal Corporation (amendment) bill, 2012

Mr. Speaker : Now consideration of West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012 is to be put. The question before the House is that the West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012 be taken into consideration.

As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

There are three amendments to Clause 2 by Shri Sobhandeb Chattopadhyay (Amendment No.1) and Shri Anisur Rahama (Amendment Nos. 2 and 3). First I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in clause 2, in proposed section 62A(2) of the Principal Act, for item (f), the following be substituted:

"(f) sale of Corporation assets and also lease of land."

Shri Firhad Hakim : Sir, I accept it.

Mr. Speaker : The question before the House is that the amendment No.1 moved by Shri Sobhandeb Chattopadhyay as many as are of that opinion please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Mr. Speaker : Now I call upon Shri Anisur Rahaman to move his amendments.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in clause 2, in proposed section 62A (1), in line 2, for the words "Basic Services for Urban Poor Fund", the words "West Bengal Urban Basic Services for Poor Fund" be substituted and that

Sir, I beg to move that in clause 2, in proposed section 62A(2), in item No. (f), after the word "assets", the words "excluding land" be inserted.

Shri Firhad Hakim : Sir, I do not accept it.

Mr. Speaker : The question before the House is that the amendment No.2 moved by Shri Anisur Rahaman as many as are of that opinion please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it, Noes have it.

The question before the House is that the amendment No.3 moved by Shri Anisur Rahaman as many as are of that opinion please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it, Noes have it.

Now I put clause 2 as amended do stand part of the Bill, As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

There is no amendment to clause 3. So, I put clause 3 do stand part of the Bill, as many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, Preamble and the Title of the Bill. So I put Clause 1, the Enacting Formula, the Preamble and theTitle of the Bill do stand part of the Bill. As many as are of that opinion please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now, the Hon'ble Minister-in-Charge of the Municipal Affairs and Urban Development Department may please move the motion for passing the West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012.

Shri Firhad Hakim : Sir, I beg to move the West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012 as settled in the Assembly be passed.

Mr. Speaker : The question before the House is that the West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012 as settled in the Assembly by passed. As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

The West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012 as amended is passed.

Adjournment

The House was then adjourned at 4-10 p.m. till 11 a,m, on Thursday, the 27th September, 2012 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thrurs, the 27th September 2012 at 11·00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 27 Minister, 6 Ministers of State and 232 Members.

[11.00 – 11.10 a.m.]

Starred Questions
(to which oral answer were given)

শ্রী তজমুল হোসেন ঃ অনুমোদিত প্রশ্ন নাম্বার ৯।

(গোলমাল)

শ্রী হিতেন বর্মন ঃ (অনুপস্থিত)

Mr. Speaker : As Hon'ble Minister-in-Charge of Forest Department has not yet come, let the question be held over. I think he will come later on.

সি.বি.আই. আদালতের সংখ্যা

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭) **শ্রী অসিত মিত্র** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জুলাই, ২০১২ সাপেক্ষে রাজ্যে চালু অবস্থায় আছে এরূপ সি.বি.আই. আদালতের সংখ্যা কত?

শ্রী মলয় ঘটক : ৩১শে জুলাই ২০১২ সাল সাপেক্ষে রাজ্যে চালু অবস্থায় মোট ৮ (আট) টি সি.বি.আই. আদালত চালু আছে।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে, এই ৮ টি সি.বি.আই আদালত কোথায় আছে? আর বিচারক এবং তার কর্মচারীদের সংখ্যা কি রকম?

শ্রী মলয় ঘটক : এই ৮ টি সি.বি.আই. আদালতের মধ্যে ৪ টি আছে কোলকাতায়। একটা আছে আলিপুরে, একটি আছে আসানসোলে, একটা আছে শিলিগুড়িতে এবং একটা পুরানো কোলকাতাতেই ছিল বিচার ভবনে। মোট আটটি। এই আটটি আদালতে ৮ জনই বিচারক আছেন।

আর ওদের যে সংখ্যা, সি.বি.আই আদালতে একজন বেঞ্চ ক্লার্ক থাকেন, একজন পেসকার থাকেন, একজন টাইপিষ্ট থাকেন এবং গ্রুপ-ডি থাকেন ২ জন করে। প্রত্যেক আদালতে মোটামুটি ধরা আছে তাদের মধ্যে অনেকেই সংখ্যাতেই নেই। যার জন্য আমরা রিসেন্টলী সি.বি.আই. আদালতের জন্য রিক্রুটমেন্ট করছি। যার জন্য ইনটারভিউ শেষ হয়ে গেছে। কয়েক দিনের মধ্যেই এর রেজাল্ট বেরিয়ে যাবে।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার সাপ্লমেনটারী প্রশ্ন যে, অনেক জায়গাতেই স্টাফের ব্যাপারে সমস্যা আছে। যেমন আমি আপনাকে বলছি আলিপুর সি.বি.আই-এ এ্যাপ্রুভ পোষ্ট ৮ সেখানে আছে ৪। আর একটা জায়গাতে আলিপুর সি.বি.আই.-এ স্টেট গভর্নমেন্টের কোন সি.বি.আই স্টেনোগ্রাফার নেই। ব্যাংকসাল কোর্টে যে কেস হয় সেখানেও আন ইকুয়াল ডিসট্রিবিউশান হয়ে আছে। একই সংগে আপনার কাছে আর একটা কথা জানতে চাইছি সি.বি.আই.-এর ব্যাপারে এখনও পর্যন্ত মানুষে শ্রদ্ধা আছে। আমরা অনেক সময় সি.বি.আই ডিমান্ড করি। অনেক কেসের ব্যাপারে, অনেক মামলার ব্যাপারে। এই রকম ঘটনা কি আছে যে সি.বি.আই. স্টেট গভর্নমেন্টকে অ্যাপ্রুভাল দেয় নি, হাইকোর্টেরও অনুমোদন নেই, তা সত্ত্বেও সি.বি.আই-এর কিছু কেস আছে, যেগুলো সি.বি.আই গ্রহণ করেছে?

শ্রী মলয় ঘটক : আমি প্রথমে স্টাফের কথা বলি। কোর্টে স্টাফ জেনারালি রিক্রুটমেন্ট করেন হাইকোর্ট। কিন্তু সি.বি.আই. আদালতের ক্ষেত্রে এবং ফার্স্ট ট্রাক কোর্টের ক্ষেত্রে এই রিক্রুটমেন্টগুলো রাজ্য সরকার করে। এই কোর্টগুলো খোলার সময় যারা রিটায়ার্ড এমপ্লয়ী, যারা রিটায়ার্ড করে গেছেন, ষাট বছর বয়স, তাদেরকে আরও দু'বছরের জন্য আমরা সেখানে চাকরিতে দিয়েছিলাম। কিন্তু ইন দি মিনটাইম অনেক জায়গায় খালি হয়ে গেছে। যার জন্য আমরা অর্থ দপ্তরের অনুমতি নিয়ে ২৪ জন গ্রুপ 'ডি' এবং ১২ জন লোয়ার ডিভিসান ক্লার্কের জন্য আমরা পেপারে অ্যাডভার্টাইজমেন্ট করেছিলাম। তারপর তাদের ইন্টারভিউও হয়েছে, তাদের ইন্টারভিউ শেষও হয়ে গেছে। হয়ত আগামী দু-চারদিনের মধ্যে রেজাল্টও বেরোবে। আগামী হয়ত দশ থেকে পনের দিনের মধ্যে মেডিকেল এবং পুলিশ ইনভেস্টিগেশন হয়ে গেলে জয়েন করে যাবে। সুতরাং আগামী দিনে কোন সি.বি. আই কোর্টে কর্মী সংখ্যা কম থাকবে না। বিগত ৩৫ বছরে বামফ্রন্ট সরকারের সময় কোর্টে কোন রিক্রুটমেন্ট হয় নি। যার জন্য বহু কোর্টে, সি. বি. আই আদালত ছাড়াও, বহু কোর্টে কর্মী সংখ্যা অর্দ্ধেকেরও বেশী খালি ছিল। সেক্ষেত্রেও হাইকোর্ট ইতিমধ্যে সব জায়গাতে পরীক্ষা নিয়েছিল, সেখানে ইন্টারভিউও হয়ে গেছে। কিছু কিছু জেলাতে জয়েনও করে গেছে। বাকী জেলাগুলোতেও জনে করে যাবে। আপনার যে দ্বিতীয় প্রশ্ন, সি. বি. আই. জেনারেলি ইনভেস্টিগেশান করে প্রিভেনসান অফ্ কোরাপসান অ্যাক্ট। যে মামলাগুলো সি. বি. আই. নিজে তদন্ত করে সেগুলো। কিন্তুকিছু কিছু ক্ষেত্রে কোর্টের অর্ডারে যেগুলো সি. বি. আই. কোর্টে ট্রান্সফার হয়, সেগুলো কোর্টের ব্যাপার, সেগুলো আমার বলার কিছু নেই। সেই হিসাবে মামলা কিছু সি. বি. আই, কোর্টে আছে। এটুকু আমি জানি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—উত্তরবঙ্গে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চের কাজ কি শুরু হয়েছে।

মিঃ স্পীকার : আলাদা কোয়েশ্চেন আছে এটার উপরে। প্রশ্নটা আজকেই আছে, তখন উনি উত্তর দেবেন। আপনি বসুন।

শ্রী বাসুদেব মেটে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন-ঝুলে থাকা মামলাগুলি দ্রুত নিস্পত্তির জন্য সরকার এখনও পর্যন্ত কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রী মলয় ঘটক : গুলো সি. বি. আই আদালত সংক্রান্ত নয়। কারণ সি. বি. আই আদালতে খুব একটা মামলা ঝুলে নেই। সি.বি.আই. আদলতে মামলার সংখ্যা কম।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন অ্যাকচুয়ালি সি. বি. আই. তদন্ত বা সি. বি. আই. কেস দু' রকমের। এক হচ্ছে রাজ্য সরকার যদি চায় তবে হবে, নাহলে হাইকোট যদি নির্দেশ দেয় তাহলে হবে। অনুরূপভাবে দেখেছিলাম মেদিনীপুর ইত্যাদি জায়গায় প্রচুর সি. বি. আই কেস হয়েছিল এবং সেই সি. বি. আই. কেসগুলো বিভিন্নভাবে তারা কোর্টে গিয়ে চার্জশীটও ফাইল করেছেন। আমার প্রশ্নটাই হচ্ছে আপনার কাছে এই ধরণের কেসকে কোন ফয়সালা হয়েছে কিনা?

শ্রী মলয় ঘটক : কি ধরণের কেসে?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : যে সি. বি. আই. কেসগুলো নিয়েছে মেদিনীপুর এলাকাগুলোর, সেটা কোন কোর্টে ফয়সালা হয়েছে কিনা?

শ্রী মলয় ঘটক : আমাকে স্পেশিফিক কেস নাম্বার দিলে বা প্রশ্ন করলে তবেই আমি আপনাকে উত্তর দিতে পারব। কারণ এই সমস্ত জায়গাতে প্রতিদিনই মামলা হচ্ছে, প্রতিদিনই কিছু না কিছু কেসের ফয়সালা হচ্ছে।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন-সি. বি. আই আদালত বাড়ানোর ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রী মলয় ঘটক : সি. বি. আই. আদালতগুলো কেন্দ্রীয় সরকারের প্রজেক্ট। আগে আমাদের এখানে দুটো আদালত ছিল। পরবর্তীকালে আরও ছ'টি সি. বি. আই. আদালত কেন্দ্রীয় সরকার অনুমোদন দেয়। ছ'টি আদালতের মধ্যে আগে কলকাতাতেই ছিল। আমাদের সরকার গঠন হবার পরে মানুষ যাতে দরজাতে বিচার পায়, সেইজন্য আমরা শিলিগুড়ি, আসানসোল এবং আলিপুর এখানে তিনটি আরও আদালত গঠন করব।

শ্রী অশোক কুমার সাউ : মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন হ'ল যে, সিঙ্গুরের দেবু মালিক এবং অন্যান্যদের মামলা কি অবস্থায় আছে, যদি জানান।

শ্রী মলয় ঘটক : এই মামলা সি. বি. আই আদালতে পেন্ডিং নেই। এটা সি. বি. আই আদালত সংক্রান্ত প্রশ্ন।

মি: স্পীকার : মাননীয় মন্ত্রী শ্রী হিতেন বর্মন, আপনি একটু দেরী করে এসেছেন। আপনারটা held over করা হয়েছিল, hence forth আপনি একটু সময় মত আসবেন। আপনারটা এক নম্বর প্রশ্ন ছিল। আপনি আসতে পারেননি বলে এটা held over করা হয়েছিল।

হাতির তান্ডব

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯) **শ্রী তজমুল হোসেন :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলায় হাতির তান্ডবে ফসলের ব্যাপক ক্ষতি ও প্রাণহানির ঘটনা ঘটছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত তান্ডব প্রতিরোধে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

শ্রী হিতেন বর্মন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন— এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলায় হাতির তাণ্ডবে ফসলের ব্যাপক ক্ষতি ও প্রাণহানির ঘটনা ঘটছে, উত্তরে জানাই-

(ক) হ্যাঁ, রাজ্যের বিভিন্ন জেলায় হাতির তান্ডবে ফসলের ক্ষতি ও প্রাণহানির ঘটনা ঘটছে।

সত্যি হ'লে, উক্ত তাণ্ডব প্রতিরোধে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে, করছে?

(খ) হাতির তাণ্ডবে ফসলের ক্ষতি ও প্রাণহানি বন্ধ করার জন্য সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপ গুলি হল-

১. রাজ্যে দুটি হস্তি সংরক্ষণ প্রকল্প গঠিত হয়েছে, যার কেটি হলো, দক্ষিণবঙ্গে ময়ূরঝর্ণা হস্তি সংরক্ষণ প্রকল্প এবং অপরটি উত্তরবঙ্গে ইস্টার্ন ডুয়ার্স হস্তি সংরক্ষণ প্রকল্প।

২. এই হাতি অধ্যুষিত জঙ্গলে বাঁশ ও তাদের খাদ্যোপযোগী গাছের চারা লাগান হয়েছে।

৩. উত্তরবঙ্গে হাতির যাতায়াতের পথ পুনঃস্থাপন করা হচ্ছে।

৪. যেখানে যেমন প্রয়োজন সেখানে হাতির প্রাকৃতিক আবাসের সংরক্ষণের জন্য গাছপালা, জল সম্পদ, মৃত্তিকা সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে।

৫. হাতির আক্রমণ থেকে গ্রামবাসীদের রক্ষা করতে বিদ্যুৎবাহী বেড়া তৈরী করা হয়েছে।

৬. উত্তরবঙ্গে ৯টি এবং দক্ষিণবঙ্গে ৩টি এলিফ্যান্ট স্কোয়াড তৈরী হয়েছে।

৭. আগাম সতর্কবার্তার মাধ্যমে মানুষকে সজাগ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৮. একটি নির্দিষ্ট অঞ্চল থেকে হাতি খেদানোর জন্য স্থানীয় মানুষদের নিয়ে গঠিত হল্লা পার্টির সাহায্যে অনুপ্রবেশিত হাতিদের তাড়ানোর নিয়মিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৯. ভয় দেখিয়ে হাতি খেদানোর উদ্দেশ্যে গ্রামবাসীদের মধ্যে নিয়মিত ভাবে পটকা, মশাল জ্বালানোর উদ্দেশ্যে পোড়া মবিল বিতরণ করা হয়।

১০. হাতির দ্বারা আহত বা নিহত ব্যক্তি অথবা শষ্যের ক্ষতি হলে, ঘর ভাঙলে, গবাদি পশুর মৃত্যু ইত্যাদি ক্ষয়ক্ষতির কারণে ক্ষতিগ্রস্ত পরিবারর্গকে ক্ষতিপূরণ বা আর্থিক সাহায্য দেওয়া হয়ে থাকে। গত আর্থিক বছরে (২০১১-১২) হাতির আক্রমণে নিহত ও আহত ব্যক্তিদের ক্ষতিপূরণ বাবদ ৫৫৯৩০১০/- শষ্যহানির কারণে ২১৪৪৩৫০৭/- ক্ষতিগ্রস্থ ঘর বাবদ ৪৫৯২৫৫৮/-এবং গবাদি পশুর মৃত্যুর কারণে ২৪০৩৫০/-, অর্থাৎ, মোট ৩১৮৬৯৪২৫/- ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

১১. প্রয়োজনে সমস্যা সৃষ্টিকারী হাতিকে ধরে অন্যত্র সরিয়ে দেওয়া হয়।

১২. পথনাটিকা, পুস্তিকা, প্রচারপত্র বিতরণ এবং সেমিনার, ওয়ার্কশপ, আলোচনা সভা ইত্যাদি আয়োজনের মাধ্যমে হাতি সম্পর্কে জনসাধারণের কি করণীয় এবং কি করণীয় নয় তথা জনসচেতনতা বৃদ্ধির ব্যবস্থা করা হচ্ছে।

শ্রীতজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। উনি হাতির ব্যাপারে বিস্তারিত উত্তর দিয়েছেন। হাতির যে এই সমস্ত তাণ্ডব চলছে তার কারণ বন-কর্মীদের অভাব। এই বন-কর্মীর অভাব পূরণ করা যায়, প্রশিক্ষণ-প্রাপ্ত বন-কর্মী বানানোর কোন উদ্যোগ আপনার আছে কী?

শ্রীহিতেন বর্মন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যে কথা বলেছেন তার পরিপ্রেক্ষিতে বলি, আমাদের বন দপ্তরের ফরেস্ট গার্ড, বন-কর্মীর সাড়ে ৪০০-র মত পদ খালি আছে দীর্ঘদিন যাবৎ। আমরা এই পদ পূরণের জন্য উদ্যোগ গ্রহণ করেছি। প্রস্তাব অর্থ দপ্তরে পাঠানা হয়েছে। আশাকরি শীঘ্রই তার অনুমোদন মিলবে। এছাড়া স্থানীয় ভাবে যারা আমাদের 'ফরেস্ট প্রোটেকশন কমিটি'র সদস্য আছেন তাদের নিয়ে অফিসাররা বা আধিকারিকরা হাতি তাড়ানোর জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করছেন।

শ্রীতজমূল হোসেন : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে। প্রতিবেশী রাজ্য বিহার ও ঝাড়খণ্ডের হাতি চলাচলের রাস্তা বন্ধ করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রীহিতেন বর্মন : বিহার এবং বিভিন্ন রাজ্য থেকে হাতি যাওয়া আসার যে করিডোর সেটা বন্ধ করা সম্ভব নয়। এ ব্যাপারে ইতিমধ্যে দিল্লীতে একটা উচ্চ-পর্যায়ের বৈঠক হয়েছিল। নেপালের হাতি আমাদের উত্তরবাংলায়, শিলিগুড়ির দিকে আসে। একটা টাস্ক ফোর্স তৈরী হয়েছে এবং বিহার ও অন্যান্য, ঝাড়খণ্ড রাজ্যে, ঝাড়খণ্ড এবং অন্য রাজ্যে, উড়িষ্যায়, এই রাজ্যগুলো মিলে একটা কো-অর্ডিনেশন কমিটি,কেন্দ্রীয় পর্যটন, মানে, আমাদের বন দপ্তরের পক্ষ থেকে উদ্যোগ গ্রহণ করেছে। একটা টাস্ক ফোর্স গঠন করে মনিটরিং করা যাতে করে এই করিডোর দিয়ে যখন হাতি আসবে তখন তার ব্যাপারে আগাম একটা সতর্কমূলক ব্যবস্থা গ্রহণ করা যায়। কিন্তু দীর্ঘদিন যাবৎ হাতি যে চলাচল করছে সেই করিডোরকে বন্ধ করা সম্ভব নয়।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী

মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, ক্ষতিপূরণের তিনি যে বিবরণ দিলেন, আমি বিশেষ করে জানতে চাই যে, ফসলের যে ক্ষতি হয়, ধান. সব্জি, বা এর ক্ষতিপূরণের রেট-টা তৈরী হয়েছিল ২০০৬ সালে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, এখন সব জিনিসের রেট বেড়ে গেছে, তিনি কী মন্ত্রীত্ব পাওয়ার পর এই ক্ষতিপূরণের হার কোন ক্ষেত্রে বাড়িয়েছেন?

শ্রীহিতেন বর্মন : গত আগষ্ট মাসে এই ক্ষতিপূরণের হার বৃদ্ধি করার জন্য, ডাবল করার জন্য অর্থ মন্ত্রকে প্রস্তাব পাঠানো হয়েছে। আশাকরি শীঘ্রই অনুমোদন মিলবে। যেখানে যে রেট ছিল, মারা গেলে ১ লাখ, সেটাকে ২ লাখ করার জন্য, ক্ষতিপূরণের ক্ষেত্রে সাড়ে ৭ হাজার টাকা হেক্টরে ছিল, সেটাকে ১৫ হাজার টাকা করার জন্য, সবগুলোকে ডাবল করার জন্য প্রস্তাব অর্থমন্ত্রকে আছে। আশাকরি শীঘ্রই আমরা অনুমোদন পাব।

শ্রীসমরেশ দাস : মাননীয় স্পীকার মহোদয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি প্রশ্ন রাখছি। উনি উত্তর দিতে গিয়ে জানিয়েছেন, 'হাতির তাণ্ডবের জন্য শষ্যের যে ক্ষতি হয়েছে সরকার তার কিয়দংশ প্রদান করেছে'। কিন্তু আমাদের রাজ্যে শষ্য-হানির জন্য ক্রপ ইনসিওরেন্সের ব্যবস্থা আছে। সেই 'ক্রপ ইনসিওরেন্স স্কীমে'র মধ্যে খরা-বন্যা জনিত কারণে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা ছিল। সেখানে যদি এই বিষয়টাকে সংযুক্ত করা যায় তাহলে কৃষকরা অনেক বেশী ক্ষতিপূরণ পেতে পারেন এবং রাজ্য সরকারের হাত থেকেও টাকা যায় না। এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের কোন চিন্তা-ভাবনা আছে কিনা দয়া করে জানাবেন।

শ্রী হিতেন বর্মন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তার পরিপ্রেক্ষিতে জানাই, ইতিমধ্যেই বনাঞ্চল এরিয়ার পাশাপাশি শষ্যের যে ক্ষতি হচ্ছে তাতে KCC লোন বা বিভিন্ন ভাবে ক্রুপ ইনসিওরেন্সের ব্যবস্থা আছে। তা সত্ত্বেও আমরা উদ্যোগ গ্রহণ করেছি ক্রপ ইনসিওরেন্সের ক্ষেত্রে। ফরেস্ট ভিলেজ এবং পাশাপাশি এলাকায় যাঁরা বসবাস করেন তাদের ক্ষেত্রে আমরা, বন দপ্তরের পক্ষ থেকে উদ্যোগ নিয়ে এই ক্রপ ইনসিওরেন্সের যে প্রিমিয়াম হবে সেই প্রিমিয়াম দেওয়ার জন্য উদ্যোগ গ্রহণ করছি।

[1120–11.30 a.m.]

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় স্পিকার স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই বাঘের যেমন সুমারি হয়, তেমনি হাতি গণনার কোন ব্যবস্থা আছে কিনা' থাকলে বড় হাতি কত এবং ছোট হাতি কত? আর আপনার নিজের কোন হাতি আছে কিনা?

শ্রী হিতেন বর্মন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমে বলি আমার ব্যক্তিগত কোন হাতি নেই। হাতি সুমারি হয়েছিল ২ বছর আগে। সেই সুমারি অনুযায়ী উত্তরবাংলায় হাতির সংখ্যা প্রায় সাড়ে পাঁচশো, আগে ছিল তিনশো। প্রতি ২ বছর অন্তর হাতি গণনা হয়। হাতির সংখ্যাটি দিনের পর দিন বাড়ছে। ছোট হাতি এবং বড় হাতির ক্ষেত্রে যেগুলো বনাঞ্চলে ঘুরে বেড়ায় সেগুলো ছোট, তার সংখ্যা হয়তো নির্ধারণ করা সম্ভব নয়। এইরকম ৩৭ টি ছোট হাতি জলদাপাড়া থেকে আরম্ভ করে বিভিন্ন এলাকায় পাওয়া গেছে যেগুলোকে আমরা কুনকি তৈরি করছি।

শ্রী পার্থসারথী চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন জঙ্গল থেকে হাতি গ্রামে ঢুকে আসার একমাত্র কারণ কি জঙ্গলের খাদ্যাভাব?

শ্রী হিতেন বর্মন : মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন খাদ্যাভাব নিশ্চয়ই একটা কারণের মধ্যে অন্য কারণ। শুধু খাদ্যভাবের জন্য হাতি বাইরে বেরিয়ে আসে না। তার চলাচলের যে অভ্যাস এখান থেকে ওখান হাতি যে ঘুরে বেড়াচ্ছে সেই কারণের জন্যই হাতি বনাঞ্চলের বাইরে আসে। তেমনি বনাঞ্চলের মধ্যে পানীয় জলের ব্যবস্থা করার জন্য যে প্ল্যানটেশান করা হয় তাতে করে কিছুটা হলেও ঘাটতি আছে। হাতির সংখ্যা দিনের পর দিন যেভাবে বাড়ছে এবং বিভিন্ন রাজ্য থেকে যে হাতি আসছে সেই পরিমাণে বনঞ্চলের খাদ্যের অভাব আছে। সেক্ষেত্রে যেহেতু বনাঞ্চল বাড়ানো সম্ভব নয় সেইজন্য বনাঞ্চলের মধ্যে আরো প্ল্যানটেশান করে হাতি খাদ্য বাড়ানোর জন্য বিগত বছরের বাজেটে বেশি উদ্যোগ গ্রহণ করেছি।

শ্রী মমতা রায় : মাননীয় মন্ত্রী মহোদয় আপনার কাছে আমার একটাই প্রশ্ন, ২০১১ সালের অগাস্ট মাস থেকে আজ পর্যন্ত যে সমস্ত কৃষক হাতির তান্ডবে ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের মধ্যে কতজন কৃষক অনুদান পেয়েছে, কতজন কৃষক পায়নি সেটা যদি জানাতে পারেন ভালো হত?

শ্রী হিতেন বর্মন : ক্ষতিপূরণের ক্ষেত্রে যেটা আমাদের আছে — ফসলের ক্ষতির পরিমাণ ২০১১ সালের অগাস্ট মাস থেকে যেটা আপনি বললেন — এপর্যন্ত সেই পরিমাণটা হচ্ছে, এটা আমার কাছে জেলাওয়ারি আছে — ২০১০-১১ তে দার্জিলিং জেলায় ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি এবং শস্যহানির হয়েছে 528.590 হেক্টর। আমরা ক্ষতিপূরণ দিয়েছি এপর্যন্ত 1 কোটি 91 লক্ষ 3 হাজার 396 টাকা। জলপাইগুড়িতে শস্যহানি হয়েছে 813.530 হেক্টর। ক্ষতিপূরণ দেওয়া হয়েছে শস্যহানির কারণে 4 কোটি 36 লক্ষ 4 হাজার 689 টাকা। কোচবিহার জেলায় শস্যহানি হয়েছে 0.052 হেক্টর জমিতে। ক্ষতিপূরণ দেওয়া হয়েছে তিনশো .....

মিঃ স্পীকার : আপনি মাননীয় সদস্যকে লিস্টটা দিয়ে দেবেন তাহলেই হবে।

শ্রী উদয়ন গুহ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন এই যে হাতি, গন্ডার, বাইসন বিভিন্ন বন্যপ্রাণী জঙ্গল ছেড়ে জনপদে আসছে তার ফলে ফসলের ক্ষতি হচ্ছে, মানুষের জীবনের ক্ষতি হচ্ছে। মূল সমস্যা হচ্ছে নির্বিচারে বনভূমিকে ধ্বংস করা। এই বনভূমি ধ্বংস করার আর্বিভাব হচ্ছে বেআইনি করাত কল। এই বনভূমিকে রক্ষা করার ক্ষেত্রে বেআইনি করাত কলগুলির বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করছেন সেটা জানাবেন কি?

শ্রী হিতেন বর্মন : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, শুধু করাত কলের জন্যই বনাঞ্চল কাটাকাটি হচ্ছে বলা সেটা ঠিক নয়। আরো অন্যান্য কারণ আছে, ধরুন যে সমস্ত বনাঞ্চলের চারদিকে চা বাগান আছে চা বাগানের শ্রমিক আবাসের পাশাপাশি কিছু অবৈধ বসবাসকারী আছে বিভিন্ন চা বাগানে। চা বাগান এরিয়ার যারা সদস্য তারা জানেন। সেই চা বাগান এরিয়াতে অবৈধ বসবাসকারী মানুষরা একসঙ্গে ৫০-৬০ জন করে তীর, ধনুক, বল্লম বা আগ্নেয়াস্ত্র নিয়ে জঙ্গল কাটতে এসেছে এই ধরনের উদাহরণ বা নজির দুই-তিনটি ঘটনা ঘটেছে। ফলে এই জঙ্গল কাটলো যারা সেটা কিন্তু

কোন করাত কলে যাচ্ছে না। সেটা চা বাগানের ভিতরে কিছু হ্যান্ড সোয়িং মেশিন অবৈধভাবে আছে সেখানে সোয়িং করে বিভিন্নভাবে সাইকেলরিক্সা ইত্যাদি করে পাচার করছে। কাজেই এটা বন্ধ করার জন্য যেমন চা বাগান মালিকদের সঙ্গে বৈঠক করে বলা হয়েছে এবং চা শ্রমিকদের যা আপত্তি ছিল সেটাকেও আমরা এবার পূরণ করছি। চা বাগানের কোন বাড়িঘর হাতি ভাঙ্গলে আগে ক্ষতিপূরণের কোন ব্যবস্থা ছিল না। ফলে যখনই আমাদের অফিসাররা চা বাগানে কাঠ উদ্ধার করতে যেতেন তখন চা শ্রমিকরা ঘেরাও করতেন বলে হাতিতে ঘর ভাঙলে আপনারা আসেন না কিন্তু আপনারার কাঠ উদ্ধার করতে আসেন। সেই কারণে আগের রুলসটাকে অ্যামেন্ডমেন্ট করে এবারে চা বাগানের শ্রমিকের ঘর বাড়ি যদি ভাঙ্গে হাতি তারও ক্ষতিপূরণের ব্যবস্থা আমরা গত মাসেই সিদ্ধান্ত গ্রহণ করেছিলাম যাতে চা বাগান থেকে এই ধরনের কথাবার্তা না আসে। এছাড়া করাত কলের যে সমস্ত সংখ্যা মূলত সেকেন্ডারি করাত কল যেগুলো সেগুলোতে এই ধরনের গাছপালা বেশি চেরাই ইত্যাদি হয় না। যেগুলি প্রাইমারি শ' মিল আছে সেই প্রাইমারি শ' মিলগুলো লাইসেন্সপ্রাপ্ত প্রতিনিয়ত চেকিংয়ের ব্যবস্থা হচ্ছে। কাজেই শ' মিলের কারণে আমাদের বনাঞ্চলে গাছপালা কাটা হচ্ছে সেটা ঠিক নয় আরো অন্যান্য বিভিন্ন কারণ আছে। এছাড়া দীর্ঘদিন ধরে এই যে একটা প্র্যাকটিশ বিগত সরকারের আমল থেকেই ছিল প্রশাসনিক ঢিলেঢালা, প্রশাসনিক দিক থেকে কড়া পদক্ষেপ নেওয়া এগুলি হয়নি বলেই বনাঞ্চলে বেশি করে এই গাছ কাটার প্রবণতাটা দেখা দিয়েছিল। এই সরকার আসার পরে দেড় বছরের মধ্যে অফিসারদের বিরুদ্ধে যেমন ব্যবস্থা নেওয়া হচ্ছে যারা কোন রকমভাবে যুক্ত হয়ে যাচ্ছেন, কর্মচারীদের ব্যবস্থা নেওয়া হচ্ছে ফলে প্রশাসনিক দিক থেকে যেমন কড়া পদক্ষেপ নেওয়া হয়েছে পাশাপাশি ভিলেজার্স যারা গ্রামবাসী এফ. পি. সি. কমিটির মেম্বার তাদের সাহায্য নেওয় হচ্ছে। ইতিমধ্যে আমরা পরীক্ষামূলকভাবে দু-একটি জায়গায় লোকাল ছেলেদের নিয়োগ করেছিলাম ডেইলি ওয়েজে। তাতে করে সেখানে গাছপালা কাটাকাটি অনেকটা বন্ধ করা গেছে। কাজেই সার্বিকভাবে আমরা আশা করছি আর কিছু দিনের মধ্যে এই সমস্যাটাকে সমাধান করতে পারবো।

শ্রীমতী দেবশ্রী রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী কাছে প্রশ্ন সেটাও হাতি নিয়ে অবশ্যই কিন্তু এটা একটু অন্য ধরনের প্রশ্ন। হাতি যে ট্রেন লাইনে কাটা পড়ছে দিনের পর দিন, কয়েকদিন আগে আমি প্রশ্ন করেছিলাম মাননীয় মন্ত্রীকে উনি জানিয়েছিলেন একটা ডিটেক্টর আসছে সেই ডিটেক্টরের মাধ্যমে ট্রেন চালক জানতে পারবে লাইনের সামনে হাতি এসে গেছে, তখনই ব্রেক করে দেবে। সেই সুখবরটা কবে পেতে পারি আর কত দিনের মধ্যে সেই ডিটেক্টর মেশিনটা আপনারা আনতে পারবেন।

শ্রী হিতেন বর্মন : মাননীয় অধ্যক্ষ মহোদয় এই বিষয়টি রেল দপ্তরের কাছে আমাদের বন দপ্তরের প্রস্তাব দেওয়া হয়েছে। ডিটেক্টরের বিষয়টি যখন রেলের ড্রাইভার গাড়ি চালাবেন সেখানে একটা মেশিনের ব্যবস্থা আছে সেটার সাহায্যে তারা বুঝতে পারবেন যে, হাতি কত দূরে আছে ইত্যাদি বিষয়টি। রেলদপ্তরকে সেটা বলা হয়েছে। এছাড়া আমরা যেটা উদ্যোগ গ্রহণ করেছি ইতিমধ্যে যে জায়গাগুলিতে ট্রেনে এ্যাক্সিডেন্ট হয়ে হাতির মৃত্যু হয়েছে, সেখানে ওয়াচ টাওয়ারের জন্য কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। উত্তর বাংলা এবং দক্ষিণ বাংলায় একই জায়গায়। ওয়াচ টাওয়ারের

মাধ্যমে সেখানে সন্ধ্যা থেকে রাত্রি পর্যন্ত যদি পাহারার ব্যবস্থা রাখতে পারি তাহলে আগাম আমরা অন্তত সতর্কতাটা রাখতে পারি।

[11.30—11.40 a.m.]

পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯) **শ্রী মন্টুরাম পাখিরা :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১২-২০১৩ আর্থিক বছরে এ যাবৎ মোট কত সংখ্যক ছাত্রছাত্রীকে পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ-এর আওতায় আনা সম্ভব হয়েছে (জেলাওয়াড়ী হিসাব)?

ড. উপেন্দ্র নাথ বিশ্বাস : এই প্রকল্পটি চালু রয়েছে। আগামী কয়েক মাস ধরে পোষ্ট ম্যাট্রিক স্কলারশিপের টাকা বিতরণ করা হবে। ২০১২-১৩ আর্থিক বছরে ৫৫০৭৪৭ জন এস. সি এবং ৬৮৫২৭ জন এস. টি ছাত্রছাত্রীকে এর আওতায় আনার লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে।

POST-MATRIC SCHOLARSHIP

SL. NO	Name of the Districts	Target during 2012-13	Target during 2012-13
		SC	ST
1	KOLKATA DIST.	14626	635
2	HOWRAH	12810	179
3	NORTH 24 PARGANAS	51713	1947
4	SOUTH 24 PARGANAS	64029	1440
5	NADIA	59720	1115
6	MURSHIDABAD	22050	1248
7	BURDWAN	37248	3271
8	BIRBHUM	19992	2326
9	BANKURA	15750	6935
10	HOOGHLY	33412	4237
11	PURBA MEDINIPUR	14060	848

SL. NO	Name of the Districts	Target during 2012-13	Target during 2012-13
12	PASCHIM MEDINIPUR	20885	10774
13	PURULIA	7535	6627
14	JALPAIGURI	51734	15125
15	COOCHBEHAR	45813	402
16	SILIGURI	12600	2610
17	UTTAR DINAJPUR	23930	1189
18	DAKSHIN DINAJPUR	19840	3414
19	MALDA	23000	2545
20	GTA	0	1660
	Total	550747	68527

শ্রী মন্টুরাম পাখিরা : স্যার, আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়কে অসংখ্য ধন্যবাদ যে তিনি অত্যন্ত অল্প সময়ের মধ্যে এই দপ্তরের দায়িত্ব পেয়েছেন, মাত্র ১৪,১৫ মাস। এই অল্প দিনেই তার কার্যভার পাওয়ার পর যেভাবে এস সি, এস টি এবং ও বি সির ক্ষেত্রে সার্টিফিকেট প্রদান থেকে আরম্ভ করে করে পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ থেকে আরম্ভ করে , যে দ্রুততার সঙ্গে তার দপ্তর এবং বিডিও থেকে আরম্ভ করে এস সি, এস টি অফিসাররা দায়িত্ব নিয়ে এই দক্ষতার সঙ্গে কাজ করছেন তারজন্য তাকে আমাদের এই মা-মাটি-মানুষের সরকারের এই দপ্তরের মন্ত্রী মহোদয়কে আমি অসংখ্য ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় মন্ত্রী মহোদয়কে অতিরিক্ত প্রশ্ন করছি যে, তিনি গোটা রাজ্যের যে মোট ২০টি জেলা জি টি এ কে নিয়ে তারমধ্যে তিনি এস সি ৫৫০৭৪৭ জনকে পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ এবং যেখানে এস.টি ৬৮৫২৭ জনকে তিনি দেওয়ার বরাদ্দ করেছেন অর্থ। আমি বলতে চাই টোটাল এই দুটো বিভাগের তার দপ্তর গোটা রাজ্যের জন্য জেলাওয়ারী যে এই পরিসংখ্যান দিয়েছেন তারজন্য তিনি উভয় বিভাগের অর্থাৎ এস সি এবং এস টি এই দুটি বিভাগে কত অর্থ তিনি এবং তাঁর দপ্তর বরাদ্দ করেছেন সেটা জানাবেন কি?

ড. উপেন্দ্র নাথ বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, আপনার অনুমতিক্রমে ওই হিসাবটা আমি আপনাকে দিচ্ছি। ২০১১-১২ সালে এস.সি. তে ছিল ২২০ লক্ষ ৯৭ হাজার ৫৬৬ আর এস.টিদের জন্য ছিল ২৮ কোটি ৮৫ লক্ষ ৮ হাজার ৬০২ আর ও বি সিদের জন্য কি হচ্ছে গত বছরের পাচ্ছি সেটা আমরা এই বছর দিচ্ছি। এইবার ২০১২-১৩ তে এস সি দের যে বরাদ্দ আছে সেটা হচ্ছে ১৮৮ লক্ষ ৩২ হাজার ৫৪,৯০০। ইতিমধ্যেই আমরা রিলিজ করে দিয়েছি ১২৬ লক্ষ ৬৮ লক্ষ ৯৩ হাজার ৭৫০ — এটা হচ্ছে এস. সি. এবং এস টি দের জন্য বরাদ্দ হচ্ছে ২৯ লক্ষ ৬১ লক্ষ

১১ হাজার ৩১৫। ইতিমধ্যেই ৭৯৬,৩৩,৫০০ টাকা রিলিজ করা হয়েছে। ও বি সিদের জন্য যেটা গত বছরের ফান্ড স্পিল ওবার করেছে তার হচ্ছে ১১,৫২,৬৬,০৯৫ এটাও রিলিজ করা হয়েছে।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন এই লক্ষ্যমাত্রা আগামীদিনে তিনি অত্যন্ত দ্রুততার সঙ্গে যেভাবে এস সি এবং এস টি এদের জন্য পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ দেওয়ার ক্ষেত্রে দ্রুততার সঙ্গে তার দপ্তর কাজ করছে, তাতে একটা বিরাট অংকের ছাত্র-ছাত্রীরা আপনার দপ্তর থেকে তারা অর্থ পাবে। মাননীয় মন্ত্রী মহোদয় আমি আপনার কাছে অতিরিক্ত একটি প্রশ্ন রাখছি যে, এই লক্ষ্যমাত্রা আগামী দিনে বাড়ানোর জন্য কোন সিদ্ধান্ত গ্রহণ করেছেন কি না কিংবা এস. সি এবং এস. টি ছাত্রছাত্রীদের জন্য যে অর্থ বরাদ্দ রয়েছে সেই অর্থটাকে বাড়াবার জন্য আপনারা দপ্তর কিংবা আপনি কোন পরিকল্পনা আগামী দিনে গ্রহণ করবেন কি না, যদি এটা জানান।

ড. উপেন্দ্র নাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ স্যার, টাকাতো বেশি পেলে খুবই ভাল। আরো বাড়াবার পরিকল্পনা আছে। আরো চেষ্টা করছি ভারত সরকারকে প্রস্তাব দিয়ে, আমাদের স্টেট গভর্ণমেন্ট যতটুকু দেবে তার থেকে যদি বেশী টাকা আনা যায়। তারজন্য আমি ইতিমধ্যেই ভারত সরকারকে চিঠি লিখেছি এবং সেটা তৎপরতার সাথে আমরা পার্সু করে যাচ্ছি।

ড. তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে স্নাতক স্তরে প্রাইভেট, পলিটেকনিক, মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং কলেজে যে ছাত্রছাত্রীরা পড়েন তারা আপনার এই স্কলারসীপের আওতায় পড়েন কি না এবং পড়লে তাদের কত করে স্কলারসীপ দেওয়া হয়, এটা যদি অনুগ্রহ করে জানান।

ড. উপেন্দ্র নাথ বিশ্বাস : উইথ দা পারমিশান অফ দা অনারেব্যাল স্পীকার স্যার, প্রাইভেট কলেজে পড়তে তা আমাদের আওতার মধ্যে পড়ছে না। কারণ যে রেটটা করা হয়েছে সেটি হচ্ছে সরকারী বা সরকারের অনুমোদিত যে সমস্ত কলেজ স্কুল আছে অর্থাৎ যেখানে সরকারের টাকা যায় সেই হিসাবেই টাকাটা ব্যবহার করা হচ্ছে।

ড. আশীষ ব্যানার্জী : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটি অতিরিক্ত প্রশ্ন যে IGNOU তে যারা পড়াশুনা করে তারা এই পোস্ট ম্যাট্রিক স্কলারসীপ পাওয়ার যোগ্য কিনা? অর্থাৎ IGNOU তে পড়াশুনা করছেন তারা এই স্কলারশীপটা পেতে পারেন কি না? দূরশিক্ষার ক্ষেত্রে বিশেষ করে আমি IGNOU-র নাম করলাম। IGNOU বা অন্যান্য যে ডিসটেন্স এডুকেশানের ক্ষেত্রে এই স্কলারসীপটা পেতে পারেন কি না?

ড. উপেন্দ্রনাথ বিশ্বাস : ডিসটেন্স এডুকেশানের ক্ষেত্রে আমাদের যে লিস্ট আছে সেই লিস্টটা আমি আপনাকে দিয়ে দেব। খুব লম্বা লিস্ট আছে — ডিগ্রি, পোস্ট গ্র্যাজুয়েট থেকে আরম্ভ করে নানা ধরনের কোর্স — এম.ফিল, পি.এইচ.ডি, এল.এল.বি ইত্যাদি আমার মনে হয় এতবড় লিস্ট যদি পড়তে যাই তাহলে খুব অসুবিধা হবে। আমি আপনাকে লিস্টটা দিয়ে দেব আরো একটা অনুরোধ করব আমি যে আপনাকে লিস্টটা দিচ্ছি, আমাদের ওয়েব সাইটে এটি সুন্দর করে দেওয়া

আছে। আমি গর্বের সঙ্গে বলতে পারি যে আমাদের রাইটর্স বিল্ডিংয়ে আমাদের ডিপার্টমেন্টে একটি ইনফরমেশান কিয়স্ক আছে, আপনি সেখানে দেখলেই সব পেয়ে যাবেন। তবু আমি আপনাকে একটা কবি দিয়ে দেব।

শ্রী আবু তাহের খান : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটি অতিরিক্ত প্রশ্ন যে, উনি বললেন যে এস.সি, এস.টি এবং ও.বি.সি -দের ক্ষেত্রে যে স্টাইপেন্ড দেওয়া হয়েছে তাতে ভারত সরকার কত টাকা দিয়েছে এবং রাজ্য সরকার কত টাকা দিয়েছে? এস.সি, এস.টি এবং ও.বি.সি -দের ক্ষেত্রে এই ব্যাপারটি স্পেসিফিকভাবে বলুন।

ড. উপেন্দ্র নাথ বিশ্বাস : এক একটা স্কীমে এক এক রকম টাকা আছে। আমি যদি সেই প্রত্যেকটা স্কীম ধরে বলতে যাই তাহলে সেটা অনেক সময় লাগবে। তাই আমি মাননীয় স্পীকারের কাছে অনুরোধ করছি ওই লিস্টটা এত বড় যে আমি ওনাকে পরে দিয়ে দেব। ..... (গোলমাল) ..... একসঙ্গে ওইভাবে করা যাবে না, ওইভাবে করলে প্রশ্নের উত্তর দেওয়া যাবে না।

মি. স্পীকার : আপনাকে পরে দিয়ে দেবে আপনি তখন দেখে নেবেন। ..... (গোলমাল) ..... উনি যেটা বলছেন ratio-টা ..... (গোলমাল) ..... মিঃ খান এত বেশি একসাইটেড হওয়ার কিছু নেই। উনি দিয়ে দেবেন ইউ ক্যান ফাইন্ড ইট আউট।

শ্রী বিশ্বনাথ কারক : স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাই। আমাদের কাছে সকাল-সন্ধে, দিন-রাত সব সময় ছাত্ররা আসছে সই করতে হচ্ছে। সব বিধায়করাই করছেন। আমরাও কিন্তু সুনির্দিষ্টভাবে জিনিসটা বুঝতে পারছি না। কারণ যারা স্কলারসীপ পাওয়ার যোগ্য নয় তারাও সই করতে আসছে। কারণ ইন্টারনেট থেকে, ওয়েবসাইট দেখে তারা ফর্ম তুলছে এবং ফর্ম ফিল আপ করে আমাদের কাছে আসছে। আবার দেখা যাচ্ছে একটা শ্রেণীর ছাত্ররা মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক বা যারা গ্র্যাজুয়েশান করার জন্য ভর্তি হয়েছে এমন ছাত্ররাও রয়েছে, সেই ছাত্ররা ব্যাংকে অ্যাকাউন্ট করছে ঐ সমস্ত স্কলারসীপের টাকা জমা পড়বে বলে। মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন যে, আমাদের কাছে এই ব্যাপারে কোন সুনির্দিষ্ট সার্কুলার নেই। তাই সেটা যদি আমাদের সমস্ত বিধায়কদের কাছে দেওয়া যায় তাহলে আমাদের একটু সহজসুলভ হবে।

[11.40 — 11.50 a.m.]

ড. উপেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, উনি যে সাজেশান দিয়েছেন, সেই সাজেশানটা আমি ভালো করে পরীক্ষা করে নিশ্চয়ই যা কিছু সুব্যবস্থা করা যায় সেটা হবে। এই প্রসঙ্গে আর একটা কথা বলি যে, এতো বলেই দেওয়া হয়েছে কোন গ্রুপে কত পয়সা দেওয়া হবে। অতএব তারমধ্যে কিন্তু কোন এমবিগুটি নেই। আমি অতখানি লিস্টটা পড়ছি না, উনি বলছিলেন বারবার করে, তবু আপনার ঐ প্রশ্নের ভাবে সুবিধা হবে বলেই বলছি যে, এইরকম ধরুন গ্রুপ ওয়ানে স্টেট রেট হয়েছে ১২০০, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ারও ১২০০। গ্রুপ টু-তে ৮২০

টাকা স্টেটের, ৮২০ টাকা সেন্ট্রাল গভর্ণমেন্টের। গ্রুপ থ্রি-তে ৭৫০ টাকা স্টেটের ৫৭০ টাকা গভর্ণমেন্ট অফ ইন্ডিয়ার। তার মানে গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার থেকে বেশি দিচ্ছি আমরা। গ্রুপ ফাইভে ৭৫০ টাকা স্টেটের, ৩৮০ টাকা গভর্ণমেন্ট অফ ইন্ডিয়ার। এইভাবে নানা গ্রুপে আছে। অতএব আপনি যে প্রস্তাবটা দিয়েছেন তা বিবেচনা করব এবং যথাযথ ব্যবস্থা নেব।

শ্রী আনিসুর রহমান : স্যার আমি আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে জানতে চাইছি, উনি যেটা বললেন — প্রশ্নটা ছিল যে কত কত ছেলেমেয়েকে এর আওতায় আনা হয়েছে। উনি বললেন লক্ষ্যমাত্রা। আমি তো বুঝতে পারলাম না কেন বললেন। ওতে বলা আছে কত আনা হয়েছে, উনি বলে দিলেন লক্ষ্যমাত্রা। দ্বিতীয় যে বিষয়টা আমার জানার যে, আপনি এস.সি বললেন, এস.টি বললেন কিন্তু আদার কাস্ট যেগুলো আছে — ও.বি.সি, তাদের কথা কিছুই বললেন না। শুধু বললেন যে, এস.সি লক্ষ্যমাত্রা এটা, এস.টি-র লক্ষ্যমাত্রা এটা, আর বাকি যে আরও কাস্ট আছে আদার কাস্ট তাদের সংখ্যাটা কাইন্ডলি বলুন, আমি এটা জানতে চাইছি।

ড. উপেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, ক্যাটিগরি হচ্ছে প্রি ম্যাট্রিক — প্রি ম্যাট্রিক হচ্ছে ২০১১-'১২ এস.সি ২৩ লক্ষ ১৯ হাজার ৪৮৯। ২০১২-'১৩ তে ২৫ লক্ষ ৭০ হাজার ৫৪৮, ২০১১-'১২ তে ৯০ লক্ষ ৫০ হাজার ৫০১ এবং ২০১২-'১৩ ৬৮ লক্ষ ১৮ হাজার ৭৫০। এবার ও.বি.সি বলছি, তারপর এস.টি বলব। ও.বি.সি ৮৫ হাজার ৩৯৫।

মিঃ স্পীকার : এস.টি লাগবে না, উনি ও.বি.সি জানতে চেয়েছেন।

শ্রী বঙ্কিম হাজরা : অনারেবেল স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, বিভিন্ন বিদ্যালয়ে আমাদের যে এস.সি, এস.টি হোস্টেলে ছাত্রছাত্রীরা থাকেন, তাদের যে মেনটেনেন্স গ্র্যান্ট দিয়ে থাকেন আপনার দপ্তর থেকে সেক্ষেত্রে দিনের পর দিন যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে, সেক্ষেত্রে কোন বাড়াবার পরিকল্পনা রয়েছে কিনা যদি দয়া করে জানান।

ড. উপেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হোস্টেল চার্জেস ফর এস.সি, এস.টি স্টুডেন্ট রিসাইডিং ইন হোস্টেল — মানে এস.সি, এস.টি যেখানে হোস্টেলে আছে, তাদের ৭৫০ টাকা করে পার মান্থ দেওয়া হচ্ছে এবং তারও কিছু কিছু কন্ডিশান রয়েছে। এই কন্ডিশানের মাধ্যমে বর্তমানে যে টাকা খরচ হচ্ছে, আমরা বিবেচনা করছি যে, কত টাকা আরও সামান্য কিছু বাড়ানো যায় কিনা। কিন্তু আমাদের যে পরিস্থিতি, সেই পরিস্থিতির মধ্যে এখনই, আজকেই বাড়াতে পারছি না। কিন্তু আমি বাড়াতে পারলে খুবই খুশি হব।

শ্রী সুনীল মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন স্কলারসিপ পাওয়ার জন্য ছেলেরা আমাদের কাছে ফর্ম সই করাতে নিয়ে আসে। পিতার মান্থলি ইনকাম বর্তমানে কত আছে এবং এই মান্থলি ইনকামের উপর ভিত্তি করে যে স্কলারসিপ দেওয়া হয়, সেটা বাড়াবার কোন পরিকল্পনা আপনার আছে কি না?

ড. উপেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, উনি বলছেন ইনকামটা কত, সেটা আগে আমি বলে নেই। অনেকগুলো heading/ক্যাটাগরি আছে। আমি সামান্য দুটো একটা ক্যাটাগরি

বলছি। হোস্টেলের জন্য ৩৬০০০ হচ্ছে সিলিং। এবার বুক্স অ্যান্ড গ্র্যান্ডস-এর জন্য সিলিং হচ্ছে ৩৬০০০। আদার কমপালসারি চার্জেস যেটা আছে সেটাও ৩৬০০০। আশ্রম হোস্টেলের চার্জ ৩৬০০০। মেরিট স্কলারসিপের বেলায় ৬০৯২০। তারপরে আছে merit scholarship for SC ইলেভেন/টুয়েলভ, সেটাও ৩৬০০। আপগ্রেডেশান অফ merit for এস. সি, এস. টি, সেখানে কিন্তু কোন সিলিং নেই। আর প্রি মেট্রিক স্কলারসিপের জন্য নো সিলিং। আবার পোস্ট মেট্রিক স্কলারসিপ এস সি, এস টি দের জন্য ২ লক্ষ টাকা সিলিং। সেখানে আবার হোস্টেলারদের জন্য একরকম রেট হয় তাদের। আর ডে স্কলারের জন্য এক রকম রেট হয়। এবার প্রি মেট্রিক, ডে স্কলার অ্যান্ড হোস্টেলার-এর জন্য ৪৪৫০০ ইজ দা সিলিং। পোস্ট মেট্রিক স্কলারসিপ to ও বি সি স্টুডেন্ট, সেখানে ডে স্কলার আছে, হোস্টেলাদের জন্য আলাদা রকম চার্জ আছে। সেখানে হচ্ছে ৪৪৫০০। Female স্কুল ফর এস টি, সেখানে কোন সিলিং নেই। যেখানে প্রি ট্রেনিং করা হয় সেখানে কোন সিলিং নেই। যেখানে ট্রেনিং কাম প্রোডাকশান করা হয়, সেখানে কোন সিলিং নেই। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন হোস্টেলের ছাত্র-ছাত্রীদের জন্য শুধুমাত্র payment-র জন্যে হোস্টেলগুলো বন্ধ হয়ে গিয়েছে। এই ব্যাপারে আপনি কোন ব্যবস্থা নিচ্ছেন কি? আর হোস্টেলে যে টাকাটা দেওয়া হয় ৭০০ সামথিং টাকা, এর রাজ্য এবং কেন্দ্রের প্রপোরসানটা কত?

ড. উপেন্দ্রনাথ বিশ্বাস : আগেই আপনাকে বলেছি যে এর কোন রেসিয়ো নেই। আর আপনি বলছেন যে টাকার অভাবে হোস্টেল বন্ধ হয়ে গিয়েছে, এইরকম খবর যদি আপনি কাইন্ডলি আমাকে স্পেসিফিক দেন তাহলে আমি ইনস্পেকশন করব। টাকার অভাবে হোস্টেল বন্ধ হয়ে গিয়েছে এর যদি আপনি লিস্ট দেন তাহলে আমি খুবই খুশি হব।

উদ্বাস্তু পুনর্বাসনে ঋণ

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১২০) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে ঋণ দানের ব্যবস্থা করা হয় ; এবং

(খ) সত্যি হলে, (১) ২০১১-২০১২ অর্থবর্ষে কতজন উদ্বাস্তু এই ঋণের জন্য দরখাস্ত করেছিলেন ; ও

(২) কতজনকে এই ঋণ দেওয়া হয়েছে?

শ্রী মঞ্জুল কৃষ্ণ ঠাকুর : (ক) উদ্বাস্তু পুনর্বাসনের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে বর্তমানে কোনো ঋণ দানের ব্যবস্থা নেই, তবে উদ্বাস্তু শিবিরগুলিতে বসবাসকারী উদ্বাস্তু পরিবারের পুনর্বাসনের সময় বাড়ি তৈরী ও ক্ষুদ্র ব্যবসার জন্য এককালীন অর্থ সাহায্য করা হয়।

(খ) (১) উদ্বাস্তু শিবিরে বসবাসকারী কোনো পরিবার ২০১১-১২ অর্থবর্ষে পুনর্বাসনের জন্য আবেদন করেন নি।

(২) প্রযোজ্য নয়।

[11.50 a.m.—12.03 p.m.]

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : আমার জিজ্ঞাস্য, গ্রামীন এলাকার ডিসপ্লেসড পার্সন যারা রয়েছে, এই উদ্বাস্তুদের মধ্যে তাদের পরিকাঠামোগত সুবিধার উন্নয়নে ২০১১ এবং ২০১২ সালে এই সরকার কি কি কাজ করেছেন দয়া করে জানাবেন কি?

শ্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর জানাই, উদ্বাস্তু শিবিরে বসবাসকারি উদ্বাস্তু ছাড়া, উদ্বাস্তু পুনর্বাসনের সময় কোন ঋণ বা আর্থিক সহায়তা দেওয়া হয় না। আর শুধু গ্রাম বলে তো কথা নয়, উদ্বাস্তু শিবিরে বসবাসকারি উদ্বাস্তু পরিবারের পুনর্বাসনের সময় সিঙ্গল ইউনিট ফ্যামিলির পুনর্বাসনের ফি ১০, ১৩৫ টাকা, এইচ.বি. ৯০০০ টাকা, স্মল ট্রেড ১০০০ টাকা, মেইনটেন্যান্স গ্রান্ট ১৩৫ টাকা এবং মাল্টি ফ্যামিলির জন্য ১৪,১৩৫ টাকা।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, উনি যেটা বললেন সেটা আমার সঙ্গে মিলছে না। কারণ গত বছর অর্থাৎ ২০১১-১২ এর বাজেটে Development of infrastructure facilities in rural plots for displaced persons — colonies in West Bengal বাবদ রেখেছিলেন ৪ কোটি ৯৭ লক্ষ ৪০ হাজার টাকা, Demand No. 46, 423501201 SP 006'. কাজেই আপনি যে বলছেন দেওয়া যাবে না, এটা ঠিক নয়।

আমার দ্বিতীয় প্রশ্ন, refugee colony যে সমস্ত রয়েছে, তাছাড়া ২০১১-১২ সালে কোথায় কোথায় কত পরিমান জমি আপনারা অধিগ্রহণ করেছেন রিফিউজি কলোনি করার জন্য।

শ্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর : আপনার মূল প্রশ্নের সঙ্গে এর কোন যোগ নেই। আপনি লিখিত ভাবে জানাবেন, আমি এর উত্তর দিয়ে দেব।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। উদ্বাস্তু কলোনিগুলোতে যখনই কোন পরিকাঠামোগত উন্নয়নের কাজ হতে দেখা গেছে — সে রাস্তা নির্মাণই হোক বা পয়ঃপ্রণালির ব্যবস্থা হোক বা গৃহনির্মান কর্মসূচিই হোক, সমস্ত ক্ষেত্রেই কিন্তু একটা সংস্থাকে কর্তৃত্ব ফলাতে দেখা গেছে — সেটা হচ্ছে ইউ.সি.আর.সি.। তাদের নিয়ন্ত্রণেই সমস্ত কাজ হতে দেখা গেছে। এই সংস্থাটির কোন সরকারি স্বীকৃতি আছে কিনা জানতে চাই।

শ্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর : ইউ.সি.আর.সি. বামফ্রন্ট আমলের, তারা যে কাজ করেছে। আমরা এখন বিবেচনা করে দেখব কি ভাবে সুষ্ঠু ভাবে এটা করা যায়।

শ্রী নির্মল ঘোষ : বিংশ শতাব্দীতে ভারতবর্ষের মরিচঝাঁপিতে — সুন্দরবনের প্রান্তরে বিগত বামফ্রন্ট সরকার যে ঘটনা ঘটিয়েছিল, তাতে হাজার হাজার উদ্বাস্তু ভাই-বোনেরা রক্তাক্ত হয়েছিল। আজকে তারাই আবার উদ্বাস্তুদের জন্য কুম্ভীরাশ্রু বিসর্জন করছে ! আমি জিজ্ঞাসা করতে চাই,

সেই হাজার হাজার পরিবারগুলোর উন্নয়নের জন্য তাদের আর্থিক সহায়তা এবং পুনর্বাসনের কোন পরিকল্পনা এই দপ্তরের আছে কিনা।

শ্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর : মাননীয় সদস্য খুব সময়োপযোগি প্রশ্ন করেছেন। কারণ এটা খুব মর্মস্পর্শী ব্যাপার। প্রায় ৩৩ বছর, এটা হয়েছে বামফ্রন্টের আমলে। এর উত্তর আমি কি দেব, আপনারা সবাই জানেন। বামফ্রন্ট সরকার এই নক্কারজনক ঘটনা ঘটিয়েছিল, সত্যিই এটা বাংলার লজ্জা, আমাদের সকলের লজ্জা। এটা বাংলার লজ্জা। আমাদের সকলের লজ্জা। কারণ আমি দেখছি যে এটা কতদুর কি করা যায়। কারণ ওখানে থেকে যারা এসেছিলেন মরিচাঝাঁপিতে দন্ডকারণ্য থেকে তাদের অনেকেরই কাগজপত্র নেই। আমরা কি করে আইডেনটিফাই করব। আমাদের সরকার এবং আমাদের দপ্তর মোটামুটি চেষ্টা করে যাচ্ছে যদি কিছু উদ্ধার করা যায় কারণ এইরকম ন্যক্কারজনক ঘটনা বামফ্রন্ট সরকার তখন ঘটিয়েছিল। এটা তাদের কাছে নতুন কিছু নয়। তবে আমরা দেখছি।

শ্রী মইনুল হক : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন দীর্ঘদিন ধরে আমার বিধানসভা এলাকায়, এরকম গোটা রাজ্যে আছে যারা ফরাক্কা ব্যারেজের ল্যান্ডে, রেলের ল্যান্ডে যারা বসবাস করে। এটা দীর্ঘদিনের দাবি যে তাদের পাট্টা দেওয়া হোক। কারণ তারা পাট্টা না পাওয়ার ফলে সেখানে আমরা ইলেকিট্রিফিকেশন করতে পারছি না। পঞ্চায়েতের অন্তর্ভুক্ত করতে পারছি না। এটা নিয়ে বামফ্রন্ট সরকারের আমলে বহুবার পথনাটিকা হয়েছে, বহু আন্দোলন হয়েছে। কাজের কাজ কিছু হয় নি। নির্দিষ্টভাবে আমি মন্ত্রীর কাছে জানতে চাইছি যে তাদের পাট্টা দেওয়ার বিষয়টা আপনি বিবেচনা করছেন কিনা?

শ্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর : মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন রেলে আমাদের আর. আর ডিপার্টমেন্টের অনেক জমি আছে, ১৯৭টা। সেগুলো রেলের কাছ থেকে আমরা নিতে চাইছি এবং সেই বিষয়ে আমরা চিঠিপত্র দিয়েছি। মোটামুটি একটা স্যাটিসফ্যাকটরি উত্তর পাওয়া গেছে। আগামীদিনে আমাদের সরকার সেটা দেখবে কি করা যায়।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার প্রশ্ন, ফ্রি হোলড টাইটেল ডিডস আজ পর্যন্ত, ২০১২র আগস্ট পর্যন্ত কতজন উদ্বাস্তুকে দলিল বিলি করা হয়েছে?

শ্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর : মোটামুটি হাজার তিনেকের মত করা হয়েছে। কিন্তু আাপনি যদি নির্দিষ্টভাবে জানতে চান আপনি বলবেন। একজ্যাকট ফিগারটা আমি বলে দেব।

রাজ্যের গ্রন্থাগারগুলিতে শূন্যপদ

* ৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪) **শ্রী শাহাজাহান চৌধুরী :** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানালেন কি—

(ক) ৩১ শে জুলাই ২০১২ সাপেক্ষে রাজ্যের সরকারি গ্রন্থাগারগুলিতে গ্রন্থাগারিক, পিওন পদে শূন্য পদের সংখ্যা কত; এবং

(খ) উক্ত শূন্য পদগুলি পূররের ক্ষেত্রে সরকার কোন পদক্ষেপ গ্রহণ করেছে কি না?

শ্রী আবদুল করিম চৌধুরী :

(ক) (১) লাইব্রেরীয়ান — ৩টি

(২) অ্যাসিসট্যান্ট লাইব্রেরীয়ান — ৪টি

(৩) সিস্টেম ম্যানেজার — ১টি

(৪) লাইব্রেরী অ্যাসিসট্যান্ট — ২১টি

(৫) ইউ.ডি.সি, অ্যাকাউন্ট্যান্ট — ৫টি

(৬) এল.ডি.সি, টাইপিষ্ট, ক্যাশ সরকার — ৪টি

(৭) গ্রুপ - ডি (পিওন, দপ্তরী, মালি, নাইট গার্ড, বুক বাইন্ডার ইত্যাদি) — ১৯টি

(৮) ড্রাইভার — ৪টি।

(খ) হ্যাঁ।

Starred Questions
(to which answers were lai on the 'Table')

ডোমকলে মহকুমা আদালত স্থাপন

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫১) **শ্রী আনিসুর রহমান :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ডোমকলে মহকুমা আদালত স্থাপনের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত আদালত চালু হবে বলে আশা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) কবে নাগাদ উক্ত আদালত চালু হবে তাহা নির্দিষ্ট করে বলা সম্ভব নয়। তবে বর্তমান সরকার এই বিষয়ে যথেষ্ট সচেষ্ট আছে।

পন্ডিত রঘুনাথ মুর্মু আবাসিক বিদ্যালয়

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯) **শ্রী বাসুদেব মেটে :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পন্ডিত রঘুনাথ মুর্মু আবাসিক বিদ্যালয়ের হোস্টেলে ২০০৫ সাল থেকে ১৩ জন অস্থায়ী কর্মী কর্মরত আছেন ;

(খ) সত্যি হলে, উক্ত অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, ১৩ জন অস্থায়ী কর্মী আছেন।

(খ) উক্ত অস্থায়ী কর্মীগণ স্কুল কর্তৃপক্ষ কর্তৃক চুক্তির বিষয়, এই দপ্তরের বিচারাধীন নয়। কেবলমাত্র ছাত্রাবাসের ছাত্রদের মাথাপিছু মাসে খাওয়ার টাকা বাবদ ৭৫০ করে বছরে ১০ মাসের জন্য ৭৫০০ টাকা এই দপ্তর থেকে দেওয়া হবে।

(গ) বিষয়টি এই দপ্তরের বিচারাধীন নয়।

কলকাতা হাইকোর্টের সার্কিটবেঞ্চ

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৪) **শ্রী রামেশ্বর দোলুই :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

উত্তরবঙ্গে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

উত্তরবঙ্গে কোলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চের সীমানা প্রাচীর নির্মাণ ও জমি উন্নয়নের কাজ শুরু হয়েছে। মূল ভবনের নির্মাণ কাজ শীঘ্রই শুরু হবে।

আদিবাসী উন্নয়নের প্রশিক্ষণ

*৫৫।(অনুমোদিত প্রশ্ন নং *৮০) **শ্রী মন্টুরাম পাখিরা :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১শে আগস্ট, ২০১২ সাপেক্ষে পশ্চিমবঙ্গ উপজাতি উন্নয়ন সমবায় নিগম লিমিটেড -এর পক্ষ থেকে মোট কত সংখ্যক শিক্ষানবিশকে আদিবাসী উন্নয়ন প্রকল্পে প্রশিক্ষণ দেওয়া হয়েছে?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১২-১৩ আর্থিক বছরে ৩১শে আগস্ট, ২০১২ পর্যন্ত মোট ২৯৬ জন শিক্ষানবিশকে আদিবাসী উন্নয়ণ প্রকল্পে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

(খ) ২০১১-১২ আর্থিক বছরে মোট ২৫৯১ জন শিক্ষানবিশকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

[12.45—1.00 p.m.]

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Honb'le Members, I have received an application from Shri Abhijit Mukherjee desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read it out.

To

The Hon'ble Speaker
West Bengal Legislative Assembly
Bidhan Sabha Bhavan
Kolkata, West Bengal
Respected Sir,

Sub : Request for grant for the current Assembly Session

Schedule from 21st September 2012

You may be aware that the undersigned has been nominated as a Candidate from INC for the forthcoming Bye-Poll (Lok Sabha) at Jangipur (#-9 - Jangipur Parliamentary Constituency) scheduled on 10th October 2012.

As I am busy in campaign for the bye-election, I shall not be able to attend the current Assembly Session, therefore it is my "humble request to grant leave for this current Assembly Session".

With warm regards,

Yours sincerely,

Sd/ Abhijit Mukherjee

21.09.12

I now ask whether Shri Abhijit Mukherjee has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Shri Abhijit Mukherjee has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 21st September, 2012 till the last day of the current session.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received one Notice of Calling Attention from Shri Tajmul Hossain on the subject of alleged non-distribution of B.P.L. Cards in Harishchandrapur Block-I and II in Maldah district.

I admit it.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or sent direct to the Member concerned.

শ্রী মনীশ গুপ্ত : এই রিপ্লাইটা মাননীয় সদস্যের কাছে সরাসরি সাত দিনের মধ্যে পাঠিয়ে দেওয়া হবে।

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presentation of the Second Report of the Committee on the Affairs of Women & Children (2012-2013)

The Chairperson (Smt. Feroza Begam) : Hon'ble Speaker, Sir, I beg to present the Second Report of the Committee on the Affairs of Women & Children (2012-2013) on some Government and Non-Government Homes in the districts of North 24-Parganas, South 24-Parganas, Kolkata, Hooghly and Purba Medinipur.

Presentation of the Second Report of the Standing Committee on Labour (2012-2013)

The Chairman (Shri Gouranga Chatterjee) : Hon'ble Speaker, Sir, I beg to present the Second Report of the Standing Committee on Labour (2012-2013) on present status of the E.S.I. Hospitals in West Bengal run under the Employees' State Insurance (Medical Benefit) Scheme, West Bengal.

মিঃ স্পীকার : আমি ভেবেছিলাম যে, একটা লেজিসলেশান নিয়ে নেব প্রথমার্ধে। কিন্তু এত বেশী অ্যামেন্ডমেন্টগুলি জমা পড়েছে, অ্যাসেম্বলী সেগুলি প্রিন্ট করে উঠতে পারে নি। সেইজন্য the House is adjourned till 12.45 p.m.

(At this stage the House was adjourned till 12.45 p.m.)

After Recess

LEGISLATION

The West Bengal School Service Commission (Amendment) Bill, 2012

Shri Bratya Basu : Sir, I beg to introduce the West Bengal School Service Commission (Amendment) Bill, 2012 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. (Here take a printed copy of the **statement** marked **"A"** attached to the first copy only)

(Secretary then read the title of the Bill)

Shri Bratya Basu : Sir, I beg to move that the West Bengal School Service Commission (Amendment) Bill, 2012 be taken into consideration.

Shri Nepal Mahato : Not present

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি বিল নম্বর ৩৭ (২০১২) — দি ওয়েষ্ট বেঙ্গল স্কুল সার্ভিস কমিশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১২-র সংশোধনী অ্যামেন্ডমেন্টের, যার পোষাকী নাম 'সংশোধনী', হয়তো ডাক নাম 'সংযোজনী', সেই বিলের স্বপক্ষে আমার দু-একটি কথা এই হাউসের কাছে নিবেদন করতে চাই। যে বিল আজকে বিবেচনার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু মহোদয় পেশ করেছেন, সেই বিলটির কার্যকারীতা ইতঃমধ্যেই সূচীত হয়েছে অর্ডিনেন্সের মাধ্যমে এবং আমাদের পক্ষে অত্যন্ত উল্লেখযোগ্য একটা কাজ, সেই অর্ডিনেন্সটি কার্যকর শুরু হয়েছে এমন একটি দিনে — ৫ই সেপ্টেম্বর, যেটি শিক্ষক দিবস তথা শিক্ষা দিবস রূপে শিক্ষা জগতের ইতিহাসের কাছে একটা উল্লেখযোগ্য দিন। আমাদের পক্ষে আরো তাৎপর্য সংযোজন হচ্ছে এই বিলটি আজকে রূপান্তরিত করার জন্য যে দিনটিকে বেছে নেওয়া হয়েছে, তার ঠিক আগের দিন ২৬শে সেপ্টেম্বর আরেক শিক্ষাগুরু ইশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদিন পেরিয়ে এসেছি এবং এই বিলটি এমন একটি বছরে উপস্থাপিত করা হচ্ছে, যে বছরটি স্বামী বিবেকানন্দের সার্ধশত জন্মবর্ষ হিসেবে চিহ্নিত। আর সেই হিসেবে শিক্ষা জগতের সঙ্গে ওতোপ্রোতোভাবে জড়িত। আমি এই বিলটির স্বপক্ষে কিছু বলার আগে শুধু এই কথা নিবেদন করতে চাই, এই বিলটি এমন কিছু নতুন কথা বলেনি। আমাদের মধ্যে যা কার্যকরী ছিল, অন্ততঃ আমরা যা জানতাম, যে একটি বিধি ছিল, যে বিধিতে বলা হ'ত — যে যে প্রতিষ্ঠান এখনো মূল্যবোধ ভিত্তিক শিক্ষাপ্রদীপ জ্বালিয়ে রাখবে তাদের শিক্ষায়তনে, যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান একটি বিশেষ আদর্শের অন্বেষণে ছুটবে, যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান শুধু জীবিকার সৈনিক করে তুলবে না, জীবনের দীক্ষিত মানুষ করে তুলবে। এমন কিছু শিক্ষা প্রতিষ্ঠান আছে। স্বামী বিবেকানন্দের স্বপ্নের শিক্ষা প্রতিষ্ঠান। রামকৃষ্ণ বেলুড়মঠ এবং কিছু কিছু মিশনারি স্কুল এবং তাদের অন্তর্গত, তাদের সঙ্গে যুক্ত এমন কিছু কিছু সংস্থা আছে

যারা বলে যে, আমরা নিঃসন্দেহে যা জিনিস বলেছেন, যা নিয়ম আছে সর্বজননী, সার্বজনীন শিক্ষার যেখানে অবকাশ আছে তা আমরা মানব। সরকারি বিধি আমরা লঙ্ঘন করব না। কিন্তু আমাদের দয়া করে আরএকটি সুযোগ দিন সমস্ত পাঠক্রমকে আমরা আমাদের ছাত্রদের কাছে অধিগত করার পরও আমরা আরও কিছু জিনিস জানাতে চাই যা তাদের নতুন চেতনায় উদ্বুদ্ধ করবে, যা তাদের সেই মন্ত্রে উদ্বুদ্ধ করবে। যে মন্ত্র শুধু এ জীবনের শিক্ষা দেবে না আনজীবনের দীক্ষাও দেবে। তাই তার কিছু কিছু কল্যাণকর এবং সমাজ সেবক লোক প্রতিষ্ঠানের সঙ্গে আত্মিক উন্নতির জন্যে কিছু কিছু ব্যবস্থা করে সেই ব্যবস্থা তাদের দেওয়া উচিৎ। এবং তার জন্য যা দরকার সেই সমস্ত দীক্ষক-সাধক-শিক্ষক যারা শুধুমাত্র কিছু জীবিকার ডিগ্রি তারা পাবে না তারা সঙ্গে সঙ্গে ঐ আচরণগত কিছু শিক্ষা, কিছু মূল্যবোধ ভিত্তিক শিক্ষা তারা দেবে সেই জায়গায় তাদের জন্যে একটি স্পেসাল কন্সটিটিউশান আগে ছিল। আমি ব্যক্তিগত জীবনে শিক্ষক ছিলাম। আমি দেড় বছরের বিধায়ক, ৪০ বছরের শিক্ষক। আমি ৪০ বছরের এই শিক্ষকতা জীবন থেকে বলতে চাই, আমি যে স্কুলের প্রধান শিক্ষক ছিলাম সেই স্কুল এই ধরনের একটি সুবিধা ভোগ করত। কিন্তু জানি না কি বাম বিধির জন্যেই হোক বা বিধি বাম হওয়ার জন্যই হোক সেই বিধি অপসিত হল। আমরা কাঁদলাম যে আমরা বিদ্যালয়ে স্বামীজী বিষয়ক যে বই পড়াতাম সেই পড়ানোর অধিকার আমরা হারালাম। আমরা জানতাম নাইন-টেনেতে একটি বই ছিল উপপাঠ্য। একমাত্র স্বামীজীর বই 'প্রাচ্য এবং পাশ্চাত্য'। আমি জানি না কার অভিশাপে সেই বইটি সেই পাঠক্রম থেকে নির্বাসিত হল। আমরা তখন কেঁদেছিলাম। তখন ভেবেছিলাম আর কি সেই সোনার দিন আসবে না? সেই সোনার দিন এল ঠিক এই অর্থে আমি বলতে চাইছি যে, এটা নতুন কিছু নয় পুরানো যে মূল্যবোধ আমরা হারিয়ে ফেলছিলাম সেই মূল্যবোধগুলো আবার এল। এ যেন মূল্যবোধের দিক রেনাসাঁ এল নতুন জাগরণ হল। আমি এই জন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় — তিনি যে শিক্ষার স্বপ্নের কথা ভাবছেন, যে স্বপ্ন দুমরে মুচরে চলে যাচ্ছিল। যে স্বপ্নের মধ্যে অনেক কিছু পরিবর্তন হচ্ছে, অনেক কিছু পরিকাঠামগত পরিবর্তন হচ্ছে কিন্তু এখনও কিছু পরিবর্তন বাকি আছে। যে পরিবর্তন শিক্ষা দর্শনের পরিবর্তন। শিক্ষা দর্শনের পরিবর্তন করতে গেলে শুধুমাত্র জীবীকার বিজলি বাতি জাললেই চলবে না কিছু কিছু বাতির ঘরের প্রদীপ জ্বালিয়ে রাখতে হবে। এই ধরনের শিক্ষা প্রতিষ্ঠান তারা তা জ্বালিয়ে রাখে। তাই তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি এই বিল উত্থাপনের জন্যে। আমি সময় সংক্ষিপ্ত করার জন্যে আর অধিক বিস্তারিত কথা না বলে ঠিক কি কি কারণে হচ্ছে ১, ২, ৩ করে এই বিলকে সমর্থন করছি। শুধু সেইটুক কথা বলব এবং সেঙ্গ সঙ্গে এই একটাই কথা উল্লেখ করে নেব যে, এই বিল কিন্তু নতুন করে কোন কথা বলবার চেষ্টা করছে না। পূর্বতন যা আছে তার সঙ্গে সে যুক্ত করছে। তাই বলছিলাম, সংশোধনী যার পোশাকি নাম তার ডাক নাম হয়েতো সংযোজনী। আমি এই বিলকে সমর্থন করছি কারণ এতো শুধু শিক্ষাবিধি নয় নতুন শিক্ষাবোধের ঝিলিক এর মধ্যে আছে। আমি এই বিলকে সমর্থন করছি কারণ মূল্যবোধ ভিত্তিক শিক্ষা ধারার আগমনী সঙ্গীতের সুর বাজছে এতে। আমি এই শিক্ষা বিলকে সমর্থন করছি কারণ বিদ্যালয়ের স্বাধিকার প্রতিষ্ঠার নান্দিপাঠ আছে এই শিক্ষা বিলে। আমি এই শিক্ষা বিলকে সমর্থন করছি কারণ প্রথাবদ্ধ প্রচলিত শিক্ষা সরণির যানজট থেকে বিকল্প মুক্ত শিক্ষার বাইপাশের পথ নির্ধারন করছে এই শিক্ষা বিল। আমি এই শিক্ষা বিলকে সমর্থন করছি কারণ

স্বামীজীর সার্ধশত জন্মবর্ষে এই বিলই স্বামীজীর প্রতি আমাদের প্রকৃত শ্রদ্ধাঞ্জলি। আমি এই শিক্ষা বিলকে সমর্থন করছি কারণ এই বিল শুধুমাত্র ইনফরমেশানের কথার মধ্যে নয়, শুধুমাত্র নলেজের চৌহদ্দির মধ্যে নয় কেবলমাত্র উইজডমের বলভিতে আমাদের উত্তরিত করতে চাইছে। আমি এই শিক্ষা বিলকে সমর্থন করার সঙ্গে সঙ্গে আর একটি কথা আপনাদের কাছে নিবেদন করতে চাই, বিশেষ করে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু মহোদয়ের কাছে যে, আমরা নিঃসন্দেহে এই বিলকে সমর্থন জানাচ্ছি, ভালো হত আরো ভালো হলে ভালো হত। যদি শুধুমাত্র একটি বিল নয়, ভালো যদি শিক্ষার সেই সমস্ত প্রতিষ্ঠানকে শিক্ষা পরিচালক কমিটি গঠনের জন্যে special constitution দেওয়া হয়, এই অধিকার দেওয়া হলে ভালো হত। যদি সেই শিক্ষা বিলের মধ্যে থাকত এমন কিছু কথা যে কথার মধ্যে তারা কিছু নীতি বিষয়ক শিক্ষার বিষয়ক বই পাঠ্যক্রমের মধ্যে রাখতে পারবে, আমি এইটুকু কথা বলে আবার বলি যে, আজকের এই শিক্ষা বিল কোনো রাজনীতির নয়, আমি দলমত নির্বিশেষে সমস্ত শিক্ষাগ্রহী সদস্যদের কাছে আবেদন করবো আসুন এই বিলকে আমরা সমর্থন করি, ব্রাত্য জনের রুদ্ধ সঙ্গীত বলে একটি নাটক লিখেছেন আমাদের ব্রাত্য বসু মহোদয়, আমরা জানি সেই ....,

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আজকে The West Bengal School Service Commission Amendment Bill, 2012 মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল পেশ করেছেন এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমি দু'একটা কথা বলছি। স্যার, আমরা দীর্ঘদিন থেকে জানি যে, আমাদের পশ্চিমবঙ্গে কয়েকটা institute আছে বিশেষ করে রামকৃষ্ণ মিশনের মতো সংস্থা যারা চালায় যে স্কুলগুলো এবং সেই স্কুলে শুধুমাত্র পুঁথিগত বিদ্যা নয়, সেখানে শুধু academic ব্যাপারগুলো শেখানো হয় না, সেখানে একটা আধ্যাত্মিক বিষয়ও শেখানো হয়। এবং আমরা জানি যে, এখানে প্রকৃত শিক্ষা বা একজনকে প্রকৃত মানুষ তৈরি করতে গেলে শুধুমাত্র পুঁথিগত শিক্ষার উপর ভিত্তি করে এটা সম্ভব নয়। এবং তাতে কিছু আধ্যাত্মিক শিক্ষা আমাদের যারা মনিষী আছেন তাদের যে বাণী সেটা কিভাবে আমরা diciplene-এর আকারে সমাজ ব্যবস্থায় সেটাকে আমরা ব্যবহারিকভাবে প্রয়োগ করতে পারি এবং কিভাবে একজন মানুষ সমাজের যে আকাঙ্খা একটা মানুষের প্রতি, তাকে ঠিক প্রকৃত মানুষ হতে গেলে সমাজের প্রতি যে ঋণ, যে সমাজ তাকে প্রতিষ্ঠা করছে, সেই ঋণ সে কিভাবে শোধ করবে তার একটা শিক্ষার ব্যবস্থা এইসব institute গুলোতে হয়ে থাকে। কিন্তু স্যার, আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে, এই institute গুলো দীর্ঘদিন ধরে তাদের এই দাবি জানিয়ে আসছিল এবং মাননীয় বিধায়করা যারা বসে আছেন বামফ্রন্ট বিধায়করা তারা এই বিষয়টা সম্পূর্ণভাবে তুলে দেওয়ার ফলে তাদের এই instituteগুলো গড়ার পিছনে যে প্রকৃত উদ্দেশ্য ছিল সেই উদ্দেশ্যটা অনেক ক্ষেত্রেই ব্যাহত হচ্ছিল। কারণ School Service Commissionএর মাধ্যমে বহু শিক্ষক আসতেন, এবং সেখানে যদিও উপরে একটা বিষয় ছিল যে এখানে খুব মেরিট করে বা খুব কম্পিটিশান করে সব শিক্ষক-শিক্ষিকা নেওয়া হচ্ছে কিন্তু প্রকৃত অর্থে সেটা সি পি এমের সরকার বা সি পি এম দ্বারা পরিচালিত যে বোর্ড তারা তাদের পার্টির লোককেই সেখানে নিযুক্ত করত। এবং বিশেষ করে আমরা

দেখেছি স্যার, এই রামকৃষ্ণ মিশন শাসিত যে বিদ্যালয়গুলো এইগুলোতে বেশি করে ওইসব লোককে ঢোকাতো যাতে ওখানে একটা disturb হয়। এবং ওখানে disturb হওয়ার ফলে তাদের প্রকৃত ব্যাপারটা অনেকটাই অসুবিধার মধ্যে পড়ত। তো আজকে তাদের দীর্ঘদিনের দাবী এই দাবীর উপর ভিত্তি করে মাননীয় মন্ত্রী তাদেরকে যে বিশেষ অধিকার দিয়েছেন এটা সম্পূর্ণভাবে আমি সমর্থন করি। এবং আমি আশা করি মাননীয় বিধায়ক খুব ভালো কথা বললেন যে, আজকে একটা নতুন — এটা একটা পুরোনো জিনিস, একটা যেমন নতুন রাস্তা খুলেছে তেমনি আমরা একটা dicipline শিক্ষা পাওয়ার একটা অধিকার যে যে institute গুলো করছে তাদেরকে আমরা স্বাধীনভাবে তাদের শিক্ষক নিয়োগ , তাদের পছন্দ মতো শিক্ষক নিয়োগ, যে শিক্ষকরা শুধুমাত্র academic দিকটাই না, যারা dicipline মানবে, যারা বিদ্যালয়ের dicipline মানবে এবং তাদের যে যে নীতিগুলো আছে, সেই নীতিগুলো সঠিকভাবে রূপায়ম করবে সেই ধরণের শিক্ষক তাদের নিয়োগ করার একটা স্বাধীনতা এই বিলের মাধ্যমে দেওয়া হয়েছে। আজকে সেইজন্য এই বিল অবশ্যই সমর্থনযোগ্য, আমি এই বিষয়ে আরো দু'একটা কথা বলতে চাই, স্যার, এই বিলের মাধ্যমে তিনি যেমন একটা নতুন দিক নিয়ে এসেছেন মাননীয় শিক্ষামন্ত্রী, তেমনি আমি কয়েকটা কথা বলতে চাই।

[1.00—1.10 p.m.]

এখনও স্কুল সার্ভিস কমিশনে দেখেছি, আগে এমন এমন শিক্ষকরা আসতো তাদের কোয়ালিটি সম্পর্কে এখনও একটা সন্দেহ আছে। কি ভাবে হয় ! এত ভাল করে পরীক্ষা হওয়ার পরেও কেন এইসব আজেবাজে ছেলেগুলো স্কুলে এসে যায়, তারা জয়েনিং রিপোর্ট ইংরাজীতে লিখতে পারে না, ভুল লেখে। অথচ তারা এস এস সি থেকে কোয়ালিফাই করে আসছে ! এই ব্যাপারগুলোও কিন্তু একটু আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীরও দেখা দরকার। আর একটা কথা আমি বলতে চাই, ট্রান্সফার যে নীতিটা, স্কুল সার্ভিস কমিশনে যারা নিয়োগ হচ্ছে, বিলের যদিও সেটা রেলিভেন্ট নয়, তবুও মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো, যে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে বহু ছেলে মেয়েরা যারা চাকরি পাচ্ছে তাদের একটা যে ট্রান্সফার নীতি আপনি করেছেন, সেটা আর একটু যদি এনলার্জভাবে করা হয়, অন ডিমান্ড ট্রান্সফারের একটা ব্যবস্থা করা হয়, দুই বছর বা তিন বছর চাকরি করার পরে তাহলে আমার মনে হয়, কারণ এই যে শিক্ষকতা যারা করেন, তাদেরকে অন্যান্য চাকরির সঙ্গে একসঙ্গে তুলনা করে দিলে এটা ঠিক হবে না। বেশিরভাগ জায়গাতেই আমরা দেখেছি, যে যারা এই শিক্ষকতা পাচ্ছেন তারা মেইনলি হেড কোয়ার্টারে থাকেন, এবং সেখান থেকে তারা গাড়ীতে করে ওখানে যান শিক্ষকতা করতে। তারফলে প্রকৃত সময় যেটা বিদ্যালয়ে দেওয়ার কথা সেটা তারা দিতে পারেন না। এবং এই ক্ষেত্রে স্কুলে শিক্ষার যে ব্যাপারটা যেখানে কাছাকাছি মাস্টার মশাইরা থাকলে সুবিধা হবে, এই বিষয়টাকে দেখার জন্যে ট্রানন্সফার নীতিটাকে আপনি যদি একটু সংশোধন করেন বা কিভাবে এটা করা যায় এই নিয়ে চিন্তা-ভাবনা করেন, এই কথা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করতে চাই। আর দ্বিতীয় যে কথাটা সেটা হচ্ছে স্যার, স্কুল সার্ভিস কমিশন কয়েকটা জোনে ভাগ আছে।

মিঃ স্পীকার : বিলের সঙ্গে সংশ্লিষ্ট ব্যাপারগুলো বলুন। বিল সংক্রান্ত ব্যাপারে আপনি বলুন। এর সংশ্লিষ্ট ব্যাপারটাই বলুন। আরও একটা বিল আছে।

শ্রী নেপাল মাহাত : স্যার, এটা এসে যায়। আমি এই বিলকে সম্পূর্ণ সমর্থন করছি, এবং স্কুল সার্ভিস কমিশন যদি জেলা ভিত্তিক করতে পারেন এই বিষয়ে যদি আপনি একটা চিন্তা-ভাবনা করেন, এই কথা বলে, এই বিলকে আমি সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রী তিনি আজকে যে বিল উত্থাপন করেছেন, দি ওয়েস্ট বেঙ্গল স্কুল সার্ভিস কমিশন অ্যামেন্ডমেন্ট বিল, ২০১২ ; এই বিলের উপর দুটো কথা বলতে চাই। তিনি, চ্যারিটেবেল অর্গানাইজেশান যেটা সেবামূলক বা এই প্রতিষ্ঠানকে এস এস সি থেকে বের করে ওদের অধীনে আলাদাভাবে এ্যাপয়েন্টমেন্ট এর অধিকার দেওয়ার জন্য বিলটি এনেছেন। রামকৃষ্ণ মিশন-বেলুড়মঠ, রামকৃষ্ণ সারদা মিশন, রামকৃষ্ণ সারদা পীঠ, এই ধরণের সেবামূলক সংগঠকগুলিকে তারা আলাদাভাবে, ঐ প্রতিষ্ঠানগুলি, শিক্ষক নিয়োগ করবেন এবং তাদের সেই অধিকারটা দেওয়ার জন্য কথাটা বলেছেন। এবং তিনি বলেছেন যারা এন জি ও কোয়ালিফাইড হবে, এইট্টি জি যে আইন, যে ইনকাম ট্যাক্স ফ্রী সংগঠন, ওখানে টাকা দিলে ছাড় হয়, সেই হিসাবে অনেক এন জি ও, এই সংগঠনগুলি, এরা পড়বে। তাদের শিক্ষক নিয়োগ করবেন। আমার প্রশ্ন, এই বিষয়টা যেহেতু একটা ভাল বিষয়, যেহেতু রামকৃষ্ণ মিশন অনেকদিনের, বেলুড়মঠ অনেকদিন থেকে তারা কাজ করে চলেছে, তিনি একটা ব্যবস্থা নিয়েছেন, কিন্তু একটা প্রশ্ন থেকে যায়, প্রশ্নটা হচ্ছে এই, এরা যে শিক্ষক নিয়োগ করবেন এন জি ও. র মাধ্যমে, এদেরকে কন্ট্রোল করবেন কি ভাবে ? তাদের শিক্ষাগত যোগ্যতায় শিক্ষক নিয়োগ করবেন, সমস্ত ঠিক আছে। শিক্ষাগত যোগ্যতাটা যেটা নেপালবাবু বললেন, শিক্ষাগত যোগ্যতা হিসাবে তারা তাদেরকে নির্বাচিত করবেন, নিয়োগ করবেন, এবং অনেকে যারা কোয়ালিফাইড, তিনি কথায় কথায় বলেন একটা বিষয়, শুনতে ভাল লাগে, এই সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে তিনি গণতন্ত্র চান, দলতন্ত্র চাননা, তিনি এই বিধানসভায় বলেন। আমাদের এটা শুনতে ভাল লাগে, কিন্তু বাস্তবে আমরা কি দেখি। তিনি যে সমস্ত কমিশনের মাথায় যাদেরকে রেখেছেন, তারা কি করেন, যেমন স্কুল সার্ভিস কমিশন এর মাথায় কে আছেন, তিনি টি এম সি.র সাথে যুক্ত আছেন। তিনি, প্রাইমারী যে সমস্ত বোর্ড আছে, সেই বোর্ড এর চেয়ারম্যান কাকে করেছেন, যারা গত বিধানসভার ইলেকশানে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন, সেই ব্যক্তিদেরকে সেখানে নিয়োগ করা হয়েছে। আমি সার্ভিস কমিশনের কথা বলছি। এই বিলের সঙ্গেই আছে। আমি আমার বক্তব্যের মধ্যে এই কথাগুলো বলতে চাই। এই বিষয় নিয়ে বলার অধিকার আপনাদের আছে। এই বিল নিয়ে আমি এগ্রি করছি রামকৃষ্ণ মিশন, বেলুড় মঠ এই সমস্ত সেবা প্রতিষ্ঠানগুলিকে আপনি এ্যপয়েন্টমেন্টের অধিকার দিচ্ছেন, দেন। কিন্তু তাদের যে নিয়োগ পদ্ধতি থাকবে, আপনি বেতন দেবেন, সরকারী খাত থেকে বেতন হবে, সব ঠিক আছে। কন্ট্রোলটা করার জন্য আমরা বলছি যে এরা যারা থাকবে তারা কারা থাকবে, আপনাকে আমি এই সাবধান বার্তা এইখান থেকে দিতে চাইছি এইজন্য কারণ আপনি যে কথা বলেন, আমরা বাস্তবে সেই বিষয়টা দেখতে পাই না। এইজন্য কথাগুলি বলছি। কারণ ১৯৯৭ সালে এই এস এস সি বিল এ্যক্ট পাশ হয়েছিল বিধানসভায়। আজকে ১৩ বছর, এই এস এস সি পরীক্ষা হল,

আমি বিধানসভার মধ্যে এই কথা বলতে চাই এইজন্য — ১৩ বছর পরীক্ষার মধ্যে কোনো গন্ডগোল কোনো জায়গায় হল না। ২০১১ সালে নির্বাচনে সরকারের পরিবর্তন ঘটলো। এক বছর এস এস সি-র মাধ্যমে কোনো শিক্ষক নিয়োগ হল না। অনেক স্কুলে ভ্যাকন্সি থেকে গেল। ২০১২ তে নির্বাচন করলেন। এই এস এস সি পরীক্ষা হল। আমি অবাক হয়ে গেলাম, যেটা আশংকা করছি, এস এস সি পরীক্ষার নামে প্রহসন হল। একই কোয়েশ্চেনে তিনবার পরীক্ষা হল। দু বার দু দিন ধরে পরীক্ষা হল — ২৯শে জুলাই এবং ২রা সেপ্টেম্বর। আপনি একজন শিক্ষাবিদ, এই বিষয়গুলোকে আপনাকে বলার জন্য বলেছিলাম। আপনি বলেছেন — রামকৃষ্ণ মিশন, বেলুড় মঠ এই সমস্ত শিক্ষার প্রতি একজন মাষ্টটার মশাই আগে বলছিলেন। খুব ভালো শিক্ষা। হ্যা, স্বামীজীর কথা, রামকৃষ্ণের কথা আমরা বলি। আমাদেরও ভালো লাগে। কিন্তু আমরা যারা শিক্ষক যারা এস এস সির মাধ্যমে এই সমস্ত জায়গায় শিক্ষক নিয়োগ হয়েছে, আজকে ২৮শে ফেব্রুয়ারি যেদিন বনধ ডাকা হল, এই মাষ্টারমশাইদের ওপর আপনারা কি আক্রমণটা করলেন ! এস এস সি-র মাধ্যমে এই শিক্ষক নিয়োগ হয়েছে, তাদের অধিকারকে আপনারা কেড়ে নিচ্ছেন কেন। আমাদের মাননীয় মন্ত্রী বললেন সকলের অধিকার আছে, সেই অধিকারকে খর্ব করা যাবে না।

... (গন্ডগোল) ...

অধিকার নিয়ে কি করলেন আপনি। এই বিষয়ক লনিয়ে আপনার কাছে আমার এই প্রশ্ন। এক কথা বললেন আপনি, আমার শুনতে ভালো লেগেছিল, কিন্তু পরবর্তীতে যখন আমরা দেখলাম এই এস এস সি-র মাধ্যমে এইসব শিক্ষককে যারা স্কুলে যেতে না পারলে তাদের বেতন কাটা হবে, এটা কোন্ ধরনের। একদিকে শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য আমরা লড়াই করছি। আমরা একটা ভালো শিক্ষার জন্য আমি কথা বলছি, তখন আমার শিক্ষকদের ওপর এই ধরনের ব্যবহার এটা মেনে নেওয়া যায় না।

... (গন্ডগোল)...

মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাই, তিনি একটা কথা বলেছিলেন নির্বাচনের আগে যেটা আমার খুব ভালো লেগেছিল। বলা হয়েছিল যে এই বামফ্রন্ট সব নৈরাজ্য করছে। এরা এরকম করছে, যদি পরিবর্তন হয় পরিবর্তনের পর নতুন সরকার আসে, তখন যদি এরকম হয় আমি কিন্তু এটাকে মানব না। আজকে আমরা কি দেখছি — শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে কি দেখছি — আজকে শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্য, আজকে এই যে শিক্ষকদের প্রতি যে আক্রমণ, শিক্ষার ক্ষেত্রে আক্রমণ, হেড মাষ্টারদের প্রতি আক্রমণ, এই যে বিভিন্ন ধরনের আক্রমণ হচ্ছে

... (গোলমাল) ...

এটাতে কি শিক্ষার পরিবেশ সঠিক থাকবে? আপনাকে অনুরোধ করবো, আপনি একজন শিক্ষাবিদ, আপনি একজন শিক্ষক, আপনি এই শিক্ষক হিসাবে স্কুল সার্ভিস কমিশানে — শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার ক্ষেত্র যেমন ওরা সুন্দরভাবে পড়াবেন, সুন্দরভাবে তার একটা আলাদা অর্গানাইজেশান থাকবে, তারা তাদের শিক্ষক নিয়োগ করবে, সেইদিকে একটু নজর দেবেন। শিক্ষক নিয়োগ করার ক্ষেত্রে তাদের সেই বিষয়গুলির ওপরে আপনি একটু নজর দেবেন এই ব্যাপারে আপনাকে অনুরোধ করবো।

আরো একটা বিষয়ে আমি অনুরোধ করবো, শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্যটা বন্ধ করুন। কারণ আজকে ছেলেরা স্কুলে যেতে ভয় করছে যে আজকে স্কুলে আমি যাব কি যাব না। এটা আপনার দায়িত্ব। আমি আজকে আলোচনা করতে গিয়ে এই বিষয়গুলো আপনার সামনে আমি তুলে ধরছি।

আর একটা কথা বলি, এই যে আপনি চ্যারিটেবল অর্গানাইজেশানর কতা বলছেন, এন জি ওর কথা বলেছেন, আরো অনেক সংগঠন আছে, যেমন আল আমিন মিশন এরা — এগুলো কিভাবে হচ্ছে — এদের ব্যাপারে কোনো কিছু ভাবছেন কিনা। যদি আপনার ভাবনার মধ্যে থাকে বা যদি এই ক্যাটাগরির মধ্যে পড়ে — আমি বলছি না — যদি এই ক্যাটাগরির মধ্যে পড়ে আপনি এই বিষয়গুলি দেখবেন।

আপনার কাছে আমার শেষ অনুরোধ, শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্য বন্ধ করুন, শিক্ষার ক্ষেত্রে দলতন্ত্র বন্ধ করুন। কমিশনের যারা মাথায় থাকবেন তাদেরকে সেই জায়গায় রাখুন , তাহলে আপনি নিশ্চয় সকলের কাছ থেকে ধন্যবাদ পাবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি, স্যার। ধন্যবাদ।

[1.10—1.20 p.m.]

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয় 'The West Bengal School Service Commission (Amendment) Bill, 2012' যেটা আমি মুভ করেছি, আশা করছি এটা বিধানসভায় পাশ হবে। এই বিল নিয়ে মাননীয় সদস্য যে আলোচনা করলেন তা আমি শুনলাম। এই বিল সম্পর্কিত বিষয়ে প্রথমেই আমি ধন্যবাদ জানাতে চাই, যিনি অনুপস্থিত আছেন, সেই মাননীয়া মুখমন্ত্রীকে। কেননা তার সঙ্গে কথা বলে, তার বিশেষ অভিপ্রায় অনুযায়ী এই বিলটি আমরা এখানে এনেছি। কি বলা হচ্ছে এই বিলে? এই বিলে বলা হচ্ছে, রামকৃষ্ণ মিশন পরিচালিত যে শিক্ষা সংস্থাগুলি আছে, তারা ১৯৯৭ সাল থেকে অর্থাৎ যখন থেকে পশ্চিমবঙ্গে স্কুল সার্ভিস কমিশান গঠন করা হয়, তখন থেকে তারা বলছিলেন স্কুল সার্ভিস কমিশানের নবম ধারা অনুযায়ী কেবলমাত্র স্কুল সার্ভিস কমিশানই এখানে শিক্ষক নিয়োগ করতে পারবে, সেখান থেকে এদের ছাড় দেওয়ার হোক, অব্যহতি দেওয়া হোক। এই আবেদন তারা তখন থেকে জানিয়ে আসছিলেন। দীর্ঘ ১৫ বছর পর বা আরও বেশি সময় পরে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী চাইলেন তাদের স্পেশাল স্ট্যাটাস দেওয়া হোক। যাতে তারা তাদের শিক্ষক ও শিক্ষকর্মী নিয়োগ করতে পারেন। মনে রাখতে হবে, একশো বছরের বেশী এই প্রতিষ্ঠান শিক্ষাক্ষেত্রে যে অবদান রেখেছে এবং বিশেষতঃ তাদের এই সংস্থাগুলি যেভাবে ছাত্র-ছাত্রীদের — যে কোন ধর্মের, যে কোন বর্ণের, যে কোন সম্প্রদায়ের মানুষকে তারা আহ্বান করে থাকেন এবং তাদের কাজের ক্ষেত্রে এই অভিযোগ ওঠে না, যে শিক্ষা ক্ষেত্রে তাদের ব্যবসায়িক কোন মনোবৃত্তি আছে। বরং উল্টোটাই, তাদের যে মানসিকতা তা সমাজের মনে বরং ছড়িয়ে গেছে। শিক্ষাক্ষেত্রে তারা যে কাজ করছে একশো বছর ধরে সেটা সমাজের কাছে একটা মাইল ফলক। মাননীয়া মুখ্যমন্ত্রী সেই মালি ফলকটিকে সরকারী স্বীকৃতি জানালেন। এই স্বীকৃতি জানাতে পেরে রামকৃষ্ণ মিশনের কি লাভ হল আমরা জানি না, কিন্তু আমরা নিজেদেরকে ধন্যবোধ করছি। কেন আমি এই কথাটা বলছি, ২০০৫-২০০৬ সালে পশ্চিমবঙ্গের তদানীন্তর সরকারের

সঙ্গে ব্রাহ্ম সোসাইটির একটি মামলা চলছিল। ব্রাহ্ম এক্তিয়ারভুক্ত কলেজগুলিকে স্পেশাল স্ট্যাটাস দেওয়া যেতে পারে কিনা। এনিয়ে অনেক তর্ক আছে, ব্রাহ্ম সমাজতো হিন্দু সমাজের অন্তর্ভুক্ত, তাহলে কেন সুবিধা পাবে? আমি এই বিষয়টাতে যেতে চাইনা। কিন্তু সুপ্রীম কোর্ট রায় দেওয়ার সময় একটা ডিরেকটিভ দিয়েছিল সেটা খুব গুরুত্বপূর্ণ। সুপ্রীম কোর্ট বলেছিল, সরকার প্রতিষ্ঠিত যে শিক্ষা প্রতিষ্ঠানগুলি আছে তাদের অর্থ বা মাইনে সরকার দেয় বলে তারা ইউনিটারি কোন ফতোয়া দিতে পারে না। এর পিছনে সরকারের অনড় এবং অসহিষ্ণু মনোভাব কাজ করছে। অর্থাৎ আমি অর্থ দিই বলে সবই আমার এটা ঠিক নয়। আমার মনে হয় শিক্ষা কেন্দ্রকে নিজের এজমালি ভাবার কোন কারণ ঘটেনি, শিক্ষা কেন্দ্রকে স্থাবর সম্পত্তি বাবার কোন কারণ ঘটেনি। যে পাইয়ে দেবার কথা মাননীয় সদস্য ইনসার আলি বিশ্বাস বলছিলেন, আমি তার সঙ্গে অনেকটাই একমত। আমি বিশ্বাস করি মানুষের জল পাওয়া উচিত, খাদ্য পাওয়া উচিত, পানীয় পাওয়া উচিত, পরিকাঠামো পাওয়া উচিত, রাস্তা পাওয়া উচিত। শুধুমাত্র শিক্ষাক্ষেত্রে স্কুল সার্ভিস কমিশনে যে পাইয়ে দেওয়ার কথা আপনি বলছিলেন তা আমি বিশ্বাস করি না। এই ব্যাপারে আমি একমত নয়। আমি মনে করি শিক্ষা ক্ষেত্রে যদি কোন চাকরি পেতে হয় তাহলে সেটা অর্জন করা উচিত, সেটা কাউকে পাইয়ে দেওয়া যায় না। এই অর্জনের যে জায়গা, সব কিছুকে পাইয়ে দেওয়ার সঙ্গে যদি এটাকে আমরা গুলিয়ে ফেলি তাহলে বোধ হয় সেটা ঠিক হবে না। আপনি আর একটা রেফারেন্স দিয়েছেন, গণতান্ত্রিক অধিকারের কথা বলেছেন। আমার ধর্মঘট সংক্রান্ত উক্তির কথা এখানে টেনে এনেছেন। আমি ঐ উক্তিকে সাপ্লিমেন্ট করে তখনও যা বলেছিলাম আবার বলছি, আমি পুনরাবৃত্তি করছি, আপনি কথাটা মন দিয়ে শুনুন, যে ধর্মঘট করার অধিকার আছে, না করার অধিকার আছে ঠিকই। কিন্তু আগে থেকে যদি কর্তৃপক্ষ জানায় যে আপনাকে ঐ দিন স্কুলে আসতে হবে তাহলে মাইনে কাটার অধিকারও কর্তৃপক্ষের আছে। পুরো অধিকার শুধুমাত্র শিক্ষকদের আছে, সরকার মানে সে কেবলমাত্র মার খেয়ে যাবে এবং তার কোন অধিকার থাকবে না তা তো হতে পারে না। নিশ্চয় কোন একটা গণতান্ত্রিক অধিকারের আওতার মধ্যে সরকারও পড়ে। এছাড়া আমার মনে হয় এই যে মনবৃত্তি, যে আমরা একটা জায়গায় স্বশাসন দিতে চাইছি, স্বাশাসন মানে মনে রাখতে হবে, রামকৃষ্ণ মিশন শুধু, ...

মিঃ স্পীকার : আমাদের ১.১৫ মি: পর্যন্ত সময় ছিলো, সভার অনুমতি নিয়ে আলোচনার সময় পাঁচ মিনিট বাড়িয়ে দিলাম।

শ্রী ব্রাত্য বসু : সেটা হচ্ছে রামকৃষ্ণ মিশনের সঙ্গে কিন্তু আমাদের যে কথা বার্তা হয়েছে, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পুরোটাই যে তাদের ইচ্ছাক্রমে হবে বা তারা পুরোটা পরিচালনা করবেন তা কিন্তু নয়। তারা প্রত্যেকটি শিক্ষক এবং অধ্যাপকের নিয়োগের ক্ষেত্রে, আপনারা জানেন কিনা আমি জানি না, ইউ.জি.সি. কিন্তু ইতিমধ্যে যে কলেজগুলি আছে, অর্থাৎ কেন্দ্রীয় সরকার কিন্তু এক ধরণেনর ছাড় অধ্যাপক নিয়োগের ছাড় অলরেডি তাদের দিয়ে দিয়েছে। স্কুলের ক্ষেত্রে বাকী ছিলো পশ্চিমবঙ্গ সরকার সেটাকে সাপ্লিমেন্ট করলো। স্কুলের ক্ষেত্রে সে স্বশাসন দিলো। কিন্তু সেইখানেও আমাদের সঙ্গে তাদের কথা হয়েছে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কিভাবে শিক্ষক নিয়োগ হবে? তারা কি তাদের মতো করে প্যানেল করবে? হ্যাঁ, তাই করবে। কিন্তু আপনি জেনে রাখবেন যে সেখানে সরকারী প্রতিনিধিও থাকবেন। সরকারী প্রতিনিধির সঙ্গে এসে একসঙ্গে প্যানেল তৈরী

হবে এবং তারাই সেই শিক্ষকদের চাকরী, তার মেরিট, তার ডিগ্রি সমস্ত দেখে তারপর তাকে নিয়োগ করা হবে। অর্থাৎ যে পাইয়ে দেওয়ার কথা আপনি, প্রকারান্তরে আপনার সরকারের যে সমালোচনা আপনি করলেন তার জন্যে আমি ধন্যবাদ জানাই আপনাকে। আপনি স্বীকার করে নিয়েছেন আপনার সরকারের সময় পাইয়ে দেওয়া ছিলো। তারজন্যে আপনাকে ধন্যবাদ জানাই। সেই সঙ্গে আমি এইটাই জানাই, আপনি আমাদের এই জায়গাটা আশা করা যায় যে বোঝার চেষ্টা করবেন। আপনি মানবেন আমরা যে স্বশাসনের কথা বলছি তা এস.এস.সি. তে আসুক। প্রকৃত যোগ্যলোক চাকরী পাক। আবার রামকৃষ্ণ মিশনের মতো সংস্থা যারা ১০০ বছর ধরে কাজ করে যাচ্ছে, শিক্ষাক্ষেত্রে যারা অনেক পরিবর্তন এনেছেন, তাদের ক্ষেত্রে আমার মনে হয় এই কাজের যে যে সুবিধে তারা পান আমার মনে হয় যে পশ্চিমবঙ্গের শিক্ষায় এই ক্ষেত্রে ভালো হবে। আর আপনি যে আল-আমিন মিশনের কথা বললেন, আপনি জানলে খুশি হবেন, কলেজের ক্ষেত্রে বারুইপুরের মাইনরিটি কলেজ আল-আমিন দীর্ঘ ২০ বছর ধরে তারা দাবী জানাচ্ছিলো যে কি করে দক্ষিণ চব্বিশ পরগণায়, রেজ্জাক সাহেব এখানে আছেন, রেজ্জাক সাহেব এটা অ্যাকনলেজ করতে পারবেন যে ঐখানকার ঐ আল আমিল কলেজ দীর্ঘদিন ধরে পে প্যাকেটের আওতায় আসার দাবী জানিয়ে যাচ্ছিলেন। আপনি শুনলে খুশি হবেন এই কয়েক দিন আগেই আমরা আল আমিন কলেজকে আমরা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পে প্যাকেটের আওতায় নিয়ে এসেছি। ফলে আমার ধারণা যে শিক্ষাকে শিক্ষার জায়গা থেকে দেখতে হবে। শিক্ষা সংখ্যা গুরুর অধিকার, শিক্ষা সংখ্যা লঘুর অধিকার। শিক্ষা মানুষের অধিকার এবং সেই অধিকার সেটা পাইয়ে দিয়ে হয় না। সেটা অর্জন করতে হয়। এবং আমার ধারণা সেই অর্জনের রাস্তায় আমার দিকে আপনি যেমন তাকিয়ে আছেন, এই পবিত্র বিধানসভার সমস্ত মাননীয় সদস্য যেমন তাকিয়ে আছেন বা বাইরে অনেক মানুষ যেমন তাকিয়ে আছেন আমিও আপনাদের মতো সেইভাবে সাগ্রহে অপেক্ষা করছি সেই দিনের জন্য। ধন্যবাদ।

Mr. Speaker : The question before the House is that The West Bengal School Service Commission (Amendment) Bill, 2012 be taken into consideration.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

AYES have it, AYES have it.

Clauses 2 & 3

Mr. Speaker : There is no amendment to Clauses 2 and 3. So I put Clauses 2 and 3 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

AYES have it, AYES have it.

Clause 1, Enacting formula, Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, Enacting

Formula, Preamble and the Title of the Bill. So I put to vote Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

AYES have it, AYES have it.

Shri Bratya Basu : Sir, I beg to move that the West Bengal School Service Commission (Amendment) Bill, 2012 as settled in the Assembly, be passed.

[1.20—1.30 p.m.]

Mr. Speaker : The question before the House is that the West Bengal School Service Commission (Amendment) Bill, 2012 as settled in the Assembly be passed.

As many as are of the opinion will pleased say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

The West Bengal University Laws (Amendment) Bill, 2012

Shri Bratya Basu : Hon'ble Speaker, Sir, I beg to introduce the West Bengal University Laws (Amendment) Bill, 2012.

(Secretary then read the title of the Bill.)

Shri Bratya Basu : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal University Laws (Amendment) Bill, 2012 be taken into consideration.

শ্রী অনন্তদেব অধিকারী : অনারেবেল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী যে 'দি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি লজ্ (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১২ এনেছেন — এই বিলের প্রথমেই বলতে হয় যে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের উপর বেশি গুরুত্ব দেওয়া হয়েছে। কারণ পরিচালন কমিটিতে একজন মাত্র সরকারী প্রতিনিধি থাকার ফলে সেখানে এম. সি. ছাত্রদের ভর্তি করানোর ক্ষেত্রে সে অবাধে বেশি ফ্রী নিতে পারে। সেখানে রাজ্য সরকারকেই বা মন্ত্রীকেই নিয়ন্ত্রণ করতে হবে। কারণ আমরা জানি যে ছত্তিশগড়ের মতো ব্যাঙ্-এর ছাতার মত সেখানে বেসরকারী বিশ্ববিদ্যালয় গড়ে উঠেছিল। শেষ পর্যন্ত দেখা গেল সেখানে সুপ্রিমকোর্টকেই হস্তক্ষেপ করতে হয়েছিল। তা যাতে আগামীদিন এই ধরনের পরিস্থিতির সম্মুখিন না হতে হয়। কারণ সরকার নিয়ন্ত্রণ না করলে অতিরিক্ত সাবসিটি ফ্রী নিতেই পারে কমিটি। তারপর এই কমিটিতে ছাত্র

প্রতিনিধিত্ব থাকার সুযোগটা খুব কম করে দিয়েছে। টেকনো ইউনির্ভাসিটি, এই যে টেকনোলজি, এর আগে ইউনির্ভাসিটি আগে ছিল না। আজকে দেখা যাচ্ছে টেকনোলজির উপরে গুরুত্ব বেশি করে আরোপ করা হয়েছে এবং চ্যান্সিল্যারকেই সব চেয়ে বেশি করে গুরুত্ব দেওয়া হয়েছে। আজকে সেখানে ভি.সি.কেই সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে। ডিন কে হবেন, রেজিস্ট্রার কে হবেন। সেগুলো ঠিক করার ক্ষেত্রে একমাত্র ভাইস চ্যান্সিল্যারকেই এক্তিয়ার দেওয়া হয়েছে। চ্যান্সিল্যার নিয়ন্ত্রণ করবেন, একজন টেকনোলজি পুরো নিয়ন্ত্রণ করবেন। যার ফলে দেখা যাচ্ছে আদার্স যে কমিটিগুলো আছে সেখানে সরকারী প্রতিনিধিত্ব না থাকারই মতো, একজন বা দুই জন থাকছেন। গোড়া থেকে সরকারী প্রতিনিধিত্ব না থাকার ফলেই যে এম.সি. কমিটি থাকবেন বেসরকারী উদ্যোগ, সেখানে গোটাটাই ব্যবসার সুযোগ করে দেওয়া হচ্ছে। অর্থাৎ সরকারী নিয়ন্ত্রণ সেখানে বেশি থাকছে না। সরকারী বিশ্ববিদ্যালয়গুলির পরিকাঠামো উন্নয়নের দিকে যেটা জোড় দেওয়া উচিত, যেমন গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়। আজকে সেখানে এখনও রেজাল্ট বের হয় নি। ফাস্ট ইয়ার, সেকেন্ড ইয়ারের পরীক্ষা চলছে অন্যান্য ইউনির্ভাসিটিগুলোতে। এটা সরকারী নিয়ন্ত্রিত বিশ্ববিদ্যালয়। সুতরাং সরকারী নিয়ন্ত্রণ বিশ্ববিদ্যালয় একই সময়ই রেজাল্ট দেওয়া এবং একই সময়ে পরীক্ষা ব্যবস্থা হওয়া এটা আমার মনে হয় মন্ত্রী মহোদয়ের দেখা উচিত। কারণ সরকার পরিচালিত, সরকার নিয়ন্ত্রিত বা সরকারী এক এক বিশ্ববিদ্যালয়ে এক এক সময়ে পরীক্ষা হবে, এক এক সময়ে রেজাল্ট বের হবে। এটা আমার মনে হয় ঠিক নয়। এই দিকটা মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যেমন কোচবিহার এবং মেদিনীপুরে যে বিশ্ববিদ্যালয়ে ভিত্তিপ্রস্তর করা হয়েছে। সেটার পরিকাঠামো তৈরী করতে আমরা জানি অনেক সময় চলে যায়। কিন্তু সেখানে সেসান শুরু করতে, কোর্স শুরু করতে, পড়ানো শুরু করতে দেরী হয়। সেটা যাতে আগামী শিক্ষাবর্ষে থেকেই — কোচবিহার ইউনিভার্সিটি, মেদিনীপুর ইউনিভার্সিটি ভিত্তি প্রস্তর স্থাপন হয়েছে — সেটা যাতে চালু হয় তারজন্য উদ্যোগ গ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কারণ সামগ্রিকভাবে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের দিকে না ঝুঁকে সরকারী যে বিশ্ববিদ্যালয়গুলো আছে তার পরিকাঠামো যাতে উন্নত হয় এবং পঠন-পাঠন, শিক্ষার মান যাতে উন্নত হয়। আমরা জানি এক সময় ক্যালকাটা ইউনিভার্সিটি, সেখান থেকে খ্যাতনামা ছাত্র-ছাত্রী বার হতো। কিন্তু আজকে সেই ধরণের কোন দৃষ্টান্ত নেই যেখানে ক্যালকাটা ইউনিভার্সিটি যেটা পশ্চিমবাংলার মধ্যে নামকরা, সারা বিশ্বে যার পরিচিতি রয়েছে, সেখান থেকে খ্যাতনামা ছাত্র-ছাত্রী বার হচ্ছে না। সেই ইউনিভার্সিটির ক্ষেত্রে শিক্ষার মান যাতে উন্নত হয়, পরিকাঠামো যাতে উন্নত হয়, গবেষণায় যেন উন্নত মানের সুযোগ হয় সরকারী বিশ্ববিদ্যালয়গুলোতে, সেই দিকে আমার মনে হয় শিক্ষা মন্ত্রীর নজর দেওয়া দরকার। এখানে দেখতে পাচ্ছি বেসরকারী শিক্ষা ক্ষেত্রে উদ্যোগটা বেশি দেওয়া হয়েছে। সেখানে ব্যবসা করা সুযোগ দেওয়া হয়েছে। কাজেই এই দিকটা যাতে প্রতিরোধ করা যায়, সেখানে ব্যবসায়ীদের সুযোগ করে না দেওয়া হয়, শিক্ষার ক্ষেত্রে ব্যবসায়ীদের সুযোগ করে না দেওয়া হয় সেই দিকে দেখার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যতগুলো কমিটি হবে সেই কমিটিতে দেখা যাচ্ছে সরকারী প্রতিনিধি কম থাকার ফলেই এই ব্যবসায়ীর সুযোগটা বেশি বৃদ্ধি পাবে। আজকে টেকনোলজি ইউনিভার্সিটির নামে সব কিছু পড়ানো হবে সেটা আগে ছিল না। নাম হচ্ছে টেকনোলজি ইউনিভার্সিটি, অথচ সেখানে দেখতে যাবে বিভিন্ন ফ্যাকালটি পড়ানো হচ্ছে। আগে সেটা ছিল না। আমাদের দলের ছাত্র সংগঠন এক

সময় তার বিরোধিতা করেছিল যার ফলে হয়ত হয় নি। কাজেই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করবো এই টেকনোলজি ইউনিভার্সিটির ক্ষেত্রে সেখানে শুধু টেকনোলজি বিভাগ ছাড়া, সেখানে যে বিভিন্ন ফ্যাকালটিগুলো আছে সেইগুলো যাতে সেখানে না আসে। অধ্যাপকদের যে স্তরগুলো নিয়ন্ত্রণ করা হয়েছে তাতে দেখা যাচ্ছে রেজিষ্টার প্রফেসার, প্রফেসার ইত্যাদির ক্ষেত্রে এবং যে কমিটি গঠন করা হয়েছে, মন্ত্রী মহাশয় বলেছেন যে নূন্যতম সেই কমিটির চেয়ারপারসন হবেন অন্তত যিনি এ্যাসিসটেন্ট প্রফেসার র‍্যাংকের। কিন্তু সেখানে নিয়োগের ক্ষেত্রে যদি কোন প্রফেসারকে নিয়োগ করতে হয় তাহলে দেখা যাচ্ছে লেস কোয়ালিটির যিনি তিনি তাদেরকে সুপারিশ করছেন। যদিও মালিক হচ্ছে চ্যানসেলার। কাজেই এই কমিটির ক্ষেত্রেও যিনি কমিটি সিলেকশান করবেন, যে কমিটি সুপারিশ করবেন সেই কমিটির ক্ষেত্রেও এখানে আমার মনে হয় একটু গোলমেলে আছে। কাজেই কমিটির যিনি চেয়ারপারসন হবেন তিনি যেন অতি অবশ্যই প্রফেসর হন, সেই দিকটা দেখার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি। সর্বশেষ আমার যে বক্তব্য,আজকে ইউনিভার্সিটি বিল এসেছে, আজকে পশ্চিমবাংলায় শিক্ষার মান, উচ্চ শিক্ষার ক্ষেত্রে আমরা দেখছি যে সুনামটা আগে ছিল সেই সুনামটা আমরা দিনের পর দিন হারিয়ে ফেলছি। সেই সুনাম যাতে পুনরুদ্ধার ঘটে, অর্থাৎ বিশ্ববিদ্যালয়গুলোর পড়াশোনার মান যাতে উন্নত হয়, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের থেকে যাতে উন্নত মানের হয় সেই দিকটা দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। পাশাপাশি দেখা যাচ্ছে আজকে অধিকাংশ ছাত্র-ছাত্রী ইউনিভার্সিটিতে রেগুলার কোর্স্ পড়াশুনার সুযোগ পাচ্ছে না। তাদের সেই ডিসটেন্স কোর্সে পড়াশুনা করতে হচ্ছে। ডিসটেন্স কোর্সে শুধুমাত্র ১৫ দিনের ক্লাস করানো হয় একটা ইয়ারে। কিন্তু আপনার ফিফথ বা সিক্সথ ইয়ারে, সেখানে দেখা যাচ্ছে যে সেখানে ইউনিভার্সিটির কোন অধ্যাপক ক্লাস নিচ্ছেন না এই ১৫ দিনে, দেখা যাচ্ছে কোন পার্টটাইমার শিক্ষক সেই ১৫ দিনের টিচিং দিচ্ছেন বা পড়াচ্ছেন।

[1.30—1.40 p.m.]

সুতরাং এই ক্ষেত্রে, যেখানে ভ্যালুয়েশানের ক্ষেত্রে, আর যেখানে ডিসটেন্স কোর্স এবং রেগুলার কোর্স সমান মান, সুতরাং আমি মনে করি ডিসটেন্স কোর্সে যারা পনের দিনের পড়ছেন, তাদেরকেও সেই অধ্যাপকদের দ্বারা, প্রফেসর দ্বারা যাতে তাদেরকে পড়ানো হয় সেই ব্যবস্থাটা করা উচিত। পার্ট-টাইম টিচারদের দিয়ে নয়, দিন সংখ্যাটার ক্ষেত্রে পনের দিনের জায়গায় যদি বাড়ানো যায়, ত্রিশ দিন করা হয়, তাহলে আমার মনে হয় এটা আরও ছাত্র-ছাত্রীরা উপকৃত হবে। যাতে এই ডিসটেন্স কোর্সে পনের দিনের জায়গায় নূন্যতম এক মাস করা হয় এবং সেখানে প্রফেসার দ্বারা তাদেরকে পড়ানো হয়, সেই ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে আবেদন করছি। সেই সঙ্গে আজকে উচ্চশিক্ষার প্রতি গুরুত্ব আরোপ যাতে আরও বেশি দেওয়া হয়, শিক্ষার মানের যাতে উন্নয়ন হয়, শিক্ষার পরিকাঠামোর যাতে উন্নয়ন হয় এবং কোচবিহার, মেদিনীপুর বিশ্ববিদ্যালয়ের কাজ যাতে অতি দ্রুত শুরু হয়, পঠন-পাঠনের কাজ এবং সেশন শুরু হয় তার জন্য আবেদন রাখছি। যেহেতু এই জিনিসগুলো একটু গোলমেলে আছে, তাই জন্য সম্পূর্ণভাবে আমি এই অ্যামেন্ডমেন্টকে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

ডঃ আশীষ ব্যানার্জী ঃ মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি প্রথমেই মা-মাটি-মানুষের নেত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু 'The West Bengal University (Laws) Amendment Bill, 2012 এনেছেন, তাকে যথাযথ বলে পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমি আমার বিরোধি বন্ধুদের একটি কথা শুধু স্মরণ করিয়ে দিচ্ছি। ৩৪ বছরের যে কালো মেঘ, এই মেঘ কাটিয়া যাবে এবং চির দিবসের সূর্য উঠিবে আবার। সেই চিরদিবসের সূর্য উঠাবার কাজেই ব্যাপৃত রয়েছেন মাননীয়া মুখমন্ত্রী এবং তার সহযোগী অধ্যাপক শ্রী ব্রাত্য বসু। আমরা সকলেই জানি যে 'The West Bengal University (Laws) Amendment, 2011 বিলটি এই বিধানসভাতেই পাশ হয়ে আইনে পরিণত হয়েছে। যখন দেখা যায় ব্যবহারিক জীবনে এই আইনে কিছু ফাঁক ফোকর থেকে গেছে, তখনই সংশোধনের প্রয়োজন হয়। যেমন দেখুন কলকাতা বিশ্ববিদ্যালয় সহ সকল বিশ্ববিদ্যালয় টিচার্সদের যে সংজ্ঞা দেওয়া আছে, তার পরিবর্তন প্রয়োজন। বহু বিশ্ববিদ্যালয়, ইউনিভার্সিটি বা কলেজ টিচার্স বলতে প্রফেসর, রিডার, প্রিন্সিপ্যাল, লেকচারার, ডেমোনস্ট্রেটর, টিউটর এবং পার্ট-টাইম টিচিং পোস্টে যারা রয়েছেন তাদের বোঝানো হয়েছে। এখানে টার্মসের পরিবর্তন হয়েছে, সকলেই জানেন। এখন আর লেকচারার নেই, অ্যাসিসট্যান্ট প্রফেসর হয়েছেন। সিলেকশান গ্রেড টিচার্স বা রিডার এই স্থানে অ্যাসোসিয়েট প্রফেসার হয়েছেন। আমি তো বললাম, আপনি জানেন না বোধ হয়। পার্ট-টাইম অ্যাসিসট্যান্ট প্রফেসর বা পার্ট-টাইম অ্যাসোসিয়েট প্রফেসার এটা হয় না। স্বাভাবিকভাবেই এই সংশোধন বাস্তব সম্মত। এরপর দেখুন সার্চ কমিটিতে স্টেট গভর্ণমেন্টের কোন নমিনি নেই। কেন? যে রাজ্যের বিশ্ববিদ্যালয়, সেই রাজ্য সরকারের কোন নমিনি থাকবে না? নমিনি কে থাকবেন? ইউ.জি.সি.-র চেয়ারম্যানের নমিনি থাকবেন। আর তাতে দেকা যাচ্ছে ইউ.জি.সি. কাদের পাঠাচ্ছেন? বাইরের রাজ্যের, বিশেষ করে দিল্লী থেকে একজন তাদের মনোনীত ব্যক্তি এবং কাছের জন যারা তাদের পারপাস সার্ভ করবেন, সেই রকম কোন একজন, এমনকি নেতাদের নাম পাঠিয়ে দিচ্ছেন। আমার বক্তব্য রাজ্যে কি কোন গুণী লোক নেই? কোন গুণী মানুষ নেই? কোন মর্যাদা সম্পন্ন শিক্ষানুরাগী নেই? যাদের রাজ্য সরকার মনোনীত করতে পারেন? সেই জন্য যে সংশোধনীটি এনেছেন সেটা বাস্তব সম্মত এবং প্রয়োজনীয়। সেকশান - ২২, সাব-সেকশান ২, ক্লজ-সেভেন এই যে প্রভিসো অ্যাড করতে চাইছেন সেটা দেখুন। কি বলছেন? বলছেন — provided that the students-representative or research scholars referred to under this clause shall not be permitted to take part in any meeting of theFaculty Council in which confidential matters relating to conduct of examinations, checking of answer scripts, publicatin of results and matters of similar nature are to be discussed. আচ্ছা, বিরোধী বন্ধুরা না জেনে বিরোধিতা করে যাচ্ছেন এবং মানে না বুঝে, পড়ছেনই না, গোটা বিলটাই বড়লেন না। তাহলে বলুন, আপনারা এটাও তো বললেন যখন সমর্থন করছেন না, তখন তার মধ্যে এই ক্লজ দেওয়া আছে। তাহলে আপনারা মানে এটা খুব অসংগত যে, একজন ছাত্র প্রতিনিধি তিনি যখন ছাত্রদের — এটা বলবেন, ছাত্রদের অধিকার হরণন করা হচ্ছে। সর্বত্র উপস্থিত থাকতে পারবেন। কিন্তু, পারবেন না কোথায়? যেখানে প্রশ্ন-পত্র তৈরীর

আলোচনা হবে উত্তর-পত্রের পরীক্ষার বিষয়ে আলোচিত হবে, ফল প্রকাশের কথা আলোচনা হবে কিংবা এই ধরনের, একই ধরনের বিষয় আলোচিত হবে সেখানে বলছেন, উপস্থিত থাকতে পারবেন না। এই বিষয়টার বিরোধিতা করলে জানতে হবে আপনারা চান যে, পরীক্ষা ব্যবস্থায় দুর্নীতি প্রশ্রয় দিতে। কারণ, দুর্নীতি তো করে এসছেন আপনারা, এটা আপনাদের প্র্যাকটিস্। সুতরাং, এই প্রাকটিসের জন্যই এটা চাইছেন। বলে দিলেন কেন? আগের বক্তা বললেন কেন? আগের বক্তা বললেন কেন যে, সমর্থন করতে পারছি না। বলুন যে, এই ক্লজকে সমর্থন করছি, অন্যগুলো পারছি না। এটা বলুন, বিলটা অন্ধের মত সমর্থন করতে পারছি না। অর্থাৎ, Opposition for opposition's sake এছাড়া কিছু নয়। অর্থাৎ, বিরোধিতা করতে হবে, বুঝি না বুঝি দুই দু'গুণে পাঁচ বলে দিয়েছে আমাদের নেতা, দুই দু'গুণে পাঁচই বলতে হবে। বলে দিয়েছে বিরোধিতা কর, বিরোধিতা করতে হবে, এই বিরোধিতা করছেন। আমি ভাবছি, ভাবতে অবাক লাগছে যে, অনন্তবাবুর মত মানুষ, তিনিও বলে দিলেন, সমর্থন করতে পারছি না। আরে বলুন, এইটা সমর্থন করতে পারছি, এইটা সমর্থন করতে পারছি না। তাহলে বলবেন যে, প্রশ্ন-পত্র যেখানে তৈরী হবে সেখানে ছাত্রদেরকে নিয়ে আলোচনা করতে হবে। যেখানে নম্বর কত দেওয়া হবে সেটা ছাত্রদেরকে নিয়ে আলোচনা করতে হবে। একটু বুদ্ধি-সুদ্ধি রাখুন ! এত নির্বোধ হয়ে গেছেন চৌত্রিশ বছরে! ভাবতে পারা যায় না। আরও একটি গুরুত্বপূর্ণ সংশোধনী এনেছেন মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী ব্রাত্য বসু. .সেটি হ'ল, ডিন নির্বাচন। ডিন থাকবেন বিশ্ববিদ্যালয়ে পি.জি স্টাডিজের জন্য প্রত্যেক ফ্যাকালটিতে। উপাচার্য তাদের নিযুক্ত করবেন। কিন্তু, নিজের ইচ্ছে মত নয়। যেটা আপনারা করে গেছেন। সিগারেটের প্যাকেটের উল্টো দিকে বলেছেন যে, এদেরকে মেম্বার করে দাও। করে দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের মেম্বার — হয়েছেন। উপাচার্য তাদের নিযুক্ত করবেন, শুনে রাখুন। খুব ভালো করে শুনুন। যদি না পড়ে থাকেন, তাহলে আরও একবার বিলটি পড়বেন যে, উপাচার্য তাদের নিযুক্ত করবেন, কিন্তু নিজের ইচ্ছে মত নয়। ... (গোলমাল) ... সেখানেও স্বচ্ছতা রাখা হয়েছে। কে কে থাকবেন ডিনকে নির্বাচিত করবার কমিটিতে? এক মহামান্য আচার্য্যের মনোনীত উপাচার্য, যে উপাচার্য রাজ্যের অন্য বিশ্ববিদ্যালয়ে হবেন, তিনি কমিটির প্রধান হবেন। অর্থাৎ, ঐ বিশ্ববিদ্যালয়ে থাকবেন না। nepotism হবে না। একজন প্রথিতযশা শিক্ষাবিদ রাজ্যসরকারের মনোনীত প্রতিনিধি হবে, যার ঐ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কোনো যোগ থাকবে না। তিনি একজন উপাচার্য মনোনীত ব্যক্তি থাকবেন যিনি shall not be below the rank of Professor of any university. এটা বলে দিয়েছেন বিলে। তারা এলিজিবেল প্রফেসরদের ঐ বিশ্ববিদ্যালয়েই এ্যাকাডেমিক্ এক্সিলেন্সের উপর জোর দেবেন। তারপর দু'জন অধ্যাপককে প্যানেল্ করবেন। প্রত্যেক ফ্যাকালটির জন্য নির্বাচিত হবেন এই ভাবেই। এবং আরও বড় কথা তার চাকরি জীবনে একবার মাত্র ঐ বিশ্ববিদ্যালয়ে ডিন হবেন। অর্থাৎ, অন্যান্য যোগ্যতাসম্পন্ন মানুষ তারা পিছিয়ে থাকবেন তা নয়, একটা টার্মে যদি থাকেন পরের টার্মে অন্যজন হতে পারবেন। একটা সুযোগের প্রসারণ ঘটানো হয়েছে। সুতরাং, কোথাও কোনো গোপনীয়তা রাখা হচ্ছে না। আলিমুদ্দিনের নির্দেশেও কাজ করা হবে না।

সুতরাং এই সংশোধনী অত্যন্ত যুক্তিসঙ্গত। আবার এই সংশোধনী এনে শিক্ষার প্রসার ঘটাতে চেয়েছেন। যাদবপুর বিশ্ব-বিদ্যালয় আইন সংশোধন করতে চেয়ে বললেন, in section 21(i), in sub -section (1), after clause (c), the following clause shall be inserted : -

[11.40-11.50 p.m.]

(d) the Faculty Councils for Post -Graduate and Undergraduate Studies in inter-Disciplinary Studies, Law and Management including all Schools and institutes established by the University.'

বললেন বিরোধিতা করছি। ওখানে Law and Management আনা যাবে না। ওখানে শিক্ষার প্রসারণ ঘটানো যাবে না, বিরোধিতা করছি। বাইরে চিৎকার করব ঝান্ডা নিয়ে, ডান্ডা নিয়ে এগিয়ে যাব আর উনি যখন শিক্ষার প্রসারণ ঘটাতে চাইছেন এই আইনের মধ্যে দিয়ে যে, ঐ বিশ্ব-বিদ্যালয়ে এটা পড়ানোর সুযোগ দেওয়া হোক, তখন বলছেন, না আমরা বিরোধিতা করছি। কিসের বিরোধিতা? বিলটা পড়ুন। বার বার বলছি, বিলটা পড়ুন। স্বাভাবিক ভাবেই বিশ্ব-বিদ্যালয়ে এই বিষয়ে শিক্ষার অন্তর্ভুক্তি করে শিক্ষার প্রগতি ঘটাচ্ছেন।

তাছাড়াও এই অ্যামেন্ডমেন্ট বিলে 'নেতাজী সুভাষ মুক্ত বিশ্ব-বিদ্যালয়' আইনেও কিছু পরিবর্তন আনা হয়েছে। In Section 10, in sub-section (1) - (ii) in clause (c) in sub-clause (iii), for the word 'Court', the words 'Executive Council' shall be substituted. যদিও মনে হতে পারে এটা সামান্য পরিবর্তন কিন্তু ভাবতে হবে অন্যান্য বিশ্ব বিদ্যালয়ের সঙ্গে সম-মর্যদা সম্পন্ন করে তুলতে চান শুধু তাই নয়, মহান নেতাজী সুভাষ চন্দ্রের নামাঙ্কিত এই বিশ্ব বিদ্যালয়কে যে অবহেলা করেন না সেই তাৎপর্যও রয়েছে। আপনারা জানেন? আপনারা তো সমালোচনা করছিলেন, এই নেতাজী মুক্ত বিশ্ব-বিদ্যালয় আপনারা থাকাকালীন, চার/পাঁচ বছর ধরে রেজাল্ট আউট হত না। আপনারা জানেন এই মুক্ত বিশ্ব-বিদ্যালয়ের অবস্থাটা কোন্ জায়গায় আপনারা নিয়ে গিয়েছিলেন? মহান নেতাজীর নামে একটা বিশ্ব-বিদ্যালয় স্থাপন করা হল আর সেই বিশ্ববিদ্যালয়ে রেজাল্ট বেরতো না ! একেবারে সিদ্বান্ত নিয়ে নিলেন। আমরা সিদ্বান্ত নিলাম না, বন্ধ রাখা চলবে না, ভর্তি বন্ধ রাখা চলবে না এবং রেজাল্ট আউট হল। এই প্রথম, আমরা বলতে পারি, এই সরকার আসার পর মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় শিক্ষামন্ত্রীর উদ্যোগে আমরা সকলে এই বিশ্ব-বিদ্যালয়ের একটা পরিবর্তন ঘটিয়ে দিয়েছি। নেতাজী মুক্ত বিশ্ব-বিদ্যালয়ে এখন সঠিক সময়ে ভর্তি, সঠিক সময়ে রেজাল্ট এগুলোর জন্য তৎপরতা গ্রহণ করা হচ্ছে। আপনাদের যে পাপ সেই পাপস্খালন করার কাজে আমাদের নামতে হয়েছে। আর আপনারা বরং এখন কয়েক বছর ধরে চুপ-চাপ প্রায়শ্চিত্ত করুণ।

Selection of paper setter, moderator. মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব, যখন বিশ্ব-বিদ্যালয় রেগুলেশন করবেন তখন এ বিষয়গুলো দেখা দরকার। কেন? Selection of paper setter, moderator, examiner, head examiner -(গোলমাল) ... বিলের অ্যালাইনমেন্টের বিষয়টা বোঝেন না? অ্যাক্টের পর রেগুলেশন হয় বোঝেন না? জানেন না?

Examiner, head examiner এদের appointment-র জন্য আগের সরকার কোন নীতি নির্ধারণ করেননি। অর্থাৎ যিনি আলিমুদ্দিনের সহযোগী মানুষ হবেন তিনি ঝান্ডা এবং ডান্ডা উভয়ই করতে পারেন, পথে পথে মিছিল করে বেড়াতে পারেন, পথসভা করতে পারেন। তাঁকে ডেকে moderator করে দেওয়া হচ্ছে। আর, moderator করে SFI নেতাদের ডেকে ডেকে সেই moderation -র পর question out করে দেওয়া হচ্ছে। .... (গোলমাল) ... হয়েছে, আপনাদের সময় question out হল না? question out হয়নি আপনাদের সময়? স্বাভাবিক ভাবেই আমি অনুরোধ করব, বিশ্ব-বিদ্যালয়ের এই যে criteria ছিল বামফ্রন্ট সদস্য হতে হবে, এটার পরিবর্তন ঘটানো দরকার। Seniority basis -এ এটা ঠিক করা হত না। কোন বিশ্ববিদ্যালয়ে হত না। অনুরোধ করব, 'Board of Studies' তারও যেন এই বিষয়টা করা হয়। আরেকটা বিষয়ে ভাবতে হবে, রাজ্য সরকার যখন West Bengal University Laws, 2011 bill পাস করেছিল তখনই সব বিশ্ব-বিদ্যালয়কে মোটামুটি একই আইনের আওতায় আনতে চেয়েছিল।

এই সংশোধনীর মাধ্যমে আরও একটু এগিয়ে গেলেন। এক আইনের তলায় যেমন বিশ্ববিদ্যালয়কে আনতে চেয়েছেন ঠিক তেমনই শিক্ষার প্রসারে এই সংশোধনী সহায়তা করেছে। শেষে পথের সঞ্চয় থেকে রবীন্দ্রনাথের একটি উক্তি উদ্বৃত করবো-শিক্ষা জিনিসটা জীবনের সংগে সংগতিহীন একটা কৃত্রিম জিনিস নহে, আমরা কি হইবো এবং আমরা কি শিখিব, এই দুটি কথা একেবারে গায়ে গায়ে সংলগ্ন। আর অশোক নিলয় থেকে অশোক কুন্ডুর একটি কথা এ প্রসঙ্গে উল্লেখ্য ছাত্রগণ শিক্ষা প্রতিষ্ঠানের প্রাণ, শিক্ষকগণ বিবেক, তাই ছাত্র শিক্ষক সবার কথা ভেবেই এই সংশোধনী এনেছেন শ্রী ব্রাত্য বসু। তাঁকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : ম্যাডাম, মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী ব্রাত্য বসু The West Bengal University Laws (Amendment) Bill, 2012 যেটা এনেছেন আমি তার উপর বক্তব্য রাখছি। খুব ভালো লাগছে একটা ব্যাপার দেখে অন্যান্য দপ্তরের থেকে শিক্ষা দপ্তরকে অনেক গতিশীল মনে হচ্ছে। ভাবছেন, কিছু কিছু জায়গায় পরিবর্তন আনার চেষ্টা করছেন। ওঁর কথায় যে সব বিশ্ববিদ্যালয় সবেমাত্র তৈরি হয়েছে এই হাউস থেকে যা অনুমোদন পেয়েছে- কাজী নজরুল ইউনিভার্সিটি, নর্থ বেঙ্গলের কোচবিহারে পঞ্চানন রায় বর্মন ইউনিভার্সিটি, এগুলোর ক্ষেত্রেও তিনি চিন্তা-ভাবনা করেছেন, সে নিয়ে তিনি আলোচনা করেছেন এই রিপোর্টে। আমি অত্যন্ত সংক্ষিপ্ত দু-একটি কথা বলবো আপনাদের কাছে। সেটা হল এই যে- 'নলেজ কমিশন' আমাদের দেশ ভারতবর্ষ সম্পর্কে একটা কথা বলেছিল, যদি আমাদের দেশকে শিক্ষায় এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে-তাদের অনেকগুলো রেকমেন্ডেশান ছিল, তার মধ্যে একটা রেকমেন্ডেশান ছিল-আরো সাতশো ইউনিভার্সিটি, সেভেন হানড্রেড ইউনিভার্সিটিজ মোর এবং আরো প্রায় ৩৫ হাজার ডিগ্রি কলেজ তৈরি করতে হবে। এটা নলেজ কমিশনের রিপোর্ট। আমি জানি না, আমি যেটা বলছি এটা নিশ্চয়ই শিক্ষার সংগে সম্পর্কযুক্ত, এটাকে অন্য কোনভাবে ব্যাখ্যা করা হবে না। কিন্তু আমি মাননীয় ব্রাত্যবাবুর কাছ থেকে জানতে চাই-আমরা অনেকগুলো কলেজের কথা ভাবছি,

অনেকগুলো ইউনিভার্সিটির কথা ভাবছি, আপনি সেদিন একটা কথা বলেছেন যদি এটা বাস্তবে রুপায়িত হয় -দু-একদিন আগেই এই হাউসে বলেছেন- তাহলে আমি অত্যন্ত আনন্দিত হবো। এবং আমার মতো অনেক সদস্যও যারা শিক্ষা সম্পর্কে, শিক্ষার অগ্রগতি সম্বন্ধে ভাবছেন তারাও আনন্দিত হবেন। আমরা শুধু মাত্র কোথায় ডিগ্রি কলেজ হবে বা অন্যান্য টেকনিক্যাল কলেজের কথা বলছি তারজন্য আপনারা একটা কলেজ ম্যাপ তৈরি করছেন এবং ওটা হয়ে গেছে। প্লেস করেছেন বিধানসভায়, এখনও আসেনি, এটা এক্সিকিউটিভ ব্যাপার আপনাদের। যাইহোক এটা যদি বিধানসভার নেক্সট হাউসে পেশ করেন তাহলে ভালো হবে। নিঃসন্দেহে এটা নিরপেক্ষভাবে শুধুমাত্র যেখানে প্রয়োজন আছে, সেখানে কংগ্রেস আছে না তৃণমূল কংগ্রেস আছে না বামফ্রন্ট আছে না সিপিআইএম আছে, এটা না দেখে এটাকে যদি আপনারা বাস্তবে রুপায়িত করতে পারেন তাহলে আমি বলবো that will be an incident which will help our boys to learn more, যারা পারছে না তারা এগিয়ে আসবে এই কলেজের ক্ষেত্রে। আমি আপনাকে বলবো আপনি কি এই নলেজ কমিশনটাকে মাথায় রেখে এগোচ্ছেন। এটা নিয়ে কোন সমালোচনা নয়, আমরা যদি সামনের দিকে সত্যি এগিয়ে যেতে চাই তাহলে নলেজ কমিশনের যে রিপোর্ট -ভারতবর্ষে আরো ৭০০ ইউনিভার্সিটি করতে হবে, আরো ৩৫ হাজার কলেজ করতে হবে।

[1.50-2.00 p.m.]

তারজন্য পশ্চিমবাংলায় আরো কটা দরকার এবং তার মত করে ম্যাপ করে এবং যেভাবে এগিয়ে চলতে হবে সেই ব্যবস্থা যদি আপনি করেন তাহলে সবার আগে আমি বা আমরা আপনাকে ধন্যবাদ জানাবো যে আপনি এগিয়ে চলুন। এই বেসিক আইডিয়াটার উপর নির্ভর করে আমাদের চলতে হবে। আমি দুটি একটি জায়গায় সবার আগে আমি বলি যে একটি বিষয়ে আমার পূর্ববর্তী বক্তা যেটা বললেন সেটাতে আমি totally differ করছি। আপনার এই রেকমেন্ডেশানটা আমি মানতে পারলাম না। The Vice -Chancellor appointed the Search Committee but there is no nominee of the State Government in this Search Committee. The nominee of the University Grants Commission in the Search Committee has been replaced by a nominee of the State Government. University Grants Commission সারা ভারতবর্ষে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে একটা নিয়ন্ত্রক হিসাবে তার দায়িত্ব পালন করে থাকে এবং University Grants Commission - এর যারা প্রতিনিধি তারা শিক্ষা দপ্তরের সঙ্গে সংশ্লিষ্ট নয় এই কথা নিশ্চয় কেউ বলতে পারবেন সহজে আমার নিজের মনে হয় না। আমি আপনাকে অনুরোধ করবো এই ব্যাপারটা নিয়ে ভাল করে বিচার বিবেচনা করতে। আজকে না হয় আমি তর্কের খাতিরে ধরে নিলাম আপনি, ব্রাত্যবাবু, আপনি শিক্ষা দরদী মানুষ, আপনি নিজে শিক্ষক, আপনি এটাতে আছেন আপনি যে আইনটা করলেন যে ওখানে University Grants Commission - এর প্রতিনিধি থাকার দরকার নেই, ওখানে রাজ্য সরকারের প্রতিনিধি থাকলে ভাল হবে। এখন যদি মনে হয় যারা দীর্ঘদিন থেকে এখানে সরকার চালিয়ে এসেছেন, যাদের শিক্ষা ব্যবস্থা পরিচালনা সম্পর্কে আমরা দিনের পর দিন প্রতিবাদ করেছি, যেখানে আন্দোলন করেছি, আপনি করেছেন,

আমি করেছি, আমরা সকলেই করেছি এই ধরনের একটি সরকার আবার এসে বসে এবং তারা যদি ঐ চেষ্টা করেন যা আমরা রাজ্য সরকারের প্রতিনিধিকে দিতে পারলাম, আমাদের University Grants Commission -এর প্রতিনিধিকে দিতে পারবো না তখন আমার মনে হয় আশিষবাবুর যে স্বপ্ন বা আশিষবাবুর যে ধারনা যেটা বাস্তবে রুপায়িত হবে না। তাহলে সে ক্ষেত্রে সরকারকে এই বিষয়ে দুরে রেখে আরো শিক্ষা প্রতিষ্ঠানে বা শিক্ষা বিস্তারের সঙ্গে সংশ্লিষ্ট কোন সরকারী সংস্থা অথবা কোন বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত সংস্থা থেকে আমরা যদি প্রতিনিধি গ্রহণ করি আমার মনে হয় আপনি যেটা বাস্তবায়িত করতে চাইছেন যে শিক্ষাকে আমি দল নিরপেক্ষ রেখে আমি এগিয়ে যেতে চাইবো সেটা কিন্তু বাস্তবে তার রুপায়ন হতে পারে। আমরা মনে হয় সেটাই সবচেয়ে কার্যকরী হবে। একজন বলছিলেন যে আমরা মনে হচ্ছে যেন সরকারী নিয়ন্ত্রন বেশি ইত্যাদি ইত্যাদি -বেসরকারী ক্ষেত্র, সরকারী ক্ষেত্র - বেসরকারী ইউনিভার্সিটি তো হচ্ছেই কিন্তু সেই ক্ষেত্রে আমার যেটা বক্তব্য আপনার কাছে technical college হচ্ছে, অন্যান্য কিছু ভবিষ্যতে হবে But control over the private institutions এটাকে বাড়াতে হবে। আমি যে উদাহরণ আপনার কাছে দেবো যে বি.এড. কলেজগুলোর আমি উচ্চ শিক্ষার কথা বলতে এসে উদাহরণ দিয়ে বলছি যে পি.টি.টি.আই. কলেজগুলো হয়েছে এগুলোর ক্ষেত্রে আমাদের সরকারের নিয়ন্ত্রণ এখনও এত কম, যার ফলে আমরা দেখছি যারা পি.টি.টি.আই. -এ ভর্তি হচ্ছে প্রাইভেট কলেজে তাদের কাউকে ২ লক্ষ টাকা, কাউকে ৩ লক্ষ টাকা, কাউকে ৫০ হাজার টাকা, কাউকে ১ লক্ষ টাকা দিয়ে ভর্তি হতে হচ্ছে। তার রেটটা কোথায় গিয়ে দাঁড়াবে আমরা তা জানি না। ফলে আপনি যখন সরকারী প্রতিনিধিত্বের কথা ভাবছেন তখন সব জায়গাতেই সেটা যাতে খুব ভালভাবে প্রতিফলিত হয় তার চেষ্টা করবেন। আর একটি অনুরোধ আপনাকে রেখে ম্যাডাম আমি বক্তৃতা শেষ করবো। আপনি বলেছেন vice-chancellor-এর প্রতিনিধিরা থাকবেন, chancellor -এর প্রতিনিধিরা থাকবেন এই একটা ইউনির্ভাসিটির ক্ষেত্রে most probably বিদ্যাসাগর ইউনিভার্সিটির ক্ষেত্রে। বিদ্যাসাগর ইউনিভার্সিটির ক্ষেত্রে আপনি বলেছেন, আমি আপনাকে বলছি pro-vice chancellor যে কোন জায়গায় pro-vice chancellor যারা আছেন তারা তাদের প্রতিনিধিকে দিতে পারবেন যিনি একজন অধ্যাপক পদ মর্যাদার মানুষ এটাকেও যদি আপনি ঠিক করেন তাহলে আর কিছু হবে না। শুধুমাত্র vice chancellor, chancellor অথবা vice chancellor নয় pro-vicechancellor তিনি যদি দিতে পারেন তার প্রতিনিধি আমার মনে হয় আপনি যে জায়গায় যেতে চাইছেন সেটা অনেক বেশি কার্যকরী হবে।

এই বিলে অনেকগুলো ইউনির্ভাসিটির কথা আছে, এগুলোকে নিয়ে আলোচনা করা সম্ভব হয় না, সম্ভবও না। তবে যে পথে আপনি এগোতে চাইছেন সেই পথে আমার যে বক্তব্য ছিল, আমি সেই বক্তব্য আপনার কাছে রাখলাম এবং আশা করি এই বিলের সুবিবেচনার আমি আশ্বাস পাব এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ ম্যাডাম।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি দি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি লজ্ (এ্যামেন্ডমেন্ট) বিল ২০১২ -এই সম্পর্কে আমার বক্তব্য রাখতে চাই। Clause 1 section (2) "Teacher of college" means a Professor or an Associate Professor

or an Assistant Professor or a Reader holding whole-time substantive teaching post and appointed in a permanent vacancy in a college or recognized as such by the State Government এইখানে প্রিন্সিপাল 'টাকে অমিট করা হয়েছে। প্রিন্সিপালকে অমিট করা হল কেন-প্রিন্সিপত্রাল যেখানে কলেজের ভাইটাল একটা ইনস্টিটিউশানের হেড, তাকে অমিট করা হল কেন? আগে যেটা ছিলেন প্রিন্সিপাল ইনস্টিটিউশানের হেড, তাকে অমিট করা হল কেন এটা আলোচনা হওয়ার দরকার এবং প্রিন্সিপালকে আমি মনে করি এটা সংযোজিত হওয়া উচিত। এরসঙ্গে যেটা বলা আছে যে, "The teacher of university" means a Professor or an Associate professor or Assistant Professor or any other person এখানে এ্যানি আদার পার্সেন -এটার এক্সপ্ল্যানেশানটা কি? এনি আদার পার্সেনের ক্ষেত্রে এক্সপ্ল্যানেশানটা কি হবে সেইটা একটু ব্যাখ্যা হওয়া প্রয়োজন। এটা স্পষ্টিকরণ করা দরকার এবং অবজেক্টস এবং রিজিনে যেটা দেওয়া আছে সেটা হচ্ছে যে, the definition of the "teachers" and " teachers of the University" has been amended to exclude the part-time and temporary teacher as they do not enjoy same service benefits as the full time, permanent teachers. এটাকে এক্সক্লুড করা হচ্ছে। এই বিলটার আসল উদ্দেশ্য হচ্ছে যে, পার্ট টাইম লেকচারারদের এক্সক্লুড করা। সেই উদ্দেশ্যেই এই বিলটা আনা হয়েছে কারণ পার্ট টাইম লেকচারার গোটা পশ্চিমবঙ্গে প্রায় ৬ হাজার আছেন। যারা হচ্ছে সপ্তাহে ১০টা থেকে শুরু করে একেবারে ২৫টা পর্যন্ত ক্লাশ নেয় এবং যাদের যোগ্যতা হচ্ছে ফুল টাইম লেকচারারদের যে যোগ্যতা, সেই যোগ্যতার নিরীখেই তাদেরকে নেওয়া হয়েছে। স্থায়ীভাবে তাদেরকে এক্সক্লুডেড কথাটা বলা হচ্ছে কেন? পার্ট টাইম লেকচাররা সারা পশ্চিমবঙ্গ জুড়ে তারা আন্দোলন রয়েছেন এবং মাননীয় শিক্ষামন্ত্রীর কাছেও তারা বারবার দরবার করেছেন। অন্যান্য অনেক ডিপার্টমেন্ট আমার দেখেছি ক্যাজুয়াল স্টাফকে রেগুলার করা হয়েছে। ১০ বছর যদি কোন ক্যাজুয়াল স্টাফ কাজ করে তাকে রেগুরালাইজ করা হয়। সেক্ষেত্রেও অন্যান্য ডিপার্টমেন্টে একটা দৃষ্টিভঙ্গী আছে। সেইখানে দাঁড়িয়ে পার্ট টাইম লেকচারারদের রেগুরালাইজ করার ক্ষেত্রে এক্সক্লুড করা এই কথাটা বাদ দিয়ে ইনক্লুড করা হোক। তাদেরকে পার্মানেন্ট টিচার হিসাবে দেওয়া হোক কারণ যেহেতু তাদের একই যোগ্যতা আছে এবং তারা হচ্ছেন অল্প বেতনে তারা দীর্ঘদিন কাজ করছেন। সেই দৃষ্টিভঙ্গীতে তাদেরকে স্থায়ীকরণ করা হোক। এর সঙ্গে সঙ্গে সেকশান ৮ এর বিসার্চ কমিটিতে দেখুন ভাইস চ্যান্সেলার সিলেকশানের ক্ষেত্রে যেটা আগে ছিল যে, চ্যান্সেলার নমিনি এব ইউ জি সির চেয়ারম্যান নমিনি তার পরিবর্তে এইবারে করা হয়েছে নমিনি অফ দি স্টেট গভর্ণমেন্ট। এইজন্যই কি সার্চ কমিটি থেকে সুনন্দ সান্যাল পদত্যাগ করেছেন এইটা মাননীয় মন্ত্রী একটু ব্যাখ্যা করলে ভাল হয়। কারণ সার্চ কমিটিতে একে বলছেন যে দলতন্ত্র মুক্ত করবেন, partisan spirit ....মুক্ত করবেন মুখে বলছেন আর কাজে দেখা যাচ্ছে নমিনির ক্ষেত্রে দলতন্ত্র এ্যাডোপ্ট করছেন। যেখানে চ্যান্সেলার নমিনিতে ছিলেন, ইউ জি সির চেয়ারম্যান নমিনিতে ছিলেন। তার পরিবর্তে নমিনি আনা হচ্ছে স্টেট গভর্ণমেন্ট থেকে। অর্থাৎ দলতন্ত্রকে এস্টাব্লিশ করাই এর উদ্দেশ্য। এইজন্যই সুনন্দ সান্যাল রিজাইন করেছেন সার্চ কমিটির থেকে আমার মনে হয়।

[2.00–2.10 p.m.]

তৃতীয়ত হচ্ছে সেকশন নাইনে মরাল অ্যান্ড ইনস্টিটিউশনাল কমিটমেন্ট এটাকে বাদ দেওয়া হয়েছে। মরাল -তো ভাল ওয়ার্ড, আগে ছিল। নৈতিকতা এবং ইনস্টিটিউশনাল কমিটমেন্ট প্রতিষ্ঠানিক হচ্ছে তার দায়বদ্ধতা -এই দুটো শব্দকে বাদ দেওয়া হল। তারমানে অনৈতিক ভাবে চলবে? ইনস্টিটিউশনাল কমিটমেন্ট, ইনস্টিটিউশানের যিনি হেড তার কোন কমিটমেন্ট থাকবে না? এটার মানে তো তাই দাঁড়ায়। স্বাভাবিক ভাবেই এটা সংশোধিত হওয়া দরকার। আগে যেটা মরাল অ্যান্ড ইনস্টিটিউশনাল সেকশান নাইনে ছিল সেটাকে বাদ না দিয়ে সেটাকে সংযোজিত করা উচিৎ। তা না হলে এটা অনৈতিকভাবে যদি দায়বদ্ধতা না থাকে তাহলে যেদিকে যায় শিক্ষা প্রতিষ্ঠানে সেদিকে চলে যাবে। এরসঙ্গে নেতাজি ইউনিভার্সিটিতে -এখানে বলা হচ্ছে কোর্টের বদলে বা পরিবর্তে এক্সজিকিউটিভ কাউন্সিল। কোর্ট একটা রিপ্রেজেনটিভ সংস্থা, তার পরিবর্তে এক্সজিকিউটিভ কাউন্সিল এটা কি নির্বাচনের মাধ্যমেই আসবে। সুব্রতবাবু আগে ছিলেন ক্যালকাটা ইউনিভার্সিটির কোর্টের প্রতিনিধি ছিলেন, বামফ্রন্ট থেকেই দেওয়া হয়েছিল। কারণ শিক্ষাটা হচ্ছে এডুকেশান মেক ইট এ ফুল ম্যান। কাজেই সেই ফুল ম্যানকে যদি আনতে হয় তাহলে এডুকেশান ইনস্টিটিউশানেও ফুল ম্যান দৃষ্টিভঙ্গি থাকতে হবে। অতীতে সেই জায়গায় বামফ্রন্টের প্রতিনিধি হিসাবে সুব্রতবাবুকে নেওয়া হয়েছিল কোর্টের সিনেটের প্রতিনিধি হিসাবে। এখানে এক্সজিকিউটিভ কাউন্সিল নেওয়া হচ্ছে, স্বাভাবিকভাবেই প্রশ্ন আসে এই এক্সজিকিউটিভ কাউন্সিল নির্বাচনের মাধ্যমে আসবে? কোর্টের প্রতিনিধির পরিবর্তে কি এক্সজিকিউটিভ কাউন্সিল নেওয়া হচ্ছে? এটা ব্যাখ্যা হওয়া প্রয়োজন। এর সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে স্টুডেন্ট রিপ্রেজেন্টটেটিভের ক্ষেত্রে এক্সক্লুড করা হচ্ছে। এটা ঠিক কোন পরীক্ষার ক্ষেত্রে স্টুডেন্ট রিপ্রেজেন্টটেটিভ না থাকতে পারে। কারণ ফ্যাকাল্টি কাউন্সিলের কিন্তু সেখানে রিপ্রেজেন্টটেটিভের ক্ষেত্রে বিভিন্ন ইউনিভারসিটিতে, কলেজে বিশৃংঙ্খলা হচ্ছে। প্রতিদিন খবরের কাগজ খুললেই দেখা যাচ্ছে যে বিভিন্ন কলেজে, বিশ্ববিদ্যালয়ে ছাত্র বিশৃংঙ্খলা লেগেই আছে। এই রকম একটা জায়গায় দাঁড়িয়ে সেখানে স্টুডেন্ট রিপ্রেজেন্টটেটিভ পরীক্ষা ছাড়া বাকি ক্ষেত্রে তাদের সঙ্গে আলোচনা দরকার আছে, যেখানে স্টুডেন্ট ইউনিয়ন আছে। এটা তাদের সেক্ষেত্রে স্পেশিফিক করা প্রয়োজন যে, একমাত্র পরীক্ষা বাদ দিয়ে -কারণ পরীক্ষার ক্ষেত্রে যদি কোন আলোচনা হয় সেখানে কোয়েশ্চেন ম্যাটার থাকে। সেটা লিক হলে অসুবিধা হতে পারে। কিন্তু আদার্স গুলোতে তাদের নেওয়া উচিৎ, কারণ যদি বিশৃংঙ্খলা হয় কোন ইউনিভারসিটিতে সেখানে যদি সলিউশান করতে হয় ইউনিভারসিটিকে সেটাকে যদি পিস মেনটেন করতে হয় তাহলে স্টুডেন্ট যে ইউনিয়ন আছে তার রিপ্রেজেন্টটেটিভদের সঙ্গে আলোচনা করে তাদের সঠিক জায়গায় নিয়ে আসবে সেই স্টুডেন্ট ইউনিয়ন। স্বাভাবিকভাবে এখানে আনার প্রয়োজন আছে। এটা নিয়ে সার্চ কমিটি নাম্বার থ্রি, কোর্ট নমিনী এটাকে যেটা বাদ দিচ্ছে এটাকে চেঞ্জ করা হচ্ছে কেন এটা ব্যাখ্যা করলে ভাল হয়। এই বিলের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া কয়েক দিন আগে আমরা পশ্চিমবঙ্গের সমস্ত বিশ্ববিদ্যালয়ের যে আইন পরিবর্তন করেছিলাম এখানে এবং তার এক-দুই মাসের মধ্যেই আমাদের বসতে হল সেই সমস্ত আইন গুলিকে আবার পরিবর্তন করার জন্য। এখানে যেটা দেখা

যাচ্ছে তা সব বিশ্ববিদ্যালয় গুলির জন্য আছে প্রায় একই রকম বিষয় তাই যে কোন একটা বিদ্যালয় নিয়ে বললেই গোটা ব্যাপারটা পরিস্কার হবে। সময় কম তাই আমি দুই-একটি পয়েন্ট বলার চেষ্টা করব। আশিষবাবু যেটা বলেছেন তার সঙ্গে আমি সম্পূর্ণ একমত। বিগত সরকারের সময় সিগারেটের প্যাকেটের পিছনে যেভাবে নাম পাঠিয়ে দেওয়া হত উপাচার্য কে হবেন, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কে হবেন কিংবা ডিন কে হবেন এগুলি অত্যন্ত সত্যি কথা। ফলে এগুলির পরিবর্তন অত্যন্ত বাঞ্চনীয় ছিল। প্রতিশ্রুতি ছিল বর্তমান সরকারের তরফ থেকে যে শিক্ষা রাজনৈতিক যে নগ্ন অনুপ্রবেশ অতীতে ঘটেছিল শিক্ষা ব্যবস্থাপনায় থেকে তাকে তারা মুক্ত করবেন। জনসাধারণেরও একটা প্রত্যাশা ছিল যে এই জিনিসটা হবে।

কিন্তু বিষয়টা হচ্ছে একের পর এক যা পদক্ষেপ নেওয়া হচ্ছে তা তাঁদের প্রতিশ্রুতি মত হচ্ছে কিনা সেটা ভাবার জন্য বলছি। যেমন ধরুন এই বিলে মূল দুটো দিক আছে। একটা উপাচার্য নির্বাচন, আর একটা ডিন নির্বাচন। উপাচার্য নির্বাচনের ক্ষেত্রে বিগত দিনে বলা হয়েছিল-যে কমিটি হবে, সেখানে সার্চ থাকবে ইউ.জি.সি-র প্রতিনিধি আর বিশ্ববিদ্যালয়ের সেনেটও চ্যান্সেলারের প্রতিনিধি-এটা ছিল। এই সেনেট এবং চ্যান্সেলারের প্রতিনিধিকে অপরিবর্তিত রেখে বর্তমান বিলে যেটা পরিবর্তন করার চেষ্টা করা হচ্ছে সেটা হচ্ছে, ইউ.জি.সি-র প্রতিনিধির জায়গায় রাজ্যসরকারের প্রতিনিধি। ফলে রাজ্য সরকার চ্যান্সেলার এবং সেনেটের প্রতিনিধি মিলে যে ব্যাপারটা দাঁড়াচ্ছে তাতে সার্চকমিটির যা চেহারা দাঁড়াবে তাতে বাস্তবে কিন্তু রাজ্যসরকারের প্রতিনিধিই উপাচার্য নির্বাচন করবেন। ফলে এখানে যে বিষয়টা দাঁড়াবে সেটা হচ্ছে, একটা ইয়েস ম্যান আনার যে ঝোঁক অতীতে ছিল, ঝোঁক শুধু না, অতীতে যেটা করা হয়েছিল, সেটাই কিন্তু হওয়ার জায়গায় আসবে এটাও আপনারা ভেবে দেখুন। আপনারা কিন্তু চিরদিন সরকারে থাকবেন না। সরকারে পরবর্তীকালে যারা আসবেন তারাও এই আইনের সুযোগ নিয়ে ইয়েস ম্যান আনতে পারবেন। সেটাও আপনাদের ভেবে দেখতে হবে। এবার আসি ডিন নির্বাচনের কথায়। সেখানে দেখুন ডিন নির্বাচনের ক্ষেত্রে চিরদিন যেটা প্র্যাকটিস ছিল, সেটা হচ্ছে পি.জি কাউন্সিল ফ্যাকাল্টি কাউন্সিল তারাই ডিন নির্বাচন করতেন। কিন্তু এখানে যেটা হয়ে গেল সেটা হচ্ছে, তারও একটা ধারাকে পরিবর্তন করা হল এবং আলটিমেটলি যেটা দাঁড়াচ্ছে সেটা কিন্তু উনিও ইয়েস মানের দিকেই যাচ্ছে। এটাও আপনারা ভেবে দেখবেন। টিচারদের ডেফিনেশান আপনারা পরিবর্তন করলেন এবং এই ডেফিনেশান পরিবর্তনের ক্ষেত্রে ভার্চুয়ালি যে জায়গাটা দাঁড়াচ্ছে তা যে, পার্ট টাইম টিচারদের উপর সমস্ত উচ্চশিক্ষা ব্যবস্থাটা বিশেষ করে কলেজীয় শিক্ষা ব্যবস্থাটা নির্ভরশীল তারা কিন্তু হতাশ হবে। কারণ তারা জি.বি বা টিচার্স কাউন্সিলের সদস্য হতে পারেন বলে একটা প্রত্যাশা নিয়ে দাঁড়িয়েছিলেন, সেই প্রত্যাশা থেকে তারা কিন্তু বিচ্যুত হচ্ছেন। আর একটা কথা, ছাত্রদের কথা যেটা বলেছেন, এখানে আইনে যেটা রেখেছেন আমি সেটাকে সমর্থন করছি কিন্তু ছাত্রদের প্রতিনিধিত্ব ব্যাপারটা কিন্তু অবলুপ্ত হচ্ছে এবং তারাও ফ্রাস্টেটেড হবে। অন্ততঃ কোট বা সেনেটের প্রতিনিধি রাখতে পারলে ও তাদের প্রতিনিধিত্ব থাকত। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ল অ্যান্ড ম্যানেজমেন্ট, ফ্যাকাল্টির যে কথা বলছেন, ল অ্যান্ড ম্যানেজমেন্ট যাদবপুরি বিশ্ববিদ্যালয়ে পড়ানো হয় না। ফলে সেখানে আপনারা কিভাবে এইরকম একটা ফ্যাকাল্টির কথা, ল অ্যান্ড ম্যানেজমেন্টকে নিয়ে ভাবলেন তা আমি বুঝতে পারছি না। ফলে সামগ্রিকভাবে এই বিলের যে উদ্দেশ্য সে উদ্দেশ্য আমার কাছে সমর্থনযোগ্য বলে মনে হচ্ছে না। ধন্যবাদ।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, মাননীয় শিক্ষা মন্ত্রী যে বিল উপস্থাপিত করেছেন বিবেচনার জন্য দি ওয়েস্ট বেঙ্গল ইউনির্ভাসিটি লজ (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১২, তাকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধিরা যে কথাগুলো বলেছেন যে দৃষ্টিভঙ্গী থেকে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য উপস্থাপিত করছি। উপাধ্যক্ষা মহোদয়া এই বিলটা দেখলে অ্যাট এ গ্ল্যান্স মনে হবে যেন দি ওয়েস্ট বেঙ্গল ইউনির্ভাসিটি ল মানে একটা ইউনির্ভাসিটির ল একটা একক বিল। কিন্তু প্রকৃত অর্থে আমাদের যে ১৮টা ইউনির্ভাসিটি আছে, তাদের যে নিজস্ব বিল আছে, সেগুলো এই সরল আইন দ্বারা সবগুলো সংশোধিত হয়ে যাবে। সুতরাং এই বিলের অর্থ ক্যালকাটা ইউনির্ভাসিটি যে বিল, যাদবপুর, বিদ্যাসাগর-প্রত্যেকটা ইউনির্ভাসিটির বিল এইভাবে প্রমাণ হয়ে অ্যামেন্ডমেন্টের প্রস্তাব দেওয়া হয়েছে। মূলত ৫টার উপরে ভিত্তি করে এই অ্যামেন্ডমেন্ট, এরমধ্যে প্রথমটা হচ্ছে, রেগুলেটরী, যেটা টিচার সংজ্ঞা দেওয়া হয়েছে, এটা ইউ.জি.সি-যে সর্বনিয়ামক সংস্থা, তার মোডিফিকেশান অনুযায়ী রাজ্যসরকার মোডিফিকেশান করে ডেজিগনেশান চেঞ্চ করেছেন। আর একটা প্রহিবেটরি সেকশান আছে। ছাত্রদের যে অবাধ অংশগ্রহণের অধিকার ছিল, সেটাকে কার্টেল করে গোপনীয় পরীক্ষা সংক্রান্ত, প্রশ্নপত্র সংক্রান্ত অ্যানসার পেপার স্ক্রিপিং সংক্রান্ত, যেগুলোতে ছাত্রদের ডায়রেক্ট ইন্টারেস্ট থাকে, তার কাছে গোপনীয়তা না নষ্ট হয় এবং প্রেজুডাইস না হয়, সেইজন্য প্র হিবিটরি সেকশান আনা হয়েছে। আর আছে তিনটে রেগুলেটরী সেকশান-ভাইস চ্যান্সেলারের যোগ্যতা কি হবে, ডিন অফ দি ফ্যাকাল্টি অফ ইচ এ্যান্ড এভ্রি স্ট্রিম অফ দি পোস্ট গ্র্যাজুয়েট ইউনির্ভাসিটি স্টান্ডার্ডে কি হবে তার সিলেকশান পদ্ধতিতে আজকে এই বিলের মধ্যে আনা হয়েছে।

[2.10–2.20 p.m.]

মাননীয় ফরওয়ার্ড ব্লকের প্রতিনিধি অনন্তবাবু বলছিলেন যে বিলে সরকারি প্রতিনিধি কমে গিয়েছে। ঠিক তাই তো। মাননীয়া মুখ্যমন্ত্রী প্রথম দিন থেকে বলছেন শিক্ষা শিক্ষার্থীর অধিকারে থাকবে। যারা শিক্ষক, শিক্ষা সংক্রান্ত ব্যাপার তাদের হাতেই থাকবে, গভর্নমেন্টের নিয়ন্ত্রণ কম হবে। ওনার কথা শুনে মনে হচ্ছিল, 'এ কি বাণী শুনি আজি মন্থরার মুখে।' এক দিকে সি পি এম-এর মাননীয় বিধায়ক বলছেন যে শিক্ষা কুক্ষিগত হয়ে গেল, আর তিনি বলছেন সরকারের নিয়ন্ত্রণ কমে গিয়েছে। তাহলে নিজেরা ঠিক করেননি। কোনটা। অসিতদা প্রাসঙ্গিক ক্রমে একটা প্রশ্ন তুলেছেন যে ইউনির্ভাসিটির নমিনির পরিবর্তে স্টেট গভর্নমেন্টের নমিনি কেন আনা হল? আমাদের অভিজ্ঞতা বলছে ইউনিভার্সিটির গ্র্যান্ড কমিশনের (ইউ জি সি) যে চেয়ারম্যান, তার যে নমিনি, সেই নমিনি মিটিং অ্যাটেন্ডই করতে চায় না। আগেকার শিক্ষা মন্ত্রীর বক্তৃতা শুনলে, আপনি যদি মনে করতে পারেন, অসিতদা আপনি তো পুরনো লোক, -দিনের পর দিন সিলেকশন কমিটির মিটিংই করা যায়না, ইউ জি সি চেয়ারম্যানের নমিনি আসে না। সুতরাং আছে গরু, না বয়ে হাল, তার দুঃখ চিরকাল। সেই জন্য বাস্তব অভিজ্ঞতার উপর ভিত্তি করে স্টেট গভর্নমেন্ট নমিনি দেওয়া হয়েছে এবং বলে দেওয়া হয়েছে কে নমিনি যাবে। It is not that it is a political nominee. এই নমিনি কে যাবে বলা আছে। আবার কেউ বলছেন বেসরকারি করণের দিকে ঝুঁক চলে যাচ্ছে। আচ্ছা আমাকে দয়া করে বলবেন এই যে self-financing concept টা বিশ্ববিদ্যালয়ে এবং

মহা বিদ্যালয়ে কারা এনেছিলেন? কারা বলেছিলেন ফেলো কড়ি মাখো তেল, পয়সা দাও পড়, না হলে ঘর চল? এটা কারা এনেছিলেন শিক্ষার বন্দোবস্তের মধ্যে? সুতরাং self-financing concept এটা অন্য সরকার আনেনি, আপনারাই এনেছিলেন। তার জ্বালায় আপনারা জ্বলছেন। একটা কলেজে একটাই ছাতা, একটাই ঘর, সেখানে কার নাম part-timer, কার নাম guest lecturer, এই যে ঠিকা শ্রমিক প্রথাটা শিক্ষার বন্দোবস্ত কারা চালু করেছিলেন? আজকে ব্রাত্য বাবুর ব্রত্য হচ্ছে সব পাপকে হজম করে, সব ময়লাকে দূর করে শুদ্ব করতে হবে। আজকে মুখ্যমন্ত্রীর উপর, এই সরকারের উপর এই দায়িত্ব পড়েছে। তিনি তো বিলে বলেছেন যে part-timer দের আমরা নির্মম ভাবে সরিয়ে দেব না। তিনি তো বিলে বলেছেন তাদের বয়েস, তাদের যোগ্যতা, তাদের অভিজ্ঞতার নিরিখ দিয়ে আমি রেগুলারাইজ করে নেব, যাতে তারা হিনমন্যতায় না ভোগেন। যাতে শিক্ষার পরিবেশে দিচারিতা, ব্যাভিচারিতা, বহুচারিতা অনুপ্রবেশ না করে একটা স্টাফ রুমে। কি জন্য করেছিলেন জানেন না?

আজকে স্টাফ রুমে শিক্ষক পদবাচ্য দিয়ে দিলেন, স্টাফ কাউনসিলের ভোটে জিততে হবে, ওয়েবকুটার ভোটে জিততে হবে, ইউনিভার্সিটির ভোটে জিততে হবে। অতএব নির্মম ভাবে ইউ জি সির নিয়মকে এড়িয়ে, নেট কে এড়িয়ে, স্লেট কে এড়িয়ে পার্ট টাইমার ঢুকিয়ে দাও, ভোটার করে দাও, ভোট দিতে যাও। সরকারকে ধন্যবাদ দেই নির্মমভাবে এই ভোটের রাজনীতিকে প্রত্যাখ্যান করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে এনেছেন ব্রাত্য বসু। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, তাই শিক্ষকের সঙ্গা যথার্থ করা হয়েছে। দুটি শর্ত দেওয়া হয়েছে। স্টেট গভর্নমেন্ট অনুমোদিত পোস্টটা হবে substantive, আর তিনি permanent vacancy তে permanent teacher হবেন। তবেই তিনি শিক্ষক প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন, শিক্ষক পদবাচ্য হবেন। কেউ বলছেন প্রিন্সিপালের নাম নেই কেন? Principal is also a teacher. He is first. He is number one among the all equal. কিন্তু তার সেপারেড সত্ত্বাও আছে। প্রিন্সিপালের অ্যাকাডেমিক সত্ত্বা যেমন আছে, তেমনি অ্যাডমিনিস্ট্রেটিভ সত্ত্বা আছে। তাই শিক্ষকের সঙ্গে তাকে অ্যাজপার করে দেওয়া যায় না। যদিও তিনি টিচার, অধ্যক্ষ এবং He is number one among the all equal এই থিয়োরিতে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, তৃতীয় কারণ হচ্ছে ছাত্রদের confidence, আপনারা সবাই বলছেন, ঝেড়ে কাসতে পারছেন না। পরীক্ষার গোপনীয়তা সংক্রান্ত বিষয়ে এতদিন আপনাদের দৃষ্টি এড়িয়ে ছিল কেন? আপনারা শিক্ষা কোন জায়গায় নিয়ে গিয়েছিলেন? একজন ছাত্র জানছে প্রশ্নপত্র করছে কে, একজন ছাত্র জানছে খাতা কে দেখছে, একজন ছাত্র জানবে স্কুটিনি কে করবে, একজন ছাত্র জানবে মূল্যায়ন কি করে হচ্ছে, একজন ছাত্র জানবে কবে পরীক্ষা হচ্ছে! আমি তো অবাক হয়ে গেলাম কি করে এতদিন এগুলো আপনাদের দৃষ্টিভঙ্গি থেকে এড়িয়ে গিয়েছিল? আপনারা বিড়ালের কাছে মাছটা রেখে গিয়েছিলেন। রেজ্জাক সাহেব, আপনারা একটাই করেছিলেন বিড়ালের কাছে মাছটা রেখে গিয়েছিলন। কেন করেছেন? কিসের জন্য দৃষ্টি এড়িয়ে গেল? সুতরাং আজকে ব্রাত্য বাবুকে পরিস্কার করতে হচ্ছে যে না- তিনি তো বলতে পারতেন ওর ছানারা জেনে গেছে, আমার ছানারা জানুক। মুখ্যমন্ত্রী তা নয়, মুখে যা কথায় তা, কথায় যা মুখে তা।

সেইজন্য তিনি এই repective measure যে students' representative will not take part in that meeting where regarding examination, screening of answer papers will be discussed. আমি তো মনে করি আপনাদের সবার উচিত ছিল এই একটা কারণেই মুখ্যমন্ত্রীর মন্ত্রীসভাকে, শিক্ষা মন্ত্রীকে ধন্যবাদ দেওয়া। এতবড় পাপ, এতবড় অন্যায়, এতবড় জঘন্যঅত্যাচার আপনারা করে গেছেন, বছরের পর বছর ধরে এই পরীক্ষা ব্যবস্থাটাকে প্রহসনে রুপান্তরিত করে গেছেন। মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, ভাইস চ্যান্সেলর appointment কিরকম হবে? এটার বিরুদ্বে মূল অভিযোগ কি? যদি কোনদিন ভবিষ্যৎ প্রজন্ম এদের বিচার করে তাহলে একটা ধারায় ওদের ফাঁসি হবে। সেই ধারাটা হচ্ছে degeneralisation of education, demoralisation of education, degradation of education. শিক্ষায় এক্সেলেন্সি থাকবে না? শিক্ষায় quality control হবে না? আমরা জানি ১৯৬৯ সালে পণ্ডিত জওহরলাল নেহেরু লোকসভায় দাঁড়িয়ে শিক্ষা নীতি ঘোষণা করেছিলেন, প্রাইমারি শিক্ষা হবে generalisation of education, secondary শিক্ষা হবে vocationalisation of education আর উচ্চ শিক্ষা সবসময় হবে specialisation of education. এদের স্পেশালাইজড কি? আলিমুদ্দিনের সার্টিফিকেট থাকিতে হইবে তাহা হইলে ডক্টরেট, ডক্টরেট না হইলেও বাইরে থেকে লোক আনব না বাইরে থেকে মেরিট আনব না, কেন? সি.ই. ও. হয়ে যাবে আজকে। বিরোধী দলের নেতা এখন এখানে নেই, বলছিলেন C.E.O. appointment হয়ে যাবে। আপনি কি মনে করে ড. রাধাকৃষ্ণন সি.ই.ও. হয়ে গেছিলেন? শ্যামাপ্রসাদ মুখার্জী সি.ই. ও. হয়ে গেছিলেন? আপনি কি মনে করেন ড. এ.পি.জে. আবুল কালাম সি.ই.ও. হয়ে গেছিলেন? আপনি কি মনে করেন নোবেল পুরস্কার প্রাপ্ত ড. রামন সি.ই.ও. হয়ে গেছিলেন? দিবে আর নিবে মিলাবে মিছিলে এই ভারতের মহামানব সাগর তীরে।' হেথায় আর্য, হেথায় অনার্য, হেথায় দ্রাবিড় চীন, শক হুন দল পাঠান মোগল এক দেহে হ'ল লীন।' বিশ্ব ভ্রাতৃত্বের, বিশ্ব শিক্ষার দীক্ষা দীক্ষার মন্ত্রে উজ্জীবিত আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাই বলছেন- এসো বুদ্ধিমানরা এসো, বাইরে যারা চলে গেছে তারা এসো, সরস্বতীর বরপুত্রেরা এসো পশ্চিমবাংলার সরস্বতী মন্দিরকে উজ্জ্বল কর। এটা অন্যায়? এই স্বপ্ন দেখবেন না? বিশ্ববিদ্যালয় কথাটার মানে কি? বিশ্ব বিদ্যার আলয়। একে ওরা আলিমুদ্দিনের আলয় করে ছেড়ে দিয়েছেন। এই যে বৈচিত্র্য, এর থেকে পরিবর্তন আনতেই আজকে ব্রাত্যবাবু যে সুন্দর প্রকল্প নিয়েছেন তাকে আমরা সমর্থন করছি। মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, তিনি বলেছেন Dean of the faculty of each and every University যারা প্রকৃত শিক্ষাটাকে নিয়ন্ত্রণ করেন, পরীক্ষাটাকে নিয়ন্ত্রণ করেন। Both administrative and academic তারা হচ্ছে হেড, stremline করে। কি বছরের পর বছর চলবে? একবারের বেশী থাকতে পারবে না। যদি ব্রাত্যবাবু স্বজনপোষণ করতেন তাহলে এই আইনটা আনতেন না। সাধারণ মাপের বুদ্ধি থাকলে এটা বোঝার চেষ্টা করতেন। তিনি বলছেন, no, ডিন হবে একবারের জন্য। কি করে হবে? একটা Selection Committee হবে। দেখেছেন Selection Committee র স্ট্যান্ডার্ডটা? দেখেছেন Selection Committee র কোয়ালিটির যে সম্মেলন, যেন একটা উচ্চ মেধার সমন্বয়, তার মধ্যে থেকে ডিন বাছা হবে, যারা বিশ্ববিদ্যালয়ের গোটা শিক্ষা, তার সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট, সংশ্লিষ্ট Stream এর শিক্ষাটাকে

নিয়ন্ত্রণ করবে। এরও আপনারা বিরোধিতা করে ছেড়ে দিলেন! একেও বলছেন না! কি চাই আপনাদের? সুতরাং আজকের এই যে পাঁচটা সংশোধনি, এই সংশোধনিগুলোর মধ্যে মূল আত্মাটা খুঁজতে হবে। আমরা চাই দল নিরপেক্ষ শিক্ষার বন্দোবস্ত, ব্যক্তি নিরপেক্ষ শিক্ষার বন্দোবস্ত, শিক্ষার ক্ষেত্রে আমরা স্বাধিকার, স্বাভিমান চাই। সেই স্বাধিকার এবং স্বাভিমান রক্ষার্থে আজকে এতগুলি শিক্ষবিদ তাদের উপরই দায়িত্ব ছেড়ে দেওয়া হচ্ছে, যারাই সরস্বতীর বরপুত্র তারাই আজকে তৈরী করবেন। জেনারেল এডুকেশন থাকবে, ভোকেশনাল এডুকেশন থাকবে। আপনারা বেসরকারি করণের অভিযোগ আনছেন? বেসরকারীকরণের প্রক্রিয়া কারা শুরু করেছিল? কারা বেসরকারীকরণের নামে সেলফ ফাইনান্স কলেজ, সেলফ ফাইনান্স ইউনির্ভাসিটি, সেলফ ফাইনান্স সাবজেকট, সেলফ ফাইনান্স অ্যাফিলিয়েশন একটু দয়া করে খোঁজ নেবেন লজ্জায় মাথা হেঁট হয়ে যাবে। আর স্বাধিকার হরণের কথা বলবেন না। আমি বিশ্বাস করি সেলফ ফাইনান্সের যেকথা, শ্রদ্ধেয় অধ্যাপক প্রবোদ সিনহা পরে বলবেন তিনি ফ্র্যাংকলি, অনেস্টলি বলে যাবেন কারা এটা করেছিল উত্তরের অপেক্ষায় থেকে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ। নমস্কার।

[2.2-0–2.30 p.m.]

শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, মাননীয় শিক্ষামন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল ইউনির্ভাসিটি (অ্যামেন্ডমেন্ট বিল) ২০১২ যে উত্থাপন করেছেন সেই বিলের সম্পর্কে দীর্ঘ আলোচনা আমরা সকলেই শুনলাম। আমি প্রথম যে কথাটা বলতে চাইছি সেটা হচ্ছে বর্তমান সরকারের শিক্ষা দপ্তর শিক্ষা সংক্রান্ত ব্যাপারে কি নীতি বা কি নিয়মে চলা উচিত সেই সম্পর্কে কোন মনস্থির করতে পারেন নি। তা নাহলে ২০১১ ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি বিল অ্যামেন্ডমেন্ট বিল আপনি আনলেন তখন আমাদের পক্ষ থেকে বারবার অনুরোধ করা হয়েছিল যে তাড়াহুড়ো করবেন না। আপনি এটা সিলেকট কমিটিতে দিন, স্ট্যান্ডিং কমিটিতে দিন, স্ক্রুটিনী করুন। করে বিলটাকে ঠিক মত আনুন। তখন শোনা হল না। সরকার তাড়াহুড়ো করে বিলটা পাশ করিয়ে নিলেন। তারপরে তিন মাস পরে একটা মস্তবড় অ্যামেন্ডমেন্ট এনে সেই বিলের উপরে হাজির করলেন। এটা কি? এটা কিসের ইঙ্গিত বহন করে? সরকারী দৃষ্টিভঙ্গী কার্যকারিতার ক্ষেত্রে একটা অস্থির পরিবেশ রয়েছে। সেই জিনিসটা আমি প্রথমে বলতে চাইছি যে আপনারা আর একটু চিন্তা-ভাবনা করুন। আজকে যে অ্যামেন্ডমেন্টগুলো এনেছেন আবার হয়তো দেখা যাবে কিছুদিন পরে এগুলোকে আবার পরিবর্তন করার জন্য আর একটা অ্যামেন্ডমেন্ট বিল আনলেন। এই বিলে আপনি ১৫টা বিশ্ববিদ্যালয় সম্পর্কে কিছু অ্যামেন্ডমেন্ট এনেছেন। তারমধ্যেও ১৩টা কমন আছে। যাদবপুর আর নেতাজী ওপেন ইউনির্ভাসিটি এই দুটো ইউনির্ভাসিটি সম্পর্কে পৃথক পৃথক দুটো অ্যামেন্ডমেন্ট আছে। যে ১৩টা বিশ্ববিদ্যালয় সম্পর্কে আপনি অ্যামেন্ডমেন্ট সিমিলার অ্যামেন্ডমেন্ট আপনি এনেছেন সেখানে ৪টে বিষয়ে অ্যামেন্ডমেন্টটা আনা হয়েছে। এক হচ্ছে শিক্ষকদের ডেফিনিশনের ক্ষেত্রে। দুই, ভাইস চ্যান্সেলর অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে। তিন, কয়েকটি কমিটিতে স্টুডেন্টদের প্রতিনিধিকে একসক্লুড করার ক্ষেত্রে এবং চার, অ্যাপয়েন্টমেন্ট অব ডিন। এই চারটে আইটেমের উপরে আপনি ১৩টি বিশ্ববিদ্যালয় একই ধরনের অ্যামেন্ডমেন্ট এনেছেন। শিক্ষকদের ডেফিনিশন যেটা করেছেন। আমি সে সম্পর্কে কিছু বলছি না। কিন্তু অ্যাপয়েন্টমেন্ট অব ভাইস চ্যান্সেলর এই ক্ষেত্রে মাননীয় শিক্ষামন্ত্রী

মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমার প্রশ্ন আছে, এইটা ক্লজ টুতে আমি ক্যালকাটা ইউনির্ভারসিটি থেকে পড়ছি, সব জায়গায় একই আছে। ইন ...। কোন বুদ্ধিতে এইটা সাবস্টিটিউশনের প্রয়োজন আছে বলে আমি মনে করছি না। কারণ ল্যাঙ্গোয়েজেসএ, স্পিরিটসএ, কনটেন্টসএ যদি একটা আইন- আমি ল্যাঙ্গোয়েজটা পড়ে দিতে পারি, যদি সবটাই ঠিক থাকে তাহলে তাকে আপনি সাবসটিটিউট করছেন কেন? কারণটা কি? ল্যাঙ্গোয়েজটা সকলের শোনা দরকার। The Vice Chancellor shall be a distinguished academic with proven competence and integrity, and having a minimum of ten years of experience in a University system of which at least five years shall be as professor or ten years of experience in a reputed research or academic administrative organization of which at least five years shall be in an equivalent position of professor" with a minimum of ten years of experience in a University system আবার এখানেও আছে ten years of experience in a University system of which at least five years shall be as professor এখানেও আছে of which at least five years shall be as professor or ten years of experience in a reputed research or academic administrative organization of which at least five years shall be in an equivalent position of professor এই একই কথা একটু আধটু এদিকে, কোন কথাটা এখানে আগে আছে, কোন কথাটা এখানে পরে আছে এই করে দুটো ক্লজ আছে দু জায়গায়। তাহলে আপনি এই ক্লজটাকে কেন অ্যামেন্ডমেন্ট করতে চাইছেন? কেন সাবস্টিটিউট করতে চাইছেন। এখান থেকে আপনি নতুন কি পাচ্ছেন। নতুন কি জিনিস দিতে চাইছেন। এটা তো কোন ব্যাপার ছিল না। তার মানে আমার যেটা মনে হচ্ছে পরের পর যে আপনি অ্যামেন্ডমেন্টটা এনেছেন, সেটা হচ্ছে ভাইস চ্যান্সেলর অ্যাপয়েন্টমেন্ট করার ক্ষেত্রে ইউ জি সি নমিনীটাকে আপনি বাতিল করতে চাইছেন। এটা করে স্টেট গভর্নেমেন্টের নমিনী আনতে চাইছেন। হ্যাঁ, একটা শিক্ষা প্রতিষ্ঠান চলবে, স্টেট গভর্নমেন্টের একটা ভয়েজ থাকবে না বক্তব্য থাকবে না এটা তো হতে পারে না। নিশ্চয় থাকা উচিত। কিভাবে আছে, এই অ্যাকটে আপনি আনলেন কি রকম। এটা তো আপনাদেরই অ্যামেন্ডমেন্ট। দু হাজার এগারোতে আপনি এনেছিলেন। আর দু হাজার বারোতে সেই আপনিই আনছেন। দু হাজার এগারোতে তিন মাস আগে আপনি ভাবলেন যে ভাইস চ্যান্সেলর অ্যাপয়েন্টমেন্ট করতে গেলে চ্যান্সেলরের একজন নমিনি থাকবে, ইউ জি সি র একজন নমিনি থাকবে, আর সেনেটের একজন নমিনি থাকবে। আর তিনমাস পরে সেই আপনিই বলছেন ভাইস চ্যান্সেলর অ্যাপয়েন্টমেন্ট করতে গেলে চ্যান্সেলরের একজন নমিনি থাকুক, ইউ জি সির নমিনি থাকবে না, সেনেটের নমিনি থাকবে। এখানে তরুন বাবু বোধহয় বলেছিলেন যে, এই যে তিনজন এখন হয়ে গেল, এরা কারা হল? চ্যান্সেলরের নমিনি মানে স্টেট গর্ভনমেন্টের নমিনি। কারণ সংবিধান অনুযায়ী চ্যান্সেলর যাকে নমিনেট করবে তার নমিনি হিসাবে সে মন্ত্রীসভার সংশ্লিষ্ট দপ্তরের পরামর্শ নিয়ে তার সিদ্ধান্তটা সে তৈরী করবে। তাহলে চ্যান্সেলরের নমিনি মানে স্টেট গভর্নমেন্টের নমিনি। স্টেট গভর্নমেন্টের নমিনি মানে স্টেট্ গভর্নমেন্ট এর নমিনি, আর সেনেট যেভাবে তৈরী হবে যে প্রক্রিয়াতে সেখানে যদি স্টেট গভর্নমেন্টের ফেভারে একটা অ্যাডমসফিয়ার থাকে তাহলে সেও স্টেট গভর্নমেন্টর

নমিনি। তাহলে তিনজন নমিনি যারা ভাইস চ্যান্সেলর অ্যাপয়েন্ট করবে তারা স্টেট গর্ভনমেন্ট এবং এটা করতে গিয়ে আপনি যে কাজটা করছেন সেটি হল আপনি লজিকটাকে আপনি ফিলজফিটাকে আঘাত করছেন। প্রত্যেক ইনস্টিটিউশান চলার ক্ষেত্রে একটা ফিলজফি আছে তো। প্রত্যেক অর্গানাইজেশান চলার ক্ষেত্রে একটা ফিলজফি আছে তো। ইউনির্ভাসিটিগুলি চলবে-এগুলি অটোনোমাস বডি। হ্যাঁ, এদের অটোনমি থাকবে। এদের অ্যাকাডেমিক অটোনমি থাকবে। তাহলে আপনি সেই অ্যাকাডেমিক অটোনমিটাকে আঘাত করছেন কিনা ভেবে দেখবেন। ১৯৫৬ সালে যখন ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন অ্যাকট পাশ হয়, যখন পার্লামেন্টে আলোচনা চলছে তখন পার্লামেন্টের সদস্যরা বলেছিলেন যে, ইউনিভার্সিটি পরিচালনা করতে গিয়ে এমন কোন শব্দ আইনে থাকা উচিত হবে না যেটা ফার ফেচেড, দুরের দিক থেকেও ইউনিভার্সিটি স্বায়ত্বশাসনের উপরে হস্তক্ষেপ করতে পারে। এটা পার্লামেন্টের প্রসিডিংসে আছে। এটা পড়ে দেখবেন। ১৯৫৬ সালে যখন ইউনির্ভাসিটি গ্র্যান্ট কমিশন অ্যাকট হয়েছিল। এবং তারপরে কোঠারী কমিশন যশপাল কমিটি তাদেরও রিপোর্টে এই ইউনিভার্সিটির অটোনমিকে uphold করার কথা বলা আছে। আপনারাও বলছেন যে শিক্ষাক্ষেত্রে যেন অন্যরকমের কোন হস্তক্ষেপ না হয়। তাহলে সেখানে বেশী সরকারী হস্তক্ষেপ দিয়ে আপনি ইউনিভার্সিটির অটোনমিটাকে একটু আঘাত করার চেষ্টা করছেন। সেটাকে একটু উপেক্ষা করার চেষ্টা করছেন। এটা ঠিক হচ্ছে না। ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন আপনি যেমন টাকা দেন, স্টেট গভর্নমেন্ট ইউনিভার্সিটিকে টাকা দেয়। ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনও ইউনিভার্সিটির ডেভলপমেন্ট উন্নয়নের জন্য নানাভাবে সাহায্য সহযোগিতা করে। অর্থ বিত্ত দেয়। তাছাড়া যেখানে ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনের একজন নমিনি থাকলে তার পারসপেকটিভটা অল ইন্ডিয়া পারসপেকটিভ একটা তৈরী হয়, আর স্টেট গভর্নেমেন্টের মাধ্যমে যদি শুধু হয়, রাজ্যের সীমানার মধ্যে যদি থাকে, তার একটা দৃষ্টিভঙ্গি আলাদা হয়। তাহলে আমি কেন সেটা করব না। আর শুনলাম ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনের নমিনি নাকি অনেক সময় আসেন না, আসতে চান না। তাহলে এতদিন ধরে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যে ভাইস চ্যানেসেলাররা অ্যাপয়েন্টেড হয়েছেন, সেটা কিভাবে সম্ভবপর হয়েছে। সেটা চিন্তা করার দরকার আছে। সুতরাং এটা না করলে ভালো হত।

ছাত্রদের ওখানে যাওয়া উচিৎ নয় -এটা একজন বললেন। একবার যদি মনে করেন, এই বিল যখন এসেছিল, তখন বোধ হয় এই বিরোধীদের পক্ষ থেকে ১৬০টি অ্যামেন্ডমেন্ট পড়েছিল। দু-চারটি নয়, বোধহয় ১৬০টি অ্যামেন্ডমেন্ট পড়েছিল এবং সেই ১৬০টি অ্যামেন্ডমেন্টের মধ্যে এই স্টুডেন্স রিপ্রেজেন্টেশনের ক্ষেত্রে এটা তখনই আপত্তি করা হয়েছিল। তখন শোনা হয়নি, তখন আপনারা বললেন যে, ছাত্ররা সব জায়গাতেই থাকবে। আর আপনারই প্রথম সেটা ঢুকিয়েছিলেন, আর আপনারাই এখন বাতিল করছেন, দোষ দিচ্ছেন বিরোধীদের যে, আপনারা ছাত্রদের কিছু করেননি। এতো খুব মুশকিলের কথা। এটা তো ঠিক কথা নয়। তারপর দেখুন ডিন্ অফ দি ফ্যাকাল্টি কাউন্সিল-মাননীয়া শিক্ষামন্ত্রী, আপনি খুব সংক্ষেপে বললেন সেক্শন্-২৭ এ- There shall be dean for each Faculty Council for post-graduate study who shall be elected by the Faculty Council in the manner as prescribed by the statute. এখানে আপনি ইলেকশন সিস্টেমটাকে রাখলেন। আপনারই অ্যামেন্ডমেন্টে, আর

আপনার এই অ্যামেন্ডমেন্টে, বর্তমান আইনে আপনি ইলেকশন সিস্টেমটাকে একদম বাতিল করে দিয়ে সিলেক্শন্ সিস্টেমে চলে গেলেন। তা হঠাৎ আপনি মত পরিবর্তন করলেন কেন? ইলেকশনটাকে খারাপ ভাবলেন? আর সিলেকশনটাকে ভালো বলে মনে করলেন? এটা কেন হল? এটাতো আপনারই আইন। স্ট্যাটুটে কি করেছিলেন. সেটা আমাদের দেখার সুযোগ ঘটেনি। কারণ স্ট্যাটুট ইউনিভার্সিটি তৈরি করে। সেটা বিধানসভায় হয়না, খোঁজ-খবর করে সংগ্রহ করলে করা যায়। কিন্তু আপনি যেভাবে ডিনটাকে্ সিলেক্ট করার চেষ্টা করেছেন, সেখানেও কিছুটা বক্তব্য থেকে যায়। আগে ছিল কি? না, একটা নির্দিষ্ট ফ্যাকাল্টির ডিন্ হতে গেলে সেই ফ্যাকাল্টির টিচার্সদের একটা সে থাকে তাদের ভেতর থেকে। আপনি বাইরের থেকে কমিটি তৈরি করবেন, তারপর বলছেন কি? The Selection Committee shall consider names of eligible professors of the University. Who are eligible professors? তার ডেফিনেশনটা কি? সেটা দিলেন না স্ট্যাটুটের মধ্যে। স্ট্যাটুট তো আপনি নাকোচ করে দিলেন। সুতরাং এই ব্যাপারে তো আর স্টাটুট্ ভ্যালিড্ হবে না। আপনি যখন স্ট্যাটুটকে নাকোচ করে দিয়ে তার ডিটেইলস্টা এখানে দিলেন, তাহলে এই এলিজিবিলিটিটা সম্পর্কেও এখানে বলা উচিৎ ছিল। সুতরাং সেইসব আর কিছুই থাকলো না, বাইরের থেকে লোক এসে তারা রেকর্ড কল্ করবে, অমুক কল্ করবে, কার বায়োডাটা আছে, কি আছে, অ্যাপ্লাই করতে হবে কি না করতে হবে—এইসব কিছুর মধ্যে গেলেন না। এটা খুব অস্বস্তিকর ব্যাপার। তারপরে আপনি বলছেন যে, ডিন্ অ্যাপয়েন্ট করবে ভাইস চ্যান্সেলর অন দি রেকমেন্ডেশন অফদি সিলেকশন্ কমিটি। ২৭-এ তে বলছেন। আর ২৭-২ এর প্রোভাইসোতে বলছেন, সার্চ কমিটি স্যাল অ্যাপয়েন্ট। এই দুটো শব্দ কনট্রাডিক্টরি। এখানে আবার একটা সংশোধনের দরকার হয়ে উঠবে। আপনি প্রথমটা যেটা বলেছেন, সেটাই সঠিক। The Dean would be appointed by the Vice -Chancellor on the recommendation of the Select Committee. কিন্তু ২৭-২ এর প্রোভাইসোতে বলছেন, Provided that every Search Committee shall appoint Dean. এভ্রি সার্চ কমিটি ডিন্ অ্যাপয়েন্ট করবে না। একটা রেকমেন্ডেশন বডি, আরেকটা হচ্ছে অ্যাপয়েন্টিং অথরিটি। সুতরাং সিলেকশন কমিটি হচ্ছে রেকমেন্ডেটরি বডি। Selection Committee is not the appointing authority. এটা আপনি এই জায়গাটায় করেছেন। ফলে ইলেকশনটা - আপনি একটু বলবেন, আপনি বক্তব্য যখন দেবেন-হঠাৎ আপনি মতটা পরিবর্তন করলেন কেন? ইলেকশন প্রোসেস থেকে সিলেকশনে চলে গেলেন কেন? আমরা এখানে যাঁরা বসে আছি, আমরা কিসের ভিত্তিতে বসে আছি? ইলেকটেড্ হয়ে এসেছি। কারণ ইলেকশন হচ্ছে গণতন্ত্রের সব থেকে বেসিস্ অফ ডেমোক্রেসি। ব্যাপারটা কি এই রকম যে, এখন সেখানে ইলেকশন হ'লে রেজাল্টা ফেবারেব্ল্ বা আন্ ফেবারেব্ল্ -এই রকম কিছু ক্যালকুলেশন করে কি চট করে এই অ্যামেন্ডমেন্টটা আনলেন? এটা বোঝা যাচ্ছে না। তারপরে যা দবপুর ইউনিভার্সিটি। আপনি ইন্টার ডিসিপ্লিনারি একটা ফ্যাকাল্টি কাউন্সিল করতে চাইছেন। তরুণবাবু বলেছেন যে, এখানে ল-ম্যানেজমেন্টের ডিগ্রি পড়ানো হয় না। এখানে একটা শর্টটার্ম কোর্স ম্যানেজমেন্টে পড়ানো হয়। আর আপনি ইন্টার ডিসিপ্লিনারি একটা ফ্যাকাল্টি কাউন্সিল করছেন ইন্টার ডিসিপ্লিনারি স্টাডিজ্ ম্যানেজমেন্ট অ্যান্ড' ল। সুতরাং এই

জিনিসটা সেখানে ফ্যাকাল্টিটাকে অ্যাফেক্ট করবে, রিসার্চটাকে অ্যাফেক্ট করবে এবং তার পড়াশুনার ক্ষেত্রেও অ্যাফেক্ট করবে। ফলে এই বিলটি আপনি কিন্তু তড়িঘড়ি করে এনেছেন। এই বিলের অনেক অসঙ্গতি আছে। এবং এটার মূল পার্পাস হচ্ছে যে, অ্যাকাডেমিক অটোনমিটা আপনি খর্ব করতে চাইছেন। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ব্রাত্য বসু : ধন্যবাদ, মাননীয় অধ্যক্ষ মহোদয়। ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি লস অ্যামেন্ডমেন্ট বিল ২০১২ এটা নিয়ে এতক্ষণ ধরে বেশ মনোজ্ঞ আলোচনা হল। আমি এটা পেশ করেছি। এটা নিয়ে মাননীয় প্রবোধচন্দ্র সিনহা তিনি আমাদের সরকারের অস্থিরতা এবং দিশাহীনতা খুঁজে পেয়েছেন যেহেতু তিন মাসের মধ্যে এটা আবার সংশোধনী আনছি। তাহলে আপনাদের সরকারের সময়ের যে দিশার উচ্চতা এবং স্থির মাথার কিছু নমূনা দেওয়া যাক। এই ১৯৭৯ সালে আপনারা যে এ্যাক্ট এনেছিলেন সেটা কলকাতা বিশ্ববিদ্যালয় অ্যামেন্ড করেছেন মোট ৮ বার। তারমধ্যে ৮৬ সালে একবার, ৮৭ সালে একবার, ৮৮ সালে একবার, ৯০ সালে অবার, আবার ৯২। আসুন কল্যাণী বিশ্ব বিদ্যালয়- আপনাদের শান্ত মাথা, চমৎকার দিশার আবার নমূনা। বিল এনেছেন ৭৯ সালে অ্যামেন্ডমেন্ট করছেন ৮৫ সালে একবার, আবার ৮৫ সালে, আবার ৮৬ সালে, আবার ৮৮ সালে, আবার ৯৫ সালে, আবার ৯৮ সালে, আবার ৯৯ সালে। শান্ত মাথা। সুনির্দিষ্ট দিশা। তাই ঘনঘন চেঞ্জ করতে হয়। আসুন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়। হ্যাঁ, নিশ্চয়ই সব বিশ্ব বিদ্যালয়ে কবে কবে অ্যামেন্ড করেছেন ওঁরা সব নিয়ে এসেছি। ৮৫ সাল, আবার ৮৬ সাল, ৮৮ সাল, ৮৯ সাল, ৯১ সাল, ৯৩ সাল, ৯৬ সাল, ৯৭ সাল। আপনাকে জানিয়ে রাখি ইউনিভার্সিটি, আপনাকে জানিয়ে রাখি ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট আপনারা এনেছেন ১৪টি বিশ্ববিদ্যালয়ে টোটাল ৫০ বার। ৫০ বার। আপনাদের ৭৯ সালে শান্ত মাথায় ভেবে কোন তড়িঘড়ি না করে যে আইনটা আপনারা এনেছিলেন সেটা আপনাদেরই ৫০ বার বদলাতে হয়েছে। ৫০ বার। এক বার নয়। আমরা এটা বদলালাম। কেন বদলালাম? কি কি বদলালাম? আশীষবাবু যথার্থই বলেছেন যে, এতে ঠিকই যে, অধ্যাপকদের সংজ্ঞা নির্দিষ্টায়িত করা হয়েছে। অ্যাসোসিয়েট প্রফেসর, অ্যাসিসটেন্ট প্রফেসর ইত্যাদি ইত্যাদি। দ্বিতীয়ত ভাইসচ্যান্সেলরের ক্ষেত্রে যে সার্চ কমিটি তার একটা পরিবর্তন আনা হয়েছে। যেটা নিয়ে অসিতবাবু আপত্তি জানিয়েছেন, তরুণবাবু জানিয়েছেন, আপনিও জানালেন, প্রবোধবাবুও জানিয়েছেন। ইউ.জি.সির চেয়ারম্যানের প্রতিনিধির জায়গায় আমরা রাজ্য সরকারের প্রতিনিধি করছি। এবং এর ফলে আপনারা আশঙ্কা করছেন যে, এটা একটা সরকারের দলতন্ত্র নাকি প্রতিষ্ঠা হতে পারে। কি করে এটা বলছেন আপনারা আমি জানি না। আপনাদের জানিয়ে রাখি আমি যখন লাস্ট বার ইউনিভার্সিটি এ্যাক্ট এনেছিলাম তখন তারপক্ষে বলেছিলাম যে, কতগুলো ক্ষেত্রে আমাদের পরিবর্তন করতে হতে পারে ভবিষ্যতে। কিন্তু মৌলিক জায়গায় ব্যাপারটা বুঝন-আপনারা বলছেন, তরুনবাবু আশঙ্কা প্রকাশ করলেন, আপনিও বললেন, প্রবোধবাবু বললেন মহামান্য চ্যান্সেলর (আচার্য) তার প্রতিনিধি নাকি রাজ্য সরকারের লোক হবে। আপনাদের জানিয়ে রাখি যে, সম্প্রতি তিনটি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য গঠন হল। তার আচার্যের প্রতিনিধি হয়ে এসেছিলেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ইউ.আর. আনন্দমূর্তি। প্রথিত যশা উপন্যাসিক। অধ্যাপক পুনে ফিল্ম ইন্সটিটিউটের এক সময়ের সর্বাধিনায়ক ছিলেন, সাহিত্য অ্যাকাডেমি চালিয়েছেন। তিনি কি

কবে রাজ্য সরকারের লোক হন আমি জানি না। এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে আনিল তাকতকর। এরা কিছুতেই আমাদের সরকারের আওতার মধ্যে আসতে পারেন না।

[2.40–2.50 p.m.]

আমরা কি দেখছিলাম, দেখছিলাম যে, এই ধরণের শিক্ষাবিদ তো শুধু ভারতবর্ষেই নেই আমাদের পশ্চিমবঙ্গেও এই ধরণের শিক্ষাবিদ্ আছে। আমরা চাইছিলাম যে রাজ্যেরও একটা ভয়েস থাকুক। অর্থাৎ সেন্ট্রালি বিশ্ববিদ্যালয়ে একটা ভয়েস থাকবে, কেন্দ্রের একটা ভয়েস থাকবে, রাজ্যের একটা ভয়েস থাকবে। এই সমন্বয়ের ভিত্তিতে আমরা এই উপাচার্য্য গঠন করবো। আমার ধারণা ব্যক্তিগতভাবে আপনি আপনার সমর্থনে, এই সঙ্গে ডিনের, ওই যে উত্তরটা আপনি দিচ্ছিলেন election selection এটা বলে রাখা ভালো, আপনি আপনার বক্তব্যের সমর্থনে ড: তরুন কান্তি নস্করকে ডেকেছেন, আমি ড. তরুন কান্তি নস্করের সঙ্গে এই বলে আর একটি সাপ্লিমেন্ট করছি, উনি বলছিলেন যে, আপনাদের জমানায় কিভাবে সিগারেটের প্যাকেটের পেছনে টুকরো চিরকুট দিয়ে নাম গেছে এবং তিনি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হয়েছেন। তিনি বলছিলেন, কিভাবে একটা phone বা recomendation গেছে, এবং তার ভিত্তিতে হয়তো একজন অধ্যাপকের selection হয়েছে। ঘটনা হচ্ছে যে, তারা তো selection হয়ে গেছেন। তার মানে তারা তো আছেন ওই বিশ্ববিদ্যালয়ে এবং তার মানে যে মূহূর্তে election কোনো একটা হবে সেই মূহূর্তে ডিন- আপনি ঠিকই বলেছেন, এমন কল করে গিয়েছিলেন সি পি এম ছাড়া ডিন কেউ হতে পারবেন না! আমরা সেটা ভাঙতে চাইছি। আপনি ঠিকই বলেছেন, আমরা সেখানে nominate করতে চাইছি। আমরা চাইছি আচার্য্যের একজন প্রতিনিধি থাকবে, উপাচার্য্যের একজন প্রতিনিধি থাকবে এবং রাজ্য সরকারের একজন প্রতিনিধি থাকবে, এই তিনটি প্রতিনিধি থাকবে। তিনি কোনোভাবেই ওই সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত নন। চ্যান্সেলরেরও একজন প্রতিনিধি থাকবেন, যিনি কোনোভাবেই ওই সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত নন। চ্যান্সেলরেরও একজন প্রতিনিধি থাকবেন, যিনি কোনোভাবেই ওই সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত নন। এবং উপাচার্যের একজন প্রতিনিধি যিনি অন্য কোনো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। তার মানে আমরা চাইছি যে, যিনি ডিন হবেন তিনি যথার্থই শিক্ষাবিদ্ হবেন। তিনি কি রাজনীতি করছেন, সেটা আমাদের কাছে বিবেচ্য বিষয় নয়। তিনি পার্সোনালি যা কিছুই রাজনীতি করুন, যে-কোনো মত থাকতে পারে তার। কিন্তু ওই ক্রাইটেরিয়া থাকলেই- তিনি কেবলমাত্র একটি নির্দিষ্ট রাজনৈতিক দলের প্রতি আনুগত্য থাকবে তবেই তিনি বিশ্ববিদ্যালয়ে চাকরি পাবেন -আমরা এই ধারণাটাকে সমূলে ভাঙতে চাইছি এবং গোড়ায় আঘাত করতে চাইছি। হয়তো ওই কারণে আপনারা সেটা বুঝতে পেরেছেন বলেই ওইখানে। আপনাদের খারাপ লাগছে। আমরা চাই free mind -এর লোকেরা আসুক, সত্যিকারের মেরিটের, যেটা জ্যোর্তিময়বাবু বলছিলেন, মেধার কদর হোক, মেধা সম্পন্ন ছেলেমেয়েরা আসুক। তো সেই জায়গা থেকে আমরা এই ডিন সিলেকশানের ক্ষেত্রে এই পরিবর্তনটা আমরা করলাম। আমি খুব অবাক হয়েছি, এই গোড়ায় বলতে গিয়ে ভুলে গেলাম, যে, ওই শুরুতে মাননীয় সদস্য শ্রী অনন্তদেব অধিকারী তিনি বলছিলেন যে, তিনি প্রাইভেট ইউনিভার্সিটির কথা হঠাৎ এখানে টেনে আনলেন এই বিলটার মধ্যে, প্রাইভেট ইউনিভার্সিটি সংক্রান্ত একটি শব্দও নেই। In fact এটা প্রাইভেট

ইউনিভার্সিটি সংক্রান্ত বিলই নয়। তিনি তার সঙ্গে আরো দুটো কথা বলেছেন, তিনি বলেছেন, আমরা যেন সব বিশ্ববিদ্যালয়ে এক সময়ে পরীক্ষা নিই অনার্স লেভেলে, যাতে এম এ-র লেভেলে, পোস্ট গ্রাজুয়েট লেভেলে সবাই একসঙ্গে ভর্তি হতে পারে। আপনি যদি খেয়াল রাখতেন আমরা অর্ডার অলরেডি করে দিয়েছি। আমাদের Higher Education Council এটা করে দিয়েছে, সামনের বছর থেকে আমরা এক সময়ে পরীক্ষা নেব সব বিশ্ববিদ্যালয়ে। এবং সেইভাবে এম এ-তে ভর্তি হবে আমরা চাইছি। আমরা কি চাইছি, আমরা চাইছি ধরুণ, আপনি কেন এটা বললেন. আপনি এই কারণে এটা বলেছেন যে, যেহেতু, ধরা যাক, North Bengal বিশ্ববিদ্যালয়ের একটি ছেলে, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের একটি ছেলে বা গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের একটি ছেলে meritorious একটি ছেলে তার অধিকার আছে কোলকাতা বিশ্ববিদ্যালয়ে পড়ার বা যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পড়ার যেটা এতদিন কুক্ষিগত ছিল, আমরা সেটা অলরেডি আপনি যেটা বলেছেন আমরা সেটা অলরেডি implement করে দিয়েছি এবছর থেকে। সেটা হচ্ছে যে, ৬০ শতাংশ কেবলমাত্র সিট ওই সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের হাতে থাকবে বাকি ৪০ শতাংশ সিট বাকি সমস্ত বিশ্ববিদ্যালয়ের জন্য open তারা পরীক্ষার ভিত্তিতে ওই বিশ্ববিদ্যালয়ে ঢুকবে এবং সেখানে মেধা সারা রাজ্যের মেধা এইভাবে যেটা শিক্ষার মূল কথা মেধার বিকেন্দ্রীকরণ, মেধার কেন্দ্রীকরণ নয়, মেধাকে ছড়িয়ে দিতে হবে আমরা সেই বিকেন্দ্রীকরণ যেটা আপনারা মুখে বলতেন আমরা সেটা কাজে করার চেষ্টা করছি। আমরা যেটা আর একটা পরিবর্তন এনেছি এখানে, যেটা আপনারা বললেন না, যেটা শুরুতেই প্রাইভেট ইউনির্ভাসিটির ক্ষেত্রে অনন্তবাবু তুলেছিলেন, সেটা হচ্ছে WBUT -র ক্ষেত্রেও কিন্তু আমরা এখানে একটা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে একটা পরিবর্তন করেছি। যে সংস্থার কথা অনন্তবাবু বলছিলেন যে, ব্যাঙের ছাতার মতো Engineering College গজিয়ে গেছে। বেসরকারি পুঁজি ঢুকে পড়েছে। কারা এনেছে, কি ভাবে এনেছে, সবাই এর ইতিহাস জানে। তার পুনরাবৃত্তি করে লাভ নেই। আম্বানীকে কারা আনার চেষ্টা করেছিল, এখানে সেই প্যাকেজ, সবাই জানে। তারও পুনরাবৃত্তি করে লাভ নেই। কিভাবে এই কলেজগুলো গরীব ছেলেদের থেকে, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তদের থেকে ম্যানেজমেন্ট কোটার নামে লক্ষ লক্ষ টাকা উপার্জন করে তাও আমরা জানি। অসিতবাবু একটা প্রসঙ্গ তুলেছিলেন, বি এড কলেজের ব্যাপারে, তাও আমরা জানি। আমি আগেরদিন প্রশ্নোত্তরে জানিয়েছি, বি এড কলেজের ব্যাপারে আপনি আশ্বস্ত থাকতে পারেন, আমরা জয়েন্ট এন্ট্রান্স একজামিনেশান যে বোর্ড তার আওতার মধ্যে আইন করে বি এ কলেজকে নিয়ে আসব। যাতে বি এ কলেজের ক্ষেত্রে কোন অতিরিক্ত অর্থ যাতে কোন কলেজ না নিতে পারে, যাতে ছাত্রদের রক্তের উপর ভিত্তি করে কোন বেসরকারি প্লেয়ারকে আমরা ব্যবসা করতে দেব না। এই বিষয়ে আপনাকে আমরা নিশ্চিত করছি। ডাবলিউ বি ইউ টি.র ক্ষেত্রে গুরুত্বপূর্ণ একটা পরিবর্তন আনা হয়েছে, এই বিলটায় যেটা ছিল না, সেটা হচ্ছে যে পশ্চিমবঙ্গ প্রযুক্ত বিশ্ববিদ্যালয় অনুমোদিত কলেজগুলিতে পরিদর্শন করার ক্ষমতা এই বিলে রাজ্য সরকারকে দেওয়া হচ্ছে অর্থাৎ যে আশঙ্কার কথা অনন্তবাবু বলছিলেন, যে বিপর্যয় এর কথা অনন্তবাবু বলছিলেন, যে তাদের তৈরী করা ফ্রাঙ্কেনস্টাইন, আজকে যে চেহারা নিয়েছে, এই ফ্রাঙ্কেনস্টাইনকে আমরা শঙ্কুচিত করতে চাইছি, এই ফ্রাঙ্কেনস্টাইনকে আমরা খর্ব করতে চাইছি, একে একটা সুষ্ঠু চেহারা দিতে চাইছি। ফলে আমরা একটা স্পেশাল সেল করবো। এই আইনের বলে, সরকারের। যাতে বেসরকারি ইঞ্জিনিয়ারিং

কলেজগুলিতে যেখানে লক্ষ লক্ষ টাকা নেওয়া হয় এবং সেটা ইউনিভার্সিটি অনুমোদিত WBUT কে সঙ্গে নিয়ে, আমাদের রাজ্যের বিশ্ববিদ্যালয়কে সঙ্গে নিয়ে সেখানে একটা ইন্সপেকশান এর টিম পাঠাব। যার দ্বারা আমরা এই জায়গায় আমার মনে হয়, যে মনিটরিং করতে পারব। এটা আর ঘটবে না। আপনি ম্যানেজমেন্ট এর কথা যাদবপুরের ক্ষেত্রে বলেছেন। কিন্তু ওখানে womenstudy, ওসোনোগ্রাফি, এই ধরণের বিষয় আছে। যারা এতদিন যথার্থ্য মর্যাদা পেতেন না, যাদের অধ্যাপকদের ক্ষেত্রে একটি বিশেষ মর্যাদা তারা অনেক দিন ধরে দাবী করছিলেন, আপনি সংশ্লিষ্ট বিষয় নিয়ে, ঐটা নিয়ে কিন্তু তরুনবাবুই কোন কথা বলেননি। কারণ উনি ঐ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, উনি জানেন। যে এটা ওদের অনেকদিনের দাবী ছিল। সেই বিশেষ মর্যাদা দেওয়ার জন্য আমরা এটা করেছি। আমার মনে হয়, যে পরিবর্তনগুলি আমরা এ্যামেন্ড করলাম, আমাদের সামনে আপনাদের ৫০ বার পরিবর্তন করার, আপনাদের তৈরী করা আইনের রেফারেন্স আমি গোড়াতেই দিয়েছি। আমরা হাতে আরো ৪৯টা সময় আছে, ৪৯ বার আমি করতে পারি। সেটা অন্য কথা। কিন্তু, আপনাকে তো বছর ধরে ধরে দেখালাম রেজ্জাক সাহেব, '৮৭ সালেই তিনবার, '৮৭ সালেই তিনবার, '৮৭ সালেই তিনবার, -আপনাকে তো সাল ধরে ধরে দেখালাম। আপনি যদি মনে করেন, আপনি যদি চান, আপনাকে আমি আবার পড়ে দিতে পারি। আমার মনে হয়, আমাদের হাতে আরো ৪৯ বার সময় আছে। তারমানে এটাও দাঁড়ায় যে আমাদের সরকার অত বছরই টিঁকবে। এটাও ঠিক। এটা আমার ধারণা, আপনারা বিরোধিতার জন্য বিরোধিতা না করে, আসুন, এই বিলটাকে সমর্থন করুন, আমার মনে হয়, এতে রাজ্যের, আমরা যে স্বপ্ন দেখছি শিক্ষা নিয়ে, সেটাকে আরো আমার মনে হয় যে পুষ্টিদান করাই হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

Mr. Speaker : Thank you, Hon'ble Minister. The question before the House is that the West Bengal University Laws (Amendment) Bill, 2012 be taken into consideration. As many as are of that opinion will please say "AYE". As many as are of the contrary opinion will please say "NOES". Ayes have it. Ayes have it.

Clause -2

Mr. Speaker: There is an amendment (Amendment No. 1) to Clause -2 by Shri Asit Mitra. Now I call upon Shri Asit Mitra to move his amendement.

[2.50—3.00 p.m.]

Shri Asit Mitra : Sir, I beg to move that in clause 2, in sub-clause (2), item no. (b) be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

শ্রী ব্রাত্য বসু : নট এ্যাকসেপটেড। পশ্চিমবঙ্গে সব ইউনিবার্সিটিতে সহ উপাচার্য নেই। এটা আপনারা আরো ২-৩ বছর পরে এ্যামেন্ডমেন্টে আনলে ভালো হবে। আসবে তো। চলে আসবে। সহ উপাচার্যের পোষ্টটাই নেই। রবীন্দ্র ভারতীতেই নেই। একটা উদাহরণ হিসাবে বলি।

Mr. Speaker : The question before the House is that amendment (No. 1) moved by Shri Asit Mitra. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it, Noes have it.

Now I put Clause-2, to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clauses - 3 & 4

Mr. Speaker : There is no amendment to Clauses 3 & 4. So, the question before the House is that the Clauses 3 & 4 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause - 5

Mr. Speaker : There is amendment (No.2) to Clause 5 moved by Shri Asit Mitra. Now, I call upon Shri Mitra to move his amendment.

Shri Asit Mitra : Sir, I beg to move that in clause 5, in sub-clause (5), in proposed section 26 (3) of the principal Act, after clause (c), the following clause be added.

"(d) nominee of the Pro Vice-Chancellor, who shall not be below the rank of a Professor of any other University."

Mr. Speaker : The Hon'ble Minister to reply.

Shri Braty Basu : Not accepted.

Mr. Speaker : The question before the House is that amendment (No. 2) moved by Shri Asit Mitra. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it, Noes have it.

Now I put Clause-5, to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clauses 6 to 16

Mr. Speaker : There is no amendment to Clauses 6 to 16. So, I put Clauses 6 to 16 to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No' Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula. The Preamble and the Title of the Bill.

The question that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now, the Hon'ble Minister-in-Charge of Higher Education Department may please move the Motion for passing the Bill.

Shri Bratya Basu : Sir, I beg to move that the West Bengal University Laws (Amendment) Bill, 2012, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill, as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it. The Bill is passed. The Bill is passed.

The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Temporary Supersession) Bill, 2012.

Mr. Speaker : Now, I call upon the Hon'ble Minister-in-Charge of Agriculture Department to introduce the Bill.

Shri Rabindranath Bhattacharya : Sir, I beg to introduce that the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Temporary Supersession) Bill, 2012.

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : Now, I call upon the Hon'ble Minister-in-Charge of Agriculture Department to move his Motion for consideration of the Bill.

Shri Rabindranath Bhattacharya : Sir, I beg to move that the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Temporary Supersession) Bill, 2012 be taken into consideration.

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Temporary Supersession) Bill, 2012' যেটা মাননীয় মন্ত্রীমহাশয় এখানে উত্থাপন করেছেন তার উপরে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, এমন একটা

পরিস্থিতি তৈরী হল বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে যার জন্য এই বিল বিধানসভায় আনতে হল। যে কেউ মনে করতে পারেন একটা বিশ্ববিদ্যালয়ে দূর্নীতি হল, সেই দূর্নীতির ফলে সেই জায়গায় কোন এনকোযারী বা সেই জায়গায় যারা অপরাধের সঙ্গে সংযুক্ত তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নিয়ে এই বিলটা কেন আমাদের বিধানসভায় আনতে হল। ১৯৭৪ সালে যখন সিদ্ধার্থ শঙ্কর রায় এই পশ্চিমবাংলার মূখ্যমন্ত্রী তখন ডঃ বিধানচন্দ্র রায়ের নামে এই কৃষি বিশ্ববিদ্যালয় তৈরী হয়েছিল। এই কৃষি বিশ্ববিদ্যালয় তৈরীর উদ্দেশ্য ছিল স্নাতকোত্তর ছাত্ররা দেশের বিভিন্ন জায়গায় কৃষি উন্নয়নের কাজে নিযুক্ত থাকবে এবং তারা সেখানে গিয়ে কৃষির উন্নয়নে কাজ করবে। আমি স্যার এই প্রসঙ্গে একটা কথা বলি, অনেক জায়গাতেই ভাইস-চ্যান্সেলারকে রিম্যুভ করা যায় এবং তার আইনও আছে। সম্ভবতঃ বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে ভাইস চ্যান্সেলারকে রিম্যুভ করা যায় না। এখানে চ্যান্সেলার, ভাইস চ্যান্সেলারকে রিম্যুভ করতে পারেন না এবং for that reason আমরা দেখলাম যে এখানে একটি বিল আনা হল। এই বিলটা আনা ছাড়া বোধহয় কোন গত্যন্তর ছিল না। আমি আপনার কাছে বলব, BCKV যে অ্যাকট আছে তাতে ভাইস চ্যান্সেলার কোন অর্থনৈতিক বা অনৈতিক কাজে যদি যুক্ত থাকেন তাহলে সেখান থেকে তাকে রিম্যুব করা যেত না। বর্তমান ভাইস চ্যান্সেলারের বিরুদ্ধে টাকা নয়ছয়ের ও টাকা তছরূপের অভিযোগ করা হয়েছে। আজকে যদি এই হাউসে বিলটা পাশ হয় তাহলে তার দ্বারা এই ভাইস চ্যান্সেলারকে অপসারণ করা সম্ভব হবে। স্বাভাবিক কারণেই আমি বলব না, এই বিলটার কোন দরকার নেই বা প্রয়োজন নেই। এই বিলের দরকার আছে, সেই ভাইস-চ্যান্সেলারের বিরুদ্ধে যদি তদন্ত করতে হয়, তাকে অপসারণ করতে হয়, তাহলে এই বিলের দরকার আছে। তাঁর যে সাসপেনশানটা হয়েছে সেটা টেম্পারারি সাসপেনশান। এই টেম্পারারি সাসপেনশানটা উইথড্রন হতে পারে, অথবা তার যদি কোন বক্তব্য থাকে তাহলে তিনি তা রাখতে পারেন। BCKV তে সিনেট বা সিন্ডেকেট নেই, এখানে যেটা আছে তাকে কোর্ট বলা হয়। সেখানে অশিক্ষক প্রতিনিধি এবং ছাত্রদের প্রতিনিধি থাকা প্রয়োজন। এই বিশ্ববিদ্যালয়ে ১৪০০ কর্মচারী আছেন। তার মধ্যে ২০০ জন্য অফিসার অথবা অন্য পর্যায়ের নিযুক্ত অধ্যাপক যদি থাকেন, তাহলে ১২০০ অশিক্ষক কর্মচারী আছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ এদের আবার এই কোর্টে প্রতিনিধিত্বের সুযোগ দেওয়া হোক। আমাদের দেশে কৃষি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা খুবই কম।

[3.00–3.10 p.m.]

পশ্চিমবাংলায় কম। আমাদের পশ্চিমবাংলায় উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় আছে। কিন্তু আমি আপনাকে শুধু এইটুকু বলবো আমাদের উচিৎ বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের শাখা বিভিন্ন জায়গায় স্থাপন করা যায় কিনা এটা দেখা। এরা ৩৪, ৩৫ বছর কিছু করেন নি এতো সুবিদিত সত্য। কিন্তু যদি সত্যি বাস্তবে বি. এস. কে. .পি.-র উদ্দেশ্যকে, বিধানচন্দ্রের আদর্শকে বাস্তবে রূপাপয়িত করতে হয় তাহলে আমার মনে হয় এর শাখা সংগঠন বিভিন্ন জায়গায় প্রয়োজন। স্যার, আর একটা অদ্ভুত ব্যাপার, আমি যদি পড়াশোনা না করতাম এবং আমি যদি না জানতাম, এই বিলটা যদি না আসতো এটা বুঝতে পারতাম না ভি. সি. ছাড়া এখানে যারা মূল অফিসারের দায়িত্ব নিয়ে আছেন যারা বিশ্ববিদ্যালয়টা পরিচালনা করছেন যেমন রেজিস্ট্রার, কন্ট্রোলার সমস্ত ডাইরেকটার্স স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, যদি আপনি জেনে না থাকেন এরা সবাই টেম্পোরারি। আমরা ভাবতে

পারি কলকাতা বিশ্ব বিদ্যালয়ের রেজিস্ট্রার টেম্পোরারি, আমরা ভাবতে পারি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার তিনি টেম্পোরারি? আমরা ভাবতে পারি অন্য কোন বিশ্ববিদ্যালয়ের ডাইরেকটার তিনি টেম্পোরারি? তারা কিন্তু টেম্পোরারি নন। আর আমি আপনাদের কাছে বলছি যে এখানে এই বিশ্ববিদ্যালয়ের এরা সবাই টেম্পোরারি। দ্যাট সিস্টেম শুড্ বি চেঞ্জড। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে, এরপর আবার নতুন ভাইস চ্যান্সেলর যদি আসেন, নতুন ভাইস চ্যান্সেলর আসুন। আমার দুটো প্রস্তাব, একটা প্রস্তাব হচ্ছে যে ওখানে ছাত্র প্রতিনিধি আপনাকে গ্রহণ করতে হবে কোর্টে এবং ওখানে দুজন অশিক্ষক কর্মচারী প্রতিনিধি বা শিক্ষা কর্মী প্রতিনিধি আপনি যে ভাষায় বলুন না কেন, সেই ভাষায় বলছি যে ওখানে তাদের গ্রহণ করতে হবে। যাতে করে They are able to deliver their goods in the interest of the University তারা যাতে বলতে পারে। স্যার, বি.এস.কে.পি.তে আর একটা কথা বলেই বক্তব্য শেষ করবো। স্যার, আমি আপনাদের কাছে বলবো, এছাড়া আমি আবার বলছি আমি দুটো ব্যাপারে বলেছি। তিন নম্বর আমার যে প্রস্তাব আমি এখানে আর রএকটা কথা বলছি আপনাদের কাছে সেটা হলো, যে বি. এস.কে.পি-র সমস্ত রিসার্চ করার জন্য যে জমি, বিল্ডিং এই বামফ্রন্টের আমলে ৩৫ লক্ষ টাকায় কল্যাণী ইঞ্জিনিয়ারিং কলেজের নামে অন্যায় ভাবে দখল করার চেষ্টা করে গেছেন যে সময়কার [***] তার নামটা বলা উচিৎ নয়, এক্ষুনি বলবেন 'এক্সপানজড'।

মিঃ স্পিকার : ঐ নামটা বাদ যাবে।

শ্রী অসিত মিত্র : নামটা বাদ দেবেন, আমিও বলছি নামটা বাদ দেবেন। আমি আপনাদের কাছে বলছি যে ঐ সময় যিনি উপাচার্য ছিলেন তিনি কিন্তু এই বিশ্ববিদ্যালয়ের জমি অন্যায়ভাবে কল্যাণী ইঞ্জিনিয়ারিং কলেজকে দেওয়ার চেষ্টা করেছেন এবং এই কল্যাণী ইঞ্জিনিয়ারিং কলেজকে ৩৫ লক্ষ টাকায়, আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি আজকে এই বিল এসেছে আমি অনুরোধ করছি আপনাকে, আপনি এই বিষয়ে নিজে, আপনার যত রকম তদন্ত করার মেশিনারি আছে বা আপনার যে সমস্ত মানুষজন আছে তাদের দিয়ে তদন্ত করান। আমাদের এখানে এই বিশ্ববিদ্যালয়টা শুধু সাজানো একটা কৃষি বিশ্ববিদ্যালয় হোক এটা আমরা চাই না। ওরা ৩৪, ৩৫ বছর ধরে সেই জায়গায় কি করেছেন না করেছেন আমরা বিশ্লেষণ করবো, আলোচনা করবো নিন্দা করবো, আমরা তার বিরুদ্ধে প্রস্তাব আনবো। কিন্তু আপনি যখন দায়িত্ব নিয়েছেন এবং আজকে সরকার যখন দায়িত্ব নিয়েছেন আমি আপনাদের কাছে অনুরোধ করবো যে তিনটি প্রস্তাব আমি আপনাদের কাছে রাখলাম এবং বিশেষ করে কল্যাণী ইঞ্জিনিয়ারিং কলেজের নামে যে জায়গাটাকে জোর করে নিয়ে নেওয়া হচ্ছে বি.এস.কে.পি. থেকে সেটা যেন স্যার উদ্ধার করা হয় এবং এই বিশ্ববিদ্যালয়কে আরো শক্তিশালী করার চেষ্টা করা হয়। আমাদের মনে রাখতে হবে, আমরা এখনো বলি, ভারতবর্ষ কৃষি প্রধান দেশ এখনো বলি, বাংলা কৃষি প্রধান রাজ্য। সুতরাং এই জায়গাতে যারা ওখান থেকে স্নাতকোত্তর পাশ করে আসছেন, যারা রিসার্চ স্কলার আনবেন তারা আমাদের দেশকে উন্নত করার চেষ্টার ক্ষেত্রে সুবিধা পাবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ড. রমেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয়া অধ্যক্ষ মহাশয়, The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (temporary Supersession) Bill, 2012 -র সমর্থনে আমি এই

সভায় কিছু বক্তব্য রাখছি। এই পবিত্র বিধানসভা থেকে আমাকে নির্বাচিত করে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের court এবং executive- তে পাঠানো হয়েছিল। আমি কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়ে গিয়ে যা দেখলাম, আমি ভেবেছিলাম অমৃত কুম্ভের সন্ধান পাব। কিন্তু ওখানে যা গিয়ে দেখলাম - তা দেখলাম একটা ঘুঘুর বাসা। যে বাসায় ওইখানকার অধিপতিরূপে আসিন রয়েছেন মাননীয় [***] ।

মিঃ স্পীকার : নামটা বাদ যাবে। নাম বাদ যাবে।

ড. রমেন্দ্রনাথ বিশ্বাস : 'মাননীয় উপাচার্য মহাশয়', প্রথম যে দিন আমি meeting এ প্রবেশ করলাম executive council এ। দেখলাম, শুনলাম এবং বুঝতে চেষ্টা করলাম সেখানকার পরিস্থিতি। দেখলাম একেবারে অরাজকতায় ভরে গিয়েছে ওই সভা। সেখানে উপচার্য মহাশয় কিভাবে সভা পরিচালন করছেন। দেখালম যারা ওখানে সদস্য হিসাবে আসিন সেখানে মাননীয় chancellor- এর দুই জন সদস্য আর আমি বিধানসভা থেকে নির্বাচিত সদস্য, কর্মচারীদের মধ্যে থেকে দুইজন সদস্য এবং vice chancellor নিজে এবং ওখানে যিনি registrar acting, তিনি আছেন আর বিভিন্ন dean রা আছেন। সেই dean দের ব্যাপারে যখন আমি জানতে চাইলাম, জানলাম তারা কোন advertisement- এর মাধ্যমে নিযুক্ত নয়। তার এখানে রয়েছেন vice chancellor-এর কৃপায়। একটা statute-এ act এ এইটুকু অধিকার vice chancellor কে দেওয়া আছে। কি দেওয়া আছে? চার মাসের জন্য তিনি যে কোন dean মনোনীত করে তারা দিয়ে সংসার চালাতে পারবেন। দেখা গেল কেউ চার মাস, সেই চার মাসের appointment পেয়ে, কেউ ছয় মাস, কেউ এক বছর, কেউ তিন বছর পর্যন্ত ওখানে আছেন এবং তারা ওই সভার সদস্যরূপে কাজ চালিয়ে যাচ্ছেন। সবাই vice chancellor-এর দয়ায় আছেন। জানলাম তিনি যা চিন্তা করেন, তাই কার্যকরী করেন। যখন একটু বুঝলাম আমি প্রতিবাদ করলাম, এটি কেন হবে? কারণ এরা তো আপনরা দয়ায় রয়েছে, এদের ভোটাধিকার কি করে থাকবে? তারা তো advertisement-এর মাধ্যমে নিযুক্ত হয়ে আসেননি, তারা কেন থাকবেন? উনি তো তো করছেন উত্তর দেওয়ার জন্যে। আমি বুঝতে পারলাম। যখন আমি কঠিনভাবে প্রশ্ন করছি-তখন তিনি মুচক যাচ্ছে, চমকে যাচ্ছেন। আর না হয়তো সেই কাজ চলতেই থাকল। সেদিন majority-র কৃপায়, অর্থাৎ যারা majority টা তৈরি করল-তারা হচ্ছে তার দয়ার নিযুক্ত। সেই অবস্থায় প্রথম দিনের সভা শেষ করলাম। পরবর্তীতে আমরা আরও বুঝতে চেষ্টা করলাম বিশেষ করে vice chancellor-এর যিনি সদস্য ছিলেন, প্রতিনিধি ছিলেন আমরা বসলাম, বসে প্রতিবাদী হয়ে উঠলাম আরও অনেক এবং তার পরে দেখলাম তার রাজত্ব একেবারে অন্যায়ের রাজত্ব। তার যে অন্যায়, তার ভিতরে আর্থিক তছরূপ এবং আরও অনেক কিছু, সেটা আরও বেশি অন্যায় বলে ধরা পড়ল। সেখানে দেখলাম Vc as DDO হিসাবে, VC as DDo claiming and taking his salary from government for a dead and retired employee, VC as DDO taking the salary as well as pension from government for the same retired employee.

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল হল'।

[3.10–3.20 p.m.]

VC, as DDO placing inflated demand for salary and thus misappropriating, defalcating and doing forgery of a huge amount of Govt. funds.

[VC, as DDO, [***] claimed funds for fake university research scholars.

Mr. Speaker : The name of [***] 'will be expunged.

Dr. Ramendra nath Biswas : As DDO he maintains no "Cash Book" for looting Govt. money.

As VC & DDO [***] submitting fales Utillisation Certificate and misleading the Govt.

Mr. Speaker : The name of [***] will be expunged.

Dr. Ramendra Nath Biswas : Sending fake demand every month to the Govt. not less than 23 lacs.

As VC and DDO he submitted demand for fake pension for employees to Govt.

VC unlawfully appointed a large number of employees and large number of field labourers disregarding repeated Govt. notification and creating huge financial burden to the Govt.

VC unlawfully sanctions higher pay fixation for a large number of employees.

VC maintains illegally CPF account for KVK employees.

VC illegally reemployed his near one violating Govt. order.

VC even violates the sanctity of awarding highest degree of the university and puts the Hon'ble Chancellor in bad situation.

VC did not conduct elections even to Statutory Bodies.

VC violates Statutory provisions in appointing even Deans of different Faculties.

VC withdrew his own retirement notice for ulterior motives

[***] VC no longer enjoys confidence of the EC

He has been depriving the SC, ST and the OBC communities violating all lthe rules.

*** 'Expunged as ordered by Chair'.

Mr. Speaker : The name of [***] will be expunged.

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

এই অবস্থার মধ্যে দিয়ে যেভাবে এই বিশ্ববিদ্যালয়ের অবস্থা তৈরী হয়েছে তার মধ্যে দিয়ে আমি বলতে চাই যাঁরা বলেন কৃষি আমাদের ভিত্তি, যাঁরা বলেন শিল্প আমাদের ভবিষ্যত সেই বিশ্ববিদ্যালয় কৃষি বিশ্ববিদ্যালয় যেভাবে চলছে সেই চলাকে নিশ্চয়ই হাউস চলতে দেবে না। সেই অবস্থার জন্য আমাদের মন্ত্রী মহোদয় এই বিল এনেছেন। আজকে এই বাম জামানায়

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী সমরেন্দ্র নাথ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন, বিধানচন্দ্র কৃষিবিশ্ববিদ্যালয় (টেমপুরারী সুপারসেশান) বিল, ২০১২ সেই বিলের সম্বন্ধে আমি আমার আলোচনা শুরু করছি। আলোচনা শুরু করতে গিয়ে যে কথাটা প্রথমে বলা প্রয়োজন, আমি মনে করছি বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে যে অনিয়ম ধরা পড়েছে সেই অনিয়মের বিরুদ্ধে সকলের লড়াই করা উচিত।

লড়াই-এর মাধ্যমে দোষীকে উপযুক্ত শাস্তি দেওয়া উচিত। সেই শাস্তি দেওয়ার জন্যই একটা বিল উত্থাপন করে তাকে শাস্তি দেওয়া যাবে, আমি এই ব্যাপারে একমত হতে পারছি না।

আমার বক্তব্য এটাই যে বিলটা এসেছে, সেই বিলটার মধ্যে যে Statement of Objects and Reasons- এর মধ্যে উল্লেখ করা হয়েছে, তার বাইরেও কোন objects এবং reasons থাকতে পারে বলে মনে হয়। বলা হয়েছে "A large number of complaints have been received regarding irregular financial and academic activities in the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya". For this reason যে এই বিলটা আনা হয়েছে। কিন্তু এই বিলটা আনার সাথে সাথে এর মধ্যে কিছু কিছু ব্যাপার আমার যেটা মনে হয়েছে যে কোন একটা বিশেষ দৃষ্টি কোণ থেকে ওই বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে একটা গভর্নমেন্টের পাওয়ারকে ইমপোজ করবার জন্যই এই বিল আনা হয়েছে। সেই বিলের মধ্যে, এর আগে যে সমস্ত বিল এসেছিল, ঠিক একইরকম কায়দায় একটা গণতান্ত্রিক পরিবেশকে বিনষ্ট করবার জন্য অশনি সঙ্কেত আমরা লক্ষ্য করছি এবং সেই গণতান্ত্রিক পদ্ধতিকে ভেঙ্গে সেখানে একটা দলতান্ত্রিক প্রচেষ্টা চলছে এই বিলের মাধ্যমে। হয়ত আসবে। এই বিল বিধানসভায় পাশ হবে এবং সেই সঙ্গে সঙ্গে যে গণতান্ত্রিক পরিবেশ, সেই পরিবেশটা বিঘ্নিত হবে। আমি অনুরোধ করব মাননীয় মন্ত্রী মহোদয়কে এই বিলের মধ্যে যে যে পরিবর্তনগুলো আনা হচ্ছে, বিশেষ করে ছাত্র প্রতিনিধি এবং অশিক্ষক কর্মচারী প্রতিনিধিদের বাদ রেখে যে নতুন ভাবে একটি গঠন করা হচ্ছে, অন্যান্য কমিটিগুলোর যে স্বাধীনতা, অন্যান্য কমিটিগুলোর যে অধিকার সেগুলোকে খর্ব করে, সেটা যাতে না করা হয়, সেটা দেখবার জন্য অনুরোধ করব এই বিলের মাধ্যমে। ইতিমধ্যে বিলের মধ্যে আমরা যেটা দেখেছি তার মধ্যে উল্লেখ আছে যে একটা কমিটি গঠন করা হবে। যে কমিটির মাধ্যমে, সেই কমিটির মধ্যে থাকবে দশ জন সরকার মনোনীতি ব্যক্তি

*** 'Expunged as ordered by Chair'.

"all the powers, functions and duties assigned to the University, the Board of management, the Academic Council, the Board of Studies of the different faculties and all the authorities of the University under the Act or any statute or Regulation made there under shall be considered by the Council to be known as the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya Council" যে কাউন্সিলের মধ্যে যারা মেম্বার থাকবেন একটা বিশেষ কায়দায় সেই মেম্বারগুলোকে একটা বিশেষ দৃষ্টিভঙ্গী নিয়ে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় যাতে পরিচালিত হয় তার ব্যবস্থা গৃহীত হচ্ছে। আমি এই কারণেই এই কথাটা উল্লেখ করলাম যে কাউন্সিল তৈরী করা হচ্ছে, সেই কাউন্সিলের মধ্যে কোন ছাত্রদের প্রতিনিধিত্ব নেই, কোন অশিক্ষক কর্মচারীর প্রতিনিধিত্ব নেই, সেখানে বিশেষ করে এই সরকারের যে সমস্ত নমিনেটেড পার্সনস তাদের আধিপত্য রেখে বিভিন্ন কায়দায় এই কাজটা করা হচ্ছে। আমরা জানি বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে যে দুর্নীতি, যে ইংরেগুলারিটিজ ধরা পড়েছে, সেটা কারোরই সমর্থন যোগ্য নয়, সেটা আমিও সমর্থন করব না, আমরা সমর্থন করব না। এই করণে বলছি জেনেটিক্সের একজন প্রফেসর তিনি মারা গিয়েছেন ২৫শে ফেব্রুয়ারী ২০১১ সালে। এক বছর ধরে তার মাইনে দেওয়া হয়েছে for this deceased person. এটা কেউ মেনে নিতে পারে নি। কিন্তু কেন এটা এতদিন ধরে চলছে? সেটা বোঝা, সেটা জানা এবং যারা এই টাকাটা দিচ্ছে, তাদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা করতে হবে এবং সেই ব্যবস্থা করতে গিয়ে বিভিন্ন পদ্ধতিতে আপনারা যে বিভিন্ন রকম পরিবর্তন আনার চেষ্টা করছেন, সেই পরিবর্তনটা আমার মনে হয়েছে গণতন্ত্রকে ধ্বংস করবে এবং যে দশ জন প্রতিনিধি আপনি বলেছেন with the concerned minister, consult করে সেটাকে নেওয়া হবে, তাহলে সেটা মোটেই সঠিক কথা নয়। আমার পূর্ববর্তী বক্তা ঠিক একই সুরে বক্তব্য রাখছিলেন। তার মধ্যেও আমি দেখলাম একটা রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে তার এই বক্তব্য পরিবেশিত হচ্ছে। যাইহোক বেশী সময় নেই, অল্প কথায় আমি আমার বক্তব্য শেষ করতে চাইছি, আরও বক্তারা বলবেন। আমার মনে হয়েছে আপনারা এই পবিত্র সদনে যে ভাষায় কথা বলছেন, যেভাবে বলছেন, কথা শুনতে ভাল লাগছে। কিন্তু নজরুলের ভাষায় বলি .... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

[3.20–3.30 p.m.]

ড. তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় সুপারসেশন বিল যে পরিপ্রেক্ষিতে এসেছে আমি সমর্থন করি। অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের ফাংশানিং ফাণ্ড হল হ্যান্ডলিং শিক্ষক, অশিক্ষক, আধিকারিক নিয়ম নিয়ে প্রচুর প্রশ্ন উঠছে। দুর্নীতি গুচ্ছ গুচ্ছ, অভিযোগ বাজারে এসেছে। রেজিস্ট্রার, উপাচার্য-এর বিরুদ্ধে অভিযোগ আছ। এই দুর্নীতির বিরুদ্ধে তদন্ত কমিটি হয়েছে সেই তদন্ত কমিটির রিপোর্ট কি, সেটা কিন্তু আমি জানি না। এই হাউস সেটা জানতে পারলে খুবই ভালো হ'ত। তবে ফাণ্ড নিয়ে যে দুর্নীতির অভিযোগ উঠেছে সেটা অনেকটাই, আমার যত দূর মনে হয় যে ফাণ্ড ডাইভারশন-এর একটা ব্যাপার আছে। এবং যেটাও অর্থাৎ, একটা হেড থেকে আর একটা হেডে ফাণ্ড ডাইভারশন যেটাও কিন্তু আইনসম্মত নয়। আরও একটা বিষয় হচ্ছে যে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, আই. সি.আর-এর প্রচুর ফাণ্ড কিন্তু আসে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এবং সেখানেও দুর্নীতি আছে। সেটা নিয়ে তদন্ত হচ্ছে কিনা জানি না। যদি না হয়, সেটাও আপনি তদন্তের আওতার মধ্যে নিয়ে আসুন, এটা অনুরোধ। এখন সুপারসেশন

করে আজকে বিশ্ববিদ্যালয়ের এই অবস্থার সমাধান করার চেষ্টা করছেন। এখানে আমার যেটা মনে হয়েছে যে, আর পাঁচটা যে বিশ্ববিদ্যালয় আছে যেগুলো উচ্চশিক্ষা দফতরের অধীন। তার সঙ্গে যদি এই বিশ্ববিদ্যালয়কে অ্যাট পার করে বিবেচনা করেন এবং করতেন তাহলে মনে হয় সমস্যার সমাধান আগেও হয়ে যেত পারত। এই কয়েক মাস আগে আপনারা যখন অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোর অ্যাক্ট রিভিশন করলেন এবং তার সঙ্গে আপনার বিশ্ববিদ্যালয়, আপনার আরও একটা বিশ্ববিদ্যালয় আছে উত্তরবঙ্গ - কৃষি বিশ্ববিদ্যালয় এবং অ্যানিমাল সাইন্স ইউনিভার্সিটি। এই তিনটে বিশ্ববিদ্যালয় অ্যানিমাল সাইন্স ইউনিভার্সিটি তার মন্ত্রীমশায় এখানে উপস্থিত আছেন, এই তিনটে বিশ্ববিদ্যালয়কে যদি একসঙ্গে আইন সংশোধন করে ব্যবস্থা করার চেষ্টা করতেন তাহলে বোধ হয় প্রবলেমগুলো আজকে যে জটিলতায় গিয়েছে যাওয়ার সুযোগ থাকত না। শুধুমাত্র এই কারণেই নয়, এই তিনটে বিশ্ববিদ্যালয়ের যে সমস্যা সেই সমস্যা যদি হায়ার এডুকেশনের সঙ্গে আপনারা অ্যাট পার করে সব সময় দেখার চেষ্টা করেন যেটা ঐ বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষকদেরও দাবী তাহলে মনে হয় এই সমস্যার সমাধান অনেক দ্রুত আপনারা যা করতে পারবেন। ভবিষ্যতেও এই রকম সমস্যা হবে না। সুপারসেশন করে আপনারা করার চেষ্টা করেছেন। তার পরিপ্রেক্ষিতে আপনাদের কাছে আমার একটা বিষয় জানানো যে, ৭৮ সালে বিগত সরকার ক্ষমতায় এসে পশ্চিমবঙ্গের সমস্ত বিশ্ববিদ্যালয়গুলোকে সুপারশিড করে ছিল। বিশেষ করে মেজর যে বিশ্ববিদ্যালয়গুলো ছিল তাদের সুপারশিড করা হয়েছিল। তা করার মধ্যে দিয়ে পতবর্তীকালে আজকে আমরা বিগত সরকারের শিক্ষার যে ব্যবস্থার বিরুদ্ধে কথা বলছি যে কথাগুলো বলার সুযোগ কিন্তু সেই আইন অর্থাৎ, সুপারসেশনের পরে যে আইনগুলো তারা করলেন সেই আইনগুলো করার মধ্য দিয়ে আমাদের বলার সুযোগ তৈরী হল। অর্থাৎ, যে কথাটা আমরা বলতে চাইছি যে, কেবলমাত্র সুপারসেশন করলে সমস্যার সমাধান হয় কিনা এই কথাটা আপনাকে ভাবার জন্য আমি এই বিষয়টা রাখলাম। সব শেষ বক্তব্য যে, এখানে আপনারা 'টেম্পোরারি' কথাটা বলেছেন। এই টেম্পোরারিটা টেম্পোরারিই থাকে যেন একটা টাইমবাউন্ড হয়। আমি আপনার কাছে জানতে চাইব। আপনি উত্তর দেওয়ার সময় যদি বলেন যে, টেম্পোরারির ডেফিনেশনটা কি? অর্থাৎ কতদিনের মধ্যে আপনারা পূর্ণাঙ্গ আইন করবেন। কারণ, সেই আগের ৭৮ সালের কথা মনে পড়ে তারা তখন টেম্পোরারি বলেছিলেন কিন্তু বহুদিন ধরে সেটা চালিয়ে গিয়েছিলেন এবং যার ফলে দুর্নীতির কিন্তু একটা আখড়া উচ্চশিক্ষা ব্যবস্থায় তৈরী হয়েছিল। ফলে, এই বিষয়টাও আপনারা ডিফাইন করবেন। এই ক'টি কথা বলে আমার বক্তব্য আমি শেষ করছি। মাননীয় স্পীকার মহাশয়কে ধন্যবাদ।

শ্রী নরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় কৃষিমন্ত্রী বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় টেম্পোরারি সুপারসেশন বিল, ২০১২ বিধানসভায় পেশ করেছেন আমি সেই বিল সমর্থন করছি। আমরা জানি বানিজ্য বসতে লক্ষ্মী 'তদ্বঃদং কৃষিকর্মনী তদ্বঃদং রাজ্যসভায়ং ভিক্ষায়াং নৈব নৈব চ'। বাণিজ্যের কথা বলা হলেও কৃষি ভিত্তিক ভারতবর্ষে কৃষি হ'ল লক্ষ্মী। যার জন্য লক্ষ্মী পূজোয় মা লক্ষ্মীর হাতে কোজাগরির দিনে ধানের শিষ ধরিয়ে দেওয়া হয়। তার সামনে বিভিন্ন ফসলের ডালা দিয়ে অর্চনা করা হয়। কিন্তু, ব্রিটিশ সাম্রাজ্যবাদ ভারতবর্ষের কৃষির উপরে জোর না দেওয়ার ফলে, ভারতবর্ষ যখন স্বাধীন হ'ল তীব্র খাদ্য সঙ্কটের মধ্যে পড়ল। জওহরলাল নেহেরু প্রধানমন্ত্রী হিসাবে বাধ্য হলেন আমেরিকার সঙ্গে পি. এল- ৪২০ চুক্তি করতে এবং সেই চুক্তির বলে গম এবং চাল আসতো, আমরা খেতে পেতাম। এবং আমি দেখেছি সেদিন ১৯৫৯ সালে ৩১ শে আগস্ট তার

আমি সাক্ষী এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টি খাদ্য আন্দোলন করতে গিয়ে এই কলকাতার বুকে ৮০ খানা বাস পুড়িয়ে দিয়েছিল। আমি নিজে সাক্ষী। এখানে 'কটা চেয়ার বেঞ্চ ভেঙেছিল বলে ওদের গা-জ্বালা ধরে গিয়েছিল। কিন্তু সেদিন ওঁরা খাদ্য আন্দোলনের নামে ৮০ টা বাস পুড়িয়েছিলেন। আমি দেখেছি তীব্র খাদ্য আন্দোলনের নামে প্রফুল্ল সেন যখন মুখ্যমন্ত্রী তাঁর মন্ত্রী ফজপুর রহমানের বাড়ী কৃষ্ণনগরে পুড়িয়ে দিয়েছিল এই মার্ক্সবাদী পার্টির লোকেরা। কেশনগরে কোন সরকারী অফিস ছিলনা, সব পুড়িয়ে দিয়েছিল। বাংলাদেশ যুদ্ধের পরে থ্রী-ফোর্থ মেজরিটি নিয়ে পার্লামেন্টে প্রধানমন্ত্রী হলে শ্রীমতী ইন্দিরা গান্ধী আর এখানে সিদ্ধার্থ শঙ্কর রায় মুখ্যমন্ত্রী। তাঁরা ঠিক করলেন 'সবুজ বিপ্লব' করতে হবে। সবুজ বিপ্লবের ডাক দিলেন। সেই সবুজ বিপ্লবের জন্য এই বিল আনা হয়েছিল ১৯৭৪ সালে। '৭৪ সালের যখন এই বিল এই হাউজে আসে সেদিন সুব্রত মুখার্জি এবং আমি এই হাউজের সদস্য ছিলাম। আমরা মনে করি এই কৃষি বিশ্ব-বিদ্যালয় করা হয়েছিল সবুজ বিপ্লবকে পশ্চিমবাংলায় পাইলটিং করার জন্য, মনিটরিং করার জন্য, গবেষণা করে নতুন নতুন পথ দেখাবার জন্য। এই কৃষি বিশ্ব-বিদ্যালয়ে গবেষণার ফলে এককালে স্যালো টিউবওয়েল এসেছিল, ডিপ টিউবওয়েল এসেছিল এবং অন্যান্য পরিকল্পনা, নতুন নতুন বীজ এসেছিল, বোরো ধানের চাষ এসেছিল, এক জমিতে তিন ফসলী চাষ এসেছিল। আগে একটা জমিতে এক ফসল হল। তাতে তিন-ফসলী করার গবেষণা এই কৃষি বিশ্ব-বিদ্যালয়ের অবদান। কিন্তু আজকে সেই কৃষি বিশ্ব-বিদ্যালয় ব্যর্থ। আমরা জানতাম আলিমুদ্দিন স্ট্রীট পলিটিসাইজেশন অফ এডুকেশন করেছে, শিক্ষার রাজনীতিকরণ করেছে কিন্তু আজকে দেখেছি ঐ আলিমুদ্দিন স্ট্রীট চুরি শিখিয়েছে শিক্ষকদের, এই বিল তার প্রমাণ। ওখানকার ভাইস চ্যান্সেলর, ট্রেজারার, রেজিস্ট্রার এবং কন্ট্রোলার অফ একজামিনার সব মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি করে। আমি চ্যালেঞ্জ দিয়ে বলছি এবং এদেরকে আলিমুদ্দিন স্ট্রীট থেকে চুরি শিখিয়ে এখানে পাঠানো হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয় জেনে রেখে দিন, ভারতবর্ষের বিশ্ব-বিদ্যালয়ের ইতিহাসে এটাই সব চাইতে বড় কেলেঙ্কারি। কী লক্ষ লক্ষ টাকার কথা বলছেন, আমি জানি কোটি কোটি টাকা এখানে চুরি গেছে, হাজার হাজার কোটি টাকা। কয়েক হাজার বিঘা জমি আছে, খামার, সেখানে গবেষণা করা হয়, ১০০ লেবার খাটিয়ে ৫০০ লেবার দেখান হয়। আজকে কোটি কোটি টাকা সেখানে ভাইস চ্যান্সেলার, রেজিস্ট্রার এবং কন্ট্রোলার, মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির, আজকে হাজার হাজার কোটি টাকা এঁরা তছরূপ করেছে। সে টাকা আলিমুদ্দিন স্ট্রীটেও গেছে। তা না হলে আজকে কী করে হয়? আজকে রেজিস্ট্রারের বিরুদ্ধে কেস করা হয়েছে। রেসিস্ট্রার আজকে পালিয়ে বেড়াচ্ছে। অ্যারেস্ট হওয়ার ভয়ে সে পালিয়ে বেড়াচ্ছে ইউনিভার্সিটিতেও যাচ্ছে না। প্রস্তাব পাঠিয়েছে 'আমি সাড়ে চার কোটি টাকা দিচ্ছি, বাকি টাকা পরে দেব'। কোথা থেকে এই টাকা এ'ল? ঐ আলিমুদ্দিন স্ট্রীটে টাকা গিয়েছিল, আলিমুদ্দিন স্ট্রীট থেকে টাকা ওঁকে দিয়েছে, বাঁচানোর জন্য। আজকে তাই এই যে বিল এনেছে, এই বিলকে আমি পূর্ণমাত্রায় সমর্থন করছি। তবে একটা কথা, ভাইস চ্যান্সেলর, রেজিস্ট্রার এবং কন্ট্রোলার অফ এডুকেশন এবং তাদের যারা সাগরেদ আছে তাদের প্রত্যেকের বিরুদ্ধে ক্রিমিনাল কেস করতে হবে। কেউ আইনের ওপরে নয়।

আমি আরো প্রস্তাব দিই, তৎকালীন কৃষিমন্ত্রীকেও যেন কোন রকমে রেহাই দেওয়া না হয়। বিধানচন্দ্র রায় বলেছিলেন, সিদ্ধার্থ রায় বলেছিলেন এবং ইন্দিরা গান্ধী বলেছিলেন, যেহেতু কৃষি গবেষণার জন্য কৃষি বিশ্ব-বিদ্যালয় তাই এটা এডুকেশন ডিপার্টমেন্টের আন্ডারে দেব না, এটা কৃষি

ডিপার্টমেন্টের আন্ডারে দেব। তাই তৎকালীণ কৃষিমন্ত্রীও এর দায় এড়াতে পারেন না। তাঁকেও যেন কোন রকমে রেহাই না দেওয়া হয়। আমি পরিষ্কার করে আপনার কাছে অনুরোধ রাখছি, মাননীয় কৃষিমন্ত্রীর কাছে অনুরোধ করছি।

আজকে আপনি যে কাউন্সিল করেছেন, অনেকে বলছেন, 'কী করে চালনা করবেন'? গণতন্ত্রের কথা বলছেন, গণতন্ত্র নষ্ট করছেন। কিসের গণতন্ত্র, কী গণতন্ত্র, কারা গণতন্ত্রের কথা বলছেন? গণতন্ত্র তাঁরা মানেন? গণতন্ত্র তাঁরা বোঝেন? তাঁরা গণতন্ত্র বোঝেন না। গণতন্ত্রের কাজ করেছেন ৩৪ বছরে? গণতন্ত্রের কোন কাজ ৩৪ বছরে আপনারা করেননি। তাই আপনাদের কাছে গণতন্ত্রের কথা আমাদের শুনতে হবে না, বুঝতে হবে না। সুতরাং, এই কৃষিমন্ত্রী যেটা করেছেন ঠিকই করেছেন।

[3.30—3.40 p.m]

প্রফেসাররাও অনেকে জড়িত আছেন। আপনি অবাক হয়ে যাবেন, আমি একটা কো-অপারিটিভের কথা জানি। সেই কো-অপারেটিভ কে পেট্রোনাইজ করে এবং স্পনসর করে বিশ্ববিদ্যালয়। সেখানে আজকে কয়েকশো কোটি টাকার হিসেব নেই। গোড়দা কো-অপারেটিভ, সেটা আমার কেন্দ্রে বলতে পারেন। সেখানে কয়েক শো কোটি টাকার হিসেব নেই। সেখানে এই বিশ্ববিদ্যালয়ের কয়েকজন প্রফেসার জড়িত আছেন। এরা যাতে কোনরকমে আজকে রেহাই না পান - এটাই আমার বক্তব্য। আমার বক্তব্যে স্বচ্ছতা আনার জন্য। এটা যাতে ভালোভাবে পরিচালিত হয় এবং ইমিডিয়েটলি যাতে ভাইস চান্সেলর ও রেজিস্ট্রার কো-অপারেটিভকে রিমুভ করা দরকার। যদিও সেকশান এইটে ভাইস চান্সেলরকে রিমুভ করা যায় না। কিন্তু অল বডি কাউন্সিল যেটা করছেন সেটা যেন সক্রিয় হয় এবং স্বচ্ছতা আনার জন্য। এরা চায় আবার কৃষি সংকট তৈরি হোক, আবার বাংলায় সেই খাদ্য সংকট তৈরি হোক। আবার এরা ৩৪ বছর থাকতে পারলে খাদ্য আন্দোলন করতে পারে এই হচ্ছে এদের সাধনা, এই জন্যেই আজকে কৃষি বিশ্ববিদ্যালয়ে দুর্নীতি ঢুকিয়েছে। এই কটি কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয় এই যে আমাদের বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের Temporary Supersession বিল এখানে আনা হয়েছে এই নিয়ে কথা বলা নিশ্চয়ই আমার আছে। কিন্তু প্রথমেই নরেশবাবুকে একটু শান্ত করতে হবে। কারণ নরেশবাবু খুব উত্তেজিত হয়ে গেছেন। উত্তেজিত হওয়ার কারণও আছে। উনার বাড়ি হচ্ছে রাণাঘাটে। আর রাণাঘাটের পাশেই হচ্ছে ইউনিভার্সিটি। খুব স্বাভাবিক কারণেই হাজার হাজার কোটি টাকা যখন লোকসান হয়েছে, দুর্নীতি হয়েছে উদ্বিগ্ন হওয়া স্বাভাবিক। আমিও উদ্বিগ্ন। তাই এই সভায় প্রথমেই বলে যাচ্ছি, এই যে হাজার হাজার কোটি টাকার দুর্নীতি হয়েছে - সিপিএম হোক, কংগ্রেস হোক, তৃণমূল হোক, ফুল লিবার্টি দিয়ে গেলাম মন্ত্রীকে প্রকাশ্য সভায়, যত রকমের ব্যবস্থা আছে চোর ধরুন, টাকা আদায় করুন, অভিনন্দন জানাব। যত রকমের ব্যবস্থা আছে - সে আলিমুদ্দিনই হোক আর যেখানেই হোক আপনাকে পূর্ণ অধিকার দিয়ে গেলাম, আপনার মন্ত্রীকে অধিকার দিয়ে গেলাম আপনি তদন্ত করুন, চোর প্রমাণিত করুন আর হাজার হাজার কোটি টাকা আদায় করুন। সেই টাকা দিয়ে উন্নয়ন করুন আমরা খুশি হবো - এক নম্বর। দুই নম্বর হচ্ছে যে, আমি ঐ বিলটা দেখে

ভাবছিলাম এই বিশ্ববিদ্যালয়ের একটা আইন আছে। সেটা হচ্ছে 1974 Act. আমাদের কৃষি বিশ্ববিদ্যালয় আইন। আইন একটা আছে, সেই আইন থাকা সত্ত্বেও Temporary Superssion বিল আনতে হল কেন? এটা আমি অবাক হয়ে গেলাম। বারে বারে জানার চেষ্টা করছিলাম why ? আজকে স্টেটমেন্ট অফ অবজেকটস পড়ে একথা বুঝলাম মন্ত্রী উদ্বিগ্ন, এখানে অনেক দুর্নীতি হয়েছে। ওখানকার ভাইস চ্যান্সেলারকে নিয়ে তদন্ত হচ্ছে, অনেক বিষয় আছে। এই উদ্বেগের সংগে আমিও একমত। কিন্তু প্রশ্ন হচ্ছে এই-উদ্বেগ যে আছে তার ব্যবস্থা কি হবে?

প্রথম আমার প্রশ্ন, যে Supersession বিল আনা হয়েছে, Supersession মানে আমি যা বুঝেছিলাম, তা তো মেলাতে পারছি না। কিসের সুপারসেশান? সুপার সেসান অব দ্য ইউনিভার্সিটি অর সুপারসেশান অব দ্য ম্যানেজিং কমিটি অর কাউন্সিল অর সুপারসেশান অব দ্য অ্যাক্ট। আমি মাননীয় অধ্যক্ষকে জিজ্ঞেস করবো, এটার মানে কি? আইনের যে সুপারসেশান হয় তা তো আমি শুনিনি। আইনে দুটো জিনিস শুনেছি, আইদার আইন will be repealed or it will be amended হয় তার পরিবর্তন হবে, সংশোধন হবে, না হলে তাকে গুটিয়ে নিতে হবে। আইনের কোন সুপারসেশান হয় - আমি আজ পর্যন্ত শুনিনি। This is the first time, আমাকে শুনতে হল আইনের সুপারসেশান হচ্ছে। এর ব্যাখ্যা দিতে পারবেন কিনা জানি না কিন্তু দিতে হবে। দুই নম্বর, যদি তা না হয় তাহলে হতে পারে কি, যে কমিটির সুপারসেশান হয় - তাই তো জানি। পঞ্চায়েতের সুপারসেশান মানে পঞ্চায়েতের কমিটি ভেঙে দেওয়া। পঞ্চায়েত সুপারসেশান হল তা তো হয় না। তবে কমিটির সুপারসেশান যদি হয় তাহলেও কিন্তু সুনির্দিষ্ট করে বলা নেই। থার্ড হচ্ছে, ব্যবস্থা যেটা আছে সেই ব্যবস্থার একটা বিকল্প ব্যবস্থা আমাদের করতে হবে। আমিও চাইছি যে সত্যিকারের একটা তদন্ত হোক। ভালো করে ইউনিভার্সিটি চলুক সেটা আমরা চাই। কিন্তু আপনারাই তো চালাবেন আমি তো বললামই। যা নিয়ম আছে চালাবেন। কিন্তু এই যে যেটা আছে - অ্যাক্টে শেষ কথাটা বলা আছে। আমি এতে দেখছিলাম প্রথমে এখানে বলা আছে যে A large number of complaints have been received regarding irregular financial and academic activities in the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya constituted under the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya Act, 1974 এই সব এখানে বলা আছে। আমি বলছি যে যতগুলি অ্যাক্ট আমি জানি আজ পর্যন্ত সেই অ্যাক্টে এই ধরনের প্রভিশান থাকে তাকে অ্যামেন্ড করে সমাধান করা যেতে পারে কিন্তু তা না করে এটা করতে হল কেন এটা আমাকে দয়া করে একটু বোঝাবেন। সেকেন্ড হচ্ছে, An Enquiry Committee has been constituted to inequire into the matters relating to functioning and irregular financial and academic activities of the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya in exercise of the power conferred by section 8 of the said Act. আমি বলছি যে এই অ্যাক্টটা যদি supersession হয়ে থাকে তাহলে পুরানো যে অ্যাক্টটা আছে তার কতগুলো প্রভিশান উল্লেখ করে আমরা এখানে বলছি যদি অ্যাক্টটি বাতিল supersession হয়ে যায় তাহলে

সে কথা আমরা বলতে পারি কি না সেটা একটা ভাল করে দেখে নেবেন। তিন নম্বর হচ্ছে, The enquiry Committee has, inter alia, recommended that a through overhauling of the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya is require before taking any further action in the matter. এটাও ঠিক একই নিয়মের মধ্যে পড়ে। ফোর্থ যেটা আছে, It is considered necessary and expedient to provide for the supersession of the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya for a temporary period and for the carrying on the administration of the Viswa Vidyalaya during the period of such supersession by constituting a Council, namely, the Bidhan Chanra Krishi Viswa Vidyalaya Council. এই যে কথাটা আমি বলছিলাম, এখানে বলার মানে দাঁড়ালো এই রকম যে তাহলে সেটার মানে কি দাঁড়ায় supersession অফ দি কাউন্সিল ওর supersession অফ দ্যা অ্যাক্ট, অর supersession অফ দ্যা ইউনিভার্সিটি - এটা কোনটা ঠিক বলতে হবে। তার সঙ্গে বলতে হবে, এই যে আপনি এনকোয়ারি কমিটি করেছেন সেই কমিটি যে রিপোর্ট দিয়েছে যে ধারা বলে আপনি করেছেন আজকে যদি অ্যাক্টটা পরিবর্তন করে গিয়ে নতুন সুপারসিড হয়ে যে বিলটা আইনে পরিণত হবে তাহলে আগের ধারা অনুসারে যে আমি তদন্ত কমিটি করেছি বা তদন্ত অফিসার নিয়োগ করেছি তার কার্যকরী ভূমিকা থাকবে কিনা, এটা ভ্যালিড হবে কি না এটা আপনি দয়া করে একটু দেখে নেবেন। ফোর্থ হচ্ছে, যেটা বাল আছে এখানে সাধারণতঃ এই যে ব্যবস্থাগুলো করা হয়েছে এটা একটা গণতন্ত্রের সাধারণ নিয়মের একটু বাইরে, একটু ব্যাতিক্রম এই কারণে এই যে নতুন কমিটির কথা বলা হয়েছে, নতুন কাউন্সিলের কথা বলা হয়েছে সেই কাউন্সিলের অন্য মেম্বারদের সঙ্গে বলা হয়েছে ১০ জনকে নমিনেট করবে মন্ত্রী। মিনিস্টার উইল নমিনেট টেন পার্সনস। ক্যাটাগরিগুলো বলা আছে, যদিও এখানে ছাত্রটাত্র, অমুক-তমুক যাই আছে আছে। সেই ক্যাটাগরিগুলো বলা এই ক্যাটাগরিগুলো একদম মন্ত্রীর ইচ্ছামত হবে। এর মধ্যে গণতান্ত্রিক পদ্ধতিগুলো ছিল সেটা থাকবে না। আমি অনুরোধ করবো এই ইউনিভার্সিটির স্বার্থে যখন এই নমিনেট করা হবে এই প্রভিশান ব্যবস্থা করে দেওয়া উচিত যাতে এটা সত্যিকারের একটা যারা শিক্ষা অনুরাগী, যারা শিক্ষা ভালবাসেন, যারা এই প্রতিষ্ঠানকে ভাল করে চালাতে চান এই ধরনের যাতে নমিনেট করা হয় তার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করে রাখবো। চার নং বিষয় হচ্ছে যে, এখানে বলা হয়েছে একান্ত টেম্পরারি একটা ব্যবস্থা। টেম্পরারি ব্যবস্থা করতে গেলে বিকল্প ব্যবস্থা করতে হবে। তার মানে দাঁড়াল এটা এই যে আমি বিলটা আনলাম এটা আইন হবে, আগের বিলটা বাতিল হবে। তা যদি হয় তাহলে নতুনভাবে আইনটা করতে হবে। এবার আইন করতে গেলে এখানে বলা আছে যে প্রথমে এর মেয়াদ হচ্ছে ১ বছর। পরে ৬ মাস করে বাড়তে বাড়তে দু বছর চলে যাবে। আমার বিনীত আবেদন হচ্ছে, অনেকখানি একটা অগণতান্ত্রিক পদ্ধতি কমিটি নিয়োগের ব্যাপারে তবুও আমরা তাকে মানতে পারি এই শর্তে খুব সংক্ষিপ্ত সময়ে আবার যেন বিকল্প ব্যবস্থা হতে পারে। এটা কখনই বেশি সময় ধরে থাকতে পারে না। এই জন্য আমরা বলেছি, আমি একটা অ্যামেন্ডমেন্টও দিয়েছি প্রথম এক বছর বলা আছে, সেকেন্ড টার্মে বলা আছে প্লাস সিক্স মানথ অ্যাট দ্যা টাইম নট এক্সিইডিং ওয়ান ইয়ার কাজেই টোটালি দু ইয়ারস্। আমার বক্তব্য হচ্ছে, ওয়ান ইয়ার প্লাস সিক্স মানথ, এটা যেন it will not never exceed one and a half yeras না হয় তার ব্যবস্থা করা সেটা একটু দেখা।

[3.40–3.50 p.m.]

তারপরে দেখতে হবে যে, এখানে যে বলা আছে Council so constituted under Section 5 shall carry on the functions of the university, the board of management, the academic council, board of studies and other bodies consisting of that statute এই যে যেগুলো হবে সুপার সিলেক্ট কমিটি হবে, সেখানে যে আইন তৈরী হবে সেই আইনের ক্ষেত্রে আমিও অনুরোধ জানাবো যে, অন্যান্য কমিটির ব্যাপারে যা যা করার করুন। কিন্তু যে এ্যাকাডেমিক কাউন্সিল যেটা আছে বা বোর্ড অফ স্টাডিজ যেটা আছে এই ধরনের কতগুলো কমিটির ব্যাপারে যদি আমরা এই ভরসায় ফেলে রাখি এবং সেইমত পরিবর্তন করতে যাই তাহলে দেখা যাবে যে, আমার ইউনিভার্সিটিতে পড়াশুনা ভীষণ ভাবে ক্ষতি হবে। যদি এগুলো ঠিক থাকে, যদি এগুলো দুর্নীতির সঙ্গে যুক্ত না থাকে, এরা যদি ভাল কাজ করে থাকেন, সেগুলোকে বাঁচিয়ে রাখা আপনার দরকার। যারা চোর, অন্যায় কাজ করেছে তাদের ব্যাপারে নিষ্ঠুরভাবে যা খুশী করুন তাতে কোন আপত্তি নেই। কিন্তু এরফলে যেন এমন ঘটনা না ঘটে যে আমার ইউনিভার্সিটির পড়াশুনা ক্ষতিগ্রস্ত হল, আমাদের ছেলে মেয়ের ক্ষতি হল, এই জিনিস যেন না হয় সেটা ভাল করে দেখার ব্যাপারে অনুরোধ জানাবো। আরেকটা বিষয় হচ্ছে যে, যেটা সবাই বলেছেন যে আমাদের এই বিশ্ববিদ্যালয় একটা ঐতিহাসিক বিশ্ববিদ্যালয়। এটা নিঃসন্দেহে স্বীকার করি কারণ আমার একটা সৌভাগ্য হয়েছিল যে এই বিশ্ববিদ্যালয় থেকে আরেকটা ইউনিভার্সিটির জন্ম হয়েছিল। আমি যখন ওই প্রাণী সম্পদের মন্ত্রী, এই ইউনিভার্সিটির জন্ম হয়েছে - ইউনিভার্সিটি অফ এ্যানিমাল সায়েন্স এ্যান্ড ফিসারিজ। আগে ৩টে faculty ছিল - এগ্রিকালচার, ফিসারিজ এ্যান্ড ভেটারিনারি সায়েন্স। ভাগ হয়ে গেল একটা গেল এগ্রিকালচার এবং ফিসারী এবং এ্যানিমাল হাজবেন্ডারী মিলিয়ে আলাদা ইউনিভার্সিটি হল। এবং সেই সময়ে স্ট্যাটুট থেকে আরম্ভ করে আমরা কাজ করতে গিয়ে আমরা দেখেছিলাম আমাদের ধারণা হয়েছিল এবং আমাদের অভিজ্ঞতা হয়েছিল এবং কিছু এই ধরনের ত্রুটি বিচ্যুতি আমরা দেখেছিলাম। এবং এটাও দেখেছিলাম যে, ভাল একটা ভি.সি পাওয়া যে কি ভয়ংকর কঠিন কাজ, সেটা আমি নিজে চোখে দেখেছিলাম। আমাকে একবার যেতে হয়েছিল ত্রিপুরাতে, একজন পুরনো ডাইরেক্টর তাকে জোর করে আনতে হয়েছিল যে আপনাকে ভি.সি হতেই হবে। এ যেমন সমস্যা আছে নিঃসন্দেহে, কিন্তু যদি আমাদের এই দেখাশোনার কাজটা ঠিকমত হয় তাহলে অনেকগুলো কাজ হতে পারে এইকারণে - এই যে বিশ্ববিদ্যালয় এটা অন্য বিশ্ববিদ্যালয়ের থেকে আলাদা। আজকে আমাদের সারা পশ্চিমবঙ্গে বা সারা দেশের কৃষির ক্ষেত্রে যে সমস্যাগুলো আছে, আমরা জানি এই বিশ্ববিদ্যালয় অতীতে অনেকগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে- যাদের গবেষণা আমাদের এই কৃষির বিকাশে অনেকখানি সাহায্য করেছে। কিন্তু আজকে যে পরিবর্তন হয়েছে, সেই পরিবর্তনের সঙ্গে সঙ্গতি রেখে আরো গবেষণা যেভাবে করা দরকার সেখানে কিছু ঘাটতি হয়ে যাচ্ছে। অবশ্য অন্য একটা বাস্তব কারণ আছে। আপনারা জানেন যে সারা ভারতবর্ষে যে সংস্থা আছে, যাকে বলা হয় আই সি এ আর ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চ। তারা মূলত এই গবেষণাগুলোর কাজ করেন। এবং আমি যখন মন্ত্রী ছিলাম তখন আমি এক্স অফিসিও এই কাউন্সিলের মেম্বার ছিলাম। প্রতি মাসে অন্তত একটা করে মিটিং হত এবং সেখানে গবেষণার যতগুলো ফল বেরিয়েছে, বইপত্রগুলো আমাদের দিত এবং অনেকগুলো শেখার জিনিস আমরা পেতাম। এবং সেখানে সারা রাত্রিদিনই কোন দেশ

কোন কোন বিষয়ে গবেষণা করেছে, কৃষির ক্ষেত্রে ভাল ফলাফল তার রিপোর্ট আমরা পেতাম। আমি যদি মনে করি যে, এই ইউনিভার্সিটিকে আরো কার্যকরী করে চালাবার জন্য যাতে আমাদের এই মাটিতে, যেগুলো আমরা বাইরের থেকে রিপোর্ট পাই, সেগুলো আমাদের মাটিতে, আমাদের সয়েলে, আমাদের আবহাওয়ায় করতে পারি। যদিও সব কিছু আমাদের সঙ্গে মেলে না তবুও আমাদের মাটিতে ঠিকমত করে গবেষণা করতে পারলে অনেকগুলো ভাল ফল আমরা পেতে পারি। যদি এই বিশ্ববিদ্যালয়কে ঠিকমত চালানো যায় তাহলে দেখা যাবে এই কাজগুলো ভাল হতে পারে। আমি বিনীতভাবে মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাবো যে, মন্ত্রী মহাশয় যে উদ্বেগ নিয়ে, সমস্যার উদ্বেগ নিয়ে এটা করতে চেয়েছেন আমরা তারসঙ্গে একমত। এই ব্যাপারে আমাদের তার সঙ্গে কোন বিরোধ নাই। কিন্তু আমরা চাই যে ত্রুটি বিচ্যুতি বা দুর্নীতির কথা শুনছি তা অবিলম্বে দূর করা একান্ত দরকার। আরেকটা প্রশ্ন আমাদের বন্ধু শ্রী নস্কর তুলেছেন - এই যে তদন্ত হল, সেই তদন্ত কি হল আমরা জানতে পারলাম না। একটা তদন্ত হল আমরা শুনলাম, খারাপ, খারাপ, খারাপ। কিন্তু তার কোন রিপোর্ট আমাদের দেওয়া হল না। অথচ আমরা স্বীকার করে নিয়েছি, আমাদের আপত্তি নেই স্বীকার করতে যে, যারা অপরাধ করেছিলেন তাদের বিচার নিশ্চয় হবে। তার বিচার হোক আমরা চাই। কিন্তু যে তদন্ত হল সেই তদন্তের রিপোর্ট তো আমাদের দেওয়া হল না। আমরা বুঝতে পারতাম যে কি হয়েছে এর গভীরতা বুঝতে পারতাম। তাতে আমাদের সুবিধা হত জানার এইরকম একটা ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়ের এখানে এই ঘটনা ঘটেছে। এটা জানার কথা এবং এই জিনিস তো একদিনে তো হয় না। একটা ত্রুটি বিচ্যুতি, দুর্নীতি তো একদিনে হয় না, এটা হয়েছে অনেকদিন ধরে। সেই কাজগুলো কি হয়েছে না হয়েছে বুঝতে পারা যেত, সুবিধা হত। আমি শুধু বলতে চাই যেটা আমি শুরু করেছিলাম এবং এখনো আমি বলছি যে, আমার কাছে এখনো ধোঁয়াশার মত। সুপারসেশান কিসে এখনো আমি বুঝতে পারিনি। Supersession of the committee, supersession of the executive committee, supersession of the university, supersession of the existing act of 1957. কার সুপারসেশান হচ্ছে এটা আমি বুঝতে পারছি না, এটা ভাল করে বুঝিয়ে দিলে আমি খুশী হব। এবং এটা করে নেওয়ারে পরে দ্বিতীয় যে আবেদনটি আমি করেছি, পরবর্তী যে আইন করতে হবে যদি এটা আইনের supersession হয় তাহলে পরবর্তী আইন যেন দীর্ঘসূত্রী না হয়। বছরের পর বছর চলে গেল হচ্ছে না, এটা যেন না হয়। ঠিক টাইমে যেন হয়। আমি সংশোধনী এনেছি সেইজন্যই। মোট দেড় বছরের মধ্যে যেন এটার বিকল্প ব্যবস্থা হয়। তার ব্যবস্থা করতে হবে। আর অন্যান্য বিষয় যেটা বললাম বিশেষ করে আমি আবার অনুরোধ করব যে, এইসব করতে গিয়ে যেন পড়াশুনার দিকটা ক্ষতিগ্রস্ত না হয়। যারা যারা যেসব ক্ষেত্রে অন্যায় করেছে, অপরাধ করেছে তাদের দেখতে গিয়ে যেন যারা অন্যায় করেননি তারা যেন শাস্তি না পায়। বিশেষ করে ছাত্রছাত্রী যারা পড়াশুনা করে তারা যেন কোনভাবে ক্ষতিগ্রস্ত না হয়। সেটা অবশ্যই ভাল করে দেখা উচিৎ, আমি আশা করব সেভাবে দেখবেন। আমি আবার বলছি অনেক প্রশ্ন নিয়েও এর বিরোধিতা আমরা করতে চাই না। শুধু চাই সার্থকভাবে যে উদ্যোগটা গ্রহণ করা হচ্ছে তা রূপায়িত হোক। সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : মাননীয় সদস্যগণ সরকারপক্ষ এবং বিরোধী দলের মাননীয় সদস্যগণ দীর্ঘক্ষণ ধরে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় temporary supersession বিল ২০১২

নিয়ে আলোচনা করলেন তারজন্য আমি সকলকেই কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাচ্ছি। এই বিল সম্পর্কে সাধারণভাবে এই বিশ্ববিদ্যালয়ের যে দুর্নীতি - আর্থিক দুর্নীতি এবং পরিচালনার দুর্নীতি সেগুলির সমর্থন করেছেন। কিন্তু তার সঙ্গে সঙ্গে আশংকা প্রকাশ করেছেন কয়েকটি ক্ষেত্রে। সেই আশংকাগুলি এবং দুর্নীতির যে পরিচয় গুলি যেগুলি একসঙ্গে বলতে গেলে যে দীর্ঘ সময় লাগবে সেটা বোধহয় আমাকে দেওয়া হয়নি। মাত্র সাত মিনিটের মধ্যে এতখানি একটা বড় ব্যাপারকে উপস্থাপিত করা বা বর্ণনা করা খুবই কঠিন। তাই সংক্ষেপে আমি এই আলোচনায় কয়েকটি বিষয়ের উত্তর দেব। এই যে supersession বিল এটি কিন্তু প্রথম নয়। বামফ্রন্ট যখন এসেছিলেন ১৯৭৮ খ্রীষ্টাব্দে আপনারাও ঠিক এই temporary supersession বিল এই বিধানসভায় এনে পাশ করিয়ে তৎকালীন বিশ্ববিদ্যালয়ের পরিবর্তন করেছিলেন। আমরাও আজকে বাধ্য হয়েই এই বিল এনেছি অনুমোদনের জন্য। এই supersession বিলের দুটি দিক রয়েছে। একটি হচ্ছে আর্থিক আর একটি হচ্ছে পরিশাসন বা অ্যাডমিনিসসট্রেটিভ। দুটি ক্ষেত্রেই চূড়ান্ত দুর্নীতির পরিচয়গুলি আমরা এই দায়িত্ব পাওয়ার পর থেকেই আমাকে বিভিন্ন পক্ষ থেকে উত্থাপিত করা হয়েছে। তারমধ্যে বিধানসভার মাননীয় সদস্য ড. রমেন্দ্রনাথ বিশ্বাস তিনি বিধানসভার প্রতিনিধি রূপে ওই বিশ্ববিদ্যালয় - তিনি আজ বক্তব্য রেখেছেন। সবগুলি ঠিক বলেছেন। আমাকে অনবরত এই বিষয়ে অবহিত করেছেন তারজন্য আমি তার প্রতি কৃতজ্ঞ। তার সঙ্গে সঙ্গে অধ্যাপক এবং ভাইস চ্যান্সেলর মহোদয় সকলেই আমার কাছে তাদের নিজ নিজ বক্তব্য রেখেছেন। তাতে আমরা বুঝতে পারলাম যে আমাদের এই অনুসন্ধান পর্ব চালানোর প্রয়োজন আছে। প্রথমে কল্যাণী এস. ডি. ও মহোদয়ের উপর দায়িত্ব দিয়ে প্রাথমিক তদন্ত আমরা করি। এস. ডি. ও মহোদয় প্রাথমিক তদন্তের যে রিপোর্ট পাঠালেন সেই রিপোর্টে আমরা দেখলাম যে অত্যন্ত গুরুত্বপূর্ণ রিপোর্ট।

[3.50–4.00]

এবং যে রিপোর্টের বাস্তবতা আরও কতখানি এবং তা কতখানি আরও সত্য এটা জানবার জন্য ডিপার্টমেন্ট থেকে উপযুক্ত ব্যক্তিদের নিয়ে ৩ জনের একটি কমিটি করে, সেই কমিটিতে আমরা অনুসন্ধান করলাম। এখানে চিত্রটি উঠে এল, এক কথায় তাকে বলা যায় সেই চিত্রটি অত্যন্ত ভয়ংকর। আর্থিক দুর্নীতি যে বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে এতো বড় এবং এতো ব্যাপক, কঠিন এবং তার পরিমানটাও কোটি-কোটি টাকায় গিয়ে দাঁড়াতে পারে, এটা আমাদের ধারনার বা চিন্তার বাইরে ছিল। যেমন কি কি দুর্নীতি সেগুলি যদি আমি বলতে যাই, তাহলে প্রায় ৭০ পাতার বেশি সেই রিপোর্টের দুর্নীতিগুলো আছে সেগুলো সব বলা যায় না। তার একটি ক্যাটাগরিতে বলা যায় যে মৃত ব্যক্তির নামে মাইনে নেওয়া হয়েছে। পেনশান নেওয়া হয়েছে, আবার তারসঙ্গে মাইনে নেওয়া হয়েছে। ছাত্রদের যেখানে ১৫০টি ছাত্রের স্কলারশিপ দেওয়া ছিল, অনুমদিত ছিল, সেখানে ১৫৬ জন কে দেওয়া হচ্ছে। অনুমোদনের জন্য চাওয়া হল। আবার যখন সেটি ছাত্রদের হাতে তুলে দেওয়া হচ্ছে, সেখানে ৯০ জনকে যখন অ্যাকুইটেন্স রোলে সেখানে ৯০ জনকে দেওয়া হচ্ছে। ৬৬ জনকে শেখানে তাদের প্রাপ্য দেওয়া হচ্ছে না। আবার সরকারের কাছে বিল পাঠিয়ে যে টাকা নেওয়া হচ্ছে অ্যাকুইটেন্স রোলে তাকে অ্যাকচুয়াল পেমেন্ট করা হচ্ছে তার থেকে অনেক কম। এইভাবে বিপুল পরিমাণ যে টাকা মাসে-মাসে লাগছে, সেখানে একটা অনুসন্ধান কমিটি করে তাকে বললেন এক মাসের ভিতরে ৩৫ লক্ষ টাকা, যেটা সরকারের কাছ থেকে নেওয়া হয়েছে, অথচ বিশ্ববিদ্যালয়ের

সেই টাকা খরচ করা যায়নি, সে টাকা কোথায় গেল, কেমন করে এল, এর কোন হদিশই পাওয়া যাচ্ছে না। এই ধরনের একটি বিশ্ববিদ্যালয়ে বছরের পর না. শুধু এই এক বছর-দু বছর না, বিগত ১০ বছর ধরে সেখানে এইরকম আর্থিক দুর্নীতি এবং কেলেংকারীর পর্বটি চলেছে এবং বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে যে একটা অব্যবস্থা এবং ই.সি.-র দ্বারা নির্বাচিত যে নিয়ম নীতিগুলি রয়েছে, সেগুলোকে সম্পূর্ণরূপে অগ্রাহ্য করে ১ জন বা দু জন্য বা কয়েকজন ব্যক্তি বা দায়িত্বপপূর্ণ ব্যক্তির দ্বারা খেয়াল খুশিমত পরিচালিত হবে একটা বিশ্ববিদ্যালয় - বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের যে একটা ঐতিহ্য বা গুরুত্ব রয়েছে, এইভাবে কখনও একটা বিশ্ববিদ্যালয় চলতে পারে না। তাই বাধ্য হয়েই আমরা এই বিল এনেছি। আমি আশ্চর্য হয়ে গেলাম আরও যে তাদের ই.সি এমনভাবে গঠিত করা হয়েছে যে, চ্যান্সেলার মহোদয় তিনি ইচ্ছা করলেই এই পরিবর্তন আনতে পারেন না। তাই আমি বাধ্য হয়ে এই ই.সিকে - আপনারা যেটা বলছেন যে সমস্ত বিষয়টাকে একটা অগণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালনা করবার জন্য ১০ জন একটি কমিটি করে দিয়ে একদলীয়তন্ত্র বা রাজনীতির এক দলের দ্বারা পরিচালিত করার যে আশংকা প্রকাশ করেছে, এই আশংকার কোন ক্ষেত্র এখানে নেই। আমরা যখন এই টেম্পুরারি সুপারসেশান বই, যেটা বলা হয়েছে ৬ থেকে ১ বছর, তারপরে যাতে বিশ্ববিদ্যালয়ের এই জঞ্জালমুক্ত আমরা করতে পারি তারজন্য সমস্ত চেষ্টা আমরা টেম্পোরারি বেসিসে ১০ জন্য অভিজ্ঞ এবং উপযুক্ত ব্যক্তিদের দ্বারা গঠিত একটি ই.সি তৈরী করে, সেটিকে যখন একটা সুস্থ এবং স্বাভাবিক পরিস্থিতিতে আনতে পারব, তখন আবার বিশ্ববিদ্যালয় স্ব-মহিমায় প্রতিষ্ঠার জন্য তার যা ই. সি. তার যা নিয়ম, নীতিগুলি রয়েছে, সেগুলোকে আবার চালু করে বিশ্ববিদ্যালয় যাতে স্ব-মহিমায় প্রতিষ্ঠিত হয়, সেই বিষয়ে আমার ডিপার্টমেন্ট অত্যন্ত সতর্ক থাকবেন এবং সেই পদ্ধতি মেনে এগিয়ে চলবে।

মিঃ স্পীকার : হাউসের অনুমতি নিয়ে ৫ মিনিট সময় বাড়ানো হল।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : এখানে আমার কাছে তথ্য কিছু কিছু রয়েছে। সময়ের অভাবে সেগুলো আপনাদের কাছে উপস্থাপিত করতে পারব না। কত কত টাকা, কে কে, এমনকি ব্যক্তিদের নাম পর্যন্ত আছে। ট্রাকটর ড্রাইভার মারা গেছেন, তার নামে মাইনে তোলা হচ্ছে। এক মাস দুই মাস ধরে নয়, কয়েক হাজার টাকা করে তার নামে মাইনে তোলা হচ্ছে। এইভাবে আমরা দেখছি আর্থিক অপচয়ের ক্ষেত্র, দুর্নীতির ক্ষেত্র, চুরির ক্ষেত্র যেন পরিণত হচ্ছে একটা বিশ্ববিদ্যালয়। এটা কখনোই মেনে নেওয়া যায়না। তার একটি প্রতিবিধানের জন্য আমি এই বিল উত্থাপন করতে বাধ্য হয়েছি। বিলের মূল উদ্দেশ্য দুটি। একটি হচ্ছে বিশ্ববিদ্যালয় থেকে আর্থিক দুর্নীতি সম্পূর্ণ নিরশন করা, প্রতিরোধ করা এবং বিশ্ববিদ্যালয়ের যে স্বাধীনতা গণতান্ত্রিক পরিবেশ, সেটিকে আবার সুস্থ অবস্থায় এনে একটি সুপার সেশান বিল টেম্পুরারি প্রথম ৬ মাস, তারপর এক বছর পর্যন্ত আমরা এটিকে - এই ব্যবস্থার মধ্যে আশাকরি বিশ্ববিদ্যালয়টিকে দুর্নীতি মুক্ত করে স্বমহিমায় প্রতিষ্ঠিত করে, গণতান্ত্রিক পদ্ধতি স্থাপন করে বিশ্ববিদ্যালয়টিকে আবার পরিচালিত করব। এই বিষয়ে আপনাদের আমি আশ্বস্ত করতে রাজি আছি, কোন দুর্নীতি থাকবে না। বিশ্ববিদ্যালয় নিজস্ব নিয়মে, ই সি কমিটির যা নিজস্ব নিয়ম আছে, সেই নিয়মের বসে উপযুক্ত ব্যক্তিদের দ্বারা সেটি পরিচালিত হবে এবং মহৎ চানসিলার মহোদয়ের নির্দেশেই যেমন বিশ্ববিদ্যালয় পরিচালিত হয় সর্বক্ষেত্রে, এখানেও তাই

হবে বলে আমি আপনাদের কাছে আশ্বাস দিয়ে এই বিলটিকে পাশ করাবার জন্য সকলের কাছে আবেন জানাচ্ছি।

Mr. Speaker : The Question before the House is The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya Bill be taken into consideration.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 2

Mr. Speaker : There is no amendment to Clause 2. So I put to vote Clause 2.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 3

Mr. Speaker : There is amendment (no.3) to Clause 3 by Shri Anisur Rahaman. Shri Rahaman may please move his motion.

Shri Arisur Rahaman : Sir, I beg to move that in Clause 3, in sub-clause (2), in line 4, for the words "two years" the words "one and half years" be substituted.

Mr. Speaker : Hon'ble Minister, do you accept the amendment?

Shri Bratya Basu : No, I do not accept the amendment.

Mr. Speaker : The question before the House is amendment no.3 moved by Shri Anisur Rahaman do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.

The motion is lost.

[4.00–4.10 p.m.]

The Question before the House is Clause 3 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 4 & 5

Mr. Speaker : The question before the House is Clauses 4 & 5 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 6

Mr. Speaker : There is amendment (No. 4) to Clause 6 by Shri Anisur Rahaman. Now I request Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in Clause 6, in line2, the words "the Academic Council, the Board of Studies" be omitte

Mr. Speaker : Hon'ble Minister, do you accept the amendment?

Shri Bratya Basue : No, I do not accept the amendment

The Question before the House is amendment No. 4 moved by Shri Anisur Rahaman do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.

The Question before the House is Clause 6 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 7 - 12

Mr. Speaker : There is no amendment to Clauses 7 - 12. The question before the House is Clauses 7 - 12 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Preamble

Mr. Speaker : There is amendment (no.2) to Premble by Shri Sovandeb Chattopadhyay. Now I request Shri Sovandeb Chattopadhyay to move his motion.

Shri Sobhandeb Chattopadhyay : Hon'ble Speaker, Sir, I beg to move that in the Preamble, in line 2, for the words and figures "Viswa Vidyalaya Act. 1974", the words "Viswa Vidyalaya" be substituted.

Shri Rabindranath Bhattacharya : আমি এটা গ্রহণ করছি,

Mr. Speaker : Now I put to vo@te the amendment no. 2. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Now I put to vote the Preamble as amended to stand part of the Bill, As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Title of the Bill

Mr. Speaker : There is an amendment (no.l) by Shri Sobhandeb Chattopadhyay. Shri Chattopadhyay may be move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Hon'ble Speaker, Sir, I beg to move that in the Title of the Bill, for the words and figures "Viswa Vidyalaya Act, 1974", the words "Viswa Vidyalaya" be substituted.

Shri Rabindranath Bhattacharya : আমি এটা গ্রহণ করছি,

Now I put to vote the amendment no 1, As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Now I put to vote the Title of the Bill do stand part of the Bill, As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Shri Rabindranath Bhattacharya : Hon'ble Speaker, Sir, I beg to move that the Bidhan Chandra Krishi Viswa Vidyalaye (Temporary Supersession) Bill, 2012, as settled in the Assembly, be passed.

The motion that the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Temporary Supersession) Bill, 2012, as settled in the Assembly, be passed, As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Bill as amended is passed.

RESOLUTION UNDER RULE 169

Mr. Speaker : Now I call upon Shri Partha Chatterjee to move his resolution.

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধানসভার কার্যপ্রণালী...

মিঃ স্পীকার : মিঃ মহম্মদ সোহরব, আপনি কি বলছিলেন?

Shri Md. Sohrab : Before move the resolution, I like to raise a point of order.

Mr. Speaker : House is absolutely in order. No point of order. You are the senior member of the House.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী-এর নিয়ম অনুযায়ী নিম্নলিখিত সংকল্পটি অধ্যক্ষ মহোদয় কর্তৃক গৃহীত হয়েছে।

যেহেতু, এই রাজ্যে কৃষির পরেই খুচরো বিপণন ব্যবস্থার স্থান;

যেহেতু, বর্তমানে এ রাজ্যে খুচরো বিক্রির দোকানের সংখ্যার বিচারে সেরা দেশের মধ্যে তৃতীয়;

যেহেতু, রাজ্যের হাটে-বাজারে, গ্রামে-গঞ্জে, শহরের ফুটপাতে ও পাড়ায় পাড়ায় অনথিভুক্ত লক্ষ লক্ষ মানুষ খুচরো বিপণনের সাথে যুক্ত;

যেহেতু, শাক-সবজি, ফল-মূল, খাদ্যদ্রব্য থেকে শুরু করে নানাবিধ নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর এক বিশাল ক্ষেত্র ক্ষুদ্র বিপণন ব্যবস্থার অন্তর্গত এবং এর সাথে রয়েছে নানা ধরনের ক্ষুদ্র শিল্পজাত ও কৃষিক সামগ্রী ;

যেহেতু, সারের আকাশচুম্বী মূল্য বৃদ্ধির ফলে কৃষিজাত পণ্যের বিপণনে কৃষক সমাজের স্বার্থ বিঘ্নিত হচ্ছে ;

যেহেতু, বিপণন ব্যবস্থায় বিক্রি, যোগান, মাল উত্তোলন, পরিবহন প্রভৃতির উপর অসংখ্য মানুষের জীবন জীবিকা নির্ভর করে:

যেহেতু, বেশ কিছুদিন ধরে এই খুচরো বিপণন ব্যবসায় দেশী-বিদেশী পুঁজিপতিদের নজর পড়েছে এবং একচেটিয়া পুঁজি খুচরো বিপণনে এক নিয়ন্ত্রণকারীর ভূমিকা নিতে চাইছে:

যেহেতু, সম্প্রতি লিটার পিছু ডিজেলের পাঁচ টাকা মূল্যবৃদ্ধির ফলে খুচরো বিপণন ব্যবস্থা সংকটময় করে তুলেছে ঃ

যেহেতু, রান্নার গ্যাসের দর বৃদ্ধির সিদ্ধান্ত কার্যকর হলে এই বিপণন ব্যবস্থার সাথে যুক্ত সাধারণ মানুষের জীবন দুর্বিষহ করে তুলবে।

যেহেতু, খুচরো বিপণন ব্যবস্থায় বৃহৎ পুঁজির ভয়াবহ আগ্রাসন কোটি কোটি মানুষের জীবন জীবিকা বিপন্ন করে তুলবে ঃ

সেই হেতু এই সভা খুচরো ব্যবসাকে বাঁচাতে কেন্দ্রীয় সরকারের কাছে নিম্নলিখিত দাবিগুলি জানাচ্ছে ঃ

(ক) খুচরো ব্যবসায়ে একচেটিয়া বৃহৎ দেশী বিদেশী পুঁজির অনুপ্রবেশ রুখতে হবে ঃ

(খ) খুচরো বিপণনকে সকলের জন্য খুলে দিয়ে ও রান্নার গ্যাস, ডিজেলের মূল্যবৃদ্ধি করে কৃষক ও ক্ষুদ্র শিল্প উৎপাদনকারীদের স্বার্থ ক্ষুণ্ন করার অপচেষ্টা অবিলম্বে বন্ধ করতে হবে।

(গ) কৃষি পণ্য ভোগ্য পণ্য বিপণনে বৃহৎ পুঁজির বহুজাতিক সংস্থার অনুপ্রবেশ রুখতে হবে।

এবং একই সাথে এই সভা যা আগেও বলেছি ডিজেলের প্রতি লিটার পিছু পাঁচ টাকা এবং রান্নার গ্যাসের যে সাম্প্রতিক গ্যাস সিলিন্ডার প্রতি যে মূল্যবৃদ্ধি বা দরবৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়েছে তা প্রত্যাহারের দাবিতে এবং কেন্দ্রীয় সরকারের কাছে কৃষক স্বার্থ বিরোধী সারের আকাশচুম্বী দরবৃদ্ধির বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছে দরের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছে। আমি সকলের কাছে এই আবেদন করব এটা রাজ্যের স্বার্থ জড়িত। রাজ্যের কয়েক লক্ষ লোক তার নিরন্ন হয়ে পড়বেন। রাজ্যের কয়েক কোটি লোক এই ডিজেল এবং রান্নার গ্যাস এই দুটো প্রত্যাহার করা না হলে আরও সংকটে পড়বেন এবং কৃষকদের সারের দাম যে ভাবে গগগনচুম্বী, আকাশচুম্বী হচ্ছে তা অবিলম্বে না কমাতে পারলে কৃষক সমাজর উপরে নেমে আসবে এক দুর্বিষহ অবস্থা। এই অবস্থাকে সামনে রেখে ইতিমধ্যেই রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মন্ত্রীসভার তরফ থেকে রাজ্যের মানুষের অনুভবকে স্মরণ রেখে তারা অবিলম্বে এই সিদ্ধান্ত প্রত্যাহার করবার দাবি জানিয়েছেন। এই কথাকে স্মরণ রেখেই আজকে এই প্রস্তাব আমরা এখানে এনেছি। আমরা আশা করব রাজ্যকে যারা ভালবাসেন, রাজ্যবাসীকে যারা ভালবাসেন, খেটে খাওয়া মানুষকে যারা ভালবাসেন, শ্রমজীবি মানুষের পাশে যারা দাঁড়াতে চান, মানুষের পাশে যারা দাঁড়াতে চান তারা সকলে এই প্রস্তাব সমর্থন করবেন।

Mr. Speaker : He can make a speech according to the rule. Under the rule while moving the resolution he can make a speech. Please, there are six amendments to the Resolution. Please, Mr. Sohrab, please please take your seat.

শ্রী মহম্মদ সোহরাব : আমার পয়েন্ট অব অর্ডারটা একটু শুনুন। মাননীয় মন্ত্রী যে রেজলিউশনটা নিয়ে এসেছেন এটা ১৬৯ ধারায় এনেছেন।

[4·10–4·20 p.m.]

১৬৯ ধারায় যদি কোন রেজলিউশান আনতে হয়, তাহলে আপনাকে তার সঙ্গে ১৭০ টাও পড়তে হবে। সেখানে কতগুলি স্পেসিফায়েড কন্ডিশন দেওয়া আছে এবং প্রশ্নটা হচ্ছে "shall", not "may". যেটা হচ্ছে 'It shall raise substantially one different issue.' এখানে অনেকগুলি ইস্যু করা হয়েছে। 'It shall not contain arguments, inferences, ironical expresseions, imputations or defamatory statements' কিন্তু তার রেজলিউশানে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে রেফারেন্স নিয়ে আনা হয়েছে। সুতরাং আমি মনে করি এই রেজলিউশানটা আনতে পারে না। It is void ab initio. এটা অবৈধ। It is voidable. It is void ab initio. এটা অবৈধ। সুতরাং এটাকে আমি অনুরোধ করব যে, তুলে নিন। Let the resolution be withdrawn, প্রত্যাহার করে নিন, তারপরে কিছু হবে।

Mr. Speaker : I have very carefully examined the resolution .....(Noise).....Md. Sohrab has already said.

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker Sir, I rise in support of the submission made by Md. Sohrab. I fully agree with him that the resolution brought by the Hon'ble Minister under Rule 169 of the Rules of Procedure and Conduct of Business is not in order. For the reason that does not satisfy the conditions laid down in Rule 170 of the Rules of Peocedure. He has read out the rules which I just repeat.

Mr. Speaker : It has been already read. He has already read it.

Shri Gyan Singh Sohanpal : Please have patience clearly, Rule 170 (ii) states "It shall raise substantially one definite issue". The Hon'ble Minister in the Resolution has raised a number of issues which is not permitted. Secondly, Rule 170 (ii) is states "It shall not contain arguments, inferences, ironical expressions, imputations or defamatory statements". He has made certain statement against the Central Government. So, with these circumstances, the resolution cannot and should not be discussed in the House since it is out of order. This is my submission.

Mr. Speaker : With due respect to Gyanji and Md. Sohrab, I have very carefully examined the statement. It is a composite statement over one subject. It is not that miltifarious subject. ....(Noise)..... Please, no more argument. There cannot be any argument on it. It satisfies the Rules laid down under Section 170. Therefore, I have admitted this Resolution and the point of order that has been raised by Md. Sohrab. That point of order is not maintainable. Now, let us move.

There are six amendments to the Resolution. Out of the six amendments, four amendments have been brought by Dr. Surjya Kanta Mishra, Leader of the Opposition and others. I have very carefully examined the amendments brought by Dr. Surjya Kanta Mishra and others. I find that the spirit of the amendment No. 3 has already been reflected in the Resolution brought by the Hon'ble MInister. The amendment desires to state the same thing in different set of words and to me it is a repetition of the original Resolution. Again amendment no. 6 covers a large many issues not covered under the main Resolution like providing food grains at subsidized rates, charges of electicity, etc. As such, amendment nos.3 & 6 given by Dr. Mishra and others are out of order.

Mr. Speaker : So far other amendments are concerned, they are absolutely in order. Amendment Nos. 1, 2, 4 and 5 are in order. Now I call upon Shri Asit Mitra to move his amendments.

শ্রী অসিত মিত্র : In line 21, the words "(ক) খুচরো ব্যবসায় একচেটিয়া বৃহৎ দেশি-বিদেশি পুঁজির অনুপ্রবেশ রুখতে হবে" be omitted and in lines 22 and 23, the words "(খ) খুচরো বিপননকে সকলের জন্য খুলে দিয়ে রান্নার গ্যাস, ডিজের মূল্যবৃদ্ধি করে কৃষক ও ক্ষুদ্র শিল্প উৎপাদনকারীদের স্বার্থ ক্ষুণ্ণ করার অপচেষ্টা অবিলম্বে বন্ধ করতে হবে" be omitted. I put my amendments there, Sir.

Mr. Speaker : Now, I call upon Dr. Surjya Kanta Mishra to move his amendments Nos. 4 and 5.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : Sir before I move amendment Nos. 4 and 5 আমি আপনাকে সুনির্দিষ্টভাবে বলতে চাই, আপনি ৩ নম্বর এবং ৬ নম্বর অ্যামেন্ডমেন্ট - এই দুটো অ্যামেন্ডমেন্ট দুটো কারণে বাতিল করেছেন স্যার।

Mr. Speaker : No discussion. No discussion on the ruling that I have passed. You cannot discuss about the text of the ruling that I have passed. Please move the amendment. (Noise) No, no. You

cannot do. That you cannot do. Once the ruling has been passed, you cannot do it. Please move amendment Nos. 4 and 5. Please move it.

ডাঃ সূর্যকান্ত মিশ্র : In line 14, for the figure and word "৫ টাকা", the fiture and word "৫.৮৫ টাকা" be substituted ; In line 20, after the words "খুচরো ব্যবসাকে বাঁচাতে" the words "রাজ্য সরকারের মাধ্যমে" be inserted. But আমি আপনাকে বলছি ..... (মাইক অফ্)।

শ্রী মহঃ সোহরাব : স্যার, আমরা আমাদের বক্তব্য বলেছিলাম। আপনি তা সত্বেও যে দুটি অ্যালাও করেছেন, আমরা তারজন্য আবার সার্পোট করে আমাদের বক্তব্য আমি আপনার সামনে রাখছি। স্যার, ইতিহাস বড় নির্মম। কিছুদিন আগে যখন পরমাণু চুক্তি নিয়ে অনেক হৈচৈ হয়েছিল, বি.জে.পি. বিরোধিতা করেছিল এবং তারপর বামফ্রন্ট সেটাকে সার্পোট করেছিল, সেই অনাস্থা প্রস্তাবের। আমরা অনেক বলেছিলাম যে, বামফ্রন্ট সাম্প্রদায়িক দলের সঙ্গে হাত মিলিয়েছে। আজকে তৃণমূল কংগ্রেস ইউ.পি.এ.-২ থেকে তাদের সাপোর্ট তুলে নিয়েছে। আগামিকাল যদি এই লোকসভায় অনাস্থা প্রস্তাব আসে, তাহলে এদেরকে আবার সেই বি.জে.পি.-র হাত ধরেই অনাস্থা প্রস্তাবে যেতে হবে। ..... (প্রচন্ড গোলমাল) ..... এটা নির্মম স্যার। ..... (প্রচন্ড গোলমাল) .....

মিঃ স্পীকার : ..... (প্রচন্ড গোলমাল) ..... "বি.জে.পি.-র হাত ধরে অনাস্থা প্রস্তাবে যেতে হবে"-এটা বাদ যাবে। ..... (প্রচন্ড গোলমাল) ..... প্লিজ্ বসুন আপনারা। আমি এক্সপাঞ্জ করে দিয়েছি। ..... (প্রচন্ড গোলমাল) ..... বসুন, প্লিজ্ ওনাকে বলতে দিন, প্লিজ্।

শ্রী মহঃ সোহরাব : ..... (প্রচন্ড গোলমাল) ..... স্যার, এটা বলা উচিৎ অভ্যাস। স্যার, এরা বলছে, যদি এফ.ডি.আই. করা যায়, তাহলে কৃষক স্বার্থ বিরোধী। স্যার, এটা কিভাবে বলছে - 'যদি এফ.ডি.আই. করা যায়।' আমরা বলছি, এটা ভুল বার্তা, এতে কৃষকদের স্বার্থ আরো সুরক্ষিত হবে। স্যার, ৫০% অফ দি ফরেন্ ইনভেষ্টমেন্ট .....

[4·20–4·30 p.m.]

স্যার, আপনি জানেন ভারতবর্ষে বা আমাদের এখানে আমরা দ্বিতীয় স্থান ফুডগ্রেন তৈরী করতে, ফ্রুটস তৈরী করতে। কিন্তু ২৪০ মিলিয়ান টন তৈরী হয় কিন্তু তার শতকরা ৩৫ থেকে ৪০ ভাগ নষ্ট হয়ে যায় রিজার্ভেশান রাখতে পারা যায় না বলে। রেট কমে যায় চাষীরা মার খায়। যদি এটা করা যায় তাহলে এফ.ডি.আই করা যায় - এফ.ডি.আই তো সেন্ট পার্সেন্ট হচ্ছে না স্যার। ৫১%। পৃথিবীতে অনেক দো আছে ইনক্লুডিং চায়না, সিঙ্গাপুর, মালয়সিয়া যখন ১০০% ফরেন ইনভেস্টমেন্ট করতে পারে। এখানে যারা ফার্মে প্রোডিউসারস, চাষী তারা সোজাসুজি দাম পাবে তাদের যে সমস্ত উৎপন্ন দ্রব্য তৈরী হবে। স্যার, এর ফলে কি হবে? যার কনজিউমারস তাদেরও লাভ হবে। যারা প্রোডিউসারস তাদেরও লাভ হবে। আর এই যে রিটেল স্টোরগুলি কোথায় হবে স্যার? যে শহরে ১০ লক্ষ মানুষ বাস করে কেবল সেই শহরে এই স্টোরসগুলি তৈরী হবে। স্যার, আমরা জানছি যে ফার্মাসরা আর্থিক দাম পাচ্ছে না। এটাতে তাহলে তাদেরই তো লাভ।

[***] স্যার, এরপর আমি দুটো কথা বলতে চাই। স্যার, স্যার, ...(গোলমাল)... এটা তো আপনারা বলবেন সেটা। আমি তো আপনাদের তুলে ধরছি। ... (গোলমাল)... স্যার, স্যার এছাড়া ফান্ডামেন্টাল আর একটা কথা যে, it is not mandatory কোন স্টেট, কোন স্টেট যদি ইচ্ছা করে তারা তা নাও করতে পারে। কোন স্টেট, কোন স্টেট, স্যার কোন স্টেট যদি ইচ্ছা করে আপনারা সবাই বলবেন, কোন স্টেট যদি ইচ্ছা করে যে তারা চালু করবে না তাহলে তারা চালু নাও করতে পারে। সুতরাং আপনার কাছে এ কথা বলছি। স্যার, আপনার স্মরণে আছে, আপনার স্মরণে আছে নিশ্চয়ই যখন গ্যাট চুক্তি নিয়ে সারা বিশ্বে তোলড়াড় হয়েছিল, গ্যাট চুক্তি নিয়ে তখন আজকে যারা বামফ্রন্ট তারা এটার বিরোধিতা করেছিল। আকাশ বাতাস কাঁপিয়ে দিয়েছিল গ্যাট চুক্তি হলে এটা পরবর্তিতে ওয়ার্ল্ড ট্রেড এগ্রিমেন্ট হল তাতে ওনারা বলতেন নিমের দাঁতনও নাকি করতে পারা যাবে না। কিন্তু তার পরে হচ্ছেটা কি? আজকে কি নিমের দাঁতন করতে পারছি না আমরা? এদের তো ওরকম যে কোন কাজেই বিরোধিতা করাই এদের ধর্ম। আজকে তাই আমরা পৃথিবীতে দেখতে পাচ্ছি গ্লোবাল ভিলেজ। এক জায়গা থেকে আর এক জায়গায় চলে যায়। সুতরাং এটাকে আমরা আলাদা ভাবে কন্সিডার করতে পারি না। আজকে এই চিন্তাধারা নিয়ে আমাদের চলতে হবে। স্যার, যখন রাজীব গান্ধী ভারতবর্ষকে একবিংশ শতাব্দীতে নিয়ে যাওয়ার জন্য টেকনিক্যাল এ্যাডভান্সমেন্টেব কথা বলেছিলেন যে, এখানে আমাদের কমপিউটার চালু করতে হবে। এনারা বাধা দিয়েছিলেন, এনারা নানা জায়গায় আন্দোলন করেছিলেন, অবস্থান করেছিলেন। আর সেই যখন চালু হল আবার বলে পিছিয়ে গেলাম ভারতবর্ষের অনেক রাজ্য থেকে আমরা পিছিয়ে গেলাম। মোবাইলের ক্ষেত্রে আমরা সেই রকমই দেখতে পাই। আজকে যখন এফ.ডি.আই নিয়ে আলোচনা হচ্ছে যে, তারা কম্পিটিশানের মধ্যে দিয়ে যেতে পারব।

আজকে চাষীরা competition market-এ, যেটা বললাম যে, কম্পিউটার, আজকে মোবাইল, যেহেতু Foreign Investment হয়েছে বলেই আজকে মোবাইলগুলো এত সস্তাতে পাওয়া যাচ্ছে। আজকে এখানেও সেরকম competition market হবে। Competition market হলে পরেই চাষীরা মূল্য পাবে। নেক্সট স্যার, আর একটা কথা বলতে চাই আজকে resolution-এ বলা হয়েছে গ্যাসের কথা, ডিজেলের কথা।

(নয়েজ)

মিঃ স্পীকার : প্লিজ, প্লিজ, আপনারা একটু কম কথা বলুন। উনি বলছেন, ওনাকে বলতে দিন আপনারা। Please interrupt করবেন না।

শ্রী মহম্মদ সোহরাব : গ্যাসের দাম বৃদ্ধির কথা বলা হয়েছে। স্যার, বৃদ্ধি হয়েছে। কিন্তু স্যার, এর effect-টা কি? আজকে আপনি জানেন যে পশ্চিমবাংলায় মাত্র ১৮% মানুষ গ্যাস ব্যবহার করেন। তাহলে বাকি ৮২% মানুষতো গ্যাস ব্যবহার করে না। যারা খেটে খাওয়া মানুষ, যারা রিক্সাওয়ালা তারা তো গ্যাস ব্যবহার করে না। কিন্তু এই subsidy দিতে, কেন্দ্রীয় সরকারের কত টাকা subsidy দিতে হয়? আজকে সারের দাম বেড়েছে, কিন্তু সারের দাম, কত টাকা

*** (Expunged under order of Hon'ble Speaker)।

subsidy দিতে হয়? এক লক্ষ চল্লিশ হাজার কোটি টাকা subsidy দিতে হয়। এই subsidy-র টাকাটা কোত্থেকে আসে? Subsidy-র টাকাটাতো আমাদের সকলের পকেট থেকে আসে। স্যার, আপনি সংসার করেন। আপনি পরিবারের কর্তা। আপনাকে যদি সংসার চালাতে হয়, তাহলে তো আয়-ব্যয়ের হিসাব রক্ষা করে চলতে হবে। তেমনি যদি সরকারটাকে, সে রাজ্যসরকারই হোক সেটা ছোটো পরিবার, কেন্দ্রীয় সরকার সেটা বড় পরিবার, সেই পরিবারকে যদি তার চালাতে হয় তাহলে তো আয় ব্যয়ের মধ্যে একটা সামঞ্জস্য রাখতে হবে। আপনি জানেন, আজকে কেন্দ্রীয় সরকারের যেসমস্ত সংস্কারমুখী যেসমস্ত ভালো ভালো projectগুলো করা হয়েছে, তার জন্য তো টাকা লাগবে, তবে যদি সব টাকা subsidyতেই খরচ হয়ে যায় তাহলে সেই কল্যাণমুখী কাজ কি করে করবো? আজকে কেন্দ্রীয় সরকার এরকম যদি subsidy দিতে সব টাকা খরচ করে দেয়, আপনি পরিবারের কর্তা আপনি যদি একটা খাতে সব খরচ করে দেন, আপনার পরিবারটা চলবে কি করে, সংসারটা চলবে কি করে? তাই, মিড ডে মিল, গরিব ছেলেমেয়েদের জন্য চালু হয়েছে, আজকে ফুড ফর ওয়ার্ক, আজকে ১০০ দিনের কাজ চালু হচ্ছে, আজকে বিভিন্ন - গরিব মানুষদের উন্নয়নের জন্য টাকা খরচ হচ্ছে। তাহলে যদি এই subsidy দিতেই সব খরচ হয়ে যায় তাহলে আমরা সেই কল্যাণমুখী কাজ কি করে করবো? সেইজন্য আমি বলতে চাইছি যে, কেন্দ্রীয় সরকারের প্রতি কেবলমাত্র একটা যদি বিদ্বেষমূলক ভাব নিয়ে বা অন্য কোনো কারণ নিয়ে যদি বলি - আমাকে বৃহৎ দৃষ্টিভঙ্গী নিয়ে চলতে হবে। গোটা পৃথিবীর বুকে কি হচ্ছে? গোটা ভারতবর্ষকে কি আমরা পিছিয়ে দেব? আজকে যেরকম অর্থনৈতিক peojectগুলো নেওয়া হচ্ছে যে reformsগুলো নেওয়া হচ্ছে এগুলো আমাদেরকে উদার দৃষ্টিভঙ্গী নিয়ে দেখতে হবে। এর ভবিষ্যৎ কি? আমি তো উদাহরণ দিলাম যে, আজকে মনমোহন সিং যে আগে, এই যে বললাম, [***] যে projectগুলো নিয়েছিলেন, যে উদারনীতি নিয়েছিলেন, অর্থনৈতিক নীতি। আজকে মোবাইল, আজকে কম্পিউটার, আজকে আমরা তার সুফল পাচ্ছি। আমার দৃঢ় বিশ্বাস, আজকে যদি আমরা এটার বিরোধিতা করি তাহলে আমাদেরকে আরো পিছিয়ে যেতে হবে। কেননা এতে আছে যে, কোনো রাজ্য যদি ইচ্ছা করে গ্রহণ নাও করতে পারে। পশ্চিমবাংলার সরকার যদি বলে যে আমি FDI allow করবো না, নাও করতে পারে। কিন্তু যদি না করে তাহলে পশ্চিমবাংলা অনেক পিছিয়ে যাবে। তাই চাষীরা ক্ষতিগ্রস্থ হবে, চাষীদের আজকে যে ন্যায্য মূল্য - আজকে স্যার, আমার সাব-ডিভিশনে কোনো cold storage নেই। Cold storage হবে, আমাদের লিচু, আম, বাঁধাকপি, টমোটো এগুলোকে preservation-র কোনো ব্যবস্থা নেই। যদি এগুলোকে preservation-র করা ব্যবস্থা হয় Foreign money নিয়ে এসে যদি হয় - equal percent - তাহলে সেগুলো preservation হবে। সারা বৎসর ধরে চাষীরা অর্থমূল্য পাবে, টাকা পাবে। আমি তাই মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো যে এই resolution টা তিনি withdraw করে যে অর্থনৈতিক যে সমস্ত reformsগুলো কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছে আমরা তার সঙ্গী হই। এই ক'টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : [***] -এর নামটা বাদ যাবে।

[***] 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

[4·30–4·40 p.m.]

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মূল বিষয়ের উপর কোন বক্তব্য রাখছি না। আমাদের অন্য সদস্যরা বক্তব্য রাখবেন। একটু আগেই সোহরাব সাহেব খুব প্রবীণ মানুষ এখানকার, অনেকদিনের এবং খুব বিদগ্ধজন বলে পরিচিত। আমরা যথেষ্ট সম্মান করি ওনাকে। আমি একটু অবাক হয়ে গেলাম, যিনি এতদিনের পুরনো মানুষ, যিনি দীর্ঘদিন ধরে নিয়মকানুন জানেন, ওনাকে বোধহয় কেউ মিসগাইড করেছেন। উনি কি বক্তব্য করবেন, সেটা আমাদের দেখার অধিকার নেই, আপনি দেখবেন। উনি যদি কোন কোর্ট করেন, He has no authority to misguide and misquote before the House. হাউসকে মিসকোট করা, মিস গাইড করা The question is, it is tantamount to privilege. আমি ওনাকে অনুরোধ করবো, অনেক কথা আছে, যে কথাগুলোর একটা অংশ যদি পড়া হয়, আর একটা অংশ না পড়ে যদি ছেড়ে দেওয়া হয়, তাহলে কমপ্লিটলি এটা তার একটা আলাদা মানে হয়ে যায়। কি কি মানে হয়, সেটা আমি পড়ছি না, পড়লে লজ্জায় পড়ে যাবেন। উনি যদি গোটা বইটা পড়েন তাহলে দেখবেন, তৃণমূল কংগ্রেসের ইস্তাহারে বলা আছে, একটু আগেই আমি পার্থবাবুর ঘরে - এখানে বলা আছে ৪২ নম্বরে -- খুচরো ব্যবসায় দেশী-বিদেশী বৃহৎ পুঁজির অনুপ্রবেশ রুখতে হবে। আপনি তো বাংলা জানেন। টিচারি করেছেন। খুচরো ব্যবসাতে দেশী বিদেশী বৃহৎ পুঁজির অনুপ্রবেশ রুখতে হবে। আপনি এটাকে মিসকোট করলেন। আমি দিস ইজ দি বুক, আমি ওনাকে বলব, কে ওনাকে মিস গাইড করেছেন জানিনা, কিন্তু He has no right to misguide this very important and historical House. আমাদের হাউসে কিছু পার্লামেন্টারিয়ান প্রিভিলেজ আছে, সেই প্রিভিলিজ হল অসত্য কথা না পড়া এবং না শোনা। আপনি মিসকোট উইথড্র করুন, আমি অনুরোধ করবো। বাকি বক্তৃতা স্পীকারের ব্যাপার। হাউসের ব্যাপার। কিন্তু You cannot misquote this ইস্তাহার। You cannot misguide the House and the Hon-ble Members. So my humble request before Sohrab Sa-ab. It is not a question. আমরাও ভুল করি, ভুল করে ক্ষমাও চেয়ে নিই। কিছুদিন আগে স্পীকার বললেন, মোবাইল বাজছে, আমি হাতে তুলে দিলাম। কোন একটা ভুল করলে, দুঃখ প্রকাশ করা। সুতরাং যে ভুলটা করেছেন, এটা একটা যাতে রেকর্ড, ইতিহাস না হয়ে থাকে। এটা আপনার পক্ষেও খুব একটা খারাপ নজির হবে। সুতরাং Therefore, the original textটা, দিস ইজ দি বুক। আমি এখনি ছাপিয়ে নিয়ে আসিনি। এবং যেহেতু আমি একটু আগেই পার্থবাবুর ঘরে পড়েছি, সেইহেতু আমার ইমিডিয়েট মনে হল, উনি একটা বড় অপরাধ, সংবিধান এবং এই হাউসের ক্ষেত্রে উনি করে ফেলেছেন। প্লীজ এটাকে উইথড্র করুন।

মহঃ সোহরাব : দুটো আপনার সামনে ফাইল পড়ছি। আমি আপনাদের ইস্তাহার ২০০৯ সালেরটা বলছি। তাতে লেখা আছে, দেশী বিদেশী, তাহলে কি দেশীটাও রুখতে হবে? যেটা ইস্তাহারে আছে, দেশী বিদেশী।

মিঃ স্পীকার : যেটা নিয়ে আলোচনা হবে, আমি বলছি, যে পোরশানটা আপনি বলেছেন, বিদেশী পুঁজি সম্বন্ধে আপনি বলেছেন। যে বিদেশী পুঁজিকে মানে অনুপ্রবেশ করতে দেবে, যে কথাটা আপনি বললেন, আর মাননীয় মন্ত্রী, তার কথা বললেন।

(নয়েজ)

আপনি দেশী কথাটা বাদ দিন। আমরা দেশী নিয়ে আলোচনা করছি না এখানে।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এর আগেও বিধানসভার বাইরে এই ধরণের নাটকের অভিনয় আমরা দেখেছি, এবং এই নাটুকেপনা বিধানসভার বাইরে করা যায়। কিন্তু বিধানসভার মধ্যে দাঁড়িয়ে এই রকম একটি অসত্য কাগজ প্রকাশ করবেন আপনার মতন বর্ষীয়ান নেতা আমি ভাবিনি। আমি খুব খুশী, যে আপনি খুব মনযোগ দিয়ে এখন তৃণমূল কংগ্রেসের ইস্তাহার পড়ছেন। এটা ভাল । ভাল লক্ষণ। কিন্তু মনযোগ দিয়ে এটাও পড়বেন, ৯৪ পাতায় কি লেখা আছে, এটাও পড়বেন।

(ভয়েস ঃ এটা নকল)

না, না, ঐটা নকল কিনা জানি না, ঐটা আলাদা ছাপান কিনা জানি না।

আমি আর একটা কথা বলছি, আপনাকে খাঁড়া করে যারা এই কাজটি করছেন তারা অত্যন্ত খারাপ কাজ করছেন। এই দলের লিখিত এই রকম পেছনে, এই রকম সামনে, এমনকি দূরদর্শনের সমস্ত টিভি, মিডিয়ার সামনে এটা আমরা জানিয়েছিলাম। আপনার স্মরণ থাকতে পারে, অবশ্য আপনি সেই সময় ছিলেন না, আপনার অনেক বন্ধু এখানে আছেন। ১৯শে ডিসেম্বর ২০০৭ এ আমরা এই প্রস্তাবও এনেছিলাম। যারা আপনাকে দিয়ে এটা করাবার চেষ্টা করছেন, ঘৃণ্য কাজ করছেন, এটা অন্যায় করছেন। আমি বলব মাননীয় অধ্যক্ষ মহোদয় এই অসত্য যে ...

মিঃ স্পীকার : আপনি আমাকে বইটা দেবেন। আমি দেখে রেলেভেন্ট পোরশানটা যদি প্রয়োজন মনে করি আমি এক্সপাঞ্জ করে দেবো। That's all. I will expunge the relevant portion.

...(গোলমাল)...

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার আপনি আমাকে বলতে দিয়েছেন। আমি বলছি, আপনি ঠিকই বলেছেন, দু খানা বই নিয়ে নিন। তারপরে আপনি রায় দেবেন। কিন্তু ডিবেটের সময়টা এই ছাপায় কি আছে -নেই করে নষ্ট করবেন না। আমাদের অনেক গুরুত্বপূর্ণ কথা বলার আছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী পার্থ চ্যাটার্জী রুলস এ্যান্ড প্রসিডিওর ১৬৯ ধারা অনুযায়ী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের স্বপক্ষে আমি দু-একটি কথা এখানে রাখবো। আমার আগে সহরাব সাহেব বক্তব্য রেখেছেন। আমার মনে হচ্ছিল তার বক্তব্য শুনে যে তিনি তার মনের সার্পোট পাচ্ছেন না তার বক্তব্য রাখার সময়। যে বাস্তব পরিস্থিতির মধ্যে আমরা আজকে এখানে দাঁড়িয়ে আছি, যে কারণের জন্য প্রস্তাব এখানে আনা হয়েছে, এক

ভয়ংকর ভবিষ্যতের কথা ভেবে, এক ভয়ংকর আক্রমণের সামনে এসে দাঁড়িয়ে আজকে এই প্রস্তাব এখানে আনা হয়েছে। এই প্রস্তাব আনার আগেই আমরা কেন্দ্রীয় সরকারের শরিক ছিলাম, মন্ত্রিত্বে ছিলাম। আমরা, আমাদের দল এবং আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কোনো রাজনৈতিক হিপোক্রেসিতে বিশ্বাস করেন না, কোনো রাজনৈতিক ভন্ডামিতে বিশ্বাস করেন না। তিনি যা বিশ্বাস করেন সেটা তিনি করেন এবং করে দেখান। এই যে বৃহৎ পুঁজির অনুপ্রবেশ এবং অলরেডি যারা দেশীয় পুঁজি আছে তাদের এই ক্ষুদ্র ব্যবসা দখল করার প্রচেষ্টা, তেলের দাম বৃদ্ধি, ডিজেলর দাম বৃদ্ধি, গ্যাসের ভর্তুকি উইড্র করা, এটা কোনো নতুন ঘটনা নয়। কনসিসটেন্টলি, পলিটিকসটা একদিনের নয়, পলিটিকসটা চমক দেওয়ার নয়, কনসিসটেন্টলি মমতা বন্দ্যোপাধ্যায় তেলের দাম বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করে যাচ্ছেন এবং অতীতে তার চাপেতে কেন্দ্রীয় সরকার তেলের দাম বৃদ্ধি করতে পারেন নি। এরপরে যখন পরপর দুটি সিদ্ধান্ত হল, তেলের দাম বৃদ্ধি হল, ডিজেলের দাম বৃদ্ধি হল এবং গ্যাসে ভর্তুকি উইড্র করে নেওয়া হল এবং তারপরে ১৪ই সেপ্টেম্বর ২০১২ গভর্ণমেন্ট অফ ইন্ডিয়া sallowed FDI in aviation 49%, in broadcasting sector upto 74%, in multi brand retail upto 51% and in single brand retail upto 100%. আমরা একটু কোথাও গুলিয়ে ফেলেছি যে multi brand ক্ষেত্রে ৫১%, একটু আগে বলার চেষ্টা করলেন সহরাব সাহেব যে আমরা ৫১% এ্যওয়ার্ড করেছি। না, ৫১% multi brands ক্ষেত্রে। আর সেন্ট পারসেন্ট ডিজেলে এলাউ করে দিয়েছেন বিদেশি পুঁজিকে, বৃহৎ পুঁজিকে, মাল্টি ন্যাশনালকে হান্ড্রেড পারসেন্ট এলাউ করে দিয়েছেন।

[4·40–4.50p.m.]

আজকে এমন একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে ভারতবর্ষের যে তীব্র বেকারি, রাজ্যের যে তীব্র বেকারি, সেই সময় দাঁড়িয়ে আমাদের মনে রাখতে হবে এখানে থ্রি পার্সেন্ট হচ্ছে অর্গানাইজড রিটেইল এবং নাইনটি সেভেন পার্সেন্ট হচ্ছে আন-অর্গানাইজড রিটেইল। যারা ব্যক্তিগতভাবে উদ্যোগ নিয়ে ব্যবসা করে, ছোট দোকান চালায় - হয়তো একটা দোকানে চারজন বা দুজন কর্মচারী কাজ করে - এর সংখ্যা হচ্ছে প্রায় নাইনটি সেভেন পার্সেন্ট অফ দি টোটাল। ভারতবর্ষের প্রায় ২০ কোটি মানুষ এই ছোট ব্যবসার সঙ্গে যুক্ত হয়ে আছে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে। আপনি বুকে হাত দিয়ে বলুন, বিদেশী পুঁজি যদি আজকে এইভাবে অবাধে আমাদের দেশে ঢোকে - যেখানে single brand এর ক্ষেত্রে 100% এবং multi brand এর ক্ষেত্রে 51% - তাহলে এই ক্ষুদ্র ব্যবসায়ীরা যাবে কোথায়। সংক্ষেপে আমি একটা ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলি, আমি নিজে ইউনিয়ন করি বলেই ব্যাপরটা বলতে পারছি। ইউনিলিভার যেদিন কোয়ালিটি আইসক্রীম কিনে নিল সারা দেশে -বোম্বে, চেন্নাই, দিল্লী, টাটা এবং কোলকাতা - তখন তারা একটা পরিকল্পনা করে নেয় যে আমরা আগামী এক বছর লোকসানে ব্যবসা চালাব। তারা কোয়ালিটি আইসক্রীম কিনে নেওয়ার পরে আইসক্রীমের সাইজগুলো বড় করে দিল এবং দাম কমিয়ে দিল। মার্কেট থেকে ছোট ছোট ব্যবসায়ীরা যখন উঠে গেল, তারা যখন কোয়ালিটি আইসক্রীমের সঙ্গে প্রতিযোগিতায় থাকতে পারল না, তখন কোয়ালিটি আইসক্রীমের সাইজটা ছোট করে দিয়ে, দামটা বাড়িয়ে দিল। কারণ বাজারে তখন আর কোন আইসক্রীমের ব্যবসায়ী নেই। সেই ছোট ব্যবসায়ীগুলো আজকে হয়

বেকার. নয় তারা জনমজুরের কাজ করছে। এখানেও হবে সেই জিনিসটা। আজকে যদি সারা ভারতবর্ষে এমনি করে FDI ঢুকে পড়ে, তাহলে আগামী দিনে ভারতবর্ষে এক চরম সংকট নেমে আসবে। আপনি বক্তব্য রাখার সময় বলছিলেন, যে এরা এসে আমাদের দেশে অনেক কোল্ড স্টোরেজ তৈরী করবে। পশ্চিমবঙ্গ সরকারের উদাহরণটা দিল্লীর সরকারের গ্রহণ করা উচিত ছিল। মমতা বন্দোপাধ্যায় দু 'লক্ষ তিন হাজার কোটি টাকার দেনা মাথায় নিয়ে পশ্চিমবাংলার প্রতিটি ব্লকে ব্লকে একটি করে কোল্ড স্টোরেজ তৈরী করার সিদ্ধান্ত করেছেন এবং তার কাজও শুরু করে দিয়েছেন। কেন FDI-এর জন্য আমরা অপেক্ষা করে থাকব? কেন FDI-এর উপর আমরা নির্ভর করে থাকব? আমি আপনাকে দেশের সংবিধানের কথা মনে করিয়ে দিই। আমাদের দেশের সংবিধানের preamble লেখা আছে - Sovereign, Socialist, Secular, Democratic, Republic। তাহলে কি আপনি Socialist কথাটা তুলে দিতে বলবেন? তাহলে দেশের সরকারকে বলুন Socialist শব্দটি তুলে দিয়ে একেবারে পুঁজিবাদী ব্যবস্থার কাছে আত্মসমর্পণ করে দিতে এবং এই কথাটা ভারতবর্ষের মানুষের সামনে আপনারা বলুন। আজকে হঠাৎ করে দেখা যাচ্ছে সারকে ডি-কন্ট্রোল করে দেওয়া হল। কাদের স্বার্থে, কোন মানুষের স্বার্থে? ভারতবর্ষের কৃষিজীবি মানুষদের কষ্ট অফ প্রডাকশান বেড়ে গেছে। জল, বিদ্যুৎ, সারের জন্য তাদের যে পরিমাণ টাকা খরচ হচ্ছে, উৎপাদিত ফসল বাজারে বিক্রি করে সেই দাম তারা পাচ্ছে না। কাদের স্বার্থে সারের দাম আপনারা ডি-কন্ট্রোল করে দিয়েছেন? এক্ষুণি আমি টি ভি-তে দেখে এলাম ১লা অক্টোবর থেকে রেলের পণ্য মাশুল বেড়ে গেল। রেলের পণ্য মাশুল বেড়ে যাওয়ার পর সাধারণ মানুষ আজকে কোন জায়গায় যাবে। ডিজেলের দাম বাড়ল, পণ্য মাশুল বাড়ল, ফলে অটোমেটিক জিনিসপত্রের দাম বাড়বে। আপনি মানুষের প্রতিনিধি হয়ে এখানে এসেছেন, আপনি তো পুঁজিপতিদের প্রতিনিধি নন। আমাদের মুখ্যমন্ত্রী পুঁজিপতিদের প্রতিনিধি নন। তাই তিনি শুধু রাস্তায় নেমে আন্দোলন নয়, সরাসরি মন্ত্রিত্ব থেকে সাংসদদের পদত্যাগ করিয়ে সরকার থেকে সমর্থন প্রত্যাহার করার মত সাহস দেখিয়েছেন। যা আজকে ভারতবর্ষের কোন রাজ্যে, কোন রাজনৈতিক দল দেখাতে পারেনি। সেই জায়গায় দাঁড়িয়ে আর্থিক ঘাটতি মেটাবার জন্য কাদের উপরে কোপ দিচ্ছে দেশের সরকার? কেন Scamগুলোকে বন্ধ করা যাবে না? আজকে হাজার হাজার কোটি টাকার Scam দেখতে পাচ্ছে সারা দেশের মানুষ। টু-জি স্পেকট্রাম, কোল ব্লক, এমনকি ইউরেনিয়াম-থোরিয়াম সহ যে বালি, যা বিক্রি করার অধিকার সরকার ছাড়া আর কারোর নেই। সেখানেও পর্যন্ত বিরাট হাজার হাজার কোটি টাকার স্ক্যাম হচ্ছে। আপনি সেই জায়গাটা আটকাতে পারছেন না। আপনি কালো টাকা আটকাতে পারছেন না। বিদেশে আপনার যে কালো টাকা গচ্ছিত রয়েছে আনতে পারছেন না। আপনি যখনই দেশের বাজেটে আপনার ঘাটতি হচ্ছে সেই ঘাটতি পূরণ করবার জন্যে আপনি প্রথম কাকে বেছে নিচ্ছেন? প্রথম বেছে নিচ্ছেন ভারতবর্ষের অসহায় মধ্যবিত্ত এবং দরিদ্র মানুষকে। আমি তো কিছু বলছি না আজকে আপনারা ট্রেনের ভাড়া বাড়িয়েছেন কোথায়? বাতানুকূল যে ট্রেন, সেই ট্রেনের প্যাসেঞ্জার যারা তারা নর্মালি একটু পয়সাওয়ালা লোক, সেখানে বাড়িয়েছেন। আমার বিশেষ কোন আপত্তি নেই। কিন্তু পণ্য মাসুল বাড়াবার জন্যে সরাসরি যারা আঘাত প্রাপ্ত হচ্ছে তারা কিন্তু এই ভারতবর্ষের গরীব মানুষ, সাধারণ মানুষ। তাই আজকে

আমাদের সরকার যে প্রস্তাব নিয়ে এসেছেন, সেই প্রস্তাব, আমি সরকারে যে আমাদের পক্ষ থেকে পার্থ চট্টোপাধ্যায় যে প্রস্তাব নিয়ে এসেছেন, আর একটা কথা যে সমস্ত অলরেডি আমরা দেখতে পাচ্ছি যে আস্তে আস্তে এই ছোট ব্যবসাগুলো, অলরেডি আমাদের দেশে বেশ কিছু বিদেশী ব্যবসায়ী রয়েছে। তারা আমাদের দেশে অলরেডি ব্যবসা করছেন। আপনি তাদেরকে আরো বেশী ব্যবসা করার জন্যে দরজা খুলে দিচ্ছেন। Wall Mart American, carry Fore France, Royal Ahold এরকম অনেকগুলো নাম আছে। যারা কোটি কোটি টাকার ব্যবসা করছে। এবং আমি কয়েকদিন আগে কাগজে দেখছিলাম , টিভিতে দেখছিলাম যে এরা যে দেশের ব্যবসায়ী সেই দেশের নাগরিকরাই এদের বিরুদ্ধে বিক্ষোভ জানাচ্ছে। কারণ চাকরীতে কর্মী সংকোচন হচ্ছে। Self employed যারা ব্যবসায়ী তারা কাজ হারাচ্ছে, তাদের ব্যবসা চলে যাচ্ছে। আস্তে আস্তে একটা বিরাট বিক্ষোভ দানা বাধছে। থাইল্যান্ডে এই নিয়ে বিক্ষোভ হয়ে গেছে, আর্জেন্টিনায় এই নিয়ে বিক্ষোভ হয়ে গেছে, মেক্সিকোতে এই নিয়ে বিক্ষোভ হয়ে গেছে, পৃথিবীর বিভিন্ন দেশে যেখানে যেখানে এই FDI গেছে এবং ব্যবসা করেছে সেই সমস্ত জায়গাতেই, এমনকি চীন দেশে পর্যন্ত আজকে সেখানকার মানুষ ক্ষোভ প্রকাশ করছে। কারণ তারা হান্ড্রেড পার্সেন্ট ওপেন করে দিয়েছে বিদেশী ব্যবসায়ীদের জন্যে খুচরো ব্যবসায়। তাই আমি আপনাদের কাছে বলবো যে আপনি জনগণের প্রতিনিধি, সরকারের দায়বদ্ধতা থাকতে পারে বিদেশী পুঁজির কাছে, ওবামার নির্বাচন হবে, ওবামাকে আজকে ভারতবর্ষে ব্যবসায়ীকে পাঠাতে হবে, এখান থেকে পুঁজি নিয়ে গিয়ে তাদের দেশে লাগাতে হবে। তার জন্যে ওবামার স্বার্থ থাকতে পারে। কিন্তু পশ্চিমবাংলার কংগ্রেস যারা আছেন তাদের কোন স্বার্থ আছে বলে আমি মনে করি না। কিন্তু সব থেকে বড় কথা এইটা তো বলতেই হবে আমাকে, ম্যাডাম, আর এক মিনিট সময় নিয়ে আমি শেষ করবো। সেটা হচ্ছে, আমার মনে হয় সি.পি.এমের বিশেষ কিছু বলার থাকতে পারে না। কেন থাকতে পারে না জানেন? আমি মনে করিয়ে দিচ্ছি সূর্যবাবুকে Salim Suputra যখন এসেছিলো পশ্চিমবাংলায় তখন, তখনকার যিনি মুখ্যমন্ত্রী ছিলেন তিনি বলেছিলেন তেন সিয়াঁও পিং-য়ের একটা উক্তিকে উল্লেখ করে বলেছিলেন, উনার নিজের উক্তি নয় এটা তেন সিয়াঁও পিং কে উল্লেখ করেছিলেন, চীনের রাষ্ট্রপ্রধান। যে বেড়াল কালো না সাদা দেখার দরকার নেই, বেড়ালটা ইঁদুর ধরে কিনা দেখতে হবে। এটা ছিলো তৎকালীন মুখ্যমন্ত্রী সি.পি.এমের তার উক্তি। এবং তারপরে, এবং তার পরবর্তীকালে (নয়েজ) আপনার আজকে ভাষণ দেবার কোন যুক্তি নেই। আপনার কোন অধিকার নেই। আরো একবার বলি, আমার রাজ্যে যখন আমেরিকান বিনিয়োগ এলো, তখনকার, সেই সময় মুখ্যমন্ত্রী আপনাদের কি বলেছিলেন? টাকার কোন, নয়েজ প্লিজ, আপনার সময় আমি কোন বাধা দেবো না। টাকার কোন রঙ হয় না। তৎকালীন সি.পি.এমের মুখ্যমন্ত্রী এই কথা বলেছিলেন। ফলে আপনারাও, আপনারাও এবং ২০০৭ সালে যখন পার্থ চট্টোপাধ্যায়, আমি, সোনালী গুহ প্রভৃতি আমরা এই foreign direct investment - এর বিরুদ্ধে যে প্রস্তাব এনেছিলাম, সেদিন সেই প্রস্তাবের আপনারা বিরোধিতা করেছিলেন। আজকে তাই কোন নৈতিক ভাবে (নয়েজ) সি.পি.এমের অন্তত পক্ষে একটা কথা বলারও কোন অধিকার নেই। আমি এই প্রস্তাবকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয়া ডেপুটি স্পিকার মহোদয়া, সরকার পক্ষের মাননীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী মহাশয় resolution under rule 169 এ direct foreign investment.

[4·50–5·00 p.m.]

রিটেল সেক্টরে তার উপরে যে রেজিউলেশান নিয়ে এসেছেন এই রেজিউলেশান উপরে আমরা কিছু সংশোধনী এনেছি। কারণ আপনাদের প্রস্তাবনায় মধ্যে কিছুটা ঘাটতি আছে সেটাকে পূর্ণতা দেওয়ার জন্য আমরা আমাদের কিছু সংশোধনীগুলি এনেছি এবং বাম পরিষদীয় পক্ষ থেকে। সেই সংশোধনীর উপরে আমি আমার আলোচনা রাখছি। আমি প্রথমেই আপনাদের বলতে চাই, যে আপনাদের অনেক দেরিতে বোধদয় হল। কেননা এক দশকের বেশি সময় ধরে ...(নয়েজ).. কেননা এক দশকের বেশি সময় ধরে একমাত্র আমরাই বামপন্থীরা এই এফ.ডি.আই. চালু করার বিরুদ্ধে আন্দোলন করেছিলাম এবং আমরা রাস্তায় মেনে আন্দোলন করেছিলাম। আপনাদের মনে করিয়ে দিই, আপনারা যখন দ্বিতীয় ইউ.পি.-এ সরকারে ছিলেন, সেই দ্বিতীয় ইউ.পি.-এ সরকার যখন এই বহু পণ্যের খুচরো ব্যবসার উপরে বিদেশী বিনিয়োগ নিয়ে আসছেন তখন আপনার সরকারের ভেতরে থেকেও বিরোধীতা করে আটকাতে পারলেন না। আপনারা আটকাতে পারলেন না এবং আপনারা সরকার থেকে বেড়িয়ে আসলেন। সেই জন্যই বলব আপনারা কি সত্যি সত্যিই মাঠে নেমে লড়াই করবেন? সেই ভাবে সংস্কার বা জনস্বাস্থ্যের নীতির বিরুদ্ধে দাঁড়িয়ে সত্যি সত্যিই মাঠে দাঁড়িয়ে কি লড়াই করবেন? কেননা আমরা দেখেছি, আমরা দেখেছি যখন আপনারা ৯১ সালে, ৯৬ সালে আপনারা যখন এন.ডি.এ. সরকারে সঙ্গে ছিলেন তখন কিন্তু এন.ডি.সরকার এই ডাইরেক্ট ফর ইনভেস্টমেন্ট-এ তারা বিদেশী লগ্নি করেছিল। তখন আপনারা ৯১, তখন আপনারা বিরোধীতা করেননি। আপনারা বিরোধীতা করেননি, তখন কিন্তু আপনারা এফ.ডি.আই.-এর বিরুদ্ধে বিরোধীতা করেননি। আমি আপনাদের বলব, যে আজকে ১৯৯১ সাল থেকে ২০১১ এই যে বেসরকারীকরণ. এই বেসরকারী করণের বিরুদ্ধে আপনারা কোনদিন আন্দোলন করেননি। ওটার বিরুদ্ধে আপনারা কোনদিন আন্দোলন করেন নি। আপনারা করেননি। ওই ৯১ সালে সাধারণ বাজেটে যখন দেখা গেল টেলিকমে ৪৯ শতাংশ থেকে ৭৪ শতাংশ বিদেশী বিনিয়োগের প্রস্তাব রাখলেন। আমরা দেখেছি, অসামরিক পরিবহণের ক্ষেত্রে ৪০ শতাংশ থেকে ৪৯ শতাংস বিদেশী বিনিয়োগ। আমরা সেদিন দেখেছি যে বিদেশী - আজকে বেসরকারী ব্যাংকে ৭৪ শতাংশ্ বিদেশী বিনিয়োগ, সেই বিদেশী বিনিয়োগরে ক্ষেত্রে আপনারা সেদিন কিন্তু আপত্তি করেননি। এতদিন বাদে আপনাদের মনে হয়েছে, যে আজকে যদি আমাদের ভারতবর্ষের মত গরিব দেশে বহু পণ্য-এর খুচরো - আজকে ব্যবসার উপরে যদি এফ.ডি.আই. চালু হয় বিদেশী বহুজাতিক সংস্থা - আমাদের দেশের বাজার যদি দখল করে তাহলে আজকে দেশের সর্বনাস্ব হবে - এইটা আপনারা অনেক দেরিতে বুঝতে পারলেন। অনেক ধন্যবাদ, যদি শেষ পর্যন্ত থেকে লড়াই করেন। সত্যি সত্যিই যদি আমেরিকায় সামাজ্রবাদ তার বিরুদ্ধে লড়তে চান। কেননা যে একটা সময়ে যখন ১৪১৯ টা পণ্য আমদানির ক্ষেত্রে যখন নিয়ন্ত্রণ তুলে দিল আপনারা কিন্তু আপত্তি করেননি। আমরা আজকে লক্ষ্য করছি, যে সেখানে প্রায় ৮৮০ টার মতন আজকে কৃষি পণ্যের উপর বিদেশী বিনিয়োগ ঢুকল, বিদেশী বিনিয়োগকে ডেকে আনা হল, কৃষির উপরে বিদেশী বিনিয়োগকে সুযোগ করে দেওয়া হল। ফলে আজকে দেখা যাচ্ছে

জি.ডি.পি. তে সব চাইতে বেশি কৃষি এবং শিল্পতে সব চাইতে বেশি নিম্নগামী। তাই সেই কারণে বলব, আমার সময় কম। যে কংগ্রেস পুরানো যে অর্থনৈতিক কাঠামো, সেই অর্থনৈতিক কাঠামো থেকে বেরিয়ে এসে।

রাজীব গান্ধীর সময় আমরা দেখেছি নিউ ইকনমিক পলিশি চালু করলেন। পরবর্তীকালে আমরা দেখলাম নরসীমা রাও যখন প্রধানমন্ত্রী দেশের, আমাদের বর্তমান প্রধানমন্ত্রী তখন অর্থমন্ত্রী ছিলেন, সেই সময় আমাদের এখন বঙ্গাবিভুষণ, আজকে যিনি রাষ্ট্রপতি তিনি গিয়ে গ্যাট চুক্তিতে সই করেছিলেন। গ্যাট চুক্তিতে সই করার পর বহুজাতিক সংস্থা, বিশ্ব বাণিজ্য সংস্থা সেই বিশ্ববাণিজ্য সংস্থার নির্দেশিত পথে আজকে কেন্দ্রীয় সরকার চলতে গিয়ে আমাদের দেশের যে অর্থনৈতিক সার্বভৌমত্ব সেই অর্থনৈতিক সার্বভৌমত্বকে সাম্রাজ্যবাদী শক্তির কাছে বিক্রি করে দিচ্ছে। সুতরাং তাদের কাছে দস্তখত লিখে দিয়েছেন। সুতরাং সেই কারণে আজকে কংগ্রেস আমাদের দেশের পুরানো যে মেধা শক্তি সেই শক্তিকে কাজে লাগিয়ে আমাদের দেশের যে সম্পদ, সেই যে অর্থনৈতিক কাঠামো সেখান থেকে বেরিয়ে এসে আজকে রাষ্ট্রায়ত্ব শিল্প কলকারখানা বেসরকারীকরণ করা আজকে সেখানে প্রচুর বিদেশী বিনিয়োগ নিয়ে এসে দেশের সমস্ত এই যে কোটি কোটি যারা হচ্ছে ক্ষুদ্র ব্যবসায়ীর সংগে যুক্ত আজকে তাদেরকে মার খাওয়াতে ওয়াল্ড মার্টকে ডেকে নিয়ে আসছে। নিয়ে এসে আমাদের দেশের খুচরো বিক্রেতাদের সর্বনাস করা, দেশের বাজার তাদের হাতে তুলে দেওয়া। সুতরাং আমাদের অভিজ্ঞতা আছে, পৃথিবীর ৪৮ টা দেশের ওয়াল্ড মার্টের ব্যবসা আছে। কিন্তু তাদের এক-একটা বিপনন কেন্দ্রে ২০০ করে কর্মী কাজ করে। একদিকে যেমন এই কথা বলা হচ্ছে তারা আসলে কৃষির উন্নতি হবে। কিন্তু আমরা কি দেখছি? আমরা দেখছি আমেরিকার ছোট ছোট শহরে আজকে সেখানে ওয়াল্ড মার্টের ব্যবসা বন্ধ হয়ে গেছে এবং সেখানে সমস্ত বেকারে পরিণত হচ্ছে। সেই কারণে আপনাদের এই যে প্রস্তাব এই প্রস্তাব নিঃসন্দেহে দেশের মানুষের পক্ষে - যদি সত্যি সত্যি লড়াই করেন - তাহলে আগামী দিনে এই সাম্রাজ্যবাদী শক্তিকে রোখা যাবে। আমাদের দেশের যে বাজার সেই বাজারকে আজকে কেড়ে নেবার জন্য হাঙরা আজকে যে এখানে আসছে। তাকে যদি সত্যিই মোকাবিলা করতে চান, যে লড়াই বামপন্থীরা দীর্ঘকাল ধরে করে আসছে তাতে আপনারা যদি সামিল হতে চান তাহলে আমরা আপনাদের ধন্যবাদ জানাবো।

ড. তরুণ কান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, প্রথমেই ১৬৯ ধারা অনুযায়ী পার্থ চ্যাটার্জী মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব অত্যন্ত সময়োচিত হয়েছে বলে আমি কয়েকটি কথা বলতে চাইছি। এফ.ডি.আই কে ডেকে এনে খুজরো ব্যবসায় এবং রাষ্ট্রায়ত্ব শিল্পগুলোর বিলগ্নিকরণের ব্যবস্থা করে পেট্রোলিয়ামজাত জিনিসের দাম বৃদ্ধি করার প্রস্তাব দিয়ে আজকে সরকার প্রায় ২০ কোটি মানুষকে তাদের জীবিকা থেকে বিচ্যুত করার চেষ্টা করছে। আজকে গোটা দেশের অবস্থাটা কি? এমন কি কেন্দ্রীয় সরকারের যে অর্জুন সেনগুপ্ত কমিটি সেই কমিটির রিপোর্টে বলছে যে ২০ কোটি মানুষ, তাদের কেবলমাত্র দৈনিক রোজগার হচ্ছে ২০ টাকা এবং তার মধ্যে বেশীর ভাগ অংশের মানুষের দৈনিক রোজগার হচ্ছে মাত্র ৯ টাকা। এই যদি দেশের অবস্থা হয় আজকে এইভাবে যদি এফ.ডি.আই. কে ডেকে আনা হয় তাহলে গোটা দেশের অবস্থা আজকে কোথায় চলে যাবে! আজকে বলা হচ্ছে বিভিন্ন তেল কোম্পানীগুলো লোকসান হচ্ছে। কিন্তু আমরা দেখেছি

ওয়েল ইন্ডিয়া থেকে শুরু করে সমস্ত কোম্পানীগুলো ঠিক আজকের এই ২০১১।১২ সালের এই শেষ অংশে তাদের যে মুনাফা সেটা গত বছরের ঠিক এই সময় থেকে তাদের মুনাফা কোথাও তিন গুণ কোথাও চার গুনণ কোথাও দু-গুণ বেড়ে গেছে। অথচ বলা হচ্ছে, একটা মিথ্যা গল্প মানুষের কাছে আনা হচ্ছে যে আজকে প্রচুর তাদের ভর্তুকি দিতে হচ্ছে। এই সমস্ত কথা বলা হচ্ছে। অথচ দেখুন সারে যে ভর্তুকি সেখানে ১০ হাজার কোটি টাকা কমিয়ে দেওয়া হয়েছে। অথচ বড় বড় শিল্পপতি তাদের হাজার হাজার কোটি টাকা কর ছাড় দেওয়া হচ্ছে। এই সমস্ত কথা আমরা জানি। ফলে আজকে এই অবস্থায় যে লড়াই করা দরকার সেই লড়াই আজকে অত্যন্ত জরুরী।

[5·00–5·10 p.m.]

কিন্তু আমি এখানে যে কথাটা বলতে চাইছি এই লড়াইটা কেবলমাত্র একটি দলের কেন্দ্রীয় সরকারের আর একটি দলের বিরুদ্ধে লড়াই, এইভাবে দেখাটা মোটেই ঠিক হবে না। আজকে যারাই কেন্দ্রীয় সরকারে বসছেন, আজকে পুঁজিবাদী যে ব্যবস্থা, সেই পুঁজিবাদী ব্যবস্থার অঙ্গ হিসাবে প্রত্যেককেই আজকে এই কাজটা করতে হবে। ফলে এই লড়াইটা সার্বিকভাবে সমস্ত অংশের মানুষের লড়াইয়ে পর্যবসিত করতে হবে। বিশেষ করে গরীব, নিম্নবিত্ত মানুষ, তাদের সমস্ত লড়াইকে সংগঠিত করতে হবে, তাদের সমস্ত লড়াইকে একত্রিত করে এই ব্যবস্থার বিরুদ্ধে যদি আমরা লড়াই না করতে পারি তাহলে আজকের এই এফ.ডি.আই এবং এই যে বিলগ্নীকরণ, এগুলোকে কিন্তু আমরা পরাস্ত করতে পারব না। কিন্তু আমরা দেখছি যে এই লড়াইকে উৎসাহ দেওয়া তো দূরের কথা, আমরা দেখছি এই লড়াইকে নানাভাবে আক্রান্ত করা হচ্ছে এবং আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ করতে চাইছি যে গত বন্ধের দিন যে ঘটনা ঘটেছে, বন্ধের সঙ্গে আপনারা একমত, সহমত নাও হতে পারেন, কিন্তু যারা যেভাবে আন্দোলন করছে, প্রতিবাদ করছে, সেই প্রতিবাদী আন্দোলনকে যদি আপনারা গ্রাস করার চেষ্টা করেন এবং রাস্তা থেকে ধরে নিয়ে গিয়ে যদি আপনারা নন-বেলেবেল কিছু ধারা দিয়ে দেন তাহলে কিন্তু এই আন্দোলন কখনওই শক্তিশীলী হতে পারে না। ফলে আপনাদের এই প্রচেষ্টাকে আবারও আমি সমর্থন করে যে কথাটা বলতে চাইছ যে আপনারা এই আন্দোলনগুলোকে শক্তিশালী করুন, সংগঠিত করুন। এটা কেবলমাত্র একটা দলের বিরুদ্ধে নয়, একটা ব্যবস্থার বিরুদ্ধে আন্দোলন হিসাবে যদি আপনারা এটাকে পরিগণিত করতে পারেন তাহলে আমরা এই সমস্ত অপচেষ্টাকে রুখে দিতে পারব এবং সাধারণ মানুষের আজকে যে অবস্থা হতে চলেছে, সেই অবস্থা থেকে সাধারণ মানুষকে, কোটি কোটি মানুষকে রক্ষা করতে পারব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী চাঁদ মহম্মদ : Discussion on Resolution under rule 169 যে প্রস্তাব আনা হয়েছে, সেই প্রস্তাবের উপর আমি কিছু আলোকপাত করতে চাই। স্যার, আমি যেটা বলতে চাইছি যে আমাদের প্রত্যেক মানুষের কাছে তিনটি জিনিস খুব গুরুত্বপূর্ণ। সেগুলো হচ্ছে অন্ন, থাকার জায়গা আর বস্ত্র। সেই জন্য সারা ভারতের মানুষের কাছে কতকগুলো জিনিস অত্যন্ত প্রয়োজনীয়। তার মধেও প্রথম হচ্ছে রান্নার গ্যাস। সমস্ত সাধারণ মানুষ আমরা রান্নার কাজে ব্যবহার করি এবং ডিজেল, খুব মারাত্মক -এই রাজ্যে যদি ডিজেল বন্ধ হয়ে যায় তাহলে সারা দেশের যানবাহন অচল

হয়ে পড়বে। কৃষিকাজে যে সব ডিজেলের পাম্পসেট ব্যবহার করা হয়, সেগুলো ক্ষতিগ্রস্ত হবে। আজকে যে ইস্যু, এই ইস্যুটা হচ্ছে এফ.ডি.আই, যেটা নিয়ে ২০০২ সালে বামফ্রন্ট সরকার আন্দোলন করেছিল। কিন্তু যেহেতু এই সরকার আগেই যখন ডিজেল এবং কেরোসিন জ্বালানির দাম বেড়েছিল তখনই এটাকে প্রত্যাহার করলেন এবং এর সঙ্গে এফ.ডি.আই. যুক্ত করলে আরও ভাল হত। কারণ এই যে এফ.ডি.আই, এই ইস্যুটা আমাদেরই। তারা সমর্থন করেছেন। এটা আমাদের সময় চালু হয়েছিল। তারজন্য আমরা তাকে স্বাগত জানাচ্ছি। আমার দ্বিতীয় কথা হচ্ছে আমাদের যে খুচরো ব্যবসা, লক্ষ লক্ষ মানুষ, আমাদের যে বিপণন ব্যবস্থা, সেগুলো একটা মার্কেটিং হয়, ফলে সেখানে কয়েক'শ মানুষ যুক্ত হবে এবং সে কিছু কাজকর্মে লিপ্ত হবে। কিন্তু পাশাপাশি সেখানে কয়েক হাজার মানুষের, আমাদের যে খুচরো ব্যবসার তাদের ক্ষতি হবে। এর জন্য খুচরো ব্যবসা বিদেশীদের হাতে চলে যাচ্ছে। এর ফলে দেশের খুব ক্ষতি হবে। এর আগে আমরা বলেছিলাম যে সাম্রাজ্যবাদ দেশে আসছে,' ওই গঙ্গায় ডুবিয়াছে হায় মানুষের দিবাকর 'আমরা আগেই বিদেশীকে, সাম্রাজ্যবাদকে আমরা ডুবিয়ে দিয়েছি। অথচ এই সমস্ত খুচরো ব্যবসা যাতে ওই সাম্রাজ্যের হাতে তুলে দেওয়া না হয় এবং সাধারণ মানুষের যাতে ক্ষতি না হয়, সেদিকে সমস্ত মানুষকে সজাগ হতে হবে। কারণ আমাদের এই খুচরো ব্যবসা নিয়ে যে একটা আলোচনা, সারা দেশে তোলপাড় হয়েছে, একদিকে গ্যাস, একদিকে ডিজেল, একদিকে পেট্রোল, পাশাপাশি এই খুচরো ব্যবসা, লক্ষ লক্ষ মানুষ আজ যন্ত্রণায় ভুগবে, আর সারা দেশের মানুষের হাহাকার উঠবে। যাতে এই রকম ব্যবস্থাকে সমস্ত মানুষ সমর্থন করেন এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনন্দময় মন্ডল : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, সরকারের তরফে যে প্রস্তাব এখানে রাখা হয়েছে আমি প্রথমতঃ বলতে চাই যে, এটা অসম্পূর্ণ এবং দূর্বল। এটাকে সমৃদ্ধ করার জন্য এবং দৃঢ় করার জন্য আমরা আগে প্রস্তাব রেখেছি। সেগুলো সরকারের তরফে গ্রহণ করা উচিৎ। দ্বিতীয় বিষয় হ'ল, কংগ্রেস দলের তরফে যে বক্তব্য এখানে রাখা হয়েছে আমি তার বিরোধিতা করছি। আপনারা সকলে জানেন যে, আজ থেকে পঁচিশ-ত্রিশ বছর আগে থেকে আমরা বামপন্থীরা গোটা দেশব্যাপী গ্যাট্ চুক্তির বিরুদ্ধে, ডব্লু.টি.ও-র নির্দেশিত বিশ্বায়নী নীতির বিরুদ্ধে, উদারীকরণ নীতির বিরুদ্ধে লড়াই করছে গোটা দেশব্যাপী।সুতরাং, এই লড়াই আজকের আমাদের নয়, এই লড়াই বহু আগে থেকে আমরা চালিয়ে আসছি। আপনারা প্রস্তাবে কৃষিপণ্য ও খুচরো ব্যবসায়ে বিদেশী পুঁজির বিনিয়োগের কথা বলেছেন, ভালো, সারের মূল্যবৃদ্ধির কথা বলেছেন, ডিজেলের মূল্যবৃদ্ধির কথা বলেছে, তার প্রতিবাদ হোক, এটা আমার চাই। কিন্তু, এই প্রস্তাবের মধ্যে লাভজনক রাষ্ট্রয়াত্ব শিল্প যেগুলো বিলগ্নিকরণ করা হচ্ছে তার কথা বলা নেই। এছাড়া, সার কারখানাগুলো যে বন্ধ হচ্ছে, কালো-বাজারি হচ্ছে, কৃষকদের কাছে সার পৌঁছে দেওয়ার জন্যে সরকারী যে ব্যবস্থাপনা প্রয়োজন সে কথার উল্লেখ এর মধ্যে নেই। আমি যেটা বলতে চাই যে, এর আগে একজন বললেন—আমার আশঙ্কা আছে আপনাদের অবস্থান সম্পর্কে। কারণ, যারা বললেন, দেশের টাকা বিদেশে গোচ্ছিত হচ্ছে, কমনওয়েলথ গেম কেলেঙ্কারির কথা বললেন, কয়লার ব্লকবন্টন কেলেঙ্কারির কথা ঘুরিয়ে বললেন। তারা কিন্তু এর প্রতিবাদ একবারও করেননি। আমরা বামপন্থিরা জোরের সঙ্গে পালার্মেন্টের ভেতরে এবং গোটা দেশবাসীকে নিয়ে আমরাই আন্দোলন গড়ে তুলেছি।

..(গোলমাল).. আপনাদের অবস্থান সম্পর্কে, আমাদের যে দৃঢ় নয় সে সম্পর্কে আমাদের সন্দেহ আছে। কারণ, যে দেশটা মার্কিন সাম্রাজ্যবাদ গোটা পৃথিবী জুড়ে গোন্ডাগিরি করতে চাইছে। তাদের নিজেদের দেশের সঙ্কট থেকে বেরিয়ে আসার জন্যে ভারতবর্ষে থাবা বসাতে চাইছে। সেই দেশের রাষ্ট্রদূত, সেই দেশের বিদেশ সচিব যখন আমাদের এখানে এসে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেন, কি আলোচনা হয় সঠিক আমারা জানতে পারি না, তখনই মনে সন্দেহ জাগে। আবার শুনতে পাচ্ছি যে, বিবেকানন্দের জন্ম শতবর্ষে ওবামা আমাদের দেশে আসবেন-মার্কিন প্রেসিডেন্ট যার বিরুদ্ধে আমাদের লড়াই। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইকে দূর্বল করে আজকে আমাদের দেশে খুচরো ব্যবসায়ে যে বিদেশী পুঁজি, কৃষিপণ্যে বিদেশী পুঁজি নিয়োগ হবে তা আসবে, তা কিন্তু রোখা যায় না। আপনারা কৃষকের স্বার্থের কথা বলছেন ভালো, কিন্তু আপনারা উদাসীন যখন আমাদের রাজ্যে সত্তরজনের বেশী কৃষক আত্মহত্যা করে। ... (গোলমাল).... সে সম্পর্কে আপনারা উদাসীন। আমরা যেটা বলচে চাই সেটা হ'ল এই যে, আমাদের যে প্রস্তাব-পার্থবাবু বলছিলেন যে, আমরা রাজ্যের স্বার্থ, রাজ্যের মানুষের স্বার্থ দেখতে চাই। হ্যাঁ, এটা ঠিক। রাজ্যের স্বার্থ, রাজ্যের মানুষের স্বার্থ যেমন দেখতে হবে, কিন্তু দেশবাসীর স্বার্থ এর সঙ্গে জড়িত। আমরা এই প্রশ্নে সারা দেশব্যাপী ধর্মঘট বন্ধের ডাক দিলাম। আপনারা সমর্থন প্রত্যাহার করলেন, ভালোই, কিন্তু এই রাজ্যে আপনারা বন্ধের বিরোধিতা করলেন। .... (গোলমাল)... আবার আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী বললেন, ধর্মঘট সফল হওয়ার জন্য জনগনণকে অভিনন্দন। কারণ, এই ইস্যুগুলো জনগণ ভালো ভাবে নিয়েছে। সুতরাং, আপনাদের অবস্থান সম্পর্কে সেখানেই আমাদের সন্দেহ। আমি বলতে চাই যে, আমরা এফ.ডি.আই বন্ধ হোক আমরা চাই, ডিজেলের দাম কমুক আমার চাই, সারের মূল্য কমুক আমরা চাই, কিন্তু আপনাদের অবস্থানটা স্পষ্ট করুন এবং আমাদের যে প্রস্তাব সেগুলোকে নিয়ে আপনাদের যে প্রস্তাব তাকে সমৃদ্ধশালী করুন, তাকে দৃঢ় করুন, তাকে শক্তিশালী করুন। এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.10–5.20 p.m.]

ম্যাডাম ডেপুটি স্পীকার : আনন্দবাবু, ডিবেট তো চলছে, মাঝে মাঝে একটু হিউমার দরকার। গুরুদাসবাবু কিন্তু আজকে রাজ্য সরকারকে সার্পোট করেছেন। আপনি কী গুরুদাসবাবুর পক্ষে না বিপক্ষে?

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, মাননীয় মন্ত্রী পার্থ চটোপাধ্যায় মহাশয় খুচরো পণ্যের ব্যবসায় বিদেশী প্রবেশ সম্পর্কে, তার বিরোধিতা করে যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাব সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই বলতে চাই, এই প্রস্তাবের যে মূল স্পীরিট, অর্থাৎ বিদেশী প্রবেশ, বিদেশী আধিপত্য আমাদের অর্থনীতির ওপর আমরা চাই না। এই মূল বিষয়টার ব্যাপারে আমি, আমরা দ্বি-মত নই, আমরা সমর্থন করি।

এটা ঘটনা আজকে যদি আমাদের দেশের অর্থনীতিটা বিদেশীদের নিয়ন্ত্রণে বেশীর ভাগ চলে যায় তাহলে আমাদের স্বনির্ভরতা নষ্ট হবে, বেকার সমস্যা আরো বাড়বে এবং ইতিহাসের পুনরাবৃত্তি না ঘটুক, অতীতে যেমন ইষ্ট-ইন্ডিয়া কোম্পানী বা অন্যান্যরা এসে ব্যবসা-বাণিজ্য করে এইসব

করেছিল, আবার একটা পরিবেশ-পরিস্থিতি সেই রকম তৈরী হতে পারে। অন্যান্য কিছু রাজ্যের ক্ষেত্রে, রাষ্ট্রের ক্ষেত্রে যেখানে এরা গিয়েছিল, সাম্রাজ্যবাদী শক্তি, সেখানে আমরা তাই দেখেছি। সুতরাং, এটাকে সতর্কতার সাথে প্রতিহত করতে হবে। যেমন একদিকে বিশ্বায়ণ-টা অস্বীকার করা যাচ্ছে না, আন্তর্জাতিকতার যুগে পারস্পরিক সম্পর্ক তৈরী করে চলতে হবে। অনেক কনসেপ্ট আসছে, গ্লোবাল ভিলেজ -টিলেজ, সবই ঠিক আছে। আমরা সকলে সৌভ্রাতৃত্বে, বিশ্ব-সৌভ্রাতৃত্বের কথা, সব কথা আমরা ভাবতে পারি কিন্তু নিজের অস্তিত্ব-টা বজায় রেখে। নিজের অস্তিত্ব যদি বিপন্ন হয়ে যায়, আমার অর্থনীতি-টা যদি সম্পূর্ণ অন্যের গ্রাসের মধ্যে চলে যায় তাহলে সেটা সম্ভবপর হবে না। তাই এই যে জিনিসটা চলছে, উদারনীতি, বিশ্বায়ণের বিপক্ষে আমরা বলেছিলাম, কিন্তু একটাকে আনতে দিলে তার আনুসঙ্গিক হিসাবে অন্যরা এসে যায়। যেই বিশ্বায়রের ক্ষেত্রটা স্বীকার করে নেওয়া হয়েছে সেই বিশ্বায়ণের ক্ষেত্রটা ধরে নানা ধরণেব জিনিস আসতে শুরু করেছে এবং সেটাকে লক্ষ্য রেখে, ভারতবর্ষ স্বাধীন হওয়ার ঠিক পরবর্তকালে যে অর্থনীতি-টাকে, সেল্ফ রিলায়েন্ট অর্থনীতি হিসাবে গড়ে তোলার চেষ্টা হচ্ছিল নেহেরু, ইত্যাদির আমলে, পরবর্তীকালে যে ইকোনোমিক পলিসি চলতে শুরু করলো সেখান থেকে আমরা বিদেশী পুঁজি নির্ভর হয়ে দেশটাকে গড়ে তুলি, আর নিজে দেশে, এখানে উল্লিখিত হয়েছে, নিজের দেশের সম্পদকে কী ভাবে আহরণ করা যায়, তাকে সঠিক ভাবে, কী ভাবে ব্যবহার করা যায়, পরিকল্পণা মাফিক, স্বচ্ছতার সঙ্গে করা যায়, দূর্নীতি যাতে না হয় -এইসব ব্যাপারগুলো আমরা একদম উপেক্ষা করেছি। এটা খুব বড় দুর্ভাগ্যের বিষয়। বড় বড় দূর্নীতি ঘটছে। আমাদের দেশে অর্থ নেই তা তো না। অর্থ চলে যাচ্ছে, বিদেশে থাকছে, বিদেশে থাকছে , বিদেশের ব্যাঙ্কে। এটা দেখবার দায়িত্ব কার? এটাকে ফিরিয়ে আনবার দায়িত্ব কার? এত বড় বড় অর্থনৈতিক দূর্নীতির মধ্যে দিয়ে লক্ষ লক্ষ কোটি টাকা বরবাদ হয়ে যাচ্ছে। এটা দেখবার দায়িত্ব কার? এই সব কাজগুলো না করে আমরা এই জিনিসগুলো, খুচরো ব্যবসা বা অন্যান্য জায়গায় বার বার বিদেশীদের ডেকে আনবার চেষ্টা করছি, সেটা খুব ক্ষতিকর।

একটা জিনিস মনে রাখতে হবে যখন বিশ্ব অর্থনৈতিক মন্দা হল ভারতবর্ষ সেই মন্দার হাত থেকে বেঁচে গিয়েছিল কেন? না, ভারতবর্ষের ইকোনমির উপরে বিশেষ করে ব্যাঙ্কিং ব্যবস্থার উপরে সরকারের নিয়ন্ত্রণ ছিল বলে পৃথিবীর অন্যান্য রাষ্ট্র, ইউরোপের রাষ্ট্রগুলোর অর্থনৈতিক মন্দার ফলে যেভাবে আঘাতপ্রাপ্ত হয়েছিল ভারতবর্ষে তা হয়নি। সুতরাং সেই কাজটা আমাদের লক্ষ্য রাখতে হবে। আর একটা হচ্ছে কৃষি এবং শিল্প-এই দুটো যদি আমাদের অর্থনীতির মূল বুনিয়াদ হয় তাহলে একদিকে কৃষিতে বাড়াতে হবে, ইন্ডাস্ট্রিয়াল আউটপুটটাকেও বাড়াতে হবে। ৭০ শতাংশ মানুষ কৃষিজীবী তাদের জীবন জীবিকার জন্য ততটা আমরা সরকারের পক্ষ থেকে নানা পরিকল্পনার মধ্য দিয়ে কনসেশান দিয়ে দেব আর ইন্ডাস্ট্রিকে কতটা কনসেশান দেব এর মধ্যে যদি ভারসাম্য রক্ষ করার চেষ্টা না করা হয় তাহলে কৃষি দুর্বল হয়ে পড়বে। আর ইন্ডাস্ট্রিকে যতটা আমরা তৈরি করবার চেষ্টা করছি ইন্ডাস্ট্রি যদি সেই জায়গায় কমপিটিশানের মাধ্যমে পৌঁছাতে না পারে তাহলে দুটো অর্থনীতিই দুর্বল হয়ে যাবে। সুতরাং এই যে সারের ভর্তুকি কমিয়ে দেওয়া হচ্ছে, ডিজেলের দাম বাড়ছে, এই জিনিসগুলো ঘটছে এরফলে কৃষি অর্থনীতির উপরে বা ছোট খাটো ক্ষুদ্রশিল্প, কুটীর

শিল্প এই সব অর্থনীতির উপরে আঘাত আসছে এগুলোকে আমাদের পরিহার করা দরকার। সুতরাং আজকে রাজনীতি আমরা সকলে করছি, মত পার্থক্য নিশ্চয়ই আদর্শগত আছে। কিন্তু কিছু মৌলিক প্রশ্নে আমাদের ঐক্যমতে পৌঁছানো উচিত বলে মনে করি। ফলে এই যে খুচরো ব্যবসায় যে বিদেশি নিয়ন্ত্রণ বা বিদেশী প্রবেশ এবং ব্যবসা-বাণিজ্যের উপরে তাদের লাগামছাড়াভবে কনসেশান দিয়ে তাদেরকে এখানে ব্যবসা-বাণিজ্য করতে দেওয়া যার ফলে আমাদের দেশের কোটি কোটি মানুষ ক্ষতিগ্রস্ত হবে, বেকার হয়ে যাবে। এই বিষয়টাকে সমর্থন করা যায় না। এটা শুধু নিজেদের মধ্যে রাজনৈতিক মতাদর্শগতভাবে আমরা ভিন্নতা করতে পারি কিন্তু দেশের মানুষের স্বার্থে, কল্যাণের স্বার্থে এটা কি করা দরকার, সেই সম্পর্কে আমাদের চিন্তা-ভাবনা করা দরকার। এই প্রস্তাবের মূল যে বিষয় আমি প্রথমে যেটা বলেছিলাম সেই মূল বিষয়ে আমাদের কোন দ্বিমত নেই। কিন্তু আমাদের তরফ থেকে যে সংশোনীটা এসেছে-এই প্রস্তাবটাকে আরেকটু ব্রডবেসড করার উদ্দেশ্য ছিল। যে বৃহৎ আপনি খুচরো ব্যবসাকে করতে গেলে একটা সাম্রাজ্যবাদী আগ্রাসন, একটা সাম্রাজ্যবাদী পরিকল্পনা তার হাত থেকে নিজেকে মুক্ত করার জন্য যদি সক্রিয় ভূমিকা পালন করতে না পারা যায় তাহলে একটা ক্ষেত্রে আমি প্রতিরোধ করার চেষ্টা করে অন্য ক্ষেত্রে নীরব থাকলে কিন্তু অর্থনীতিটাকে রক্ষা করা যাবে না। সুতরাং এটা বৃহৎ একটা স্পেকট্রামে যদি আমরা চিন্তা করে সকলে সহমত হতাম খুবই ভালো হতো। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় মহাশয় যে রিজোলিউশান এনেছেন ১৬৯ ধারায় আমি তাকে পূর্ণ সমর্থন করে এই হাউসে কয়েকটা কথা বলতে চাই। প্রথমেই আমি নতুন সদস্য হিসাবে যেটুকু আইন বুঝি আমার প্রথমেই অবাক লাগল আমাদের শ্রদ্ধেয় সদস্য এখানে নেই -সোহরাব সাহেব, প্রথমেই বলতে ওঠার আগে উনি পয়েন্ট অব অর্ডার আনলেন। যদি পয়েন্ট অব অর্ডার নিয়ে আসেন তাহলে আবার উনাদের অসিত মিত্র সাহেব কি করে অ্যামেন্টমেন্ট নিয়ে এলেন ? আমার মতো একজন ছোট সদস্যের ঠিক বোধগম্য হল না। যদি এটা অর্ডার হয়, তাহলে আবার অ্যামেন্টমেন্ট আসে কি করে আমার তো এটা জানা নেই। আর দ্বিতীয় কথা হচ্ছে, সোহরাব সাহেব যখন বক্তব্য রাখছিলেন আমি খুব ভাবছিলাম, এ কোন কংগ্রেস দল, যে কংগ্রেস দল একসময় ব্যাঙ্কের বেসরকারীকরণের বিরুদ্ধে লড়েছিল তারা ন্যাশনালাইজড করেছিল। যারা বিমা বেসরকারীকরণের বিরুদ্ধে লড়েছিল তারাই আজকে এখানে এফ.ডি.আই. এর পক্ষে সওয়াল করছেন এবং এই হাউসকে বিব্রত করার চেষ্টা করছেন। আমার খুব অবাক লাগছে এইগুলো দেখে যে কার মুখ দিয়ে কি কথা শুনছি। এবং উনি এক এক সময় বলছেন আমি দেখছি পাশ থেকে আরো অনেকে প্রমট করছেন। সেই রবীন্দ্রনাথ ঠাকুরের ঐ দু লাইনের মতো-বাবু বলে যত পারিষদ বলে শতশত-। অর্থাৎ বাকিরাও তাকে সার্পোট দিয়ে যাচ্ছেন।

[5.20–5.30 p.m.]

অথচ আমাদের দেখুন আমরা এমন একটা স্ট্যান্ড নিয়েছি, ম্যানিফেস্টোর কথা বলছিলেন আমি আর এতদূরে যেতে চাই না আমাদের মাননীয় পার্থবাবু তার ব্যাখ্যা দিয়েই দিয়েছেন, সুব্রতবাবু

ব্যাখ্যা দিয়েছেন। আমাদের ২০০৭ সালের ১৯শে ডিসেম্বর যে স্ট্যান্ড ছিল, যে মোশান আমরা সেই সময় এনেছিলাম, আমাদের পার্থ চট্টোপাধ্যায় যা বলেছিলেন আজকে ঠিক ২০১২ তে গিয়ে আমরা সেই একই রেজুলিউশান আমরা এখানে সাবমিট করেছি। অর্থাৎ আমরা প্রমাণ করে দিয়েছি, আমরা স্টাবলিস্ট করে দিয়েছি যে, তখনকার যে বক্তব্য আমাদের এখনকার বক্তব্যও সমান। আমরা বিরোধী দলের মত রাজনীতি করি না। যারা ১৯৮৪ সালে আমাদের মনে আছে সবার ১৯৮৪ সালে তৎকালীন কংগ্রেস সরকার সংখ্যালঘু ছিল, গ্যাট চুক্তির জন্য তারা ওয়াক আউট করে গিয়ে সেইবারে কংগ্রেস সরকারকে বাঁচিয়ে দিয়েছিলেন। আবার যারা এখানে খাল কেটে কুমীর নিয়ে আসে, আবার এখানে বনধ ডেকে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন আমরা চাইছি সব সচল থাকুক, জনমত তৈরি হোক অথচ ওনারা বনধ ডেকে এখানে একটা দ্বিচারিতা তৈরি হয়েছে, চারিদিকে দ্বিচারিতা। এদিকেও দ্বিচারিতা, ওদিকেও দ্বিচারিতা কিন্তু আমাদের একটাই স্ট্যান্ড। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বরাবর যে কথা উনি বলে এসেছেন যখন তিনি বিরোধী নেত্রী ছিলেন, তখনও তিনি একটা কথা বলেছেন যে মা-মাটি-মানুষের জন্য অর্থাৎ সাধারণ মানুষের জন্য আমাদের যে লড়াই সাধারণ মানুষের স্বার্থে যে লড়াই তাতে আমরা দেখবো না। আজকে কংগ্রেস দূর্নীতিতে ভরে গেছে। পাহাড় প্রমাণ দূর্নীতি। এই দূর্নীতির কথা ছোট ছোট বাচ্ছা ছেলেও জানে। কখনও টু জি স্পেকট্রম দেখেছি আমরা, কখনও খেলাধুলাতে আমরা কমনওয়েলথ গেমসের উপর দূর্নীতি দেখেছি। আমরা কয়লার উপর দূর্নীতি দেখেছি। এরপর দূর্নীতিতে, দূর্নীতিতে ভরে গেছে এই রকম একটা অবস্থায় যেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন বাইরে যে কালো টাকা গচ্ছিত আছে সেই কালো টাকা আপনারা নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন বাইরে যে কালো টাকা গচ্ছিত আছে সেই কালো টাকা আপনারা নিয়ে আসুন তাহলে আজকে আমরা মনে হয় এফ.ডি.আই. করতে হত না। যদি সেই কালো টাকা আপনারা বাইরে থেকে নিয়ে আসতে পারতেন কিন্তু এফ.ডি.আই আপনারা এমন একটা অস্ত্র তুলে দিয়েছেন, এফ.ডি.আই. হচ্ছে এমন একটা জায়গা যেখানে কালো টাকাকে সাদা করা যায়। সোহরাব সাহেব একটু আগে একটা কথা বলছিলেন, উনি নেই থাকলে ভাল হত। উনি বলেছিলেন যে আমরা আর কত ভর্তূকি দেবো? দয়া করে মনে রাখবেন আমাদের দেশটা হচ্ছে থার্ড ওয়ার্ল্ড কান্ট্রি আমরা ডেভালপ কান্ট্রি নই আমরা ডেভলপিং কান্ট্রি। আমরা উন্নয়নশীল দেশ উন্নত দেশ নই। উন্নয়নশীল দেশে আমাদের ভর্তূকি দিতেই হবে। এটাই হচ্ছে আমাদের নিয়ম সুতরাং এখানে ভর্তূকি দেবো না এই কথাটা দয়া করে যেন দ্বিতীয়বার আপনারা রিপিট করবেন না। আপনারা একের পর এক ডিজেলের দাম বাড়িয়েছেন, সারের দাম আজকে কোথায় চলে গেছে, কৃষকদের আজ কি হাল। আমি নিজে একটা ছোট দপ্তরে আছি বিভিন্ন জেলায় জেলায় ঘুরে আমি দেখছি কৃষকরা কান্নাকাটি করছে। তারা বলছে কি অবস্থা, কোন কেন্দ্রীয় সরকার আছে যারা কৃষকদের জন্য কথা বলেন, কৃষকদের জন্য বুক ফাটান তারা একের পর এক সারের দাম বাড়াচ্ছেন, ডিজেলের দাম বাড়ছে কারোর সাথে কোন আলোচনা নেই। ডিজেলের দাম বেড়ে যাচ্ছে আর বলছেন ভর্তূকি কি করো দেবো। ডেভলপিং স্টেজে আপনাদের ভর্তূকি ছাড়া অন্য কোন রাস্তা নেই। আর এই দূর্নীতি বন্ধ করে, কালো টাকা ঘরে না ঢোকালে আর অন্য কোন বিকল্প রাস্তা নেই এটা আপনাদের জেনে রাখা দরকার। সবচেয়ে বড় কথা খুচরো বিপননে-আমি মনে করি যজি জি.ডি.পি. -এর অ্যাকাউন্টে ধরেন জি.ডি.পি-র ১৪ থেকে ১৫% সমস্ত আসে এই রিটেল থেকে এবং টোটাল

সারা পৃথিবী জুড়ে যে ১৮৩ টা স্টেট তারমধ্যে আমাদের জি.ডি.পি. -তে অবস্থান হচ্ছে ওনায় ফর্টি অর্থাৎ ১৪০ তম। এখনও কোথায় আমরা আছি। আমরা অথচ বড় বড় করে কথা বলছি। সবথেকে বড় কথা রিটেলে যদি আমরা ইউ.এস.ডলারের নিরিখে নিয়ে আসি তাহলে রিটেলে প্রায় ৪৫০ ইউ.এস. বিলিয়ন ডলারের কারবার হয় ভারতবর্ষে যেখানে আমাদের ভারতবর্ষ সারা পৃথিবীর মধ্যেও টপ ফাইভ এবং যেটা একটু আগে আমাদের মাননীয় পার্থ চট্টোপাধ্যায় মহাশয় বলছিলেন পশ্চিমবঙ্গে আমরা থার্ড পজিশানে অর্থাৎ সারা ভারতের মধ্যে আমাদের পশ্চিমবঙ্গ তৃতীয়। কৃষির পরে প্রথম যেটার উপর আমরা নির্ভর করি সেটা হচ্ছে রিটেল। আজ যদি এফ. ডি .আই. ঢুকে যায় তাহলে কি হবে? একটা ছোট্ট উদাহরণ হচ্ছে এফ.ডি.আই. যদি ঢুকে যায় পুরোপুরি তারা মনোপলি তারা কায়েম করবে। কি রকম মনোপলি। প্রথম প্রথম দরকার হলে তারা লসে রান করতে পারে, তাদের কিচ্ছু এসে যাবে না। তারা লসে রান করে তাদের প্রোডাক্টটাকে পপুলারাইজ করবে। পপুলারইজ করে তারা কি করবে? আজকে যারা প্রোডিউসার আছে- প্রেডিউসার টু এন্ড ইউজার অর্থাৎ যারা তৈরি করছে এবং যেখানে গিয়ে শেষ হচ্ছে -প্রোডিউসার টু এন্ড ইউজার তার একটা মনোপলি কায়েম হবে। অর্থাৎ যা আমাদের মাননীয় নেত্রী যেটা চাইছেন আমাদের মুখ্যমন্ত্রী তিনি যেমন চাইছিলেন যে ফড়েদের সরিয়ে দেবো, কোন মিডিল ম্যান থাকবে না অথচ আপনারা জোর করে মিডিল ম্যান নিয়ে এসেছেন। কাদের নিয়ে এসেছেন -বৃহৎ হাঙ্গরদের নিয়ে আসছেন, যে হাঙ্গররা সমস্ত কিছু খেয়ে নেবে!

তারা এই কৃষি কাজে কৃষকদের কাছে যাবে, প্রথম প্রথম লোভ দেখাবে যাতে অন্যান্য মিডিল ম্যানরা তারা সরে যায়। তারপরে গিয়ে একছত্র আধিপত্য তারা কায়েম করবে। পরে যদি চাষীকে বলে যে তোমাকে ১টাকা দিয়ে এই জিনিস দিতে হবে চাষীর তখন অন্য রাস্তা থাকবে না, তাদের তখন সেই অবস্থার মধ্যে চলে যেতে হবে। আপনারা খাল কেটে কুমির নিয়ে আসছেন। বড় বড় হাঙ্গর নিয়ে আসছেন এফ ডি আই এর নাম করে। এবং সবচেয়ে বড় কথা যে চাকুরীর কথা বলা হয়েছে এই টোটাল রিটেল আউটলেটে ২০ কোটি মানুষ কিন্তু আজকে বেঁচে আছে, ২০ কোটি মানুষ নির্ভর করছে। আপনারা জানেন যে ওয়াল মাটকে বাছছেন, এই ওয়াল মাটের থিওরি কি -তাদের 400 yard একজন করে কর্মী। আর আমাদের যেগুলো ছোট ছোট আউটলেট আছে -যেগুলো 100 sq Ft দোকান, 200 sq Ft দোকান সেখানে অন্তত minimum দু থেকে তিনজন করে কর্মী থাকে। অর্থাৎ একটা Wal mart এর নিয়ম হচ্ছে minimum 1 lakh ১০ হাজার স্কোয়ার ফিট একটা শো রুম, একটা শো রুম থাকতে হবে। যদি ১লক্ষ ৯ হাজার বা ১০ হাজার স্কোয়ার ফিটের শো রুম ওয়াল মাট খোলে তাতে ম্যাক্সিমাম স্টাফ স্ট্রেন্থ হবে ২১৬, ২১৭, ২২০ তার বেশী নয়। সেখানে যে আমাদের রিটেল আউটলেটগুলো যেগুলো বাজারে যেমন ধরুন আমাদের ছোট ছোট মুদির দোকান, যেমন ছোট ছোট দোকান -আজকে সেখানে এমন অবস্থায় গিয়ে দাঁড়াবে যে সমস্ত দোকান বন্ধ হয়ে যাবে। ২০ কোটি মানুষ নতুন করে বেকার হবে, যেখানে একটা ওয়াল মাটে ২০০ মানুষ চাকুরী পাবে, সেখানে ওইখান থেকে পর পর বেকার হতে থাকবে, বেকার হতে থাকবে। যারা আজকে এফ ডি আই অর গান গাইছেন তাদের আমি একটা কথা বলি -আমেরিকা তাদের বাজেট দেখুন। সেখানে এই বছরে কৃষকদের উপরে আমেরিকা সরকার ৫৮০০

ইউ এস ডলার সাবসিডি দিতে বাধ্য হয়েছে। কৃষকদের সাবসিডি দিচ্ছেন- ওবামা নিজে স্টেটমেন্ট করেছেন। ওবামা স্টেটমেন্ট করে বলেছেন যে, দয়াকরে তোমরা হাই পাওয়ার মার্কেটে যেও না, তোমরা রিটেল আউটলেটে গিয়ে কেন। আদারওয়াইজ আমাদের ইকোনমি ধ্বংস হয়ে যাবে। আজকে একটু আগে সোহরাব সাহেব দু একটা প্রতিবেশী রাজ্যের কথা বলছিলেন। আজকে থাইল্যান্ডের কি অবস্থা হয়েছে দেখুন তো, ব্যাংকক পুরো কোলাপ্স করে গেছে। ওখানে ৬০% ওরা ডিপেন্ড করত রিটেল আউটলেটের উপরে। সমস্ত রিটেল চেন ওখানে বন্ধ হয়ে গেছে। ওখানে এমন একটা অবস্থা হয়েছে যে ওরা বলছে ওখানে এফ ডি আই সরাও। যখন অন্য জায়গা থেকে সরাচেছ, ইউরোপের বিভিন্ন কান্ট্রি স্কাপ করছে, সেখানে ইন্ডিয়ার মত আমাদের থার্ড ওয়ার্ল্ড কান্ট্রি তার কি করছে -এফ ডি আই নিয়ে আসার চেষ্টা করছে। যদি এফ ডি আই এতো ভাল হত তাহলে স্ট্যান্ডিং কমিটি যে রিপোর্ট প্লেস করেছিল Commerce on FDI retail-তারা কিন্তু বারবার এখানে বলে দিচ্ছে that once global retail chain Sir, established they would be in a position to dictate prices for both wine, whole sale and selling of retail product. অর্থাৎ বারবার আঙ্গুল দিয়ে দেখিয়ে দিচ্ছে যে এফ ডি আই এর কত ক্ষতি এবং তারপরেও আপনাদের সরকারের মাননীয় মন্ত্রী একটা স্টেটমেন্ট দিয়েছিলেন যে, The Minister of State for Commerce and Industry in a written reply to the Rajya Sabha. কি কোর্ট করেছিলেন? Switzerland based UNI Global Union paper, তার titled হচ্ছে "Wal-Mart-s Global Track Record and the implication for FDI in multi -brands retail" আপনাদের মন্ত্রী বলছেন দেখুন। আপনারা এখানে সাপোর্ট করছেন। আর আপনাদের মন্ত্রী কি বলছে? Wal-Mart has a negative impact on both retail worker wages andtotal retail employment. Wal-Mart workers earn an estimated 12.4 percent less than retail workers as a whole and 14.5 percent less than workers in large retails. ইউনাইটেড স্টেটসের সেনসাস বুরো কি বলছে দেখুন-saying that the entry and growth of hypermarkets has a huge negative impact on employment growth and survival of single unit and smaller chain stores এবং বলছে Wal-Mart pushes prices paid to farmers and manufacturers down instead of raising them. অর্থাৎ প্রত্যেক কটা তথ্য বলে দিচ্ছে এফ ডি আই ঢুকলে আমাদের কি কি ক্ষতি হতে পারে। সুতরাং আমার মনে হয় ব্ল্যাক মানি যারা হোয়াইট করতে চাইছেন তারা এফ ডি আই চাইবেন। আমি মনে করি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর যে স্ট্যান্ড দুর্নীতি বন্ধ করে বাইরে থেকে কালো টাকা ভেতরে নিয়ে আসুন। তাহলে আর এফ ডি আই করতে হবে না। ডিজেলের দাম কমান। মানুষকে ভর্তুকি দিতে হবে। সারের দাম কমান, কৃষকদের বাঁচাতে হবে এটাই যেন আমাদের স্ট্যান্ড হয়। এই কথা বলে মাননীয় মন্ত্রীর উত্থাপিত করে আমার বক্তব্য শেষ করছি।

[5.30–5.40 p.m.]

শ্রী উদয়ণ গুহ : মাননীয় স্পীকার স্যার, পরিষদীয় মন্ত্রী পার্থ বাবু এখানে যে প্রস্তাব নিয়ে এসেছেন, বেসরকারী প্রস্তাব সেই প্রস্তাবকে পুরোপুরি সমর্থন করে পার্থ বাবুর কাছে আমি অনুরোধ করবো যে বাম পরিষদীয় দলের পক্ষ থেকে যে সংশোধন এবং সংযোজনের কথা বলা হয়েছে সেটাকে আপনি গ্রহণ করুন। তাহলে আপনার যে প্রস্তাব এবং দাবী সেটা শক্তিশালী হবে এবং সমৃদ্ধশালী । প্রথমেই বক্তব্য রেখেছেন কংগ্রেস নেতা সোহরাব সাহেব।

তিনি গ্যাট চুক্তির কথা বলেছেন, আমি তো ওনার সঙ্গে একমত। আজকের যে বিষবৃক্ষ সেই বিষবৃক্ষের বীজ রোপণ করা হয়েছে ওই গ্যাট চুক্তির মধ্যে। আপনারা সেই গ্যাট চুক্তির সমর্থন করেছিলেন এবং এটা দুঃখজনক ঘটনা আজকের যারা প্রস্তাব এনেছেন তাদেরও কেউ কেউ রাজনৈতিক কারণে সেই সময় যেহেতু তাদের আজকের দল তৈরি হয় নি। তারা তখন গ্যাট চুক্তি সমর্থন করেছিলেন। সোহরাব সাহেব বলেছেন যে কমসংস্থান বাড়বে, কৃষকের সুবিধা হবে। আমি আর এটা রিপিট করতে চাই না। কারণ রাজীববাবু সেই কথা গুলি বলেছেন তাই আমি নতুন করে আর বলতে চাই না। কিন্তু সোহরাব সাহেব যে কথাটা বলেছেন যে কোন রাজ্য যদি চায় তাহলে সেই রাজ্য এফ.ডি.আই ইন রিটেল তারা করতে দেবে না, এটা হয় না। আপনি যখনই BLIPA (Bilateral Investment Promotion & Agreement) সই করবেন তখন আপনার হাতে আর কোন ক্ষমতা থাকবে না। কোন রাজ্যে আসতে দেবেন আর কোন রাজ্যে আসতে দেবেন না, এটা হয় না। আপনি বলেছেন এখানে ব্যবসা বাড়বে, সাধারণ মানুষের সুবিধা হবে, ইনভেস্টমেন্ট আসবে। আমি আপনাকে একটা পুরানো কথা মনে করিয়ে দিচ্ছি। পৃথিবী বিখ্যাত কোলা কোম্পানি যখন দ্বিতীয়বার ভারতে ব্যবসা করতে আসে তখন তারা একটা মেট্রো সিটিকে বেছে নিয়েছিলেন। মুম্বাই, চেন্নাই, দিল্লির পরে কোলকাতা ছিল। তারা মার্কেট সার্ভে করে দেখেছিলেন যে, যদি কোলকাতায় ব্যবসা করতে হয় তাহলে তাদের কমপিটিটার হবে ভবানীপুরের এক বাঙালি কোম্পানি। যাদের আইসক্রীম সোডা প্রত্যেক ঘরে ঘরে পরিচিত ছিল। সেই কোলা কোম্পানি কোলকাতায় মার্কেট করবার আগে সাতদিনের মধ্যে সেই বাঙালি কোম্পানির আড়াই লক্ষ কোল্ড ড্রিংসের বোতল বাজার থেকে তুলে নিয়ে ক্র্যাশ করে দিয়েছিল। এবং সেই বোতলের অভাবে তারা পিক টাইমে মার্কেট ধরতে পারলেন না। মার্কেট থেকে সরে যেতে হল। সেই ফাঁকা জায়গাটা কোলা কোম্পানী ধরে নিয়ে সেই কোম্পানীটাই বন্ধ করে দিল। এটা কি সুরক্ষার কথা বলবেন? এভাবে সুরক্ষা হয় না। এইভাবে বাঁচানো যায় না। যে কথাটা বলা হচ্ছে সেটা হল মাছ ধরার নিয়ম -চার ফেলবেন, চারের গন্ধে মাছ আসবে, তার সামনে টোপ দেবেন মাছকে বশীতে গেথে আপনি ডাঙায় তুলবেন। এটাইতো এফ.ডি.আই মীরাক্কেল। শুধু এফ.ডি.আই রিটেল নয় আজকে আমাদের দেশকে বাঁচতে হলে বৃহৎ পুঁজি দেশি বিদেশি রিটেলে তাকে আটকাতে হবে। এবং এফ.ডি.আই - ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট সেটা করবার ক্ষেত্রে পুরোপুরি নজরদারী বৃহৎ শিল্পের ক্ষেত্রেও এবং দেশের স্বার্থ রক্ষা করবার ক্ষেত্রেও আইনটাকে আগে তৈরি করতে হবে। আমাদের দেশে সেক্ষেত্রে ঘাটতি আছে। পার্থবাবু বিভিন্ন প্রস্তাব নিয়ে এসেছেন। মূল্যবৃদ্ধির কথা বলেছেন। আমি পার্থবাবুকে একথা মনে করিয়ে দিতে চাই দ্বিতীয় ইউ.পি.এ সরকার তৈরি হওয়ার পরে বারো বার

ডিজেলের দাম বেড়েছে। ডিজেলের দাম বেড়েছে বারো বারে ১৭টাকা ৪০ পয়সা। পেট্রোলের দাম -ছোটবেলার সেই পাটিগণিতের বানরের তৈলাক্ত বাঁশে ওঠানামার মতন। কোন সময় উঠছে আবার কোন সময় নামছে। মোট ২৩ বার ওঠানামা করেছে। ১৯ বার বেড়েছে ৪ বার কমেছে। ৩৭ টাকা ৪০ পয়সা পেট্রোলের দাম বেড়েছে গত তিন বছরে। আপনি আজকে এতদিন বাদে ডিজেল, পেট্রোলের দাম বৃদ্ধির কথা বলেছেন। এই ঘুমটা মনেহয় বেশি হয়ে গেছে। এটা মনে হয় কুম্ভকর্ণের ঘুম হয়ে গেছে পার্থবাবু। একটু আগে জাগলে ভাল হত। আপনি সারের দামের কথা বলছেন। ২০১০ সালে যখন সারের উপর নিয়ন্ত্রণ তুলে নেওয়া হল তখন কিন্তু আপনারা ওই সরকারে। সারের দামের চিত্রটা আজ কি দাঁড়িয়েছে আপনার কাছে তুলে ধরছি।

ডি.এ.পি ২০১১ সালে ১ বস্তা -৫০ কেজি ডি.এ.পির দাম ছিল ৫৫১টাকা, আজকে ২০১২ সালের সেপ্টেম্বর মাসে সেই ডি.এ.পি-র দাম হচ্ছে ১২৫১ টাকা। এন.পি.কে ১০২৬২৬, ২০১১ সালে এক বস্তা এন.পি.কে ১০২৬২৬ এর দাম ছিল ৪২৫ টাকা, আজকে সেই সারের দাম ১১৪৪ টাকা। এন.এ.পি সেই সময়ে দাম ছিল ২৬২ টাকা, আজকে তার দাম হয়েছে ৯৬২টাকা। সুপার ফসফেট এক বস্তার দাম ছিল ১৬৬টাকা, আজকে তার দাম হয়েছে ৪৪২ টাকা। এই যে সারের দামটা তো রাতারাতি বাড়েনি। কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত হল দেশীয় কোম্পানীগুলো, সরকারী কোম্পানীগুলোকে বন্ধ করে দেওয়া হবে, সার বিদেশ থেকে আমদানী করা হবে। তাতে নাকি সস্তা দরে সার পাবে। তো আপনি তো তখন সরকারে, আপনার দল তো তখন সরকারে, এটা আটকাতে পারেননি? এটা বাধা দিতে পারেননি? ২০০২ সালে এন.ডি.এ. তারা তখন চেষ্টা করেছিলেন এই এফ.ডি. আই ইন রিটেল সেটাকে চালু করবার। বিরোধীদের বাধার ফলে এফ.ডি.আই ইন রিটেল ২০০২ সালে হয়নি। কিন্তু তখন কারা কারা এন.ডি.এ.-এর শরীক ছিল ইতিহাস কিন্তু বলবে। আবার ২০০৫ সালে ইউ.পি.এ দুই সরকার তারা চেষ্টা করেছিল এফ.ডি.আই ইন রিটেল চালু করার জন্য এবং এটা আমরা বলতে পারি বামপন্থীদের বাধার ফলে সেই সময় ইউ.নি.এ দুই তারা কিন্তু এফ.ডি.আই ইন রিটেল সেইসময় চালু করতে পারেননি। অর্থাৎ এই যে চরিত্রগত পার্থক্য - আপনাকে ভাবতে হবে, আপনি দেখুন আপনার যে প্রস্তাব, আপনি সবকিছু বলেছেন কিন্তু আঁতুরঘর -পুঁজিবাদের যে আঁতুঘর, সেই আমেরিকান সাম্রাজ্যবাদ সম্পর্কে একটি কথা, কোথাও একটি শব্দ আপনি উচ্চারণ করেননি। আপনাকে যদি তা আটকাতে হয়-একজন বক্তা বলছিলেন যে কেন্দ্রে যে সরকারে আসীন হবে তারাই এটা করবে। হ্যাঁ, হবে। কারণ আমাদের মুশকিলটা হচ্ছে যে ১২০ কোটির জনসংখ্যা। তার যদি ২০ শতাংশ তাদের ক্রয় ক্ষমতা গড়পড়তা সাধারণ মানুষের চেয়ে বেশি হয়, তার যেমন সংখ্যা -সেটা ইউরোপের মোট জনসংখ্যার চাইতে বেশি। একটা ছাদের নীচে একটি সরকারের নিয়ন্ত্রাধীন এতোবড় একটা বাজারকে ধরবার জন্য হাঙররা ছুটে আসবে এটাই স্বাভাবিক, এটাই হয়েছে এবং এটাকে আটকাবার জন্য যে জনমত সৃষ্টি করা দরকার সেটা কিন্তু দুর্ভাগ্যজনকভাবে আমরা করতে পারিনি। কারণ আজকে আপনি যে প্রস্তাবের কথা বলছেন, অনেক সময় ঘুরিয়ে -ফিরিয়ে সেই প্রস্তাবকে আপনারও সমর্থন করেছেন। সেইজন্য আজকে আপনি আমাদের যে সংশোধন, সংযোজন বারবার আমরা বলছি আপনারা সেটা গ্রহণ করুন।

আর পার্থবাবু আপনাকে আমি সমর্থন করি আপনি গ্রামের ছেলে হিসাবে। যে আজকে কৃষকের সারের দাম বাড়লে যেমন ক্ষতি হয়, ডিজেলের দাম বাড়লে কৃষকের সেই একই ক্ষতি

হয়, পাশাপাশি বিদ্যুতের দাম বাড়লেও কিন্তু কৃষকের ক্ষতি হয় সেটা মাথায় রাখতে হবে। আপনি সারের দাম বাড়ার ব্যাপারে প্রতিবাদ করবেন, ডিজেলের দাম বাড়ার ব্যাপারে প্রতিবাদ করবেন আর ২০১১ সালের মে মাসে-এখানে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীও আছেন, ২০১১ সালের মে মাসে আমাদের রাজ্যে অ্যাভারেজ পার ইউনিট বিদ্যুতের দাম ছিল ৩টাকা৪৬ পয়সা, আজকে অ্যাভারেজ পার ইউনিট বিদ্যুতের দাম হচ্ছে ৫ টাকা ৫৬ পয়সা। ২ টাকা ১০ পয়সা ১৫ মাসে বিদ্যুতের দাম বেড়েছে, যেটা ৭ শতাংশের বেশি এবং আমি আপনাকে বলি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী এখানে আছেন, একটা কথা এই যে মাল্টি ভ্যারিয়েবেল কস্ট অ্যাডজাস্টমেন্ট, এই যে আপনার একটা অদ্ভুদ কথা আবিষ্কার হয়ে গেল মাল্টি ভ্যারিয়েবেল কস্ট অ্যাডজাস্টমেন্ট, সেই কথাটা বলে গত মে -জুন মাসে যে ইলেকট্রিকের বিল হল, তারসাথে এরিয়ার সহ এটাকে আপনি চাপিয়ে দিলেন, আপনি একবার হিসাব করে দেখবেন তার আগে তিন মাসের যে বিল এসছে, এই বিল তার ডবল হয়ে গেছে। প্রত্যেকটি জায়গায় গরীব মানুষ থেকে সাধারণ মানুষ, মধ্যবিত্ত, উচ্চমধ্যবিত্ত সবারক্ষেত্রে ডবল ইলেকট্রিক বিল এসছে। কই একবারও তো পার্থবাবু একথা বললেন না যে ইলেকট্রিকের বিলটাকে কমাতে হবে? এই বিদ্যুতের দাম বাড়ার ফলেই আজকে যে জিনিসের দাম বেড়েছে, তাই বিদ্যুতের দাম কমাতে হবে এই কথাটা কেন আপনার প্রস্তাবে থাকবে না?

সব শেষে পার্থবাবু আমি একটা কথা বলব শোভনদেব বাবু বলছিলেন যে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এখানে পুঁজিবাদের বিরুদ্বে লড়াই হচ্ছে। কিন্তু পুঁজিবাদের বিরুদ্বে লড়াই করবেন, আর পুঁজিবাদের ধাইমা মার্কিন বিদেশ সচিবকে নিয়ে রাইটার্স বিলডিং-এ সম্বর্ধনা দেবেন, দুটো একসাথে হয় না। সাপের গালে চুমু খাব, আর ব্যাঙের গালে চুমু খাব, এটাকে দ্বিচারিতা বলে। এটাকে বন্ধ করুন। আসুন এর বিরুদ্বে আমরা কাঁধে কাঁধ মিলিয়ে লড়াই করি। এই বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

[5.40–5.50 p.m.]

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ আমার সিনিয়ার কলিগ শ্রী পার্থ চট্টোপাধ্যায় যে প্রস্তাব রেখেছেন, রেজলিউশান রেখেছেন আমি সেটাকে সমর্থন করে অল্প করে কিছু বলতে চাই, কেননা সময় খুব কম। আমি চারটি কথা প্রথমে বলতে চাই। প্রথম হচ্ছে মজুরির উপরে হাইপার মার্কেট বা মাল্টি ব্র্যান্ড ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট রিটেলে কি ইমপ্যাক্ট হয়- এটা গবেষণার মাধ্যমে বলতে চাই। যে কথাটা রাজীব বন্দ্যোপাধ্যায় বলেছেন আগে যে ১২.৪ পারসেন্ট ওয়েজেস কমে যায়, এটা কিন্তু কেনেথ জ্যাকভ, ইউনির্ভাসিটি অফ ক্যালিফোর্নিয়া থেকে, বার্কলে থেকে গবেষণার মাধ্যমে বলেছেন এবং সেটাকে আমি সম্পূর্ণভাবে সাপোর্ট করি। প্রথম হচ্ছে মজুরি। দ্বিতীয় শ্রমিক আইন ভঙ্গ বা লঙ্ঘন। সে সম্বন্ধে আমি একটা তথ্য রাখতে চাই। চিন সম্বন্ধে বলেছেন সোহোরাব সাহেব। চিনে বিরাট একটি কোম্পানি, যার আউটপুট পুরো ভারতবর্ষের জি ডি পি-র অর্ধেক, সেই কোম্পানিটি ভায়োলেটেড মিনিমাম ওয়েজেস অ্যাক্ট, প্রফেসর চ্যান অফ অস্ট্রেলিয়া ন্যাশনাল ইউনির্ভাসিটি বলছেন, এমন কি তারা যে মানুষকে নেয় কাজ করার জন্য, মেনলি তারা ক্যাজুয়াল ওয়ারকার। আমরা কি তাই চাই? আর একটা কথা বলতে চাই। ইউ এস

ডিপার্টমেন্ট অফ লেবার একটা চার্জ আনে সেই বিরাট কোম্পানির বিরুদ্ধে, যে তারা চাইল্ড লেবার ইউজ করছে, শিশু শ্রমিক। শেষপর্যন্ত যখন তারা হেরে যাবে কেসটা, তখন তারা ১৩৫ হাজার ৫৪০ ডলার দিয়ে আউট অফ কোর্ট সেটেলমেন্ট করে। আমরা কি চাই যে চাইল্ড লেবার ব্যবহার করবার জন্য ইনভাইট করব? তারপরে আসি চাকরির ক্ষেত্রে কি হয়। কর্নেল বিশ্ববিদ্যালয়ের রিসার্চ থেকে দেখা যাচ্ছে তারা যদি ১০০টা চাকরি দেয়, ১৪০টা চাকরি তারা গ্রাস করে বা এক্সটিংগুইস করে অ্যামেরিকায়। আমাদের এখানে তার ডবল হবে। এটা আমার রিসার্চ নয়, কর্নেল বিশ্ববিদ্যালয়ের রিসার্চ। তারপরে আসব মার্কেট শেয়ারে। ইউরোপে অনেক দিন ধরে রিটেল কাজ করছে। খুব রিসেন্ট স্টাডি বলছে, ফ্রান্সে ৫টি কোম্পানি জাস্ট পাঁচটি, ৭০ পারসেন্ট মার্কেট নিয়ে বসে আছে। জার্মানিতে ৭০.১, সুইডেনে ৮১.৮, এবং ফিনল্যান্ডে ৯০.২। তারমানে মার্কেট শেয়ার তারা কেড়ে নেবে। তার ভিকটিম কে হবে? স্মল এন্টারপ্রাইজেস। এক্ষেত্রে আপনি যদি বলেন কি করে জানলেন? চিলি বলে যে দেশ আছে ল্যাতিন অ্যামেরিকায়, সেখানে যখন হাইপার মার্কেট যায়, মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৫ হাজার ৭৭৭ টি ছোটো ব্যবসা বন্ধ হয়ে যায়। দিস ইজ রিসার্চ। আমি বলছি না। আমি শুনতে পাচ্ছি একটা অল্প আওয়াজ। এই আপনার রিটেলের ক্ষেত্রে এখন ইউরোপিয়ান রিটেলাররা কি বলছেন? আজকের ইকোনমিক টাইমসটা পড়ে দেখুন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বলতে চাই ইউরোপিয়ান রিটেলার বলছে There is a long way to go before we can implement it on the ground. Hundred million investment in three years in F.D.I approval is a tough task.

৩ billion ডলার ফরেন direct ইনভেস্টমেন্ট আসবে বলছেন। ১০০ মিলিয়ন দিতেই তাদের ভয়ঙ্কর টাফ এবং Wal-Mart CEO এশিয়ার CEO তাকে কোর্ট করেছে ইকনমিক টাইমস, 'it is relatively complex, these one hundred million dollars, fifty fifty -তার মানে front end fifty, back end fifty. There are some open questions which we need to discuss. কিসের জন্য এত হাততালি? তারা নিজেরা বলছেন আমরা করতে পারব না, too complex, too difficult, conditions too harsh. কেন conditions harsh? তার কারণ, এই সেন্ট্রাল গভর্ণমেন্ট বুঝেছিল যে এতে ভয়ঙ্কর লাঞ্ছনা হতে পারে, তাই বেঁধে বেঁধে করেছেন। তাই তারা বলছেন ১০০ মিলিয়ন ডলারও করতে পারবে না, ৩০০ billion ছেড়েই দিন। এবারে আমি আসতে চাই আমার প্রফেসর মনমোহন সিংহ এর কথায়, তাঁকে আমি নমস্কার করি। ডাঃ মনমোহন সিংহ ডিসেম্বর 21, 2002 তে কি বলেছেন? তাঁকে লেখা হ'ল, Chairman, Foreign Trade Committee, Federation/Association of মহারাষ্ট্র লিখলেন। তার উত্তরে তিনি কি বলছেন? বলছেন, 'This matter was raised in the Rajya Sabha two days ago and the Finance Minister gave an assurance that Government had no proposal to invite foreign direct investment in retail trade কিসের পরিপ্রেক্ষিতে বলছেন? পরিপ্রেক্ষিতটা পড়ে দিই। তাকে মনমোহন সিংহ লিখছেন, 'You had further mentioned -and I quote-India does not require this kind of reforms which would rather than creating employment destroy employment, Unquote

মনমোহন সিংহ এই কথা বলেছিলেন। সেই কথাটা তাকে স্বরণ করিয়ে দিই। ডিসেম্বর ২০০৪ এর এই চিঠি আপনাকে আমি In quote বলে দিলাম। আমি আজকে খবরের কাগজে দেখলাম যে কয়েকজন কিছু বলেছেন। প্রিয়রঞ্জন দাসমুন্সি মহাশয়, তাঁর সঙ্গে যখন কলেজে পড়েছি, একসঙ্গে student movement এ কাজ করার সুযোগ হয়েছিল as a junior, আজকে তিনি কথা বলতে পারছেন না, তাঁর কথা স্মরণ করি। কিন্তু চিঠিতে তাঁর একটা কথা আছে, সেটা অমি আমার কংগ্রেসের মাননীয় বন্ধুদের শুনিয়ে দিতে চাই। তিনি একটা চিঠি লিখেছিলেন ডিসেম্বর ১৬, ২০০২ তে, সেই চিঠিতে তিনি এ্যাপিল করছেন, 'Dr. S.P. Gupta Committee Report on Employment which recommended that foreign direct investment in retail should not be permitted as it would destroy employment. Exactly যা ডা ঃ মনমোহন সিংহ ২০০২ তে বলেছিলেন, সেই কথা ২০০২ তে উনি বলছেন। No. 2, Report of the Steering Committee of the Planning Commission, headed by Shri N K Singh also categorically recommend against allowing FDI in retail trade. চিন্তা করুন, Steering Committee of the Planning Commission এটা quote from Hon-ble প্রিয়রঞ্জন দাসমুন্সির চিঠি, No. 2। No. 3 Subsequently, based on the report of the concerned group of ministers, the government of India finally decided not to allow FDI in retail trade- বলছেন প্রিয়রঞ্জন দাসমুন্সি মহাশয়। এবং, শেষে তিনি এ্যাপিল করছেন, মানে desparate হয়ে বলছেন, it will have a major impact on the millions of people employed in the retail business of the country. নেতিবাচক impact পড়বে বলে তিনি বলছেন। এবং লাস্ট লাইনে তিনি বলছেন, I shall be grateful if you kindly use your good offices to see that proper corrective steps কেননা Planning Commission চাইছিল retail খুলতে। corrective steps are taken in the matter by the concerned authorities.. আমি এটা শুনলাম, যে একজন যিনি প্রিয়রঞ্জন দাসমুন্সির খুব কাছের লোক, তিনি নাকি আজকে retail কে support করছেন। আমি তাকে remind করিয়ে দিতে পারি, তিনি শ্রী দাসমুন্সি চিঠি লিখেছিলেন December 16, 2002 তে সেটা দয়া করে পড়ে দেখুন। এবারে আমি আসছি শেষ প্রশ্নে foreign direct investment।

[5.50–6.00 p.m.]

আমাদের যে সেভিংস, গ্রস সেভিংস কত শতাংশ? আমরা যে ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট নিয়ে বলি তার পরিপ্রেক্ষটা মনে রাখতে হবে। শুনে অবাক হয়ে যাবেন সেভিং যে আমরা ভারতবাসীরা করি তার ৬.৪% হচ্ছে ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট। তার মানে যা ইনভেস্টমেন্ট হয় ভারতবর্ষে তার ৯৩% আমার আপনার সেভিংসের মাধ্যমে ইনভেস্টমেন্ট হয়, নট ডিউ টু ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট। আপনি প্রশ্ন করতে পারেন জি.ডি.পি পারসেন্টেজটা কত? ১.৪৩% অব জিডিপি ইজ ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট, জাস্ট ১.৪৩%। আমি সেহেতু বলতে চাই যে ভারত হেভি ইলেকট্রিকালস এবং ও এন.জি.সি এই দুটি পাবলিক সেক্টর কোম্পানীর কাছে ৩৩ বিলিয়ন

ইউ. এস ডলার অর্ডার বুকস আছে কিন্তু তারা ইমপ্লিমেন্ট করতে পারছে না। রিফর্ম হয় নি। তাদের বাধা ফেস করতে হচ্ছে। খবরের কাগজ খুলে দেখুন। তাদের কোট করুন। দ্যাট ইজ রিফর্ম দ্যাট দি থারটি থ্রী বিলিয়ন ডলারস উইল বি ইনভেস্টেড যাতে চাকরি হবে, প্রগতি হবে, পরিকাঠামো হবে। তারা করে উঠতে পারছে না। বিগ ব্যাং রিফর্ম ইজ রিফর্ম অব দি প্রসেস যেটা ৩৩ বিলিয়ন ডলার দুটি পাবলিক সেক্টর কোম্পানী করার জন্য বসে আছে। তারা সেটা করতে পারছে না। সেহেতু আমি আজকে কনক্লুড করব এই বলে যে রিসার্চের মাধ্যমে, ডঃ সিং এর নিজের চিঠির মাধ্যমে, প্রিয়রঞ্জন দাশমুন্সী -প্রিয়দার চিঠির মাধ্যমে আমি বলতে চেয়েছি যে পার্থ চট্টোপাধ্যায় যে রেজলিউশন মুভ করেছেন চিন্তার মাধ্যমে, বিচারের মাধ্যমে উই মাস্ট সাপোর্ট দিজ রেজলিউশন। থ্যাংক ইউ, স্যার।

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকের এই যে আলোচনা হচ্ছে তা শুনে খুবই চমৎকৃত হয়েছি। উপজীব্য এই জন্যে যে মনে পড়ছে একটা চালু কথা, এ কি কথা শুনি মন্থরার মুখে। আজকে মনে হচ্ছে যে এটা খুবই উবজীব্য যে কংগ্রেস বেঞ্চ থেকে তৃণমূল কংগ্রেস, তৃণমূল কংগ্রেস থেকে কংগ্রেস বেঞ্চ, এরা এর দিকে আঙুল তুলছেন, ওরা ওর দিকে আঙুল তুলছেন। হঠাৎ করে একটা নতুন উপজীব্য বিষয় হয়ে দাঁড়িয়েছে। কিন্তু আমি আপনাকে আশ্বস্ত করতে চাই যে পার্থ চট্টোপাধ্যায় যে প্রস্তাব এনেছেন তাতে বিরোধিতা করার কিছু নেই। আমরা বিরোধিতা করার জন্য দাঁড়াই নি। কিন্তু যেটা আমার সহকর্মীরা বলেছেন, যেটা আপনি অ্যালাউ করেন নি সেটা হচ্ছে যে এই প্রস্তাব ওঁর ২০০৭ এর প্রস্তাবের মতই অসম্পূর্ণ এবং অনেক জায়গায় অস্বচ্ছ। এই যে এত ভাল ভাল বক্তৃতা তার পরে হচ্ছে এই সব যুক্ত করে এটাকে একটা সম্পূর্ণ স্বচ্ছ তীক্ষ্ণ রূপ দেওয়ার অবকাশ ছিল এবং সেই জন্যই আমরা কতগুলো সুনির্দিষ্ট সংশোধনী এনেছি। আমি এই প্রসঙ্গে পরে যাব। তার আগে আমি কংগ্রেস পক্ষের পক্ষ থেকে যে সংশোধনী আনা হয়েছে তার বিরোধিতা করছি। তাদের বক্তব্যের বিরোধিতা করছি যে রকম আমরা চিরকাল করেছি। তার মাননীয় অর্থমন্ত্রী যদি আপনি না বলতেন তাহলে আমাকে দু-একটা কথা হয়তো বলতে হত এই প্রসঙ্গে। কিন্তু আমি বিনীতভাবো স্মরণ করিয়ে দিতে পারি যে ২০০২ সালে তখন এন.ডি.এর পক্ষ থেকে -এন.ডি. এ সরকারের পক্ষ থেকে, বাজপেয়ী সরকারের পক্ষ থেকে এই প্রস্তাব এসেছিল। অর্থাৎ এই রিটেলে এফ.ডি.আই খুচরো ব্যবসায়ে যে ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ। অর্থাৎ খুচরো ব্যবসায়ে যে এফ ডি আই প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ এই সম্পর্কে যখন প্রস্তাব এসেছিল, তখন লোকসভায় কংগ্রেসের চিফ হুইপ বলেছিলেন এটা অ্যান্টি ন্যাশানাল। যেটা অ্যান্টি ন্যাশানাল ছিল সেদিন, আজকে সেটা ন্যাশানাল হয়ে যাবে এটা মেনে নেওয়া যাচ্ছে না। আমি মনে করিয়ে দিতে চাচ্ছি মাননীয় আমার সহকর্মী কংগ্রেস বিধায়কদের যে, ২০০৫ সালে স্ট্যান্ডিং কমিটি, পার্লামেন্টারী স্ট্যান্ডিং কমিটি তারা সর্বদলীয়ভাবে সবাই সহমত হয়ে ২০০৯ সালে যে রিপোর্ট দিয়েছে, ২০০৯ সালের রিপোর্টে দেখা যাচ্ছে যে, তারা সবাই সুপারিশ করেছেন ২০০৯ সালে, এই পার্লামেন্টারী স্ট্যান্ডিং কমিটি যে এই খুচরো ব্যবসায়ে বিদেশী বিনিয়োগ এটা সমর্থন যোগ্য নয়। তার বিরুদ্ধে গিয়েছেন। কেউ আপত্তি করেন নি। কংগ্রেসের সদস্যরাও সদস্য ছিলেন, অন্যান্যরাও ছিলেন সব দলের। কেউ আপত্তি করেন নি।

সর্বসম্মত পার্লামেন্টারী স্ট্যান্ডিং কমিটি এটা সুপারিশ ছিল। পার্লামেন্টে এই বিষয়ে আলোচনার যখন দাবি উঠেছে বারংবার উঠেছে, এন ডি এর সময়ে উঠেছে, যেটা মাননীয় অর্থমন্ত্রী বললেন যে তখন ডঃ মনমোহন সিং লিখেছিলেন যে এটা আপত্তি করার জন্য এখন ওরা আর এগোচ্ছে না। কিন্তু দুর্ভাগ্যের কথা হল যে কেন্দ্রের ইউ পি এর দুই সরকার পার্লামেন্টে এই বিষয়ে আলোচনা করতে চান নি। পার্লামেন্টের বাইরে তারা সিদ্বান্ত নিয়েছেন। পার্লামেন্ট বসার আগে পার্লামেন্ট বন্ধ হওয়ার পরে এই সব প্রশাসনিক সিদ্বান্ত নিয়েছেন। আন্না হাজারে যখন অনশনে বসেছিলেন তখন আপনারা বলেছিলেন বাইরে কেন বসেছেন পার্লামেন্টের মধ্যে আলোচনা হওয়া উচিত। এইগুলি দেখছি স্যার। এগুলি উপজীব্য বিষয় স্যার। ওরা বলেছেন যে সাবসিডি সাত লক্ষ ঊনচল্লিশ হাজার কোটি টাকার বেশী দিতে হবে। আমরা বহুবার বলেছি কেন এই সাবসিডি দিতে গেলে আপনার এত পাঁচ লক্ষ কোটি টাকার বেশী ডে ফিসিট আছে সেন্ট্রাল বাজেটে। সমস্যা হয়ত আরও বাড়বে। আমরা বহুবার বলেছি সাবসিডি আপনারা দিচ্ছেন ঠিক সম পরিমাণ যে পরিমাণ সাবসিডি আপনি দিচ্ছেন ইন্ডিয়ান কর্পোরেট হাউসকে সেটা হচ্ছে পাঁচ লক্ষ কুড়ি হাজার কোটি টাকা। ঠিক আপনার কেন্দ্রীয় বাজেটের ডেফিসিট যা তার সম পরিমাণ। অর্থাৎ আপনি যদি ওই আমাদের দেশের কর্পোরেট সেক্টর তাদের যদি আপনি এই বিরাট পরিমাণ সাবসিডি না দিতেন, কর ছাড় না দিতেন তাহলে আপনার এক পয়সাও আপনার সেন্ট্রাল বাজেটে ভর্তুকির অভাব হত না। আর পাঁচ লক্ষ কোটি টাকার বেশী আপনি আরও পেতেন যদি এই একটার পর একটা যেসব হয়েছে, দুর্নীতি যেগুলির সব তদন্ত হচ্ছে সেখানে আপনি তা দিয়ে বাকী সবার অনেক ভারতবাসীর সকলের জন্য খাদ্য নিরপত্তা যেটা প্রথমদিনই ইউ পি এ এর দুই সরকারের শুরুর দিনই পার্লামেন্টের রাষ্ট্রপতি বলেছিলেন একশো দিনের মধ্যে দেওয়া হবে। একশো, দুশো, তিনশো, চারশো, পাঁচশো. ছশো দিন পেরিয়ে গেল সব হয়ে যেত, সবাই পেত, সেই আপনাদের দেওয়া প্রতিশ্রুতি পালিত হত। এইসব কারণে এবং আরও অনেক কারণে আমার বেশী বলার দরকার নেই। এই কংগ্রেসের যারা অ্যামেন্ডমেন্ট এনেছেন এবং তাদের যা বক্তব্য আমি তার বিরোধিতা করছি। আমাকে খুব আশ্চার্য্য হতে হচ্ছে এইজন্য যে খুব ভালো বক্তৃতা শুনেছি। শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় তার বক্তৃতা শুনে আমি খুব অনুপ্রাণিত হয়েছি। তিনি আজকে পুঁজিবাদের বিরুদ্বে বিদ্রোহ ঘোষণা করেছেন। তিনি আজকে সমাজতন্ত্রের পক্ষে বক্তৃতা করেছেন। খুব উপজীব্য বিষয় স্যার। এবং এটা মনে করিয়ে দিয়েছেন স্যার, গুরুত্বপূর্ণ কথা, আমি এটাকে কোন খাটো করে দেখতে চাই না।

[6.00–6.10 p.m.]

যে মনে করিয়ে দিয়েছেন দেশের সংবিধানে যা লেখা আছে, সোভারেল্ ডেমোক্র্যাটিক স্যোসালিষ্ট রিপাবলিক, যেটা প্রয়াত শ্রীমতী ইন্দিরা গান্ধী যুক্ত করেছিলেন কনষ্টিটিউশন অ্যামেন্ডমেন্ট করে স্যোসালিষ্ট কথাটা যুক্ত করেছিলেন, সেই স্যোসালিজ্মের কথা মনে করিয়ে দিয়েছেন। আমি খালি বলছি যে, শোভনদেববাবু যেটা মনে করিয়ে দিয়েছেন আপনাদের, স্যোসালিজ্মের কথাটা, বলছেন আপনারা এখন ক্যাপিটালিজ্মের পক্ষে দাঁড়িয়েছেন। আপনারা বলেননি, কিন্তু আমি ওঁকে বলছি যে, আপনি আগের দুটো কথা বাদ দিয়ে দিচ্ছেন-সোভারেন আর ডেমোক্র্যাটিক। এটা কনস্টিটিউশন

থেকে আপনি বাদ দিয়ে দিতে চাইছেন। ওরা স্যোসালিজ্‌ম বাদ দিতে চাইছেন, আপনি সোভারেন আর ডেমোক্র্যাটিক -এই দুটো আমাদের কনষ্টিটিউশন থেকে বাদ দিতে চাইছেন। এটাই হচ্ছে সমস্যা। আপনি পুঁজিবাদের বিরুদ্বে বলবেন, অথচ আন্তর্জাতিক লগ্নিপুঁজি, যেটা আজকে সমস্ত দুয়িাকে নিয়ন্ত্রন করছে, আপনি তার বিরুদ্বে বলবেন। আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম আন্তর্জাতিক লগ্নিপুঁজি, সাম্রাজ্যবাদ -তার চাপের কাছে আত্মসমর্পন করেছে ২০ বছর ধরে কেন্দ্রিয় সরকার। একটার পর একটা সরকার গেছে। যবে থেকে আমার দেশে শুরু হয়েছে এই নয়া উদারনীতি, যবে শুরু হয়েছিল ১৯৯১ সালে, ড. মনমোহন সিং -মাননীয় অর্থমন্ত্রী, শ্রদ্বেয় শিক্ষক- তার নেতৃত্বে যখন শুরু হয়েছিল, তখন থেকে আমরা আপত্তি করছি যে, এটা ঐ চাপের কাছে আত্মসমর্পণ করা হচ্ছে। বিশ্বায়ন, বেসরকারিকরণ এবং এল.পি.জি.- র বেলাও -এই এল.পি.জি. অর্থাৎ লিবারালাইজেশন। এটাকে আলাদা করা যায়না এবং চাপ যে হচ্ছে সেটা কে না জানে? ওয়াশিংটন থেকে কতবার উড়ে এসেছেন সব বিদেশীরা আমাদের এখানে। এখানে আমাদের মাটিতে দাঁড়িয়ে ঘোষণা করেছিলেন যে, শাবল দিয়ে তোমাদের সব টাইম কল ভেঙ্গে দেবো। যাতে করে আমাদের জিনিস এখানে ঢুকতে পারে। এইজন্য 'শাবল দিয়ে' -এই কথা বলেছিলেন। কে না জানে এখান থেকে আমাদের দেশের স্বাধীনতার ৬৪ বছর পরে আমাদের কেন্দ্রিয় মন্ত্রীসভায় কে মন্ত্রী থাকবেন, কে থাকবেননা, সেটা ওয়াশিংটন থেকে কমেন্ট হয় যে, ইনি আফগানিস্থানের ইরান থেকে পাকিস্তান হয়ে পাইপ লাইন আনার চেষ্টা করছেন। ইনি পেট্রোলিয়াম মিনিষ্টার থাকার দরকার নেই। এঁকে বদলে দাও। যে এদিক দিয়ে না এনে ওদিক দিয়ে আনবে। কে না জানে যে, ওরা এখানে কত চাপ সৃষ্টি করেছেন। আর কে না জানে সর্বশেষ যে, ওয়াশিংটন টাইমস, নিউইয়র্ক টাইমস্ ওয়াশিংটন পোষ্ট যখন প্রধানমন্ত্রীকে দুর্বল বলে, যখন প্রধানমন্ত্রীকে দুর্নীতিগ্রস্থ বলে, প্রধানমন্ত্রী শিরদারা সোজা করে দাঁড়াতে পারছেন না বলে, তখন প্রধামন্ত্রী হঠাৎ জীবিত হয়ে, পুনরুজ্জীবিত হয়ে দ্রুত দ্রুত খুব সংস্কার চান। আর সেই ওয়াশিংটন টাইম্‌স্ আর নিউইয়র্ক টাইম্‌স্ এবং তার পেছনে যে শক্তি রয়েছে, কেন আপনারা তার কথা উল্লেখ করতে আপত্তি করছেন? কিসের জন্য? কি কারণ? কেন আড়াল করতে চাইছেন? আমার সংশোধনীটা বাতিল করে দিয়ে কাকে আড়াল করতে চাইছেন? যাইহোক্, মুখ তো বন্ধ করতে পারবেন না। আমাদের গ্রামে স্যার একটা কথা আছে, সেটা হচ্ছে-এখন বোধহয় চালু নেই, আমি ঠিক জানিনা, আমার মা-ঠাকুমারা এটা বলতেন-ভাসুরের নাম ধরতেন না। দেওরকে, গালিগালাজ্ করতে পারতেন, কিন্তু ভাসুরের নাম ধরতে পারতেন না। ভাসুরের ওপরে রাগ হলে দেওরকে গালি-গালাজ করতেন। কিন্তু ভাসুরের নাম কখনো ধরতে পারতেন না। কিন্তু এই নামটা ধরতে কি অসুবিধা এই রেজলিউশনের মধ্যে, সেটা আমি বুঝতে পারছি না। মাননীয় অর্থমন্ত্রীকে আমি বলতে চাই, আপনি অনেক খুব গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছেন, শিক্ষনীয়। আমি কিছু জানি, কিছু জানতাম না, আপনার কাছে শুনলাম। পরে সুবিধা হবে। আমি জানি না, আপনাকে দেখে চিন্তা হচ্ছিল, আপনি যখন সি.আই.এ. এ. তে ছিলেন, তখন কি এই তথ্যগুলো দিচ্ছিলেন? কি দিচ্ছিলেন না? এটা গবেষণার বিষয়বস্তু। তখনও দিচ্ছিলেন, নাকি এখন -সেটা নিশ্চয়ই একটা ব্যাকগ্রাউন্ড হিসেবে সাহায্য করবে। আপনার অনেক অভিজ্ঞতা। আমরা তার থেকে শিক্ষা নেবো। স্যার, আমি

আপনাকে বলতে চাই, মাননীয় অর্থমন্ত্রীকে আমি বলতে চাই এটাই যে, ২০১১তে -আপনার যুক্তির পক্ষে দাঁড়িয়েই আমি বলছি যে, এই যে সব বলছে যে, এইসব হ'লে চাষীরা নাকি দাম পাবে, আর যারা ক্রেতা, তারা নাকি সব কম দামে জিনিস পাবে। এই যে বাজে কথা, এটা এফ.এ.ও. রিপোর্টেই বেরিয়েছিল তখন ফুড অ্যান্ড এগ্রিক লচারাল অর্গানাইজ শ্যান-Food and Agriculture Organisation. ২০১১ তে রেকর্ড ইনফ্লেশান হয়েছে ফুডগ্রেনে, খাদ্য শষ্যে, খাদা পণ্যে। কৃষি পণ্যে রেকর্ড ইনফ্লেশন হয়েছিল। ডাবল ডিজিট ইনফ্লেশান হয়েছিল। It is not simply inflation. It is a stagnation with inflation. You must not miss the wood for the trees and trees for the wood. I would humbly remind you because it was stagnation because growth rate কমে যাচ্ছিল যা ইন্ডিয়াতে হচ্ছে। অথচ ইনফ্লেশান বাড়ছে। যেটা ডাবল ডিজিট হওয়ার কথা ছিল গ্রোথ রেট সেটা এখন বলছে 12th প্ল্যানে ৫% হবে, কি হবে না। এখন চিন্তা হচ্ছে ওদের। চিন্তা মডেল বের করেছে। আর যেটা ইনফ্লেশান সেটা ডাবল ডিজিট হয়ে যাচ্ছে। This is what is stagnation and because of that stagnation এই তথাকথিত বড় বড় ওয়াল মার্ট থেকে আরম্ভ করে, ক্যারিফোর্ড থেকে আরম্ভ করে, টেক্সকো থেকে আরম্ভ করে এদের বিক্রিবাট্টা কমে গেছে। বিক্রিবাটটা কমে গিয়েছিল। আপনি মাথা নাড়ছেন দেখে আমি আস্বস্ত। বিক্রিবাটা কমে গিয়েছিল যে, আমি আপনাকে খেয়াল করিয়ে দিচ্ছি ২৫০টা এই রকম বড় রিটেল মোনোপলি পৃথিবীর, পৃথিবীর ২৫০টা -৯০টার টোটাল বিক্রির নেট সেল কমে গেছে। ৯০টার, নাইনটি। আর টোটাল যদি আপনি ২৫০টা ধরেন কমা -বাড়া এসব নিয়ে মাত্র ১.৩% ২০০৯ -এর রিসেসানের সময় মাত্র ১.৩% বেড়েছে। ১.৩% বেড়েছিল কিন্তু প্রফিট কমে নি। প্রফিটটা ২.৪% থেকে ২০০৮ এ, ২০০৯ এ ৩.১% -যে প্রফিটটা বেড়েছিল। বিক্রি কমে গেল প্রফিট বাড়ল ম্যাজিকটা কি? ম্যাজিকটা হচ্ছে কৃষক, তার কাছে থেকে বাধ্য করে কম দামে কেনা হয়েছিল। ঠিক যে রকম মাঝখানে মাননীয়া মুখ্যমন্ত্রী বাজার পরিদর্শন করার পরে কৃষকের কাছ থেকে কম দামে কেনা হচ্ছিল ঠিক সেরকমই প্রায় জোর করে বাধ্য করে কৃষককে কমা দামে বিক্রি করতে বাধ্য করা হচ্ছিল। আর তার পাশাপাশি, তার পাশাপাশি যারা শ্রমিক তাদের কম দাম দাওয়া হচ্ছিল। সেজন্যে তাদের আয় কমিয়ে দাম না বাড়ালে এই জিনিসটা সম্ভবপর হত না। স্যার, আমাকে নীল, লাল এতক্ষণ থেকে -আপনি টাইম দেখেছিলেন ঘড়ির !

মিঃ স্পীকার : আমি দেখেছি। আপনাকে ১৬ মিনিট বরাদ্দ করা হয়েছে। ৫.৫২ তে শুরু করেছেন। ৫.৫২ থেকে ৬.০৮ ।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : যাকগে। আমি জানি, আমি জানি যে আমরা জন্য একটু তাড়াতাড়ি লাল আলো জ্বলতে আরম্ভ করবে। আমি আপনাকে বলতে চাই, স্যার আমি আপনাকে বলতে

চাই যে এটা যেটা হচ্ছে, [***] (এই জায়গায় মাননীয় স্পীকার মহোদয়ের নির্দেশে রেকর্ড করা হয়নি।)*** .....(গোলমাল).....

মিঃ স্পীকার : এটা যাবে না। This will not go on record. This will not go on record. I have passed the ruling.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : [***] (এই জায়গায় মাননীয় স্পীকার মহোদয়ের নির্দেশে রেকর্ড করা হয়নি।)***

মিঃ স্পীকার : এটা যাবে না। This will not go on record. I have passed the rulling. You can not criticise that.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : [***] (এই জায়গায় মাননীয় স্পীকার মহোদয়ের নির্দেশে রেকর্ড করা হয়নি।) ***

মিঃ স্পীকার : This will not go no record. You can not criticise that.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এগুলো কথার কথা, কথার কথা মাঠে যাওয়ার কথা নয়। আপনাদের ক্ষমতা নেই প্রস্তাব দিয়ে ওয়ালমার্টকে রুখে দিতে পারবেন। কিন্তু বামপন্থীরা সমস্ত শক্তি দিয়ে.... (মাইক অফ)।

(তুমুল হট্টগোল)

(এই সময় মাননীয় বিরোধী দলের সদস্যগনণ সভা কক্ষ ত্যাগ করেন)

মিঃ স্পীকার : Now Hon'ble Chief Minister will delinea make her speech. Hon'ble Members', Hon'ble Chief Minister will make her speech.

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দু-এক জনের বক্তৃতা শুনলাম এবং শোনবার সৌভাগ্য হয়েছে। রাজনীতি করার জন্য রাজনীতি করতে গিয়ে আমি দেখলাম একদল তো পালিয়েই গেল আসেম্বলি থেকে। এত ভয় পেয়েছে। সত্যি কথা বলবার সাহস নেই। মিথ্যা কথা বলার দুঃসাহস বড় বেশী। মিথ্যা কথাটা অ্যাসেম্বলি বা পার্লামেন্টারি সিস্টেমে আন ডেমক্রেটিক অনেক সময় বলা হয়। তাই আমি বলি মিস লিডিং অফ দ্যা হাউস।

[6.10–6.20 p.m.]

And to distorted the facts. Distort করে অনেক কথাই বলে গেলেন। বলতাম না, যদি তারা প্রশ্নটা অবতারণা না করতেন। এই issueটা আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ issue এবং সারা ভারতবর্ষের বুকে আমি মনে করি সারা ভারতবর্ষের মানুষের মনের কথা যদি কেউ প্রথম

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

বুঝে থাকে সেটা হচ্ছে তৃণমূল কংগ্রেস এবং আমাদের পশ্চিমবঙ্গের মানুষ, আমাদের মা-মাটি-মানুষ, আমরা সবার ঘুম ভাঙিয়েছি এবং সেই ঘুম ভাঙানোর গান সারা দেশে আজ শুরু হয়েছে। আমি জানি না বামপন্থী বন্ধুরা সাম্রাজ্যবাদ সাম্রাজ্যবাদ নিয়ে চিৎকার করছেন, সাম্রাজ্যবাদ বলে তো ৩৫টা বছর পেরিয়ে এলেন, ক্যাশ এ্যান্ড কারি কি সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, প্লাসে না মাইনাসে? কারা করেছিলেন, কারা করেছিলেন এই বাংলায়? বড় বড় কথা বলছেন। যখন কিছু বলতে হয়, মন দিয়ে শুনতেও হয়। যে কথাগুলো বললাম কতটা ঠিক বললাম কতটা বেঠিক বললাম। সুযোগ নেই। কারণ ভয়ে পালিয়েছে আগেই। ভূতের মুখে রাম নাম। তৃণমূল কংগ্রেস বামপন্থীদের কাছে বিশেষ করে তথাকথিত বামপন্থী, আমি বামপন্থার বিরুদ্ধে নই। আমরা লেনিনকেও সম্মান করি, মার্কসকেও সম্মান করি কিন্তু আমরা গান্ধীজীকেও সম্মান করি, নেতাজীকেও করি, রবীন্দ্রকেও করি, নজরুলকেও করি। আমরা মনে করি যেটা পৃথিবীতে ভালো, ভালো জিনিসকে গ্রহণ করবার অধিকার আমাদের সবার আছে। কিন্তু আমরা এরকম রাজনীতি করি না। Haves, আর haves not -এর কথা বলব, আর যখন সময় এলো তখন haves -এর কথা শুধু মনে রাখবো haves not -দের কথা ভুলো যাবো। Das Capitalটা dustbin-এ ফেলে দেব। This is called সাম্রাজ্যবাদ? জিজ্ঞেস করুন কমরেডদের, কমরেড। আমিতো Assembly -র কাগজ put up করছি, it is not that আমি ভেবেছিলাম বলব না, পার্থদারাই বলে দেবেন, অমিতদারা হয়তো ভালো বলেছেন, রাজীব ব্যানার্জী বলেছে-আমার বলার ইচ্ছেও ছিল না। কিন্তু ভুল তথ্য শুনতে শুনতে মনে হল একটুকু বলি। কারণ subjectটাতে important সারা ভারতবর্ষের মানুষ এই ইস্যুতে আমাদের সমর্থন দিয়েছেন। I salute to my মা-মাটি-মানুষ thtroughout the country, বাংলার মানুষ পথ দেখিয়েছে, সারা ভারতবর্ষের মানুষ এই জায়গাটাতে আমাদের স্বপ্ন, আমাদের শিখিয়েছেন এগিয়ে যেতে। ৩৫ বছর ছিলেন বামপন্থী বন্ধুরা ঘুম ভাঙেনি, বোধদয় হয়নি। আপনাদের যদি বোধদয় না হয় আমরা কি করতে পারি, আপনাদের কোনোদিনই ঘুম ভাঙেনি, আপনাদের জীবনে উন্নয়নের সকাল হয়নি, প্রগতিশীলতার সকাল হয়নি, সাধারণ মানুষের কথা বলবার সকাল হয়নি। মাত্র একবছর চারমাস-পাঁচমাসের মধ্যে আমাদের সেটা হয়েছে। তার কারণ আমরা মনে করি ক্ষমতার যখন থাকবো না সেদিনও যা বলেছি আজও তাই বলব, this is called transperancy, this is called accountability, this is called credentials. জিজ্ঞেস করুন কমরেডদের, কমরেড? তৃণমূল কংগ্রেসের কেউ কেউ আমি শুনছি ম্যানিফেস্টো টাইপ করে নিয়ে বাইরে থেকে, ভুল পাতা টাইপ করে নিয়ে, এবার তো কবে দেখব আমার ছবির পাশে আর একজনের ছবি বসিয়ে দেবে, তাও হচ্ছে বাজারে। ছবি বসিয়ে কাউকে কাউকে দিয়ে বাজারে বিকৃত করে বিক্রি করা হয়েছে। এভাবে মানুষকে ম্যালাইন করা যায় না। DNA test করে দেখুন না। একটু DNA test হবে, বলুন? Let them accept the challenge, জিজ্ঞেস করুন কমরেড? এটা আমি একটা ২০০৭-এর স্যার, ১৯শে ডিসেম্বর, বুধবার, আশা করি এটা আমার কাগজ নয়, assembly -র কাগজ যদি কারো কোনো challenge করার থাকে আমি এটা স্পীকার মহাশয়কে টেবিলে দিয়ে দেব। আমার বক্তৃতার পরে আমি আমার পরিষদীয় দলের মন্ত্রীকে বলব to submit it to the Hon'ble Speaker. পার্থ চ্যাটার্জী ২০০৭ সালের ১৯শে ডিসেম্বর একটা resolution, প্রস্তাব এনেছিলেন, তাতে এই ইস্যুগুলোই ছিল। তখন তো

বামপন্থী বন্ধুরা আপনারা শাসন ক্ষমতায় ছিলেন, আজকে বড় বড় কথা বলছেন? তখন এই প্রস্তাবের পক্ষে ভোট দিয়েছিল কতজন? ২৩ জন। কারণ আমাদের ৩০ জন মাত্র ছিল। আর প্রস্তাবের বিপক্ষে ভোট দিয়েছিল ৮৭ জন। তারা কারা -total সি পি এম, বামফ্রন্ট গ্রুপ। কোনো support করেননি সেদিন? কেন করেননি? আজকে ২০০৯ দেখাচ্ছেন? এটা ২০০৭। ২০০৭ সাল থেকে যে কথা বলেছি, same কথা আজও বলা হচ্ছে। This is called তৃণমূল কংগ্রেস. This is called আমাদের stand. মানুষকে মিথ্যে কথা বলা, আর হঠাৎ করে, ক্ষমতায় থাকলে তো সাংবাদিকদের সঙ্গে তিনি নাকি কথাই বলতেন না। আর ক্ষমতায় নেই বলে বকর বকর বকর, বকর, ওক্ বক্ বক্ বকম বকম পায়রা -প্রতিদিন television পাচ্ছে, আর ফেস পাওডার মেখে সব চলে যাচ্ছে, বিনা পয়সায়। TV গুলো তো পয়সা নেয় না। বিনা পয়সায় তাদের মুখ দেখাচ্ছে। ভাবছে আমায় কত সুন্দর দেখতে লাগছে! একবারও ভাবেনি। হরিণ, ভাবে কি হরিণ। যে আমি মুখটা লুকিয়ে রাখি, আমার শরীরটা কেউ দেখতে পাচ্ছে না। এরাও ভাবছে তাই। আমি যা বলছি, লোকে তাই বিশ্বাস করছে। কত দেখেছে ৩৪ বছর, আর কি দেখতে চায় মুখ।

এত দুঃখ ওদের, মুখ দেখাবার জন্য যেন বসেই আছে। এমন অবস্থা। আমি এটা স্পীকার মহাশয়ের হাতে দেওয়ার জন্য পার্থ চ্যাটার্জীকে অনুরোধ করছি। দুই, কে ছিল, সিভিল এ্যাভিয়েশান ট্রান্সপোর্ট কমিটির চেয়ারম্যান, স্ট্যান্ডিং কমিটির? যার সময়ে সিভিল এ্যাভিয়েশান সম্ভবতঃ ৪৯ পারসেন্ট, এটা ২৬ পারসেন্ট বা ৪৯ পারসেন্ট একবারেই আমার সবটা মনে পড়ছে না, সম্ভবতঃ, সেইজন্য আমি একটা ওপেন রাখলাম। কার সময়ে? সিভিল এ্যাভিয়েশান হু ওয়াজ দি চেয়ারম্যান অফ দি পার্লামেন্টারী স্ট্যান্ডিং কমিটি। যার আমলে সমস্ত সিভিল এ্যাভিয়েশানে এফ ডি আই ঢুকেছিল, কার আমলে? হু ইজ দ্যার্ট সি পি এম লিডার? শেখাচ্ছে আমায়! আমি কারোর নাম বলছি না। আমরা ঈশারায় কাফি। জিজ্ঞেস করুন ফার্স্ট। চ্যারিটি বিগিনস এ্যাট হোম। আপনারা সব করে দিয়ে এসেছেন। কি করেননি? ক্যাশ এ্যান্ড কারী কার পর? আমাদের আমলে তো হয়নি। কারা করেছিলেন? কারা করেছিলেন জিজ্ঞাসা করুন। আর আজকে বড় বড় কথা। সাম্রাজ্যবাদ ঢোকাতে হবে। আমি বুঝি না। সাম্রাজ্যবাদ কি সমাজবাদ। আমি বুঝি জনগণকে নিয়ে চলতে হবে। সাধারণ মানুষ যেটা বোঝেন, সেটাই সব বাদ। যা আমার দেশের মাটিতে সব কিছু আছে। আমি বিদেশের মাটি থেকে কোন কথা ধার করতে চাই না। আই স্যালুট টু মাই পিপল। আই স্যালুট টু মাই মাদারল্যান্ড। যেটুকু শিক্ষা-দীক্ষা এই বাংলার মাটিতে আমাদের হয়েছে, নাইবা শিখলাম বড় শিক্ষা। নাইবা পেলাম বড় দীক্ষা। যেটুকু কাজ করতে করতে শিখেছি, দেশের মাটিতে এসে দাঁড়িয়ে আপনাদের কাছে এ্যাডভাইস নেব না। চোরা না শোনে ধর্মের কাহিনী, প্রবাদে আছে। কথায় আছে, ঐ যে ভাসুর ভাসুর বলছিল না, আমি বলি ঝিকে মেরে বৌকে শেখানোর আর একটা কথা আছে, জানেন তো! কি বলছিলেন, কিছু তো ঢুকলেই না মাথায়! সাম্রাজ্যবাদ ঢোকাতে হবে। কেন, আপনি সাম্রাজ্যবাদ বিশ্বাসী, আমি সমাজবাদে বিশ্বাসী। আপনি কি আমাকে ইডিওলজি বুলডোজ করবেন, না ইমপোজ করবেন? আমি তো এখনও বলি, আমি দাস ক্যাপিটাল ভালবাসি। বলতে পারেন না, গান্ধীজীকে ভালবাসেন। ৩৫ বছর লেগে গেল বলতে, স্বামী বিবেকানন্দর নাম উচ্চারণ করতে? রবীন্দ্রনাথ ঠাকুরের নাম উচ্চারণ করতে? কারা করেছিল সহজপাঠ বাতিল? কই, আমরা তো

একবারও বলিনি, এতদিন ধরে রাজনীতি করে যে লেলিনকে বাতিল করে দাও, মার্কসকে বাতিল করে দাও। আমরা বলেছি সবাইকে সম্মান দেব। যে যতটুকু সম্মানের। বাট, আমার দেশের মাটি, একটা বাচ্ছা জন্মালে প্রথম মা বলতে শেখে তারপর মাসী বলতে শেখে। এইজন্যই মা-আম্মা এই শব্দটা এত পরিচিত। এত প্রয়োজনীয়। ভাষণ দিচ্ছে। তথ্য যদি ভুল হয়, সত্যতো বেরুবেই। ২০০২। ২০০১তে রেজিগনেশান করে এন ডি এ থেকে আমরা চলে এসেছিলাম। দে শুভ নট অর ট্রুথ? এন ডি এ যখন ডিসিসান নিয়েছে, কোন ডিসিসান আমরা করতে দিইনি যতদিন আমরা ছিলাম। তার কারণ আমরা অলওয়েজ পাবলিকের জন্য বলি। কংগ্রেস আমার উপর রাগ করে, কি করতে পারি। আমি তো কংগ্রেসের কাছে স্যার, কোন গভর্ণর চাইনি, কোন কোর্ট এর জাজ চাইনি, কোন হিউম্যান রাইটস কমিশনের মেম্বার চাইনি। মানিরিটি কমিশনের মেম্বার চাইনি। কোন রাজ্যসভার নমিনেটেড মেম্বার চাইনি। এমন কি আজকে তিন বছর হয়ে গেছে, দুঃখের সঙ্গে বলছি স্যার, পার্লামেন্টারী পার্টিতে আমাদের ১৯জন, একজন আমাদের সাপোর্টেড মেম্বার ২০জন, আরো আছে আমাদের রাজ্যসভায় ৯জন; ২৯জন মেম্বার থাকা সত্ত্বেও আজও পার্লামেন্টে আমার একটা পার্টি অফিস পাইনি, যা লালু প্রসাদ যাদবের ৫ জন মেম্বার তারা পেয়েছে, আমরা পাইনি। কোনদিন চাইনি। কোনদিন বলতে পারবে না। সে এন ডি এ হোক, আর ইউ পি এ টু হোক। যা আমরা কোন ব্যাপরে একটি পয়সাও চাইতে গেছি। কোন মেম্বার চাইতে গেছি। কোন জায়গা চাইতে গেছি। আইনতঃ যা সম্ভব প্রত্যেক পার্টির ক্ষেত্রে সেটুকুও আমরা পাইনি। কই আমরা তো চাইনি, প্রয়োজন নেই।

আমরা সাধারণের থেকেও বেশী সাধারণ হয়ে থাকতে চাই। এটাই মানুষ চায়। এবং সেইজন্য আমরা চেষ্টা করেছি, সাধ্যমত স্যার। ২০০২এর ডিসেম্বরের কথা বলছেন, ২০০২ এর ডিসেম্বরে আমরা কোথায়? আপনার তো মনে আছে যে আমি বিধানসভার ইলেকশান ২০০১ হয়েছিল, ইলেকশানের আগে আমরা রেজিগনেশান করে বেরিয়ে এসেছিলাম। সম্ভবতঃ মার্চ মাসে। আফটার বাজেট, বাজেট পাসও হয়নি, বেরিয়ে এসেছিলাম। কাজেই মিথ্যে কথা দিয়ে গল্প তৈরী করে, কাসুন্দি তৈরী করতে গেলে টাইম লাগে। কাসুন্দি তৈরী করা অতসহজ নয়, রোদ্দুরে দিতে হয়। মসলা ঠিক মতন মাখাতে হয়। কাসুন্দিও তৈরী করতে পারেনা, এমন কাসুন্দি তৈরী করে গেল যে পুরোটাই তেঁতো হয়ে গেল। কাসুন্দিটা পযন্ত তৈরী করতে জানে না। একটা চরচরি তৈরী করতে গেলে তো সমানভাবে জিনিস দিতে হয়। আরে রান্নাটাও তো চাট্টিখানি কথা নয়, নুন বেশী দিয়ে দিলে একটুও খেতে পারবেন না। নুন না দিয়ে শুধু মিষ্টি দিয়ে দিন কিচ্ছু ঢুকবে না, খেতে ইচ্ছা করবে না।

[6.20–6.30 p.m.]

খেতে ইচ্ছে করবে না। তো সবকিছুরই একটা পরিমাপ বলে জিনিস আছে, পরিভাষা বলে একটা জিনিস আছে। এইসব করার পরে বড় বড় ভাষণ দিচ্ছেন—সাম্রাজ্যবাদ কেন ঢোকোন নি, তাই সমর্থন করবো না। এটা কি সত্যি না ওয়ালমার্টের সঙ্গে গোপন চুক্তি করে রেখে দিয়েছেন, কোনটা সত্যি, এটা আমি জানতে চাই। আমি কংগ্রেসী বন্ধুদের কিছু বলতে চাই না, তার কারণ হচ্ছে আমি

শুনেছি কিছু কিছু যে তারা আজাকে অনেক কথা বলেছেন। আমি মনে করি ক্ষমাই পরম ধর্ম। আমরা একসাথে কাজ করে এসেছি। সুতরাং আমি তাদের একটা কথারও কোনো বাজে মন্তব্য করতে চাই না। তারা কি করবেন। তাদের আবার অল ইন্ডিয়া বড় বড় পার্টি। আমরা ছোট পার্টি। আমরা ডিসিসান এখান থেকে নিতে পারি, তারা নিতে পারেন না। আমি তাদের দোষ দিচ্ছি না। এটা তাদের ডিউটি। আমাদের ডিউটি আমাদের কাজ করা। হ্যাঁ, আমরা তিন বছর ছিলাম, আমরা পাঁচ বছর থাকবো বলেই ঠিক করেছিলাম স্যার। কিন্তু যখন দেখলাম সব বাধা, এত চেষ্টা করেও পারলাম না করতে। আমার কিছু করার নেই। এরজন্য আমরা যে খুব মানসিক সুখি তা নই। কিন্তু যেহেতু মানুষের কাছে কমিটমেন্ট করছিলাম তাই সহ্য করেছি। বিশ্বাস করুন স্যার, আমরা কেউ ছেড়েও আসতাম না। কিন্তু আমাদেরও তো কতগুলো ম্যানিফেস্টো দাবি আছে। আমরা কিছু চাইনি ই উ পি এ টু সরকারের কাছে। কিন্তু আমরা বলেছিলাম -রোজ রোজ জিনিসের দাম বাড়িও না। প্রতিদিন ডিজেলের দাম বাড়লে সকালে ঘুম থেকে উঠলে আমাদের আতংক হত। বারবার ডিজেলের দাম বাড়লো, পেট্রোলের দাম বাড়ালো, এল পি জি। আজকে মিড ডে মিলের খোঁজ নিন তো স্যার-বাচ্চারা যে মিড ডে মিল খায়, একবারও ভেবেছেন, কেউ তিনটে করে মিড ডে মিল মাত্র তারা পাবে। তারপরে তারা কি করবে- তিনটে করে মিড ডে মিল কিনতে হবে, ৬টা করে, বারোটা করে। একটা মিড ডে মিলের দাম কত, আমাদের তো গরীব সরকার। চাল কেনার পবয়সা নেই। তাহলে আমরা মিড ডে মিল কিনবো কোথা থেকে, মিড ডে মিলের গ্যাস? তাতে কয়েক হাজার কোটি টাকা লাগবে। কেরোসিন থেকে শুরু করে সবকিছুরই। একটা বাড়িতে মিনিমাম আমি বলেছিলাম- তোমরা একসাথে কেন এইসব করতে যাচ্ছো- কেউ বললেন ৬টা গ্যাসে নাকি চলে যায়! আমি তো নিজেও একটু রান্নাবান্না করতে ভালোবাসি। মিনিমাম ২-৩ জনের পারিবার হলে মাসে দুটো গ্যাস লাগে, দুটো গ্যাস লাগে। যান, বাড়িতে গিয়ে মা-বোনেদের জিজ্ঞেস করুন, মিনিমাম দুটো গ্যাস লাগে। আমরা বলেছিলাম বারো দু গুণে চব্বিশটা করে দিন। তা না করে কি করলেন-হাজার হাজার কোটি টাকা মানুষে ওপরে চাপিয়ে দিলেন। কেন? একদিনে কি এমন ঘটলো আমি জানতে চাই- আজও আমার কাছে রহস্য, অন্ধকার। আজও আমি চাবি খুঁজে পেলাম না এই রহস্যের। একই দিনে চারটে বড় বড় পাবলিক সেক্টার ডিসাইনভেষ্টমেন্ট। হ্যাঁ স্যার আমি বুঝি। কখনো গভর্ণমেন্টের টাকা নেই। হয়তো দুটোকে একসাথে মার্জার করে দিচ্ছে। এমপ্লয়িদের কোনো প্রবলেম হল না। এবং তাদের কোনো অসুবিধা হল না। কিন্তু সরকারের টাকা কিছুটা বাঁচলো। আমাদের যেখানে টাকা নেই আমাদের কখনো কখনো এগুলো ভাবতে হয় কাজ করতে গেলে। কর্মীদের অসুবিধা হল না, আমি দুটো একসঙ্গে মার্জার করে দিলাম। আমাদের ভাবতে হয় কখনো কখনো কর্মীদের দিকে তাকিয়ে যে তাদের যাতে কোনো অসুবিধা না হয়। কিন্তু এমন কি ঘটলো এক দিনে, এক দিনে ডিজেলের পাঁচ টাকা দাম বৃদ্ধি, সমস্ত গ্যাস, এল পি জি উইড্র। সমস্ত ডিজেলের দাম পাঁচ টাকা বেড়ে গেল, আর রিফাইন্ড ডিজেলে তো ১৯টাকা বেড়েছে। সেটা তো অনেকে জানে না, ১৯টাকা বেড়েছে। তারপরে এফ ডি আই রিটেল খুচরো মার্কেট থেকে শুরু করে একইদিনে গাদা গাদা গাদা গাদা এইসব দুঃস্বপ্নমূলক সিদ্বান্ত। কেন? কি প্রয়োজন ছিল? কেউ কেউ বলছে আমরা আলাচনা করেছি। কোথায় আলোচনা? প্রণবদা রাষ্ট্রপতি ভারতবর্ষের । সেদিন তিনি নেতাজি ইন্ডোরে ছিলেন, আমরাও ছিলাম। আমরা একটা সিভিক রিসেপশানের আয়োজন করেছিলাম। আমি

সেখান থেকে ফিরে আসছি, তখন একজন সাংবাদিক বন্ধুর ম্যাসেজ পেলাম যে এইরকম এইরকম করে দিয়েছেন। আমি বললাম সেকি, আমরা তো এইসব কেউ জানি না। তাই আমি ভাবলাম হয়তো নিশ্চয় কাউকে কাউকে বলার জায়গা আছে। আমি এই প্রথম ইউ পি এ চেয়ারপার্সনের কাছে জানিয়েছিলাম যে দেখুন এগুলো আমাদের পক্ষে মানা সম্ভব নয়, আমরা আপনাদের বারবার বলেছি। একসময় দ্বিনেশ ত্রিবেদী যখন ক্যাবিনেটে ছিলেন তাকে ক্যাবিনেটে নিয়ে আলোচনা করার চেষ্টা হয়েছিল। দ্বিনেশ ত্রিবেদী ক্যাবিনেট থেকে ওয়াক আউট করেছিলেন। জেনে রাখুন স্যার এইগুলো। আমরা কখনই এই জিনিস সাপোর্ট করি না। আমি তো অন্য কিছু চাই না প্রো পিপল আমাদের পার্টি. উই আর অফ দ্য পিপল্ বাই দ্য পিপল, ফর দ্য পিপল। আমাদের কিছু ডিসিসান থাকে যেটা আমরা ম্যানিফেস্টো বলি যে দেখুন আমরা যদি গভর্ণমেন্টে আসি এই জিনিসগুলো আমরা করবো না। সেই জিনিসগুলো যখন আমাকে দেওয়ালের শেষ জায়গায় দাঁড় করিয়ে দেয়, সেই জিনিসগুলো যখন সব লক্ষণরেখা পার করে দিয়ে চলে যায়, তখন আমি মানুষের কাছে প্রতিশ্রুতিবদ্ধ। আমি কোনো রাজনৈতিক দলের কাছে প্রতিশ্রুতিবদ্ধ নই, আমি মানুষের কাছে প্রতিশ্রুতিবদ্ধ, আমি সংবিধানের কাছে প্রতিশ্রুতিবদ্ধ, আমি গণতন্ত্রের কাছে প্রতিশ্রুতিবদ্ধ, আমি মা-মাটি-মানুষের কাছে প্রতিশ্রুতিবদ্ধ। তাই সেখানে আমাদের সিদ্ধান্ত নিতে হয় এবং সেই সিদ্ধান্ত আমরা নিয়েছি সাপোর্ট উইথ ড্র করার। ইউ.পি.এ-২ তাদের নতুন বন্ধু খুঁজে নেবে এবং খুঁজেও নিয়েছে। রাজনৈতিক লড়াই, রাজনৈতিক সৌজন্যের মধ্যে দিয়ে হওয়া উচিত বলে আমরা মনে করি। তা না, কদিন ধরে বড্ড বড় বড় ভাষণ দিচ্ছিলেন কেউ কেউ। যেন খুব খুশী হয়, আমরা কেন্দ্রীয় সরকার ছেড়ে বেরিয়ে আসলে। তারা রেগুলার বলত, চলে যাচ্ছেনা কেন, চলে যাচ্ছেনা কেন। যেন আমরা দয়া করে ওখানে পড়ে আছি। তৃণমূল কংগ্রেস কারোর দয়ায় রাজনীতি করে না। মানুষের দয়ায় রাজনীতি করে এবং বাংলার মানুষের দয়ায় রাজনীতি করে। আমরা জানি আমরা কি? আমাদের লিমিটেশান আছে ক্ষমতার মধ্যে এবং আমরা জানি আমাদের সীমারেখা কতটা। তাই এসব সিদ্ধান্ত আমরা মানতে পারিনি। আজকে সিপিএম জ্ঞান দিচ্ছে। তারা তো এই রকম অনেক রেজিলিউশান আমাদের বিরুদ্ধে করেছে। আমরা যখন কংগ্রেস করতাম তখনও করেছে। সেসব ভুলে গেলেন হঠাৎ। হঠাৎ মনে পড়ল নাটক করতে হবে। আর পাউডার মেখে টি.ভি-র সামনে বসে পড়ছে. ভাবছে কি সুন্দর দেখতে লাগছে। ভাবছে টি.ভি-তে যা বলছে সেটাই জ্ঞান। সবাই সেটা শুনবে আর জ্ঞান অর্জন করবে। না, আমরা সেই জ্ঞান শুনতে রাজী নই। সি পি এম বন্ধুরা একথা কখনো ভাববেন না, যে ইউ.পি.এ -টুর বন্ধুদের সাথে আমাদের ঝগড়া হল বলে, আপনাদের সাথে আমরা ভাব করতে বসে আছি। আপনাদের সাথে আমাদের আদর্শগত লড়াই ছিল। আর সে লড়াই ছিল, আছে এবং থাকবে। Don't forget your atrocities, আগে এতো টি ভি ছিলনা, তাই মানুষ দেখতে পারেনি, জানতে পারেনি। আপনারা হাজার হাজার মানুষকে খুন করেছেন, অত্যাচার করেছেন। তাই পরিস্কার বলি, নীতির লড়াইয়ে কোন কম্প্রোমাইজ আমরা করবো না। পার্থ চ্যাটার্জ্জী যে রেজিলিউশান নিয়ে এসেছেন - যেহেতু হাউসে সময়ের একটা ব্যাপার আছে, স্যার, আপনার কাছে আমি কৃতজ্ঞ আপনি আমাকে সময় দিয়েছেন বলে, মেম্বারদের কাছে আমি কৃতজ্ঞ তারা শুনছেন বলে। আমি আপনাদের আবার বলি, আমরা মনে করি জনগণের ইস্যুগুলোকে মর্যাদা দেওয়া উচিত। একজন আসতে আসতে আমাকে বলছিলেন, রেলের ভাড়া

বেড়ে গেছে। আরে রেলতো এখন আর আমাদের কাছে নেই! হ্যাঁ ভারতীয় রেল, জনগণের রেল, দেশের রেল, সেটা ঠিক আছে। আর যেটা বেড়েছে সেটার ব্যাপারে আমি শুনছি—কেউ বলছেন সার্ভিস ট্যাকস, কেউ বলছেন লেভি ট্যাকস্, আবার কেউ বলছেন ভাড়া। আমি এখনো ডিটেইলস রিপোর্ট এই ব্যাপারে পাইনি। যদি এটা সার্ভিস ট্যাকস হয়, আমাদের সময় অনেকবার তা বাড়াতে চেয়েছিল, আমরা তা আটকে দিয়েছি। আমরা এখন নেই, ওদের এখন প্রচুর টাকার প্রয়োজন, ওরা বাড়াতেই পারে। একটা কথা আছে না, বিনাশ কালে বুদ্ধি নাশ। করি। একবারও আমরা বুঝতে পারছি না জনগণের কি হবে? শুধু বলছে এত টাকা আমাদের সাবসিডি দিতে হচ্ছে, সরকার এত টাকা কোথা থেকে পাবে। ঠিক কথা, তোমরা এটা নিয়ে আগে ভাবোনি কেন? কেউ কেউ বলছেন, তাহলে স্টেট গর্ভণমেন্ট কেন তিনটে এল.পি.জি দিচ্ছে না? তিনটে কেন, আমি সাবসিডি দিয়ে ত্রিশটা দেব, চব্বিশটা দেব, প্রভাইডিং ইনকাম ট্যাকস্, কর্পোরেট ট্যাকস্, ইনফ্রাস্ট্রাকচারাল ট্যাকস্, সার্ভিস ট্যাকস্, কাস্টমস ট্যাকস্, স্টেট থেকে যত ট্যাকস তুলে নিয়ে যান কেন্দ্রীয় সরকার leave it to the State Govt, আমরা দেব। আমাদের সাবসিডি আমরা দেব। ২০১০ সালে আপনাদের রাজ্য সরকারের সঙ্গে কথা বলে করেছিল, তখন আমরা ক্ষমতায় ছিলাম না। তখন সারের দাম সাড়ে তিন পার্সেন্ট বাড়িয়ে দিয়েছিল। আর সেদিন কংগ্রেসেরও অনেক বন্ধু এলাকায় এলাকায় মিছিল করে বলেছে আমরা নাকি সারের দাম বাড়িয়েছি। আমরা সারের দাম এক পয়সাও বাড়ায়নি। আমি হাউসে চ্যালেঞ্জ করে একথা বলছি, Anybody can bring the privilege motion against me if I am wrong. আমরা করিনি, সেন্ট্রাল গর্ভণমেন্ট করেছে ২০১০ সালে, লেফট ফ্রন্ট মিনিস্ট্রি ছিল তখন এখানে। আমাদের সময়ে কিছু করলে আমরা সঙ্গে সঙ্গে ধরি। ২০১০ সালে সারের দাম বাড়িয়েছে। তারপর আবার সারের দাম বাড়িয়েছে। গতকাল ইউনিয়ন ক্যাবিনেট মিনিস্টার শারদ পাওয়ারজি এখানে এসেছিলেন, তাকে আমি বলেছি, রিকোয়েস্ট করেছি এবং আপনি শুনলে খুশী হবেন, আমরা শুধু রেজিলিউশান আনি তাই নয়; আমরা প্রতিবাদ করি, কাজও করি! পার্থদা ইন্ডাস্ট্রির ব্যাপারে আমার কাছে এসেছিল, এতবেশী আইন থাকলে আইনি কচকচানির জন্য ইন্ডাস্ট্রি হতে পারে না। আগে ৯৯টা ধারা ছিল, সেটা কমিয়ে আমরা সাতটা করে দিয়েছি এবং সিঙ্গল উইন্ডো সিস্টেম করেছি। আমি কালকে বলতে বলতে বললাম, দেখুন ইন্ডাস্ট্রিতে যদি একটা সিঙ্গল উইন্ডো সিস্টেম হয়, তাহলে এগ্রিকালচারে কেন হবে না। আজকে এগ্রিকালচারে আমরা সিঙ্গল উইন্ডো সিস্টেম স্টার্ট করে এসেছি। সিস্টেমটা কি? ধরুন, একজন কৃষক সে এগ্রিকালচার ডিপার্টমেন্টের আন্ডারে পড়ে, তাকে কিষাণ ক্রেডিট কার্ড দিতে হবে। সেটা ন্যাবার্ড দেয়, ব্যাঙ্ক দেয়। কৃষকটা এগ্রিকালচার ডিপার্টমেন্টের, আর ব্যাঙ্ক লোন দেয় সেটা ফিনান্স ডিপার্টমেন্টের। আবার সব্জিগুলো হচ্ছে হর্টিকালচার ডিপার্টমেন্টের। আবার এর মধ্যে মৎস্যজীবিরাও আছেন, সেটা হচ্ছে আবার ফিশারীজ ডিপার্টমেন্টের।

[6.30–6.40 p.m.]

আবার দেখুন কো -অপারেশান, যারা কো-আপারেটিভ ব্যাঙ্ক লোন দেয়, তারা আবার একটা আলাদা ডিপার্টমেন্ট। ফুড ডিপার্টমেন্ট যারা খাদ্য প্রোকিওর করে। এইসব নিয়ে আমরা বললাম যে একটা সিঙ্গেল উইন্ডো সিস্টেম থাকা উচিৎ এবং তিন মাস পর পর যদি মিটিং করে স্টক টেকিং

করা যায়, যেমন স্যার, আপনি শুনলে খুশি হবেন যে আমি প্রতি ১৫দিন পর পর আমি এখানে অ্যাগ্রো মার্কেটিং মিটিং করি। তাতে আমি ট্রেডার্সদের ডাকি, আমি এখানে ছোট দোকানদারদের ডাকি। আমি সব্জী বিক্রেতাদের যে রিপ্রেজেনটেশান আছে তাদের ডাকি। পুলিশকে ডাকি, এনফোর্সমেন্টকে ডাকি এবং ডেকে প্রতি ১৫দিন অন্তর অন্তর মিটিং করি। তাই এখানকার মার্কেটটাকে কন্ট্রোল রাখতে পারি। অনেক খাটতে হয় কিন্তু করি মানুষের জন্যে। এই জন্যে আমরা আজ থেকে পশ্চিমবাংলায় একটা সিঙ্গেল উইন্ডো সিস্টেম চালু করবার পলিশি নিয়েছি। গতকাল বলেছি কেন্দ্রীয় মন্ত্রীর সামনে যে তাদের করবার জন্যে কেন্দ্রীয় লেভেলে এবং আজ থেকে আমরা স্টার্ট করেছি। এই কো-অর্ডিনেশানটা মনিটরিং করে অসংগঠিত শিল্পে আমরা কাজ করবো। স্যার, কিছু মানুষ তো আছে, গরীব মানুষ। সেইজন্যে তো বলি আমরা অসহায়, আমরা নিপীড়িত বলি, আমরা বঞ্চিত বলি, আমরা শোষিত বলি, আমরা লাঞ্ছিত বলি, আমরা উৎপীড়িত বলি, আমরা উৎকণ্ঠিত বলি। কেন বলি? কারণ একটাই সব পরিবারে সবাই সমান হয় না। একটা পরিবারে সাতটা ভালো লোক হয়, একটা চোর ডাকাতও হয়। তেমনি একটা পরিবারে জেনে রাখবেন চারটে ভালো সুস্থ ছেলে মেয়ে হয়, একটা ফিজিক্যালি হ্যান্ডিক্যাপও হতে পারে। আমার পাঁচটা আঙুল সমান নয়, পাঁচটা আঙুল সমান না, দেখুন স্যার, ব্যাঁকা, ছোট, বড় আছে। সুতরাং সব রকমের মানুষ নিয়েই চলতে হয়। কেউ ভালো, কেউ খারাপ। তার মধ্যেই আসল জিনিসটা বের করে নিতে হয়। কাজেই এই অবস্থার মধ্যে দিয়ে আমরা বলি, যারা গরীব, যারা সাধারণ মানুষ তাদের আমাদের হেল্প করতে হবে। ওয়াল মার্ট, আমেরিকায় খোঁজ নিন। ইউ.এস. গভর্নমেন্ট নিজে ওয়াল মার্টকে ইনস্ট্রাকশান দিয়েছে, ৬০ পার্সেন্ট ডোমেস্টিক প্রোডাক্টস তোমাকে প্রোকিওর করতে হবে অর্থাৎ তারা নিজেরাই নিশ্চিন্ত নয়, যে ওয়াল মার্ট সব বিজনেস যদি বাইরে ছেড়ে দেয় তাহলে কি করে ওখানকার লোকেরা দাঁড়াবে? তার নিজের দেশ বলছে, তুমি ৬০ পার্সেন্ট প্রোকিওরমেন্ট করবে ফ্রম ডোমেস্টিক প্রোডাকশান। আর আমাদের এখানে যা ছিলো, ৩০ পার্সেন্ট রেস্ট্রিকশান ছিলো। সেটাকে পর্যন্ত উইথড্রো করে দেওয়া হয়েছে। তার মানে, আমি কারো বিরুদ্ধে নই। সিভিল অ্যাভিয়েশানে সি.পি.এম. আগে করে এসেছে, যেহেতু ওখানে গরীব লোকেদের খুব একটা সম্পর্ক নেই বলে, তাও আমরা বলেছিলাম ঠিক আছে এয়ার ইন্ডিয়াকে বাঁচিয়ে তুমি করো। কিন্তু খুচরো বাজার আমরা অ্যাফোর্ড করতে পারি না। অসংগঠিত শ্রমিক, অ্যাফোর্ড করতে পারি না। ক্ষুদ্র দোকানদাররা মরে যাবে, মধ্যবিত্তরা মরে যাবে, বেকারী হবে, লোকের সর্বনাশ হয়ে যাবে। আমাদের ভারতবর্ষের ১১০কোটি মানুষের মধ্যে, আমাদের হাফ অফ্ দ্য পিপল, ১১০ কোটি মানুষের মধ্যে ৫০ কোটি মানুষ ডাইরেক্ট রিটেল মার্কেটের ওপর নির্ভরশীল।

মিঃ স্পীকার : যেহেতু আমাদের সময়টা এক্সটেন্ড করার প্রয়োজন ছিলো, আমাদের এটা দু ঘন্টার ডিসকাশান, মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন, আমি ৪৫ মিনিট সময় এক্সটেনশান করে দিয়েছি। সভার অনুমতি নিয়ে আলোচনার সময় আরো ৫ মিনিট বাড়ানো হলো।

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্যার, আমি খুব কৃতজ্ঞ। আসলে এই সাবজেক্টগুলো এত ভাস্ট সাবজেক্ট বলতে গেলে স্যার একটার সাথে আর একটা রিলেটেড হয়ে যায়। কাজেই এগুলোর জন্য কাগজপত্র দেখারও প্রয়োজন নেই, মোটামুটি যারা দৈনন্দিন জীবনে আমরা কাজ করি, আমরা

করতেই পারি। ধরুন এই জিনিসটা চলছে, কাজেই আজকে মনে রাখতে হবে এই লড়াইটা সাধারণ মানুষের পাশে দাঁড়ানো, এই লড়াইটা মানুষকে দাঁড়িয়ে সলিডারিটি জানবার জন্য, এই এই লড়াইটা অসহায় মানুষকে মৃত্যুর দিকে ঠেলে দেওয়া নয়। হোয়াট ইজ কল্ড ডেভেলপমেন্ট ? আম আদমী. আম আদমী মানে আম আদমীর সর্বনাশ করা নয়। মনে রাখবেন স্যার, আম আদমীর ডেভেলপমেন্ট তখনই হবে যখন তার রোটি, কাপড়া. মাকানটা মিলবে। আমি এখনো পরিস্কার বলি, যে ট্যাক্স এখান থেকে সেন্ট্রাল গভর্নমেন্ট নিয়ে যায় ৩২ পার্সেন্ট সব স্টেটগুলো মিলে পায়। হান্ড্রেড পার্সেন্ট তারা নিয়ে যায়। ৩২ পার্সেন্টের মধ্যে ওয়েস্ট বেঙ্গল পায় ৭.২ পার্সেন্ট অ্যাকর্ডিং টু দেয়ার রিসিভড প্যাটার্ন, কিন্তু আলটিমেটলি আমরা পাই ২.৩ পার্সেন্ট মাত্র। আমাদের এখান থেকে সব তুলে নিয়ে চলে যাবে, আর তারপরে বলবে সব সাবসিডি উইথড্রো করে দাও। সাবসিডি, কেন ? পুজোর সময় আপনাকে জামা কাপড় কিনতে হবে বলেই আপনি একটা ফান্ড তৈরী করে রাখেন। পুজোয় মানুষ বোনাস পায় কেন ? তার কারণ সে বছরটা প্ল্যানিং করে রাখে, পুজোর সময় আমার এই বাড়তি টাকাটা লাগবে। সেন্ট্রাল গভর্নমেন্ট এই টাকাগুলো কালেকশান করে বলেই সাবসিডি দেয়। ইট ইজ নট দ্যাট. আমার পকেট থেকে বা অন্য একজনের পকেট থেকে দেওয়া হচ্ছে। এই টাকাটা নেওয়াই হয় গরীব মানুষ যাতে সার কিনতে পারে। যাতে খেতে পারে। তাকে রোটি, কাপড়া, মাকান. বি.পি. এল. কার্ড দেওয়া যায় সেইজন্যে। কাজেই আমরা মনে করি যেটা চলছে সেটা ঠিক হয়নি। এটা অ্যান্টি পিপল ডিসিশান। আমরা যদি এটা পাস করি আমাদের দেখাদেখি সারা ভারতবর্ষের যতগুলো বিধানসভা আছে তারাও এ জিনিস পাস করবে। এবং আমি বিশ্বাস করি লোকসভায় রাজ্যসভায়, এই নিয়ে আলোচনা হবে এবং খুশী হব, আলোচনা করব এবং আমরা সরকারকে অনুরোধ করব, এই আন পপুলার -শুধু আন পপুলার নয়, এই অ্যান্টি পিপল ডিসিশানটাকে ইউথড্রো করার জন্য। আমি এইটুকু বলার সাথে সাথে বলি কেউ কেউ ভাবছেন এখান থেকে সব সরিয়ে নিয়ে যাব, কেউ কেউ ভাবছেন সব বন্ধ করে দেব, ভাতে মারব - তাদের শুধূ একটা কথাই বলি কারও উপরে নির্ভরশীল আমরা নই, আমরা নিজের উপর নির্ভরশীল। আর বাংলার মাটি খুব লড়াইয়ের মাটি। এটা মাথায় রাখতে হবে। সভ্যতার সংস্কৃতি জাগরণের মাটি। এই মাটিকে ধমকে -চমকে কোন লাভ নেই। রবীন্দ্রনাথ ঠাকুরের গানের দুটো লাইন দিয়ে শেষ করব-আমার খোলা হাওয়ায় একটা গান আছে। তার লাস্টের লাইন দুটো হচ্ছে—

'ঝড়কে আমি করব মিতে

ডরব না তার ভ্রুকূটিতে'।

ঝড়কে আমরা যখন বন্ধু করেছি, 'সাগরে পেতেছি শয্যা, শিশিরে কিসের ভয়'। উই ডন্ট কেয়ার এনিবডি, কেয়ার দ্যা মা-মাটি-মানুষ। থ্যাঙ্কু স্যার, ফর গিভিং মি দিস্ অপরচুনিটি।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রীকে।

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয় অধ্যক্ষ মহোদয়কে। যারা আজকে এই মোশানে পার্টিসিপেট করলেন, আমি আবার বলছি যে, যে কারণে আমি কংগ্রেসের আনীত এবং

লেফ্‌ট ফ্রন্টের আনীত যে অ্যামেমেন্টগুলো নিতে পারিনি তার কারণ খুবই সুস্পষ্ট । এগুলো ইতিমধ্যেই এর মধ্যে লিখিত আছে। এটা নতুন কিছু নয়, ২০০৭ সালে যখন ১৯শে ডিসেম্বর আমরা এই প্রস্তাব এনেছিলাম যেটা মুখ্যমন্ত্রী এখানে জানালেন, সেদিন ঠিক একইভাবে আমাদের প্রস্তাবের তারা বিরোধীতা করেছিলেন। আজকেও কোন মুখে তারা এখানে সমর্থন করে হাত তুলেবেন। একই পথে একদিকে বন্ধ ডাকছেন যে কারণে, আবার উল্টো দিকে এখানে আসছেন। এই যে নাটক, এই যে অভিনয় এটা রাজ্যের মানুষ ইতিমধ্যে জানতে পেরেছে। আমি অনুরোধ জানাব, আমরা যারা এখানে উপস্থিত আছি সকলে মিলেই এই প্রস্তাবকে সর্বসম্মতিক্রমে গ্রহণ করবার জন্য।

Mr. Speaker : Now, I put Amendment Nos. 1 & 2 moved by Shri Asit Mitra to vote. I think Division will be demanded.

[6.40–6.52 p.m.]

Mr. Speaker : Now I put to vote amendment Nos. 1 & 2 moved by Shri Asit Mitra to vote.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Division was taken with the following result :

Ayes being -17 ; and Noes -155.

Noes have it, Noes have it.

The amendments are lost.

Now I put to vote the amendment Nos. 4 and 5 of Dr. Surjya Kanta Misra. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Noes have it, Noes have it.

The amendments are lost.

Now, I put the main resolution moved by Shri Partha Chatterjee to vote. As many as are of that opinion will please "AYE". As many as are of the contrary opinion will please say "NO". Ayes have it, Ayes have it. Ayes have it. Ayes have it. The resolution is carried.

Hon'ble members, today is the 27th September. 2012, the last day of the Sixth Session of the Fifteenth Assembly. Before I adjourn the House sine -die, I would like to narrate in brief the business transacted during this Session.

(POSITION as on the 27th September, 2012)

1. QUESTIONS.

(A) Total Number of Notices of Questions received	296
(B) Total Number of Questions allocated	144
(i) Starred	127
(ii) Unstarred	17
(C) Total Number of Questions admitted	113
(i) Starred	101
(ii) Unstarred	12
(D) Total Number of Questions disallowed	10
(E) Total Number of Questions replied	52
Starred	52
(F) (i)Total Number of replies to Questions received from the Department but not yet placed in the order paper (Starred and Unstarred)	12
(ii)Total Number of Questions pending with the Departments	49
(iii) Total Number of Questions under Process	21

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in this Secretariat but not yet answered in the House would be treated as unstarred ones and replies thereto would be circulated to the Members.

2. PRIVILEGE ISSUE

(A) Notice received	1
(B) Notice referred to the Privilege Committee for examination and Report.	1

3. LAYING OF ORDINANCES

Notices received and laid	3

4. GOVERNMENT BILLS

(A) Number of Bills introduced	9
(B) Number of Bills passed	9

5. RESOLUTION UNDER RULE 169

(A) Notice received	2
(B) Admitted, discussed and Adopted	1

6.	ADJORNMENT MOTION	
	(A) Notices received	4
	(B) Consent withheld	3
	(C) Out of Order	1
7.	CALLING ATTENTION NOTICES	
	(A) Notices received	16
	(B) Notices admitted	4
	(C) Statements to be sent direct to the Members concerned	4
8.	LAYING OF ANNUAL REPORTS AND ACCOUNTS ETC. OF GOVERNMENT COMPANIES AND UNDERTAKINGS ETC.	
	Reports and Accounts etc. laid	12
9.	MENTION CASES	19
10.	ZERO HOUR	9
11.	NUMBER OF SITTINGS	5
12.	TOTAL HOUR OF SITTINGS	17 hours 41 minutes

(Upto 5.00 p.m. today)

VOTE OF THANKS

Mr. Speaker : Now, Shri Partha Chatterjee, vote of thanks. I don't know whether I have done away with thankless job because quite a good number of members have left the House in the mean time.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা এই হাউসের, এই স্বল্প অধিবেশনের সময় আপনি যেভাবে অধ্যক্ষের আসনে বসে এই মহতি সভার মর্যাদা বাড়িয়েছেন, আপনাকে ধন্যবাদ জানাই। উপাধ্যক্ষ সোনালী গুহ, আপনি যখন ছিলেন না তখন দায়িত্ব সামলেছেন, তাকেও আমরা ধন্যবাদ জানাই। আমরা ধন্যবাদ জানাই আমাদের কর্মচারীদের, যারা এই সুদীর্ঘ দিনের মধ্যেই এই অধিবেশন চলাকালীন আপনারা আপনাদের দায়িত্ব সামলেছেন। সমস্ত বিধায়কদের, বিরোধি দল, নিরাপত্তা রক্ষীরা এবং বাইরেও প্রশাসন আমাদের যারা সাহায্য করেছেন তাদেরকে। সাংবাদিক মহলকে যে তারা বিধানসভা চলাকালীন সমস্ত সংবাদ পরিবেশনে ব্যস্ত ছিলেন। আমি মন্ত্রী সভার তরফ থেকে মুখ্যমন্ত্রী এক্ষুনি জানালেন আমরা যেটা করে থাকি। সামনেই উৎসব। এই উৎসবের সময়, দুর্গাপূজা আছে, দীপাবলী আছে, বগরী ঈদ আছে। এই সমস্ত উৎসব চলাকালীন সম্প্রীতি এবং শান্তি বজায় থাকবে এবং সকলকেই আমরা উৎসবের শুভেচ্ছা জানাই, অভিনন্দন জানাই আগাম। আমরা যেন শান্তিতে থাকি, সৌহার্দ্যতে থাকি এবং সবাই যেন সুখী থাকি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : মাননীয় স্পীকার স্যার, অতি অল্প সময় আমাদের এই অধিবেশন, তাতে আপনি অত্যন্ত দক্ষতার সঙ্গে সবাইকেই বলার সুযোগ করে দিয়েছেন এবং বিশেষ ভাবে আপনি এই অধিবেশন চালাতে যে আমাদের সকলকে সাহায্য করেছেন তার জন্য বিশেষভাবে আমরা আপনার কাছে কৃতজ্ঞ এবং প্রচণ্ড ব্যস্ততার মধ্যেও মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি তাঁর কর্মব্যস্ত জীবনেও আমাদের বিধানসভাতে এসে তিনি বিভিন্ন মুখ্য ইস্যু নিয়ে যেভাবে তাঁর বক্তব্যকে মা-মাটি-মানুষের দরবারে তুলে ধরেছেন, তারজন্য বিধানসভার পক্ষ থেকে আমরা তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

সমস্ত বিধায়করা তারা দলের আনুগত্য মেনে হাজিরা দিয়েছেন। মন্ত্রীসভার সদস্যরাও তারা প্রত্যেকে হাজিরা দিয়েছেন। বিধানসভার সচিবালয়ের সকলকে এবং যারা আমাদের বিধানসভার সিকিউরিটি আছেন এবং মিডিয়ার প্রত্যেককে ধন্যবাদ জানাচ্ছি। যে কথা পরিষদিয় মন্ত্রী বললেন, সামনে সম্প্রিতির উৎসব আসছে সেই সম্প্রিতির উৎসবে সবাই ভালো থাকুন। এটুকু কামনা করে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ। নমস্কার স্যার।

মিঃ স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রী, মন্ত্রীসভার মাননীয় সদস্যগণ, মাননীয় সদস্য, বিধানসভার সদস্য, উপাধ্যক্ষা শ্রীমতী সোনালি গুহ, গর্ভনমেন্ট চিফ্ হুইপ, শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় এবং আমাদের পরিষদীয় দলের মন্ত্রী মাননীয় শ্রী পার্থ চ্যাটার্জী, প্রেস -মিডিয়ার বিভিন্ন ব্যক্তি যারা রয়েছেন বিধানসভায়, সেক্রেটেরিয়েট স্টাফ, আমাদের সেক্রেটারি যারা রয়েছেন, পুলিশ সিকিউরিটি, বিশেষ করে আমাদের গ্রুপ-ডি স্টাফ যারা রয়েছেন সবার সহযোগিতায় আমাদের আজকের এই অধিবেশন ২৭শে সেপ্টেম্বর সমাপ্ত হ'ল -6th Session of the Assembly, 15th Assembly. এই অধিবেশনে সদস্যগণ বিভিন্ন বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেছেন। অত্যন্ত উৎকর্ষ মানের আলোচনা হয়েছে এবং বিধানসভার নিজস্ব একটা উত্তাপ থাকে, মাঝে মাঝে উত্তপ্ত হয়েছে, কিন্তু সেটা বড় কথা না। সবাই মিলে যেভাবে একটা এ্যাটমসফিয়ারের মধ্যে আলোচনা হয়েছে সেটা অত্যন্ত আনন্দের এবং মাননীয়া মুখ্যমন্ত্রী তার কর্মব্যস্ততার মধ্যেও আজকে তিনি বিধানসভায় যতটা সময় দিলেন অত্যন্ত গুরুত্বপূর্ণ আলোচনায় অংশগ্রহণ করে এবং প্রত্যেকবার বিধানসভার অধিবেশন চলায় তিনি যে ভাবে বিধানসভাতে এসে তিনি আমাদের যারা বিধানসভার সদস্য, সদস্যা রয়েছেন, বিরোধী দলের নেতারা রয়েছেন, কংগ্রেস পরিষদিত দলের সবাইকে উৎসাহিত করেন এই বিধানসভার কাজকর্ম সম্বন্ধে, এটা সত্যি আনন্দের এবং প্রশংসার। আজকে যদিও বিরোধীদলের কেউ নেই, তবুও কংগ্রেস পরিষদীয় দল বা বিরোধীদলে যাঁরা ছিলেন, সিপিএম এবং অন্যান্য দল তারাও সবাই আলোচনায় অংশগ্রহণ করেছেন। তাদেরও সবাইকে ধন্যবাদ জানায় এবং আশা করি, আগামী পূজোতে আপনারা ভালো থাকবেন। সামনে আমাদের উৎসব আসছে-বক্রি ঈদ, পূজো দীপাবলি ! সবাই ভালো থাকবেন, সবাই সুস্থ থাকবেন। এই কামনা করে অধিবেশন সমাপ্ত করছি।

Adjournment

Then the House was adjourned sine die.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 7th December 2012 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 28 Minister, 6 Ministers of State and 227 Members.

[11.00 – 11.10 a.m.]

OBITUARY REFERENCE

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of former Prime Minister of India, former Members of West Bengal Legislative Assembly and other eminent personalities who breathed their last after the last Session of the Assembly.

Shri Inder Kumar Gujral, former Prime Minister of India breathed his last on the 30th November, 2012 in a private hospital at Gurgaon in Haryana after a brief illness. He was 92.

Born on the 4th December, 1919 in a family of freedom fighters in Jhelum now in Pakistan, Shri Gujral was educated at DAV College, Haily College of Commerce and Former Christian College, Lahore. From his very tender age he was associated with the freedom struggle of the country. He suffered imprisonment during Quit India Movement in 1942. His political career began in 1959 when he was elected Vice-President of New Delhi Municipal Council. He was elected to Rajya Sabha three terms in 1964, 1970 and 1992 and to Lok Sabha two terms in 1989 and 1998. He was inducted in the Union Council of Ministers as Minister of State of different Departments during the period from 1967 to 1976. He held the portfolio of Union Minister for External Affairs during 1989-1990, 1996-97 and Union Minister for Water Resources in 1996. He became the Prime Minister of India in April, 1997 and held that high Office till March, 1998. It was a proud moment for him when on the

occasion of Golden Jubilee of India's Independence on 15th August, 1997 he ascended the steps at the rampants of the historic Red Fort to unfurl the tricolour and address the Nation as the Prime Minister of the Country.

Shri Gujral also served as India's Ambassador to U.S.S.R. during 1976-1980. He had propounded the 'Gujral Doctrine' for maintaining good relations that became the hallmark of his policy of friendly relations with India's neighbours.

Shri Gujral widely travelled so many foreign countries including Sri Lanka, Bhutan, Egypt and Sudan as Union Minister in attendance to the President of India. He led the Indian Delegation to many International Conferences and Sessions like UNESCO Conference on Education and Environment held in Tabilist in 1997, UN Special Session on Economic Development held in New York in 1990, UN Session on Human Rights held in Geneva in 1995, etc. Shri Gujral was conferred Honorary Ph. D. by Jamia Milia Urdu University, Aligarh ; Honorary D. Litt. by both Guru Nanak Dev University, Amritsar and Soka University, South Korea .

With the demise of Shri Gujral, the nation has lost a suave politician as well as an able administrator.

Shri Gopal Banerjee, former Member of West Bengal Legislative Assembly died on the 2nd December, 2012 at his residence at Rahara, North 24 Parganas after a prolonged illness. He was 91.

Born on the 22nd May, 1922 at Tezpur, Assam, Shri Banerjee was educated at Uluberia, H.E. School, Howrah and Scottish Church College, Kolkata. He did his Master degree in Applied Chemistry from the University of Calcutta. While studying in the University, he actively participated in the freedom movement of the country. He came in close association with the Communist Party of India through his involvement in the Student movement. At the end of the forties, he got the membership of the undivided Communist Party of India. He suffered imprisonment for his participation in Refugee Movement in 1958 and Food Movement in 1961. He became the Chairman of the Khardah Municipality in 1961. He was elected Secretary of the West Bengal State Council of Communist Party of India in 1972.

Shri Banerjee was elected to the West Bengal Legislative Assembly in 1962 from Khardaha Assembly Constituency as a candidate of the Communist Party of India.

With the demise of Shri Banerjee, the State had lost a veteran politician.

Shri Mollah Humay,un Kabir, former Member of West Bengal Legislative Assembly died on the 15th October, 2012 in a private nursing home at Katwa in Burdwan district following a cardiac arrest. He was 77.

Born on the 4th April, 1936, Shri Mollah Humayun Kabir had his education at Okersha High School and Vidyasagar College, Nabadwip and Surendranath College, Kolkata. By profession he was a teacher. In his political carrer he was associated with the Communist Party of India (Marxist). Apart from Communist movement, he participated in the Food Movement and suffered imprisonment. Besides, he was associated with many social activities.

Shri Mollah Humayun Kabir was elected to the West Bengal Legislative Assembly in 1969 and in 1971 from 265 Purbasthali - Burdwan Assembly Constituency as a candidate of Communist Party of India (Marxist).

With the demise of Shri Mollah Humayun Kabir, the State has lost a veteran politician.

Shri Debabrata Banerjee, former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 23rd November, 2012 at his relative's residence at Khardaha, North 24 Parganas following a cardiac arrest. He was 73.

Shri Banerjee was born on the 26th December, 1939 at Bikrampur in the district of Dhaka of undivided Bengal. In his political career he was associated with refugee movement, youth movement and labour movement particularly in Durgapur in Burdwan district. He had been made a member of the Communist Party of India (Marxist) in 1966. He became the first president of Burdwan District Committee of DYFI. He had been a member of All India Council of C.I.T.U. and Burdwan District Committee of Communist Party of India(Marxist).

Shri Banerjee was elected to West Bengal Legislative Assembly

in 1966 from Durgapur II-Burdwan Assembly constituency as a candidate of Communist Party of India (Marxist).

With the demise of Shri Banerjee, the State has lost a veteran politician.

Shri Bimal Kanti Basu, former Member of West Bengal Legislative Assembly passed away on the 16th November, 2012 after a prolonged illness. He was 86.

Born on the 12th January, 1927 in Cooch-Behar district, Shri Basu was educated at Jenkins School and Victoria College, Cooch Behar. By profession he was a teacher. He came into politics through his association with Students movement and joined All India Forward Bloc in 1942. He had a keen interest in sports and drama.

Shri Basu was elected to the West Bengal Legislative Assembly in 1969, 1977, 1982, 1987 and 1991 from Cooch Behar district as a candidate of All India Forward Bloc.

With the demise of Shri Basu, the State has lost a veteran politician.

[11.10–11.21 p.m.]

Shri Abdus Salam Munshi, former Member of West Bengal Legislative Assembly passed away on the 19th November, 2012 at Mirzapur, Nadia. He was 72.

Born on the 20th January, 1941, Shri Abdus Salam Munshi was educated at P.H. School, Krishnanagar College and University of Calcutta. By profession he was a teacher. As a worker of Indian National Congress he played a key role in organizing its activities in his native district. He served as President of Nadia district Committee of the Party during 1992-97. He was elected member of Nadia Zilla Parishad in 1983 and 1988.

Shri Abdus Salam Munshi was elected to West Bengal Legislative Assembly in 1991 and 1996 from 72-Kaliganj -Nadia Assembly Constituency as a candidate of Indian National Congress.

With the demise of Shri Abdus Salam Munshi, the State has lost a veteran politician.

Shri Sunil Gangopadhyay, an eminent litterateur and President of Sahitya Akademi breathed his last on the 23rd October, 2012

at his residence in South Kolkata following a massive cardiac attack. He was 79.

Born on 7th September, 1934 in Faridpur, Bangladesh, Shri Gangopadhyay studied at the Surendranath College, Dum Dum Motijheel College and City College, Kolkata. Later, he obtained his post graduate degree in Bengali from the University of Calcutta in 1954. He received invitation for joining international Workshop of Writters held at Ohio University, U.S.A. in 1963 and during that trip met Salvador Dali and Paul Engels in U.S.A. and Stephen Spender and T.S. Elliot in England where he visited on a Government invitation. He also befriended 'beat' poet Allen Ginsberg in India in 1962. All these had a deep influence in the making of his psyche and cast a deep impression on his creativity. He joined in the news department of a Bengali daily owned by a private Publishing House in 1970 and used to cover several incidents of great magnitude both at the national and international level.

A man of versatile genius, Shri Gangopadhyay touched upon almost all genres of Bengali literature -poetry, novel, children's fiction, literary criticism, essays, short stories, travelogues etc. but poetry was closest to his heart. In 1953, he and some of his friends brought out a seminal poetry magazine named '**Kritiibas**' which was a laboratory for experimentation in verse : not only with form and style but also with content. His '**Nikhilesh**' and '**Neera**' series of poems have been extremely popular among contemporary Bengali intelligentsia and have retained their charm and appeal among the readers through the years.

A prodigious genius Shri Gangopadhyay created a niche for himself in the Bengali literary scene by his unique style in prose. His first novel '**Atmaprakash**' published in 1965 was critically acclaimed and there was no turning back of his writing fiction from then on. **'Arjun', 'Pratidwandi', 'Aranyer-din-ratri', 'Ekaa ebong Koyekjon', 'Sabuj Dwiper Raja', 'Prathem Alo', 'Purbo-Paschim', 'Maner Manush'** etc. are some of his well known works of fiction. His thrillers of the Kakababu series are very popular among children and teenagers.

A man of outstanding personality, Shri Gangopadhyay was elected the President of **Sahitya Akademi** in 2008 and held the

position till death. As the President, he launched a large number of projects to popularize Indian literature across the world, translate works from one Indian language to another and increase interaction between writers of various Indian languages. He also served as the Sheriff of Kolkata in 2002.

A stalwart in the annals of Bengali literature, Shri Gangopadhyay received numerous awards at the national and State level including **Sahitya Akademi** Award in 1985, **Bankim Puraskar** in 1982, **Saraswaty Samman** in 2004 and **Ananda Puraskar** in 1972 and in 1989.

At the demise of Shri Gangopadhyay, the country has lost a legend in the arena of not only Bengali literature but also of Indian literature.

Shri Yash Raj Chopra, renowned film director and film producer passed away in Mumbai on 21st October, 2012. He was 80.

Born on the 27th September, 1932 in Lahore (now in Pakistan), Shri Chopra began his career as an Assistant Director in the Mumbai film Industry in the fifties. He made his directorial debut with '**Dhool Ka Phool**' in 1959 which was critically acclaimed. In his illustrious career spanning over five decades he directed and produced a good number of films many of which became box office hits. He established his own production unit '**Yash Raj Films**' in 1973, which ranks one of Bollywood's biggest Production Houses as of 2006.

Shri Chopra won several film awards, including six National Film Awards and four Filmfare Awards for Best Director. The Government of India honoured him with the '**Dadasaheb Phalke**' Award in 2001 and the '**Padma Bhusan**' in 2005 for his contributions towards Indian cinema. BAFTA presented him with a lifetime membership, making him the first Indian to receive the honour. Apart from these, he received several honours and recognition from other nations which include France's highest civilian honour and Switzerland's '**Swiss Amabassador's Award**'.

The demise of Shri Chopra has created a void in Indian cinema.

Shri Bal Keshav Thackeray, popularly known as Balasahab Thackeray, a well known Indian Politician breathed his last on the 17th November, 2012 at his residence at Matosuree in Mumbai following a cardiac arrest. He was 87.

Born on 23rd January, 1926 in Pune Shri Thackeray began his professional career as a cartoonist with a English Daily in Mumbai. In 1960 he formed his own political weekly "Marmik". He was the founder of Marathi Language newspaper 'Saamana' and Hindi Daily 'Dopahar ka saamana'. His political philosophy was largely shaped by his father. He formed the Shiv Sena Party in 1966 which in alliance with the BJP came to power and formed Ministry in the Government of Maharashtra in 1995.

With the demise of Shri Bal Tackeray the country has lost an eminent person in Indian politics.

Shri Birendranarayan Pal, popularly known as Santigopal, a great yatra artiste passed away on 5th November, 2012 at his residence in Baranagar, North Kolkata. He had been suffering from various ailments of old age for the last few years. He was 79.

A versatile genius in the field of yatrapalas, Shri Santigopal was born on the 4th August, 1934 in Bag bazaar, Kolkata. Educated at the Mitra Institution and Manindra Chandra College, Kolkata, Shri Santigopal was drawn to acting at the age of 17 when he started acting in the Group Theatre Udayachal Natya Gosthi. He started his career as a yatra artiste in New Royal Binapani opera and was spotted as talented yatra artiste. His performances under the banner of '**Natto Company**' endeared him to the masses and thereafter he had not to look back. In 1964, he established his own group '**Tarun opera**' and his stellar roles in yatrapalas '**Bir Sanyasi**', '**Ami Subhas**', '**Hitler**', '**Lenin**', '**Raja Ram Mohan**', etc. won him accolades both in India and abroad. He acted with full command in Utpal Dutt's '**Mao-tse-tung**' and left a deep impression upon the audience. Besides acting, he devoted himself in promoting yatra industry and reinvigorated yatra with the use of rostrums at different locations, microphones, and recorded music : sound of gunfire and screams.

Shri Santigopal received numerous awards for his performances. The then Government of U.S.S.R. lauded his performance in '**Lenin**' by **rewarding him**. He was also the recipient of '**Dishari Puraskar**'.

At the demise of Shri Santigopal, the State has lost, luminary in the arena of yatra that is very hard to fill.

Now I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Members stood in silence for two minutes as a mark of respect to the deceased.

Thank you Ladies and Gentlemen.

Acting Secretary will send the message of condolence to the members of the bereaved family.

Adjournment

The House was then adjourned at 11.21 a.m. till 11.00 a.m. on Monday, the 10th December 2012 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 10th December 2012 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 30 Minister, 6 Ministers of State and 218 Members.

[11.00 - 11.10 a.m.]

27th REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 27th Report of The Business Advisory Committee. The Committee met in my Chamber on 7th December, 2012 and recommended the Programme of Business for the 10th December, 2012 as Follows :

10.12.2012, Monday : (i) Business remaining from 7.12.2012

(ii) The Diamond Harbour Women's University Bill, 2012
(Introduction, Consideration & Passing)
2½ hours.

(iii) The West Bengal Official Language (Second Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing)1 hour

MOTION

Now, the Misniter-in-Charge of Parliamnetary Affairs may please move the motion for acceptance of the House.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the motion for acceptance of the 27th Report of the Business Advisory Committee be agreed to by the House.

The motion was then put and agreed to.

Starred Questions
to Which oral answers were given

কেন্দ্রের থেকে প্রাপ্য অর্থ

*১।(অনুমোদিত প্রশ্ন নং *২০৮) ডাঃ **সূর্য্যকান্ত মিশ্র** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-১৩ আর্থিক বছরে রাজ্য বাজেটে কেন্দ্রীয় প্রকল্প ও কেন্দ্রীয় সহায়ক প্রকল্প খাতে কেন্দ্রীয় সরকারের নিকট থেকে রাজ্য সরকারের প্রাপ্য মোট অর্থের পরিমাণ কত ;

(ক) তন্মেধ্যে, ৩১ শে অক্টোবর, ২০১২ পর্যন্ত কেন্দ্রীয় অর্থ প্রাপ্তির জন্য প্রকল্প রচনা করে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের নিকট প্রেরিত প্রকল্পগুলির মোট আর্থিক পরিমাণ কত; এবং

(গ) উল্লিখিত সময় পর্যন্ত উপরোক্ত খাতে প্রাপ্ত কেন্দ্রীয় সহায়তার পরিমাণ কত?

ড. অমিত মিত্র : (ক) ২০১২-১৩ আর্থিক বছরে রাজ্য বাজেটে কেন্দ্রীয় প্রকল্প ও কেন্দ্রীয় সহায়ক প্রকল্প খাতে অর্থাৎ প্লান সেক্টরে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্য সরকারের প্রাপ্য মোট অর্থের পরিমাণ ৮৮০৫.৯৬ কোটি টাকা।

(খ) রাজ্য সবকারের বিভিন্ন দপ্তর প্রকল্প রচনা করে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠায়। স্বল্প সময়ের মধ্যে এ বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করা সম্ভব নয়।

(গ) ৩১ শে অক্টোবর, ২০১২ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই আর্থিক বছরে মোট ৪৩৮.৭.১১ কোটি টাকা পাওয়া গেছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকেপ্রশ্ন করতে চাই যে, একটা তো উনি বলেছেন যে, সময় খুব স্বল্প তারজন্য পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করা যায় নি। কিন্তু আমি বলি স্যার যে, এরকম ক্ষেত্রে time চাওয়া ভালো। আমরা পূর্ণাঙ্গ তথ্য চাই। নাহোক, কিন্তু যদি আপনি বলার সময় আমাকে বলেন যে, এতদিন পরে আমি আপনাকে এটা পাঠিয়ে দেব তাহলেও হবে। কিন্তু আমি আপনাকে জিজ্ঞেস করতে যাচ্ছি যে, ৮৮০৫ কোটি টাকার মধ্যেখ্য আপনি ৪৩৮৭ টাকা পেয়েছেন। এটা অক্টোবর পর্যন্ত লিখেছেন, এখনও তাই হবে, কাছাকাছি অর্ধেকের মতো আমার যতদূর মনে পড়ছে। কিন্তু কেন এই যে বাকি টাকাটা আপনি পাচ্ছেন না। তার দু-তিনটি কারণ থাকে তো। একটা হচ্ছে প্রকল্প জমা দেওয়া হয়নি। তাহলে আপনি পাবেন না। দুই হচ্ছে যে, আপনি প্রকল্প জমা দিয়েছেন, টাকা পেয়েছেন, তারপরে তার সদব্যবহার দিতে পারছেন না। অনেকগুলো শর্ত থাকে তো, ৫০% এর মতো utilization দিতে হয়, দিলে সেটার দ্বিতীয় কিস্তি পাওয়া যায়। এর কারণটা কি? এবং আপনি জানেন যে এর মধ্যে যে ইতিমধ্যে মানে গতকালকেই আমি কাগজে দেখেছি যে কয়েকটি কেন্দ্রীয় প্রকল্পের নাম ধরে এখানে কেন্দ্রীয় মন্ত্রী বলে গেছেন। সেইজন্য আমি জানতে চাইচি আপনার কাছে যে এগুলো কি ঠিক নাকি যে এন আর এল এম-ন্যাশানাল রুরাল লাইভলিহুড মিশনে ৩০০ কোটি টাকার বেশী, আমার মনে পড়ছে ৩৬০ এর মতো, উনি বলেছেন অবশ্য ৩০০ কোটি, ওর কথা তো আর আমি এখানে গুরুত্ব দিচ্ছিনা, আপনার

কথাই গুরুত্বপূর্ণ হবে। আমি বলছি যে এক পয়সাও পাব না এ বছরে। কারণ এক পয়সা এখন পর্যন্ত পাইনি, একটা প্রকল্প নিয়েও আলোচনা হয়নি।

মিঃ স্পীকার : কোয়েশ্চেনটা করুন, প্লীজ!

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : কোশ্চেনই তো, কোয়েশ্চেনই করছি। এটা কি ঠিক নাকি, আমি জিজ্ঞাসা করিছ। এটা ঠিক নাকি যে পি এম জি এস ওয়াইতে ১৩ হাজার কি. মি. এরজন্য বরাদ্দ পেয়েছেন এবং সেটা খরচ হচ্ছে না। এবং তার কারণ আবার কন্ট্রাক্টাররা সেখানে তোলাবাজি করছে, কাজ করতে পারছে না, এইসব হচ্ছে। তারপরে এম এন রেগাতে ২৭০০ কোটি টাকা পেয়েছেন, কিন্তু শ্রম দিবস ২৫, ২৬ দিন নাকি গড়ে হয়েছে?

মিঃ স্পীকার : মাল্টিপ্লিসিটি অফ কোয়েশ্চেন হচ্ছে, আপনি ডেফিনিট প্রশ্ন করুন। আপনি একটা স্পেশিফিক কোয়েশ্চেন করুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : অল আর সেন্ট্রাল স্কিম। সেন্ট্রাল স্কিম তো অনেকগুলো, ৪৫ টা স্কিম আছে। আর, বি আর জি এফ.....

(গোলমাল)

মিঃ স্পীকার : প্লীজ, ওনাকে প্রশ্নটা করতে দিন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি বলছি যে, আমি আপনাকে একটা উদাহরণ দিয়ে বললাম যে এক পয়সাও আপনি পাবেন না। ঠিক করেছেন নাকি ২০১৩-১৪ তে এন আর এল এম শুরু হবে এটা। আরো, পি এম জি এস ওয়াই, ব্যাকওয়ার্ড রিজিওন গ্রান্ডস ফাণ্ডে কতকগুলো জেলা ছিল, কি হল, কিছুই বোঝা যাচ্ছে না। এই আর কি। আপনি যদি আমাকে একটু বলতে পারেন যে, এই কারণে আটকে যাচ্ছি আমরা, এই পরিকল্পনা করেছি, এই রকম করেছি, সেটা বুঝতে পারি আমরা। সাধারণভাবে সবাই জানতে চায় তো এটা

ড. অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, লিডার অফ দি অপজিশান ডাঃ মিশ্র নিজেই বলেছেন যে আর্ধেক বছরের মধ্যে আর্ধেক খরচার পয়সা পাওয়া গেছে। এর জন্য আমি খুবই খুশী যে উনি নিজেই স্বীকার করেছেন যে উইদিন দি লাস্ট ওয়ান হাফ ঈয়ারে, হাফ টাকা আমরা পেয়েছি, দ্যাট ইজ এ্যান ইণ্ডিকেশান দ্যাট উই আর ডুইং ওয়েল। আমি এখন খবরের কাগজে মাননীয় অধ্যক্ষ মহোদয়, খবরের কাগজের খবর দেখে উনি কি সমস্ত বলছেন, সেইগুলো উনি অফিসিয়ালি নিয়ে আসুন, নিশ্চয় তার জবাব পাবেন। আমি খবরের কাগজ পড়ে আমিও অনেক কথা বলতে পারি। কিন্তু আমি বলিনা। তার কারণ যেটা তথ্য সেই তথ্য কভার্ড। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই, যে তিন রকমের স্কিম আছে, যার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাওয়া যায়, প্রত্যেক রাজ্যে। প্রথম হচ্ছে, সেন্ট্রাল শেয়ারস্ স্কিম আ্ডার স্টেট প্ল্যান। আমি উদাহরণস্বরূপ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি লিডার অফ দি অপজিশানকে জানাতে চাই যে, ধরুণ আপনার এগ্রিকালচারাল মার্কেটিং ডিপার্টমেণ্ট, সেখানে আমাদের আর কে ভি ওয়াই, সেটা আপনারা সবাই জানেন, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা, কেন্দ্রীয় সরকারের স্কিম, তার মধ্যে

দিয়ে টাকা পাওয়া যায়, প্রত্যেক রাজ্যই পায়। এই রকম ভাবেই এগ্রিকালচার ডিপার্টমেন্টেও আর কে ভি ওয়াই আছে, তারপরে আর একটা খুব ইন্টারেস্টিং, অত্যন্ত ইন্টারেস্টিং ব্যাপার, অনগ্রসর শ্রেনির কল্যাণের জন্যে একটা সাংবিধানিক আর্টিকেলস ২৭৫ (১) এর মাধ্যমে রাজ্য টাকা পায়। এগুলো সবই বাজেটের বইতে দেওয়ার আছে এবং তার থেকে আমরা, যেটা আমাদের পাওয়ার কথা, ৬মাসের মধ্যে আর্ধেক টাকা আমরা পেয়েছি এবং সমস্ত স্কিম যা দেওয়া হয়েছে। আপনাকে উদাহরণস্বরূপ বলি, এম আর এন এ জি. র কথা উনি বললেন, ভারতবর্ষে আমাদের নম্বর ছিল বোধহয় একুশ নম্বর, আমরা তিন নম্বরে এসে দাঁড়িয়েছি এম আর এন জি পি.র ইউটিলাইজেশানে। সেইহেতু আমি মনে করি সেখানে কোন বাধা নেই। কোন কেন্দ্রের মন্ত্রী এসে যদি বলেন কিছু, তাহলে আমাদের বলে দিতে হবে আসল তথ্যটা কি। একুশ নম্বর থেকে তিন নম্বরে আসা সহজ নয়। এবং এই সরকার এটা এ্যচিভ করেছে। তাই আমি বলবো, ওনাকে আশ্বাস দিতে চাই যেভাবে খরচ হওয়ার কথা, যেভাবে প্রজেক্টস ডিপোজিট করার কথা সেইভাবে এগিয়ে আমরা ছয় মাসের মধ্যে দেখিয়ে দিয়েছি। ছয় মাসের টাকা অলরেডি এসে গেছে। তার এগজ্যাক্ট তথ্য আমি আপনার কাছে প্লেস করেছি মাননীয় অধ্যক্ষ মহোদয়।

[11.10–11.20 a.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে এবং আপনাকে বলতে চাই, মাননীয় মন্ত্রী যে বিবৃতি দিচ্ছেন সেটা অসত্য এবং বিভ্রান্তিজনক।..... (গোলমাল)...এইরকম হলে কোনো প্রশ্ন করা যায় না - আমি সুনির্দিষ্টভাবে বলেছি যে এন আর এল এমে এক পয়সাও আপনি পাননি। বছর পেরিয়ে ডিসেম্বর মাস, আপনি এক পয়সাও পাননি এবং দেখা যাচ্ছে এক পয়সা পাওয়ার কোনো লক্ষণ নই।

মিঃ স্পীকার : ডঃ মিশ্র কোয়েশ্চেনটা করুন। এটা তো কোয়েশ্চেন আয়ার, ডিবেট নয়।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি এন আর এল এম কংক্রিটলি বলবেন। এর আর ই জি এ নিয়ে, এন আর এল এম নিয়ে আপনি যেটা বললেন, এটা ঠিক যে ৪ নম্বরে, ৩ নম্বরে ছিলাম - আমরা যখন ছিলাম। আমরা যখন ছিলাম তখন আমরা ২১ নং থেকে ৩-৪ নম্বরে এসেছি।

মিঃ স্পীকার : ডঃ মিশ্র কোয়েশ্চেন করুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি এইসব বিতর্কে যাচ্ছি না। কারণ সব নেটে পাওয়া যায়।

মিঃ স্পীকার : Dr. Mishra , it is not a debate going on. আপনার কোনো কোয়েশ্চেন করারনেই। আপনি এটা ডিবেটের মত নিচ্ছেন। আপনি স্পেসিফিক কোয়েশ্চেন করুন। এটা ডিবেট হচ্ছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি এন আর এল এম জিজ্ঞেস করছি। আমি কোয়েশ্চেন জিজ্ঞেস করছি।

মিঃ স্পীকার : আপনি ঠিকমত প্রশ্ন করুন। কোয়েশ্চেন আওয়ারে এত এলাবোরেট হওয়া যায় না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : উনি অসত্য কেন বললেন তাই বলুন।

ড. অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্ন করলে নিশ্চয় তার জবাব দেবো। উনি যদি স্টেটমেণ্ট করেন তার জবাব দেওয়ার কিছু নেই। সেটা নিশ্চয় যদি উনি লিখিতভাবে আমাকে জানান তার উত্তর উনি পাবেন। আজকে প্রশ্ন করুন। আমি তো অবাক হয়ে যাচ্ছি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। সূর্যবাবুরা বা আপোজিশান লিডারা ট্রেজারি বেঞ্চে ছিলেন তারা ডাইরেক্ট ঋণ করে গেছেন। তার পরিমাণ আমরা জানি। কিন্তু ইনডাইরেক্ট লাইবলিটির পরিমাণটা কত? কন্ট্রাক্টার কাজ করেছেন টাকা পায়নি, ল্যাণ্ডের কাজ দ্রয়েছে, তার কমপেনসেশান পায়নি। মাননীয় অর্থমন্ত্রী যদি জানান তার পরিমাণ কত রেখে গেছেন, যে দায়িত্ব এখন আপনার ওপর বর্তেছে সেটা যদি দয়া করে সভাকে অবহিত করেন।

ড. অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা সবাই জানেন, আমাকে নতুন করে বলার কিছু নেই, পঁচিশ হাজার কোটি টাকা ঋণ এবং আসলের ফেরৎ এই বছরে দিতে হচ্ছে। ২৫ হাজার কোটি টাকা। এটা লজ্জাষ্কর আজকে আমাদের দিতে হচ্ছে। আসছে দিনের যে বোঝা সেটা আমাদের ওপরে আজ ছেড়ে দেওয়া হয়েছে। এছাড়াও মাননীয় বিধায়ক মহোদয় যে কথাটা বলেছেন, বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে যেগুলো পয়সা দেওয়া হয়নি, সেগুলো আমি ধরে বলছি না, সেগুলো ধরে বললে তো বিরাট সংখ্যায় গিয়ে আমরা পৌঁছাবো তাই বলি ২৫ হাজার কোটি টাকা গুনতে পারবেন? মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে এটা বলি, ঋণ যেটা ছেড়ে গেছেন সেটা যদি ১০০ টাকা রোজ দিয়ে আমরা এক এক করে ওপরে ওপরে রাখি, চাঁদ অবধি পৌঁছে যাবে। এখন ২ লক্ষ কোটি টাকা। এত বড় গুরু ভার ছেড়ে দিয়ে গেছেন। তাই মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে আমি বলি, যে বোঝা ছেড়ে গেছেন তা সত্ত্বেও একদিন কারোর মাইনে বন্ধু হয়নি, একদিন আমরা সেই সুদ ও আসলের বিরোধিতা করিনি। তার জন্য আমি মনে করি সারা ভারতবর্ষ হর্ষ প্রকাশ করছে, আনন্দ করছে। এ্যট লিষ্ট আমরা কমিটমেণ্ট টু দ্য পিপল, কমিটমেণ্ট টু দ্য এমপ্লয়িজ আমরা হাণ্ড্রেড পারসেন্ট রেখেছি এত বোঝা থাকা সত্ত্বেও।

ড. সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা জিজ্ঞাসা করতে চাই, ২০১১-১২ সালে BRGF-এ একটা টাকা পাওয়া গেছে এবং স্পেশাল BRGF-এ ৮,৬৬৩ কোটি টাকা স্যাংশানড হয়েছে। যার মধ্যে আমার জানা ২,৮৮৮ কোটি কটাকা সেন্ট্রাল গর্ভণমেন্ট দিয়েছে ২০১১-১২ আর্থিক বছরে। এই ২,৮৮৮ কোটি টাকার মধ্যে কত টাকা বিভিন্ন ডিপার্টমেণ্টের কাছে দেওয়া হয়েছে এবং কত টাকা খরচ হয়েছে এটা দয়া করে আপনি জানান।

ড. অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য খুব ডিটেইলসে প্রশ্নটা করেছেন। আপনি ঠিকই বলেছেন BRGF-এ নানান প্রোজেকট প্লানিং কমিশনের কাছে জমা দেওয়া হয়েছিল। তার মাধ্যমে আমরা এডভান্স পেয়েছি। এটা অনেক প্রোজেকট এবং বিভিন্ন ডিপার্টমেমেটর কাছে আছে। আমি এটুকু বলতে পারি, আমরা তারজন্য সমানে খরচ করে যাচ্ছি এবং BRGF-এর

ইউটিলাইজেশান সার্টিফিকেটও জমা দেওয়া হচ্ছে ও তার এগেইনস্টে আবার এডভান্স পাওয়া যাবে। আমি উইথ কনফিডেন্স আপনাকে বলি, BRGF প্রোজেকট ১১ টা জেলায় এগিয়ে যাচ্ছে। কিন্তু তার সংখ্যা অনেক এবং অনেক ডিপার্টমেন্টের বিভিন্ন হেডে অনেক প্রোজেকট জমা পড়েছে। আপনি আজকে আমাকে ক্ষমা করবেন, সেই সম্বন্ধে আপনাকে ডিটেইলস দেওয়া এই প্রশ্ন উত্তরের সময় সম্ভব হচ্ছে না। আপনি নোটিশ করলে নিশ্চয় তা আপনাকে দিয়ে দেওয়া হবে।

শ্রী চৌধুরী মহম্মদ হিদায়েতউল্লাহ : স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে আমি যেটা জানতে চাইছি, এই সময়ের মধ্যে এই সরকার নতুন করে কত টাকা ঋণ নিয়েছে?

ড. অমিত মিত্র : মাননীয় অদ্যক্ষ মহোদয়, এই সম্বন্ধে একটি প্রশ্ন আজকেই আছে, সেই সময়ে আমি বিস্তারিত উত্তর নিশ্চয় দেব।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ভাবছিলাম আমাদের যিনি অর্থমন্ত্রী তারা মাথাক ঠাণ্ডা কারণ অর্থমন্ত্রীরা মাথা ঠাণ্ডার লোক হয়। আমি একটা প্রশ্ন করব, আপনি MGNREGA নিয়ে আপনার অত জানার কথা নয়, কিন্তু আপনি অনেক ভালো খবর জানেন। কিন্তু আপনি বললেন, আমরা ২৩ নম্বরে। এই প্রকল্পটা চালু হয়েছে ২০০৭ সালে,২০০৮-০৯-১০, ২০১০-১১এই তিন বছর আমরা ক্ষমতায় ছিলাম। যদি আপনি প্রমাণ করতে পারেন এই বছরের মধ্যে কোন একটা বছরে আমরা ২৩ নম্বরে ছিলাম তাহলে আমি এখান থেকে পদত্যাগ করে চলে যাবে, তা নাহলে আপনাকে পদত্যাগ করতে হবে। এটাই আমার কোশ্চেন।

মিঃ স্পীকার : আপনি কোশ্চেন করুন। This is not a question. Specific question করুন।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি একটা বিষয় জানতে চাইছি। আজকে 'খ' প্রশ্নের উত্তরে মন্ত্রীমহাশয় বলেছেন, রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর প্রকল্প রচনা করেন, কিন্তু স্বল্প সময়ের মধ্যে পূর্ণাঙ্গ তথ্য দেওয়া সম্ভব নয়। আপনি এই বছরের ২৩ শে মার্চ ২০১২ তারিখে যে বাজেট বইটা আমাদের দিয়েছিলেন, আপনার কাছে সেটা নিশ্চয় আছে, তাতে বাংলা অনুবাদের ৩৫ পাতায় আপনি লিখছেন - 'প্রত্যেক দিন প্রচুর ফাইল অর্থ দপ্তরে আসে ইত্যাদি ইত্যাদি। তারপরেই বলেছেন, মাননীয় সদস্যগণ আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, আমরা একটি ওয়েব ভিত্তিক আধুনিক ফাইল ট্রাকিং এবং ম্যানেজমেণ্ট সিস্টেম চালু করার সিদ্ধান্ত নিয়েছি। সংশ্লিষ্ট দপ্তরগুলি নেট ওয়াকিং সিস্টেমের মাধ্যমে তাদের ফাইলের অবস্থান জানতে পারবেন।' আমার প্রশ্ন হচ্ছে, উনি বলছেন, স্বল্প সময়ের মধ্যে পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করা সম্ভব নয়। তাহলে বাজেটের মধ্যে আপনি এক রকম কথা বললেন, আর এখানে আপনি আরেক রকম কথা বলছেন। এটা কেন করছেন? তাহলে কি আপনি এটা পারেননি করতে?

[11.20–11.30 a.m.]

ড. অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা একদম সত্য যেটা উনি পড়ে শোনালেন এবং আমি গর্বের সঙ্গে বলছি আজকে ফাইনান্স ডিপার্টমেন্টর ফাইল ট্র্যাকিং ইজ অপারেশানাল।

শুনে নিন, আজকে এখনো বছর শেষ হয়নি ইট ইজ অপারেশানাল। এইবারে আপনার প্রশ্নের উত্তরে আসছি, ফাইল ট্র্যাকিং একটা প্রসেস মাননীয় অধ্যক্ষ মহোদয়। যে ফাইল ফাইনান্স মিনিস্ট্রীতে আসে সঙ্গে সঙ্গে সেটা কম্পিউটারে অ্যাপিয়ার করে ট্র্যাক থাকে, যেভাবে নামে, যেভাবে ওপরে আসে, প্রত্যেকটা, একটা ক্লিকে সেই ফাইল কোথায় আছে তা জানতে পারা যায়। কিন্তু তার মানে এই নয়, যে বিভিন্ন প্রকল্প তৈরি করে ডি. পি. আর. তৈরী করে যেভাবে বিভিন্ন ডিপার্টমেণ্ট দিচ্ছে সেই ফাইল ট্র্যাকিংয়ের মাধ্যমে সেই প্রসেসটা আর এই প্রসেসটার কোন সম্পর্ক নেই। সেহেতু মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বিধায়ক সাহেবকে বসিয়ে, সঙ্গে বসে আমি নিশ্চয় আলোচনা করে বুঝিয়ে দেবে দুটোর মধ্যে তফাৎটা কি। ফাইল ট্র্যাকিং ইজ নট দ্য সেম অ্যাজ ডিটেল প্রোজেক্টেস অফ্ দ্য ডিফারেণ্ট ডিপার্টমেণ্টস।

প্রাথমিক কৃষি সমবায় সমিতি

*২। (অনুমোদিত প্রশ্ন নং *২) **শ্রী তজমুল হোসেন :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে রাজ্যে নতুন প্রাথমিক কৃষি সমবায় সমিতি গঠনের লক্ষ্যমাত্রা কত ; এবং

(খ) ৩১ শে অক্টোবর , ২০১২ পর্যন্ত কতগুলি নূতন প্রাথমিক কৃষি সমবায় সমিতি গঠন করা সম্ভব হয়েছে?

শ্রী হায়দার আজিজ সফি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি রিপ্লাই দিচ্ছি।

(ক) রাজ্যের প্রতিটি গ্রাম/মৌজা কোন না কোন প্রাথমিক কৃষি সমবায় সমিতির অন্তর্ভুক্ত। তাই নতুন প্রাথমিক কৃষি সমবায় সমিতির লক্ষ্যমাত্রা স্থির করার প্রয়োজন হয় না। তবে কোন প্রাথমিক সমিতির সাপেক্ষে লিকুইডেশনের আদেশনামা জারী হলে এবং লিকুইডেশন পক্রিয়া সমাপ্ত হলে শূন্য এলাকা পূরণ করার জন্য নূতন প্রাথমিক কৃষি সমবায় সমিতি নিবন্ধীকরণ করা হয়। অনেক সময় সমিতির বিভাজনে এবং সযুক্তিকরণের জন্য নিবন্ধী করণের প্রয়োজন হয়।

(খ) উপরোক্ত প্রক্রিয়ার মাধ্যমে এখনও পর্যন্ত এই বৎসরে ৫টি নূতন প্রাথমিক কৃষি সমবায় সমিতি গঠন করা হয়েছে।

শ্রী তজমূল হোসেন : স্যার, আপনি বলছেন যে এই লক্ষ্যমাত্রা স্থির করা হয় না। আবার নীচে উত্তর দিচ্ছেন, যে এক বৎসরে আবার প্রাথমিক কৃষি সমবায় গঠন করা হয়েছে। তো আমার আপনার কাছে নির্দিষ্ট প্রশ্ন এই যে কৃষি সংক্রান্ত সমবায় সমিতিগুলো আছে, সেক্ষেত্রে আপনার জনকল্যাণ মূলক খাতে সরকারের বরাদ্দের কোন পরিকল্পনা আছে কি? কৃষি সংক্রান্ত বিষয়ে? এটা একটু দয়া করে জানাবেন।

শ্রী হয়দার আজিজ সফি : এই যে পাঁচটি নতুন সমিতি করা হয়েছিলো কারণ এই সমিতি গুলো ডিপাংক্ট হয়ে গিয়েছিলো, ঐজন্যে পাঁচটা করা হয়েছে। এখন এই পাঁচটা হচ্ছে, একটা হয়েছে কাবিলপুর এস. কে. ইউ. এস. হুগলীতে, একটা হয়েছে রাজপাড়া পশ্চিমমেদিনীপুরে, পুরুলিয়াতে

জনকল্যাণ এস. কে. ইউ. এস. লিমিটেড, সাউথচব্বিশ পরগণায় ইন্দিরা গান্ধী এস কে. ইউ. এস. লিমিটেড ইত্যাদি করা হয়েছে। স্টেটে টোটাল এস. কে. ইউ. এস. আছে ৫৯৬৬।

শ্রী তজমূল হোসেন : আমার প্রশ্নটা হচ্ছে, কৃষি সংক্রান্ত কোন পরিকল্পনা আপনার আছে কিনা সেটা বলুন। কোন পরিকল্পনা আছে?

শ্রী হায়দার আজিজ সফি : আমি আপনাকে বলছি। আমি পরিকল্পনার মধ্যে বললাম ৫৯৬৬ আছে। ৬০১ সোসাইটি ডিফাংক্ট আছে। এক্ষেত্রে আমরা কি করেছি, একটা নতুন ফোর্স ৪ ফর্ম করেছি, টাস্ক ফোর্স ফর্ম করে, এই সোসাইটিগুলো চেক করবে কেন ডিফাংক্ট হয়েছে, এটা আমরা রিভাইব করার চেষ্টা করবো।

শ্রী তজমূল হোসেন : স্যার, পরিকল্পনা কি আছে সেটার তো উত্তরই দিলেন না।

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আপনার মাধ্যমে বলছি। আমি আপনাকে বললাম তো রিভাইব করার পরিকল্পনা আছে।

শ্রী তজমূল হোসেন : স্যার, আপনার মাধ্যমে আমার দ্বিতীয় প্রশ্ন এই যে ক্ষুদ্র প্রান্তিক কৃষক যারা, তাদের ঋণ দেওয়ার ক্ষেত্রে সরকারের ভর্তুকির কোন পরিকল্পনা আছে কি? কিম্বা আমাদের যে সমস্ত গ্রামে গঞ্জে, সেখানে কোন কৃষক হয়তো এক বৎসরও ঋণ শোধ করতে পারলো না, তার দ্বিতীয় বৎসরে হয়তো কোন কারণবশত, এক বৎসরের ঋণ শোধ করতে পারলোনা, দ্বিতীয় বৎসরে সেই ঋণ যদি শোধ করে সেক্ষেত্রে ভুর্তকির কোন পরিকল্পনা আপনার আছে? যদি থাকে তাহলে সেটা আপনি দয়া করে জানাবেন। এক বৎসরের মধ্যে যদি না হয়, দ্বিতীয় বৎসরের কথা বলছি। যদি কোন কারণবশত, কোন খরা হলো বা এরকম কোন কিছু হলো, কোন কারণবশত কৃষক হয়তো নাও ঋণ শোধ করতে পারে তারজন্য আপনি ভর্তুকির কি ধরণের ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী হায়দার আজিজ সফি : আপনার মাধ্যমে স্যার, আমি Hon-ble member কে জানাচ্ছি, যে আমাদের different head এযে grant আছে সেটা দেওয়া হয়েছে। আপনার SKUS-এ তে। যেটা আপনি বলতে চাইছেন, তারমধ্যে একটা হচ্ছে risk fund। Packs-এ যেখানে ঋণটা ঠিকভাবে আদায় হয় না। ওই হেডে আমরা risk fund-এ টাকা দিই। আমরা দিয়েছি, এখনও sanction করেছি ২০১১-১২ তে 5 crore 59 lakh পয়েন্ট 71, এবং এই বছরে 4 crore 20 lakh এই পর্যন্ত দেওয়া হয়েছে। এছাড়া আপনারা strengthening of PACS করার জন্যে আমরা এই বছরে দিয়েছি ২০১১-১২তে দিয়েছি 4 crore 49 lakh সেভেন্টি সিক্স থাউজেণ্ড এবং এই বছর 2012-13 এখনও পর্যন্ত দেওয়া হয়েছে ওয়ান কোড়স সিক্সটিসিক্স ল্যাক্স ফোর থাইজেণ্ড। মেন হচ্ছে আপনার risk fundটা এইগুলো আমরা করেছি। তারপর RKVY, RIDF যে টাকা আছে. সেটা দেওয়া হয়।

শ্রী তজমুল হোসেন : আমার নির্দিষ্ট প্রশ্ন হচ্ছে যে যদি কোন কৃষক এক বছরের ঋণ আছে শোধ করতে পারেনি, দ্বিতীয় বছরে যদি ও ঋণ শোধ করে তারজন্য ভরতুকির কোন পরিকল্পনা আছে? এটা আমার নির্দিষ্ট প্রশ্ন।

শ্রী হয়দার আজিজ সফি : এই সম্বন্ধে আমাদের পরিকল্পনা আছে যে loan নিয়েছি, যে ঋণ নিয়েছে সেটা তো ফেরত দিতেই হবে। এই বছরে না দিয়ে next year এ দেয় তাহলে interest দিতে হবে।

শ্রী সব্যসাচী দত্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, coorperative এর মধ্যে একটা বড় প্রশ্ন হচ্ছে co-operative department fisheries গত যে সরকার ছিল, তারা fisheries-এর বিভিন্ন জায়গায় cooperative করে চালিয়েছেন। আমার specific প্রশ্ন এই co-operative করে চালানো হয়েছে, তার কোন হিসাব কি fisheries ডিপার্টমেন্ট আদৌ co-operative কে দিয়েছে? এবং co-operative যদি fisheries এর নাম করে যে চালানো হয়েছে তার audit কি এখনও হয়েছে? গতকাল কিন্তু জলাভূমি সংরক্ষণ দিবস ছিল।

শ্রী হায়দার আজিজ সফি : আপনার মাধ্যমে reply দিচ্ছি এই যে fisheries আছে, এটা আমি deal করি না। এটা fisheries Department থেকে deal করা হয়। এই জন্য-এ আমি সঠিক answer দিতে পারব না। because Fisheries Department থেকে এটার reply দেবে।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন-যে অনেক সমবায় আছে, যে সমবায়গুলো বন্ধ হয়ে গেছে টাকা-পয়সার অভাবে কাজ কর্ম করে না কিন্তু তার পরিকাঠামো আছে। সেই সমবায়ের ঘর আছে, পরিকাঠামো আছে সব আছে শুধু অর্থের অভাবে এইভাবে বন্ধ হয়ে গেছে। সেইগুলো নতুন করে উন্নয়ন করা বা নতুন করে তার পরিকাঠামো করার কোন পরিকল্পনা আপনার আছে কি না?

শ্রী হায়দার আজিজ সফি : না, আমি একটু আগেই respected এ তাজমুল হোসেন-এর question এর অ্যানসার দিয়েছিলাম যে আপনাদের এখানে ৬০১টি society আছে। যেখানে আমি একটা task force গঠন করেছি, সেটা বলে রাখি আগে কোনদিন আগে এটা করা হয়নি, এই সরকার আসার পর আমরা করেছি। এরা visit করবে, ভিজিট করে প্রত্যেক society কে report দেবে, কেন defunct হয়েছে, ওদের society র Office আছে কিনা? Boards ছিল, বোর্ড কি হয়েছে? টাকা-পয়সা কি হয়েছে? কি ভাবে হয়েছে report আমি 3Ist January র মধ্যে চেয়েছি। ওই report আসার পর আমরা revive করার চেষ্টা করব। revival দুটো process-এ হয়। একটা টাকা-পয়সার grant দেওয়া হয়, second হচ্ছে কাছাকাছি কোন society কে merge করে দেওয়া হয়। এখন তো আমি report তো না পাওয়া পর্যন্ত বলতে পারব না। কিন্তু এটা আমি House assure করছি, এই যে সরকারের এত society আছে আগে তে বছরের আপনাদের সরকার Left সরকার কিছুই করেনি। আমরা এবার form করেছি task force রিকভারি করার চেষ্টা করছি।

ড. আশীষ ব্যানার্জী : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে প্রশ্ন করতে চাই, বামফ্রন্ট আমলে কৃষি সমবায়গুলো ব্যবসায় কেন্দ্র হয়ে উঠেছিল এবং আমি আপনার মাধ্যমে প্রশ্ন করতে চাই কতগুলি প্রাথমিক কৃষি সমবায় সমিতি বামফ্রন্টের সময় বন্ধ হয়ে গিয়েছে দুর্নীতির দায়ে?

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আপনার মাধ্যমে রিপ্লাই দিচ্ছি। এই যে ৬০১ টি সোসাইটি যেটা আমি বললাম ডিফাংড হয়ে গিয়েছে এটা সব বামফ্রন্ট সরকারের সময় হয়েছে। আমাদের সরকারের সময় এখনও পর্যন্ত ডিফাংড কিছু হয় নি, ামাদের রেকর্ডে যা দেখলাম। আমি স্টাডি করে বলছি।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। এই আর্থিক বছরে সমবায় ঋণদান সংস্থা গুলোর মাধ্যমে কৃষকদের কত সল্প এবং দীর্ঘ মেয়াদী ঋণ দেওয়া হয়েছে?

শ্রী হায়দার আজিজ সফি : আমি আপনাকে ডিফারেণ্ট হেড বলে দিচ্ছি কোন হেডে কত টাকা দেওয়া হয়েছে এই অবধি। একটা তো হচ্ছে আমি বললাম স্টেনদেনিং অফ P.A.C.S, সেকেণ্ড হচ্ছে ইউনিভারসাল মেম্বারসিপে এই বছরে আমরা দিয়েছি ৩ কোটি ২ লক্ষ পয়েণ্ট ৫৬ এবং লাস্ট ইয়ারে দেওয়া হয়েছিল ১ কোটি ৯ লক্ষ পয়েণ্ট ৬৬। রুরাল কনজিউমারে-কনজিউমার তো P.A.C.S-এ থাকে-লাস্ট ইয়ারে দেওয়া হয়েছিল ১ কোটি ৮ লক্ষ পয়েণ্ট ৬০, এই বছর দেওয়া হয়েছে ১ কোটি ২ লক্ষ এই অবধি। তারপর আর. কে. ভি. ওয়াই আছে। আর. কে. ভি. ওয়াই-তে এই বছর দিয়েছি এখন পর্যন্ত ৯ কোটি ১৩ লক্ষ পয়ণ্ট ১৪। এটা দেওয়া হয়েছে। তারপর আর.আই.ডি. এফ.-এ দিয়েছি ১ কোটি ২ লক্ষ এই অবধি দেওয়া হয়েছে। ডিফারেণ্ট হেডে ডিফারেণ্ট সোসাইটকে দেওয়া হয়েছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : উনি জানতে চেয়েছেন কত ঋণ দেওয়া হয়েছে স্বল্প মেয়াদী দীর্ঘ মেয়াদী।

শ্রী হায়দার আজিজ সফি : এই এ্যাকাউণ্ট আমার কাছে নেই বিকজ লোন তো দেয় সোসাইটি থেকে। ওই একাউণ্ট আমার কাছে নেই, আপনি বললে আপনার রিপ্লাই দেব।

শ্রী সুভাষ নস্কর : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই আপনার মাধ্যমে যে সরকার ইতিপূর্বে তার সিদ্ধান্ত জানিয়েছিলেন কৃষি সমবায় বা কৃষি ব্যাংক থেকে কোন লোন অনাদায় থাকে কোন কৃষকের, আদায় করার জন্য সম্পত্তি ক্রোক করা যাবে না। কৃষকরা অনাদায়ের কারণে মৃত্যু হচ্ছে তার সংখ্যা আপনি জানালেই বলবেন, আমি জানি। কিন্তু এখন পলিশি কি? যদি আদায় না করা যায় তাহলে আপনার ৬০০ নয় ১০০% অনাদায় হবে এবং ডিফাং হবে। সরকারের সুনির্দ্দিষ্ট পলিশি কি? সবটাই কি মুকুব করে.দেবেন? আপনি তো ক্রোক করবেন না, সম্পত্তি ক্রোক করবেন না। আদায়ের তো সরকারী সিদ্ধান্ত নেবেন। সরকারের সুনির্দ্দিষ্ট সিদ্ধান্ত কি অনাদায়ী ঋণ আদায়ের ক্ষেত্রে।

শ্রী হায়দার আজিজ সফি : স্যার আপনার মাধ্যমে আমি এটার রিপ্লাই দিচ্ছি ওনারেবেল মেম্বারকে। এই ম্যাটারটা রিকভারি নিয়ে, এটা প্রসেসে আছে। আমরা এখনও ফাইনাল ডিসিশানে পৌঁছাইনি। আমাদের ডিফারেন্ট ব্যাংকের সংগে মিটিং করা হচ্ছে, বিভিন্ন সোসাইটির সংগে মিটিং করা হচ্ছে যে ঋণ আদায় না হলে আমরা কিভাবে করতে পারি যাতে কৃষকদের বেশী ক্ষতি না হয়। এই ব্যাপারে এখনও ফাইনাল ডিসিশান হয়নি। এটা আমার নলেজে আছে।

[11.30–11.40 am]

পাটের সহায়ক মূল্য

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১) **শ্রী আনিসুর রহমান :** কৃষিবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান পাটের সহায়ক মূল্য কত, এবং

(খ) ৩১ শে অক্টোবর,২০১২ তারিখ সাপেক্ষে কটি কেন্দ্রে জে.সি. আই. পাট কিনেছে ও কত পরিমাণ পাট কিনেছে?

শ্রী মলয় ঘটক :

স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্ন উত্তর দিচ্ছি।

(ক) বর্তমানে মরশুমে পাটের সহায়ক মূল্য প্রতি কুইন্টাল ২২২৫ টাকা থেকে ২২৬৩ টাকা পর্যন্ত ধার্য্য করা হয়েছে। এটা ভ্যারি করে। কারণ জেলায় জেলায় আলাদা করে রেট ফিক্স থাকে। এই জেলা গুলো বলছি।

(খ) ৩১ শে অক্টোবর পর্যন্ত জে. সি. আই এই রাজ্যে মোট ৮ টি জোনে ৬৫টি বিক্রয় কেন্দ্রে মোট ১ লক্ষ ৮৩ হাজার ৬৪৩ কুইন্টাল এবং বেনফিসের মাধ্যমে ১০২৯৬ কুইন্ট্যাল পাট সংগ্রহ করেছে ৩১.১০ পর্যন্ত। কিন্তু পরবর্তীকালে আরো সংগ্রহ করেছে। যদি জানতে চান সেটা আমি জানিয়ে দিতে পারবো আপনাকে যে মোট কত সংগ্রহ করেছে।

শ্রী আনিসুর রহমান : আমার দুটো কথা আপনাকে জানাই। একটা হচ্ছে যে গভর্নমেণ্ট অফ্ ইণ্ডিয়া কৃষকদের নিয়ে একটা কমিশন করেছিল। তাতে বলেছিল কৃষি ফসলের যা প্রোডাকশান কস্ট তার সঙ্গে আরও ৫০% যোগ করে সাপোর্ট প্রাইস ঠিক হবে। এই ২ হাজার ২২৫ টাকা ঠিক হয়েছে, এটা তার ভিত্তি হয় নি। উৎপাদন খরচ অনেক বেশী। কিন্তু সেই মত সাপোর্ট প্রাইস ঘোষণা হয় নি। এই ব্যাপারে আপনারা কোন সিদ্ধান্ত নিয়েছেন কিনা, জানিয়েছেন কিনা? আর এই যে পাটটা কিনেছে জে. সি আই., এটা মোট পাটের তুলনায় কোন পারসেণ্টেজই পড়ে না, আজকে দাম কমতে কমতে চলে গেছে সতের'শ আঠের'শ উনিশ'শ। কৃষকদের ভীষণ দুরবস্থা। তারা পাট বিক্রি করতে পারছে না, ঘরে পড়ে আছে। দামটা পারফেকশান করুন। আমরা বহুবার জানিয়েছি তবু ব্যবস্থা হয় নি। এই সমস্ত পাট কেনার ব্যাপারে কোন ব্যবস্থা আছে কিনা সেটা জানতে চাইছি?

শ্রী মলয় ঘটক : স্যার আমি আপনার মাধ্যমে জানাচ্ছি, মাননীয় সদস্য বিগত যে সরকার তার গুরুত্বপূর্ণ মন্ত্রী ছিলেন। তিনি জানতেন যে পাট ক্রয়ের যে মূল্য সেটা কেন্দ্রীয় সরকার ঠিক করে থাকে এবং বামফ্রন্ট সরকারের সময় যদি দেখেন তাহলে প্রতি বছরে ৮০টাকা, ১০০ টাকার বেশী ক্রয় মূল্য বাড়ত না। কিন্তু এবারে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় গত বছর যেটা সতের'শ টাকা ছিল, সেটা বাইশ'শ পঁচিশ টাকা অর্থাৎ ৫২৫ টাকা একবছরে বেড়েছে। আপনাকে আমি আগেই বললাম যে ৩১.১০ পর্যন্ত আপনি প্রশ্ন করেছিলেন বলে আমি ৩১.১০ পর্যন্তই জানিয়েছিলাম। কিন্তু মোট যেটা সংগ্রহ হয়েছিল সেটা হচ্ছে ২৯.১১.১২ তারিখ পর্যন্ত ২

লক্ষ ৮৫ হাজার ২৫৩.৭ কুইন্ট্যাল জে. সি. আই. কিনেছিল এবং সমবায়ের মাধ্যমে ২৭ হাজার ৭৪.৩০ কুইন্ট্যাল পাট কেনা হয়েছিল।

শ্রী আনিসুর রহমান : স্যার, আরেকটা গুরুত্বপূর্ণ বিষয় আপনারা জানেন যে আমাদের বহু সংগ্রাম কৃষকদের লড়াইয়ের মধ্য দিয়ে গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া সিদ্ধান্ত নিয়েছিল যে চিনি এবং খাদ্য দ্রব্য চটের ব্যাগের মাধ্যমে সরবরাহ করা হবে। মানে বিভিন্ন জায়গায় ট্রান্সপোর্ট হবে। নিন্তু এটা ভেঙ্গে যায়।

.....(নয়েজ).....

আমি জানি, ওইটুকু জানি না তো কি জানি। শুনে রাখুন, তারপর বলবেন। প্লিজ, প্লিজ। আগে শুনে নিন তারপর উত্তর দেবেন। এটা আমরা জানি যে আপনারা এটা ঠিক করার মালিক নয়। আমরা বলছি, আপনাদের কাছে আমরা বলে এসেছিলাম এই যে ঘটনা ঘটেছে যা একশো ভাগ চিনি এবং খাবার পাটের ব্যাগে যাবে, সেটা কমিয়ে দিয়ে ৬০ ভাগ থেকে ৯০ ভাগ করে দিয়েছে। এটার বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানিয়েছি। আপনারা সরকারের পক্ষ থেকে এর বিরুদ্ধে কোন প্রতিবাদ জানিয়েছেন কিনা সেটা জানতে চাই।

শ্রী মলয় ঘটক : এটা কোনই দপ্তরের ব্যাপার নয়। এটা সরকারের সিদ্ধান্তের ব্যাপার। সতুরাং এ ব্যাপারে আপনি যদি আমাকে চিঠি লেখেন তাহলে আমি তার স্পেশিফিক উত্তর দিতে পারব। সব থেকে বড় ব্যাপার, চটের যে বস্তা, সেটা কতটা ব্যবহার হবে না হবে এটা কেন্দ্রীয় সরকার ঠিক করে থাকে। সেখানে রাজ্য সরকার থেকে নিশ্চয়ই আমরা চিঠি লিখতে পারি। আর আপনি যে প্রশ্নটা আমাকে করেছেন সেটা আমি জানাব।

শ্রী অজয় দে : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন-আপনি বলেছেন যে এ বিছর কত হয়েছে। আমার প্রশ্ন যে এবারে যা প্রোডাকশান হয়েছে তাতে অনেক পাট এখন কৃষকদের ঘরে পড়ে আছে এবং সেই বিষয়টা নিয়ে আপনি জে. সি.আই-এর সঙ্গে কোন আলোচনা করে এই পাটটা যাতে কিনতে পারে এবং বিক্রি করতে পারে, এর কোন উদ্দ্যোগ গ্রহণ করবেন কি?

শ্রী মলয় ঘটক : আমরা সরকার থেকে সব সময় উদ্যোগ গ্রহণ করে থাকি। যাতে চাষীর কাছ থেকে বেশি মাত্রায় যে প্রডিউস, সেটা কেনা হয়। অলরেডি যেটা কেনা হয়েছে, তার হিসাব আপনাকে দিলাম ২৯.১১.১২ পর্যন্ত। তারপরেও যদি হিসাব চান, আপনি চিঠি লিখবেন, আমি আপনাকে জানিয়ে দেব তারপরে কতটা কি সংগ্রহ করা হয়েছে।

শ্রী নির্মল ঘোষ : স্যার, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন-আমরা কি বলতে পারব হাউসে যে এই আর্থিক বছরে ২০১২-১৩-তে জে. সি. আই. আমাদের রাজ্যের যা প্রোডাকশান নিয়ারলি ৮০ লক্ষ, তাতে কতটা প্রোডাক্ট খরিদ করবে এই টার্গেট তারা ঠিক করেছিল। আপনি একটা কথা বলেছেন মন্ত্রী মহাশয় যে এটা ঠিক সমালোচনার জন্য লোক সমালোচনা করেন। এই প্রথম পাট চাষীরা রাজ্যে হায়েস্ট মূল্য পেয়েছে, এই প্রথম। এই ব্যাপারে আমাদের রাজ্যের মাননীয়া

মুখ্যমন্ত্রী যে উদ্যোগ নিয়েছেন, তা প্রশংসার যোগ্য। তাই আমি আপনাকে বলতে চাই আমাদের রাজ্য থেকেও এই যে বাইশো পঁচিশ টাকা এবং বাইশ'শ তেষট্ট টাকা, তারমধ্যে আমাদের একটা টাকা দেওয়ার ছিল। তাহলে আমরা এর মধ্যে কি কনট্রিবিউশন করেছি এটা যদি আপনি বলেন। টোটাল টার্গেট কত নিয়েছিল এবং আমরা কি কনট্রিবিউট করেছি?

[11.40–11.50 a.m.]

শ্রী মলয় ঘটক : জে. সি. আই একটি কেন্দ্রীয় সংস্থা। এই সংস্থা পাট সংগ্রহ করে থাকে। আর, এর ডিফারেন্স রেট অফ প্রাইস হয় ২২৫ টাকা, ২৬৩ টাকা। সেটা হচ্ছে জেলা ভিত্তিক পাট সংগ্রহের তালিকা। কোন্ জেলাতে পাটের দামটা কত, সেটা আমি জানিয়ে দিচ্ছি। যেমন, কুচবিহারে ২২২৫ টাকা, জলপাইগুড়িতে ২১৭৫ টাকা, দার্জিলিং এবং দিনাজপুর, মালদহতে ২২৩৮ এবং ২১৮৮ টাকা, মুর্শীদাবাদে ২২৫০ টাকা, বাঁকুড়াতে ২২০০ টাকা, হুগলী, হাওড়াতে ২২৩৩ টাকা এবং মেদনীপুরে ২২১৩। যে টাকাতে কেনা হয় সেটা রাজ্যসরকারের কাছ থেকেও দেওয়া হয়—আমরা দিয়ে থাকি এবং কেন্দ্রীয় সরকার থেকেও এই টাকা বিভিন্ন প্রকল্প অনুযায়ী দেওয়া হয়। তার বিভিন্ন রকম রেট আছে।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যমহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যেখানে ক্রয় কেন্দ্র নেই- উনি উল্লেখ করেছেন, সেখানে বেনফেডের মাধ্যমে পাট কিনেছেন। কতগুলো বেনফেডের মাধ্যমে পাট কেনা হচ্ছে এবং তার পরিমাণ কত? একটু অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী মলয় ঘটক : আমি আগে আমাদের মাননীয় সদস্য আনিসুরের প্রশ্নের উত্তরে অলরেডি জানিয়েছি যে, বেনফেডের মাধ্যমে কত কেনা হয়েছে এবং জে. সি. আই কত কিনেছে। আপনাকে আর একবার আমি জানিয়ে দিচ্ছি। ৩১.১০.২০১২ পর্যন্ত জে. সি. আই-এর মাধ্যমে কেনা হয়েছে ১ লক্ষ ৮৩ হাজার ৬৪৩. ৩৯ কুইন্টাল আর বেনফেডের মাধ্যমে - সমবায়ের মাধ্যমে কেনা হয়েছিল ১০ হাজার ২৯৬ কুইন্ট্যাল। সর্বশেষ যে হিসাব আমার কাছে আছে, সেটা হচ্ছে ২৯.১১.২০১২ পর্যন্ত সেটাতে জে.সি.আই-এর মাধ্যমে পাট কেনা হয়েছে ২ লক্ষ ৮৫ হাজার ২৫৩.০৭ কুইন্ট্যাল এবং সমবায়ের মাধ্যমে কেন হয়েছে ২৭ হাজার ৭৪.৩০ কুইন্ট্যাল। এই ক্ষেত্রে জে.সি.আই তারা ৮টি জনে ৮৫টি কেন্দ্র থেকে কিনেছে। এই উত্তর আমার কাছে আছে। কিন্তু, সমবায় বা বেনফেড কতগুলো জায়গাতে করেছিল তার উত্তর আমার কাছে আপাততঃ নেই। আপনি যদি প্রশ্ন করেন আমি সেটা জেনে বলে দেব।

শ্রী উদয়ন গুহ : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উনি উত্তর দিতে গিয়ে আত্মপ্রসাদ লাভ করেছেন যে, ১২৫ টাকা কুইট্যালের পাটের দাম এবার বাড়ানো হয়েছে জে.সি.আই-এর মাধ্যমে। আমি উনাকে বলি যে, পাট যেখানে উৎপাদন বেশী হয় সেই কুচবিহার জেলার লোক, আমাদের জেলায় ২২৫০ টাকা কুইন্ট্যাল পাট কৃষক বিক্রি না করে হাট থেকে ফেরৎ নিয়ে গেছে। তারা বিক্রি করেননি। আমি শুধু একটা কথা আপনাকে জানাতে চাই যে, ডঃ স্বামীনাথন কমিটির যে সুপারিশ, সেই সুপারিশে বলা হয়েছে যে, কৃষকের উৎপাদিত ফসলের যে ন্যায্য মূল্য

সেই ক্ষেত্রে সেই ন্যায্য মূল্য হবে তার উৎপাদন খরচ তার উপর ৫০ শতাংশ দাম বৃদ্ধি করে যেটা হবে সেটাই হবে ফসলের ন্যায্য মূল্য। সেই হিসাবে কুচবিহার জেলায় ১ কুইন্ট্যাল পাটের দাম হওয়া উচিৎ সাড়ে তিন হাজার টাকা। আপনি আত্মপ্রাদ লাভ করেছেন যে, ২১৭৫ টাকা। এই যে ফসলের ন্যায্য মূল্য, ডঃ স্বামীনাথন কমিটির সুপারিশ অনুযায়ী যেটা হওয়া উচিত সেই ব্যাপারে আপনারা কোনো চিন্তা-ভাবনা করছেন কিনা দয়া করে জানাবেন।

শ্রী মলয় ঘটক : মাননীয় সদস্য আপনি জানেন যে, এই যে ন্যায্য মূল্য বা ক্রয় মূল্য সেটা ঠিক করে কেন্দ্রীয় সরকার, এটা রাজ্য সরকার করে না। সুতরাং, আপনি যে ন্যায্য মূল্য সম্পর্কে আজকে বললেন, এই কথা যাতে কেন্দ্রীয় সরকারের কাছে পৌঁছে যায় সেই ব্যবস্থা আমি করবো।

জুনিয়ার হাইস্কুলকে হাইস্কুল স্তরে উন্নীতকরণ

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮) **শ্রী ঈদ মহম্মদ :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১২-২০১৩ আর্থিক বছরে কতগুলি জুনিয়ার হাইস্কুলকে হাইস্কল স্তরে উন্নীত করা হয়েছে?

শ্রী বাত্য বসু : ২০১২-২০১৩ আর্থিক বৎসরে ৩১ টি জুনিয়ার হাইস্কুলকে হাইস্কুলে স্তরে উন্নীত করা হয়েছে।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। ২০১২-২০১৩ আর্থিক বৎসরে ৩১টি জুনিয়ার হাইস্কুলকে হাইস্কুল স্তরে উন্নীত করা হয়েছে বলে উনি বলেছেন। জেলা ভিত্তিক কত? কোন্ জেলায় কত করা হয়েছে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ক কে আমি এর উত্তরে জানাচ্ছি, আমি স্কুলগুলো বলে যাচ্ছি। কোন জেলায় কত, কোন্ স্কুল, আপনি বুঝতে পারবেন। মুর্শিদাবাদ, হুগলী। মুর্শিদাবাদের জাওয়াহারি জুনিয়র হাইস্কুল। হুগলীতে ফতেমা জুনিয়ার হাইস্কুল। পূর্ব-মেদিনীপুরে বিবেকানন্দ মিশন স্কুল। নদীয়ার সুদর্শন মিশন স্কুল। দক্ষিণ ২৪ পরগনায় অমর ভারত স্কুল। উত্তর ২৪ পরগনায় বৈষ্ণদেবী অ্যাকাডেমী। পূর্ব-মেদিনীপুরে শ্যামসুন্দর জুনিয়র হাইস্কুল। মুর্শিদাবাদে হাটপাড়া জুনিয়র হাইস্কুল। দক্ষিণ ২৪ পরগনায় রাধাকান্ত সারদাচরণ হাইস্কুল। পূর্ব-মেদিনীপুরে রামচক-গোপালচক ঘাটপার হাইস্কুল। পূর্ব-মেদিনীপুরে বালগোবিন্দ হাইস্কুল। পূর্ব-মেদিনীপুরে পুরুষোত্তম হাইস্কুল। পূর্ব-মেদিনীপুরে কল্যাণপুর হাইস্কুল। হুগলীতে শিশুসদন হাইস্কুল। পূর্ব-মেদিনীপুরে ডঃ রামমনোহর লোহিয়া আদিবাসী হাইস্কুল। কোলকাতায় লাজপত ইনস্টিটিউশন। কোলকাতায় আগফাজুল হক গার্লস হাইস্কুল। কোলকাতায় আওলাদ হোসেন স্কুল। পশ্চিম-মেদিনীপুরে শান্তিনগর-জয়নারায়ণপুর জুনিয়র হাইস্কুল। দক্ষিণ ২৪ পরগনায় লাঙ্গলবেকি পল্লীমঙ্গল স্কুল। নদীয়ায় শ্যামবাটী-রামেশ্বর স্কুল। পূর্ব মেদিনীপুরে বাসুদেবপুর স্কুল। পূর্ব-মেদিনীপরে বাগমারী স্কুল। পূর্ব-মেদিনীপুরে ফুলেশ্বর-দিগম্বরী বালিকা স্কুল। উত্তর ২৪ পরগনায় ইন্দ্রগোপাল হাইস্কুল। হাওড়ায় বিবেকানন্দ স্কুল।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত

প্রশ্ন। যে সব জুনিয়র হাইস্কুলগুলোকে আপগ্রেডে করা হল তারজন্য অতিরিক্ত শিক্ষক নিয়োগের কোন বব্যস্থা করা হয়েছে কি?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় সদস্যকে জানাচ্ছি, সমস্ত পোষ্ট ডিটারমাইন করা হয়ে গেছে, স্যাংশন হয়ে গেছে এবং অবিলম্বে শিক্ষক নিয়োগ করা হচ্ছে। S.S.C-এর সাম্প্রতিক যে পরীক্ষা হয়েছে তার যে রেজাল্ট বেরুবে সেখান থেকে কিছু নেব। এছাড়া পুরনো প্যানেল থেকে আমরা সেখানে শিক্ষক নিয়োগ করছি। ধন্যবাদ।

শ্রী মহম্মদ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, ৩১ টি জুনিয়র-হাইস্কুলে উন্নীত হয়েছে। আর কতগুলো অ্যপ্লিকেশন পেণ্ডিং আছে এবং সেগুলো হয়কনি কেন? তার কারণ কী?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় বিধায়কে জানাচ্ছি, দেখুন নুতন স্কুলের পরিকল্পনা করেছি, ক্লাস ওয়ান থেকে ফোরের , মোট ১৮০ টা স্কুল করব। তারমধ্যে ১৬ টা হয়ে গেছে। এই বছরে বলছি। বাকিটা আমরা '১৩ থেকে '১৪ এবং '১৪ থেকে '১৫-র মধ্যে কমপ্লিট করব। আর, আপগ্রেডেশনের কথা যেটা আপনি বলছেন, সেখানে ২,২৩৫-টা স্কুল আমাদের টার্গেট। আমরা ইতিমধ্যে করে ফেলেছি ২,০৩৫টা স্কুল। আমি এখন এটা বললাম ফাসৈভ টু এইটের কথা। এইট টু টেন আমরা ৩১ টা স্কুল করেছি। টেন টু টুয়েলভ ৪৯২ টা স্কুল করেছি। এবার, যে রকম, যেরকম অ্যাপ্লিকেশন আসছে তার ভিত্তিতে আমরা প্রায়োরিটি করে করছি। এখন আপনি বলতে পারেন কত অ্যপ্লিকেশন এসেছ? সেই সংখাটা এই মুহূর্তে আমি আপনাকে বলতে পারছি না। আমি আপনাকে জেনে জানিয়ে দেব। তবে এটা আপনি আশ্বস্ত থাকতে পারেন, এইটুকু বলতে পারি, যে যে স্কুল আপগ্রেড করার দরকার, যা এখনও হয়নি সেগুলো সব আমরা আপগ্রেড করব। ধন্যবাদ।

শ্রী কেশবচন্দ্র রায় : মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন। আমাদের পশ্চিমবাংলায় ১৯টি জেলা। তার মধ্যে ৩১টা মাত্র উন্নীত হল জুনিয়র হাই থেকে হাই-এ। তাহলে আমরা এগোলাম না পিছোলাম? একটা করে জেলার মাত্র দুটো করে করা গেল না? তাহলে মনে হয় আমরা পিছিয়ে গেলাম। এটাতে আমাদের শিক্ষার অবনতি ঘটেছে। শিক্ষার উন্নয়নের জন্য কত তাড়াতাড়ি কতগুলো জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে পরিণত করা হবে সেটা যদি আপনি জানাতেন?

[11.50-am–12.00 noon]

শ্রী ব্রাত্য বসু : এগোনো আর পিছোনো এটা তো একটা আপেক্ষিক ব্যাপার। আমরা যদি তিনটে করেও করতাম, আপনার মনে হতে পারে আমরা পিছিয়ে গিয়েছি। ন্যূনতম একটা করেও যে করা হয়েছে-একটার বেশি আছে-সেটা আপনার কাছে যদি পিছোনা বলে মনে হয়, তাহলে আমার ধারণা আমরা যখন জেলাভিত্তিক চারটে করে করবো, তখন আপনার মনে হবে মোটের উপর হয়েছে, খানিকটা এগোনো গিয়েছে। তার মানে কতটা এগোনা আর কতটা পিছোনো-এটা তো ঠিক আলোচনা করে হয় না। দেখা যাচ্ছে যে ১৯টি জেলায় ৩১ টি স্কুলকে আপগ্রেড করা

হয়েছে। সামনের অর্থবর্ষে আমরা বলছি আরো স্কুল আপগ্রেড করবো। তারজন্য বিভিন্ন স্কুলকে বলেছি আপনারা আবেদন জানান। সেই মতো আবেদন জানানো হচ্ছে। আমাদের বরাদ্দ অনুযায়ী আমরা আপগ্রেড করবো। এবার সেটা আপনার কাছে পেছোনো মনে হতে পারে। আমরা মনে করছি এটা এগোনো। আমি আবার বললাম ক্লাস এইট থেকে টেনটাই একমাত্র আপগ্রেডেশান নয়। টেন থেকে টুয়েলভ এটাও একটা আপগ্রেডেশান। ইতিমধ্যেই ৪৯২ টি স্কুলকে করা হয়েছে। আমি জানি না সেটাকে আপনি কি বলবেন—এগোনো না পিছোনো। আমি এটাও বললাম যে ফাইভ থেকে এইট-এটাও একটা আপগ্রেডেশান। সেটা ২২৩৫ টি স্কুলের মধ্যে ২০৩৫ টি স্কুল করা হয়েছে। আমি জানি না এটাকে আপনি কি বলবেন? এগোনো না পিছোনা? আপনি ভাবুন, ভাবতে থাকুন। আমরাও ভাবছি। ধন্যবাদ।

শ্রী অশোক সাউ : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে পশ্ন-চন্দননগর বিধানসভা এলাকায় ভদ্রেশ্বর এবং তেলিনীপাড়া এলাকায় কিছু আপগ্রেডেশানের দরখাস্ত দেওয়া আছে। সেই সম্পর্কে কিছু চিন্তা-ভাবনা করেছেন কিনা যদি দয়া করে জানান?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি, আমরা তো বললাম এরকম এলাকাভিত্তিক নয়, আমরা চিন্তা করছি জেলাভিত্তিক। জেলার মধ্যে যে যে স্কুলগুলোকে করার দরকার সেটার মধ্যে যদি আপনার স্কুলের আবেদন-আমার এই মুহূর্তে স্মরণে পড়ছে না আপনার স্কুলের আবেদন সেখানে আছে কিনা-যদি থাকে তাহলে নিশ্চয়ই সেটা করা হবে। বাকি যে প্যারামিটারগুলি আছে সেগুলো যদি ঠিক হয় অন্তত রিয়েলাইজডলি ইন্সপেকশান করে সেটা করা হয়, সেটা আমরা নিশ্চয়ই করবো।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহোদয়কে আমার প্রশ্ন, স্কুলগুলো স্যাংশান করার ব্যাপারে আপনার কোন রোড ম্যাপ আছে কিনা, না প্রয়োজনভিত্তিতে করছেন, না কারো সুপারিশের ভিত্তিতে করছেন?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি—আমাদের একটা রোড ম্যাপ আছে। আমরা রোড ম্যাপ অনুযায়ীও করছি। আবার অনেক সময় কোন কোন সুপারিশের ভিত্তিতেও করছি। রোড ম্যাপ অনুযায়ী আপগ্রেডেশানের কাজ বা নতুন স্কুলের কাজসেটা আমি বললো একটা বড় সময় জোন। টাইম জোনে আমরা কাজ করছি এবং সেই কাজগুলি যেমন হওয়ার হচ্ছে। এমনও হতে পারে আপনি লক্ষ্য করে দেখবেন—কোন কোন স্কুলের ক্ষেত্রে আমরা মনে করছি যে-ধরুন মুর্শিদাবাদ জেলায় একটা কাজ করছি। মুর্শিদাবাদ জেলার ক্ষেত্রে আমরা দেখলাম-হয়তো কোন মাননীয় বিধায়ক জানালেন যে সত্যি এ জায়গাটা তিন কিলোমিটার দুরস্থান বা ৬ কিলোমিটারের মধ্যে যে স্কুল আছে সেখানে ক্লাস এইট থেকে টেন এরকম কোন স্কুল নেই। তখন কাজ করতে করতে ওটা হয়তো ওই স্কুলটিকে নির্দিষ্ট করে সেটাও আমরা করলাম। অর্থাৎ আপনার প্রশ্নটার যদি আমরা ছোট করে উত্তর দিই তাহলে এই ভাবে বলা যায় - ম্যাপ অনুযায়ী আমরা একটা ধারাবাহিকভাবে কাজ করছি এবং সুপারিশের ভিত্তিতে আপৎকালীন ভিত্তিতে কাজ করছি। দুটোই কাজ করছি। ধন্যবাদ। (ভয়েজ) আমি এখানে দল দেখছি না। আপনি যদি লক্ষ্য

করেন দেখবেন আমি যে আপগ্রেডেশানের লিস্টটা পড়লাম সেখানে এমন জায়গা আছে যেখানে আমাদের দলের কোন বিধায়ক নেই। এখানে আমি দল ব্যাপারগুলোকে খুব একটা প্রায়োরিটিতে রাখছি না। ধন্যবাদ।

শ্রী নেপাল মাহাত : অনারেবেল স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। স্যার, জুনিয়র হাইস্কুল গঠনের যে কনসেপ্টটা সেটা আছে দীর্ঘদিনই কিন্তু মাঝে একটা আলোচনা হচ্ছিল যে জুনিয়র হাইস্কুল রাখাটাই ঠিক নয়। জুনিয়র হাইস্কুলে যারা ক্লাস এইট পাশ করছে তাদের ক্লাস টেনে ভর্তির এখানে ওখানে প্রবলেম। আপনার বিভাগের এইরকম পরিকল্পনা আছে কি না যে জুনিয়র হাইস্কুল রাখাই যাবে না। হয় হাইস্কুল আদার ওয়াইজ ক্লাস ফোর পর্যন্ত যেটা আছে। এই ধরনের কোন পরিকল্পনা আপনার আছে কি?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে, এই ধরনের পরিকল্পনাই আছে যে ক্লাস এইটে যখন যে ছেলেটা পড়াশুনা করে যাচ্ছে বা আরো ভবিষ্যতে পড়তে চাইছে তখন ভবিষ্যতের ক্ষেত্রে তার সমস্যা হচ্ছে। সেইজন্য আমরা স্থির করেছে আস্তে আস্তে সবকটি যে জুনিয়র হাই আছে সেগুলোকে ধীরে ধীরে প্রত্যেকটিকে আমরা নূন্যতম প্রথমে হাইস্কুল অথবা হাই সেকেণ্ডারি স্কুলে আমরা ধীরে ধীরে কনভার্ট করবো।

ড. তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, এই যে জুনিয়র হাইস্কুলগুলোকে হাইস্কুলে উন্নীত করছেন তারজন্য তো উন্নততর পরিকাঠামো লাগবে মানে জুনিয়র হাইস্কুলের তুলনায়। সেই পরিকাঠামো সেই স্কুলগুলোতে থাকছে কি না এবং যদি না থাকে তার সুনিশ্চিত করার জন্য সরকারের তরফ থেকে কি কি ব্যবস্থা নেওয়া হচ্ছে অনুগ্রহ করে জানাবেন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে জানাচ্ছি যে, দুটি বিষয় আছে। একটি বিষয় হচ্ছে যেটি একটু আগে মাননীয় বিধায়ক ঈদ মহম্মদ বলেছিলেন অর্থাৎ শিক্ষক নিয়োগ। শিক্ষক নিয়োগের একটা দিক অর্থাৎ আমি যে মুহূর্তে আপগ্রেড করছি স্কুলটাকে সেই মুহূর্তে সেখানে পর্যাপ্ত শিক্ষক দিতে পারছি কি না। দুই, আপনি যেটা বললেন, পরিকাঠামোগত দিক। পরিকাঠামোগত দিক থেকে আপনারা দেখবেন আমরা দুটি সিদ্ধান্ত এরমধ্যে গ্রহণ করেছি। একটি আমাদের সিলেবাস তথা এক্সপার্ট কমিটি আছে তাদের আমরা বলেছি যে আমরা সমস্ত স্কুলে ধীরে ধীরে ল্যাবরোটরি করতে চাই। কেন না আমরা মনে করছি, বুনিয়াদি শিক্ষার যদি উন্নতি ঘটাতে হয় তবে সায়েন্স পাঠের দিকে এবং ভার্নাকুলারের পাঠের দিকে আমাদের আলাদা মনোনিবেশ করতেই হবে। ফলে ামরা যেটা চাইছি, নূন্যতম প্রত্যেকটি স্কুলে একটি করে ল্যাবরোটরি করতে। তার যে পরিকাঠামো সেটা আমরা ইতিমধ্যে একটা সার্ভে করতে দিয়েছি। আমাদের সুপারিশ কমিটি ইতিমধ্যে সেটা আমাদের কাছে পাঠিয়েও দিয়েছে। আমরা সেটা বিভাগীয়স্তরে আলোচনা চালাচ্ছি কি করে আমরা সমস্ত স্কুলে একটি করে ল্যাবরোটরি করতে পারি। আর একটা দেখবেন আমরা যেটা চাইছি পরিকাঠামোর -সেটা হচ্ছে আমি বলবো যে অন্তরগত পরিকাঠামো আর একটা হচ্ছে বহিরাঙ্গিক পরিকাঠামো-অর্থাৎ স্কুলটা দেখতে কেমন, স্কুলটা একটু ভাল কি না, স্কুল ঘরগুলি ঠিকঠাক আছে

কিনা। মহিলাদের জন্য এবং ছাত্রছাত্রীদের জন্য শৌচাগার আছে কিনা ইত্যাদি ইত্যাদি এটা আর একটা যাকে বলে বহিরাঙ্গিক দিক—একটা ভেতরের একটা বাইরের। সেটার জন্য আমরা বার বার স্কুলগুলোকে আবেদন করছি যে এই খাতে টাকা আছে আপনারা নিন। সেটা খরচ করে নিচ্ছে আবার কোন কোন স্কুল নিচ্ছে না। এক ধরেনর সচেতনার অভাব আছে। সেটা দূর করার জন্য আমরা একটা পুরস্কার চালু করতে চাইছি। ইতিমধ্যে আপনারা দেখবেন যে 'নির্মল মিত্র' পুরস্কার কিছুদিন আগে দিয়েছি। পরিকাঠামোর দিক থেকে যে স্কুল বাইরের পরিকাঠামো যত সুন্দর করতে পারবে তাদের জন্য আমরা একটা পুরস্কার চালু করছি জেলা ভিত্তিক। সেই পুরস্কার আমরা দেবো, তার নাম "যামিনী রায় পুরস্কার"। এইভাবে আমরা চেষ্টা করছি যে দুটি পরিকাঠামো যদি তার উন্নয়ন ঘটানো যায়।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। উনি স্কুলের উন্নয়নের যে তিনটি তথ্য দিয়েছেন—জুনিয়র হাই থেকে হাই, হাই থেকে হায়ার সেকেণ্ডারি এবং পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণীর সংখ্যাটিও বলেছেন দু হাজার সাম্থিং।

কেন্দ্রীয় সরকারের সর্বশিক্ষা অভিযানের আওতায় এই রাজ্যে একটি প্রকল্প এখনো রূপায়িত হচ্ছে যাতে একটা লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছে প্রত্যেক জেলাতে কতগুলি পঞ্চম শ্রেমী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত নতুন স্কুল তৈরী করা হবে- যেমন জলপাইগুড়ি জেলায় ৩৩৫টি স্কুলের লক্ষ্যমাত্রা ছিল সেখানে ৩১৬টি করা গেছে। তিনি যে পরিসংখ্যান দিয়েছেন দু হাজার কতটি স্কুল পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত উন্নীত করা হয়েছে, তারমধ্যে এই প্রকল্পের সংখ্যা ধরা আছে কিনা?

[12.00 noon–12.10 p.m.]

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে বিধায়ককে জানাচ্ছি নিশ্চয় ধরা আছে। আমি তো বললাম শুধু জলপাইগুড়ি জেলা কেন প্রত্যেকটি জেলাতে এই লক্ষ্যমাত্রা ধরে,তারপরে স্থির করা হয়েছে যেটা শুরুতেই আমি জানিয়েছি যে, এটা কোন অঞ্চল ধরে করা হয় নি। এটা জেলা ধরেই করা হয়েছে। ফলে অবশ্যই এটা ধরা আছে।

Starred Questions
(to which oral answers were laid on the Table)

অষ্টম শ্রেণী পর্যন্ত সিলেবাস

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫২) **শ্রী অসিত মিত্র :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে অষ্টম শ্রেণী পর্যন্ত সিলেবাসের পরিবর্তন করা হচ্ছে, এবং

(খ) সত্যি হলে, রূপরেখা কীরূপ?

বিদ্যালয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি

(খ) জাতীয় পাঠক্রম, ২০০৫ (National Curriculum Framework) এবং শিশুদের বাধ্যতামূলক ও অবৈতনিক শিক্ষার অধিকার আইন অনুসারে ১ম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্য্যন্ত সিলেবাস পরিবর্তন করার জন্য একটি বিশেষজ্ঞ কমিটি করেছেন। এই কমিটি রাজ্য সরকারের কাছে যে প্রতিবেদন জমা দিয়েছেন তা অনুমোদিত হয়েছে। তদনুসারে এই কমিটি ১ম, ৩য়, ৫ম এবং ৭ম শ্রেণীর জন্য মোট ১৪টি পাঠ্যপুস্তক রচনার কাজ সমাপ্ত করেছেন। এই পুস্তকগুলি ছাপার কাজ প্রায় শেষের দিকে। আগামী ২০১৩ শিক্ষাবর্ষে ছাত্রছাত্রীদের কাছে পাঠ্য পুস্তকগুলি বিতরণ করা হবে। পরিবর্তিত সিলেবাস অনুসারে অন্যান্য ক্লাসের জন্যও পাঠ্য পুস্তক রচনার কাজ চলছে।

নতুন কর্মসংস্থান

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮০) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২ -১৩ অর্থবর্ষে রাজ্য সরকারের নতুন কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা কত ;

(খ) ৩১শে অক্টোবর, ২০১২ পর্য্যন্ত কতজনের নতুন কর্মসংস্থান হয়েছে (জেলাওয়াড়ী তথ্য সহ) ; এবং

(গ) তন্মধ্যে, কতজন স্থায়ী ও কতজন অস্থায়ী?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মহোদয় :

(ক) ২০১২-২০১৩ অর্থবর্ষে রাজ্য সরকারের নতুন কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা হ'ল ১০,০০,০০০ জন।

(খ) এপ্রিল, ২০১২ থেকে অক্টোবর, ২০১২ পর্যন্ত বিভিন্ন বিভাগ সমূহে আনুমানিক ৮,২৪, ৫২১ জনের নতুন কর্মসংস্থানের সুযোগ হয়েছে। জেলাওয়ারী তথ্য এখন দেওয়া সম্ভব নয়।

(গ) উক্ত তথ্য এখন দেওয়া সম্ভব নয়।

সমবায় দপ্তরের অধীন কোল্ড স্টোরেজ

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫) **শ্রী বিজয় বাগদী :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে সমবায় দপ্তরের অধীনে কতগুলি কোল্ড স্টোরেজ আছে, এবং

(খ) তন্মধ্যে, কতগুলি কোল্ড স্টোরেজে আলু সংরক্ষণ করা হয়?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে সমবায় দপ্তরের অধীনে মোট ৪৪ (চুয়াল্লিশ)টি কোল্ড স্টোরেজ আছে ।

(খ) এইগুলির সবকটিতেই আলু সংরক্ষণ করা হয়।

প্রাথমিক শিক্ষক নিয়োগ

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩) **শ্রী সুনীল কুমার মণ্ডল** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকার কি কি পদ্ধতি গ্রহণ করেছেন; এবং

(খ) কত সংখ্যক প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হবে বলে আশ করা যায় (জেলাওয়াড়ী তথ্য সহ)?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ন্যাশানাল কাউন্সিল অফ টিচার্স এডুকেশন রেগুলেশন অনুসারে প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক নিয়োগ বিধি, ২০০১ সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধিটি নোটিফিকেশন আকারে ২৪/০৭/২০১২ তারিখে প্রকাশ করা হয়েছে। উক্ত বিধি অনুসারে প্রাথমিক শিক্ষক পদে আবেদন করার জন্য আবেদনকারীকে ন্যুনতম ৫০% নম্বর উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পেতে হবে (সংরক্ষিত প্রার্থীদের জন্য ৫% নম্বর শিথিল যোগ্য) এবং শিক্ষক প্রশিক্ষণের ২ বছরের ডিপ্লোমা থাকতে হবে। এর পর আবেদনকারীকে ৬০% নম্বর সহ (সংরক্ষিত ক্ষেত্রে ৫% শিথিলযোগ্য) টিচার এলিজিবিলিটি টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কেন্দ্রীয়ভাবে পঃ বঃ প্রাথমিক শিক্ষা পর্ষদ এই পরীক্ষা গ্রহণ করবেন। পরীক্ষার ফলাফল উক্ত পর্ষদ প্রকাশ করবে এবং জেলা প্রাথমিক স্কুল কাউন্সিলের কাছে নিয়োগের জন্য ফলাফল পাঠিয়ে দেওয়া হবে।

(খ) সর্বমোট ৩৪, ৫৫৯টি পদ পূরণের জন্য পরীক্ষা নেওয়া হবে। জেলাওয়াড়ী তথ্য নীচে দেওয়া হলঃ- বাঁকুড়া -১৭৭০, বীরভূম -১৯৬৮, বর্ধমান -২৫২১, কোচবিহার-১২৭২, দঃ দিনাজপুর-৭৫৩, হুগলি -১৭৬০, হাওড়া -১৫৯৭, জলপাইগুড়ি-১৪৪২, কোলকাতা -১৪৮৩, মালদা - ২৪৯৩, মুর্শিদাবাদ -২৪০৩, নদীয়া -১৭৫৭, উঃ ২৪ পরগণা -৪৭৯৯, পঃ মেদিনীপুর-১৮৭১, পূর্ব মেদিনীপুর -৩৮৩, দঃ ২৪ পরগণা -২৭৯২, পুরুলিয়া -১৪২৪, শিলিগুড়ি -৩০৩ এবং উঃ দিনাজপুর -১৭৬৮।

কলেজ কমিটি গঠন

* ৯। (অনুমোদিত প্রশ্ন নং *২২০) **শ্রী শাহাজাহান চৌধুরী :** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলেজ কমিটিগুলিতে সরকার মনোনীত প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার মাপকাঠির বিষয়ে সরকার পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, শিক্ষাগত যোগ্যতার ন্যূনতম মাপকাঠি কিরূপ?

উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

সরকারের ঋণ গ্রহণ

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯) **ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-১২ অর্থবর্ষের ১লা জুন, ২০১১ থেকে ৩১শে মার্চ, ২০১২ পর্যন্ত রাজ্য সরকারের বাজার থেকে ঋণ গ্রহণের পরিমাণ কত ছিল;

(খ) ২০১২-১৩ অর্থবর্ষের ১৫ই নভেম্বর, ২০১২ পর্যন্ত রাজ্য সরকারের বাজার থেকে ঋণ গ্রহণের পরিমান কত; এবং

(গ) ২০১২-১৩ অর্থবর্ষে রাজ্য সরকারের বাজার থেকে মোট এবং 'নীট' ঋণ গ্রহণের লক্ষ্যমাত্রা কি স্থির করা হয়েছে?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১১-১২ অর্থবর্ষের ১লা জুন, ২০১১ থেকে ৩১শে মার্চ, ২০১২ পর্যন্ত রাজ্য সরকারের বাজার থেকে ঋণ গ্রহণের পরিমাণ ছিল ১৭০১৭.৬০ কোটি টাকা।

(খ) ২০১২-১৩ অর্থবর্ষের ১৫ই নভেম্বর, ২০১২ পর্যন্ত রাজ্য সরকারের বাজার থেকে ঋণ গ্রহণের পরিমাণ ১২৫০০.০০ কোটি টাকা।

(গ) হ্যাঁ।

অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী কারখানা

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *৯) **শ্রী তজমুল হোসেন :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী কারখানার সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, কলকাতা শহরে এই ধরনের কারখানার সংখ্যা কত?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে রাজ্যে অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী কারখানার সংখ্যা ৪৬৮টি।

(খ) তন্মধ্যে, কলকাতা শহরে এই ধরণের কারখানার সংখ্যা ২৮টি।

লোহাদয় ঘাটে সেতু নির্মাণ

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রী ঈদ মহম্মদ :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার ভরতপুর থানার লোহাদয় ঘাটে সেতু তৈরীর পরিকল্পনা সরকার গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, ঐ কাজের অগ্রগতি কিরূপ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(১) এখন অবধি এইরূপ পরিকল্পনা পূর্ত দপ্তর গ্রহণ করেনি।

(২) প্রশ্ন ওঠে না।

সরকারী কলেজে শিক্ষক নিয়োগ

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২) **শ্রী আনিসুর রহমান :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ৩১শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে সরকার অনুমোদিত ও সাহায্য প্রাপ্ত কয়েকটি কলেজে একজনও শিক্ষক নিযুক্ত হয়নি;

(খ) সত্যি হলে, কলেজগুলির নাম কি; এবং

(গ) উক্ত কলেজগুলিতে কবে নাগাদ শিক্ষক নিয়োগ করা হবে বলে আশ করা যায়?

উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে নিম্নলিখিত সাতটি (৭) কলেজে (সংযোজনী নং ১) সরকার অনুমোদিত শিক্ষক নিযুক্ত হয়নি। এই কলেজগুলি ২০০৯-১০, ২০১০-১১ ও ২০১১-১২ অর্থ বর্ষে সরকারী অনুমোদন লাভ করেছে।

(খ) এই সাতটি (৭) কলেজের নাম ১নং সংযোজনীপত্রে উল্লেখ করা হলো।

(গ) নিয়োগের ব্যাপারে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন (WBCSE) কে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে।

সংযোজনী নং -১

ক্রমিক সংখ্যা	জেলা	কলেজের নাম	অধ্যক্ষ / অধ্যাপক সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক	অনুমোদিত পি.টি.টি	অনুমোন্দিত সি. ডব্লু. টি.টি
১।	মেদিনীপুর (পূর্ব)	দেশপ্রাণ মহাবিদ্যালয় (২০১০-১১)	না	না	না
২।	বীরভূম	লোকপাড়া মহাবিদ্যালয় (২০১০-১১)	না	না	না
৪।	মুর্শিদাবাদ	ডোকল গার্লস কলেজ (২০১০-১১)	না	না	না

ক্রমিক সংখ্যা	জেলা	কলেজের নাম	অধ্যক্ষ / অধ্যাপক সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক	অনুমোদিত পি.টি.টি	অনুমোন্দিত সি. ডব্লু. টি.টি
৪।	কোচবিহার	ঘোকসাডাঙ্গা বীরেন্দ্র মহাবিদ্যালয় (২০১১-১২)	না	না	না
৬।	দিনাজপুর (দক্ষিণ)	নাথানলিয়াল মুর্মু মেমোরিয়াল কলেজ (২০১১-১২)	না	না	না
৭।	জলপাইগুড়ি	সামুকতলা সিধু-কান্‌হো কলেজ (২০১০-১১)	না	না	না

স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮) **শ্রী অসিত মিত্র :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিক স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষাতে কতগুলি কেন্দ্রে দ্বিতীয়বার পরীক্ষা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) ঐ কেন্দ্রগুলিতে প্রথমবারের পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে বিঘ্নের কারণ কি ছিল?

বিদ্যালয় শিক্ষা বিস্তারের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মোট পাঁচটি কেন্দ্রে স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা দ্বিতীয়বার গ্রহণ করা হয়েছে।

(খ) বহিরাগত কিছু ব্যক্তি উক্ত পরীক্ষা কেন্দ্রগুলিতে বিশৃঙ্খলা সৃষ্টি করার জন্য পরীক্ষা বিঘ্নিত হয় এবং সেইজন্য উক্ত পরীক্ষা কেন্দ্রগুলিতে দ্বিতীয়বার পরীক্ষা গ্রহণ করা হয়েছে।

টপ সয়েল-এর ক্ষয়

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার পশ্চিমাঞ্চলে নির্বিচারে খোলামুখ কয়লাখনি চালু হওয়ার ফলে এতদ্ অঞ্চলের ভূ-পৃষ্ঠের স্থলভাগের উপরিস্থিত ভূমির (টপ সয়েল) -এর কোন ক্ষতি হচ্ছে কি ; এবং

(খ) ক্ষতি হয়ে থাকলে, এই টপ সয়েল-এর ক্ষয় রক্ষা করার জন্য দপ্তরের পক্ষ থেকে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্ধমান জেলার খোলামুখ কয়লাখনি চালু হওয়া, ভারত সরকারের বন ও পরিবেশ

মন্ত্রকের Environmental Impact Assessment Notification -2006 ছাড়পত্রের মাধ্যমে হয়ে থাকে।

ভূমির টপ সয়েল ক্ষতিগ্রস্ত হবার বিষয়টি বিভাগ দেখছে।

(খ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

কৃষি শ্রমিকদের বার্ধক্য ভাতা

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬) **শ্রী বিজয় বাগদী :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বয়স্ক কৃষি শ্রমিকদের ভাতা দেওয়ার কোন পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কি?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

আমাদের রাজ্যে ইতিমধ্যেই বয়স্ক কৃষি শ্রমিকদের বিশেষত প্রান্তিক চাষী ও বর্গাদারদের ভাতা দেওয়া হচ্ছে।

শিক্ষকদের ক্ষেত্রে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪) **শ্রীসুনীল কুমার মণ্ডল :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন শিক্ষক/শিক্ষিকাগণকে বেশী বেতন দেওয়ার ক্ষেত্রে সরকারের ভূমিকা ককি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কনট্রোল অফ এক্সপেনডিচার অ্যাক্ট, ২০০৫ অনুসারে কোন শিক্ষক/শিক্ষিকা স্নাতক স্তরের যে পদে এবং যে বেতন কাঠামোতে নিযুক্ত হয়েছেন, তিনি অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতার অধিকারী হলেও সেই নির্দিষ্ট বেতন কাঠামোর মধ্যে কোন বৃদ্ধি ও উচ্চতর বেতন দাবি করতে পারবেন না।

যদি কোন শিক্ষক/শিক্ষিকা সাম্মানিক বা স্নাতকোত্তর স্তরের কোনও পদে নিযুক্ত হন, তিনি স্নাতকোত্তর স্তরের উপাধি অর্জনের পর স্নাতকোত্তর স্তরের বেতন পাওয়ার অধিকারী হবেন।

এছাড়া, পি এইচ ডি উপাধিকারী কোনো কোনো শিক্ষক/শিক্ষিকা অতিরিক্ত ইনক্রিমেন্ট পাবার জন্য কর্তৃপক্ষের কাছে আবেদন করে থাকেন। বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

REPORT OF RESIGNATIONS AND VACATION OF SEATS IN THE HOUSE

Mr. Speaker : Hon'ble Members, in terms of provisions contained in rule 241 B(2) of the Rules of Procedure and Conduct

of Business in the West Bengal Legislative Assembly, I am to report that :

(a) Shri Abhijit Mukherjee elected from 293 -Nalhati -Birbhum Assembly Constituency tendered his resignation of his seat in the House and I have accepted his resignation with effect from the 18th October, 2012.

(b) Shri Krishnendu Narayan Chowdhury elected from 51-English Bazar - Maldaha Assembly Constituency and Shri Humayun Kabir elected from 70- Rejinagar Murshidabad Assembly Constituency tendered their resignations of their seats in the House and I have accepted their resignations with effect from the 20th November, 2012 (afternoon).

EXTENSION OF TIME FOR PRESENTATION OF REPORT OF THE COMMITTEE OF PRIVILEGES (2012 -2013)

Mr. Speaker : I call upon the Chairperson, Smt. Sonali Guha (Bose) to move the motion.

The Chairperson (Smt. Sonali Ghuha (Bose): Respected Speaker, Sir, I beg to move that the time for presentation of the Report of the Committee of Privileges on the privilege case against Shri Arunava Ghosh, Ex-MLA ; Smt. Moupia Nandi, Programme Co-ordinator, 24 Ghanta ; Shri Anjan Bandyopadhyay, Editor -imput, 24 Ghanta and Shri Barun Das, CEO, 24 Ghanta due to expire by the end of the current Session, be extended till end of the next Session.

The question before the House is the motion moved by Smt. Sonali Guha (Bose) As many as are of that opinion will please say, Aye, As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Dr. Omar Ali desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

মাননীয় স্পীকার মহোদয়,

" আমার সশ্রদ্ধ অভিবাদন নেবেন। গত ৩০শে জুন ২০১২ সাইকেল থেকে পড়ে গিয়ে

পা ও কোমরের কয়েকটি স্থান ভেঙ্গে যাওয়ার দরুন বাড়ির বাইরে বেরোতে পারছি না। বর্তমানে চিকিৎসাধীন। ডাক্তারের পরামর্শ মত আরও কিছুদিন বিশ্রামে থাকতে হবে। তাই এবারের বিধানসভার অধিবেশনে অংশগ্রহণ করা সম্ভব হচ্ছে না। আশাকরি বিষয়টি আপনি অনুধাবন করবেন।"

বিনীত—

ডঃ ওমর আলি

I now ask whether Dr. Omar Ali has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Dr. Omar ali has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 10th December, 2012 till the last day of the current session.

ADJOURMMENT MOTION

Mr. Speaker : Today, I have received two notices of Adjournment Motion. The First one is from Shri Anisur Rahaman, Shri Abdur Razzak Molla, Shri Prabodh Chandra Sinha, Shri Biswanath Karak, Shri Anandamay Mondal, Shri Id Mohammad and Shri Chand Mohammd on the subject of incident of police firing at Tehatta, Nadia on 14-11-2012. The Second one is from Shri Ajoy Dey on the Subject of alleged deterioration of law and order situation in the State.

The subject matter of the first motion relates to a matter pending before a Commission of Inquiry and the subject matter of the second motion relates to general law and order situation in the State. Therefore, subject matter of both the motions are not such that may call for adjournment of business of the House. Members may invite attention of Minister concerned through Calling Attention, Mention, question, etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of the each Party may, however, read the text of the Motion as amended.

শ্রী আনিসুর রহমান : স্যার, গত ১৪.১১.২০১২ তারিখে নদীয়া জেলার তেহট্ট শহরে হাওলিয়া মোড়ে জনতার পথ অবরোধ মুক্ত করার জন্য বিনা প্ররোচনায় পুলিশের গুলি চালানোর ফলে অশোক সেন নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে এবং আরও চার-পাঁচ জন ব্যক্তি আহত হয়েছেন যার মধ্যে দু'জনের অবস্থা অত্যন্ত গুরুতর। গুলিতে আহত সুধাময় ঘোষ চিকিৎসার জন্য এখন এন.আর.এস হাসপাতালে ভর্তি হয়ে আছেন। পুলিশের এই গুলি চালানোর ঘটনায় জনমানসে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। রাজনৈতিক দলের প্রতিনিধিবৃন্দকে অবস্থা সরজমিনে দর্শন করতে ঘটনাস্থলে

যেতে দেওয়া হয়নি। এমনকি তাদের যেতে না দেওয়ার জন্য সরকারের পক্ষ থেকে ১৪৪ ধারা ওখানে জারি করা হয়। পুলিশের গুলিতে নিহত ব্যক্তির পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণ ও আহতদের সরকারী ব্যয়ে চিকিৎসা প্রদান এবং দোষী পুলিশ কর্মচারীদের শাস্তি বিধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ একান্ত জরুরী এবং সেইজন্য আজকে সভা স্থগিত রাখতে চাইছি।

শ্রী অজয় দে : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল —

সি.পি. আই. এমের নেতৃত্বে বামফ্রন্ট সরকারের ৩৪ বছরের শাসন ব্যবস্থায় রাজ্যের সার্বিক আইন শৃঙ্খলার পরিস্থিতি একেবারে ভেঙ্গে পড়েছিল। বর্তমান সরকারের আমলে বিগত ১৬ মাসে বগুলা, তেহট্ট, লোবা সহ বিভিন্ন প্রতিবাদী গণ আন্দোলনে অকারণে পুলিশ গুলি চালিয়েছে। নারী নির্যাতন ঘটনার পরিসংখ্যানে এ রাজ্য দেশের প্রথম স্থানে চলে গিয়েছে। চুরি ও ডাকাতির ঘটনা ক্রমশঃ বেড়ে চলেছে। প্রতিদিন কংগ্রেস সহ গণতন্ত্রপ্রেমী মানুষেরা অত্যাচারিত ও লাঞ্ছিত হচ্ছে। শুধু তাই নয় শাসকদলের প্রকাশ্য অন্তর্দলীয় কলহে বহু এলাকায় মানুষের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। সাধারণ মানুষের নিরাপত্তা সুনিশ্চিত করতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছি।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received four (4) notices of Calling Attention on the following subjects, namely : -

.....(At this stage, the Members of C.L.P. walked out of the House).....

Subject	Name
(i) Alleged police excesses on some Scheduled Caste women at Puini villave in Mangolkot Assembly Constituency area	Shri Sahajahan Chowdhury
(ii) Alleged attack on the Sabhadipati of Bardhaman Zilla Parishad	Shri Basudev Khan
(iii) Steps taken by the State Government to upgrade the medical facilities at Malda Zilla Hospital to prevent child death.	Shri Prabodh Chandra Sinha
(iv) Urge for setting up a police station at Bhaluka under Harishchandrapur Assembly Constituency area to prevent occurrence of crime	Shri Tajmul Hossain

I have selected the notice of Shri Tajmul Hossain on the subject of urge for setting up a police station at Bhaluka under Harishchandrapur Assembly Constituency area to prevent occurrence of crime

The Minister -in-Charge may please make a statement today, if possible or give a date.

.....(At this stage, Members of Left Front Parties raised slogans on the well)....

শ্রী পার্থ চ্যাটার্জী : স্যার, মাননীয় সদস্য তজমূল হোসেনের তোলা দৃষ্টিআকর্ষণী প্রস্তাবের উত্তরে জানাই যে, যেহেতু এই অধিবেশনের সময় অল্প তাই সময় সংক্ষেপের কারণে উত্তরটা মাননীয় বিধায়কের কাছে পাঠিয়ে দেওয়া হবে।

.....(গন্ডগোল).....

GOVERNMENT BUSINEES

LAYING OF RULES

Amendment made in the West Bengal Special Marriage Rules, 2010

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to lay the amendment made in the West Bengal Special Marriage Rules, 2010 published in the Kolkata Gazette Extraordinary dated the 30th August, 2012 under Judicial Department's Notification No. 438 -JL -the 3rd August. 2012.

Amendments made in the West Bengal Primary Education (Leavy of Cess on Coal-bearing Lands) Rules, 1982

Dr. Amit Mitra : Sir, I beg to lay the amendments made in the West Bengal Primary Education (Leavy of Cess on Coal-bearing) Rules, 1982 pulished in the Kolkata Gazette Extraordinary dated the 25th September, 2012 under Finance (Revenue) Department's Notification No. 1565-F-T. dated the 25th day of September, 2012.

Amendments made in the West Bengal Panchayat Elections Rules, 2006.

Shri Subrata Mukherjee : Sir, I beg to lay the amendments made in the West Bengal Panchayat Elections Rules. 2006 published in the Kolkata Gazette Extraordinary dated the 24th September, 2012

under Panchayats & Rurual Development Department's Notification No. 5013/PN/O/3R-1/2012 dated the 24th September, 2012.

Amendments made in the West Bengal Panchayat (Constitution)Rules, 1975

Shri Subrata Mukherjee : Sir, I beg to lay the amendments made in the West Bengal Panchayat (Constitution) Rules, 1975 published in the Kolkata Gazette Extraordinary dated the 1st October, 2012 under Panchayats & Rural Development Department's Notification No. 5086/PN/O/1/3R-2/2012 dated the 1st October, 2012.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The 29th Annual Report containing Annual Accounts, Audit Report and Audit Certificate thereon, of the Calcutta Tramways Company (1978) Limited for the year 2010-2011

Shri Subrata Mukherjee : Sir, with your permission, I beg to lay the 29th Annual Report containing Annual Accounts, Audit Report and Audit Certificate thereon, of the Calcutta Tramways Company (1978) Limited for the year 2010-2011.

The Audit Report on the Accounts of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation for the year 2008-2009.

Shri Upendra Nath Biswas : Sir, I beg to lay the Audit Report on the Accounts of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation for the year 2008-2009.

MENTION CASES

Shri Anisur Rahhaman : Not responded.

Shri Sahajahan Choudhury : Not responded.

Shri Basudeb Khan : Not responded.

Shri Rameswar Doloi : Not responded.

Shri Dibakar Hansda : Not responded.

Shri Basudev Mete : Not responded.

Shri Tajmul Hossain : Not responded.

Shri Dhiren Bagdi : Not responded.

Shri Bijoy Bagdi : Not responded.

Mr. Speaker : As there being no items for discussion in Zero Hour, the House is adjourned till 1 p.m.

(At this stage the House was adjourned till 1 p.m.)

শ্রী রামেশ্বর দোলুই : স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশান আছে। গত ২৭ নভেম্বর কলকাতা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে রাজ্যসরকারি.....।

LEGISLATION

The Diamond Harbour Women's University Bill, 2012

Mr. Speaker : হবেনা, হবেনা। Now, the business before the House is The Diamond Harbour Women-s University Bill, 2012. The Hon-ble Minister -in-Charge of Higher Education may please introduce the Bill.

Shri Bratya Basu : Sir, I beg to introduce the Diamond Harbour Women-s University Bill, 2012

(Secretary then read the title of the Bill)

Mr. Speaker : Now, the Hon-ble Minister -in-Charge of Higher Education may please move the motion for consideration of the Bill.

Shri Bratya Basu : Sir, I beg to move that the Diamond Harbour Women-s University Bill, 2012 be taken into consideration.

Mr. Speaker : Now, there is motion of reference of the Bill to a Select Committee by Shri Anisur Rahaman. I now request Shri Rahaman to move his motion.

শ্রী আনিসুর রহমান : একটা কথা বলছিলাম এই যে একটা ইউনির্ভাসিটি করা হবে, আমরা এতে সহমত জানাচ্ছি। এটা ভালো উদ্যোগ। কিন্তু এই বিলে আমি যা দেখলাম অনেকগুলো গন্ডগোল হয়ে আছে। এইজন্য আমরা প্রস্তাব হচ্ছে এটা সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। তা না হলে অনেকগুলো সমস্যা তৈরি Sir, I beg to move that The Diamond Harbour Women-s University Bill, 2012 be referred to a Select Committee of the House consisting of the following members :

1. Shri Bratya Basu, Minister -in-Charge, Department of Higher Education and Department of School Education;
2. Smt. Chandrima Bhattacharya, Minister of State, Law Department (Independent Charge, Judicial Department (independent Charge), Department of Health & Family Welfare ;
3. Shri Partha Chatterjee, Minister -in-Charge, Department of Commerce & Industries, Industrial Reconstruction and Public

Enterprises, Parliamentary Affairs & Information Technology.

4. Shri Manturam Pakhira, Minister of State, Department of Sundarban Affairs (Independent Charge), Department of Irrigation and Waterways;
5. Dr. Surjya Kanta Mishra, Leader of the Opposition;
6. Shri Ashis Banerjee
7. Shri D. P Roy
8. Dr Manas Ranjan Bhunia
9. Shri Dipak Halder
10. Shri Abdur Razzak Molla
11. Shri Subhas Naskar
12. Shri Paresh Chandra Adhikari
13. Shri Prabodh Chandra Sinha
14. Shri Anandamay Mondal
15. Shri Chand Mohammad
16. Dr. Tarun Kanti Naskar.

With the instructions to submit its report by the 31st January, 2013 and that the quorum of the Select Committee be fixed at 6. এই ১৬ জনের মেম্বারের প্রস্তাব আমি রাখছি।

মিঃ স্পীকার : একটা কথা মাননীয় সদস্যদের সবার জন্য আমি বলছি যে আমরা অ্যামেন্ডমেন্ট গুলো এমন সময় পেয়েছি, আজকে এতগুলো অ্যামেন্ডমেন্ট জমা পড়েছে, ফার্স্ট সেসানটার রিসেস হওয়ার পরে অ্যামেন্ডমেন্ট গুলো জমা পড়েছে, অনেক অ্যামেন্ডমেন্ট। আমি আমাদের সেক্রেটারিয়েটের যারা স্টাফ রয়েছে তাদের অনুরোধ করেছি যতটা সম্ভব করবার জন্য। কিন্তু আপনাদের অনুরোধ করব অ্যামেন্ডমেন্ট গুলো আগে না দিলে আমাদের কাজ করতে অনেক অসুবিধা হয়।

শ্রী ব্রাত্য বসু : আমার মনে হয় এটার এখন দরকার নেই, যদি কিছু সমস্যা থাকে সেটা পরে বুঝে নেব। এখন আপাতত বিলটা পাশ করিয়ে নিতে চাইছি। (ভয়েস-অ্যামেন্ডমেন্টা আগে হোক)। হ্যাঁ, এ্যামেন্ড তো পারে করতেই পারি। আপনি তো আমার থেকে ভালো জানেন, আপনি তো এই ব্যাপারে বিশেষজ্ঞ। আর প্রথমে আনিসুর রহমান সাহেব তো বললেন সম্পূর্ণ রূপে সহমত পোষণ করছেন এই বিলের সঙ্গে।

Mr. Speaker : The question before the House is the motion for reference of the Bill to the Select Committee on which I understand a division will be demanded.

[1.10–1.20 p.m]

Ayes 44

Noes 104

Abstain 1

The motion is lost.

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী শ্রী ব্রাত্য বসু মহাশয় দ্য ডায়মন্ড হারবার ওমেনস ইউনিভার্সিটি বিল ২০১২ যেটা অনুমোদনের জন্য সভায় উত্থাপন করেছেন আমি সেই সম্পর্কে দু একটি কথা বলতে চাইছি। প্রথম কথা আমরা যেটা বলেছিলাম সেটি হল যে, এই বিলটি সম্পর্কে কিছু চিন্তাভাবনার বিষয় আছে। বিলের উদ্দেশ্য নিয়ে কোন দ্বিমত নেই। পশ্চিমবঙ্গে মহিলাদের জন্য একটি পৃথক বিশ্ববিদ্যালয় হবে। সেখানে তাদের উপযোগী বা তাদের প্রয়োজন অনুযায়ী শিক্ষাব্যবস্থা চালু করা হবে এটা নিয়ে কোন দ্বিমত নেই। মহিলাদের ইউনিভারসিটি ডায়মন্ডহারবারে হোক এটা নিয়েও কোন দ্বিমত নেই। কিন্তু এই বিশ্ববিদ্যালয় স্থাপন করতে গিয়ে এবং পরিচালনা করতে গিয়ে এই আইনের মধ্যে কিছু কিছু অসংগতি বা ত্রুটি রয়েছে। সেইগুলোকে সঠিকভাবে পর্যালোচনা করে যদি সিলেকট কমিটিতে পর্যালোচনা করে যদি ৬ সপ্তাহের পরে পরবর্তী বাজেট সেশনে এটা পাশ করানো হত তাহলে আমার মনে হয় সরকারের কোন অসুবিধা হত না। কারণ স্টেটমেন্টস অব অবজেকটস অ্যান্ড রিজনসে বলা আছে যে টাকাটা এই বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার জন্য রেকারিং এবং নন রেকারিং খাতে যে টাকা খরচ হবে সেই টাকাটা আগামী বাজেটে পেশ করা হবে। প্রভিশন রাখা হবে, ব্যবস্থা করা হবে। তার মানে বাজেট আপনার ধরতে গেলে ৩১শে মার্চ পেশ হবে। ৩১শে মার্চ ভোট অন অ্যাকাউন্ট বাজেট পাশ হয় কিন্তু মূল বাজেট পাশ হচ্ছে জুলাই মাসে। অতএব জুলাই মাস পর্যন্ত-যদি মূল বাজেট পাশ হওয়া পর্যন্ত অর্থ বরাদ্দ পুরোপুরি না হয় তাহলে ইউনিভারসিটি নির্মাণ করার ক্ষেত্রে এবং অন্যান্য ব্যবস্থার ক্ষেত্রে যে প্রয়োজনীয় অর্থ সেই নিয়ে একটা প্রশ্ন থেকে যায়। তাই ব্যস্ততা বা তাড়াহুড়ো করার কোন প্রয়োজন ছিল না। বিলটা সঠিকভাবে আসা উচিত ছিল। আজকাল আপনি জানেন প্রায়ই একটা কথা উঠছে সেটা কি, কি পার্লামেন্টে কি বিধানসভায় আইনগুলো পাশ হচ্ছে, তারপর তাকে নিয়ে মামলা মোকদ্দমা হাইকোর্টে, সুপ্রীম কোর্টে হচ্ছে, বিলগুলো আটকে যাচ্ছে এবং সেখানে খবরের কাগজে বারেবারে বহুভাবে লেখা হচ্ছে, সমালোচনা হচ্ছে। যে, নন্ অ্যাপ্লিকেশন অফ মাইন্ড্ বাই দি লেজিশলেশন্। এই বিলগুলো পাশ করানোর ক্ষেত্রে, পর্যালোচনা করার ক্ষেত্রে বিধায়কবৃন্দ বা সাংসদবৃন্দ যথেষ্ট মনোনিবেশ দিচ্ছেননা, নন্ অ্যাপ্লিকেশন অফ মাইন্ড। যেমন ধরুন, এই বিলটা শুক্রবার দিন আপনি বি.এ. কমিটিতে আমাদের দিয়েছেন, শনিবার ছুটির দিন গেছে, রবিবার ছুটি গেছে, আজকে বিলটা উত্থাপিত হচ্ছে। বিলটা পড়তে গিয়ে, দেখতে গিয়ে আমার প্রয়োজন মনে হ'ল যে, এর সাথে কনসাল্টেশন্ করার জন্য কিছু নেসিসারি পেপার্স দরকার। কিন্তু সেই পেপার্সটা পাওয়া গেলো না, পেলাম না- কারণ সংগ্রহ করার সময় নেই। আর যদি বা সেই কাগজগুলো সংগ্রহ করা গেলো, তাকে অ্যাসিমিলেট্ করে যা বক্তব্য তৈরি করার ক্ষেত্রে অসুবিধা। সুতরাং আপনি লেজিসলেছার্শদের বিলটাকে স্টাডি করার জন্য অন্ততঃ

একটা সময়ে তো দেবেন। ভালো কাজ নিঃসন্দেহে ভালো, তাকে আমরা সমর্থন করবো, কিন্তু তাকে সর্বাঙ্গ সুন্দর বা ত্রুটিমুক্ত করতে গেলে যেটুকু সময় দেওয়া দরকার ছিল, সেটা হয়নি।

দ্বিতীয় কথা যেটা বলছি, এই বিশ্ববিদ্যালয় স্থাপন করতে গেলে জমি-পশ্চিমবঙ্গে এখন যে-কোনো উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে জমি একটা মস্তবড় অন্তরায় হয়েছে। আপনার বিশ্ববিদ্যালয় স্থাপন করার জন্য আপনি কত জমির কথা ভেবেছেন? সেই জমি আপনি ডায়মন্ডহারবারে - ফ্রি ফ্রম ইনকামবেন্সি। আপনি জমি পেয়েছেন কিনা, কিম্বা কত জমি আপনার হাতে আছে, কত অ্যাকুয়্যার করতে হবে, কি পজিশন, এটা আমাদের প্রথম জানা দরকার এই বিলের ক্ষেত্রে। কারণ, সরকারের বহু পরিকল্পনা, বহু প্রকল্প এই জমির প্রশ্নে আটকে যাচ্ছে। জমিটাকে নিশ্চিত করা হয়েছে কিনা, সেই বিষয়টা এই হাউসে জানানো দরকার।

তৃতীয় যে বিষয়টা, আপনি বিলের প্রস্তাবনায় বলেছেন যে, ''আমরা এই বিলটা উত্থাপন করছি এবং এই বিলটা কিভাবে হচ্ছে - আমি গোটাটা পড়ছিনা, "promoting advancement and dissemination of knowledge and learning, and extending higher education to the women of the society and to make the constitution of various suthorities or bodies o the University more democratic," আপনি প্রস্তাবনায় বলছেন, ''বিশ্ববিদ্যালয়ের যেসব কর্তৃপক্ষ কিম্বা সংস্থা, বডি তৈরি হবে, তাকে আমরা মোর ডেমোক্র্যাটিক্ করতে চাইছি।'' খুব ভালো কথা। এটাই স্পিরিট্ হওয়া উচিৎ শিক্ষার ক্ষেত্রে এবং পার্লামেন্টে স্বাধীনতার ঠিক পরে পরে, ১৯৫৬ সালে যখন ইউনিভার্সিটি গ্রান্ডস্ কমিশন আইন পাশ হয়েছিল, পার্লামেন্টে যে ডিবেট হয়েছিল, সেখানে ডিবেটে কি বলেছিল? একটা বিশ্ববিদ্যালয় হচ্ছে এ স্টেট্ উইদিন্ এ স্টেট্। একটা রাজ্যের মধ্যে আরেকটা রাজ্য। তার অটোনমি, স্বাধীকার যাতে কোনো রকমে ভঙ্গ না হয়, সেটা দেখতে হবে। আইনে এমন একটি শব্দও থাকবে না, যেখানে স্টেট ইন্টারফিয়ারেন্স হচ্ছে, বিশ্ববিদ্যালয়ের অটোনমিটাকে খানিকটা খর্ব করা হচ্ছে। তারপরে যতগুলো এডুকেশন কমিশন হয়েছে - কোঠারি কমিশন, যশপাল কমিটি, তারাও এই একই মত বহন করেছে। কিন্তু আমরা দেখছি, পরবর্তিকালে কিন্তু।

[1.20–1.30 p.m]

সেই স্পিরিটটা রক্ষিত হচ্ছে না। আমরা গণতন্ত্রিকরণের কথা বলছি, স্বাধীকার রক্ষা করার কথা বলছি, কিন্তু আবার হস্তক্ষেপের বিষয়টা পুরোপুরি আমরা বিভিন্নভাবে এই বিলের মধ্যে সংস্থান করছি। যেমন ধরুন, আপনি 'মোর ডেমোক্র্যাটিক' বলেছেন। কিন্তু আমি ঠিক বুঝতে পারছিনা যে, আপনি ডিন্ অফ দি ফ্যাকাল্টি নির্বাচনের ক্ষেত্রে, স্থিরিকরণের ক্ষেত্রে একটা সিলেকশন কমিটির কথা বলেছেন। আগে ছিল ইলেকটেড্ হবে। আগের সমস্ত অ্যাক্টে দেখবেন যে, ডিন, অফ দি ফ্যাকাল্টি - তিনি নির্বাচিত হবেন সেই ফ্যাকাল্টির অধ্যাপকদের দ্বারা। ঠিক আছে, তিনি তো আর বাইরের লোক হচ্ছে না। আপনারাও সিলেক্ট করবেন ঐ একজিসটিং পাবলিসার্সদের মধ্যে থেকে একটা সিলেক্ট কমিটির মাধ্যমে। ঠিক আছে, সিলেক্ট কমিটি হ'ল, সিলেক্ট কমিটির মাধ্যমে যে তিনটে নাম সিলেক্ট হবে, সেটা যাবে গভর্নমেন্টের কাছে। গভর্নমেন্ট সেটা অ্যাপ্রুভ করে ইউনিভার্সিটিতে

পাঠালে তবে ভাইস চ্যান্সেলর্ তাকে অ্যাপয়েন্টমেন্ট দেবে। এটা গভর্নমেন্টের কাছে যাবে কেন? এটা তো গভর্নমেন্টের কাছে যাওয়ার কথা নয়। সিলেকশন কমিটি করলে সেটা কোর্টের কাছে যাবে, বা একজিকিউটিভ কাউন্সিলের কাছে যাবে অ্যাপ্রুভালের জন্য। একজিকিটিটিভ কাউন্সিল সেটা অ্যাপ্রুভাল দিলে তবে অ্যাপয়েন্টমেন্ট দেবে। তা না করে এটা হচ্ছে কি? না, ডিন্ অ্যাপয়েন্টমেন্টের যে সিলেক্শনটা হ'ল, গভর্নমেন্টের কাছে যাবে মানে গভর্নমেন্ট স্ক্রুটিনি করে দেখবে। গভর্নমেন্ট তো শুধু কেরানীর কাজ করবে না। পোষ্ট অফিসের কাজ করবে না, যে ওখানে এলো আর ফরোয়ার্ড করে দিলাম, তাতো নয়, গভর্নমেন্ট স্ক্রুটিনী করে দেখবে। সুতরাং আপনি এখানে বলছেন to be more democratic। আর এক জায়গাতেও বলেছেন এই গণতন্ত্রীকরণের কথা। অথচ আপনি স্টেটকে পদে পদে যুক্ত করে রেখেছেন প্রতিটি ক্ষেত্রে রাষ্ট্রের কোন ভাবনা ছাড়া। তবু আমি ভাবলাম যদি আপনি বলতেন higher education council-র কাছে যাবে। যাওয়ার কোন প্রশ্ন নেই হায়ার এডুকেশন কাউন্সিলে। selection committee dean-এর নাম সিলেক্ট করলে you should go either to the court or to the Executive Council, তাঁরাই এ্যপ্রুভ্যাল দিয়ে দেবে। তারা এ্যপ্রুভ্যাল দিয়ে দিলে ভাইস চ্যান্সেলর এ্যপয়েন্টমেন্ট দেবে। গভর্নমেন্টের কাছে সেকেন্ড টাইম যাওয়ার কোন প্রশ্ন ছিল না। দ্বিতীয় ,এক জায়গায় যেটা দেখা যাচ্ছে, আপনি বলেছেন যে, – vice chancellor এ্যপয়েন্টমেন্টের ক্ষেত্রেতো আমাদের ঘোষিত আপত্তি আছে, আপনি জানেন। যখন West Bengal University Law amendment bill আপনি এখানে এনেছিলেন, আমরা বলেছিলাম যে vice chancellor এ্যপয়েন্টমেন্টের জন্য যে সিলেকশান কমিটি আছে, তৈরী হচ্ছে, আগে যে ধারাটা ছিল একজন ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশনের নমিনী থাকবে। সেই ইউনিভার্সিটি গ্র্যান্টস্ কমিশনের নমিনীর পরিবর্তে আপনারা স্টেট গভর্নমেন্টের নমিনী দিয়েছেন। আমরা সেটাকে আপত্তি করেছিলাম। কিন্তু আপনি সেখানটায় মানেন নি, সহমত হন নি। আর একটা জায়গায় আপনারা যেটা করেছেন সেটা হচ্ছে যে, এখানে এই বিলটাকে কার্যকরী করার ক্ষেত্রে যে ধরনের ফ্যাকাল্টী - এটাতে specially women ক্ষেত্রে হচ্ছে, jurisdiction whole of West Bengal আপনি করেছেন, নাকি। পরবর্তীকালে যদি কোন ইননিস্টিটিউশন, বাইরের কোন ইনস্টিটিউশন এ্যফিলিয়েশান নিতে চায়, তাহলে সেটাতে স্টেট গভর্নমেন্টের এ্যপ্রভ্যাল লাগবে। unitary, ঠিকই, আপনি আন্ডার গ্র্যাজুয়েট কাউন্সিল, পোষ্ট গ্র্যাজুয়েট কাউন্সিল, লাইক প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয়, লাইক যাদবপুর বিশ্ববিদ্যালয়, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় এইভাবে আপনি করবার চেষ্টা করেছেন। কিন্তু সেখানেও আপনি ওটা রেখেছেন যে গভর্নমেন্টের অনুমোদন নিতে হবে। সময় নেই, আমাদের অন্যরা আছেন, তাঁরা বলবেন। যাইকেহাক আমি যেটা বলছি আপনি যে উদ্দেশ্য নিয়ে বিলটা এনেছেন, বিলের উদ্দেশ্য নিয়ে কিছু এ নেই, কিন্তু আপনার বিলে যে ঘোষিত স্পিরিট, democratization of the bodies, সেখান থেকে আপনি সরে গেছেন। সেগুলোকে আপনি সংশোধন করুন এবং বিলটা ওই ভাবে করুন। এটাতে সরকারী হস্তক্ষেপ বেশী না হওয়াটাই বাঞ্ছনীয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জীবন মুখোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয় বিল যেটা এনেছেন আমি পূর্ণভাবে বিলটাকে সমর্থন করছি। স্যার,

পশ্চিমবাংলার নারী শিক্ষার ইতিহাসে, নারী মুক্তির ইতিহাসে, আমাদের পশ্চিমবাংলার উচ্চশিক্ষার ইতিহাসে আজকের দিনটা সত্যিই একটা স্মরণীয় দিন। আজকের দিনে আমরা পশ্চিমবঙ্গে প্রথম মহিলা বিশ্ববিশ্ববিদ্যালয় সংক্রান্ত একটি বিল পাশ হতে চলেছে, এটা একটা অভিনন্দনযোগ্য পদক্ষেপ, এটা সুন্দর একটা পদক্ষেপ, আমি এই জন্য আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী এবং আমার সরকারের যাঁরা দায়িত্বে আছেন তাঁদের সকলকে আমার ধন্যবাদ জানাচ্ছি। আমাদের দেশে আজ থেকে বহু বছর আগে সময়টা হচ্ছে ১৯১৬ সাল, আমাদের দেশে সর্বপ্রথম একটি মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে বোম্বাইতে। এটা সর্ব প্রথম মহিলা বিশ্ববিদ্যালয়। এবং আমরা দেখেছি যে ধীরে ধীরে কয়েকটি মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে, সংখ্যায় কিন্তু অত্যন্ত অল্প। যেমন ধরুন আমরা দেখতে পাচ্ছি ১৯৮২ খ্রিস্টাব্দে রাজস্থানে একটি মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হচ্ছে, আবার ১৯৮৩ খ্রিস্টাব্দে দেখছি অন্ধ্রপ্রদেশে একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে মহিলাদের জন্য, ১৯৮৪ তামিলনাড়ুতে প্রতিষ্ঠিত হচ্ছে একটি বিশ্ববিদ্যালয় মহিলাদের জন্য, কর্নাটকে ২০০৩ সালে প্রতিষ্ঠিত হচ্ছে একটি বিশ্ববিদ্যালয় মহিলাদের জন্য এবং আমরা দেখতে পাচ্ছি ২০০৬ সালে হরিয়ানাতে প্রতিষ্ঠিত হচ্ছে একটি মহিলা বিশ্ববিদ্যালয়।

[1.30–1.40 p.m.]

আমার কাছে কিন্তু আর কোন হিসেব নেই যে আর কোন মহিলা বিশ্ববিদ্যালয় আমাদের দেশে হয়েছে কিনা। আমাদের ইউ.জি.সি একটা প্রস্তাব করেছিল ২৭শে জানুয়ারি ২০১২ তো। এবং এতে বলেছিলেন যে, অত্যন্ত অল্প দিনের মধ্যে অন্তত তারা ২০টি মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপন করবেন। এই রকমের একটা প্রস্তাব আছে। যাইহোক, আজকে আমাদের পশ্চিমবঙ্গে প্রথম মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপন করবার জন্য একটি বিল এসেছে। এবং আমি শুনেছি ডায়মন্ড হারবারের কাছে সড়িষাতে একটি জমিও অধিগৃহিত হয়েছে। সম্ভবত অধিগৃহিত হয়েছে এটা আমি শুনেছি। আমাদের হাতে বিলের যে কপিটি আছে এতে কিন্তু একেবারে পুঙ্খানুপুঙ্খ আলোচনা, একেবারে বিস্তৃত আলোচনা আছে। এবং এটা পড়লেই কিন্তু ব্যাপারটা আমাদের কাছে স্পষ্ট হয়ে উঠবে। তা এখন এই যে ইউনিভার্সিটি স্থাপিত হচ্ছে এর উদ্দেশ্য কি? একেবারে স্পষ্ট করে এখানে বলে দেওয়া হয়েছে "Imparting higher education and encouraging and promoting advancement of knowledge and learning among the women of the society". স্পষ্ট করে বলা হয়েছে যে এই বিশ্ববিদ্যালয় special emphasis দেবে on providing high quality education। আমি জোর দিচ্ছি কথাটার উপরে special emphasis দেবে on providing high quality education। নিম্ন মানের শিক্ষা নয়। হাই কোয়ালিটি। আজকে আমাদের ৩৪ বছরে পশ্চিমবাংলার শিক্ষার যা অবস্থা হয়েছে একেবারে তলানিতে এসে গেছি আমরা। আমরা চাইছি একটা হাই কোয়ালিটি এডুকেশান। আবার দেখা যাচ্ছে, তিনের পাতায় বলা হচ্ছে যে, ইউনিভার্সিটি উপযুক্ত ব্যবস্থা নেবে। কিসের ব্যবস্থা নেবে? For maintenance of standard and enhancement of quality in higher education. Maintenance of standard. কোন স্ট্যান্ডার্ড? এ স্ট্যান্ডার্ড নিশ্চয়ই আমার বাম জামানায় যে স্ট্যান্ডার্ড এসেছে সেই স্ট্যান্ডার্ড নয়। এ স্ট্যান্ডার্ডকে ইমপ্রুভ করতে হবে

এনহ্যান্সমেন্ট অফ কোয়ালিটি। আমরা এটার উপরে গুরুত্ব দিচ্ছি। এনহ্যান্সমেন্ট অফ কোয়ালিটি আমরা চাই। ঐ স্ট্যান্ডার্ড মেন্টেনেন্স নয়। অবস্থা যা হয়েছে স্ট্যান্ডার্ড শিক্ষার - লজ্জা হয় আমাদের যে আজকে স্ট্যান্ডার্ড এই হয়ে দাঁড়িয়েছে। এর এনহ্যান্সমেন্ট এখন চাই। আচ্ছা আর কি? এই যে বিলটা এর ভিতরে দূরশিক্ষা সম্পর্কে আলোচনা করা রয়েছে এবং শিক্ষার সমস্ত দিক নিয়ে আলোচনা করা হয়েছে। একটা ইউনিভার্সিটিতে যে যে সমস্ত বিষয়গুলি প্রয়োজন হয় এখানে সব কিছু নিয়ে আমরা এর মধ্যে আলোচনা একটা দেখতে পারছি। এখন ইউনিভার্সিটি পরিচালনার ক্ষেত্রে ভাইসচান্সেলার অপরিহার্য। এখন ভাইসচান্সেলার কেমন লোক হবেন? এখানে স্পষ্ট করে বলে দেওয়া হয়েছে যে, উনি কোন পার্টির থেকে আসবেন না, আলিমুদ্দিন স্ট্রীট থেকে আসবেন না আবার অন্য কোন দল থেকেও আসবেন না। একেবারে স্পষ্ট করে বলে দেওয়া হয়েছে যে, যিনি ভাইসচান্সেলর হবেন তিনি হবেন distinguished academic with proven competence and integrity. স্পষ্ট করে বলে দেওয়া হয়েছে যে, উনি কোন দল দাস হবেন না। যোগ্যতা নিয়ে একজন distinguished academic with proven competence and integrity এবং যার শিক্ষাগত গবেষণার অভিজ্ঞতা আছে এই রকম লোক ভাইসচান্সেলর হবেন। আর কি? তাকে নিযুক্ত করবে কে? স্পষ্ট বক্তব্য এখানে। কোন দল থেকে তিনি নির্বাচিত হবেন না। কারো রেকমেন্ডেশানে নির্বাচিত হবেন না। কারো জীবনী লিখে দিলাম আর ভাইসচান্সেলার হয়ে গেলাম এ জিনিস হবে না। স্পষ্ট করে বলা হয়েছে সার্চ কমিটি তাদেরকে নিয়োগ করবে। সার্চ কমিটি নিয়োগ করবে তাদেরকে। এর মেম্বার করা হবেন? সার্চ কমিটির মেম্বার হবেন কে? কোন লোকাল কমিটির সদস্য নয়, কোন ঝান্ডা ধরা ব্যক্তি নন।

Search Committee-র মেম্বার হবেন বিশিষ্ট শিক্ষাবিদরা, -এর সদস্য হবেন। এবং যে বিশ্ববিদ্যালয়ের Vice Chancellor নিযুক্ত হচ্ছেন উনি কোনোভাবে সেই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত থাকবেন না Search Committee-র সদস্য যারা হবেন। Search Committee কি দেখে উপাচার্য্য নিয়োগ করবে? Search Committee কি দেখে উপাচার্য নিয়োগ করবে? উপাচার্য্য নিয়োগ করবে এই দেখে, ঝান্ডা ধরা লোক নিয়ে নয়, গলায় হারমোনিয়াম নিয়ে গণসঙ্গীত গাওয়া লোক নয়। Search Committee-কোনো মিটিং মিছিল করেছে এমন লোক নয়। তাহলে? কারা তাহলে স্থিরিকৃত হবেন? Search Committee কাকে স্থির করবে? একেবারে স্থির করে দেওয়া হয়েছে যে, Search Committee proper weightage to academic excellence, proper weightage দেওয়া হবে to academic excellence লেখাপড়ার ক্ষেত্রে যারা যোগ্য মানুষ, শিক্ষাগত যোগ্যতা যার আছে, এইধরণের মানুষজনকে এই Search Committee তাকে Vice Chancellor নিয়োগ করবে। আর বিলের ৬এর পাতায় বলে দেওয়া হয়েছে যে, Vice Chancellor হচ্ছেন একজন whole time officer, একজন whole time officer। এমনটা যেন না হয়। ফাঁকা পেলেন কালো কোর্ট গায়ে চড়িয়ে High Court-এ চলে এলেন এটা চলবে না কিন্তু। Vice Chancellor whole timer তিনি, University-র whole time officer তিনি। এবং তাঁকে সারাদিন ওই Universityতে সময় দিতে হবে। Vice Chancellorকে অপসারিত করবারও ব্যবস্থা রয়েছে। Vice

Chancellor অপসারিত হতে পারে। অনেক শর্ত রয়েছে। অনেক শর্ত রয়েছে এরমধ্যে প্রথমেই উল্লেখ করা হয়েছে যে, তিনি insane হবেন না। Insane হবেন না, উন্মাদ হবেন না, পাগল হবেন না। Unsound mind-এর লোক হবেন না। এবং অনেকেতো শেয়ানা পাগলা আছে, শেয়ানা পাগল হলে চলবে না। এটা হচ্ছে এক নম্বর। দ্বিতীয়ত বলা হচ্ছে, একেবারে স্পষ্ট আইনে বলে দেওয়া হয়েছে যে, Vice Chancellor যদি কোনো পার্টির সদস্য হন, কোনো পার্টির মিটিংএ যদি হাজির থাকেন, উনাকে বরখাস্ত করা হবে। আমরা চাইছি, দলতন্ত্র মুক্ত শিক্ষা ব্যবস্থা। শিক্ষার অঙ্গনে রাজনীতির অনুপ্রবেশ আমরা চাইছি না। (গোলমাল) সুতরাং এই জাতীয় জিনিসটা আমরা চাইছি। এবং শিক্ষক নিয়োগের ক্ষেত্রেও, শিক্ষক নিয়োগের ক্ষেত্রেও আমরা দেখতে পাচ্ছি একই অবস্থা। সেখানে বলা হচ্ছে, UGC-র নিয়ম কানুন মানতে হবে। স্টেটের নিয়ম কানুন মানতে হবে এবং ইলেকশান কমিটির কোরাম করতে অন্তত চারটে লোকের হাজির থাকা দরকার। এরমধ্যে দুজন বাইরের ইউনিভার্সিটির এক্সপার্ট থাকবেন তারা, ভেতরের লোক নয়। বাইরের ইউনিভার্সিটির এক্সপার্ট আসবেন শিক্ষাগত যোগ্যতায় যারা উপযুক্ত এইরকম লোকজন সেখানে আসবেন। সর্বশেষে আমি মাননীয় স্পীকারকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি এবং আমি মনে করি এই বিলটা একটা বৈপ্লবিক বিল এবং অভিনন্দনযোগ্য একটা বিল। নমস্কার।

শ্রী মহম্মদ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী অধ্যাপক ব্রাত্য বসু যে ডায়মন্ড হারবার ইউনিভার্সিটি বিল, ২০১২ নিয়ে এসেছেন, আমি বলব প্রথমে যে, উদ্দেশ্য খুব মহৎ। আমাদের রাজ্যে প্রথম একটা মহিলা বিশ্ববিদ্যালয় হতে যাচ্ছে। উদ্দেশ্য নিঃসন্দেহে অত্যন্ত মহৎ। তার অবজেক্টস-এর মধ্যে প্রথমে যে কথাগুলো বলেছেন, তাতে আপত্তি করার কিছু নেই। মেয়েদের মধ্যে education-কে আমরা spread করবো quality education।

[1.40–1.50 p.m]

এবং অল ব্রাঞ্চেস অফ লার্নিং সেখানে পড়ানো হবে, এটা অত্যন্ত ভাল কাজ। আমার যেটা বক্তব্য, সেটা হচ্ছে উদ্দেশ্য মহৎ, সেটাকে বাস্তবায়িত করার জন্য কি ব্যবস্থাটা হচ্ছে। আমরা এই রকম বহু প্ল্যান প্রোগ্রাম শুনছি, দেখতে পাচ্ছি, কিন্তু বাস্তবে তো তা হচ্ছে না। যেমন এই বিশ্ববিদ্যালয় নিয়ে যদি আমি বলি, মাননীয় মন্ত্রী মহাশয়কে, এই যে আপনি ইউনিভার্সিটি করতে যাচ্ছেন এর ইনফ্রাসট্রাকচার কোথায়? এর আগের দুটো ইউনিভার্সিটির কথা আমি বলছি, সেটা তৈরী হয়েছিল কিন্তু কোথায় কি কাজ হচ্ছে? সিধু কানহু বীরশা ইউনিভার্সিটি হয়েছে পুরুলিয়ায়, সেটার অবস্থাটা কি? সেখানে ছেলেরা যারা পড়ে, পড়াশুনা করছে, সেখানে তারা কোথায় কি ভাবে পড়াশুনা করছে! তাদের থাকবার জায়গা আছে কিনা, পড়াবার জন্য বিল্ডিং আছে কিনা, সেখানকার স্টাফ কি রকম, সেখানকার ভাইস চ্যান্সেলার কি রকম। আজকে আপনি শুনে আশ্চর্য্য হবেন যে, ওখানে যে সাইন্স ফ্যাকাল্টি আছে, সেই ইউনিভার্সিটির ছেলেরা যারা সাইন্স পড়ে, তাদেরকে ৪৫ কি.মি. দূরে গিয়ে রঘুনাথপুর কলেজে তাদেরকে সেখানে লেখাপড়া করতে হয়। তাহলে এই দিস ইজ দি সো, এটাই যদি হয় তাহলে সেখানে ইউনিভার্সিটি করে কতটা আমরা ছাত্রদের কাছে লেখাপড়া শেখাবার ব্যবস্থা করতে পারব! ৪৫ কি.মি. গিয়ে যদি সাইন্স সাবজেক্ট পড়তে হয়, ল্যাবরেটরীতে

গিয়ে সেখানে ল্যাবরেটরীর কাজ করতে হয় তাহলে সেই রকম অবস্থা কি এখানে হবে? সেইজন্য বলছি উদ্দেশ্য মহৎ। কিন্তু সেটা বাস্তবায়িতটা করবেন কি করে? আজকে আমরা আর একটা ইউনিভার্সিটির কথা বলছি, আলিয়া ইউনিভার্সিটি। আপনি স্যার জানেন যে আলিয়া মাদ্রাসা যেটা ছিল, সেটা ওয়ারেন হেস্টিংস এর সময় ; সারা ভারতবর্ষের মধ্যে প্রথম একটি কলেজ/ইন্সটিটিউশান তৈরী হয়েছিল। সেটাকে বামফ্রন্ট বলল যে মাদ্রাসাটা আমরা উঠিয়ে দেব। আলিয়া ইউনিভার্সিটি করবো। তারা অনেকদিন চেষ্টা করে করলো। বর্তমান মুখ্যমন্ত্রী তিনি বলেছিলন যে যদি আমরা পাওয়ারে আসি সেই মাদ্রাসা নামটা থাকবে, আলিয়া মাদ্রাসা ইউনিভার্সিটি নাম হবে। হয়নি, আলিয়া ইউনিভার্সিটি আছে। কথা রাখতে পারেননি। কিন্তু সেইখানেই ইউনিভার্সিটির কি অবস্থা। সেখানকার যে ভাইস চ্যানেসলার, এখানে এই বিলে আছে, যে ভাইস চ্যান্সেলার ৬৫ বৎসর পর্য্যন্ত সার্ভিসে থাকবে, ম্যাক্সিমাম। কিন্তু আলিয়া বিশ্ববিদ্যালয়ে সেখানে কি অবস্থা আছে। ভাইস চ্যান্সেলার কতদিন আগে নিয়োগ হয়েছে, তাঁকে কেবল একটার পর একটা এক্সটেনসান দেওয়া হচ্ছে। সেখানে যে সাবজেক্টগুলো পড়ানো হয়, এ্যারাবিক সাবজেক্ট, পার্সিয়ান, এম এম তাদের কোথায় কি অবস্থা দাঁড়াচ্ছে। কয়জন প্রফেসার আছে সেখানে? আমরা দেখতে পাচ্ছি ৫/৭ জন প্রফেসার, তাহলে এই যদি অবস্থা হয় একটা ইউনিভার্সিটি খুলে, তাহলে যে উদ্দেশ্য সেটা কি আমরা সফল করতে পারব। এটা আমি মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করতে চাইছি, তাই চিন্তা করতে বলছি যে কাজ করার আগে ভাবুন যে কতটা কাজ আমি করতে পারব। কেবল কাগজে কলমে করে দিলাম আর যারা ওখানে ভর্তি হবে তাদের আরো আরো অসুবিধা সৃষ্টি করে দেব। অসুবিধা হবে, তাহলে কিন্তু উদ্দেশ্য থেকে আমরা ব্যর্থ হবো। আমি আর একটা জিনিস মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইছি, যে এটা তো কেবল হবে ফর উইমেন। তাহলে হোয়েদার ইট উইল বি এ্যাফিলিয়েটেড অর রেসিজেনসিয়াল? এর আন্ডারে কি কিছু কলেজ দেওয়া হবে? যেমন, সিধু কানহু বীরশা একটা ইউনিভার্সিটি সেখানে কথা ছিল যে বাঁকুড়া ডিট্রিক্ট এর সমস্ত কলেজকে ওখানে এ্যাফিলিয়েশান দেওয়া হবে। দেওয়া হয়নি, বর্ধমানে করা হয়েছে। সেটার সম্বন্ধে আবার চিন্তা-ভাবনা করার কথা বলছি। এখানে যে উইমেন্স ইউনিভার্সিটিটা হচ্ছে, এটা কি রেসিডেন্সিয়াল না এ্যাফিলিয়েটেড, কথাটা বলা নেই বিলের মধ্যে। আর যদি এ্যাফিলিয়েটেড হয় তাহলে অন্যান্য যে সমস্ত উইমেন্স কলেজগুলো আছে পশ্চিমবাংলার মধ্যে সেই সমস্ত কলেজগুলো কি এখানে নিয়ে নেওয়া হবে? নাকি আবার এরিয়া ধরে হবে? এই জিনসটা বিলের মধ্যে পরিষ্কারভাবে কিছু বলা হয়নি। আর একটা কথা বলতে চাইছি স্যার, এডুকেশান হচ্ছে একটা কন্টিনিউয়াস প্রসেস। এডুকেশান একটা মাধ্যমিক থেকে, প্রাথমিক থেকে আরম্ভ করে কলেজ, ইউনিভার্সিটি পর্যন্ত-এটা একটা ওয়াটার টাইট কমপার্টমেন্ট নয়। এটা হচ্ছে একটা কন্টিনিউয়াস প্রসেস। সুতরাং এটা যে-কোনো ইউনিভার্সিটি করা হোক না কেন আমাকে দেখতে হবে সমস্ত এডুকেশান এ্যজ এ হোল, এখানে কোথায় কোথায় আমাদের গ্যাপ পড়ছে। মাননীয় মন্ত্রী তো উনি আমাদের প্রাথমিক থেকে আরম্ভ করে ইউনিভার্সিটি পর্যন্ত সমস্ত ডিপার্টমেন্টের মন্ত্রী। একদিক থেকে ভালো যে তার হাতেই কিভাবে কো অর্ডিনেশান করা যাবে তিনি সেটা করতে পারবেন। কিন্তু যে ভার সেই ভারটা তিনি সহ্য করতে পারছেন কিনা সেই বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। কেননা এডুকেশান, এত ভাস্ট

বেড়ে গিয়েছে যে সেগুলো আপনাকে ভাববার জন্য বলছি। আমি চিন্তা করছি যে একটা এডুকেশানের মধ্যে, এনটায়ার এডুকেশান সিস্টেমের মধ্যে একটা গন্ডগোল চলছে। আপনি তো স্যার জানেন যে আজকে যেসব বিশ্ববিদ্যালয় আছে পশ্চিমবঙ্গে সেগুলো ঠিকভাবে চলছে কি না চলছে তার একটা মাত্র উদাহরণ যে গভর্ণর বলেছেন যে ইউনিভার্সিটিতে ঠিকভাবে আইন-শৃংখলা বা ঠিকমত গণতন্ত্র প্রতিষ্ঠিত হচ্ছে কি হচ্ছে না, সেইজন্য তিনি সাজেষ্ট করেছেন গভর্ণমেন্টের কাছে যে কোনো আই এ এস বা আই পি এস এদেরকে বসানো হোক ভাইস চ্যান্সেলার পদে। তাহলে এই যদি হয়, চ্যান্সেলার অফ দ্য ইউনিভার্সিটি তার যদি বক্তব্য এই হয় যে ইউনিভার্সিটিতে ঠিকভাবে যারা আসছেন— এখানে একটা ইনডাইরেক্ট ব্যাপার হচ্ছে - আমরা বলতে চাইছি ওইখানে ডেমোক্রেটিক সিস্টেম চালু করুন। তাহলে দলতন্ত্র থাকবে না। দলতন্ত্র থাকবে এটাই যদি ঠিক হত, এটাই যদি হয় তাহলে চ্যান্সেলার অফ দ্য ইউনিভার্সিটিজ তিনি একথা কেন বলেন যে ওখানে আই এ এস, আই পি এস যারা আছেন তাদের পক্ষে একটা নিরপেক্ষ ভাব থাকবে। আমি জানি না আই এ এস, আই পি এস হলে নিরপেক্ষ হয়ে যায়! আই ডু নট এগ্রি। কিন্তু এই কথাটা এসেছে এই কারণেই যে নিশ্চয় তাহলে ভাইস চ্যান্সেলারদের মধ্যে তার চলনে, তার বলনে, তার কথায়, তার কাজে নিশ্চয় তিনি একটা অমিল কিছু দেখছেন। আজকে আমি কোনো ঘটনার কথা বলবো না, কিন্তু ইউনিভার্সিটির ক্যাম্পাসের মধ্যে তো গন্ডগোল হচ্ছে। সেই পরিবেশটাকে যদি সুস্থ করতে না পারি তাহলে কি করে নতুন ইউনিভার্সিটি তৈরি করবো? যেগুলো আছে যেগুলো আপনি প্রতিষ্ঠা করেছেন, আমি চাইবো আগে সেগুলো যাতে পূর্ণভাবে, ঠিকভাবে চলে। নতুন জিনিস করার আগে এগুলো চিনতে হবে। যেগুলো আছে সেগুলোকে আগে ঠিক করতে হবে। আজকে যে-কোনো ইউনিভার্সিটি আপনি দেখুন, কলেজ দেখুন; আজকে পশ্চিমবাংলায় যত কলেজ আছে যেখানে একতজন হোল টাইমার নেই, প্রফেসার নেই, লেকচারার নেই, সবাই পার্ট টাইম কিংবা গেষ্ট টিচার, গেষ্ট লেকচারার দিয়ে কাজ হচ্ছে। এই দিয়ে কি এডুকেশান হবে? হাইস্কুল, হায়ার সেকেন্ডারি স্কুলে যে প্যারা টিচার, কলেজে গেষ্ট টিচার, আইন ইউনিভার্সিটিতে ফাঁকা, ইফ দ্যাট দ্য সো, তাহলে নামে কেবল নতুন ইউনিভার্সিটি করব, আরো কিছু ভালো কাজ বলব, কাজে করব না এই জিনিসটা হয় না। শেষ কথা, উনি বলছেন ডেমোক্রেটিক সিস্টেমের মধ্যে ইউনিভার্সিটি চলবে। সেখানে যদি ফ্রিডম না থাকে, আজকে ইউনিভার্সিটিগুলোতে ফুল স্ট্যাটাস নেই, সেখানে তো ফ্রিডম নেই, বামফ্রন্ট নিশ্চয় সব শেষ করে দিয়ে গিয়েছে। তা না হলে এমন মানুষকে সেখানে ভাইস চ্যান্সেলার পদে বসিয়েছেন যে সে সম্বন্ধে কোনো সন্দেহ নেই। এডুকেশানটাকে একেবারে শেষ করে দিয়েছে বামফ্রন্ট - একদম প্রাথমিক থেকে আরম্ভ করে তাদের বিভিন্ন যেসব পদক্ষেপ। আমরা সেইজন্য চাইছি, আপনারা, এই সরকার মমতা ব্যানার্জীর নেতৃত্বে যে সরকার এসেছে, মানুষ অনেক প্রত্যাশা করেছিল। আজকে সেখানে আমরা কি দেখছি? মাননীয় মন্ত্রী বলবেন এডুকেশানটা কি সব ঠিকমত চলছে? আমরা কি সেই কথা ভুলে যাব ইউনিভার্সিটিকে ইনডিপেন্ডেন্স করার জন্য স্যার আশুতোষ কি বলেছিলেন— ইউনিভার্সিটিতে, ইন এডুকেশান ফ্রিডম ফার্স্ট, ফ্রিডম সেকেন্ড এন্ড ফ্রিডম লাষ্ট। আজকে আসুন না সেই ইউনিভার্সিটিগুলো যেন, যত ইউনিভার্সিটি আছে তাদের যেন ফ্রিডমটা ঠিক থাকে।

[1.50–2.00 p.m.]

তাদের যেন ইনডিপেন্ডেন্ট ক্যারেকটার ঠিক থাকে। সেখানে সরকারী পরামর্শ নিশ্চয় দরকার, কিন্তু সরকারী হস্তক্ষেপ যত কম হয় ততই ভালো। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি আশা করবো যে সমস্ত ইউনিভার্সিটিগুলো আছে এবং বিশেষ করে যে দুটির নাম আমি বললাম তাদের পরিকাঠামো ভালো করে দেখবার জন্য। কল্যাণী ইউনিভার্সিটিতেও আজকে একই অবস্থা। সেখানে প্রফেসার নেই, প্রিন্সিপাল নেই, টীচার নেই - কল্যাণী বিশ্ববিদ্যালয়ের আন্ডারে যে কলেজগুলো আছে তাদের অবস্থা খুবই খারাপ। সেগুলোর পরিকাঠামো আগে ঠিক করুন। আর সরকারী হস্তক্ষেপ এক্ষেত্রে যতটা কম করা যায় সেটা দেখবেন। Inspite of all this মহিলাদের জন্য আলাদা বিশ্ববিদ্যালয় করতে যাচ্ছেন এজন্য নিশ্চয় তাকে সাধুবাদ জানাচ্ছি, কিন্তু এই যে কয়েকটা কথা আমি বললাম সেই ব্যাপারে তার কাছে আমরা উত্তর প্রত্যাশা করছি, এই কটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুরুতেই রাজ্য সরকারকে অভিনন্দন জানাই এইজন্য, এই প্রথম এই রাজ্যের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জ্জী একজন মহিলা এবং সেই রাজ্যের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে প্রথম ডায়মন্ডহারবার মহিলা বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব সরকার আনছেন। আমাদের যদি বিস্ময় নিঃসরন না ঘটে যে সময়টা এই বিল আনা হচ্ছে তা আমাদের কাছে এবং এই হাউসের কাছে খুব গর্বের হওয়া উচিত। কারণ এই রাজ্যে কোন মহিলা বিশ্ববিদ্যালয় নেই। কিন্তু কখন হচ্ছে এই মহিলা বিশ্ববিদ্যালয়। যখন আমরা দেখতে পাচ্ছি আমাদের রাজ্যের মহিলারা - তাদের সম্পর্কে বলতে গেলে অন্য চ্যাপ্টারে চলে যায় - সাংঘাতিকভাবে de-moralized। তাদের মেরুদন্ড আজকে শেষ হয়ে গেছে, সরকারের বিকৃত মনোভাবের জন্য তারা আজকে কথা বলতে পারছেন না, তারা আজকে নির্যতিতা। রাস্তাঘাটে-বাড়িতে-অফিসে তাদের উপরে যে ব্যবহারটা চলছে তার সুবিচার তারা ঠিকমত পাচ্ছে না। আজকে ঠিক সেই সময় কলকাতা বিশ্ববিদ্যালয় চত্বরে এই রাজ্যের সরকারী মুখ্য সচেতক প্রহৃত। তার এখনো কোন সুবিচার হল না। আমাদের গর্ব ছিল অন্ততঃ বিধানসভাতে এই ব্যাপারে একটা দুঃখ প্রকাশ করা হবে। কিন্তু এই ব্যাপারে একটি শব্দও কেউ উচ্চারণ করলেন না। যেখানে ঘটনাটি ঘটেছিল সেটিও একটি বিশ্ববিদ্যালয়।

মিঃ স্পীকার : মিঃ নস্কর আপনি বিলের উপরে আলোচনা করুন। আপনি বিলের উপরে বলুন। এগুলো বলবেন না, এটা অপ্রাসঙ্গিক।

শ্রী সুভাষ নস্কর : আমি বিলের উপরেই বলছি, কিন্তু সবই আনুসঙ্গিক। এক কথায় বলা যেতে পারে জুতো মেরে গরু দান। আজকে মহিলারা নির্যতিতা, লাঞ্ছিতা। আজকে আমরা কি দেখছি? যদি ভালো হত এই বিলের উপরে বক্তা হিসাবে ডায়মন্ডহারবারের বিধায়ক বা ঐ এলাকার পার্শ্ববর্তী বিধায়ক যদি কেউ বক্তা হিসাবে থাকতেন তাহলে ভালো হত। প্রবোধ দা শুরুতেই বলেছেন, ডায়মন্ডহারবার মহিলা বিশ্ববিদ্যালয় কোথায় হবে, does not name the place of Diamond Harbour, but the name is Diamond Harbour, হতে পারে may be। রাজ্যের যে কোন জায়গায় এটা হতে পারে। কিন্তু কোথায় কোন মৌজায় হবে তার কোন

উল্লেখ কিন্তু এখানে নেই। It will be established at Salt Lake or nearest Calcutta। কোথায় এটা হবে তা বলা নেই। ডায়মন্ডহারবারেই যে হবে তার কোন গ্যারান্টি নেই। প্রবোদ দা একই কথা বলেছেন, জমির অভাবের জন্য রাজ্য সরকার আজকে বিভিন্নভাবে সরকারী প্রোজেক্ট করতে পারছেন না, প্রকল্পগুলো করতে পারছেন না। তার উপরে সরকার ঘোষণা করে রেখে দিয়েছেন জমি নিলেই চাকরি দেওয়া হবে। ডায়মন্ডহারবারে সরকারী জমি কি হাতে আছে? আমি জানিনা এটা কোথায় হবে? যদি এটা জেলাতেই হয় তাহলে আমি গর্বিত, কারণ আমি সেই জেলারই বাসিন্দা। কলকাতা বিশ্ববিদ্যালয়ের আন্ডারে জেলার যে কটা কলেজ চলছে তার অবস্থাগুলো দেখেছেন। আপনারা সবাই জানেন নতুন যে কটা কলেজ চলছে সুকান্ত কলেজ, জীবনতলা কলেজ, জামতলা কলেজ, কাকদ্বীপ কলেজ, সাগর কলেজ, মগরাহাট কলেজ, দক্ষিণ বারাসাত, বঙ্কিম সর্দার, হাজি দেশারথ আরো অনেকগুলো, এইগুলো সবচেয়ে নতুন কলেজ। পুরোনোগুলো আছে, আরো অনেক নাম। তাদের পঠন পাঠনের অবস্থা, শিক্ষক আছেন? প্রফেসর আছেন? পাঠাবার ব্যবস্থা করেছেন? তিন বছর ধরে চলছে। .....(ভয়েস).....বিগত রাজ্য সরকার কলেজ অনুমোদন দিয়েছেন। ছাত্ররা পাস করছে সেখান থেকে, ভালো রেজাল্ট করছে। বাইরে থেকে শিক্ষক নিয়ে পরিচালন কমিটি কোন রকম চালাচ্ছেন। শিক্ষক পাঠাবার ব্যবস্থা করছেন নতুন করছেন, নতুন করছেন, নতুন করছেন। আপনাদের সরকারের নাম কি হওয়া উচিত জানেন? .....(ভয়েস)....। আপনাদের সরকারের নাম হওয়া উচিত শুধু শিলা স্থাপন সরকার। শিলা স্থাপনের সরকার, অনুমোদনের সরকার। বাস্তবায়নের সরকার নয়, নয় নয়। কবে হবে? টাকা নেই, বলছেন টাকা নেই, টাকা নেই। এর অর্থ অনেক আগে বিলের মধ্যেই বলেছেন। বিলের মধ্যেই বলেছেন, এই আর্থিক বছরে পাচ্ছেন না। বিলের মধ্যেই বলেছেন, মেমোরান্ডামে বলেছেন। পরবর্তী আর্থিক বছরের জন্য অপেক্ষা করতে হবে। তাড়াহুড়ো কেন? আমাদের বিরোধী নেতা প্রস্তাব রেখেছিলেন আমাদের বামফ্রন্টের পক্ষ থেকে, যে এটাকে সিলেক্ট কমিটিতে পাঠানো হোক, কদিন সময় লাগতো? ৬ সপ্তাহ, ২ মাস সময় লাগতো। আগামী বিধানসভা, যখন নতুন বাজেটের জন্য বসে থাকতে হবে, টাকার জন্যে। ইনিশিয়ালি ৫ কোটি টাকা দিয়ে আপনি ঐসব ফার্ণিচার এটসেট্রা কিনবেন আগামী বাজেটের টাকা দিয়ে। তাহলে আজকে কেন পাস করছেন? আপনার ভাঁড়ে কর্পূর নেই, আপনি ঘি চাইছেন। ঘি চাইছেন, ঘি চাইছেন। হয় না এটা। সুতরাং আপনি বলছেন না, আমাদের জেলার আর একজন মাননীয় সদস্য জীবন বাবু বললেন, গণতান্ত্রিক। আপনারাও বলেছেন এখানে গণতান্ত্রিক, কোথায় বলেছেন ৬ পাতায় বলেছেন, পেজ সিক্সে এ, যে একেবারে গণতান্ত্রিকভাবে এটা হবে। নমুনা কি? আপনার এখানে formation of the University Council কাদের নিয়ে ফর্মেশান হচ্ছে? এক নম্বর চ্যান্সেলার, দু নম্বর ভাইস চ্যান্সেলার, তিন নম্বর সেক্রেটারী অফ্ হায়ার এডুকেশান কাউন্সিল, চার নম্বর সেক্রেটারী অফ্ দ্য ফিনান্স ডিপার্টমেন্ট, পাঁচ নম্বর মেম্বার সেক্রেটারী হায়ার সেকেন্ডারী কাউন্সিল, ছ নম্বর প্রেসিডেন্ট ওয়েস্ট বেঙ্গল হায়ার এডুকেশান কাউন্সিল, এক থেকে ছয়ে এই পদাধিকারী ব্যক্তি, কতদিন, কটা সভাতে করাউন্সিলের মিটিংয়ে উপস্থিত হতে পারবেন? রাজ্যের যে দায় দায়িত্ব তাদের ওপরে। আর সাত নম্বরে গিয়ে কি বললেন, কলমে, বললেন যে 10 - 15 persons will be nominated by the Chancellor in consultation with the minister. হোয়াই? Minister belongs to a political

party তাহলে কেন নেই? রাজনৈতিকভাবে আপনারা পনেরো জনকে পাঠাবেন নমিনেট করে through the Chancellor আর in consultation with the minister. তাহলে কেন বললেন শুরুতে এই কথা, প্রথম পাতায় বলছেন এখানে কোন রাজনীতির গন্ধ থাকবে না। বক্তৃতায়ও বলছেন। বলুক যে আমরা যাদের ওখানে মনোনীত করবো, ঐ আমাদের ভাঙড়ের প্রাক্তন বিধায়কের মতো সেভেন পাশ লোক সেখানে গিয়ে মাতব্বরী করবে এক একটা কলেজে। ইউনিভার্সিটিতে আপনারা সেই কাজ করবেন। সত্যটা স্বীকার করুন। শিক্ষাগত যোগ্যতার দরকার হবে না। একটা ইউনিভার্সিটিতে গিয়ে মাতব্বরী করা, সেখানে চেয়ারে পদাধিকারী অধ্যক্ষ সাজা অথবা সভাপতিত্ব করা। কেন আপনারা এই কথা বলছেন? আপনারা বলছেন, একটা বারও এখানে উল্লেখ করেন নি, যে ভাইস চ্যান্সেলার পদের মাইনেটা আলোচনা ভিত্তিতে হবে। Is it a private University? এত বড় একটা পদাধিকারী ব্যক্তি ভাইস চ্যান্সেলারের পদের মাইনে আলোচনা ভিত্তিতে হবে। অন্য বিশ্ববিদ্যালয় থেকে কম হতে পারে, বেশী হতে পারে। কিন্তু মনে হচ্ছে যেন ঠিকা কর্মচারী ভাইস চ্যান্সেলার, আলোচনা করা হবে। পদের মর্যাদাটা কত দিলেন? আপনারা ছাত্র ও কর্মচারীদের কোন প্রতিনিধিত্ব রাখার কথা বললেন না ইউনিয়ান পরিচালনের ক্ষেত্রে, কেন? কি অসুবিধে হতো? ছাত্র আর কর্মচারীদের ইউনিয়নগুলো বোধহয় এখন আপনাদের রাজ্যে হাত ছাড়া হচ্ছে না? হাত ছাড়া হয়ে যাচ্ছে? ভয় পাচ্ছেন?

[2.00–2.10 p.m.]

সার্চ কমিটির নামে আপনারা স্টেট গভরমেন্টের রিপ্রেজেনটিভ থাকবে কেন? সার্চ কমিটির নামে কেন থাকবে? স্টেট গভরমেন্টের ক্ষমতা কুক্ষিগত করার জন্যে এই ব্যবস্থা আপনারা করছেন। আপনারা ইউনিভার্সিটি শুরুতে একটা বিষয় তো বললেন না কি কি এখানে পঠনপাঠন বা শিক্ষণের ব্যবস্থা থাকবে? মহিলাদের সম্পূর্ণ নিজেস্বতার বিষয়টা বললেন না যে হোম সায়েন্স, ফুট অ্যান্ড নিউট্রেশান। এই বিষয়গুলো একটিবারও বিলের মধ্যে কোথাও উল্লেখ করলেন না। এই প্রথম ইউনিভারসিটি হচ্ছে আমাদের গর্ভের কথা। সুতরাং কেন, কেন তড়িঘড়ি, কি দরকার, কি মহাভারত অশুদ্ধ হয়ে যাচ্ছে। সুতরাং আমি শুরুতে যে কথা বললাম, সম্পূর্ণ সব মিলিয়ে বলা যায় যে, আপনারা ১৫ বছরের এক্সপেরিএন্স-এর ভিসি দরকার। এইটুকু সময় দিতে পারলেন না। ১০ বছরের জন্য এক্সপেরিএন্স থাকলেই হবে। এটাতো ছেলে খেলা হল, মহিলাদের বিশ্ববিদ্যালয়ের নামে ছেলে খেলা হচ্ছে। আর একটু ভাবুন। আমাদের রাজ্যে যারা মহিলা সদস্যরা আছেন, তারা একটু ভেবে দেখুন। সেটা কোথায় যাচ্ছে, কোথায় যাচ্ছে। সুতরাং সব মিলিয়ে এই বিল সম্পূর্ণ অগণতান্ত্রিক ব্যবস্থার কায়েম করার জন্য করা হচ্ছে, সব ক্ষেত্রে সরকারী নিয়ন্ত্রিত করে কর্পোরেশানে পরিণত হবে। (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

ডাঃ শশী পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমাদের আজকে যে বিল নাম্বার ফরটি ২০১২ 'দি ডায়মন্ড হারবার উইমেনস্ ইউনিভার্সিটি বিল' উপস্থাপন করছেন মাননীয় শিক্ষা মন্ত্রী শ্রী ব্রাত্য বসুকে আজকে এই রাজ্যের একজন মহিলা সদস্য, এই রাজ্যের একজন সাধারণ মহিলা হিসাবে আপনাকে জানাই কৃতজ্ঞতা এবং নিশ্চয় কৃতজ্ঞতা জানাই আমাদেরই এই রাজ্যের মুখ্যমন্ত্রী

যিনি মহিলাদের cmpowered-এর ক্ষেত্রে, স্বশক্তিকরণের ক্ষেত্রে এবং ক্ষমতায়ণের জন্যে তিনি লক্ষ্য করে এই রাজ্যের মেয়েদের জন্যে প্রথম, কেবলমাত্র প্রথম একটা মহিলাদের জন্য university প্রতিষ্ঠা সিদ্ধান্ত তিনি নিয়েছেন। খুব দুঃখ হয় বিরোধীদের, অনেক প্রবীণদের বক্তব্য আমি শুনলাম। শোনার মধ্যে দিয়ে আমার মনে হল, হয়তো parliaement-এর সদস্য নয়, কিন্তু parliaement-এর অভ্যন্তরীণ কক্ষে আগের ইতিহাস বলে, Women Reservation Bill নিয়ে যে ভাবে মূলায়ম সরকার, লালুপ্রসাদ সরকার যে ভাবে বক্তব্য রেখেছেন, ঠিক সেই বক্তব্যের shadowটা এখান থেকে পেলাম। যেখানে মহিলাদের উচ্চ শিক্ষার কথা ভাবা হচ্ছে, সেই দর্শনটাকে আপনারা কি ভাবে highjack করতে পারেন। সাধেই কি আমরা বলতাম, যে আপনাদের তিনটে হাত - বামহাত, ডানহাত, আর অজুহাত। সব কিছুতেই অজুহাত, কি ভাবে কাজটাকে পিছানো যায়। নারীর শিক্ষা, নারীকে উচ্চ শিক্ষা করার মধ্যে দিয়ে সর্বভারতীয় ক্ষেত্রে আমরা জানি যে হাতে গোনা কয়েকটা মহিলাদের university আছে, প্রায় ৯৫ বছর আগে প্রথম SNDT university যেটা প্রতিষ্ঠিত হয়েছিল মহারাষ্ট্রে। আমাদের আগে একজন সদস্য বলেছিলেন সেই হাতে গোনা কয়েকটি ইউনিভারসিটির মধ্যে আমাদের এখানে একটা মহিলাদের ইউনিভারসিটি প্রতিষ্ঠিত হওয়া আমার মনে হয় –One small step but a giant leap for womenhood. বহু বছর আগে, বহু যুগের আগের একটা কথা তখন কিন্তু মেয়েদেরও সমান ভাবে স্বাস্থ্য, শিক্ষা, ইত্যাদি এই সমস্ত দেওয়া হত। আমরা নিজেরাই goddess of learning, আমরা মা সরস্বতী দেবী তাঁকে পূজো করি। কিন্তু কোথাও না কোথাও এই শিক্ষার সুযোগ এবং access কয়েক বছর পর পর দেখা গেছে একটা decline হয়েছে। ১৯০৬ সালে স্বরজনী নাইডু কলকাতায় Indian Social Conferenceএ তিনি বলেছিলেন সেটা আমি quote করছি "Educate your women and the nation will take care of itself for it is as true today as it was yesterday and will be to the end of human life that the hand that rock the cradle rules the world." এই ছিল তার বক্তব্য, এই হচ্ছে গুরুত্ব। এই প্রথম মহিলাদের একটা university প্রতিষ্ঠা করার পিছনে। আমরা পড়লাম এই billএ, এই বিশ্ববিদ্যালয়ে মহিলাদের জন্যে বিভিন্ন brancheএ, শিক্ষা, বিদ্যা অর্জন করার জন্যে এবং গবেষণা করার জন্যে, training করার জন্যে, অধ্যাপনার জন্যে বিভিন্ন সুব্যবস্থা করা হয়েছে। নানান রকম বক্তব্য আপনারা রাখলেন, নানা রকম সমস্যা আপনারা তুললেন। It does not take a genius to identify the problems but to specify the workable solution, সেটাই হচ্ছে আসল। সেটাই বহু দিন ধরে, বহু বছর ধরে available ছিল না।

কোন সময় সেটা করা হয় নি যেটা এখনে করা হয়েছে আজকের দিনে। ২০০১ সালে একটা জাতীয় কর্মসূচী হয় সেখানে ওম্যানদের এমপাওয়ারমেন্টের জন্য যে পলিশি গ্রহণ করা হয়েছে, তার মেন বেসিস ছিল জেন্ডার ইকুয়ালিটি এবং মহিলা এবং পুরুষের মধ্যে সমান ভাবে সব রকম সুযোগ থেকে আরম্ভ করে একটা সমতা যেন থাকে। এর মেন অবজেকটিভ কিংবা উদ্দেশ্যের মধ্যে দিয়ে ছিল সুস্বাস্থ্য এবং সু-শিক্ষা পৌঁছানো সেটা সব মহিলাদের ক্ষেত্রে। কিন্তু দেখা গেল উচ্চ শিক্ষার

ক্ষেত্রে একটা জেন্ডার গ্যাপ আছে। এখানে বহু বছর ধরে, যেখানে প্রাইভেটাইজেশান হয়ে গেল, অনেক প্রাইভেট এনটাপেনিয়ার্স শিক্ষার ক্ষেত্রে এসেছে, সেখানে দেখা গেছে আর্থিক কারণে হোক মা-বাবারা ছেলেদের উচ্চ শিক্ষার ক্ষেত্রে প্রাধান্য দিতে গিয়ে অনেক মেধাবী মহিলারা শিক্ষার ক্ষেত্রে পেছিয়ে যায়। ফলে একটা জেন্ডার গ্যাপ দেখা যায় তাই জন্য একটা সরকারী বিশ্ববিদ্যালয় হওয়াটা কতটা জুরুরী যেখানে এই অর্থনৈতিক বঞ্চনা থেকে এই মেয়েদের সেই সুযোগটা করে দিতে পারি। এটা যে কত বড় কথা, এর একটা স্নোবলিং এ্যাফেক্ট হয়। দীর্ঘ মেয়াদী একটা কনসিকোয়েন্স সমাজের মধ্যে দেখা যাবে। কি ভাবে? এক, পজেটিভ এ্যাফেক্ট দেখা যায় ইকনমিক প্রডাকটিভিটির ক্ষেত্রে। তারপর দেখবেন ফার্টিলিটি ইনডেক্স বলে একটা প্যারামিটার আছে সেটাকে কমানো যায়। এই যে তাড়াতাড়ি অল্প বয়সে বিয়ে দেওয়ার প্রবণতা, সেটা কমানো যায়। তার সংগে হচ্ছে স্বাস্থ্যর উন্নতি, তার সংগে হচ্ছে পলিটিক্যাল অংশগ্রহণ, পরিটিক্যাল পার্টিসিপেশান, রাজনৈতকি ক্ষেত্রে সে ইলেকাশান হোক আর যাই হোক, ইলেকট্রোক্যাল ব্যাটেল যেটাকে বলে, তার মধ্যে আরো উৎসাহ দেওয়া যায়। ঠিক যে ভাবে তৃস্তর পঞ্চায়েতের ক্ষেত্রে এই রাজ্যে আমরাই, আমাদের সরকারের আমলে আমরা ৫০% রিজারভেশান করতে পেরেছি। সুতরাং যেমন ৫০% রিজারভেশান হয়েছে, মহিলাদের পুলিশ স্টেশান হয়েছে, মহিলাদের নিরাপত্তার কথা ভাবা হচ্ছে, মহিলাদের উচ্চ শিক্ষার কথা ভাবা হচ্ছে। কোথায় এই স্পীরিট এবং এই উদ্দেশ্যকে আপনারা উৎসাহ দেবেন, তা না করে বিভিন্ন রকম বাগড়া তৈরী করার চেষ্টা করছেন। এই নতুন মহাবিদ্যালয় এসটাবলিষ্টমেন্ট এবং কন্সটিটিউশন হতে চলেছি, অবশ্য একটা-দুটো সাজেশান আমাদের থাকতে পারে যদি গ্রহণ করা যায়। আমি দেখছিলাম বিলের মধ্যে আটর্স সাইন্স এডুকেশান, এই ধরনের পড়াশোনার সংগে, মাননীয় শিক্ষামন্ত্রী যেখানে বলেছেন ফ্যাকালটি কাউন্সিল তৈরী করা হবে যদি আরো কিছু পড়ানো যায়। আমার মনে হয়েছে কিছু আনুসাংগিক শিক্ষা যেগুলো মহিলা ওরিএনটেড অথবা মহিলার জেনিটিক্যালী তার প্রতি একটা প্রবণতা থাকে, অর্থাৎ under midwifery কিংবা নিউট্রিশান কিংবা ওম্যান এ্যান্ড চাইল্ড ডেভলপমেন্ট এই সব সাবজেক্ট বা কোর্সগুলোকে যদি ইনকরপোরেট করা যায় তাহলে এটা খুব ভাল হয়। আমাদের রাজ্যে অনেকগুলো ওম্যান কলেজ আছে, তাই ভাবছিলাম যে সমস্ত ওম্যানস কলেজগুলোকে আনডার ওয়ান রুফ আনডার দিস ইউনিভারসিটি যদি করা যায় তাহলে পরীক্ষা পরিচালন থেকে আরম্ভ করে ইন্সপেকশান, একাডেমিক এক্সসেলেন্স, এজমিনিট্রেটিভ নিয়ন্ত্রণ, প্রশাসনিক নিয়ন্ত্রণ এই জটিলতা যেগুলো থাকে সেইগুলো কাটানো যায়। কোলকাতা ইউনিভারসিটির একটা ভীষণ ভাবে দায়িত্ব রয়েছে - অংক যদি ঠিক থাকে - প্রায় ১৭৫টি কলেজ তার তত্বাবধানে রয়েছে। সেখান থেকে যদি ওম্যানস কলেজ থেকে এবং আগামী দিনে আরো ওম্যানস কলেজ হবে সেইগুলোকে যদি সরিয়ে দিয়ে এই ইউনিভারসিটির অন্তর্ভুক্ত করা যায় তাহলে নিশ্চয়ই এটা আপনারা বিবেচনা করতে পারেন। এই বলিষ্ঠ পদক্ষেপকে নিশ্চয়ই স্বাগত জানিয়ে ডাঃ এস রাধাকৃষ্ণান বলেছিলেন একসময় এবং সেটাকে আমি আবার কোট করছি। There cannot be educated people without educated women if general education has to be limited to men or women. Thet opportunity should be given to women from then. It would most easily be passed to the next generation. দেশী মনিষীদের কথা ভেবে আজকে অত্যন্ত আমার মনে হয়

আধুনিক এবং আন্তর্জাতিক ক্ষেত্রে যে ভাবে প্রতিষ্ঠান হওয়া উচিত ঠিক সেইভাবে একটা প্রতিষ্ঠান হতে চলেছে এবং page No. 3-তে দেখবেন এখানে লেখা আছে high quality education, humanity social and basic science both under-graduate and post graduate level women students, আর একটা যেটা দেখা গেছে, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী বলছিলেন প্রারম্ভিক বক্তব্যে যখন প্রশ্ন-উত্তর পর্ব চলছিল যে কিছু লাইব্রেরী ল্যাবোরেটরীজ ওয়ার্কসপ মিউজিয়ামস এই সমস্ত প্রতিষ্ঠার কথা তিনি ভাবছিলেন, এইগুলো ইতিমধ্যে প্রতিষ্ঠিত হয়েছে ইউনিভার্সিটিতে। এই নতুন ইউনিভার্সিটিতে সেটা চিন্তা-ভাবনা করা হচ্ছে।

[2.10–2.20 p.m.]

তার সঙ্গে একটা collaborative agreement with other universities, research ক্ষেত্রে আরও সুযোগ, learned societies and industries within as well as মানে যেগুলো ভারতে আছে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে যে ইউনিভার্সিটি আছে, তাদের সঙ্গে যোগাযোগ এই সমস্ত ব্যবস্থা আজকে এই বিলের মাধ্যমে উপস্থাপনা করা হয়েছে তাই আমরা স্বাগত জানাই। আরেকটা গুরুত্বপূর্ণ বিষয় যেটা পেজ নং ৫-এ দেখবেন সেটা হচ্ছে খুব সুন্দর এবং সেটা হচ্ছে ডিসটেন্স এডুকেশানের উপরে cmphasis দেওয়া হয়েছে। এর মধ্যে প্রাধান্য দেওয়া হয়েছে একটা ডিসটেন্স এডুকেশান কাউন্সিলের অ্যাপ্রুভাল নিয়ে। যাতে অনেক মহিলারা জেলা থেকে হোক, তারা হয়ত কলকাতা শহর কিংবা জায়মন্ডহারবারে না আসতে পেরে তারা ডিসটেন্স এডুকেশান লার্নিংয়েও তাদের নাম নথিভুক্ত করতে পারে। আমাদের কলকাতা ইউনিভার্সিটিতে যেমন সেনেট এবং সিন্ডিকেট আছে, ঠিক সেইভাবে এখন যেটা চলে অর্থাৎ কোর্ট এবং কাউন্সিল, সেটা খুব সুন্দরভাবে উল্লেখ করা আছে যে কিভাবে সার্চ কমিটি বলুন, সিলেক্ট কমিটি বলুন সমস্তটা ভীষণ ট্রান্সপারেন্ট ভাবে তোলা আছে এই বিলে এবং সামগ্রিকভাবে যোটা বোঝা যায় এটা একটা প্রশাসনিক নিয়ন্ত্রণ রাখার জন্য এই কোর্ট এবং কাউন্সিলটাকে এস্টাব্লিশড করা হবে। ৯ নং পাতায় দেখবেন যে 'The deans of faculty councils for post graduate and under graduate studies' থাকবে। এখানে সভাপতি তিনি আছেন পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশান বোর্ডের তিনি থাকবেন একজন মেম্বার হিসাবে, ইউনিভার্সিটি ব্রাঞ্চ কমিশনের একজন নমিনি থাকবে, এন.সি.টি.ই-র নমিনি থাকবেন। আমাদের রাজ্যে প্রায় ২১টি ইউনিভার্সিটি আছে। তার মধ্যে ১৪টি হায়ার এডুকেশান জিপার্টমেন্টের অন্তর্ভুক্ত এবং নতুন যে হয়েছে কবি নজরুল পঞ্চানন বর্মকে বাদ দিয়ে এগুলো শুরু হওয়ার পথে। তারসঙ্গে আরও সাতটা যেটা আছে কিছু কৃষি বিশ্ববিদ্যালয় আছে, কিছু মাদ্রাসা ডিপার্টমেন্ট আছে এবং কিছু শিক্ষা দপ্তরেও আছে। ফলে এই মাদ্রাসা এডুকেশান বোর্ডের সভাপতিকে একজন মেম্বার হিসাবে করে রাখাটা খুবই গুরুত্বপূর্ণ সদস্য তিনি আমার মনে হয়। ঠিক সেই সঙ্গে ইউ.ডি.সি-র নমিনিটাও, কারণ প্রথমেই দেখবেন যখন প্রতিষ্ঠান একটা খোলা হয়, তারপরে অনুমোদন একটা ফর্ম "টুয়েলভ বি" নিতে হয়। যার মাধ্যমে কিছু ক্রাইটেরিয়া ফুলফিল হলে ইউ.দে.সি-র গ্র্যান্ট আসে। এই ইউ.জি.সি-র গ্র্যান্ট আসা এবং তার ইউটিলাইজেশান, এত বছরে তারএই গ্র্যান্টের ইউটিলাইজেশন ঠিক ভাবে দেখা হয়েছে কিনা

তার উপরে ভিজিলেন্স রাখা এই সমস্ত দিক দিয়ে সুন্দর করে এই বিলে সমস্ত তোলা হয়েছে। তাই Statement of Objects and Reasons' এ বলা হয়েছে। আমরা নিশ্চয়ই সাধুবাদ জানাই যে সমস্ত রকম encouraging and providing for instruction, teaching, training and research in various branches of learning and extending higher education to meet the growing needs of society. growing needs of society-কে মিট করার জন্য এই বিল উপস্থাপনা করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে সাধুবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ড. তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে ডামমন্ডহারবার ওমেন'স ইউনিভার্সিটি বিল, ২০১২-এই বিলের উদ্দেশ্যকে প্রথমেই আমি স্বাগত জানাচ্ছি। এই রাজ্যে প্রথম একটা ওমেন'স ইউনিভার্সিটি তৈরী হতে চলেছে এবং সেটা হচ্ছে একটা অত্যন্ত পিছিয়ে পড়া জেলায়। যেখানে আরও প্রচুর ইউনিভার্সিটি লাগবে। কারণ জনসংখ্যা বাড়ছে। উচ্চশিক্ষার আকাঙ্খা বাড়ছে, মেয়েদের মধ্যেও শিক্ষার আকাঙ্খা বাড়ছে, উচ্চশিক্ষায় যাওয়ার জায়গা বাড়ছে। ফলে বিশ্ববিদ্যালয় অনেক প্রয়োজন। সেই অর্থে আমি নিশ্চয়ই এটাকে স্বাগত জানাব। যে দিন আমরা এই বিলটা পাশ করছি-১০ই ডিসেম্বর, গতকাল ছিল ৯ই ডিসেম্বর বেগম রোকেয়ার জন্মদিন এবং মৃত্যুদিন দুটোই। বেগম রোকেয়া সম্পর্কে আমরা জানি যে তিনি সেই ১৮৮০ সালে জন্মগ্রহণ করেন এবং ওই রকম একটা পিরিয়ডে মুসলিম সমাজের একজন মহিলা হিসাবে যেভাবে এগিয়ে এসেছিলেন, অত্যন্ত প্রগতিশীল মানসিকতার পরিচয় দিয়েছিলেন এবং শিক্ষা বিস্তারের ক্ষেত্রেও তিনি অত্যন্ত পজিটিভ ভূমিকা পালন করেছিলেন সেই দিক দিয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এবং সরকার পক্ষকে অনুরোধ করব যে এই বিশ্ববিদ্যালয়ের নাম যদি বেগম রোকেয়া উইমেন'স ইউনিভার্সিটি ডায়মন্ডহারবার আপনারা দেন তাহলে এটা অত্যন্ত বেগম রোকেয়ার প্রতি তার ১৩২ তম জন্মদিনে আমরা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারব এবং তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে পারব। আমার পরের বক্তব্য যে বিগত সরকার তার শেষের দিকে নির্বাচনের কিছু আগে চারটি বিশ্ববিদ্যালয় তৈরী করেছিল-আলিয়া ইউনিভার্সিটি, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইউভার্সিটি, গৌরবঙ্গ এবং সিধু-কানু। সেই বিশ্ববিদ্যালয়গুলো এখনও পর্যন্ত খোঁড়াচ্ছে। কোনো রকম পরিকাঠামো ছাড়াই বিশ্ববিদ্যালয়গুলো তৈরী হয়েছিল। বিশ্ববিদ্যালয়গুলো এখন যে অবস্থা সেটা আপনারা সরকারে এসে কিছু কিছু বিশ্ববিদ্যালয় সম্পর্কে চিন্তা-ভাবনা করেছেন। আপনারা আসার পরে আজকে নিয়ে তিনটি বিশ্ববিদ্যালয় - আগে দুটি বিশ্ববিদ্যালয় ইতিমধ্যেই করেছেন আর একটি বিশ্ববিদ্যালয় মানে সরকারি সাহায্য প্রাপ্ত- কাজীনজরুল, কুচবিহারের পঞ্চানন বর্মা এবং আজকের এই উইমেনস বিশ্ববিদ্যালয় যেটা আপনারা করতে যাচ্ছেন। আমার বক্তব্য হচ্ছে যে, যদি পরিকাঠামো ছাড়া বিশ্ববিদ্যালয় তৈরী করা হয় তাতে যে প্রবলেম - আজকে ওয়েস্টবেঙ্গল স্টেট ইউনিভার্সিটি ভুগছে, সিদু-কানু ভুগছে, সেই পরিকাঠামো ছাড়া কেবলমাত্র কত বিশ্ববিদ্যালয় তৈরী করলে - আমি এই তালিকাটা যদি বৃদ্ধি করতে চাই, তাহলে কিন্তু উচ্চশিক্ষার বিস্তার হয় না। যেটা বিগত সরকার করেছিল নির্বাচনের আগে। আমি প্রত্যাশা করবো যে, আপনারা সেই জিনিসটা অন্ততঃ করবেন না। এখানে আইনগত একটা ব্যাপারে আছে। ইউ.জি.সি আইনে দু'টি ধারা আছে- একটি 2(F) ধারা এবং একটি 12(B) ধারা।

2(F) ধারা অনুযায়ী আপনারা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করলেন অর্থাৎ অ্যাসেমব্লিতে আইন করে একটা বিশ্ববিদ্যালয় করতে যাচ্ছেন বা করেছেন কিন্তু, 12(B) ধারাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে বিশ্ববিদ্যালয়গুলোর নাম এখানে করলাম সেই বিশ্ববিদ্যালয়গুলোর কোনোটাই 12(B) ধারায় স্বীকৃত নয়। অর্থাৎ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তাদেরকে স্বীকৃতি দেয় না। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কোনো অর্থ - বিগত সরকার যে বিশ্ববিদ্যালয়গুলো তৈরী করেছিল শেষের দিকে এবং এই দু'টি বিশ্ববিদ্যালয় যেটা হয়েছে তারা কিন্তু সেই ইউ.জি.সি-র যে আর্থিক সাহায্য সেটা পায় না। এই আর্থিক সাহায্য পাওয়াটা অত্যন্ত জরুরী যে কারণে, সেটা হচ্ছে কতগুলো পরিকাঠামো সুনিশ্চিত করলেই তবেই আর্থিক সাহায্যগুলো পাওয়া যায়। ফলে সেই পরিকাঠামো সুনিশ্চিত করা অত্যন্ত জরুরী। অর্থাৎ, কতগুলো বিভাগ সেখানে থাকবে, প্রত্যেকটি বিভাগে কতগুলো অধ্যাপক থাকবেন, প্রত্যেকটি বিভাগে কতগুলো ল্যাবটোরি থাকবে, লাইব্রেরির অবস্থা কেমন হবে, সেখানে পরিসর কেমন হবে, হোল্টেল থাকবে কিনা, খেলার মাঠ থাকবে কিনা-এই অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলো যদি সুনিশ্চিত না করা যায় তাহলে ইউ.জি.সি-র 12(B) ধারায় তার কিন্তু স্বীকৃতি মেলে না। আর এটা না মিললে বিশ্ববিদ্যালয় স্বয়ংসম্পূর্ণ হয় না। এই বিশ্ববিদ্যালয় থেকে যে ছাত্র বাইরে যাবে তারা কিন্তু চাকরির ক্ষেত্রে বা অন্য বিষয়ের ক্ষেত্রে বিপদে পড়বেন। ফলে আমার অনুরোধ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এবং রাজ্যসরকারের কাছে, আপনারা যে বিশ্ববিদ্যালয় করতে যাচ্ছেন সেই বিশ্ববিদ্যালয়ে এটা করবেন না। গভর্নেন্স সম্পর্কে এখানে সমালোচনা হয়েছে। যে সমালোচনা আমরা বিশ্ববিদ্যালয় আইন যখন সংশোধন হয় তখন সেই সমালোচনা করেছিলাম। ফলে সেটার পুনরাবৃত্তি করছি না।

সোহরাবসাহেব যেটা বলেছেন—গভর্নেন্সের ডেমোক্রেসির কথা, আমি সোরাব সাহেবকে মনে করিয়ে দিচ্ছি যে, কেন্দ্রীয় সরকার এই বিশ্ববিদ্যালয়গুলো এবং উচ্চশিক্ষায় ইন্টারভেন্ করার জন্য তার গভর্নেন্সে ডেমোক্রেসি তচনচ্ করার জন্য যে ব্যবস্থা করছেন সেটা সম্পর্কে আপনি নিশ্চয় ওয়াকিবহাল। ন্যাশনাল কমিশন ফর হায়ার এডুকেশন এ্যান্ড রিসার্চ যেটা ৭জন লোককে দিয়ে সমস্ত উচ্চশিক্ষা ব্যবস্থাকে পরিচালনা বা নিয়ন্ত্রণ করতে গেছে এবং সেটা সম্পূর্ণ সরকার নিয়ন্ত্রিত ৭ জনের বডি। সেই সম্পর্কে নিশ্চয় আপনি সজাগ। ফলে বিশ্ববিদ্যালয়ের এই স্বীধিকারে কারা হস্তক্ষেপ করছে না করছে সেই সম্পর্কে আপনারাও সচেতন আছেন। একটা কাউন্সিল যেটা নিয়ে বলার চেষ্টা করছেন সুভাষবাবু, আমার মনে হয় সুভাষবাবু বিষয়টি বুঝতে পারেন নি। কাউন্সিলটা একটা টেম্পোরারি প্রিয়াডের জন্য হচ্ছে যেটা সরকার পক্ষ থেকে বা বিলে যা প্রপোজ করা হয়েছে। এই সময় একটা টেম্পোরারি বিষয় থাকবে। কিন্তু, আমার বক্তব্য হচ্ছে যে, এই কাউন্সিলটা যদি দীর্ঘস্থায়ী করেন যেটা আজকে ওয়েস্টবেঙ্গল স্টেট ইউনিভার্সিটি - মাননীয় মন্ত্রী মহাশয় আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, ওয়েস্টবেঙ্গল স্টেট ইউনিভার্সিটিতে কাউন্সিল ব্যবস্থায়ই আছে সেখানে কিন্তু নির্বাচিত বা আপনারা যে নতুন আইন করেছেন সেই নতুন আইন সেখানে লাগু হয়ে নতুন সদস্য ঢোকার সুযোগ পায়নি। ফলে, এই কাউন্সিল ব্যবস্থা কিন্তু টেম্পোরারি অগণতান্ত্রিক। সেটা যাতে দীর্ঘায়িত না হয় সেই ব্যবস্থা আপনারা নিশ্চয় করবেন। আর সব শেষে যেটা বলতে চাইছি যে, আমি একটি সংশোধনী এনেছি টিচার সিলেকশন সংক্রান্ত বিষয়ে যেটা একেবারেই একটা

নিয়মতান্ত্রিক ব্যাপার। এটা না হ'লে কিন্তু বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নির্বাচন বা শিক্ষক রিক্রুটমেন্টের ক্ষেত্রে সমস্যা হবে। সেই বিষয়ে যদি একটু ভাবনা-চিন্তা করে গ্রহণ করেন তাহলে এই বিশ্ববিদ্যালয় -যা করতে যাচ্ছেন সেটা অন্ততঃ সুষ্ঠভাবে চলবে। এই কথা বলে, আপনাকে আবার ধন্যবাদ জানিয়ে এই বিশ্ববিদ্যালয় করতে যাচ্ছেন তার জন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2.20–2.30 p.m.]

ড. সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয় একটা যে প্রসংশনীয় উদ্যোগ সরকারের তরফ থেকে এসেছে সেই উদ্যোগের জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানিয়ে দু'চার কথা এখানে বলতে চাই যাতে যে উদ্যোগ নিয়ে, যে উৎসাহ নিয়ে করা হচ্ছে সেটা যেন সত্যিকারের ইমপ্লিমেন্ট হয়, কার্যকর হয়।

অনেকগুলো বিষয় এখানে আলোচিত হয়েছে। অধ্যাপক জীবনবাবু, মাননীয় সদস্য, ভাইস চ্যান্সেলরের অনেকগুলো কোয়ালিফিকেশনের কথা বলেছেন। আমি শুধু তার কাছে বিনীতভাবে জানাতে চাই, এই কোয়ালিফিকেশনের কথা আগের বিলগুলোতেও ছিল ; সর্বত্র, সব সময় ছিল যে এই ধরণের কোয়ালিফিকেশন হতে হবে, কোয়ালিফায়েড লোক হতে হবে, একেবারে impartial লোক হতে হবে, তিনি কখনও ঝান্ডা ধরা লোক হবেন না, ইত্যাদি, ইত্যাদি। কিন্তু আমরা এখনও পর্যন্ত বামফ্রন্ট সরকারের যে ঘটনাগুলো ঘটেছে সেগুলো বারবার বলে যাচ্ছি। এগুলো থাকা সত্ত্বেও কিন্তু ঘটেছে। কাজেই আগামীদিনেও ঘটবেনা, এটা শুধুমাত্র আইনের পাতায় লেখা থাকবে, এটা তার ওপর নির্ভর করে না। সত্যিকারের কতটা নিষ্ঠা নিয়ে সরকার এটা করবে তার ওপর নির্ভর করে।

বলা আছে যে, মাননীয় মন্ত্রী মহোয়ের সঙ্গে inconultation , অর্থাৎ কনসাল্ট করে নিয়ে ভাইস চ্যান্সেলরকে সরানো হবে কিনা সে ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে। আমি বলছি কি practical experience, Principal Secretary of Agriculture হিসাবে আমার বিভাগের আওতায় দুটো বিশ্ববিদ্যালয় ছিল। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এবং উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। দুটো জায়গার ক্ষেত্রেই আমার অভিজ্ঞতা অদ্ভূত। বিধানসভায় কৃষি বিশ্ববিদ্যালয়ে কয়েকদিন আগে দেখলাম ভাইস চ্যান্সেলরকে অপসারণ করা হয়েছে। আমার সময় এই ধরণের অবস্থা প্রচুর চেষ্টা করেও কিছুই করা যায়নি, ভাইস চ্যান্সেলরকে মহাআনন্দে চালিয়ে গেছেন যখন উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরকে সরানোর প্রশ্ন এলে, প্রচুর irregularities সত্বেও সেখানে কিন্তু মাননীয় মন্ত্রী মহোদয়ের সুপারিশ একটা ঢাল হয়ে গেল। সেখানে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরকে যখন নিয়োগ করা হল তখন Council ভোটে তিনি ছিলেন তিন নম্বরে। কাজেই তিন নম্বরের লোককে কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগ করার কথা নয়। কিন্তু তৎকালীন মাননীয় কৃষিমন্ত্রী ঐ তিন নম্বরের লোককে রেকমেন্ড করলেন এবং মাননীয় চ্যান্সেলর মহোদয় বললেন, যেহেতু বলা আছে 'in consultation with the minister', in consultation আমি মনে করি, minister যেটা বলছেন সেটাই মানতে হবে। তিনি তাঁর Interpretation দিলেন কাজেই এই ঘটনা ঘটে। তাই ঐ শুধু শুধু আইনের

মধ্যে কী থাকলো তা দিয়ে হয়না এর জন্য চাই sincerity, এর জন্য সত্যিকারের দলতন্ত্রের উর্দ্ধে উঠে, সত্যিকারের গণতান্ত্রিক পদ্ধতি স্মরণ করে, নিয়ম মেনে এবং যাতে সত্যিকারের ভালো লোক সেখানে হয় সেটার ব্যবস্থা করা যেতে পারে। এটা সরকারের নিষ্ঠার ওপর নির্ভর করে।

আমি আরো কয়েকটা কথা বলতে চাই, অনেকে তুলে ধরেছেন। শুধু notification করলাম, খুব ভালো কাজের উদ্যোগ নিলাম কিন্তু সেই উদ্যোগ কাজে লাগলো কতটুকু? সত্যিই তো এই বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে বলা নেই কোথায় হবে। এর infrastructure কী হবে। কোথায় জমি পাওয়া যাবে। এমন অবস্থা! দক্ষিণ ২৪ পরগণায় এখনও পর্যন্ত, কয়েক বছর আগে জেলা ভাগের যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল সেই জেলা ভাগের জন্য পরিকাঠামো এখনও তৈরী করা গেলনা আবার সেখানে একটা বিশ্ব-বিদ্যালয় আসছে। কী ভাবে তৈরী হবে, কোথায় জমি পাওয়া যাবে? এগুলো মনে রাখা দরকার। বরং যেখানে জমি আছে, যেখানে এখনই কিছু করা যায় সেখানে নজর দেওয়া দরকার। গত সেশনে আমরা কোচবিহারে পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় আইন করেছি এবং পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের জমি নির্ধারিত হয়েছে।

সেখানে যে কৃষি খামার আছে সেখান থেকে জমি পাওয়া গেছে। সেখান থেকে জমি নিয়ে যদি জমির সমস্যাটা মিটে যায়, সেখানে যদি আক্ষরিত অর্থে ভালোভাবে কাজটা শুরু করা যেতে পারে। সেখানে আগামী দিনে quality একটা বিশ্ববিদ্যালয় ঐ এলাকার জন্য অবশ্যই করা যেতে পারে। একইভাবে আমি যদি বলি, বিভিন্ন সময়ে দাবি উঠেছে বহরমপুরের কৃষ্ণনাথ কলেজ এর কথা এই কলেজটি দীর্ঘদিনের। সেখানে পরিকাঠামো রয়েছে। বহরমপুর অর্থাৎ মুর্শিদাবাদ হচ্ছে একেবারে মাইনোরিটি অধ্যুষিত এলাকা সেখানে যদি এটাকে একটা বিশ্ববিদ্যালয়স্তরে উন্নীত করার একটা প্রচেষ্টা নেওয়া হত তাহলে বোধহয় অনেক তাড়াতাড়ি করা যেতে পারত। ডায়মন্ডহারবারে যেখানে এখনও জমি চিহ্নিত হয়নি, যেখানে হয়তো অনেক অসুবিধা-যে এলাকায় এত জনসংখ্যা, সেখানে একটি বিশ্ববিদ্যালয়ের জমি পাওয়া কঠিন। শুধু নামমাত্র করে রাখলাম তা না করে যেখানে যেখানে সুবিধা রয়েছে আক্ষরিক কাজ করা যায় সেই সব জায়গার দিকে বোধহয় আমাদের নজর দেওয়া দরকার। কাজেই যে উদ্যোগ নেওয়া হল সেই উদ্যোগটা শুধু উদ্যোগের মধ্যে না থাকে, সেই উদ্দেশেই আমি বলবো যে প্রায়োরিটি ঠিক করুন। সরকারের অনেক ইচ্ছে আছে। প্রত্যেকেরই আমাদের অনেক ইচ্ছে আছে। আমি তো অনেক কিছুই ভাবতে পারি। এই করবো, ওই করবো, গাড়ি কিনবো, এটা করবো, সেটা করবো অনেক কিছুই। কিন্তু আমার প্রায়োরিটি যদি না থাকে —আমি কোথায় কোথায় যাব, আমার কোথায় প্র্যাকটিক্যাল অবস্থায় আছে, সেই ব্যাপারগুলো যদি না করি, শুধু শুধু করে গেলাম, অ্যানাউন্স করে গেলাম, এই হবে, সেই হবে এবং সেগুলো মানুষের মধ্যে আশার সঞ্চার করবে। হয়তো আগামীদিনে সেগুলো না হওয়ার জন্য বরং উল্টো রেজাল্ট হবে। মানুষ অনেক বেশি আশাহত হয়ে পড়বেন। কাজে আমি অনুরেধ করবো মাননীয় মন্ত্রী মহোদয়কে যে উদ্যোগ নিয়েছেন সেটা যেন সত্যিকারের হয়। আপনি যে জায়গাগুলো এখন ইমিডিয়েটলি করা যায় সেগুলোকে আগে দেখুন। পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের কথা বললাম। সেখানে অর্থ দিন, সেখানে কাজকর্ম যাতে ইমিডিয়েটলি শুরু হয় সেটার ব্যবস্থা করুন। তারপরে পরে প্রায়োরিটি ঠিক করে আপনারা যে উদ্যোগ নিয়েছেন সেটাকে আবার আমি অভিনন্দন জানাচ্ছি। কিন্তু কাজ যেন ঠিক ঠিক হয়। এই অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি প্রথমেই আমাদের অধ্যক্ষ সাহেব এখানে নেই - একটা কথা বলে রাখি উনি বলছিলেন যে অ্যামেন্টমেন্ট দিতে দেরি করেছে, তাতে সমস্যা হচ্ছে। কিন্তু আমি জানিয়ে রাখছি কে দায়ী? শুক্রবারে আমরা যাওয়ার সময় বিল পেলাম। শনিবার ছুটি, রবিবার ছুটি। আজকে অফিসে ঢুকেছি। কখন পড়বে আর কখন বিল দেবে। এ দায়িত্ব কে নেবে আমি জানি না। এভাবে তো হয় না। বিরোধিরা জবাব দিয়ে দেবে—এভাবে তো হয় না, কিন্তু হচ্ছে। দ্বিতীয় হচ্ছে—আমাদের রাজ্যে একটা মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপন করার যে উদ্যোগ নেওয়া হয়েছে এই উদ্যোগকে নিশ্চয়ই সাধুবাদ জানাই। এ ব্যাপারে আমাদের কোন সংকীর্ণতা নেই। কিন্তু আমরা কয়েকটা কথা বলেছিলাম। এই যে সিলেক্ট কমিটিতে পাঠাবার কথা কেন বললাম? একটা সাধারণ নিয়ম আছে কোন নতুন বিল আসলে তা হয় স্ট্যান্ডিং কমিটি অথবা সিলেক্ট কমিটিতে যাবেই। এটা নিয়ম, এটা চালু হয়ে আসছে এবং এটা বাধ্যতামূলক। দ্বিতীয়ত আমরা দেখলাম যে এই বিলে অর্থ দপ্তরের কোন অনুমোদন নেই। মন্ত্রী নিজেই বলেছেন এবারে টাকা নেই পরের বছর দেখব। কিন্তু এতে অর্থ দপ্তরের অনুমোদন লাগে, সেটাও নেই। কারণ নতুন বিলে এটা আবশ্যিক। কিন্তু সেটাও নেই। তৃতীয়ত হচ্ছে—এত তাড়াহুড়ো করতে যাচ্ছেন যে ক্ষতি হচ্ছে, এর আগে হয়েছে। সিঙ্গুরের বিল যখন হয় তখন আমরা বলেছিলাম একটু থেমে করুন, শোনেন নি। তারপরে আমাদের লেজিসলেটিভ কাউন্সিল-বিধান পরিষদ করার জন্য এত তাড়াহুড়ো লাগিয়ে দিলেন যে এক্ষুনি করতে হবে। কমিটি গড়া হল, সব করা হল পরে বুঝলেন যে ভুল করছি, অনেক লেটে বুঝলেন যে ভুল হচ্ছে। এখানে অনেক বিষয় আছে, সেগুলো তাড়াহুড়ো করে করতে যাচ্ছেন যাতে আপনাদেরকেই ঠকতে হবে, ভুগতে হবে, বারে বারে ভুগতে হবে। এই জন্য আমরা চেয়েছিলাম আলোচনা হোক ঠান্ডা মাথায়। যাতে এই কলেজটা যেন ভালো করে হয়। সেটা আমরা সবাই চাই। সেটা আমরা চেয়েছিলাম। কিন্তু সেটা হল না। আমার কয়েকটি প্রশ্ন—যে কলেজটা হবে সেটা কি ধরনের? যা আমি দেখলাম তাতে একটা ইউনিটারি ইউনিভার্সিটি হবে।

[2.30–2.40 p.m.]

এই ইউনিভার্সিটি ইউনিটারি যেহেতু অ্যাফিলিয়েটেড কলেজ থাকবে না, যেহেতু রাজ্যের ইউনিভার্সিটি হবে, রাজ্যের যে কোন প্রান্তের মেয়েরা পারবে তাহলে এই ইউনিভার্সিটিতে অন্তত এই প্রভিশান রাখা উচিত ভবিষ্যতে এর অন্তত কতগুলো ক্যাম্পাস গড়ে তোলা যাবে কিন্তু সেই প্রভিশানটা রাখা হয় নি। কেন এই সিদ্ধান্ত থাকবে না যে নর্থ বেঙ্গলে একটা ক্যাম্পাস করবো, কি আমি মুর্শিদাবাদে একটা ক্যাম্পাস করবো, কি আমি একটা বর্ধমানে একটা ক্যাম্পাস করবো There should be a provision of forming a new campus. তারসঙ্গে যেগুলো যুক্ত আছে যেটা আমাদের সবচেয়ে বড় দরকার যে ২৪ পরগনা সাউথে একটা ইউনিভার্সিটি একান্ত দরকার। আবার মহিলাদের একটা ইউনিভার্সিটি সেটা একান্ত দরকার। কোথায় কোনটা হলে ভাল হবে এই নিয়ে আলোচনা করলে কিন্তু অনেক ভাল হয়। কেন না আমি এক্ষুনি শুনলাম, আমাকে সাউথের লোক বলছিল মহিলা বিশ্ববিদ্যালয় করবেন ডায়মন্ড হারবারে বুঝলাম। এটা জেলার মধ্যিখানে করলে জেলার ক্ষেত্রে ভাল হত। আবার কেউ বলছেন যে শুধু মহিলা এই প্রান্তে করলেন আমার ডায়মন্ড হারবারের ছেলেরা পড়তে যাবে কলকাতায়। আর কোচবিহারের মেয়ে যদি মনে

করে ইউনিভার্সিটিতে পড়বো তাকে আসতে হবে ডায়মন্ডহারবারে। বিকল্প ভাবনা নিশ্চয় করা যেত যে আমি ২৪ পরগনার মধ্যে একটা কলেজ করবো, জেনারেল কলেজ করবো আবার মহিলা ইউনিভার্সিটি করবো এই দুইয়ের সামঞ্জস্য আনা যেত যদি একটা বৃহত্তর আলোচনার মধ্যে আসা যেত তাহলে আরো ভাল হত। তারপরে আমরা দেখলাম যে এখানে কলেজ পরিচালনার ব্যাপারে যে কমিটিগুলো করা হয়েছে আমার তো মনে আছে ব্রাত্যবাবু এখানে নিশ্চয় বলেছিলেন আগেরবার যে আমরা যে এম.এল.এ.-এরা এতই ব্রাত্য হয়ে গিয়েছি আমরা, এম.এল.এ.-রা কি এতই অপদার্থ হয়ে গেছে -আমি যে শুনছি এম.এল.এ.-রা আগের থেকে যোগ্যতর হয়েছে। অনেক ডক্টরেট ডিগ্রিওয়ালা এম.এল.এ.-রা আছেন এখানে, পোস্ট গ্রাজুয়েট পাশ করা এম.এল.এ.-রা আছেন এখানে। আগে সমস্ত বিশ্ববিদ্যালয়ে এম.এল.এ.-রা মেম্বার থাকতো আর ব্রাত্যবাবু দয়া করে এম.এল.এ.-দের তাড়িয়ে দিয়েছেন। একজনও এম.এল.এ. থাকতে পারবেন না। কি অপরাধ হতো ডাঃ শশী পাঁজার মত একজন মহিলা যিনি এত ভাল বোঝেন যদি ইউনিভার্সিটিতে একজন মেম্বার হত কি ক্ষতি হত? এই রকম অনেকে আছেন, আমাদের আইনমন্ত্রী যিনি একজন মহিলা - আজকে এম.এল.এ.-দের বাদ দেন কোন যুক্তিতে আমি বুঝি না। উনি একবার যুক্তি দেখিয়েছিলেন আমার মনে আছে আগের বার ওনার মুখ্যমন্ত্রী নাকি বলেছিলেন যে এম.এল.এ.-রা হচ্ছেন পলিটিক্যাল, ওনাদের বাদ দিলে নাকি অ-পলিটিক্যাল হবে। কি যে অ-পলিটিক্যাল হবে বুঝতে পারছি না। আমাদের মদনবাবু বসে আছেন খেলার টিকিট পাঠিয়েছেন অনলি ফর তৃণমূল এম.এল.এজ. নট ফর আদার এম.এল.এল.। আমরা দেখলাম যে এই হচ্ছে আমাদের দলতন্ত্রের বিরোধী কাজ কর্ম। আমি বলছি এম.এল.এ.-দের রাখা উচিত। আমি অনুরোধ জানাবো, আমি একটি সংশধোনী দিয়েছি সেখানে বলা আছে এম.এল.এ-দের রাখা উচিত। এখানে আমি দেখলাম যারা শিক্ষক প্রতিনিধি আছেন -- এই ইউনিভার্সিটিতে মহিলা শিক্ষক থাকবেন, পুরুষ থাকবেন কিন্তু শিক্ষক প্রতিনিধির ব্যাপারে মহিলাদের জন্য নির্দিষ্ট কিছু বলা নেই। আমার প্রস্তাব হচ্ছে শিক্ষক প্রতিনিধি যতগুলো আছে যত ক্যাটাগরিতে প্রত্যেক ক্ষেত্রে মিনিমাম একটা মহিলাদের সংখ্যা বলে দেওয়া উচিত এটা আমি মনে করি। ফোর্থ হচ্ছে, আমরা সবাই মিলে লেখাপড়া করতে গিয়ে বুঝেছিলাম যদিও ইউনিভার্সিটিতে পড়ার আমার সৌভাগ্য হয় নি কিন্তু আমি শিখেছিলাম এটাই Students are the privots of an educational institute. শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্ররা হচ্ছে প্রি-ভোট। তাদের ভুমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ। এটা প্রাইমারি থেকে ইউনিভার্সিটি অবধি। আর ইউনিভার্সিটিতে ছাত্রদের ভুমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ। অথচ আমি কোথায়ও ছাত্র প্রতিনিধি রাখছি না। এটা কি মানে হয় পরিচালনার ক্ষেত্রে যতগুলো ক্রমিটি আছে এক জায়গাতেও মেয়েরা থাকতে পারবে না, ছাত্রীরা থাকতে পারবে না এটা কখনোই হতে পারে না। এই জন্য আমাদের প্রস্তাব হচ্ছে, আমরা এই প্রস্তাব দিয়েছি সংশোধনী দিয়েছি আমরা মেয়েদের থাকা উচিত যাতে তাতে পার্টিশিপেট করতে পারে না করলে সমস্যা হবে। আজকে আমাদের ডাঃ শশী পাঁজা একটা ভাল কথা বলছিলেন আমরা এটাও চাই শুধুমাত্র সাধারণ শিক্ষা নয় এরসাথে আরো অনেক বিভাগ যুক্ত করার আছে যেগুলো এখানে যুক্ত হলে ভাল হত, আমরা কতগুলো প্রস্তাব দিয়েছি যদি সেগুলো আপনারা আলোচনা করে মেনে নেন তাহলে খুব ভাল হতে পারে। কমিটির ব্যাপারে আমার একটা প্রস্তাব আছে, এই যে আমাদের মহিলা কমিশন যেটা আছে যেহেতু মহিলাদের ইউনিভার্সিটি এখানে হচ্ছে এই

ইউনিভার্সিটির যে কমিটি আছে সেই কমিটিতে হয় কোর্টের কিংবা এক্সকিউটিভ কাউন্সিলের কোথায়ও অন্তত মহিলা কমিশনের একজন প্রতিনিধি হয় মহিলা কমিশনের চেয়ারপার্সন কি ফর্মে রাখা কিংবা তার প্রতিনিধিকে রাখা যায় কিনা সেটা আমাদের ভেবে দেখা উচিত বলে আমি মনে করি। এইরকম ভাবে আমরা যদি করতে পারি তাহলে যে এর গঠন, পরিচালনার ক্ষেত্রে অনেকখানি সহায়তা হবে বলে আমি মনে করি। যেটা আমাদের খুব খারাপ লাগছে ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলার নির্বাচনের ব্যাপারে সার্চ কমিটি বলেছে আমাদের আপত্তি নেই কিন্তু সার্চ কমিটির দুইজনই হচ্ছে গর্ভমেন্টের। যখন আমরা বলছি গর্ভমেন্টের হস্তক্ষেপ কমাতে হবে তখন হস্তক্ষেপ বাড়াবার সব ব্যবস্থা করে দিচ্ছি।

আর সবচেয়ে লজ্জাকর ঘটনা যেটা একজন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ভাইস চ্যান্সেলার তাকে তাড়িয়ে দেওয়া হবে তারজন্য এমন কতকগুলো অজুহাত দেখানো হয়েছে যেটা মারাত্মক। এই জিনিস মধ্যযুগীয় চিন্তাধারা। কোন রাজনীতির সঙ্গে যুক্ত থাকলে বাদ, কোন রাজনীতির কোন কাজের সঙ্গে যুক্ত থাকলে বাদ। শুধু তাই নয় যদি মনে করেন যে ভাইস চ্যান্সেলার আমার মনের মত হচ্ছে না বাদ চলে যাবে উইদাউট এনি নোটিশ। এটা হচ্ছে একেবারে মধ্যযুগীয় বর্বরতা, এটা কাম্য হতে পারে না। একজন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের উপরে এই ধরনের আচরণ হতে পারে না। আর সবচেয়ে বড় কথা হচ্ছে এই যে উদ্যোগ নেওয়া হচ্ছে এটা ঠিকই। একজন বন্ধু আমাদের বলছিলেন এই উদ্যোগ নেওয়া হচ্ছে ঠিকই কিন্তু এই উদ্যোগ নেওয়ার পরে কি হচ্ছে সেটা দেখা হচ্ছে না। আমাদের গভর্ণমেন্টের সিদ্ধান্ত হয়েছে এইরকম যে, শুধু কেটা উদ্বোধন করে দাও, শিলান্যাস করে দাও, পরে কি হল দেখার দরকার নেই। আজকে ইউনিভার্সিটির কলেজগুলোর দিকে তাকিয়ে দেখুন। সকালে একটা প্রশ্ন ছিল - ৭টি কলেজ আছে পশ্চিমবাংলায় যার জন্ম হয়েছিল দু বছর আগে, দু বছর ধরে একটা টিচার নেওয়া হয় নি। একটা নয়া পয়সাও দেওয়া হয় নি। একটা কলেজ যে এক বছর চালাতে কত টাকা লাগে, কি পরিশ্রম করে জোগাড় করতে হয় পার্থবাবু নিজে করেছেন কিনা জানি না, কিন্তু আমরা করেছি। জানি হাড়ে হাড়ে কি অবস্থা হয়। সাতটি কলেজ আছে তাতে একটা টিচার নেই। দু বছরে নেই। সারা পশ্চিমবঙ্গে হাজার হাজার কলেজের শিক্ষকের পদ শূন্য আছে। ইউনিভার্সিটিতেও শিক্ষকের পদ পূরণ হচ্ছে না। ইউনিভার্সিটিতে শিক্ষক নিয়োগ হচ্ছে না, কলেজে শিক্ষক নিয়োগ হচ্ছে না। স্কুলে হোত তাও আবার বন্ধ হয়ে আছে গোলমালে, কে জানে হবে কিনা। প্রাইমারিতে শুনছি নাকি বাংলা হবে জানি না কি হবে। এই দু বছরের মধ্যে কোন শিক্ষক নিয়োগ হয় নি - না প্রাইমারি, না সেকেন্ডারি, না কলেজ না বিশ্ববিদ্যালয় কোথাও নিয়োগ হয় নি। আমি বলি কি নতুন ইউনিভার্সিটি একটা কেন আপনারা পাঁচটা করুন। আমরা চাই যে কটা আছে সে কটাকে বাঁচিয়ে রাখুন। ওটা বামফ্রন্ট করেছে বলে মরে যাক বললে তো হবে না। ওগুলোকে বাঁচিয়ে রাখার দায়িত্ব তো আপনাদেরই। আরেকটা যেটা প্রস্তাব এসেছে সেটা ঠিক যে, ডায়মন্ডহারবারে মহিলা বিশ্ববিদ্যালয় হোক আমরা চাই। আমরা আন্তরিকভাবে সাহায্য করবো। তারসঙ্গে আমার একটা আবেদন ছিল যে, মুর্শিদাবাদ জেলায় কে এন কলেজ যে অবস্থায় আছে, এটি ক্যালকাটা ইউনিভার্সিটির আগে জন্মলাভ হয়েছিল। ঐতিহাসিক এই কলেজে মাস্টারদা সূর্য সেন-রা পড়েছেন। যা ক্যালকাটা ইউনিভার্সিটির আগে জন্ম হয়ে আছে। যেখানে সমস্ত

পরিকাঠামো হয়ে আছে সেটাকে একটা বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার মত সব সুযোগ আছে। কাল থেকেই শুরু করা যায়। এই বিষয়ে ভাবার দরকার। আমি তাই আবেদন করছি এবং আবার বলছি এই ব্যাপারে আমরা যে প্রস্তাব দিয়েছিলাম মাননীয় মন্ত্রীর কাছে বলবো আপনাদের মনে আছে জি টি এ বিল যখন এখানে পাশ হয় তখন সরকার পক্ষ বিল আনার পরে ৫৬টি সংশোধনী এনেছিল। তা থেকেই বুঝতে পারা যায় আপনারা বিলকে কি ভাবে দেখেন। এইজন্য আমার অনুরোধ, আবেদন এইরকম একটা গুরুত্বপূর্ণ বিলকে ভালোভাবে দেখুন এবং সবার মত নিয়ে ঠিক হোক এই আবেদন জানিয়ে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মদন মিত্র : মাননীয় চেয়ারম্যান আমি হাউসে এখন রয়েছি এবং আমার সামনেই একটি প্রস্তাব এসেছে আলোচনার যেটি মাননীয় সদস্য আনিসুর রহমান এই বিধানসভার অনেকদিনের পুরনো সদস্য, তিনি এনেছেন। আমি আপনার মাধ্যমে সভাকে জানাতে চাইছি সেটা হচ্ছে যে, প্রথমত আজকের আলোচনাটা হচ্ছে মহিলা বিশ্ববিদ্যালয় নিয়ে। তারমধ্যে তিনি কি করে পুরুষদের ফুটবল ঢুকিয়ে ফেললেন এটা আমি বুঝতে পারিনি। আসলে ওখানে তো পড়াশুনো হবে, ওখানে পুরুষদের ফুটবল হবে না। যাইহোক আর দ্বিতীয়ত আপনাকে জানাই আমি কোন টিকিট তৃণমূল কংগ্রেসের বলে এইরকম করে কখনো পাঠাই না। রাইটার্সে কোন বিধায়ক বিভিন্ন কাজে যান, তারা যদি কখনো কেউ এসে, শুধু বিধায়ক নন, যে কোন লোকই খেলা ভালবাসেন, খেলা ভালবাসার কোন ক্ল্যারিটি হতে পারে না। কেউ যদি গিয়ে বলেন আমাকে একটা টিকিট দিন, আমাকে দুটো টিকিট দিন। যদি আপনিও আসেন ভবিষ্যতে আপনাকেও নিশ্চয় দেবো। কিন্তু তৃণমূলের কোটা করে কিছু পাঠাই না। আপনার সম্পূর্ণ ভুল ধারণা আছে।

[2.40–2.50 p.m.]

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি বিনীতভাবে একটা কথা বলছি। আপনাদের কোন অপমান করার জন্য বলিনি। আমি যে ঘটনা শুনলাম, সেদিন আমাদের কমিটি - অল পার্টির মিটিং ছিল। সেখানে শোভনদেববাবু বললেন যে আপনাদের জন্য কয়েকখানা কার্ড রাখা আছে, আপনি নিয়ে যান। তারপর আমি ওঘরে গেলাম। গিয়ে আমি শুনলাম যে কখানা কার্ড, না ত্রিশ খানা। আমি ত্রিশ খানা কাকে দেব? আমাদের ৬১ জন এম.এল.এ। উনি বললেন যে যতগুলো তৃণমূলের এম.এল.এ ছিল, ততসংখ্যায় কার্ড পাঠানো হয়েছে। আমি লজ্জায় পড়ে গিয়ে বাধ্য হয়ে কিছু কার্ড কেটে নিয়ে ভাগ করে আপনাদের ত্রিশখানা এবং কংগ্রেসকে কুড়িখানা দিয়েছি। তাহলে এর থেকে অপরাধ কি হতে পারে? এটা সত্যি করে বলুন। আমি কি মিথ্যা কথা বলেছি নাকি?

ড. আশীষ ব্যানার্জী : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী ব্রাত্য বসু যে ডায়মন্ড হারবার উইমেনস্ ইউনিভার্সিটি বিল, ২০১২ এনেছেন বা পেশ করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। স্যার, আমি শুরু করার আগে দু'একটি কথা মাননীয় প্রবোধ সিনহা এবং আনিসুর রহমান যেটা বলেছেন, সেই বিষয়ে একটু দৃষ্টি আকর্ষণ করছি। বললেন যে এই বিশ্ববিদ্যালয় স্থাপন করতে গিয়ে কিছু কিছু ত্রুটি আছে। আগামী বাজেটে টাকার প্রভিশান রাখা হবে, এটা নিশ্চয় পড়ে দেখেছেন যে বুদ্ধিমান লোক এবং আমাদের মাননীয় অধ্যাপক প্রবোধ সিনহা। এখানে একটা বিষয় বলেছেন

যে রেকারিং এক্সপেনডিচার, এই রেকারিং এক্সপেনডিচারের ক্ষেত্রে বলেছেন। আর নন রেকারিং এক্সপেনডিচার কোথা থেকে হবে সেটা ফিনান্সিয়াল মেমোরান্ডামে স্পষ্ট হলেও লিখে দিয়েছেন। নিশ্চয় আপনারা এটা অনুধাবন করবেন। এছাড়া আর একটা বিষয় - আমাদের সোহরাব সাহেব - আমার মনে হয় একটু বর্ণ বিপর্যয় ঘটে গেছে। একটা কথা - সিধু কানু বরিষা বলে ফেলেছিলেন। ওটা আমার মনে হয় যে একটু সংশোধন করে নেওয়া দরকার। ওটা বিরসা, ওটা আপনার তাড়াহুড়োতে বর্ণ বিপর্যয় ঘটে গেছে। কারণ আপনাদের দুটো কণ্ঠস্বর কিন্তু বক্তব্য এক। সি.পি.এমের কণ্ঠস্বর আর আপনাদের কণ্ঠস্বর একই হয়ে গেছে। মানে বক্তব্যটা কেবল ওখানে আলাদা আলাদা। মাননীয় চেয়ারম্যান স্যার, নারী শিক্ষার প্রগতি ঘটাতেই যে এই বিল এই কথা বলার অপেক্ষা রাখে না। এর আগে রাজ্যে নারী শিক্ষার জন্য স্কুল হয়েছে, কলেজ হয়েছে কিন্তু স্বাধীনতার পূর্বেও যেমন হয়নি, স্বাধীনতার পরেও তেমনি হয়নি। বিশেষ করে নারীদের উন্নয়নের জন্য চোখের জলে - কুম্ভীরাশ্রু বিসর্জন করে। ৩৪ বছরের শাসন থেকে শাসনে থেকে ছিলেন, গেঞ্জি ভিজিয়ে ফেলেছিলেন। তারাও নারী শিক্ষার উন্নয়নে বিশ্ববিদ্যালয় গড়ে তোলেননি। তাই মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন মা মাটি মানুষের সরকার দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবারে শুধুমাত্র নারীদের জন্য বিশ্ববিদ্যালয় চালু করার যে উদ্যোগ গ্রহণ করলেন, রাজ্যের মানুষ তাকে শুধু স্বাগত জানাচ্ছেন না, এই ঐতিহাসিক ঘটনার সাক্ষী হয়ে থাকছেন। তাই আজকের দিনটা ২০১২ সালের ১০ই ডিসেম্বর আমরা বলবো যে এটা red letter day হিসাবে চিহ্নিত করা থাক। রবীন্দ্রনাথ বহুকাল আগে লিখে গিয়েছিলেন যে নারীর স্বাধিকার প্রতিষ্ঠার কথা। আর তার বহুকাল পরে অন্য কেউ নন, এক মহীয়সী নারী মমতা ব্যানার্জী সেই নারী শক্তিকে প্রোজ্জ্বল করে তোলার জন্য রবীন্দ্র বাণী প্রতিধ্বনিত করে বললেন "নারীকে আপন ভাগ্য জয় করিবার কেন নাহি দিবে অধিকার, হে বিধাতা নত করি মাথা পথপ্রান্তে কেন রব জাগি, ক্লান্ত ধৈর্য্য প্রত্যাশার পূরণের লাগি দৈবাগত দিনে"। তাই এই বিশ্ববিদ্যালয় গঠনের উদ্যোগ অন্য কিছু নয়। এই উইমেনস্ ইউনিভার্সিটি গঠনের উদ্দেশ্য কি? উদ্দেশ্য হল to promote the advancement and dissemination of knowledge and learning and the extension of higher education among women ইত্যাদি, অর্থাৎ জ্ঞান ও শিক্ষার উৎকর্ষকে উন্নীত করা এবং তার বিস্তার ঘটানো এবং উচ্চশিক্ষাকে নারীদের মধ্যে প্রসারিত করা। নারীদের মধ্যে গবেষণার সুযোগ বৃদ্ধি করা। এই বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের জন্য দেশের ভিতরে এবং বাইরে বিশ্ববিদ্যালয়গুলির সঙ্গে সংযোগ স্থাপন করা।

সর্বোপরি উচ্চ শিক্ষার মানোন্নয়নের দিকে তাকিয়ে এই বিল প্রণয়ন করা হয়েছে। এছাড়া অন্যান্য বিশ্ববিদ্যালয়ে যে আইন প্রণয়ন করা হয়েছে এই বিশ্ববিদ্যালয়টিতে সেইসব সুযোগ থাকবে। অন্য বিশ্ববিদ্যালয়গুলিতে ভাইস চ্যান্সেলারের যে যোগ্যতা প্রয়োজন এই বিশ্ববিদ্যালয়ে তার ব্যাতিক্রম ঘটেনি। আমি বলতে চাইছি যে এই বিশ্ববিদ্যালয়টিও সমমর্যাদা সম্পন্ন বিশ্ববিদ্যালয়ে গড়বার লক্ষেই এই বিল মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এনেছেন। এখানে ভাইস চ্যান্সেলার কে হবেন? তিনি distinguished academician হবেন। আপনাদের আমলে নিশ্চই স্মরণ থাকবে আনিসুর সাহেব যে, একদিনও বিশ্ববিদ্যালয়ে পড়াননি কিন্তু ঝান্ডা নিয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

হয়ে গেলেন। ভাইস চ্যান্সেলার নির্বাচন পদ্ধতিতেও স্বচ্ছতা রাখা হয়েছে। নির্বাচন করবেন একটা সার্চ কমিটি। যেখানে চ্যান্সেলার তথা আচার্যের প্রতিনিধি এই কমিটির প্রধান হবে। রাজ্যসরকারের একজন প্রতিনিধি থাকবে এবং কোর্টের একজন প্রতিনিধি থাকবেন। এই ব্যক্তি হবেন কারা? এখানে সরকার খামতি রাখেনি। এই সদস্যরা shall be persons of eminence in the sphere of higher education অর্থাৎ উচ্চ শিক্ষার জগতে এরাও man of distinction। এরাও খ্যাতি সম্পন্ন, আলিমুদ্দিনের বার্তাবাহক থাকবেন না। স্যার, এই প্রসঙ্গে বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের একটি উদ্ধৃতি দিচ্ছি। তিনি বলছিলেন যে, The future of India lies in its girls. The development of its girls education system on proper lines is therefore a question of permanent importance. এটা তিনি লিখেছিলেন ১৯৩১ সালের ৫ই মার্চ। কিন্তু দুর্ভাগ্যের বিষয় সমগ্র ভারতবর্ষে এই নারীদের উচ্চ শিক্ষার ক্ষেত্রটিকে একান্তভাবে ভাবা হয়নি। তাদের সুযোগে কোন ব্যাপ্তি ঘটানো হয়নি। ভাবুনতো কেন আজকে বিলকে ঐতিহাসিক বিল বলছি। সারা ভারতবর্ষে মাত্র ছয়টা women's university রয়েছে। UGC-র রেকগনাইসড ইউনিভার্সিটি কটা? এক : women's unibersity, Bijapur, দুই : Smt Nathibai Damodar Thackersey Women's University, Mumbai, তিন : Mother Teresa Women's University, kodaikanal-624। আর UGC প্রাইভেট ইউনিভার্সিটি কোথায় আছে? চার : Jyoti Vidyapeeth Womens University Vedant Gyan Valley Village jharna Matpala, jaipur. পাঁচ : Demmed University সেটি হল Avinashhilingam Insititute for Home Science & Higher Education for Women আর State Unitersity রয়েছে কর্ণাটকের বীজাপুরে। তারনামKarnataka State Women University, Bijapur-586 এই ছয়টার পর নতুন ইতিহাস গড়লেন মমতা ব্যানার্জী, নাম Diamond Harbour Women's University। তাই এই বিল শুধুমাত্র এই রাজ্যের একটা উন্নয়নের সোপান গড়ছে না, সারা ভারতবর্ষের মানুষের কাছে একটা নতুন দিগন্ উন্মোচন করছে এবং একটা নতুন বার্তা দিচ্ছে। এটাতো সকলেই স্বীকার করবেন। এই ২০১২ সালে চার-চারটি বিশ্ববিদ্যালয় গড়ে উঠল মমতা ব্যানার্জীর উদ্যোগে। মনে আছে নিশ্চয়, মনে না থাকলে মানতেই হবে জেগে ঘুমাচ্ছেন। আর জাগানো যাবে না আপনাদের। আসানসোলে কাজি নজরুল ইসলাম নামাঙ্কিত বিশ্ববিদ্যালয়, কোচবিহারের পঞ্চানন বর্মা নামাঙ্কিত বিশ্ববিদ্যালয়, টেকনো ইন্ডিয়ার বিশ্ববিদ্যালয় এবং শত্রুর মুখে ছাই দিয়ে এবং powder-ওয়ালাদের চক্ষুশূল ঘটিয়ে নারী কল্যাণে সদর্থক ভূমিকা গ্রহণ করে এই Wonen's University গড়ে উঠল। আমি বিরোধী বন্ধুদের বলব ছিদ্রান্বেশ্বনটি আপনাদের সহজাত। কিন্তু spate-কে spate বলতে শিখুন। সত্যকে স্বীকার করতে শিখুন। কল্যাণকর কাজে সমর্থন করতে না পারুন চুপচাপ থাকুন। আবার আপনারা সমর্থন করলেও ভয় লাগবে।

[2.50–3.00 p.m.]

যে, তাহলে আবার কোথাও আমাদেরকে খুঁটিয়ে দেখতে হবে কি গন্ডগোল হল। ভাবুন তো এই বাংলায় নারীদের অবদানের কথা। কিন্তু আপনারা ভাবলেন না স্বতন্ত্র্যভাবে, একান্তভাবে

তাদের উচ্চশিক্ষার প্রতিষ্ঠান গড়ে তোলার কথা। এই সরকার ভাবলেন, ভাবলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। ভুলে গেলেন এই বাংলায় রাণী সারমনির কথা। যিনি ব্রিটিশদের সঙ্গে সরাসরি লড়াই করলেন ; রাজসুন্দরী দাসী, আধুনিক বাংলার প্রথম মহিলা লেখিকা। ফার্স্ট ওমেন ন্যাশানালিস্ট সরলা দেবী। অমলা দাস প্রথম নারী যিনি গ্রামোফোনে গান রেকর্ড করালেন। রমা চৌধুরী যিনি প্রথম মহিয়সী বাঙালী নারী, যিনি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হলেন। বাসন্তী দেবী, চিত্তরঞ্জন দাসের সহধর্মিনী। দেশবন্ধু জেলে, তিনি বেরিয়ে এলেন, তিনি দায়িত্ব নিলেন বাংলা কথার সম্পাদনায়। প্রবোধা সুন্দরী প্রথম স্টার থিয়েটারে যোগ দিলেন, নাটক করলেন চৈতন্যলীলা-গিরীশ চন্দ্র ঘোষের। আর ভগিনী নিবেদিতার কথা আমরা কে না জানি। চন্দ্রমুখী বসু, কোলকাতা বিশ্ব বিদ্যালয়ের প্রথম মহিলা এম.এল.এ। নির্মল বালা সোম, ভারতীয় মহিলাদের মধ্যে প্রথম ডবল এম.এ ১৮৭৩ খ্রিস্টাব্দে। মেয়েদের উচ্চশিক্ষার কাজে তিনি আত্ম নিয়োগ করেছিলেন। ইন্দিরা দেবী চৌধুরাণীর কথা আমরা জানি। যিনি বিশ্বভারতীয়র অস্থায়ি উপচার্যের দায়িত্ব পালন করলেন। আর নূরন্নেষা খাতুন, বিদ্যা বিনোদিনী সোহরাব দা'র দেশের লোক - মুর্শিদাবাদের মেয়ে, যিনি মৃত্যুর পর বাড়ি বিক্রির টাকা একটি বিশ্ববিদ্যালয়ে দরিদ্র ছাত্র-ছাত্রীদের বৃত্তি দেওয়ার জন্য দান করে যান। আরও বলা যায়। এতো সব দেখেও, জেনেও ৩৫ বছরে ১২ হাজার ৭৭৫ দিনেও সময় পেলেন না, ভাবতে পারলেন না যে নারীদের জন্য একটি বিশ্ববিদ্যালয় করা দরকার। তাই আমি বলব আবার বেগম রোকেয়া শাখাওয়াত হোসেনের একটি কথা বলব, আমাদের জন্য স্বতন্ত্র্য বিশ্ববিদ্যালয় হওয়া এবং পরীক্ষার স্থিরক হওয়া কি অসম্ভব? সেই প্রশ্ন পূরণ করেন মমতা ব্যানার্জী। আমি তাই বলব যে আপনারা ভাবুন যে, নারী শিক্ষার অগ্রগতিতে যিনি সহায়তা করছেন, নারী শিক্ষার অগ্রগতিতে যিনি ইন্ধন যোগাচ্ছেন এবং নারী শক্তিকে আত্ম-মর্যাদার উন্নীত করবার জন্য যিনি এগিয়ে যাচ্ছেন, তার অবদানকে অস্বীকার করা বাতুলতা মাত্র। শ্রীমতী লীলা মিত্রের কাছ থেকে একবার রবীন্দ্রনাথ একটা চিঠি পেয়ে তার আলোচনা করতে গিয়ে লিখেছিলেন যে, একদল লোক বলেন স্ত্রী শিক্ষার প্রয়োজন নাই। কারণ স্ত্রীলোক শিক্ষিত হইলে পুরুষদের সঙ্গে নানা বিষয়ে, নানা অসুবিধা। শিক্ষিতা স্ত্রী স্বামীকে দেবতা বলিয়া মনে করে না। স্বামী সেবায় তার কেবল মন থাকে না। পড়াশুনা লইয়াই সে ব্যস্ত ইত্যাদি। আবার একদল বলেন স্ত্রী শিক্ষার প্রয়োজন কমিয়াছে। কেননা আমরা পুরুষরা শিক্ষিত। আমরা যাহাদের লইয়া ঘরসংসার করিব তাহারা যদি আমাদের ভাব-চিন্তা, আশা-আকাঙ্খা বুঝিতেই না পারে তাহলে আমাদের পারিবারিক সুখের ব্যাঘাত হইবে। রবীন্দ্রনাথ বলছেন বিদ্যা যদি মনুষ্যত্ব লাভের উপায় হয় এবং বিদ্যা লাভেই যদি মানব মাত্রেই সহজাত অধিকার থাকে, তাহলে নারীদের কোন নীতির দোহাই দিয়া সে অধিকার থেকে বঞ্চিত করিতে পারে বুঝি না। আমি আনিসুর সাহেবের কথায় আসব, প্রবোধ বাবুর কথায় আসব যে, তারা বলছিলেন, ডিন নির্বাচনে, ডিন সিলেকশানে এটা নাকি স্বচ্ছতার সাথে হবে না। গণতান্ত্রিক পদ্ধতি নাকি মানা হবে না। আপনাদের আমি জিজ্ঞাসা করি, এই ডিন সিলেকশানে থাকবেন কে? থাকবেন চ্যান্সেলারের নমিনি। চ্যান্সেলারের নমিনি কে হবেন? যিনি বলছেন যে, আদার দ্যান দি কনসাল্ট ইউনিভার্সিটি - একজন ভাইস চ্যান্সেলার হবেন এবং সেই ভাইস চ্যান্সেলারই হেড অফ দি কমিটি হবেন। দ্বিতীয় হচ্ছে who shall be an eminent academician and who is not related with the concerned University in any manner ; আপনাদের আপত্তি রয়েছে। আপনাদের আপত্তি হচ্ছে

কোথায়? না, স্টেট গভর্নমেন্টের নমিনি থাকাটায় আপত্তি এবং বলছেন যে, সেটা নাকি গণতান্ত্রিক হবে না। আমি আপনাদের জিজ্ঞাসা করি যে, অগণতান্ত্রিকভাবে সরকারটা প্রতিষ্ঠিত হয়েছে? সরকার কার দ্বারা নির্বাচিত? সরকারের এই প্রতিনিধি কারা এসছেন? আপনি কার দ্বারা নির্বাচিত? দি গভর্নমেন্ট যদি জনগণই ঠিক করে দেন যে এরা গভর্নমেন্ট চালাবেন তাদের প্রতিনিধি যদি থাকে, তাহলে সেটা গণতান্ত্রিক পদ্ধতি হচ্ছে না? আপনারা আপনাদের বিলগুলো খুঁজে দেখুন, আমিও তো ১০ বছর ধরে আছি এখানে। আমি ও তো দেখেছি, আপনাদের স্টেট গভর্নমেন্টের নমিনি দিনের পর দিন এমনকি কোন অবস্থাতে গণতান্ত্রিক পদ্ধতিকে আপনারা মানেননি।

কোন জায়গায় মানেননি। সমস্ত জায়গায় জোর জুলুম শুধু নয়, আপনাদের সরকারের প্রতিনিধিত্ব চাপিয়ে দিয়ে প্রত্যেকটা জায়গাতে করেছিলেন। কোথায় বলুন না, কোন বিশ্ববিদ্যালয়ে ভাইস চানন্সিলার আপনারা নির্বাচন করেছিলেন যিনি আপনার দলের পতাকা নেননি? কোন জায়গায় আপনারা হেডমাস্টারকে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন আপনারা পার্টির লোক নয়? কোন জায়গায় আপনি শিক্ষক নিয়োগ করেছেন, যে শিক্ষক নিয়োগ আপনারা করেননি? আপনি বলুন না একটা বিশ্ববিদ্যালয়ের একটা অধ্যাপক আপনি দেখাতে পারবেন, শুধু তাই নয় যারা অন্য কোনো দলের ছিলেন, এযুগে একটি পদে থাকার জন্য, বার বার অভিযোগ পাচ্ছি যে একটা দলের হয়ে, দলে তাদের আনুগত্য ছিল বলে সেই ব্যক্তিকে আপনারা কোনো দিন অ্যাসিস্টেন্ট প্রফেসর থেকে অ্যাসোসিয়েট প্রফেসর করতে চাননি, করেননি। প্রত্যেকটা জায়গায়, প্রত্যেকটা বিশ্ববিদ্যালয়ে প্রিন্সিপাল কিভাবে অ্যাপয়েন্টমেন্ট করেছিলেন? সেই প্রিন্সিপালগুলোর কীর্তিকাহিনী, আমি তো ব্রাত্য বসুকে বলব, আমি তো মাননীয় শিক্ষামন্ত্রীকে বলব যে সমস্ত কলেজগুলিতে এনকয়ারি করেছেন ডি পি আই, একটি কলেজে গেলাম, সেই কলেজে সরকার ৬৫ লক্ষ টাকা দিয়েছে, ১২৮ টা পিলার তুলেছে, নতুন কলেজ, একখানা ঘর হয়নি। আপনারা খুলে দিয়েছিলেন। আপনারা ইনফ্রাস্টাকচারের কথা বলছেন! একটা ঘর হয়নি এখনও। যান, আমি নাম করে বলে দিচ্ছি 'লোকপাড়া' কলেজ। আপনি যান লোকপাড়া কলেজে, ওখানে টিচার ইনচার্জ প্রিন্সিপালের স্ট্যাম্প মারছেন। কারণ হচ্ছে তিনি আপনাদের বশংবদ। আপনার ভাইস চানন্সিলার টিকিটে দাঁড়িয়েছিলেন, সে তো সবাই জানে। ভারতী মুখার্জী থেকে শুরু করে, শুভঙ্কর চক্রবর্তী থেকে শুরু করে এরা তো করেছিলেন। আমি আপনাদের শুধু একটা কথা বলব যে এই ধরণের বিষয়গুলোতে, শিক্ষার ক্ষেত্রে তাই আপনাদের কোন কথা না বলাই ভালো। যত কম বলেন তত আপনাদের পক্ষে ভালো। কারণ শিক্ষার ক্ষেত্রে যে অধোগমনটা এনে দিয়েছেন, মমতা বন্দ্যোপাধ্যায় নারী শিক্ষার প্রগতিতে যে বিশ্ববিদ্যালয় গঠন করলেন তা শুধু ঐতিহাসিক নয়, তা বৈপ্লবিক এবং আমরা মনে করি যে এই বিশ্ববিদ্যালয়ের মধ্যে দিয়ে পশ্চিমবাংলা ভারতবর্ষকে পথ দেখাবে। কারণ ভারতবর্ষে মাত্র ৬টা মহিলা বিশ্ববিদ্যালয় আছে। আর সেভেন্থ উইমেনস্ ইউনিভার্সিটি হচ্ছে এই পশ্চিমবঙ্গে। এতগুলো রাজ্যের মধ্যে এই পশ্চিমবঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায় যা করলেন তা ইতিহাসে সাক্ষ্য হয়ে থাকল। তাই এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং আপনাদের মুখ আরো পুড়ুক, আরো পুড়বে এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি প্রথমে বলতে চাই যে বিল এখানে

আনা হয়েছে 'দি ডায়মন্ড হারবার উইমেনস্ ইউনিভার্সিটি বিল, ২০১২', এই বিলের উদ্দেশ্য ইত্যাদি বলা হয়েছে আমি তারসঙ্গে সহমত পোষণ করি, আমি তার বিরোধিতার জন্য এখানে দাঁড়াইনি। কিন্তু আমাদের দেখতে হবে যে উদ্দেশ্যের কথা বলা হচ্ছে, যে লক্ষ্যের কথা বলা হচ্ছে সেটা যত মহৎ হোক না কেন, সেটা যত নতুন হোক না কেন, সেটা বাস্তাবায়িত করা যায় এবং বিলটা সেই লক্ষের সঙ্গে সঙ্গতিপূর্ণ হয়। নারী শিক্ষার প্রয়োজন সম্পর্কে এখানে বিষদ আলোচনার কোন অবকাশ আছে বলে আমার মনে হয় না। আমার মনে হয় কেউ এখানে নেই সরকার পক্ষে বা বিরোধী পক্ষে, যারা নারী শিক্ষা প্রসারে বিরোধী হবে। বাংলার একটা ঐতিহ্য আছে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সময় থেকে।

[3.00–3.10 p.m.]

আর, এটা দুর্ভাগ্যের বিষয় যে, আমাদের দেশ পৃথিবীর অল্প কয়েকটা দেশের মধ্যে অন্যতম যেখানে বলা হয় নারী ও পুরুষের মধ্যে শিক্ষার যে বৈষম্য আছে, gender gap in literacy, সেটা এখনও উদ্বেগজনক। বেশীরভাগ দেশেই এটা নেই। আমাদের দেশে এই অবস্থার মধ্যেও কয়েকটা রাজ্য এগিয়েছে, তাদের gender gap in literacy নেই, সেখানে সাক্ষরতায় মহিলারা পুরুষদের চেয়েও এগিয়েছে। পশ্চিমবঙ্গে আমরা সেই দাবী করতে পারি না। কিন্তু আমি বিনীত ভাবে আপনাদের বলতে পারি যে, যারা ৩৪ বছর ইত্যাদি বলছেন—আমরা সামান্য কিছু চেষ্টা করেছিলাম। বিরাট সাফল্য তা কিছু না। কিন্তু বিনীত ভাবে নিশ্চয় মনে করিয়ে দিতে পারি যে, আশির দশকের শুরুতে আমরা primary enrolment এ পুরস্কার পেয়েছিলাম, কারণ primary enrolment এ ছাত্রীদের সংখ্যা ছাত্রদের সংখ্যাকে ছাড়িয়ে গিয়েছিল, আমরা কেন্দ্রীয় সরকারের দ্বারা পুরস্কৃত হয়েছিলাম। আমরা যখন ছাড়লাম, যখন এই সরকার এল, তার আগে যে উচ্চ মাধ্যমিক পরীক্ষা হয়েছিল, সেই উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পরীক্ষার্থীদের মধ্যে ছাত্রদের থেকে ছাত্রীদের সংখ্যা বেশী ছিল। এটা অগ্রগতি - primary enrolment থেকে দ্বাদশ, ১০ প্লাস ২ পর্যন্ত। তারপরে উচ্চ শিক্ষা, ইউনিভার্সিটি, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা। না, ওটা আমরা করতে পারিনি, আপনি করছেন, সাধু উদ্যোগ, বিরোধিতা করার কিছু নেই। কিন্তু বারবার কেন আমরা বলছি, কেন ডিভিসন চাইলাম? যাহোক সেসব বলেছেন আমাদের সদস্যরা, সেসব কথায় আর যাচ্ছি না। মাননীয় স্পীকার এখানে আসবেন কিনা জানি না, কিন্তু এখনও মনে করি সময় আছে, ওটা তো ডিভিসন হয়ে গেছে, কিন্তু মাননীয় স্পীকার যেটা পারেন, সরকার ইচ্ছা করলে এখনও করতে পারেন, অতীতে বহুবার হাউসে হয়েছে- ডিবেটের পর স্ট্যান্ডিং কমিটিতে পাঠানো এবং দেড় মাস সময় দাও এর পরের হাউস যখন হবে - আপনি ডেকেছেন ফিনান্সিয়াল মেমোরান্ডামে, টাকা আসছে বাজেটে, প্রভিসন করেছেন। সুতরাং মার্চের মধ্যে আপনি টাকা পাবেন, অন্যান্য প্রস্তুতি আপনি সব নিতে পারেন কিন্তু এই বিলটা ঠিক মতো ড্রাফটেড হওয়া দরকার, ওখানে কিছু সংযোজন, সংশোধন দরকার, সেটার জন্য আমরা যথেষ্ট সময় পাইনি, কিন্তু প্রাথমিক ভাবে দেখে কিছু সংশোধনী দিয়েছি, যেগুলো আমরা সমর্থন করছি। এছাড়াও কতগুলো দৃষ্টিভঙ্গীর ব্যাপার আছে, সেখানে আরও বিশদ আলোচনার প্রয়োজন, মতামত নেওয়ার প্রয়োজন আছে। নতুন কিছু করতে গেলে আমাদের সবসময় এইগুলো করতে হয়। সেইজন্য প্রথা হচ্ছে এই হাউসে, লোকসভায়, নতুন বিল যখন আসে সেটা

সিলেক্ট কমিটিতে যায়, একটা সময় দেওয়া হয় যে, এই সময়ের মধ্যে আপনাদের রিপোর্ট দিতে হবে, অনির্দিষ্ট কালের জন্য কেউ ফেলে রাখতে যেন না পারে। আমরা সেটা বলেছিলাম যে জানুয়ারী মাসের মধ্যে দেব। এখন, আমরা মুভ করি বা না করি, স্পীকার তাঁর ক্ষমতাবলেই সেটা করতে পারেন। কতগুলো বিষয় আছে যেখানে আমরা নীতিগত ভাবে বিরোধিতা করেছি। ইউনিভার্সিটি, যতগুলো আজকে এ্যামেন্ডমেন্ট করেছেন, তারপরে বিল এনেছেন ইত্যাদি, সেগুলো আমরা বারবার বলেছি, আজকেও বলেছি, সেইগুলো আমাদের নীতিগত বিরোধিতা, সেইগুলো আমরা এ্যামেন্ডমেন্ট দিয়েছি, সেইগুলোর খুব একটা পুনরাবৃত্তি করতে চাইছি না, কারণ আগে বিশদ বক্তৃতা আমি দিয়েছি, এ্যামেন্ডমেন্ট দিয়েছি, ডিভিসনও নিয়েছি তার উপর। আমরা নীতিগত ভাবে তার বিরোধী। সেটা যে কোন বিশ্ববিদ্যালয় হোক, সেই বিশ্ববিদ্যালয়ের স্বাধীকারের প্রশ্ন, সেই বিশ্ব বিদ্যালয়ের সেটা কোর্ট হোক, সেনেট হোক, সিন্ডিকেট হোক, কাউন্সিল হোক, একজিকিউটিভ্ কাউন্সিল হোক, সেখানে প্রতিনিধিত্বের প্রশ্ন, সেখানে শিক্ষক, শিক্ষা কর্মী, ছাত্র-ছাত্রী, তাদের প্রতিনিধিত্বের প্রশ্ন। কিম্বা ভাইস চ্যান্সেলর উপাচার্য্য যিনি হবেন তিনি, তাঁর ব্যাপারে যে সব শর্তাবলী দেওয়া হয়েছে সেই সব শর্তাবলীর ক্ষেত্রে আমাদের বিরোধিতার প্রশ্ন এগুলো হচ্ছে নীতিগত প্রশ্ন সেটা আমরা যে কোন বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বলেছি, এই বিশ্ববিদ্যালয়ের বেলায় যেখানে এই সব কথা বলা হয়েছে সেখানেও বলেছি। সেগুলো আমরা পুনরাবৃত্তি করতে চাইছি না। কারণ হাউসে অ্যামেন্ডমেন্ট হবে আপনি গ্রহণ করবেন, গ্রহণ করবেন না সে আমরা জানি, যা হবে হবে। আজও আমরা একই অবস্থানে অন্য বিশ্ববিদ্যালয়ের প্রশ্নে আমরা যা বলেছি এখানেও যেগুলো বলেছি সেগুলো আছে। প্রশ্নটা অন্য জায়গায়। এটা নতুন কি আপনি মহিলাদের জন্যে একটা বিশ্ববিদ্যালয় করছেন, মেয়েদের উচ্চশিক্ষার জন্য আপনি করতে চাইছেন। সেটা করতে গেলে অনেকগুলো জিনিস ভাবতে হবে। আমরা চাই যে উচ্চশিক্ষায় মেয়েদের সত্যিকারের প্রবেশাধিকার বাড়ুক এবং খালি বাড়ুক না আমাদের দেখতে হবে যে এটা দ্বিতীয় সিটিজেন না হয়ে যায়। এই ভয় থাকে। এমনভাবে আমাদের একটা প্রস্তুতি নেওয়া দরকার, ব্যবস্থাপনা করা দরকার যে এটা ডিসক্রিমিনেটেড না হয়ে যায়। ডিসক্রিমিনেশন হচ্ছে নিয়ম। সারা দুনিয়াতে, দেশে রাজ্যও তারা ব্যতিক্রম নয়। মহিলাদের প্রতি যে বৈষম্য এটা আমাদের সমাজের মধ্যে নিহিত। তার কাঠামোর মধ্যে নিহিত। পরিকাঠামোতে তা প্রতিফলিত। এই জন্যে, তাদের জন্য আমরা যখন একটা কিছু করি সেটা নানা দিক দিয়ে ডিসক্রিমিনেটেড হওয়ার সম্ভাবনা থাকে। আপনি দেখুন আপনি একটা ফিনানসিয়াল মেমোরেন্ডাম দিয়েছেন, আপনি সেই ফিনানসিয়াল মেমোরেন্ডামে বলেছেন যে ১০ কোটি টাকা, According to preliminary estimates a non-recurring expenditure of approximately Rs. 10 (ten) crores willl be required initially for the purpose of construction of buildings, purchase of furniture and other equipment, setting up of library and laboratories etc. এতগুলো জিনিস এ আপনি ১০ কোটি টাকায় করে ফেলতে পারবেন, এই ইনফ্রাস্ট্রাকচারে। তারপরে আপনি বলছেন, In addition, annual grants of about Rs. 5 (five) crores will be required for payment of salaries। মানে এটা হচ্ছে এটা যেটা রেকারি একসপেনডিচার। এই ১০ কোটি টাকা দিয়ে যদি এরকম একটা ইউনিভার্সিটি করা যায়। পাঁচ কোটি রেকারিং একসপেনডিচার

দিয়ে, তাহলে তো জেলায় জেলায় আরও দুটো করে ইউনিভার্সিটি করতে সরকারের কিছু না। কিন্তু তা হবে না। ১০ কোটি টাকায় আপনি যেটা ইউনিভার্সিটি করতে চাইছেন যদি সত্যি সত্যিই আপনাদের রাজনৈতিক সদিচ্ছা থাকে তাহলে এটা ১০ কোটি টাকা দিয়ে হবে না। এটা বুঝতেই পারেন। হোস্টেল কথাটা আপনি এখানে লেখেন নি। ডায়মন্ডহারবারে যখন আপনি ইউনিভার্সিটি করবেন আপনি বিল্ডিং লিখেছেন, লাইব্রেরী, ল্যাবরেটরি সব লিখেছেন হোস্টেল কথাটা লেখেন নি। মেয়েদের থাকার ব্যাপার খুব একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। সেটা আপনি এখানে উল্লেখ করেন নি। ১০ কোটি টাকায় আপনি কি করে করবেন? অর্থাৎ এইভাবেই অনেকগুলো ইউনিভারসিটি আমরা করলাম অথচ কোনটার কিছু যে পরিকাঠামো তা আমরা করতে পারলাম না এইরকম একটা অবস্থার শিকার এই বিশ্ববিদ্যালয়ের হওয়া উচিত নয়। আপনি অনেকগুলো লিখেছেন তার মধ্যে আমরা কিছু অ্যামেন্ডমেন্ট দিয়েছি। তারমধ্যে টেকনোলজি কথাটা আমরা যুক্ত করেছি। কি কি পাঠ্য বিষয় হওয়া উচিত। পারফরমিং আর্টস আমরা যুক্ত করেছি। অন্য বিষয় আমরা দু একটা যুক্ত করতে চেয়েছি। আপনি দেখবেন আপনি কি করবেন। কেন করছি। কারণ আমরা নারী শিক্ষার প্রসার করে কি করব? খালি কয়েকজন এম.এ, এম.এস.সি ডিগ্রি নিয়ে তারপরে হাউস ওয়াইফ হয়ে থাকবে, তার জন্য? না, আমরা চাই তাদের অর্থনৈতিকভাবে সশক্তিকরণ ক্ষমতায় এমপাওয়ারমেন্ট। এমপাওয়ারমেন্ট - অর্থাৎ এমপ্লয়মেন্ট এবং সেইসব জায়গায়, উচ্চ শিক্ষায় যে সমস্ত এমপ্লয়মেন্ট পাওয়া উচিত সেইরকম করে কি আমরা মেয়েদের তৈরী করতে পারব? কারণ ফ্যাকালটি রিকোয়ারমেন্ট কি হবে, কি কি সাবজেকট হবে, সেগুলো কোথায় পাব, সেটা কোন জায়গায় পরিবেশিত হবে। এইসব অনেক জিনিস আছে।

[3.10—3.20 p.m.]

এখানে যখন আলোচনা হচ্ছিল, তখন সরকার পক্ষের সদস্যরা যা বলেছেন, বিরোধীরাও যা বলেছেন যা এই বিলে নেই, কিন্তু তারা প্রস্তাব করেছেন। এই প্রস্তাবগুলি তো আমরা এক কথায় ফেলে দিতে পারি না। আমি মনে করি যে এতে অনেকগুলি প্রস্তাব আছে, যেগুলি ভাববার বিষয়। এগুলি চিন্তা করতে হয় এবং তাকে অন্তর্ভুক্ত করা যায়। ইতিবাচক প্রস্তাব। এই বিলে যা আছে। এইরকম মনে করার কোন কারণ নেই যে এই বিল যারা ড্রাফট করেছেন, তারাই সব জানেন। একটু নতুন বিল, একটা নতুন ব্যাপার যখন আপনি করছেন, তখন একটু ধৈর্য্য, একটু সহনশীলতা নিয়ে একটু আলোচনা করে, আর একটু মতামত নিয়ে করাটায় এত আপত্তি কিসের! এটাই আমি বুঝতে পারছি না। টেকনিক্যালি আমি তো অনেক কথাই বলতে পারি। সেগুলিতে আমি যাচ্ছি না। একটি বিলে কাকে ক্লজ বলা হয়, কাকে সাব ক্লজ বলা হয়, সেকশন কি, সাব সেকশন কি এইসব যা ড্রাফটিং হয়েছে বিলের, সেইসবের মধ্যে আমি যাচ্ছি না। তাড়াহুড়ো করলে এই রকম হয়। খুব তাড়াহুড়ো যদি করা হয় যদি চিন্তাভাবনা না করে, কি হয়, এই অভিজ্ঞতা আপনাদের যথেষ্ট হয়েছে। কেন এত তাড়াহুড়ো করতে হচ্ছে। যাইহোক এটা প্রথমে এইজন্য বললাম যে, এত রকম বিষয় এখানে ভাববার রয়েছে। যদি সত্যি আপনি যে উদ্দেশ্যের কথা লিখেছেন, এই রকম একটা বিশ্ববিদ্যালয় করতে চান, তাহলে আর একটু মাথা ঘামাতে হবে। আমি জানি না, আমি

সব বলতে পারব না। আপনি হয়ত সব জানেন। কিংবা আপনার সরকার সব জানেন। যারা ড্রাফট করেছেন তারা সব জানেন। আমার মনে হয় যেহেতু আমরা সব জানি না, সেহেতু আমাদের আরও মত বিনিময়ের এবং এই বিষয়ে যারা অভিজ্ঞ, অন্যান্য জায়গার অভিজ্ঞতা সেগুলি আমাদের আর একটু ভেবেচিন্তে করার দরকার আছে। সেগুলির ব্যবস্থা এখানে নেই। আপনি কি এটাকে একটা অ্যাফিলিয়েটিং ইউনিভার্সিটি করতে চান? মনে হচ্ছে তাই আপনি করতে চান। তিনটি ক্লজ দেখে আমি বুঝতে পারছি যে আপনি এটাকে অন্যান্য জায়গায় কোথাও কলেজ অ্যাফিলিয়েশনন করবে, কিংবা সাবজেকট অ্যাফিলিয়েশন করবে, কোন একটা নির্দিষ্ট জায়গায় এইসব করতে হবে - এটা তো গুলিয়ে যাবে উদ্দেশ্যটা। আপনি কেন এটাকে যাদবপুর কি রবীন্দ্রভারতীর মত একটা বিশেষ বিশ্ববিদ্যালয় একটা বিশেষ ক্যাম্পাসে কোন স্বনির্ভর একটা উন্নতমানের এবং বিশেষ করে আমি যেটা বলছি যে এমপাওয়ারড উইমেন সেটা তৈরী করতে পারে। এই রকম একটা দৃষ্টিভঙ্গি থেকে আপনি তা করেন নি। আপনি যেটা করেছেন সেটা আবার পাঁচটা ইউনিভার্সিটির মত। গুলিয়ে যাওয়ার সম্ভাবনা আছে। আর একটা সমস্যা ওখানে আছে। যে নাম দিয়ে দিয়েছেন। যে এটা পশ্চিমবাংলায় একটা ইউনিভার্সিটি হচ্ছে, সুতরাং পশ্চিমবঙ্গ এই নাম দিয়েই ইউনিভার্সিটি বিলটা হতে পারত। যে দ্য ওয়েস্টবেঙ্গল উইমেন ইউনিভার্সিটি, ডায়মন্ডহারবার। ডায়মন্ডহারবারে হবে তা নিয়ে আপত্তি হচ্ছে না। কিন্তু এটা রাজ্যের হচ্ছে একটা। রাজ্যের ইউনিভার্সিটি, এই ওয়ান অফ দ্য সেন্টার অফ একসেলেন্স ইন দিজ রিগার্ড। এই হিসাবে এই বিলটা রাজ্যের, এই ভাবটা তাহলে নামের মধ্যে প্রতিফলিত হত। যাইহোক আরও কতগুলি অ্যামেন্ডমেন্ট আমরা দিয়েছি। একটা তো আপনারা বড় ডেকনিক্যাল ডিফেকট করেছেন। ট্রাইবুনাল করেছেন, যেখানে যেতে পারে। তারপরে তার বিরুদ্ধে অ্যাপিলের প্রভিশন সেখানে থাকবে না, এটা হয় না। এটা কোয়াসিজুডিসিয়াল বডি নয়। এই অধিকার আপনি কেড়ে নিতে পারেন না। এটা সংবিধান সম্মত নয়। এগুলি হচ্ছে টেকনিক্যাল প্রবলেম যাতে আপনারা অসুবিধায় পড়বেন। যাইহোক আমি কথা বাড়াতে চাচ্ছি না। আমি একটা কথা বলে শেষ করতে পারি যে, এই দলবাজি ফলবাজি এইসব অনেক কথা হল, এটা ভালো লাগছে শুনতে যে মহিলাদের সম্মান সম্পর্কে আপনাদের অনেক চিন্তা, আপনারা সম্মান সম্পর্কে অনেক সচেতন। আরও অনেক কথা হবে। কিন্তু আপনি আর একটু দেখবেন ভেবে যে আমাদের ওই মাননীয় সদস্য এই হাউসের তাকে যারা ওই ইউনিভার্সিটির মধ্যে মারল কলার তুলে, তারা কারা। তারা কোন দলের, আর কোন দলকে মারছে। আমি আরেকটা কথা আপনার নিবেদন করে যেতে চাই। সেটা হচ্ছে, আপনাকে আমি পরে হয়তো বিষদে বলবো, আমার মেম্বাররাও বলেছেন - সব জেলায় যেহেতু ইউনিভার্সিটি হচ্ছে, দক্ষিণ চব্বিশ পরগনা জেলার জন্য একটি ইউনিভার্সিটির কথা আপনি ভাববেন। এই উইমেন্স ইউনিভার্সিটি দেখিয়ে দক্ষিণ চব্বিশ পরগনার সাগর, নামখানা, সুন্দরবন ইত্যাদি এলাকার ছেলে-মেয়েরা - তারা যেন বঞ্চিত না হয়, সেটা াপনি একটু ভাববেন। আর যদি পারেন, তাহলে বলবেন - 'আমি ভাববো, চিন্তা করবো, আমাদের চিন্তায় আছে, পরিকল্পনায় আছে। ধন্যবাদ।'

শ্রী ব্রাত্য বসু : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে যে ডায়মন্ডহারবার উইমেন্স্ ইউনিভার্সিটি বিল, ২০১২ - এটা আমি পেশ করেছি। এটা নিয়ে অনেক কথা শুনলাম। কিছু কাজের

কথা শুনছিলাম, পক্ষে বা বিপক্ষে নানান আলোচনা হ'ল। এই বিশ্ববিদ্যালয় - এটা ভারতবর্ষের সপ্তম, পূর্ব ভারতে প্রথম এই রকম একটা মহিলাদের জন্য বিশ্ববিদ্যালয় স্থাপিত হ'তে যাচ্ছে। এই রকম একটা পরিকল্পনার কথা আমি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছিলাম। আমি চেয়েছিলাম এইরকম একটা হোক। উনি আজকে অনুপস্থিত আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি যে, এইরকম একটা উদ্যোগ আমাদের রাজ্যে হতে চলেছে। আপাততঃ এটা একটা ইউনিটারি এবং নন্ অ্যাফিলিয়েটিং - যেটা নিয়ে অনেক কথা হচ্ছিল। সোহরব সাহেব যদি দেখেন যে, বিলে উল্লেখ আছে যে এটা একটা ইউনিটারি ইউনিভার্সিটি। পরবর্তি ক্ষেত্রে কি হ'তে পারে, যে ভাবনার কথা ডাঃ মিশ্র বললেন, পরে আমি সেই আলোচনায় আসবো। তার আগে এই বিশ্ববিদ্যালয়ে যেটা পড়ানো হবে, সেটা হচ্ছে - কলা বিভাগ, বিজ্ঞান বিভাগ এবং এডুকেশন-শিক্ষন। পরবর্তি ক্ষেত্রে আরো কি আনতে পারবো সেটা আমরা দেখছি। কিন্তু এটা কি একটা কন্টাডিকটারি ভাবনা নয় যে, একই সঙ্গে যে ১০ কোটি টাকায় ইউনিভার্সিটি কি করে হবে, সেটা নিয়ে আশঙ্কা প্রকাশ এবং সংশোধনের ক্ষেত্রে আরো কিছু বিষয় এখানে ঢোকানো হোক, আরো কিছু বিষয় পাঠ্যসূচকের অন্তর্ভূক্ত করা হোক - একই জায়গা থেকে কি করে উচ্চারিত হ'তে পারে! কিন্তু আমরা তো জানি যে, অতিরিক্ত বিষয় পড়ানো হবে, তার জন্য টিচার লাগবে, তারজন্য অতিরিক্ত শিক্ষক লাগবে, তারজন্য অতিরিক্ত অর্থ লাগবে। অর্থাৎ একই সঙ্গে ১০ কোটি টাকায় এই বিশ্ববিদ্যালয় হবে, কি করে ৫ কোটি টাকা রেকারিং কস্টে এই বিশ্ববিদ্যালয় চলবে, সেটা নিয়ে আশঙ্কা প্রকাশ করা এবং একই সঙ্গে সংশোধনী আনা যে, আরো বিষয় ঢোকানো হোক, এটার মধ্যে একটা কনট্রাডিকশন্ আছে। এটার মধ্যে একটা বৈপরিত্য আছে। আমার মনে হয়, সেটা সম্পর্কে আপনারা সচেতন হ'লে ভালো হোতো। আপনারা কিছু সংশোধনীর কথা বলেছেন। সংশোধনী- বিশেষতঃ তাড়াহুড়োর কথা বলেছেন, সেটা নিয়ে আমি পরে বলছি। একটা উদাহরণ দিলে আপনারা বুঝাতে পারবেন যে, কতগুলো ক্ষেতের আপনাদের আশঙ্কা অমূলক। যেমন, আগেরবার যখন আমরা এই ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল নিয়ে এলাম, তখন মাননীয় প্রবোধ চন্দ্র সিনহা, আনিসুর রহমান, ডাঃ মিশ্র - মাননীয় বিরোধী দলনেতা, প্রত্যেকেই আশঙ্কা প্রকাশ করেছিলেন এবং বলেছিলেন, এটা আপনারা করতে পারেন না। যে, ভি.সি. আপনারা সিলেক্ট্ করছেন, আপনারা রাজ্য সরকারের মনোনয়ন নিচ্ছেন এবং নির্দেশেই মনোনয়ন প্রত্যাহার করছেন। এটা হ'তে পারে না। এটা আপনারা কুক্ষিগত করছেন।

[3.20—3.30 p.m.]

ঘটনা হচ্ছে যে এটা আমরা করলাম এবং তার পরই UGC কিছু দিন পর - UGC কেন্দ্রীয় সংস্থা, অ-মরা না - তারা জানালেন পশ্চিমবঙ্গ নয়, ভারতবর্ষে সমস্ত বিশ্ববিদ্যালয় কোন উপাচার্য্য নিয়োগের ক্ষেত্রে আমাদের কোন নমিনী থাকবে না। আমরা চাইছি UGC জানালেন সেই রাজ্যের বক্তব্য থাকার জন্য রাজ্য সরকারের যেন মনোনীত প্রতিনিধি রাজ্য সরকার রাখে। অর্থাৎ যেটা আগে আমাদের সংশোধনীর মধ্যে দিয়ে আমরা নিয়ে এসেছিলাম, UGC পরবর্তীকালে সেটা এন্ডোর্স করলো। আমাদের চিন্তাটাকে UGC পরবর্তী ক্ষেত্রে ভারতবর্ষের সমস্ত বিশ্ববিদ্যালয়ে ইমপ্লিমেন্ট করতে বললো। সারা ভারতবর্ষে সবার কাছেই দিয়ে দিলো, হাত ধুয়ে ফেললো। এটা একেক জন এক এক রকম ভাবে দেখেন, কারোর কাছে হাতধোয়া, যেমন কিনা মাননীয় সদস্য

সুভাষ নস্করের কাছে এটা হচ্ছে শিলাস্থাপন সরকার, আর আপনাদের তাড়াহুড়ো বা ব্যস্ততা। ৩৪ বছরে একটা বিশ্ববিদ্যালয় আপনারা মহিলাদের জন্য গঠন করতে পারলেন না। আপনি প্রবাদ ভালোবাসেন, বাংলার প্রবাদ প্রায়ই আপনার কথায় উচ্চারিত হয়। আপনাদের কথা শুনে, আমার একটা বাংলা প্রবাদ মনে পড়ছে "ভাত দেওয়ার নাম নেই, কিল মারবার গোঁসাই।" ৩৪ বছর ধরে ইউনিভার্সিটি করতে পারলাম না, এখন সব সংশোধনী নিয়ে আসছেন। আমার মনে হয় আপনাদের সরকারটাকে বলা উচিত ছিল আলোচনার সরকার। আলো কম, চোনা বেশী। আলোচনার সরকারটা আলোচনাই কবে যাবো, কাজ করবো না। কেবলমাত্র আলোচনা করবো, আলোচনা করবো, করেই যাবে, কাজ করবো না। আমরা কাজ করছি, সেটা তাড়াহুড়ো হতে পারে, কিছু ব্যস্ততা হতে পারে, কিছু দ্রুততা হতে পারে। কিন্তু কাজটাতো করতে হবে। এবার ঘটনা হচ্ছে যে.... *(এ ভয়েস- শোভনদেব সম্বন্ধে বলুন)*। শোভনদেব সম্পর্কে নিশ্চয়ই বলবো। নিশ্চয়ই বলবো, আপনি উতলা হবেন না। আপনি উতলা হবেন না। এটা আর.এস.পি., সি.পি.এমের মারামারি নয়। এটা নিয়ে উতলা হবেন না আপনি। *(গোলমাল)* বলা হচ্ছে একটা প্রশ্ন উঠেছে যে জমি কার? জমি চিহ্নিত করা হয়েছে কি না? আমার মনে হয় যে - আপনিতো বক্তব্য রাখেন, আপনার বক্তব্যের সময় আপনি টাইম নিতে পারতেন, আমার কথা বলার সময় কেন বাধা দিচ্ছেন? আমি তো আপনাদের কারোর কথা বলার সময় বাধা দিই নি। এটা আপনাদের রন্ধ্রে ঢুকে গেছে অন্যদের কথা বলতে দেবেন না। এটা আপনাদের রন্ধ্রে ঢুকে গেছে অন্যদের কথা বলতে দেবেন না। আমি প্রত্যেকের কথাই শুনলাম, একটি কথাও বলি নি। একটু কথা বলতে দিন। মাননীয় স্পীকার মহাশয়, আমাকে কথা বলতে দেওয়া হোক। আমাকে কথা বলতে দেওয়া হোক। *(গোলমাল)*

মিঃ স্পীকার : প্লিজ, প্লিজ ওনাঁকে ইন্টারাপ্ট করবেন না, ওনাঁকে বলতে দিন। আপনি বলুন। আপনারা বসুন। আপনি কেন এরকম করছেন? হোয়াই আর ইউ সাউটিং? আপনি কেন এ রকম করছেন। হোয়াই ইউ আর আরগুইং অন দ্যাট? আপনি বলুন।

শ্রী ব্রাত্য বসু : জমির প্রসঙ্গ আসছিল, জমিটি আমরা চিহ্নিত করে ফেলেছি, ১৮ একর জমি, জমিটি হচ্ছে ব্লক সীড ফার্মের, কৃষি বিভাগের জমি এটা, এগ্রিকালচার ডিপার্টমেন্টের। মৌজার কথা জানতে চাইছিলেন। এই পরিমাণ আপাতত ৭ একর জমিতে আমরা কাজ শুরু করবো ১৮ একরের মধ্যে, মৌজা হচ্ছে চৌরামৌরা। জে.এল. নং - ১১১, থানা-ডায়মন্ড হারবার, জেলা - দক্ষিণ ২৪ পরগনা। *(গোলমাল)* মাননীয় বিরোধী দলনেতা এনরোলমেন্টের পয়েন্ট তুলেছেন। বলেছেন আশির দশকের গোড়ার দিকে তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে পুরষ্কার পেয়েছিলেন - আমি সত্যি জানতুম না, আমি অভিনন্দন জানাচ্ছি আপনাকে - যে আশির দশকের গোড়ায় আপনারা এনরোলমেন্টের ক্ষেত্রে একটা সাফল্য পেয়ে ছিলেন মহিলাদের এনরোলমেন্ট পুরুষদের তুলনায় বেশী ছিল। আমার কাছে একটা কাগজ আছে, কাগজ দেখেই বলছি অত শতাংশ আমার সব সময় মনে থাকে না আপার মতো। এ বছর যে এনরোলমেন্ট হয়েছে আমাদের প্রাইমারীতে, সেখানে দেখা যাচ্ছে যে মহিলাদের ক্ষেত্রে ৫০% এবং পুরুষদের ক্ষেত্রে ৪৯%। আপার প্রাইমারী মহিলাদের ক্ষেত্রে ৫১% এবং পুরুষদের ক্ষেত্রে ৪৮%। আপনি বলবেন এটা আপনাদের যে কাজ সেই কাজের পরম্পরা। তার সঙ্গে যদি তাই হয়, তাহলে আপনাদের কাছে অনুরোধ করছি আপনারা এবার কেন্দ্রীয়

সরকারকে অনুরোধ করুন যেন আমাদের দপ্তরকে যেন সেই পরম্পরা হিসাবে পুরস্কার দেওয়া হয়। এইখানের সাফল্যের ভাগ নেবেন পুরস্কার দেওয়ার বেলায় বা অনুমোদনের ক্ষেত্রে কৃপণ থাকবেন এই দ্বিচারিতা ঠিক নয়। আমার মনে হয় এটা জানান তাহলে আমার মনে হয় ভালো হবে। যে সহিষ্ণুতা যে গণতন্ত্রের কথা হচ্ছে এটা ঠিকই আছে। শোভনদেববাবুর প্রসঙ্গ উঠেছে। যদিও বিলের সঙ্গে সরাসরি সম্পর্কিত নয় তবু এটা আপনাদের জানিয়ে রাখা ভালো, ঘটনা ঘটার দিনই আমি মাননীয় উপাচার্যকে বলেছিলাম যে, এক্ষুনি, ইমিডিয়েটলি একটি শৃঙ্খলা রক্ষা কমিটি করুন। এবং যে বা যারা এই ঘটনার জন্য দায়ী রাজনৈতিক রঙ না দেখে তত্রার বিচার করুন। উপাচার্য একটি কোর শৃঙ্খলা রক্ষা কমিটি গঠন করেছেন এবং সেই কমিটি তার কাজ শুরু করে দিয়েছে এবং যথা সময়ে আপনারা সেই রিপোর্ট পাবেন। সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা দেখতে পাবেন।

(নয়েজ)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এ্যারেস্ট করা হচ্ছে না কেন? পুলিশ এ্যারেস্ট করবে না কেন?

শ্রী ব্রাত্য বসু : আমরা এ্যারেস্ট করব কি করব না ...

(তুমুল হট্টোগোল)

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয় ...(গোলমাল)... মাননীয় অধ্যক্ষ মহোদয় যদিও এটা শিক্ষা দপ্তরের বিষয় নয় তবুও আমি জানাচ্ছি ঐ এ্যারেস্টের তালিকা নিয়ে, কিন্তু যখন উপাচার্য ['অধ্যক্ষের আদেশ ক্রমে বাতিল'] কোন একটি রাজনৈতিক দলের ক্যাডাররা ইউনিভার্সিটির মধ্যে হেকেল্ড করে তখনও কেন এ্যারেস্ট করা হয়নি সে প্রসঙ্গ আমি এখানে রাখতে চাই।

(তুমুল হট্টোগোল)

কেন সেই উপাচার্যকে বাড়িতে গিয়ে ফাইল নিয়ে অফিস চালাতে হয়েছিল তারও উত্তর আমি এখানে চাই।

মিঃ স্পীকার : আমি বলছি, আমি বলছি। শুনুন ঐ পোর্শানটা বাদ যাবে। That will not go on record. ঐ পোর্শানটা যেটা উনি বললেন প্রাক্তন উপাচার্য সংক্রান্ত - that portion will not go on record. মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব -

(তুমুল হট্টোগোল)

প্লিজ, প্লিজ, আমি বলে দিয়েছি that portion will not go. I have already said. আমাকে একটু বলে নিতে দিন, আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব আপনি বিলের মধ্যে কনফাইন করুন। আপনি বিল সংক্রান্ত ব্যাপারেই বলবেন।

...(তুমুল হট্টোগোল)...

আমি এক্সপান্জ করে দিয়েছি। বলে দিয়েছি বসুন আপনারা বসুন। That will not go on record. আমি এক্সপান্জ করে দিয়েছি। বলে দিয়েছি।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় সুভাষ নস্কর যে প্রশ্নটা তুলেছেন, মাননীয় সুভাষ নস্কর যে প্রশ্নটা তুলেছেন যে, এক্সজিকিউটিভ কাউন্সিলের ক্ষেত্রে কেন 'ইন কনসালটেশান উইথ মিনিষ্টার' এই বাক্যটা ব্যবহার করেছি। 'ইন কনসালটেশান উইথ মিনিষ্টার' এই বাক্যটার ক্ষেত্রে আপনি ১৯৭৯ এর ইউনিভার্সিটি বিলের কপি দেখতে পারেন। বলতে পারেন ঐ বিলটা থেকে হুবহু তুলে এনে আমরা বসিয়েছি। অর্থাৎ যেটা আছে 'ইন কনসালটেশান উইথ মিনিষ্টার' সেটা আমাদের কোন নতুন কথা নয়। এটা বাম আমলেই এক্সজিকিউটিভ যে কাউন্সিল গঠন করা হয়েছিল সেখানে কার কংকারেন্সে গভর্ণার এটা গঠন করবেন - সেটাই ইউনিভার্সিটি কাউন্সিলের ক্ষেত্রে 'ইন কনসালটেশান উইথ মিনিষ্টার' এই কথাটা পুরানো মুসাবিদেতেই ছিল। ...(গোলমাল)... আমি তো বলছি ওটা ওখানেই ছিল। আগে আপনাদের আমলে তৈরী করা যে ইউনিভার্সিটি এ্যাক্ট সেখানে ওটা ছিল - 'ইন কনসালটেশান উইথ মিনিষ্টার'।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনার আর কত সময় লাগবে? কত মিনিট লাগবে?

শ্রী ব্রাত্য বসু : আর বেশি সময় লাগবে না।

মিঃ স্পীকার : With the consent of the House, আমি ৫ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি কারণ we are already running out of time.

[3.30—3.40 p.m.]

(... গোলমাল ...) ফলে মাননীয় সুভাষ নস্কর যেটা বলেছেন, in consultation with Minister এই কথাটা আমি সবার জ্ঞাতার্থে জানাই, এটা আমাদের কথা নয়, এটা পুরোনো কথাই। এবং এটা Executive Council গঠনের ক্ষেত্রে যে endorsementটা হবে সেটা in consulatation with Minister এই বাক্যটাই ছিল। ফলে ডিন নিয়োগের ক্ষেত্রে এই কথাটা আমার মনে হয় অপ্রাসঙ্গিক। এই কারণে অপ্রাসঙ্গিক ডিন নিয়োগের ক্ষেত্রেতো আমরা শেষবার যে amendment টা করেছি তাতে ডিন সিলেকশান কিভাবে হবে সেটা আমরা পরিষ্কার বলেছি। এই ইউনিভার্সিটিতে সেটা ফলো করা হচ্ছে। বরং মাননীয় তরুন নস্কর যেটা বলেছেন, এই প্রস্তাব আমি, আমার মনে হয় এটা খুব গুরুত্বপূর্ণ প্রস্তাব যে, বেগম রোকেয়ার নামে এই বিশ্ববিদ্যালয় যাতে করা হয় সে বিষয়টি আমরা গুরুত্বের সঙ্গে বিবেচনা করবো এবং যাতে সেটা করা হয় এই প্রস্তাবটি আমি গ্রহণ করবো। দ্বিতীয়ত, মাননীয় বিরোধী দলনেতা যেটা বলেছেন, সুন্দরবনের ক্ষেত্রে একটি বিশ্ববিদ্যালয়, সেটাও আপনাদেরকে আমি জানিয়ে রাখি যে, এটাও আমাদের ভাবনার আওতার মধ্যে আছে। সুন্দরবনের ক্ষেত্রেও আমরা একটি বিশ্ববিদ্যালয় করার কথা ভাবছি। কিন্তু আপনি তো জানেন যে, অর্থের যে অবস্থা সেই অনুযায়ী ভেবে চিন্তেই এগোতে হচ্ছে, তবে আপনি যদি আমাদের ওয়েবে যান আপনি দেখবেন যে, আমরা যে প্রস্তাবিত যে কটি বিশ্ববিদ্যালয় নতুন করতে যাচ্ছি, তারমধ্যে সুন্দরবন ইউনিভার্সিটিও আমরা করবো। আপনাদের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে এই বিল যাতে সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় তারজন্য অনুরোধ রেখে আমি আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

(Passing of the Bill)

Mr. Speaker : Now, the question before the House is that the Diamond Harbour Women's University Bill 2012, be taken into consideration. As many as are of that opinion will Please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clauses — 2 & 3

Mr. Speaker : There is no amendment to Clauses 2 & 3. Now, I put Clauses 2&3 to vote. As many as are of that opinion will Please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clauese — 4

Mr. Speaker : There is amendment (No.5) to Clause 4 moved by Shri Anisur Rahaman. So, I call upon Shri Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in Clause 4, in sub-clause (1) in line 5, after the word 'Humanities', the words 'Fine Arts', 'Technology and Performing Arts' be inserted.

Mr. Speaker : Now, the Hon'ble Minister to reply.

Shri Bratya Basu : It cannot be accepted.

Mr. Speaker : The question before the House is that the amendment moved by Shri Anisur Rahaman. As many as are of that opinion will say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it, Noes have it.

Now I put Clause-4 to vote. As many as are of that opinion will say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause 5 & 6

Mr. Speaker : There is no amendment to Clause 5 & 6. Now, I put Clauses 5&6 to vote. As many as are of that opinion will say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause —7

Mr. Speaker : There is amendment (No.6) to Clause 7 moved by Shri Anisur Rahaman. So, I call upon Shri Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that the Clause 7 be ommitted.

Mr. Speaker : Now, the Hon'ble Minister to reply.

Shri Bratya Basu : It cannot be accepted.

Mr. Speaker : The question before the House is that the amendment moved by Shri Anisur Rahaman.

Dr. Surjya Kanta Mishra : Sir, we want division on it.

Mr. Speaker : Let the bell be rang.

.....(Accordingly, Division Bell rang and thereafter Voting Slips distributed amongst the Hon'ble Members) .....

[3.40—3.50 p.m.]

Ayes being 51, Noes 118 motion is lost on Division.

Now, I put Clause 7 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 8

There is no Amendment to Clause 8. So, I put Clause 8 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 9

There is Amendment (No. 7) to Clause 9 by Shri Prabodh Chandra Sinha. Now, I call upon Shri Sinha to move his amendment.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that in Clause 9, in sub-clause (1)(c), item no. (ii) be substituted by the following :-

"(ii) a nominee of the U.G.C."

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Bratya Basu : I do not accept the Amendment made by Shri Prabodh Chandra Sinha.

Mr. Speaker : The question before the House is that the Amendment (No.7) moved by Shri Prabodh Chandra Sinha. As

many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Noes have it, Noes have it.

Clause 10 to 16

There is no Amendment to Clauses 10 to 16. So, I put Clauses 10 to 16 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 17

Mr. Speaker : There are four amendments to Clause 17 moved by Shri Subhas Naskar (Amendment Nos. 8 & 9), Shri Prabodh Chandra Sinha (Amendment No. 10) and Shri Anisur Rahaman (Amendment No. 2). First, I call upon Shri Subhas Naskar to Move both of his amendments.

Shri Subhas Naskar : Sir, I beg to move that in Clause 17, in sub-clause (1) (a), after the item (xi), the following item be added:

"(xii) the Registrar." (Amendment No. 8)

Sir, I also beg to move that in Clause 17, in sub-clause (1)(b), in item no. (xiii), in line 1, after the words "five teachers", the words "at least three from women teachers" be inserted. (Amendment No. 9)

Mr. Speaker : Now, I call upon Shri Prabodh Chandra Sinha to move his amendment.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that in Clause 17, in sub-clause (1)(b), after the item (xvii), the following item be added :

"(xviii) five teachers from Fine Arts Faculty and five teachers from Technology Faculty and two students representatives (one each from UG and PG)."

Mr. Speaker : Now, I call upon Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in Clause 17, in sub-clause (1)(b), after the item (xvii), the following three items be added :

"(xviii) Three Members of the West Bengal Legislative Assembly elected from amongst themselves by the Members of which two shall be women ;

(xix) Two regular Post-Graduate students of the University nominated by the Students Union ;

(xx) Two under-Graduates Students nominated by the Students Union of the University."

Shri Bratya Basu : Sir, I don't accept these four amendments.

Mr. Speaker : The question before the House is the amendment nos. 8 & 9 by Shri Subhas Naskar, no. 10 by Shir Prabodh Chandra Sinha and no.2 by Shri Anisur Rahaman. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Mr. Speaker : The question before the House is that **clause 17** do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clauses 18-19

Mr. Speaker : There is no amendment to clause nos. 18 & 19. The question before the House is that **clause nos. 18 & 19** do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clause 20

Mr. Speaker : There are amendment to clause 20 being amendment nos. 11, 12 & 13 by Shri Prabodh Chandra Sinha. Shri Sinha may now move his amendments.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that in clause 20, in sub-clause (1) (a), after the item (v), the following item be added :

"(vi) Chairperson of her nominee of State Women Commission."

Sir, I also beg to move that in clause 20, in sub-clause (1)(b) in item (vii), in line (1) after the words, 'three teachers', 'at least one from women teachers' be inserted, and

Sir, I also beg to move that in clause 20, in sub-clause (1)(b), after the item (x), the following item be added :

"(xi) three teachers from Fine Arts Faculty and three teachers from Technology Faculty, one representative from University Officers, one representative from Non-Teaching staff and one student representative.

Shri Bratya Basu : Sir, the amendments cannot be accepted.

Mr. Speaker : The question before the House is the amendment nos. 11, 12 & 13 by Shri Prabodh Chandra Sinha. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Mr. Speaker : The question before the House is that **clause 20** do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clause Nos.21-23

Mr. Speaker : There is no amendment to clause nos.21, 22 & 23. The question before the House is that **clause nos.21, 22 & 23** do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clause 24

Mr. Speaker : There is one amendment to clause 24 being amendment no. 14 by Shri Anisur Rahaman. Shri Rahaman may now move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in clause 24, in sub-clause (3), after the item (C), the following item be added :

"(d) Dean of each Faculty must be elected by the Professors of the concern Faculty."

Shri Bratya Basu : Sir, the amendment cannot be accepted.

Mr. Speaker : The question before the House is the amendment no.14 by Shri Anisur Rahaman. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Mr. Speaker : The question before the House is that **clause 24** do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clauses 25-26

Mr. Speaker : There is no amendment to clause nos. 25 & 26. The question before the House is that **clause nos. 25 & 26** do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clause 27

Mr. Speaker : There is a amendment to clause 27 being amendment no. 3 by Dr. Tarun Kanti Naskar. Dr. Naskar may now move his amendment.

Dr. Tarun Kanti Naskar : Sir, I beg to move that in clause 27, in sub-clause (1) for the words "in consonance with the University Grants Commission Regulations and Recruitment Rules framed by the State Government from time to time", the following be substituted :

"as follows :

(i) the nominee of the Vice-Chancellor as Chairman ;

(ii) the Dean of the Faculty Council concerned ;

(iii) a person expert in the subject not holding any office of profit under the University nominated by the Chancellor ;

(iv) two persons expert in the subject not holding any office of profit under the University, nominated by the Executive Council ;

(v) two persons expert in the subject concerned to be nominated by the Vice Chancellor in consultation with the Dean of the Faculty Council and the Head of the Department concerned. The experts shall be chosen from a standingn panel of experts, prepared by the Board of Studies and approved by the Faculty Council for Post-Graduates and Under-Graduates Studies and the Executive Council;

(vi) the Head of the Department concerned."

Shri Bratya Basu : Sir, the amendment cannot be accepted.

Mr. Speaker : The question before the House is the amendment no. 3 by Dr. Tarun Kanti Naskar. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Mr. Speaker : The question before the House is that **clause 27** do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clauses 28-32

Mr. Speaker : There is no amendment to clause nos. 28 to 32. The question before the House is that **clause nos. 28 to 32** do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clause 33

Mr. Speaker : There is one amendment to clause 33 being amendment no. 15 by Shri Anisur Rahaman. Shri Rahaman may now move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in clause 33, the sub-clause (4) be omitted.

Shri Bratya Basu : Sir, the amendment cannot be accepted.

Mr. Speaker : The question before the House is the amendment no. 15 by Shri Anisur Rahaman. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Mr. Speaker : The question before the House is that **clause 33** do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

[3.50—4.00 p.m.]

Clause 34-39

Mr. Speaker : There is no amendment to Clauses 34-39.

The Question before the House is that Clauses 34-39 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

Clause–40

Mr. Speaker : There is amendment to Clause 40 by Shri Subhas Naskar (Amendment No. 16). Now I call upon Shri Subhas Naskar to move his amendment.

Shri Subhas Naskar : Sir, with your kind permission I beg to move that in Clause 40, sub-clause (4) be omitted.

Shri Bratya Basu : Sir, I do not accept the amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No. 16 moved by Shri Subhas Naskar. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Noes have it, Noes have it.

The question before the House is that Clause 40 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

Clause 41–57

Mr. Speaker : There is no amendment to Clause 41 - 57.

The Question before the House is that Clauses 41 - 57 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

Clause - 1

Mr. Speaker : There are two amendments to Clause 1 by Shri Asit Mitra (Amendment No. 4) and Shri Prabodh Chandra Sinha (Amendment No. 17). First I call upon Shri Asit Mitra to move his amendment.

Shri Asit Mitra : Sir, I beg to move that in clause 1 in sub-clause 1 for the words "Diamond Harbour" the words "Asapurna Devi" be substituted. (Amendment No. 4)

Shri Bratya Basu : I do not accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No. 4 moved by Shri Asit Mitra. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Noes have it, Noes have it.

Now I call upon Shri Prabodh Chandra Sinha to move his amendment.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that in Clause 1(1), for the word "The Diamond Harbour Women's University Act, 2012", the words "The West Bengal State Women's University, Diamond Harbour Act, 2012" be substituted. (Amendment No. 17)

Shri Bratya Basu : Sir, I do not accept the amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No. 17 moved by Shri Prabodh Chanera Sinha. As

many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Noes have it, Noes have it.

Mr. Speaker : The question before the House is that Clause 17 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

Enacting Formula, preamble and the title of the bill

Mr. Speaker : Hon'ble Minister, I want to know in course of the debate regarding the submission made by Dr. Tarun Kanti Naskar in respect of changing the Title of the Bill what you have got to say. Because there is no amendment it will be very difficult to accept it.

Shri Bratya Basu : Sir, I am not accepting the proposal in respect of the change of the Title of the Bill.

Mr. Speaker : There is no amendment to the Enacting Formula, Preamble and the Title of the Bill. The question before the House is that the Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

Now the Minister-in-Charge of Higher Education Department may please move the motion for passing of the Bill.

Shri Bratya Basu : Sir, I beg to move the Diamond Harbour Women's University Bill, 2012 as settled in the Assembly be passed.

Mr. Speaker : The question before the House is that The Diamond Harbour Women's University Bill, 2012 as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

Presentation of the 28th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 28th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the following programme of business for 11th December, 2012

11.12.2012, Tuesday : The West Bengal Scheduled Castes and Sheduled Tribes (Identification) (Amendment) Bill, 2012

(Introduction, Consideration & Passing) $1\frac{1}{2}$ hours

12.12.2012, Wednesday : The Kolkata Municipal Corporation (Second Amendment) Bill, 2012

(Introduction, Consideration & Passing) 1 hour

Now I request Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

কশ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ২৮তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

The motion was then put and agreed to.

The West Bengal Official Language (Second Amendment) Bill, 2012

Shri Partha Chatterjee : Sir, I beg to introduce the West Bengal Official Language (Second Amendment) Bill, 2012.

(Secretary then read the title of the Bill)

Shri Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Official Language (Second Amendment) Bill, 2012 be taken into consideration.

[4.00—4.10 p.m.]

Shri Md. Ghulam Rabbani : Respected Parliamentary Affairs Honourable Speaker Sir, Minister

Mr. Speaker : Honourable members please be sited.

মাননীয় সদস্য বসুন, মাননীয় সদস্য বক্তব্য রাখছেন। বসুন।

Shri Ghulam Rabbani: میں آپ کا شکریہ ادا کرتے ہوئے official language جو چار زبان کو لے آئے ہیں۔ اُس کے لئے ہم شکریہ ادا کرتے ہیں۔ ۳۴ سال تک اردو زبان، سنتھالی زبان، پنجابی زبان اور اڑیہ زبان کے ساتھ ہمارے لفٹ دوستوں نے اُن کو مارتے مارتے اُن کا جنازہ نکال دیا۔ لیکن افسوس کے ساتھ کہنا پڑ رہا ہے کہ آج جو official language آپ لوگ لے کر آئے ہیں اس ہاوس میں، اس میں دس فیصد کی جو بات کہے ہیں دس فیصد جہاں ہوگا وہی صرف official language کا استعمال ہوگا لیکن دس فیصد کے نیچے جہاں ۵۔۹ فیصد ہوگا وہاں اُس زبان کا خاتمہ شروع ہو جائے گا۔ یعنی یہ لوگ جو ہیں زبان کو قتل کر کے جنازہ نکالا۔ آپ لوگ پھر چاروں زبانوں کو قبرستان بھیج رہے ہیں۔ یہ سمجھا جا رہا ہے خاص طور سے ہمارے عزت مآب وزیر سے گزارش کریں گے کہ ہمارے اتر دیناج پور ایک ضلع ہے جس میں ایک بلاک، دو بلاک میں ۳۰ فیصد اردو زبان ہے لیکن باقی district collectorate کا جب امتحان ہوتا ہے۔ گوال پوکھریا چکلیہ کے لوگ جہاں اردو کو دس فیصد مانا جائے گا وہ لوگ ضلع میں deprived ہو جائیں گے۔ ہمارا origin کہا ہے مغربی بنگال، یہ زبان چاروں زبانوں کو میرے خیال سے generalize کرنا چاہئے تھا کہیں پر بھی دس فیصد یا نو فیصد کی بات رکھنا نہیں تھا اس سے ہوگا کیا، یہ زبان جو ہے جہاں جہاں دس فیصد ہے وہاں survive کرے گا جہاں جہاں دس فیصد سے نیچے ہوگا وہ زبان جو ہے وہی ختم ہوتے جائے گی۔ اسلئے ہماری وزیر پارلیمانی امور سے گزارش ہے کہ official language ہم اتر دیناج پور کے ہیں کیا ہم کلکتہ میں آ کر deprived رہیں گے؟ کیا ہم بردوان میں جا کر deprived رہیں گے،؟ کیا ہم مدنا پور میں جا کر deprived رہیں گے؟ جتنے بھی collectorate کے امتحان ہونگے اُس میں میرے خیال سے اگر ہم نارتھ ۲۴ پرگنہ کیلئے apply کریں گے تو وہاں بھی official language اردو ہونا چاہئے، وہاں بھی official language سنتھالی ہونا چاہئے، وہاں بھی official language اڑیہ ہونا چاہئے۔ ایک جگہ for example جب 1961 میں گورکھا زبان official language بن کے آئی تھی۔ یہ پورے مغربی بنگال میں لایا گیا تھا اُس میں کوئی بار نہیں کیا گیا اُس حکومت کو ہم مبارکباد دیتے ہیں اُس منسٹر کو ہم مبارکباد دیتے ہیں، اُن کا شکریہ ادا کرتے ہیں۔ لیکن آج یہ official language بول کر جو بل لے کر آئے ہیں اس بل میں ترمیم کی ضرورت ہے۔ ہم ہمارے وزیر صاحب سے گزارش کریں گے جیسے بھی ہو آپ ایک جگہ کو محدود کر کے مت رکھئے تا کہ کل وہ زبان جو ہے وہاں سے ختم ہو جائے، دوسری بات یہ کہ اردو زبان جب ایک مخصوص طبقے کا مانا جاتا ہے ایک مخصوص کمیونٹی کا مانتے ہیں تو میرے خیال سے اُس میں ریزرویشن کا کیا سلسلہ چل رہا ہے ہم کو سمجھ میں نہیں آ رہا ہے جب بھی روسٹر آتا ہے اردو SC، اردو ST جب شیڈول کاسٹ یا شیڈول ٹرایب نہیں ملتا ہے وہ vacancy پڑا رہتا ہے اردو نہیں ہو پاتا ہے۔ چاہے وہ پرائمری اسکول کا ہو یا ہائی اسکول کا ہو دوسری بات جب district collectorate میں امتحان دینے جاتے ہیں وہاں مادری زبان بول کر ۲۰ یا ۴۰ ماکس دیا جاتا ہے۔ لیکن جب ہم وہاں اردو واسی یا اڑیہ واسی لوگ جاتے ہیں۔ وہ اپنے مادری زبان کا چاہے اڑیہ ہو چاہے اردو ہو چاہے وہ ہندی ہو اُس کو نہیں ملتا ہے۔ جس کے وجہ سے ۲۰ ماکس میں اُن کا پوزیشن زیرو ہو جاتا ہے۔ نصاب syllabus میں کہیں بھی بنگلہ کو compulsory بول کر نہیں رکھا گیا ہے۔ ہم سرکار کے وزیر شری پارتھو چٹرجی صاحب سے گزارش کریں گے کہ جیسے بھی ہو آپ بنگلہ کو پورے مغربی بنگال میں as compulsory subjecta رکھنے کی کوشش کیجئے۔ اُس کے بعد پھر official language declare کرنے کی کوشش

دوسری بات آج اردو official ianguage declare ہو چکا ہے لیکن ہم نے دیکھا کہیں بھی جو ہے کسی بورڈ میں یا کسی آفس میں لکھائی کا کام نہیں ہوا ہے ،کہیں پر بھی type writer نہیں لیا گیا ہے ،کہیں بھی typist نہیں لیا گیا ہے۔ ہم کہیں application اگر دیں تو ہمارا پڑھنے والا کوئی نہیں ہوگا۔ اگر کلکتہ میں کہیں اردو میں کوئی application دیں گے تو کوئی type writer یا کوئی translater نہیں ہے اُس کو کون سمجھے گا۔ اُس کو کون پڑھے گا۔ یہ زبان صرف اچھے الفاظ ہی نہیں چاہتے ہیں۔ اُس کا نعت بھی اچھی ہونی چاہئے ،اچھی نعت سے اسے official language بنائیں گے تو میرے خیال سے کامیاب ہوگا۔ اگر اچھی نعت نہیں ہوگی تو یہ زبان آہستہ آہستہ ختم کرنے کی شازش رچائے گے۔ دھنواد بہت بہت شکریہ۔

श्री ब्रजमोहन मजुमदार : माननीया सह अध्यक्ष महोदया, परिषदीय मन्त्री कर्तृक उत्थापित যে সংশোধনীয় বিলটি এই বিধানসভার কক্ষে উপস্থাপিত হয়েছে তার সম্পূর্ণ সমর্থনে আমি দু-একটা কথা বলতে চাই। আমরা জানি এই বিলটির অবজেক্ট এ্যাণ্ড রিজিন্স, এই অধ্যায় যে কটি কথা ব্যক্ত হয়েছে, সেই কথা গুলোর মধ্যে এতো দিন পর্যন্ত অবহেতি যে ভাষাগুলো আমাদের কাছে অনাবৃত হয়েছিল সেই ভাষা গুলোকে সরকারী স্বীকৃতি দেওয়া এই অর্থে, শুধু সেই ভাষার উৎকর্ষের জন্য নয়, স্বীকৃতি দেওয়া স্বীকৃতি দেওয়া এই অর্থে যে, যে ভাব তারা প্রকাশ করতে চাইতো, যে ভাব তারা সরকারী পরিভাষায় স্বীকৃতি, কিছু কিছু নোটিশের মাধ্যমে সারকুলারের মাধ্যমে উপলব্ধি করতে চাইতো, তাতে যে বোধগম্যতার অভাব ঘটতো তা পুরণের জন্য কিছু কিছু পরিমার্জনার জন্য এখানে যে বিলটা এসেছে সেই বিলটির মধ্যে খুব সংক্ষিপ্ত ভাবে বলা হয়েছে যে রুলস রেগুলেশান এবং বাই ল'জ যা রাজ্য সরকার প্রণয়ন করবে বা করেছে সেই ভাষা সংগে উর্দ্দু ল্যাংগুয়েজ, হিন্দি ল্যাংগুয়েজ সাঁওতালি ল্যাংগুয়েজ, উড়িয়া ল্যাংগুয়েজ এবং পাঞ্জাবী ল্যাংগুয়েজ এবং এর সংগে নেপালী ল্যাংগুয়েজ যেন যুক্ত হয়। এবং এর সংগে তারা যেন তাদের নোটিফিকেশান, অর্ডার ওই স্টেট গভর্নমেণ্টের আন্ডারে যা হবে তারা সেই ভাষায় প্রকাশ করেন। কএবং তাদের মধ্যে অ্যাপ্লিকেশান এবং রিপ্লাই যেন সেই ভাষায় নেওয়া হয় যাতে করে তারা সেইভাবে তাদের মনোভাব সম্পূর্ণ প্রকাশ করতে পারে। আমি এই প্রসঙ্গে ছোট্ট একটি কথা বলে এই বিলটির সমর্থনে আমার যুক্তিকে উপস্থাপিত করতে চাইছি যে, যে কোন ভাষা আমাদের যেমন ভাবকে প্রকাশ করে, যে কোন ভাষা সেই ভাব প্রকাশী শক্তি সঞ্চারের মধ্য দিয়ে তাদের যেমন সৃষ্টি মূলক সাহিত্য রচনা করে, তেমনি তার কিছু ব্যবহারিক মূল্য যদি সে খুঁজে না পায়, সেই ভাষা হারিয়ে যায়, সেই ভাষা থেকে থেকে লুপ্ত হয়ে যায়। আমি মাননীয় পরিষদীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি যে আমরা আসন্ন লুপ্তির হাত থেকে এই ভাষাকে বাঁচাতে সাহায্য করছি এবং এই ভাষাভাষীর যারা মানুষ, যারা এতদিন পর্যন্ত তাদের মনের ভাবকে অপ্রকাশিত রাখতে বাধ্য হত এবং বিভিন্ন সার্কুলারে, নোটিশে তাদের যেসব কথা প্রকাশিত হত তার সম্পূর্ণ অর্থোদ্ধার করতে ব্যর্থ হত, তারা অন্তত কিছু আশার রেখা খুঁজে পাবে। আজকের এই ভাষা যেখানে সংকোচন হচ্ছে, যেখানে ভাষা মাতৃভাষা দিবস রূপে কখনও কখনও আমরা স্বপ্ন দেখছি, ঠিক সেই জায়গায় দাঁড়িয়ে এই রকম অন্যান্য ক্ষেত্রে স্বাধীনতার সঙ্গে সঙ্গে একটা ভাষার স্বাধীনতা দেওয়া, যে ভাষা ছোট্ট ছিল, সংকীর্ণ কোণে ছিল, চৈতন্যের সংকীর্ণ সংকোচন-এর মধ্যে আত্মগোপন ছিল, যেখানে ঔদাসীন্যের ধূলো উড়ছিল, যাদের কেউ গ্রাহ্য করছিল না, তাদের এনে সরকারী মর্যাদা দেওয়া এবং তাদের গ্রহণ করা শুধুমাত্র সেই ভাষার স্বীকৃতি নয়, সেই ভাষাভাষীর যে সমস্ত মানুষ আছে তাদের এই অপমান সহ্য

থেকে দূর করে নতুন করে আমরা সম্মানের জায়গায় নিয়ে এলাম। আমি অভিনন্দন জানাচ্ছি এবং এই ব্যবহারিক মূল্য যেমন প্রকাশিত হল আমার মাননীয় সদস্য বলছিলেন যে শুধুমাত্র ব্যবহারিক মূল্য সরকারী পরিভাষার মধ্যে মূল্য দিলেই চলবে না, যদি সত্যি সত্যি এই ধরণের ভাষাগুলোকে, আমরা মূল্য দিতে চাই একদম পঠন কোণ থেকে আরম্ভ করে বিদ্যালয়ের সিলেবাস থেকে আরম্ভ করে, কলেজের সর্বস্তরে পরীক্ষা দেওয়ার মাধমে, এমনকি যেখানে চাকরীর ইন্টারভিউ দেওয়া হচ্ছে, সেই ইন্টারভিউয়ের জায়গাতে যাতে করে সেই ভাষায় প্রশ্ন জিজ্ঞাসা করা হয়, সেই ভাষায় প্রশ্নের উত্তর দিতে পারে, যদি এই স্বাধিকারটুকু বিস্তৃত করা হয়, তবে নিঃসন্দেহে আজকে যে সমস্ত অবহেলিত ভাষাগুলো সরকারী ভাষা রূপে স্বীকৃতি পাচ্ছে তাদের নিঃসন্দেহে তারা স্বতন্ত্র গৌরবের মহিমামণ্ডিত হয়ে উঠবে। এটুকু কথা বলে আবার এই ধরণের যে রেজিলিউশান এসেছে, প্রস্তাব উত্থাপিত হয়েছে, এই অ্যামেণ্ডমেণ্ট বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। আশা করব যে এই একটি মাত্র বিল যেখানে হয়ত কোন ভোটাভুটির প্রয়োজন হবে না, যেখানে কোন বিয়োজনের ব্যথা নেই, যেখানে কোন রকম পরিবর্তনের গ্লানি নেই, শুধুমাত্র সংযোজনের আকুতি আছে, সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের সমস্ত যারা বিধানসভার, আমাদের এই সদস্য সদস্যরা ভাই-বোনরা তারা সবাই মিলে আমরা আমাদের ভূমিকা পালন করব। এতদিন পর্যন্ত সেই অনাদৃত ভাষাগুলোকে আমরা যে আদর করে আমাদের কক্ষে স্থান দিচ্ছি, এই জায়গায় আমাদের ভূমিকা পালন করে, যোগ্য কৃত পালন করে, সমর্থন করে আমরা এই সংশোধনী বিলটিকে যাতে করে কার্য্যকরী করা যায় সেটা আমরা চেষ্টা করব। এইটুকু কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4.10–4.20pm]

Deputy Speaker Madam, Honourable Minister : Shri Ali Imran Ramz

یہ بل کولایا گیا ہے۔اس بل میں جن چار زبانوں کو نئے طور سے West Bengal Official language Second Amenment Bill, 2012 جوڑا جارہا ہے۔اُس سے میں سرکار کا شکریہ ادا کرنا چاہوں گا کہ سرکار نے دوسرے زبانوں کو بھی اہمیت دینے کی اچھی سوچ کو ظاہر کیا ہے لیکن ساتھ ساتھ میں یہ بھی دیکھ رہا ہوں کہ جن زبانوں کو دوسری زبان کا درجہ یا official language کے طور پر جو زبان کو درجہ دیا جا رہا ہے۔اُس میں آپ نے اپنے بل میں کہا ہے جہاں پر بھی دس فیصد سے زیادہ آبادی ہے۔پنجابی اسپیکنگ، ہندی اسپیکنگ، سنتھالی اسپیکنگ، اڑیہ اسپیکنگ اور اردو اسپیکنگ، اُن جگہوں پر اس کو official language کے طور پر استعمال کیا جائے گا۔تو یہاں پر ایک سوال اٹھتا ہے کہ اگر گوال پوکھر میرا حلقہ ہے گوال پوکھر ۲، چکلیہ اس علاقے کے لوگ اردو زبان سے تعلق رکھتے ہے۔وہاں پر دس فیصد سے زیادہ تعداد اردو کی ہے۔تو یہ دس فیصد لوگ صرف اپنے بلاک میں ہی official language کے طور پر اردو کا استعمال کر پائیں گے۔لیکن جب گوال پوکھر ۲ سے لوگ نکل کے اتر دیناج پور کے ڈسٹرک ہیڈ کوارٹر میں پہنچیں گے تو وہاں پر اُن کو official language اردو استعمال کرنے کے لئے نہیں دیا جائے گا۔اس سے یہ ثابت ہوتا ہے کہ اردو زبان کے جو لوگ ہیں یا پنجابی زبان کے لوگ ہیں یا اڑیہ، سنتھالی، ہندی زبان کے جو لوگ ہیں ان کو کوئے کا میڈک بنا کر آپ لوگ رکھنا چاہتے ہیں۔کیونکہ یہ جہاں پر ہے وہی پر پنپتے پنپتے وہی دم گھٹ جائے ان کا، یہ اسٹیٹ میں دوسری جگہ آ کر اپنا مقام قائم نہیں کر سکے۔آج اگر wbcs کا امتحان ہوتا ہے یا کوئی بھی

compititive exam ریاستی حکومت کی طرف سے ہوتا ہے۔اُس میں official language اگر میرا اردو ہے تو مجھے اُس امتحان میں اردو میں question paper نہیں ملے گا۔یہ اس بات کو درشاتہ ہے۔تو اس سے یہ ثابت ہوتا ہے کہ آپ لوگوں نے یہ بل لاکر سامنے پنچایت ووٹ میں اپنا سیاسی الو سیدھا کرنے کا ہی صرف منصوبہ بنایا ہے۔کیونکہ دس فیصد پنجابی ہمارے ریاست میں نہیں ہے ،سنتھالی ،اڑیہ اور اردو ان لوگوں کو آپ نے کاغذ قلم پر status دے کر official language کا ان سے sympathetically طور پر جوڑنے کی ایک سازش آپ لوگوں نے رچی ہے۔لیکن اس میں دیکھا جارہا ہے کہ اردو زبان کو دوسری زبان کا درجہ سرکار دے رہی ہے۔آپ لوگوں نے اس کو official language declare کیا ہے۔لیکن جو ابھی پرائمری ٹیچرس کا جو application لیا جارہا ہے۔اکیس ۳۶ ہزار پوسٹ آپ لوگوں نے declare کیا ہے۔۵۶ لاکھ application جمع ہوگیا ہے ۔وہاں پر آپ نے ایک clause رکھا ہے کہ پیرا ٹیچروں کے لئے آپ نے ریزرویشن کا ایک clause رکھا ہے اُس میں بنگلہ ۔بڑیم پیرا ٹیچروں کیلئے ریزرویشن ہیں ،ہندی میڈیم کیلئے ریزرویشن ہے اور آپ کی سرکار اردو کو زبان کہتی ہے آپ اردو کو official language بنانے کی بات کرتے ہیں۔اور اردو کیلئے کوئی ریزرویشن نہیں ہے تا کہ اردو میڈیم کے پیرا ٹیچروں کے بچوں کو نوکری میں داخلہ نہ ملے اسلئے وہاں پر اُن کے لئے کوئی ریزرویشن نہیں رکھا ہے۔تو یہ جو دھوری سیاست آپ لوگ چل رہے ہیں کہ minority sector کو اپنا ووٹ بینک بنانے کے لئے آپ لوگوں نے official language کا کاغذ قلم میں declare کر کے اُن کا ووٹ بٹورنا چاہتے ہیں۔اگر آپ کا نعت صاف ہے اور آپ لوگ نیک نعت کے ساتھ کام کرنا چاہتے ہیں تو اردو زبان کے ساتھ ساتھ باقی زبانوں کو اسٹیٹ میں دوسری زبان کے طور پر یا official language کے طور پر اُس کو لاگو کیجئے۔باقی ایک بلاک کا لڑکا اردو زبان سے تعلق رکھے یا پنجابی زبان سے یا اڑیہ یا سنتھالی یا ہندی وہ بنگال کے کسی بھی کونے میں جا کر وہ اپنی زبان میں امتحان دے سکتا ہے وہاں پر وہ اپنی بات سرکار کو بولنا چاہے تو بول سکتا ہے یہ حق اُس کو دینا ہوگا۔لیکن آپ لوگوں کا جو منصوبہ ہے صرف minority sector کا ووٹ لینا ہے لیکن minority کے لوگوں کو نوکری میں نہیں آنے دینا ہے۔اسلئے مسلمان اردو سے جوڑا ہوا ہے اسلئے اردو کیلئے پرائمری پیرا ٹیچروں میں کوئی ریزرویشن نہیں رکھا گیا ہے تا کہ مسلمان نوکری میں نہیں آسکے۔یہ ایک گندی اور ناپاک سیاست آپ لوگ رچ رہے ہیں ۔اگر آپ کو suggestion دینے کی بات کریں تو ابھی ہمارے دوست یا بڑے بھائی جناب ربانی صاحب نے ایک suggestion دیا۔آپ لوگوں سے درخواست کیا۔درخواست یا suggestion دینے پر ہم لوگوں نے دیکھا ہے کہ ہمارے اسٹیٹ کے عزت مآب وزیر اعلیٰ کو ہمارے Honourable Chief Justice انہوں نے suggestion دیا۔گورنر صاحب نے suggestion دیا۔Industralists لوگوں نے suggestion دیا۔اپوزیشن لیڈرس کی طرف سے suggestion دیا جاتا ہے۔Honourable Chief Minister کا بیان آتا ہے سب کیلئے کہ ''راجا چلے بازار کتا بھوکے ہزار''یعنی یہ Honourable سارے لوگ کتے کی لسٹ میں شامل ہوگئے۔اور یہی حال آپ لوگوں کے ساتھ بھی ہورہا ہے۔آج دیکھ رہے ہیں ہم لوگ کہ آپ کے ہی پارٹی میں جب آپ لوگوں کی طرف سے کوئی شکایت آتی ہے۔شیولی شاہا Honourable member ہیں۔وہ شکایت کرتی ہیں۔ہمارے Honourable Ex- Agriculture Minister انہوں نے شکایت کی۔ہمارے سوبھن دیب صاحب شکایت کرتے ہیں۔

Deputy Speaker: آپ پوائنٹ میں بولئے علی عمران صاحب آپ پوائنٹ میں بولئے ،آپ پوائنٹ میں بولئے

Shri Ali Imran Ramz:اسی لسٹ میں اُن کو بھی شامل کر دیا گیا ''راجا چلے بازار کتا بھوکے ہزار'' یعنی کہ آپ لوگ بھی اسی لسٹ میں آ گئے۔ آپ کے اور ہمارے میں کوئی فرق نہیں رکھا گیا۔ تو میں یہ کہنا چاہوں گا ہمارے Honourable Minister سے اور Honourable CM صاحبہ سے کہ suggestion لینے سے اُن کو سرکار چلانے میں سہولیت ہوگی۔ اگر وہ suggestion نہیں لے سکتی ہیں۔ اور suggestion لینا اُنکو پسند نہیں ہے تو آج جو حالات ہم لوگ دیکھ رہے ہیں کہ منتری بننے کے دو دنوں کے بعد ہی ہمارے عزت مآب وزیر بیچارام منا کو عدالت کے دروازے پر کھڑا ہو جانا پڑا تو اس کا نتیجہ کیا ہے۔

Deputy Speaker: آپ پوائنٹ پر بولئے، آپ کا ٹائم ختم ہو گیا your time is over

Shri Ali Imran Ramz:ایک منٹ میم، ایک کہاوت ہے کہ ایک اندھا اگر دوسرے اندھے کی قیادت کریں گا تو دونوں کھائی میں گریں گے۔ وزیر اعلیٰ بھی کھائی میں گریں ہیں بیچارام منا بھی کھائی میں گرے ہیں۔ یہی کہہ کر میں اپنی بات ختم کرتا ہوں۔

শ্রী দুলাল মুর্মু : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আজকে সরকার পক্ষ থেকে যে অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ বিল আনা হয়েছে তা আজকের দিনে, বিশেষ করে আজকে বিশ্ব মানবাধিকার দিবস, এই মানবাধিকার দিবসের দিনে এই বিলটা অত্যন্ত তাৎপর্যপূর্ণ! এর ত্যন্ত গভীরতা রয়েছে এবং ঐতিহাসিক বিল। এই বিলকে আমি পূর্ণ মাত্রায় সমর্থন জানিয়ে, সেলাম জানিয়ে, হুল জোহর জানিয়ে আমার বক্তব্য নিবেদন করছি।

ম্যাডাম, ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট ভারতবর্ষ স্বাধীনতা লাভ করে। ইতিহাসের পৃষ্ঠা যদি খুলতে খুলতে যাওয়া যায় তাহলে দেখা যাবে ১৯৪৭ সাল থেকে ভারতবর্ষ-সহ আমাদের বেঙ্গলে কংগ্রেস সরকার ৩০ বৎসর শাসন করেছে। তারপরে বাংলার মসনদে বামফ্রন্ট সরকার তথা সি. পি. এম সরকার থেকেছে, ৩৪ বছর শাসন করেছে। কিন্তু বিষয়টা এই, তারা কখনই, তাঁদের বোধদয় হয়নি এই রকম উর্দু, হিন্দু, ওড়িয়া এবং সাঁওতালী ভাষাকে মর্যদা দেবে। আমরা জানি 'মাতৃভাষা, মাতৃদুগ্ধ-সম'। একজন জাতি, একটা সম্প্রদায়ের তখন উন্নয়ন হবে, শুধু তাঁকে কিছু একটা কাজ করে দিলে হবে না, সার্বিক উন্নয়নের ক্ষেত্রে এই ভাষাগত বিষয়টা কিন্তু গুরুত্বপূর্ণ। ১৯৭৯ সালে তৎকালীন মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু পুরুলিয়ার কেঁদবোনাডাহিতে পণ্ডিত রঘুনাথ মূর্মুকে অলচিকি ভাষা, সাঁওতালী ভাষার ব্যাপারে সম্বর্ধনা দিয়েছিলেন। সাঁওতালী মানুষ, গুণীজন সম্প্রদায়ের মানুষ, তাঁরা বুঝেছিলেন, তাঁরা উপলব্ধি করেছিলেন যে, পশ্চিমবাংলায় মানুষের কথা, আদিবাসীদের কথা, সাঁওতালী মানুষের কথা যদি কেউ বোঝে সেটা হচ্ছে বামফ্রন্ট সরকার। আমি অনুতপ্ত, আমি দুঃখিত, আমার পাশের একটা বিধানসভায় একজন বিজ্ঞ মানুষ, এখনও বসে আছেন, আমরা আদিবাসী মানুষ আগে সম্মান করতাম ডাঃ সূর্যকান্ত মিশ্রকে। আমরা ভেবেছিলাম যে, জঙ্গল মহলের মানুষ, সাঁওতাল মানুষের কথা অন্তত বামফ্রন্ট সরকার বুঝবে, অনুভব করবে, উপলব্ধি করবে। বামফ্রন্ট সরকার আদিবাসী মানুষকে, সাঁওতাল মানুষকে প্রতারণা করেছে, ধাপ্পা দিয়েছে আদিবাসী মানুষের জাতিসত্ত্বা, ভাষাকে লুপ্তপ্রায় অবস্থার মধ্যে নিয়ে গেছে। অতএব, আজকে

আমাদের সরকার, আমাদের মা-মাটি-মানুষের সরকার, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে বিল নিয়ে এসেছেন আমি তো বলব বিরোধীরাও দু'হাত তুলে এটা সমর্থন করবেন।

[4.20–4.30 p.m]

বিশেষভাবে আজকের এই দিনে এই বিলটি আদিবাসী মানুষের কাছে, সাঁওতালি মানুষের কাছে অত্যন্ত ঐতিহাসিক এবং তাৎপর্যপূর্ণ। ইঞ মাঞ লৌইয়া, নডে খেরওয়াল কহঁ মেনাঃ পেয়া আদিম কহঁ মেনাঃ পেয়া, সান্তাড় কহঁ মেনাঃ পেয়া, আবওয়াঃ ভাষা লৌগিৎ আপে তউন দিনপে তাহেঁ কানা বামফ্রন্ট রাজত্ব সময়রে চেদাঃ নওয়া বিল বাং হেচ লেনা, সাহস বাং তাহেঁ কান তাপেয়া। কোন অধিকার বাং তাহেং কান তাপেয়া বামফ্রন্ট সরকার মার্কসবাদী লিডার ক সামাংরে লাই। তোহঞ মা-মাটি-মানুষ রিনিচ সরকার মমতা ব্যানার্জী, বাংলা রিনিচ মুখ্যমন্ত্রী বুঝাউ ঞাম আকাদায় আদিবাসী কওয়াঃ দশা। চেৎ রেনাঃ লাকতি মেনাঃ আ। বামফ্রন্ট সরকার, বামফ্রন্ট কমরেড কো মানমি কক লৌহ আকাৎ কওয়া, মানমি গেক লৌহ আকাৎ কওয়া চেৎ- আদিবাসী কক লৌহ কয়ো চেৎ? সাঁওতাল কক লৌহ আকাৎ কওয়া চেৎ? "হাকু হাকু রটে, হাকু হাকু রটে, হাকু হাকু রটে, আপে খান দ টটে আর কমরেড খান দু কুটি"। ভাবা যায়? আজকে অবাক হতে হয় ভারতবর্ষের স্বাধীনতার এতদিন পরেও সাঁওতাল ভাষা স্বীকৃত হয়নি। আজকে কলকাতার গেজেট পেপারে বিল আকারে নিয়ে এসে এটা তো অফিসিয়ালি বিল তো দুরের কথা বামফ্রন্ট সরকার সাঁওতালি ভাষাকে সংখ্যালঘু ভাষা হিসাবে মেনে নিতে পারেন নি। সেই সময়ের একটি সংবাদপত্রে একটা লেখা বেরিয়েছিল-মাইনোরিটি হিসাবে এটাকে চালু করার জন্য। কিছু গুণীজন সাঁওতালি মানুষ সরকারকে অনুরোধ করেছিল। সেই সময়ের অর্থমন্ত্রী বলে দিয়েছিলেন এই ভাষাকে সংখ্যালঘু ভাষার মধ্যে নিয়ে আসা সম্ভব নয়। অতএব এই ভাষাকে কেন্দ্র করে বহু আদিবাসী যুবক যুবতী, বহু গুণীজন আন্দোলন করেছেন। সিধু কানু, চাঁদ ভৈরব শহিদ হয়েছেন। কিন্তু এই ভাষাকে স্বাধীনতার পরে কোন মর্যাদা দেওয়া হয়নি। একমাত্র এই পবিত্র সদনে বিল আকারে নিয়ে এসে এই মা-মাটি-মানুষের সরকার এটাকে আজকে মর্যাদা দিচ্ছে। আজকে সারা ভারতবর্ষ, সারা বেঙ্গলের সাঁওতালি মানুষ আজকে আনন্দিত। আগামীকাল তারা সংবাদ জানতে পারবেন। সাঁওতালি ভাষাকে বিধানসভার এই পবিত্র সদনে বিল আকারে নিয়ে এসে পাস করিয়ে নেওয়া হল, অনুমোদন করিয়ে নেওয়া হল। সবাই আজকে সাঁওতালি ভাষাভাষি মানুষ আনন্দের সহিত মেনে নেবে। বামফ্রন্টের যারা বিরোধী হিসাবে বসে আছেন, আপনারা এই বিলকে দু হাতে সমর্থন করবেন। মা-মাটি-মানুষের নেত্রী মমতা ব্যানার্জী ভাবছেন আদিবাসী মানুষের কথা, সাঁওতালি মানুষের কথা, উর্দু মানুষের কথা, ওড়িয়া মানুষের কথা, পাঞ্জাবী মানুষের কথা, এই পশ্চিমবাংলায় সম্প্রীতি এবং ঐক্যের সৃষ্টি হবে। দেশ এগোবে, পশ্চিমবাংলা এগোবে। মমতা ব্যানার্জী আর যুগ যুগ ধরে বাংলার উপর থাকবেন। এইটুকু বক্তব্য রেখে এই পবিত্র সদনে এই বিলটিকে পূর্ণমাত্রায় সমর্থন জানিয়ে এবং মা-মাটি-মানুষের নেত্রী মমতা ব্যানার্জীকে সেলাম জানিয়ে জোহার, হুল জোহার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

ড. সুবিলাম বর্মা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আজকে যে বিলটি নিয়ে আলোচনা হচ্ছে

দি ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ (সেকেণ্ড অ্যামেণ্ডমেণ্ট) বিল, ২০১২-এই সম্পর্কে অনেকের বক্তব্য শুনলাম। আমাকে শুধু বলতে হয় বিলটির পারপাসটা বোধ হয় আমরা সবাই বুঝতে পারিনি। এখানে যে পারপাসে বলেছে সেটা হল এই ল্যাঙ্গুয়েজগুলো অর্থাৎ Bengali, Nepali এবং এর আগে Urdu এসেছিল, তিনটির সংগে যুক্ত হবে Hindi, Santhali, Oria, Punjabi। কিসের জন্য? for such use of rules, regulations, by-laws, notifications, orders petitions, applications, docaments important government advertisment etc.

এগুলোর জন্য ইউজ হবে। আবার আমাকে বলতে হয় ইচ্ছা এবং সামর্থের মধ্যে একটা ব্যালেন্স রাখা দরকার। আমরা আজ পর্যন্ত বাংলা সব জায়গায় করতে পারি নি। ইডেন ব্লক লেভেলে বাংলা টাইপিস্ট নেই। ব্লকে যদি যাওয়া যায় যে বাংলায় উত্তর দিন, দিতে পারে না। গ্রাম সভা তো ছেড়ে দিলাম, এই সেইদিন পর্যন্ত গ্রাম পঞ্চায়েতে সমস্ত কিছু যেত ইংরাজিতে। মাত্র কয়েকদিন হল মানে কয়েক মাস বা কয়েক বছর হল গ্রাম পঞ্চায়েত লেভেলে বাংলাতে যাচ্ছে ইনস্ট্রাকশানগুলো, গাইডলাই গুলো, চিঠিপত্র বাংলায় থাকে। উর্দু তো এখনও শুরুই হয় নি, নেপালী যাচেছ দার্জিলিংয়ের ঐ এলাকাটার জন্য। তারই পরিপ্রেক্ষিতে যদি আজকে আমি বলি, আমরা উর্দু করবো, ওড়িয়া করবো, সাঁওতালী করবো এবং পাঞ্জাবী করবো, কোথায় না যেখানে এদের ১০% পুপুলেশান বেশি আছে। সাব ডিভিশান হতে পারে, ডিস্ট্রিক্ট হতে পারে, ব্লক হতে পারে। আমরা কি জানি, আমাদের কাছে কি সেই তথ্য আছে কোথায় ১০% এর বেশি পত্র সংখ্যা আছে পাঞ্জাবী, ওড়িয়া ইত্যাদি, ইত্যাদি ! আমি মনে করি আমরা জানি না, আমার কাছে যা ফর্মেশান আমরা জানি না নম্বর ওয়ান। নম্বর টু, এর আগে যা বললাম ইনফ্রাস্ট্রাকচার তো তৈরি করতে হবে। বাংলা পারলাম না, আমরা ওড়িয়া, উর্দু, পাঞ্জাবী এ কোথা থেকে করবো এবং যে সমস্ত জায়গায় আছে একবোরে নিচের লেভেলে যদি সার্ভিস দিতে চাই তা কি করে করবো? Bill এর উদ্দেশ্যটা কি? মাননীয় এক সদস্য বলেছেন ল্যাঙ্গুয়েজের প্রধান উদ্দেশ্য হচ্ছে এক্সপ্রেশান অফ ইমোশানস্, আইডিয়াজ, আর তার সঙ্গে সঙ্গে সাহিত্য সৃষ্টি করা ত্যিাদি। এর সঙ্গে ল্যাহগুয়েজের আর কেটা বড় উদ্দেশ্য আছে আমি আপনাদের কাছে জানাতে চাই সেটা হচ্ছে, এটা একটা ইন্ট্রিগেটিং ফ্যাক্টর। সেই ইনিট্রগ্রেটিং ফ্যাক্টরের কথা যদি আমরা চিন্তা করি তাহলে দেখা যায় পশ্চিমবঙ্গের মত জায়গায় অন্য জায়গার কথা তো ছেড়ে দিলাম। পশ্চিমবঙ্গের মত জায়গাতেও এই ল্যাঙ্গুয়েজ কতভাবে কাজ করছে। ধরুন আমি যদি তরাইয়ের কথা বলি, চা বাগান এলাকায় কত আদিবাসী রয়েছে- প্রচুর। সেখানে , খেড়িয়া, সাঁওতাল,মুণ্ডা, ওঁরাও কি নেই মেঝ, রাভা, কোচ সবকিছু আছে। এক একজনের ভাষা, প্রত্যেকের আইডেন্টিটি রেখেছে কিন্তু তার সঙ্গে সঙ্গে কমিউনিকেট করার জন্য সবাই ইন্ট্রিগেটিং ফ্যাক্টর হিসাবে তারা সাদৃরিকে ব্যবহার করছে। প্রত্যেকে সাদৃরি জানে, প্রত্যেকে সাদরিতে সরকারী কাজের কথা চিন্তা করে, প্রত্যেকে সাদৃতে কমিউনিকেট করে। তাহলে সেখানে কি আমরা যাব সাদৃতে। আমরা সাদৃরিতে সরকারী ভাববো? আবার যদি সাদৃরির কথা ভাবি তার সঙ্গে সঙ্গে পাশে আছে রাজবংশীরা। পশ্চিমবঙ্গ সরকার তো এখন অস্বীকার করতে পারবে না কয়েকদিন আগে রাজবংশী ভাষা অ্যাকাডেমি কোচবিহারে চালু হয়েছে। তাহলে রাজবংশী আলাদা ভাষা এই হিসাবে

স্বীকৃতি দিয়েছে পশ্চিমবঙ্গ সরকার। তাহলে সেখানে সেই এলাকায় রাজবংশীর কথা ভাববো? এনটায়ার উত্তরবঙ্গে কমপক্ষে ২০০১ সালের যে আদম সুমারী তাতে হচ্ছে ২৮ লক্ষ রাজবংশী ভাষাতে কথা বলে। তাহলে সেখানে আমরা কি রাজবংশীতে যাব? সেখানে সমস্ত কিছু কি রাজবংশীতে হবে? কাজেই এর শেষ নেই। আমাদের মাননীয় সদস্য আনিসুর রহমানের একটা অ্যামেণ্ডমেন্ট দেখলাম, দেখলাম তিনি বলেছেন for any other language। সুতরাং এনি আদার ল্যাহগুয়েজে করা যেতে পারে, যে কোন ল্যাহগুয়েজে করা যেতে পারে। কেন না ভাষাকে যদি আমরা সম্মান দিই এবং সেই ভাষার মাধ্যমে এই সব রুলস, রেগুলেশান, নোটিফিকেশানস ইত্যাদি হয় তবে তারসঙ্গে অনেক সমস্যাও জড়িয়ে যায়। Bill এ পিটিশানস্ পর্যন্ত বলা হয়েছে। আমি জানি না, যারা ড্রাফট করেছেন তাদের কত দুর পর্যন্ত ইমানিজেশান যায়। পিটিশানস্ -পিটিশানসগুলো হবে ঐ ধরুন সাঁওতালী ভাষাতে। সাঁওতালীর ক্ষেত্রে তো আরো-মাননীয় সদস্য তো বক্তৃতা করলেন। আমি যতদূর জানি আমি ঐ বিভাগের প্রিন্সিপ্যাল সেক্রেটারি ছিলাম এই অলচিকি নিয়ে কত সমস্যা হয়েছিল। সাঁওতালী যখন সাঁওতালীতে করা হবে কি স্ক্রীপ্ট কি হবে? অলচিকি হবে? মানবে সবাই? মানবে স্ক্রীপ্ট যদি অলচিকিতে হয়? সমস্যা অনক। আমরা ইমোশানে যেতে পারি, আমাদের অনেক কিছু উদ্দেশ্য থাকতে পারে সেটা যাতে টু বি ট্রান্সলেটেড্ ইন অ্যাকশান, টু বি ইমপ্লিমেন্টড্ প্রপারলি—সেটার জন্য ভাবনা চিন্তা করা দরকার, আমরা যেখানে বাংলা পারলাম না এখনও পর্যন্ত। আমি অনুরোধ করবো আপনারা বাংলাটাকে সবর্ত্র ইনট্রোডিউজ করুন।

[4.30–4.40 p.m.]

প্রত্যেকটা জায়গায় গ্রাম পঞ্চায়েত লেভেল পর্যন্ত যেন বাংলা টাইপিষ্ট থাকে, যাতে মানুষ ওখানে জানতে পারে। আর নির্দিষ্ট কিছু এলাকায়, মাননীয় সদস্য ইমরান বলেছেন, যে ওর একটা বেস এলাকায় সেখানে উর্দু আছে। সিমিলারলি কলকাতায় একটা বেস লোকায় উদু আছে। সেইসব জায়গা ইনফ্রাস্টাকচার তৈরি করুন উদুর জন্য। আর সব জায়গায় সব কিছু করতে গেলে কতটা কি হবে বলা মুশকিল। শুধু আমরা ভাবব যে এই করব, ওই করব-আবার আমি বলছি পরিকল্পনা করে এগিয়ে যান। বাংলাকে যাতে সব জায়গায় ইন্ট্রোডিউস করা যায়, পুরো পরিকাঠামো তৈরি করুন। আর অন্য গুলোর ক্ষেত্রে সাঁওতালি এলাকা যেখানে আছে, বললাম, বেসপেকটিভ এলাকায় করুন কিন্তু একেবারে ১০ পার্সেন্টের বেশি হলে সর্বত্র হবে, এ বোধহয় ইমিডিয়েটলি করা সম্ভব নয়। কাজেই আমি অনুরোধ করব, উদ্যোগটা খুবই ভালো। কিন্তু আমার শক্তি এবং সামর্থের মধ্যে, শক্তি এবং ইচ্ছার মধ্যে একটা ব্যালেন্স রাখা দরকার। সেই ব্যালেন্স রেখে যাতে কাজগুলো হয় সেই আবেদন আমি আবার করব। শুধু তাই নয় যেহেতু আগে বললাম aspiration যখন বাড়াচ্ছি তখন সাঁওতালি স্পিকিং যারা তাদের স্পিকিং আসতে পারে, রাজবংশী যারা তাদের। কথা আসতে পারে, ওঁরাওঁ যারা বলছে, প্রচুর ওঁরা ওঁ লোক আছে, আমাদের উত্তরবঙ্গের চা বাগানে জেলার জনসংখ্যার ইলেভেন টুয়েলভ পার্সেন্ট লোক ওঁরাওঁ তারাও বলতে চাইবে আমাদের ওঁরাও ল্যাঙ্গুয়েজ দাও। আমাদের উদ্যোগটা ঠিকই আছে কিন্তু প্ল্যান করে এগোন। প্রথমে আমি অনুরোধ করব যাতে সব জায়গাতে বাংলাটা হয়। এইসব পিটিশন, রুলস, রেগুলেশন গ্রামপঞ্চায়েতে শুরু হয়েছে সবেমাত্র, তাও শুধু পঞ্চায়েত ডিপার্টমেন্টের অন্য ডিপার্টমেন্ট কিন্তু করছে না। অন্য

ডিপার্টমেণ্ট থেকে এখনও ইংরেজিতে যাচ্ছে। অতএব সেটিকে এনসিয়োর করুন। যাতে গ্রামের মানুষগুলোর কাছে পঞ্চায়েত সংক্রান্ত, কোন সরকারি সিদ্ধান্ত সংক্রান্ত সরকারি লেটার যাতে বাংলাতে যায়, সেটা চেষ্টা করুন, তারপরে আমরা অন্য দিকে যাব, এটা আমার বিনীত নিবেদন। ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আজকে যে দি ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ (সেকেণ্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১২ এখানে আলোচনার জন্য উপস্থাপিত হয়েছে আমি তাকে সমর্থন করছি। না দু হাত না, তিন হাত তুলে সমর্থন করছি। আমি হাউসে ছিলাম না তখন কিন্তু ঘরে ছিলাম, এর আগের বিল নিয়ে যখন আলোচনা হচ্ছিল, আমাদের মাননীয়া সদস্য ডাঃ শশী পাঁজা বলেছেন বাম হাত ডান হাত আর অজুহাত এই তিন হাত দিয়েই আমি সমর্থন করছি। আমি অজুহাত কথাটা বললাম এই জন্য, একটা মুশকিল হচ্ছে যে বিলটার মেম্বার ইন চার্জ হচ্ছেন স্বয়ং চিফ মিনিস্টার, তাঁর নামে এখানে বিল, মমতা ব্যানার্জী মেম্বার ইন চার্জ, বিলটা এখানে সার্কুলেট হয়েছে। তিনি নেই। তিনি প্রায় বিল প্লেস করেন না। অন্য কেউ করেন। মাঝে মাঝে তিনি করে থাকেন। আমি ঠিক জানি না যে এটা রুল না একসেপসান। একসেপসান হতেই পারে। কিন্তু এটা ক্রমশ রুল হয়ে দাঁড়াচ্ছে, ভালো লাগছে না। পার্থবাবু বিল মুভ করেছেন, তিনি নেই। কাকে বলব এইসব কথা। আমরা যখন বলছি তখন ট্রেজারি বেঞ্চে কে শুনছেন তাও জানি না। কিন্তু আমাদের সদস্যরা যা বলেছেন সরকার পক্ষের, যদিও আমাকে একজন কটাক্ষ করে বলেছেন, কটাক্ষে আমি আজকাল অভ্যস্ত হয়ে গিয়েছি, দুলাল মুর্মু মহাশয়। সরকার পক্ষের যারা বলেছেন আর অন্য বিরোধী পক্ষের যারা বলেছেন তারা সবাই কয়েকটা গুরুত্বপূর্ণ সমস্যা ও প্রস্তাবের কথা বলেছেন। বিশেষ করে ডঃ সুবিলাস বর্মা এখন যা বললেন, খুবই গুরুত্বপূর্ণ বিষয়, আমি সেগুলো পুনরায় উল্লেখ করছি না। আর দু-একটা কথা আমি ওনার কাছ থেকে শুনে জানলাম, আমার মাথায় ছিল না। সুতরাং আমি আশা করি এইগুলোকে অত ছোট অর্থাৎ গুরুত্বহীনভাবে এই সব বিষয়ে আলোচনা হওয়া উচিত নয়। আমাদের মতো একটা বহুজাতিক দেশে যেখানে এত ভাষা এবং কয়েক হাজার ডায়ালেক্ট রয়েছে সেখানে। সেখানে ছোট করে দেখার অবকাশ নেই। যদিও বিলের পারপাস খুবই সীমিত। সেটা ড. সুখবিলাস বর্মা আমাদের মনে করিয়ে দিয়েছেন থ্রি বিতে, তিন নম্বর ক্লজে, সেখানে যা অ্যামেণ্ডমেন্ট আছে। যে কি কি কারণে এই ভাষাগুলি, কি কি ব্যাপারে এইগুলি ব্যবহৃত হবে অফিসিয়ালস্ ল্যাঙ্গুয়েজ অ্যাক্ট অনুযায়ী। সেখানে আরও অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করার অবকাশ এখানে নেই। কিন্তু আমার যেটা চিন্তার কারণ সেটা হচ্ছে যে বিলটা করেই আমাদের সমস্যার সমাধান হয় না। তারজন্য দরকার হচ্ছে উইল, পলিটিকাল উইল। আমি এটা করতে চাই। করতে পারবো কিনা সেটাই চিন্তা। ইটস নট ইমপর্ট্যাণ্ট টু এনাক্ট বাট হোয়াট ইজ ইমপর্ট্যাণ্ট ইজ টু অ্যাক্ট, সেটা হচ্ছে খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। সেখানে আমাদের কিন্তু মনে হচ্ছে এটাই যে ফিনান্সিয়াল মেমোরাণ্ডামে- স্টেটমেণ্ট অফ অবজেক্টস অ্যাণ্ড রিজনসে বলা হয়েছে, ফিনান্সিয়াল মেমোরাণ্ডাম তো এখানে নেই। স্টেটমেণ্ট অফ অবজেক্টস অ্যাণ্ড রিজনসে পাঁচ নম্বর পয়েণ্ট-সর্বশেষ পয়েন্টটা দেখবেন নো ফিনান্সিয়াল ইমপ্লিকেশান ইজ এনভিসেজডন ইন গিভিং এফেক্ট টু দি প্রভিশানস অফ দি বিল। তাই মনে হয়? মাননীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী

তো জবাব দেবেন, বলবেন, যে এইগুলো ভাষায় যা যা করতে হবে এ, বি, সি. ডি, ই, এফ-থ্রি বিতে এই কাজগুলোতে পয়সা লাগবে না আপনার? টেন পারসেন্ট যদি একটা ব্লকে পপুলেশান থাকে তাহলে এই কাজগুলো করার জন্যে আপনার যে ভাষায় জানে, যে ভাষায় লিখে পারে, যে ভাষায় অনুবাদ করতে পারে, সে ভাষায় টাইপ করতে পারে- এই সব ইনফ্রাস্টাকচার লাগে। আর আপনার মনে হচ্ছে এতগুলো জিনিস করেও নো ফাইনান্সিয়াল ইমপ্লিকেশান। কিছু দরকার নেই, কোন পয়সাপত্র নাকি লাগবে না। কোন পরিকাঠামো করতে হবে না। আপনি কি করে করবেন এটা? সেইজন্য আমরা বলছি-একটা বিল আমরা পাশ করতে পারি। আমাদের অভিজ্ঞতা আছে মাননীয় সদস্য দুলাল মুর্মু বলেছেন যে আমরা অলচিকি হরফ যখন করলাম তখন আমরা বুঝিনি কিন্তু আমরা অভিজ্ঞতা থেকে বুঝেছি। কি বুঝেছি? ভাষাটা সাঁওতালী, হরফটা অলচিকি। এই অলচিকি হরফ সবাই গ্রহণ করবেন? করেননি। আমরা যখন - আমি জেলায় ছিলাম। এই অলচিকি হরফে আমরা ওই স্বাক্ষরতা প্রাইমার তৈরি করেছিলাম। আর বাংলা হরফে সাঁওতালী বাযায় আমরা করেছি। পশ্চিমবাংলা- পশ্চিমবাংলার মতো ওই সাঁওতালী ভাষায় কিন্তু বাংলা হরফে বের হতো। এখন কি হয় আমি জানি না। আপনি বলতে পারবেন। আমার চাইতে বেশি বলতে পারবেন। যাইহোক, এখন কি হয় আমি দেখিনি। সুতরাং অন্যান্য রাজ্যে যে সাঁওতালরা আছেন, যেখান থেকে এসেছিলেন ছোটনাগপুর, বিহার, ঝাড়খণ্ড, এদিকে উড়িষ্যা সেখানে কি কেউ অলচিকি হরফ করেন? এই যে সমস্যা, জটিল সমস্যা। আপনি সাঁওতালী ভাষার একটা হ্যান্ডবিল দেবেন কি আইনের একটা খসড়া দেবেন, তো কি হরফে দেবেন? ভাষাতে ওইটা। হরফটা কি? এই যে সমস্যা, এইগুলো প্র্যাকটিকাল প্রবলেম। সেই সব এখানে নেই। স্যার, আপনি এখন এসেছেন বলেই আমি বলছি, বিল সমর্থন করেই আমি বলছি, আমার আশংকার কথা বলছি। অন্যান্য সদস্যরা যা বলেছেন সেই সব কথা বলছি। কিন্তু আমি বলছি স্যার, এই হাউসটার গুরুত্ব- এটাও ছোট হয়ে যাচ্ছে। যদি এটা হয়ে দাঁড়ায় যে মেম্বার ইন চার্জ অফ দি বিল, তিনি কখনো বিল পেশ করবেন না, হাউসে আসবেন না। এটা যদি রুল হয়ে দাঁড়ায়, একসেপশান আমি আবার বলছি আলাদা ব্যাপার। এটা যদি রুল হয়ে দাঁড়ায় তাহলে আপনাকে ভাবতে হবে যে হাউসের মর্যাদা রক্ষিত হচ্ছে কিনা। আমি এইখানে বসতে বসতে একটু গেলাম, সেখানে শুনতে পেলাম যে মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে মহাকরণে -আজকে ১০ই ডিসেম্বর, মানবাধিকার দিবস, সেই উপলক্ষে ৫১ জন যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত বন্দিকে মুক্তি দেওয়ার কথা ঘোষণা করলেন। এটা হাউস চলতে চলতে ওইখানে হতে পারে? এইরকম একটা নীতিগত সিদ্ধান্ত, হাউসের যা প্রথা আছে এখানে বলবেন না?

[4.40–452 p.m.]

আমি যখন বললাম স্যার আপনি হয়তো খারাপ ভেবে থাকবেন তারজন্য আমি মাফ চেয়ে নিচ্ছি যদি আপনি কষ্টবোধ করে থাকেন। আমি চিৎকার করছিলাম এইজন্য মেম্বার অফ দা হাউজ কোন একটা জায়গায় আক্রান্ত হয়েছে, তার নিরাপত্তার প্রশ্ন। স্যার, এটা আপনার কিছু বলার নেই? আপনি custodian of house and as much as the Government Chief whip. এটা পলিটিকাল মাইলেজের জন্য বলছি না। ইজ ইট? আমরা ওই রকম একটা প্রশ্ন ওই রকম ভাবে এড়িয়ে যাব অন্য একটা সময়ের কথা বলে। যেন গুরুত্বহীন হয়ে যাচ্ছে। কথাতো অনেক

বলার আছে। কে শুনবে, কে জবাব দেবে, কে বুঝবে, কে গুরুত্ব দিয়ে বিচার করবেন, বিবেচনা করবেন। তার উপর হাউসে আমাদের বলা নির্ভর করবে। আমি বিল সমর্থন করছি, সেটা নিয়ে আমি যাচ্ছি না। যে জটিলতা গুলি আছে সেগুলি সমধানের জন্য রাজনৈতিক ইচ্ছার প্রয়োজন। পয়সা কিছু লাগবে না, পরিকাঠামো কিছু লাগবে না এই মনে করে যদি এই কাজটা শুরু করা হয় তাহলে আমি নিশ্চিত করে আপনাকে বলে দিতে পারি যে ওই বিল বিলেই থাকবেই তা মাঠে কার্যকরী হবে না। ধন্যবাদ, স্যার।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় The West Bengal Official Language (Second Amendment) Bill, 2012 এই বিলের উপর আলোচনা করতে গিয়ে আমাদের সদস্যরা তা সরকারী পক্ষের সদস্যরা যেমন বক্তব্য রেখেছেন তেমনই বিরোধী দলনেতা সহ বিশিষ্ট বিধয়াকরাও বক্তব্য রেখেছেন। আমি বক্তব্য রাখতে গিয়ে বিরোধী দলনেতা হঠাৎ কারো কারো ফাইল নিয়ে নিয়েছেন দেখছি, তারসঙ্গে বিলের কোন সম্পর্ক ছিল না। তা সত্ত্বেও তিনি বলেছেন, আমরা বলার সুযোগ পেতাম না আপনারা পাচ্ছেন। এটা একটা ভাল লক্ষণ। আর একটা ভাল লক্ষণ আমি দেখলাম যে আপনারা যাকে বাইরে কদর্য ভাষায় আক্রমণ করেন তার উপস্থিতির জন্য মাথা খুড়ে খুড়ে মরছেন, এটা একটা ভাল লক্ষণ আপনাদের। আমাদের উত্তর দিতে হবে। কোথাও আমি দেখতাম যখন বসে বসে যার উত্তর দেওয়ার কথা-এমনকি যারা ওই বেঞ্চে বসে আছেন তারা অনেক সময় থাকতেন না কিন্তু উত্তর দিতেন। এমনও হয়েছে কোন কোন বিষয়গুলি পাঠিয়ে দেওয়া হয়েছে আলোচনার দরকার নেই। আমরা খুশি এবং আমি আপনাকে আশ্বস্ত করতে চাই সরকারের পক্ষ থেকে যে, ভাল বিতর্ক হোক, ভাল অংশগ্রহণ করুন আপনারা, ভালভাবে বলুন। আমাদের বক্তব্য শোনা হবে এবং শুনছিও। এবং তারমধ্যে যথার্থতা থাকলে, বাস্তবতা থাকলে এবং তারমধ্যে কোন সাজেশান যদি ভাল থাকে তা গ্রহণ করার মত হৃদয় আমাদের আছে। আমি আপনাকে বলি যে এই সরকারের মুখমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে মা-মাটি-মানুষ-এর সরকার যখন আসল তখন সর্ব প্রথম আমরা এনেছিলাম উর্দু ভাষায় এবং আপনারা শুনে নিশ্চয়ই খুশি হয়েছেন। সেটা পাশ হওয়ার পর রাজ্যপালের অনুমোদন পাওয়ার পর তা প্রকাশিত হয়েছে। আমি এই কথাটি শুধু আপনাদের বলতে চাই কিছু কিছু প্রশ্ন আমি শুনছিলাম যখন আমরা আলাদা করে বিজনেশ অ্যাডভাইজারি কমিটিতে আনঅফিসিয়াল আলোচনা করি তখন কিছু প্রশ্ন শুনেছিলাম-এই হিন্দিকেন, হিন্দিতো রাষ্ট্রীয় ভাষা ইত্যাদি। অনেকে সেটা বলেছেন আবার অনেকে হয়তো বলেননি। এই 8th শিডুলে হিন্দি অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ। আমরা যেটা এখানে করবার চেষ্টা করেছি চারটিকে যুক্ত করে সেটা ক্লজ থ্রি অফ দা আর্টিক্যাল ৩৪৮ এবং আর্টিক্যাল ৩৪৫ অফ দা ইণ্ডিয়ান কনস্টিটিউশান।

অর্থাৎ সংবিধানকে সামনে রেখেই তাকে তার নিয়ম অনুসারে আজকে প্রথমে উর্দু এবং তারপরে আজকে এই ভাষাগুলি-সাঁওতালী ল্যাংগুয়েজ, উড়িয়া ল্যাঙ্গুয়েজ, পাঞ্জাবী ল্যাঙ্গুয়েজ রুলস অ্যাণ্ড রেগুলেশান - টি. ভি-তে সূর্যবাবু যেটা আপনি বলছিলেন, তার ব্যবস্থা করা হয়েছে। স্বভাবতঃই আপনি স্টেটমেন্ট অ্যাণ্ড অবজেকশান-এর মধ্যে ঢুকেছেন এবং ঢুকে আপনি সবসময় আপনাদের একটা দুঃশ্চিন্তার কারণ হয়েছে যে অর্থ কোথায় পাব, আমরা তো সব মেরে ফাঁক করে চলে গিয়েছি।

২ লক্ষ ৩ হাজার কোটি টাকা মাথায় দেনা নিয়ে যদি প্রাক্তন অত্যন্ত দায়িত্বপূর্ণ মন্ত্রীরা বসে আছেন প্রথম সিটে তাদেরওতো মাথা কামড়ানো উচিত যে এই সরকারটা চলছে কি করে। আমরা তো যে অবস্থা করে রেখেছি- সোজা হয়ে দাঁড়ানোর ব্যবস্থা রাখিনি, আর্থিক, অবস্থাটা ভেঙ্গে দিয়েছি। তারা এখন ভাবছে যে উড়িয়া ভাষা যদি আসে,পাঞ্জাবী ভাষা যদি আসে, সাঁওতালী ভাষা যদি আসে, উর্দু ভাষা যদি আসে তাহলে বোধহয় আর রাজ্য শাসন করা যাবে না। এতো কিছু ভারী, এতো ঋণের বোঝা নিয়ে যদি এই সরকার আপনাদের সকলকে নিয়ে এই রাজ্যের উন্নয়নে চলতে পারে তো ব্যবস্থা হবে, আপনাদের দুশ্চিন্তার কারণ নেই। আমি আপনাদের সকলকে এবং সূর্যবাবু শেষে বললেন যে, না এটা আমাদের সমর্থন ছাড়া উপায় নেই, আমি জানতাম যে এটা বলবেন। সবকিছু বলার পর এটাই বলতে হয়। আমি খুশি যে আপনারা অত্যন্ত সূর্যবাবু শুনলাম যে সমর্থন করছেন, আমি আপনাদের আবার বলছি যে, রাজ্যের ভাল কাজে রাজ্যের সমস্তরকম উন্নয়নে যা আপনারা ৩৪ বছরে করে যেতে পারেননি, তারা ঠেলা সামলানোর জন্য যে ব্যবস্থা আমরা নিচ্ছি, আপনারা অন্ততঃ প্রায়শ্চিত্য করবার সুযোগ পাবেন আমাদের সমর্থন করে। আপনারা এই বিলকে সমর্থন করুন।

মিঃ স্পীকার : মাইকটা দিন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : যাইহোক প্রশ্নের কোন জবাব পেলাম না। কিন্তু স্যার আমি গুরুত্বপূর্ণ তিনটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছি। বিলের থার্ড রিডিংয়ে বলার রাইট আছে, আমি সেটা নেব না, সমর্থন করেছি, আমি তার মধ্যে যাচ্ছি না। স্যার আপনি একটু বলবেন এটা কি চলবে? এটা কি রুল? হাউসের যে মর্যাদা, আমি যে তিনটি প্রশ্ন করেছি স্যার, সেটা আপনি একটু কমেন্ট করবেন। এটা আপনাকে মনে করিয়ে দিচ্ছি। এইরকম জবাব শোনার জন্য বলতে ইচ্ছে হয় না।

শ্রী পার্থ চ্যাটার্জী : প্রথম কথা বিল নিয়ে আলোচনার সময় আমরা দেখেছি মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি যে মানসিকতা দেখিয়েছেন ঐ চেয়ারে বসে ঐরকম মানসিকতা আমি আগে দেখিনি। আপনি দেখছি বিলের মধ্যে হাত তুলেলই বিরোধী দলনেতাকে বলবার সুযোগ দিচ্ছেন, সিনিয়ার নেতাদেরকে বলবার সুযোগ দিচ্ছেন। আমি বলি যে বিষয়গুলি নিয়ে আজকে আলোচনা করেছি, তার থেকে বাইরের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করবার অনেক সুযোগ পাবেন , তখন তিনি বলবেন।

মিঃ স্পীকার : ঠিক আছে।Now the question before the House is that the West Bengal Official Language (Second amendment) Bill,2012 be taken into consideration. As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No". Ayes have it. Ayes have it.

Clause - 2

Mr. Speaker : There are amendments Nos. 1 and 2 to Clause 2 by Shri Anisur Rahaman. Now I call upon Shri Anisur Rahaman to move his amendment.

শ্রী আনিসুর রহমান : আমি পার্থবাবুকে একটু উদারতা দেখিয়ে আমি এই সংশোধনী এনেছি উদারতা দেখাবার জন্য। ওনার ভাষার প্রতি দরদ আছে, আমি বলে দিয়েছি, আরও অনেক ভাষা. 1 beg to move that in Clause 2, in proposed clause (aa) of section 2 of the Principal Act, in line 4, after the word people-, the words or any other langusge- be inserted. যত পারেন অধিকার দিয়ে দেওয়া হোক।

মিঃ স্পীকার : ঠিক আছে।

Mr. Speaker : Now the question before the House is that the West Bengal Official Language (Second amendment) Bill, 2012 be taken into consideration. As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "no". Ayes have it. Ayes have it.

Clause - 2

Mr. Speaker : There are amendments Nos. 1 and 2 to Clause 2 by Shri Anisur Rahaman. Now I call upon Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : (In Beng)..... I beg to move that in Clause 2, in proposed clause (aa) of section 2 of the Principal Act, in line 4, after the word 'people', the words 'or any other language' be inserted.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in Clause 2 in proposed clause (aa) of section 2 of the Principal Act, in line 6, after the words 'Punjabi Language', the words 'or any other Indian Language' be inserted.

Mr. Speaker : Now, the Hon]ble Minsiter-in-charge to reply.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি ঠিকই বলেছেন আপাতত এই অধিবেশনে এটা গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : The question before the House is that amendments (Nos. 1 & 2) moved by Shri Anisur Rahaman. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'Noes have it, Noes have it.

Now I put Clause 2, as amended, to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enachting Formula , the Preamble and the Title of the bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, The Preamble and the Title of the Bill.

The question that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now, the Hon]ble Minister-in-Charge of Parliamentary Affiairs Department may please move the Motion for passing the Bill.

Thri Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Official Language (Second Amendment) Bill, 2012, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill as settled in the assembly be passed. As many as are of that opinion will pleased say ~Aye' and as many as are of the contrary will please say 'No'. Ayes have it, Ayes have it. The Bill is passed ; the Bill is passed.

Adjournment

The House was then adjouned at 4.52 p.m. till 11.00 a.m. on Tuesday, the 11th December, 2012 at the Assembly House, Kolkata-700001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 11th December 2012 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 30 Ministers, 6 Ministers of State and 197 Members.

[11.00 – 11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

যুব কল্যাণ আধিকারিকের শূন্য পদ

* ১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩) **শ্রীতজমূল হোসেন :** যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে রাজ্যের বেশ কিছু ব্লকে যুব কল্যাণ আধিকারিকের পদ শূন্য আছে, এবং

(খ) সত্যি হলে, এইরূপ ব্লকের সংখ্যা কত?

শ্রী অরূপ বিশ্বাস : (ক) হ্যাঁ সতি।

(খ) ১২০ (একশত কুড়ি) টি ব্লক যুব আধিকারিকের পদ শূন্য আছে।

শ্রী তাজমূল হোসেন : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন-তিনি উত্তরে বলেছেন হ্যাঁ, সত্যি। যদি সত্যি হয়ে থাকে, তাহলে কোন কোন জেলার কোন কোন ব্লকে কতগুলি পদ শূন্য এবং এই শূন্যপদগুলি পূরণ করার কি কি ব্যবস্থা আপনি গ্রহণ করেছেন দয়া করে আপনি জানাবেন কি?

মিঃ স্পীকার : আপনি প্রথম প্রশ্নের উত্তর দিন। মাননীয় সদস্য আপনি দুটো প্রশ্ন করেছেন। আপনি বলেছেন কোন কোন জেলায় কটি ব্লকে শূন্যপদ রয়েছে এটা একটা প্রশ্ন, আপনি প্রথম প্রশ্নের উত্তর দিন।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই যে এই সংখ্যাটা অ্যাকচুয়ালি ১৮৫ ছিল। সম্প্রতি আমাদের পাবলিক সারভিস কমিশন থেকে ৬৫ জনের নাম পাঠানো হয়েছে। ইতিমধ্যে ৫২ জনকে নিয়োগপত্র দেওয়া হয়েছে। আর উনি যেটা চাইছেন জেলাওয়ারী

তথ্য সেটি হল-দক্ষিণ ২৪ পরগণাতে বর্তমানে ২৭ জনের মধ্যে ২০ জন আছেন, উত্তর ২৪ পরগণাতে ২২ জনের মধ্যে ১৬ জন আছেন। নদীয়াতে ১৭ জনের মধ্যে ১২ জন আছেন, হাওড়াতে ১৪ জনের মধ্যে ৯ জন আছেন, হুগলীতে ১৮ জনের মধ্যে ১১ জন আছেন, মূর্শিদাবাদে ২৬ জনের মধ্যে ১৭ জন আছেন। পূর্ব মেদিনীপুর ২৫ জনের মধ্যে ১৬ জন আছেন। পূর্ব মেদিনীপুরে ২৫ জনের মধ্যে পশ্চিম মেদিনীপুরে ২৯ জনের মধ্যে ২০ জন আছেন, বর্ধমানে ৩১ জনের মধ্যে ১৫ জন আছেন, বীরভূমে ১৯ জনের মধ্যে ৮ জন আছেন, বাঁকুড়াতে ২২ জনের মধ্যে ১২ জন আছেন, পুরুলিয়াতে ২০ জনের মধ্যে ১১ জন আছেন, মালদাতে ১৫ জনের মধ্যে ৮ জন আছেন, দক্ষিণ দিনাজপুরে ৮ জনের মধ্যে ৪ জন আছেন, উত্তর দিনাজপুরে ৯ জনের মধ্যে ৭ জন আছেন, দার্জিলিং শিলিগুড়ি, মহকুমা শহরে ১৪ জনের মধ্যে ১৪ জন আছেন, জলপাইগুড়িতে ১৩ জনের মধ্যে ১২ জন আছেন, কুচবিহারে ১২ জনের মধ্যে ৭ জন আছেন। মোট ৩৪১ জনের মধ্যে ২২১ জন আছেন, ১২০ টি পদ খালি আছে।

শ্রী তজমূল হোসেন : স্যার, মাননীয় মন্ত্রী বলেছেন ১২০ টি পদ খালি রয়েছে। আপনার কাছে আমার নির্দিষ্ট প্রশ্ন- আমার মালদা জেলাতে আপনি বলেছেন যে আটটি পদ পূরণ হয়েছে, সাতটি পদ পূরণ করতে এখনও বাকী রয়েছে। আমার নিজের ব্লকের কথা বলছি সেই ব্লকের একজন অফিসার, একজন ডি ওয়াই ও আছেন। তিনি চার-পাঁচটি ব্লকে দেখছেন। তাঁর কোন নির্দিষ্ট সময় নেই যে কোন একটি নির্দিষ্ট ব্লকে গিয়ে সেদিন তিনি সেখানে কাজ করবেন। তাই এই সমস্ত পদকে পূরণ করার জন্য এই যে অবসরপ্রাপ্ত যারা রয়েছেন, তাদেরকে নিয়োগ করার ব্যাপারে, অথবা বেকার ছেলেদের দিয়ে অথবা কোন এন জি ও কে দিয়ে কিংবা কোন ক্লাবকে দিয়ে আপনি কি এই পদগুলি পূরণ করার ব্যাপারে কোন উদ্যোগ গ্রহণ করেছেন?

শ্রী অরূপ বিশ্বাস : বর্তমানে যে সমস্ত বি ওয়াই ওরা আছেন, ব্লক যুব আধিকারিকরা, তাঁরা দুটো করে ব্লক দেখছেন। এবং আমাদের এই শূন্যস্থান পূরণের প্রক্রিয়া চলছে।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন-এই যে দীর্ঘদিন ধরে একটা অবহেলার ফলে এই যুব কল্যাণ আধিকারিক পদগুলি শূন্য হয়ে রয়েছে। এর আগে কি এই ধরণের কোন উদ্যোগ গ্রহণ করা হয়েছে ঐ ব্লক যুব কল্যাণ আধিকারিকের শূন্য পদগুলি পূরণ করার জন্য? এই ব্যাপারে কোথাও কোন বিজ্ঞাপন অথবা দু হাজার এগারো সালের আগে এই বিজ্ঞাপন দেওয়ার কোন প্রক্রিয়ার কথা আপনার জানা আছে?

শ্রী অরূপ বিশ্বাস : আমার কাছে যতটুকু ইনফরমেশন আছে, তাহল ১৮৫ জন, মানে এই যে নতুন করে ৬০ জন আমরা নিলাম, তার আগে ১২০ প্লাস ৬৫, অর্থাৎ ১৮৫ জন, প্রায় ৮-১০ বছর এই পদগুলি শূন্য ছিল।

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : মিঃ স্পিকার স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন -এই ব্লকে যুব কল্যাণ আধিকারিকরা আছেন, এদের কাজ কি?

শ্রী অরূপ বিশ্বাস : এদের কাজ যুব কল্যাণ দপ্তরের সমস্ত প্রোগ্রামগুলিকে ইমপ্লিমেন্ট করা এবং আমাদের যেসব অ্যাকটিভিটিজগুলি রয়েছে, সেগুলি মানুষের কাছে পৌঁছে দেওয়া।

[11.10—11.20A.M.]

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : এদের কি কোনো কাজ আছে?

শ্রী অরূপ বিশ্বাস : অভিয়াসলি আছে। রেজ্জাকবাবু আপনি তো জানেন, আপনি নিজেও অনেকবার বলেছেন যে, মৃতপ্রায় একটা দপ্তর, সেটা কিন্তু এখন আই.সি.ইউ. থেকে বেরিয়ে একদম সচলভাবে চলছে।

শ্রী মহঃ সোহরাব : স্যার, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, আপনি বললেন পি.এস.সি. থেকে কিছু নাম এসেছে। যারা এসেছে, তাদের অ্যাপয়েন্টমেন্ট দিলে পরেও আপনার ভ্যাকেন্সি থেকে যাচ্ছে। সেই ভ্যাকেন্সিগুলো কি আবার পি.এস.সি. -র থ্রু দিয়ে আসবে, না কম্পিটেটিভ পরীক্ষা হবে, না অ্যাডভাটাইজমেন্ট হবে?

শ্রী অরূপ বিশ্বাস : সম্মানীয় সদস্য, আপনার উত্তরে জানাই, এখনো ১২০টি পদ খালি আছে। আমরা পি.এস.সি. কে সমস্ত কাগজপত্র পাঠিয়েছি, পি.এস.সি. -র মাধ্যমেই পূরণ করা হবে।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পিকার স্যার, এই যে দীর্ঘদিন ধরে পদগুলো খালি ছিল, তার ফলে কাজের যে অসুবিধা হচ্ছিল ৮-১০ বছর ধরে, এই ৮-১০ বছরে এই যুব কল্যাণ দপ্তরকে চালাতো কে? দেখতো কে? আমার প্রশ্নটা আমি আবার বলছি, একটা কমপ্লিট্ আই.সি.ইউ. তে যেটাকে পাঠানো হয়েছিল, সেই আই.সি.ইউ. তে এদের সেবা-যত্ন করতো কে?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্য যে কথা বলেছেন, আপনারা জানেন যে, আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পর থেকেই এই যুব কল্যাণ দপ্তর ছাত্র-যুব উৎসব, বিজ্ঞান মেলা সম্প্রতি আমরা শুরু করেছি প্রতিভার সন্ধানে। সমস্ত জেলায় কবাডি এবং তীরন্দাজি। আমরা ১২ থেকে ১৬ বছরের সমস্ত বাচ্চাদের নিয়ে এক মাসের আবাসিক ক্যাম্প্ করছি। 'সাই' আছে আমাদের সঙ্গে, কবাডি অ্যাসোসিয়েশন আছে আমাদের সঙ্গে, আচারি অ্যাসোসিয়েশন আছে আমাদের সঙ্গে। এই ক্যাম্প্ থেকে বাচ্চাদের বেছে ৬০টি বাচ্চাকে আমরা 'সাই'কে তুলে দেবো। 'সাই' তাদের লেখা-পড়া, খাওয়া-দাওয়া, শেখানো এবং যাতে তারা জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পারে, সেই ব্যবস্থা করছে। এই দপ্তর সারা বছর ধরেই কাজ করছে। আগে তো কোনো অস্তিত্বই ছিল না। কোনো কাজই হোতো না। মাননীয়া সদস্য ঠিকই বলেছেন, কাজ ছিল না, তাই লোক দরকার ছিল না, আজকে কাজ হচ্ছে, তাই লোক দরকার আছে।

শ্রী রামেশ্বর দলুই : স্যার ধন্যবাদ। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে অতিরিক্ত একটা প্রশ্ন করছি, আই.সি.ইউ. সম্পর্কে যা বললেন, সেটা ৭৭ এর পূর্বে ৭০ এর দশকে এই দপ্তরটা আই.সি.ইউ.তে ছিল। বামফ্রন্টের আমলে ছাত্র-যুব উৎসব থেকে শুরু করে যুবক-যুবতী, অন্যান্যদের মধ্যে একটা উন্মাদনা তৈরি হয়েছিল। আমি আপনার কাছে জানতে চাইছি, ব্লক ছাত্র যুব উৎসব বা জেলা ছাত্র যুব উৎসবে পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েতের প্রধান, সভাধিপতি বা সংশ্লিষ্ট এম.এল.এ., এম.পি.দের নিমন্ত্রণ করার বা অতিথি করার ব্যাপারে কোনো গাইড্ লাইন্

কি দিয়েছেন ? কেননা তারা উপেক্ষিত, দলবাজি করা হচ্ছে। অনুগ্রহ করে যদি বলেন এই সম্পর্কে সরকারের কি স্পষ্ট বক্তব্য ?

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, আমি একটা কথা বলতে পারি যে, এই দপ্তর কোনো দলবাজি করে না, বা এই সরকার কোনো দলবাজি করে না। .....(গোলমাল).....আমাকে না বলতে দিলে আমি বসে যাবো। আজকে যারা এই কথা বলছেন, এখানে অনেক মাননীয় সদস্য আছেন, বর্ষীয়ান সদস্য আছেন। তাঁরা জানেন, এই ছাত্র-যুব উৎসব একটা রাজনৈতিক দলের ছাত্র সংগঠন এবং যুব সংগঠনরাই করতো। সাধারণ মানুষ জানতো না। দিস্ ইজ্ দি ফার্স্ট টাইম্ যে, আমি সাধারণ মানুষ, সর্বস্তরের মানুষকে নিয়ে এবার স্বামী বিবেকানন্দের জন্ম সার্ধশতবর্ষ -এই বিবেক ছাত্র-যুব উৎসব সবাইকে নিয়েই আমরা করার চেষ্টা করছি এবং আগামি ২৬,২৭,২৮ ব্লক স্তরে, ২ এবং ৩ জেলা স্তরে এবং ৭, ৮ রাজ্য স্তরে এই বিবেক ছাত্র-যুব মেলা অনুষ্ঠিত হবে।

শ্রী অসিত মজুমদার : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করছি, মাননীয় মন্ত্রী বর্তমান মা-মাটি-মানুষের সরকার আসার পর যুব দপ্তর যে কাজ করছে, উনি জেলায় জেলায় বিভিন্ন ক্লাবকে কিভাবে সাহায্য করছেন, সেটা যদি একটু দয়া করে জানান।

শ্রী অরূপ বিশ্বাস : আমার এই প্রশ্নটা পরে আছে স্যার, যদি আপনি বলেন তাহলে উত্তর দিতে পারি।

মিঃ স্পীকার : নেকষ্ট্ কোয়েশ্চেনে উত্তর দেবেন।

পশু হাসপাতল

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬১) **শ্রী অসিত মিত্র :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, রাজ্যে পশু চিকিৎসার জন্য কিছু হাসপাতাল তৈরী হচ্ছে?

শ্রী নুরে আলম চৌধুরী : হ্যাঁ।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ উনি সংক্ষিপ্ততম উত্তর দিয়েছেন। উনি আগের থেকে অনেকটা প্রস্তুত হয়েই আছেন মনে হচ্ছে। যাইহোক্, আমার প্রথম সাপ্লিমেন্টারী প্রশ্ন-পশু চিকিৎসার জন্য রাজ্যে কতগুলি হাসপাতাল তৈরী হচ্ছে বলে বলেছেন—আমি জিজ্ঞাসা করছি কবে এবং কোন কোন জায়গায়তো বলবেনই। কিন্তু আসলে কোন দিকে লক্ষ্য রেখে এই পশু চিকিৎসার হাসপাতালগুলি তৈরি হয়েছে এবং তার আকার কি রকম ?

শ্রী নূরে আলম চৌধুরী : স্যার, প্রথমত আমার যা মনে হয় এই কোশ্চেনটা ওয়াইড্ তবু আমি চেষ্টা করছি যতটা ছোটর মধ্যে উত্তর দেওয়া যায়। কারণ হাসপাতালগুলি ডিভাইডেড হয়ে আছে বিভিন্ন ভাবে। ডিস্ট্রিক্টে রয়েছে, সাবডিভিশনে রয়েছে, ব্লকে রয়েছে এডিশনাল ব্লকে রয়েছে এবং রয়েছে animal development centre প্রতিটি গ্রামে। sorry, হাসপাতাল আপনার ডিস্ট্রিক্ট লেভেলে রয়েছে, সেটার নাম হচ্ছে ভেটারিনারি হাসপাতাল এবং এখানে সাধারণত

আমাদের পোষ্ট রয়েছে ১৯ প্লাস ১টা ছিল। উনি যে উত্তরটা চাইছেন সেখানে উন্নত পরিষেবার জন্য ওটা ডেভালপ্ করা হয়েছে পলিক্লিনিকে। এখনও পর্যন্ত ৫টা পলিক্লিনিক তৈরী হয়েছে, যার মধ্যে রয়েছে বহরমপুর, সিউড়ী, মালদা। বারাসাতে পুরোপুরি চালু হয়ে গেছে। শিলিগুড়ি কমপ্লিট হয়ে আছে, কেবল ওপিনিং -এর জন্য ওয়েট করছি। বর্ধমান প্রায় এব্যাউট টু বি কমপ্লিটেড, আশা করি নিই ইয়ারের বিগিনিং -এর দিকে আমরা ওটাও চালু করতে পারবো। এর সঙ্গে সঙ্গে তমলুকের কাজ শুরু হয়ে গেছে এবং কুচবিহারেও কাজটা শুরু হতে যাচ্ছে। পলিক্লিনিকের পরিষেবা হচ্ছে উন্নত ধরনের, এখানে আপনার বলতে পারেন radio imaging, x-Ray, ultrasound introduce হয়ে গেছে। তা ছাড়া এখানে বিশেষজ্ঞ ডাক্তার medicine, surgery, gynacoclogy ইত্যাদি ডাক্তাররা এনগেজ রয়েছেন। যার জন্য এই পলিক্লিনিকগুলিতে উন্নত ধরনের পরিষেবা দেওয়া হয়েছে। এবার এর সঙ্গে সঙ্গে আসা যাক আমাদের সাবডিভিশনের সম্বন্ধে, সাবডিভিশনে আমাদের প্রায় অনেকগুলি হাসপাতাল রয়েছে। যেগুলিকে বলা হয় আমাদের state animal health centre, এর সংখ্যা প্রায় 91, এবং 52 সাবডিভিশনে রয়েছে। Block Animal Health Centre রয়েছে ৩৩৯টি। Additional block animal health centre রয়েছে ২৭১টি, animal development health centre রয়েছে ২৬০০টি। নিশ্চয়ই এতগুলো হাসপাতালের মধ্যে কিছু কিছু জায়গায় খালি আছে, কিছু কিছু জায়গায় ডাক্তাররা, অফিসাররা retire করে গেছেন। এবং এখনও পর্যন্ত যে vacancy আমাদের রয়েছে এতগুলো হাসপাতালে তার সংখ্যাটা হচ্ছে ১৫০টি। কোন জায়গায় একটি, দুটি, চারটি বোধহয় রয়েছে। আমরা ভর্তি করার চেষ্টা করে যাচ্ছি।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার দ্বিতীয় প্রশ্ন, সেটা হলো আপনি হাসপাতাল করছেন, কিছু কিছু জায়গাতে কিছু কিছু vacancy আছে, তার মধ্যেও কত জন ডাক্তার, কত জন অন্যান্য কর্মচারী তা বলেন নি। আমি এই প্রসঙ্গে আপনাকে শুধু একটা কথা জিজ্ঞাসা করি তা হলো এই যে Prevention is better than cure. এটা পশু চিকিৎসার সঙ্গে যাঁরা সংযুক্ত তাঁরাও বলছেন, যাঁরা মানুষের চিকিৎসা করছেন তাঁরাও বলছেন। এই Prevention -এর জন্য আপনারা প্রাণীবন্ধু বলে একটা সম্প্রদায়কে তৈরী করেছিলেন, যারা বর্তমানে এখনও কাজ করছে। এই প্রাণীবন্ধু সম্পর্কে যাদের সঙ্গে হাসপাতালের যোগাযোগ থাকবে। এই প্রাণীবন্ধুদের সম্বন্ধে এখানে বার বার প্রশ্ন করা হয়েছে। নেপালবাবুও এর আগে করেছেন। আমি বলছি যে, আপনি প্রতিবারই সেটা এড়িয়ে গেছেন। আমি আপনার কাছে জানতে চাইব এই প্রাণী বন্ধু যারা একদম সামান্য পয়সায় কাজ করেন তাদের বেশি করে সাহায্য দিয়ে ওড়িশা, ঝাড়খন্ড, বিহার, মহারাষ্ট্র এই সমস্ত রাজ্য তারা যেভাবে তাদের একটা সাধারণ মানে পৌঁছে দিয়েছে আপনি এটা ভাবছেন কিনা।

[11.20—11.30 p.m]

শ্রী নুরে আলম চৌধুরী : স্যার, প্রাণী বন্ধু সম্বন্ধে প্রশ্ন বোধহয় এই হাউসে দেড় বছরে আজকে নিয়ে মনে হয় ৫ বার করা হল। অনেকবারই উত্তর দেওয়া হয়েছে। উনি ঘুরে ঘুরে একই

জায়গায় আসছেন। উনি প্রাণী বন্ধু সম্বন্ধে স্পেসিফিক প্রশ্ন করবেন ওনাকে স্পেসিফিক উত্তর আবার দেব। যেগুলো আবার বারেবারে রিপিটেশানটা হবে এর.....

.....(গোলমাল).....

মিঃ স্পীকার : অপনারা বসুন। Please, please take your sit. Hon'ble member please take your sit. Please take your sit. Please, please. Please take your sit. আপনি বসুন। আপনারা না বসলে তো আমি কিছু বলতে পারব না। আপনারা যদি না বসেন আমি কিছু বলতে পারব না। আপনি বসুন এখানে আমি শুনেছি আপনি কি বলেছেন। মাননীয় মন্ত্রীর কাছে যদি স্পেসিফিক উত্তর থাকে আপনি বলুন নাহলে আপনি বলুন, সময় চাইলে আপনি সময় নিন। বা আপনি নেক্সট উত্তর দেবেন। পরে পাঠিয়ে দেবেন।

শ্রী নুরে আলম চৌধুরী : স্যার, আমাদের প্রাণী বন্ধু সম্বন্ধে যেটুকু উত্তর হচ্ছে, আমাদের প্রায় ৩২০০ মত এ্যাপয়েন্টমেন্ট হয়েছে। প্রাণী বন্ধু সম্পর্কে আমি যেটা বারেবারে বলছি, এর আগে আমি প্রায় চার বার উত্তর দিয়েছি। একই প্রশ্ন, যার ফলে ওনারা যদি স্পেসিফিক প্রশ্ন চান আমাকে প্রশ্ন দিন আমি সেগুলো আপনার পরে উত্তর দেব এখন। এটার সম্বন্ধে যেটা উনি চাইছেন - স্যার, আপনি প্রশ্নটা একটু দেখুন, এটা সত্যি যে রাজ্যে পশু চিকিৎসার জন্য কিছু হাসপাতাল কোথায় কোথায় আছে।

..... (গোলমাল) .....

মিঃ স্পীকার : আপনার মাননীয় মন্ত্রীকে বলতে দেবেন না? মাননীয় মন্ত্রীকে বলতে দেবেন না আপনারা? এটা কি হচ্ছে? মাননীয় মন্ত্রীকে বলতে দিন

শ্রী নুরে আলম চৌধুরী : আমি হাসপাতাল সম্বন্ধে কোথায় কোথায় আছে সবই .....

মিঃ স্পীকার : ঠিক আছে, আপনি নেক্সট টাইমে উত্তরটা দিয়ে দেবেন ওনারা জানতে চেয়েছেন। আপনি পরে ওনাদের উত্তর দিয়ে দেবেন। পাঠিয়ে দেবেন উত্তর।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমার মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন। হুগলী জেলার হেডকোয়াটার চুচুড়া। আমার বিধানসভায় একটা পশু হাসপাতাল আছে। গত কত বছর ধরে এই পশু হাসপাতালে কোন স্টাফ নেই, ডাক্তার নেই? মন্ত্রী মহাশয় দয়া করে উত্তর দেবেন যে, কত দিন ধরে এই হাসপাতালে কোন পশু চিকিৎসক নেই?

শ্রী নুরে আলম চৌধুরী : আমার তো মনে হয় যে প্রত্যেকটি ডিস্ট্রিক্টটে আমাদের যে সমস্ত হাসাপাতাল আছে সেখানে সব লোকজন রয়েছে, ডাক্তারও রয়েছে। আপনার এই প্রশ্নটা আমি রাখছি। যদি না থাকে ইমিডিয়েট সেখানে কিন্তু ডাক্তার দেওয়া হবে।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, উনি একটা ভালো উত্তর দিয়েছেন হাসপাতাল সম্পর্কে। কতগুলো হাসপাতাল আছে খুব ভালো উদাহরণ দিয়েছেন। আমি বিনীতভাবে একটু জিজ্ঞাসা করব—কথায় কথায় শুনিছি ৩৪ বছরে কিচ্ছু হয়নি। আপনি যা

বললেন সবই তো আমাদের আমলে। এই দেড় বছরে কটা করেছেন দয়া করে যদি বলেন খুশি হব।

মিঃ স্পীকার : আপনি প্রশ্ন করুন। প্রশ্ন করুন।

শ্রী আনিসুর রহমান : আমার প্রশ্ন হচ্ছে, এই দেড় বছরে, যা তালিকা শুনলাম সবই পুরানো। দেড় বছরে কটা নতুন হয়েছে তাই বলুন।

শ্রী নুরে আলম চৌধুরী : রহমান সাহেব বোধহয় খুশি হবেন যদি আমি ওনাকে প্লেস করি। উনি চর্ব্যচুষ্য করে কিন্তু বহরমপুরে একটা সুন্দর পলিক্লিনিক তৈরী করে রেখে দিয়েছেন। যারফলে সেখানে happy হচ্ছেন না। আর দ্বিতীয় কথা হচ্ছে, ওনাদের আমলে নিশ্চয় দু'একটা হয়েছে। আর আমাদের আমলেও কিন্তু কাজ হয়েছে এবং একটু যদি শুনতেন ভালো করে যে, শিলিগুড়ি আমরা complete করে রেখে দিয়েছি। যে-কোনো সময় যে-কোনো দিন আমরা opening করবো। আর তার সঙ্গে সঙ্গে বর্ধমানে প্রায় almost complete হয়ে গেছে নতুন year -এর এটা শুরু হবে। তারসঙ্গে আমি আবার reoeat করছি উত্তরগুলো আপনাকে, তমলুকে কাজ চলছে, কোচবিহারে কাজ শুরু হতে যাচ্ছে। যারফলে আরও কয়েকটি জেলায়—চেষ্টা হচ্ছে প্রতিটি জেলায় Polyclinic তৈরি করার।

শ্রী পার্থ সারথী চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। প্রাণীবন্ধু নিয়ে এই সংসদে চারবার আলোচনা হয়েছে। আমি যেটা জানতে চাইছি আপনার কাছে, এরকম তথ্য আছে কিনা যে, ২০১১ সালের আগে প্রাণীবন্ধু নিয়ে প্রশ্নপর্বে কতবার উঠেছিল এবং যারা চেঁচামেচি করছেন তারা কতবার চেঁচামেচি করেছেন?

মিঃ স্পীকার : এটা, এটা উত্তর দেওয়ার নয়। Please don't reply.

শ্রী সুভাষ নস্কর : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই, মন্ত্রী মহোদয় যদি একটু কর্ণপাত করেন, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই যে, প্রাণী হাসপাতালগুলো, স্যার, প্রাণী হাসপাতালগুলো মূলতঃ শহরকেন্দ্রীক হচ্ছে। অতীতে সুন্দরবনের বিভিন্ন নদীতে Mobile Veterinary Dispensary এটা একটা Hospital, এটা ছিল। আপনার সরকার সেটা তুলে দিয়েছেন, রেখে দিয়েছেন না চালু করেছেন, কি করেছেন সেটার খবর আছে কিনা একটু খাতা খুলে বলবেন।

শ্রী নূরে আলম চৌধুরী : না, আছে আমার কাছে সেরকম খবর কিছু।

রাজ্যে কিষাণমাণ্ডির সংখ্যা

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৮১) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** কৃষিজ বিপনন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত রাজ্যে মোট কতগুলি কিষাণমণ্ডি তৈরী করা হয়েছে।

(খ) এই কিষাণমান্ডিগুলির মধ্যে বর্ধমান জেলায় কতগুলি কিষাণমন্ডি তৈরী করা হয়েছে; এবং

(গ) এই কিষাণমন্ডিগুলি তৈরী করতে কি পরিমাণ জমি অধিগৃহীত হয়েছে?

শ্রী অরূপ রায় : (ক) এই পর্য্যন্ত রাজ্যে মোট পঁচানব্বইটি (৯৫) কৃষক বাজারের প্রস্তাব আছে। ২রা ডিসেম্বর পর্য্যন্ত ২৮টি টেন্ডার ডাকা হয়েছে এবং এগুলোর নির্মান কাজ শ্রীঘ্রই আরম্ভ হবে।

(খ) বর্ধমান জেলায় নয়টি (৯) প্রস্তাবিত কৃষক বাজারের মধ্যে সাতটি (৭) কৃষক বাজারের (কিষাণমান্ডি) টেন্ডার ডাকা হয়েছে এবং এগুলোর নির্মান কাজ শীঘ্রই আরম্ভ হবে।

(গ) কিষানমান্ডি বা কৃষক বাজার তৈরীর জন্য নতুন ভাবে কোনেও জমি অধিগ্রহণ করার প্রয়োজন হয়নি। কারণ কৃষক বাজারগুলি পূর্বে সরকার অধিগৃহীত জমিতেই স্থাপন করা হবে।

শ্রীগৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমার supplementary প্রশ্ন যে, এবারে যে বাজেট উনি পেশ করেছিলেন তাতে বলেছিলেন যে, ২০১২-১৩ বর্ষের মধ্যে ৬২টি এরূপ বাজারের নির্মাণ কাজ শুরু হবে। যাইহোক, এখনও পর্য্যন্ত একটাও শুরু হয়নি এটা জানানো জন্য ধন্যবাদ। এবার আমার ওনার কাছে যেটা জিজ্ঞাস্য সেটা হল যে, উনি বলেছেন যে ৯৫টি কৃষক বাজারের প্রস্তাব আছে। আমি ওই প্রশ্নে যাচ্ছি না। আমি বলছি যে, এই ৬২টি বাজারের যে নির্মাণ কাজ উনি বলেছিলেন তারমধ্যে ২৮টি টেন্ডার ডাকা হয়েছে। বাকি ৩৪টি এই সবটা মিলিয়ে এই ৬২টির কাজ ২০১২-১৩ -র মধ্যে শুরু হবে কিনা এবং শুরু হলে কবে নাগাদ সম্পন্ন হবে?

[11.30—11.40 p.m]

শ্রী অরূপ রায় : টেন্ডার প্রসেস চলছে। শুরু হবে। অর্থেরও বরাদ্দ হয়ে গেছে। এই কাজ ২০১২ -১৩ শুরু হবে।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার আমার দ্বিতীয় প্রশ্ন, এই বাজেটের বক্তৃতার মধ্যে উনি বলেছিলেন যে প্রয়োজনের নিরিখে শুরু হবে। এবার প্রয়োজনের নিরিখে কোথায় কোথায় প্রয়োজন হচ্ছে সেটা জানার জন্য ওনার কাছে আমার প্রশ্ন, সিঙ্গুর ধরুন একটা অত্যন্ত প্রয়োজনীয় জায়গা, এখানে আপনার দলেরই মধ্যেই মঙ্গল পান্ডের নেতৃত্বে বিদ্রোহ শুরু হয়েছে। হলদিয়াতেও শুরু হয়েছে, আবার কলকাতাতেও তাঁতিয়া টোপীর নেতৃত্বে বিদ্রোহ শুরু হয়েছে। এই জায়গাগুলো এখানে অত্যন্ত প্রয়োজনীয়। সিঙ্গুর অত্যন্ত প্রয়োজনীয় জায়গা। প্রচুর শস্য, ফসল উৎপাদন হয়। এখানে আপনার কোনো প্রস্তাব আছে কিনা।

শ্রী অরূপ রায় : হ্যাঁ, সিঙ্গুরে আমাদের কৃষি বাজার করার প্রস্তাব আছে।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। কিষাণ মান্ডি নিয়ে এর আগে আমরা আপনার বাজেটেও দেখেছি গোটা রাজ্যের কৃষক সমাজ এই কিষাণ মান্ডির বিষয়ে তাকিয়ে আছে। আজ আপনি প্রশ্নের উত্তরে যেটা বললেন যে ৯৫টি কৃষক বাজারের প্রস্তাব আছে, তারমধ্যে ২৮টি টেন্ডার ডাকা হয়েছে। আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের উত্তরবঙ্গের বিশেষ করে, এর আগেও আপনার সঙ্গে কথা হয়েছিল, হলদিবাড়ি যেখানকার টমেটো এবং লঙ্কা বিখ্যাত, এই

যে ২৮টি টেন্ডার ডাকা হল তারমধ্যে এই এলাকা আছে কিনা এবং কোচবিহার জেলার অন্যান্য জায়গা এই যে ২৮টি টেন্ডারের মধ্যে আছে কিনা এটা আপনি একটু জানাবেন।

শ্রী অরূপ রায় : অনেক বড় তালিকা আমাকে দেখতে দিন। এই ৩৪ বছরে কিছু করেননি তো। লম্বা তালিকা করতে সময় লাগে। মাত্র দেড় বছর। সময় নিন একটু, হবে। না, এই মূহূর্তে হলদিবাড়ি তালিকায় নেই। ওটা পরবর্তীকালে আমাদের প্রস্তাব আছে। হলদিবাড়িতেও হবে।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য—যারা কিছু করেনি তারা চিৎকার করবে—২০১০-১১র মার্চ পর্যন্ত -২০১২র মার্চ থেকে ২০১৩র মার্চ পর্যন্ত ৬২টি কিষাণ মান্ডি তৈরি করা হবে আপনার দপ্তর বলেছে। আপনি কি বলতে পারেন যে ২০১১-র মার্চ পর্যন্ত বিগত সরকার তারা কতকগুলি কিষাণ মান্ডি তৈরি করার জন্য প্রস্তাব দিয়েছিল?

শ্রী অরূপ রায় : পূর্ববর্তী সরকারের আমলে এই কৃষি বিপণন দপ্তরের কোনো পরিকাঠামো ছিল না এবং কৃষক বাজার তৈরির ভাবনা ওনাদের মাথাতে কখনো আসেনি। সুতরাং আগে কখনো হয়নি।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার প্রশ্ন, আপনার দপ্তরে অনেকগুলো রেগুলেটেড মার্কেট আছে । সেই রেগুলেটেড মার্কেটের কাজ একটু ভিন্ন ধরনের। আবার কোথাও কোথাও রেগুলেটেড মার্কেট তারা কিছু কিছু পণ্যের মার্কেটিংয়েরও ব্যবস্থা করছে। আপনার কি এই রকম কোনো পরিকল্পনা আছে যে রেগুলেটেড মার্কেট যেগুলো আছে তাকে আরো ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপ করে সেগুলোকে কিষাণ মান্ডিতে পরিণত করা। তাহলে আপনি অনেকগুলো কিষাণ মান্ডি পেয়ে যেতে পারবেন।

শ্রী অরূপ রায় : যে সমস্ত RMCA - তে আমাদের জায়গা বেশী আছে সেখানে কৃষক বাজার তৈরী করার পরিকল্পনা আছে। সমস্ত RMCA -তে কিন্তু সেই রকম জায়গা নেই। এখানে দেখা গেছে, বিগত সরকারের আমলে যিনি স্টেট মার্কেটিং বোর্ডের চেয়ারম্যান ছিলেন তিনি বেশীরভাগ সম্পত্তিই বে-আইনিভাবে হস্তান্তর করে দিয়ে গেছেন। কোন জায়গা আর সেখানে খালি নেই। যেখানে জায়গা খালি আছে সেইসব জায়গাগুলো আমাদের ভাবনার মধ্যে আছে।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন যে ২৮টির জন্য টেন্ডার ডাকা হয়েছে। দেড় বছরে ২৮টি হয়েছে, ৩৪১টি কবে হবে এটি নিয়ে আমরা আশঙ্কাই থাকলাম। আমার খুব স্পেসিফিক প্রশ্ন, এই ২৮টির ব্যাপারে নির্দিষ্টভাবে আমি জানতে চাইছি, টেন্ডার ডাকলে খুব স্বাভাবিকভাবে টেন্ডার পেপার পারচেজের জন্য একটা ডেট থাকে, ওপেনিঙের জন্য একটা ডেট থাকে, কমপ্লিশান পিরিয়াড একটা বলে দেওয়া থাকে -স্পেসিফিকভাবে যদি আপনি সভ্যকে যদি জানান তাহলে আমরা আশ্বস্ত হতে পারি। দেড় বছর বাদে ২৮টির টেন্ডার হয়েছে। এই ২৮টি কবে কমপ্লিট হবে?

শ্রী অরূপ রায় : ২৮টি টেন্ডার অলরেডি হয়ে গেছে এবং আগামী ৮ই ডিসেম্বরের মধ্যে আরও ৭টি কৃষক বাজারের টেন্ডার হবে। মোট ৩৫টি কৃষক বাজারের টেন্ডার এই ৮ই ডিসেম্বরের

মধ্যে কমপ্লিট হবে এবং এর কাজও যথাশীঘ্রই শুরু হবে। এই কৃষক বাজারগুলো সম্পন্ন হওয়ার সময় দেড় বছর ধরা হয়েছে। সুতরাং এরপরে কবে কবে কাজ শেষ হচ্ছে এটা দেখার বিষয়। এটা এখনই আমি বলতে পারছি না।

শ্রী সৌমিত্র খাঁ : মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বাঁকুড়া জেলার বড়জোড়ার এবং কোতুলপুরে একটি কিষাণ মান্ডির শিল্যান্যাস করেছিলেন মাননীয়া মুখ্যমন্ত্রী। এটার কাজ কতদূরে এগিয়েছে জানাবেন কি?

শ্রী অরূপ রায় : বাঁকুড়া জেলার বড়জোড়ায় একটি কৃষক বাজার তৈরীর প্রস্তাব আছে এবং মাননীয়া মুখ্যমন্ত্রী তার শিলান্যাসও করেছিলেন, তার কাজ শুরু হবে।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, through your august Chair. I want to draw the attention of Hon'ble Minister of Agriculture Marketing Department. At the outset itself. I must thank him because in Kalimpong from where I represent, a huge space was occupied during the previous government's regime. The foundation was laid but no work was done for almost twenty years. After this government came and with the initative of the Hon'ble Minister, the House is complete. Now it is ready for inauguration. There is still want of electrification. So, my specific question to the Hon'ble Minister is that when the electrification would be completed so that we will be in a position to open the market that would benefit the masses.

[11.40—11.50 a.m]

Shri Arup Roy : I have talked with our Hon-ble Minister for Power, Mr. Manish Gupta and I will talk with the PWD Minister, Dr. Sudarsan Ghosh Dastidar and immediately after electrification it would open.

Mr. Speaker : Please see that it is done at an early time.

বিধবা ভাতা

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭) **শ্রী বিজয় বাগদী :** নারী বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০১১ থেকে ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত কত সংখ্যক বিধবা মহিলাকে বিধবা ভাতা প্রদান করা হয়েছে; এবং

(খ) উক্ত ভাতা নিয়মিত প্রদান করা হয় কি?

শ্রীমতী সাবিত্রী মিত্র : (ক) ১লা জানুয়ারী, ২০১১ থেকে ৩১শে অক্টোবর, ২০১২ পর্য্যন্ত ৪৪,২৫৯ (চুয়াল্লিশ হাজার দুইশত উনষাট) জনকে বিধবা ভাতা প্রদান করা হয়েছে।

(খ) হ্যাঁ।

শ্রী বিজয় বাগদী : স্যার, অতিরিক্ত প্রশ্ন, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি ২০১১ ৩১ অক্টোবর থেকে ২০১২ পর্যন্ত ৪৪২৫৯ জনকে বিধবা ভাতা প্রদান করা হয়েছে। রাজ্যের মোট বিধবা ভাতা প্রদানকারীর সংখ্যা কত অনুগ্রহ করে জানাবেন কি?

এক বছরের বলেছেন, আমি টোটালটা জানতে চাইছি।

শ্রীমতী সাবিত্রী মিত্র : বিষয়টা হচ্ছে আপনারা ডিটেলসে যদি জানতে চান তাহলে আমাদের একটা নোটিশ দেবেন, আমি আপনাদের ডিটেলসে দিয়ে দেবো।

শ্রী বিজয় বাগদী : স্যার, আমি ডিটেলসেই জানতে চেয়েছিলাম। আমি তো ৩১অক্টোবর ২০১২ পর্যন্ত জানতে চেয়েছিলাম উনার থেকে।

মিঃ স্পীকার : আপনি নোটিশ দেবেন, উনি বলেছেন, উনি জানাবেন। নেক্সট কোয়েশ্চেন করুন।

শ্রী বিজয় বাগদী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। স্যার, আমি যে কথাটা জানতে চাইছি, যে নিয়মিত ভাতা প্রদান করার ক্ষেত্রে তিন চার কি পাঁচ মাস পর্যন্ত তাদের ভাতা বাকী পড়ে আছে। এখন এই বিষয়ে, নিয়মিত তাদের ভাতা প্রদান করার ক্ষেত্রে মাননীয় মন্ত্রী কোন উদ্যোগ গ্রহণ করবেন কিনা অনুগ্রহ করে যদি জানান।

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় সদস্যকে জানাই যে আমাদের জেলাওয়ারী যে ভাতা দেওয়া গেছে তাতে প্রায় জেলাতেই সম্পূর্ণ ভাতা দেওয়া হয়ে গেছে। কয়েকটি জেলায় আমার কাছে রিটন আছে, সেখানে দশ পনেরোটা করে বাকী আছে, সেখানে ব্লকে তারা অ্যাপ্লিকেশান করেছেন এবং ব্লক থেকে সেই অ্যাপ্লিকেশান ডি.এম. -এর কাছে যায় সেই ভাবেই বার্ধক্য ভাতাগুলো দেওয়া হয়।

শ্রী অশোক সাউ : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রশ্ন, যে কোটাগুলো দেওয়া আছে, কোটাগুলোর সংখ্যা, সেই পুর্বের কোটা রয়ে গেছে। যার ফলে খুবই অসুবিধে হচ্ছে। সেটা যদি বাড়ানো যায়। আর একটা কথা হচ্ছে যে বার্ধক্য ভাতা, কিছু ব্যক্তি মারা গেলে সেখানে ঢোকানো যাচ্ছে। কিন্তু বিধবা ভাতায় দেখা যাচ্ছে অল্প বয়সী বিধবারা তারা অনেক দিন ধরে বাঁচছে। ওখানো খালি না হলে আর ঢোকানো যাচ্ছে না। এই সম্পর্কে আপনার বক্তব্য যদি জানা যায়।

শ্রীমতী সাবিত্রী মিত্র : আমাদের গভর্নমেন্ট কোটার, কোন কোটা আমাদের ছিলো না। ৩৪ বছরে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সরকার তারা সমস্ত কোটাই প্রায় দিয়ে চলে গেছেন। আর এটা একটা বিষয় যে কোটা আমাদের বাড়ানোর দরকার আছে। আগামী বাজেট সেশানে আমরা এটা প্রস্তাব আকারে রাখবো।

ড. তরুনকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষের মধ্যে দিয়ে মাননীয়া মন্ত্রীকে আমার প্রশ্ন, যে বিধবা ভাতা দেওয়া হয় মাত্র ৪০০ টাকা এবং সেটা ফিফটি ফিফটি। স্টেট গভর্নমেন্ট এবং সেন্ট্রাল গভর্নমেন্টের। এটার ওপরেই অনেক বিধবাদের নির্ভর করতে হয়। ফলে, আপনার কাছে প্রশ্ন যে

এই সামান্য টাকাটা বাড়ানোর কোন প্রচেষ্টা নিচ্ছেন কিনা, কেন্দ্রীয় সরকার বা আপনাদের তরফ থেকে, বা কেন্দ্রীয় সরকারের কাছেও আপনারা বলছেন কিনা কিম্বা আপনারাও সে ব্যাপারে কোন উদ্যোগ নিচ্ছেন কিনা।

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই আমাদের যে বিধবা ভাতাটা দেওয়া হয় সেটা ৪০০ টাকা নয় ৭৫০ টাকা এবং এটাতে কেন্দ্রীয় সরকারের কোন শেয়ার নেই। এটা রাজ্য সরকারই দেয়।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, সেটা হচ্ছে যে অনেকে বার্ধক্য ভাতা, বিধবা তাদের সংসার নির্ভর করে এই ভাতার মধ্যে দিয়ে। এই ভাতা পেতে পেতে এক সময় তারা মারা যান। মারা যাওয়ার পরে দেখা যায়, তাদের বাড়িতে অপ্রাপ্ত বয়স্ক মহিলা থাকেন তার ছেলে-মেয়ে, এই ভাতা পাওয়ার ক্ষেত্রে সরকার কোন পরিকল্পনা করেছেন কিনা—যে তাদের পুনঃরাই দেওয়ার জন্য ? যেটা বকেয়া থেকে যাচ্ছে। যদি জানান অনুগ্রহ করে তাহলে উপকৃত হবে।

শ্রীমতি সাবিত্রী মিত্র : সেটা হচ্ছে এই যে এটা পরিবারের ক্ষেত্রে যে হবে এমন কোন মানে নেই। এটা আমাদের লিস্ট থাকে ব্লকে, একজন মারা গেলে আরেকজন আমাদের উইড্রো যিনি থাকেন তাকেই দেওয়া হয়। ফলে এটা পরিবারের ক্ষেত্রে হয় না। যারা মারা যাচ্ছেন (নয়েজ) ও! বকেয়া টাকাটা? সেই বকেয়া টাকাটা আমার তাদের পরিবারকে দিয়ে থাকি।

শ্রী গোকুল রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, এই বিধবাদের ভাতা পাওয়ার ক্ষেত্রে বয়সের কোন ক্রাইটেরিয়া আছে কি?

শ্রীমতি সাবিত্রী মিত্র : এর আগের সভায় বলেছিলাম, বিধবা উইড্রোদের কোন ক্রাইটেরিয়া থাকে না। উইড্রো অলওয়েজ উইড্রো।

শ্রী দুলাল মুর্মু : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বিগত সরকারের আমলে যারা বিধবা হয়নি সেই রকমও ভাতা পেয়েছে। সেই সংখ্যাটা কত পরিমাণ? বিগত সরকারের আমলে কমরেডের বন্ধুরা বিধবা ভাতার টাকা পাইয়ে দিয়েছিলেন, সেই সংখ্যাটা কত? দয়া করে আপনি যদি জানান, আমি খুশি হতাম এই পবিত্র সদনে।

শ্রীমতি সাবিত্রী মিত্র : মাননীয় সদস্য-এর অবগতির জন্য জানাই, আপনি প্রেসিফিক কমপ্লেনটা আমাকে দিলে আমরা এটাকে খুটিয়ে তাদেরকে বাতিল করা হবে।

শ্রীমতি জাহানারা খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রী মহাশয়ার কাছে জানতে চাইছি, যে বিগত সরকারের সময় এই ভাতা ৭৫০ টাকা, পরিবর্তনের ফলে 'মা-মাটি-মানুষ'- এর সরকার এই বিধবাদের জন্য কত টাকা বাড়িয়েছেন? কিংবা বাড়াবার কোন পরিকল্পনা আছে কিনা জানাবেন?

শ্রী মতি সাবিত্রী মিত্র : আপনি একটু আগেই শুনেছেন যে ৭৫০ টাকা আমরা বিধবা

ভাতা দিয়ে থাকি। সেটা আপনারা সরকারের আমল থেকেই ছিল, আপনারা হাজার টাকা বাড়াননি। কিন্তু এখন আমাদের সরকার আসার পর, আপনারা জানেন যে আপনারা যে দেনার দায় আমাদের মাথার উপর চাপিয়ে গেছেন আর্থিক সংকটের জায়গায় .....(নয়েজ).. দাঁড়ান, দাঁড়ান, সেই জায়গায় দাঁড়িয়ে এই মুহূর্তেই আমরা ভাবছি না, তবে একটা জিনিস ভাববেন যেমন আপনারা প্রতিবন্ধিদের এককালীন টাকা দিতেন এক হাজার, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই প্রতিবন্দ্বিদের এককালীন এখন দশ হাজার টাকা করেছেন। অর্থাৎ বিধবাদের ক্ষেত্রেও আমাদের ভাবনা-চিন্তা আছে।

মিনি ইন্ডোর স্টেডিয়াম ও জিম নির্মাণ

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার প্রত্যেক ক্লাবে মিনি ইন্ডোর স্টেডিয়াম ও জিম নির্মাণ করার পরিকল্পনা করেছেন; এবং

(খ) সত্যিহলে (১) এই পরিকল্পনা কোন্ পর্যায়ে আছে; ও

(২) বর্ধমান জেলার কয়টি ক্লাবকে এই পরিকল্পনার আওতায় আনা হয়েছে?

শ্রী অরূপ বিশ্বাস : (ক) না, প্রত্যেক ক্লাবে নয়। যুবকল্যাণ বিভাগ বর্তমান আর্থিক বৎসর রাজ্যের ৫০০টি ক্লাব, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন প্রতিষ্ঠানকে জিম নির্মানের সামগ্রী কেনার জন্য এবং প্রায় ৬০টি প্রতিষ্ঠানকে মিনি ইন্ডোর স্টেডিয়াম করার জন্য আর্থিক সহায়তা দেওয়ার পরিকল্পনা করেছে।

(খ) (১) এ পর্যন্ত ১১৩টি প্রতিষ্ঠানকে জিম নির্মানের সামগ্রী ক্রয়ের জন্য এবং ১৯টি প্রতিষ্ঠানকে মিনি ইন্ডোর স্টেডিয়াম করার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

(২) বর্ধমান জেলাতে ৭টি মাল্টিজিম এবং ২টি মিনি ইন্ডোর স্টেডিয়াম -এর জন্য আজ পর্যন্ত অর্থ বরাদ্দ হয়েছে।

[11.50 a.m.—12.00 noon]

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যে জিম নির্মান এবং মিনি ইন্ডোর স্টেডিয়াম করার জন্য বিধায়কদের দু-চার দিকে আগে বি.ডি.ও. রা বলছেন যে আপনারা নামগুলো দিন।

এই গুলো মিনি ইনডোর স্টেডিয়াম করা হবে। কিন্তু মিনি ইনডোর স্টেডিয়ামের জন্য কোন পরিকল্পনা মাফিক কত কি, ২০ লক্ষ টাকার কথা ঘোষণা করা হয়েছে, কিন্তু কি ভাবে কি করা হবে, নির্দেশ নেই। দ্বিতীয়তঃ সেখানে ব্লকে যে সাব-এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার আছেন, কারা করবে সেটা, প্লান এসটিমেটস কারা করবে সেটা? ক্লাব করে দেবে না কারা করবে? এটা আপনার কাছে আমি জানতে চাই।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় বিধায়ককে জানাই যে, প্রশ্ন করার আগে একটু পড়াশোনা

করতে হয়। আর সরকার থেকে কিছু বই আমরা বাজেটে মন্ত্রীরা দিই। সেটা যদি পড়েন একটু মন দিয়ে গুরুত্ব সহকারে, তাহলে এই কোশ্চেনটা করতেন না। একচুয়ালী এই বইটা বাড়িতে নিশ্চয়ই রাখা আছে দেখবেন। এর ১৬ নম্বর পেজে চলে যাবেন, ১৬-১৭ তাতে লেখা আছে মালটি জিম স্থাপনে সহায়তা প্রদান। তাতে কি করতে হবে? সংস্থার রেজিস্ট্রেশান, প্রমাণপত্র, সংস্থাদির বিগত তিন বছরের অডিট রিপোর্ট, সংস্থার ব্যাংক পাস বই-এর প্রতিলিপি, বিশদ প্রোজেক্ট রিপোর্ট, সংশ্লিষ্ট এলাকা বিধায়ক বা জেলা শাসকের সুপারিশ পত্র। বাচ্ছা ছেলের মতো সবটা লিখে দেওয়া আছে। তিনি যদি না পড়েন তাহলে কি করা যাবে? তারপরেও স্যার বলছি, আমার এই বইটাতে নতুন জিনিস করেছিলাম, একটা আবেদন করেছিলাম, তাতে আমি লিখেছিলাম, "আমি আশা করবো প্রত্যেক সদস্য তাঁদের স্ব স্ব বিধানসভা ক্ষেত্রে ছাত্র যুবদের সার্বিক উন্নতি কল্পে আমার বিভাগের পক্ষ থেকে ঘোষিত কর্মসূচী গুলো সুবিধা নিয়ে উদ্যোগী ভূমিকা নেবেন এবং প্রয়োজন মতো এই জাতীয় প্রকল্প তাঁদের বিধানসভা এলাকায় করার জন্য সুপারিশ করবেন"। এই গুলো আমি লিখে দিয়েছিলাম। কিন্তু হচ্ছে না বলেই আমাকে বার বার ডি.এম.- কে চিঠি লিখতে হচ্ছে আপনাদের সজাগ করার জন্য।

শ্রী সুনীল কুমার মণ্ডল : আপনি যেটা বললেন কিন্তু কার্য্যক্ষেত্রে ব্লকে যা হচ্ছে ব্লকে কিন্তু সেটা আমরা পাচ্ছি না। আমাকে দু-দিন আগে বি.ডি.ও সাহেব বলছেন যে আপনি জিমের জন্য, ইনডোর স্টেডিয়ামের জন্য নাম পাঠান। কি ভাবে হবে? ব্লক আধিকারিক আছে সেখানে, যুবকল্যাণ আধিকারিক নেই। এখানে আপনার কথার সংগে ব্লকের সংগে মিল খাচ্ছে না। পড়াশোনা করে আমরা প্রশ্ন রাখি, পড়াশোনা করে আমরা আসি।

শ্রী অরূপ বিশ্বাস : আমার মনে হয় কোন প্রশ্নের দরকার নেই আমার এই বইটা নিয়ে যান আপনি, এটা আমি আপনাকে দিয়ে দিচ্ছি, এটাতে আপনি সব পেয়ে যাবেন।

শ্রী সুনীল কুমার মণ্ডল : এই বইটা কায়েন্টলি আপনি ব্লকে পাঠান, এই নির্দেশটা আপনি ব্লকে পাঠান।

শ্রী অরূপ বিশ্বাস : এটাতে পরিস্কার করে লেখা আছে।

ডঃ সুখবিলাশ বর্মা : আমি খুব দুঃখের সংগে জানাচ্ছি মাননীয় মন্ত্রী যে উত্তরটা দিলেন সেটা বোধ হয় ঠিক ডিজারেবেল নই। কোন সম্মানীয় অতীথি বা সম্মানীয় সদস্যকে পড়াশোনা করবে আসবেন কিনা -সদস্যই বলেছি। (গোলমাল)

মিঃ স্পীকার : আপনি কোয়েশ্চেন করুন, মিঃ বর্মা, আপনি কোয়েশ্চেন করুন।

ড. সুখবিলাশ বর্মা : সমস্ত কিছু ইনফরমেশান সব বই-এ আছে। তাহলে কোয়েশ্চেন করবে কেন?

মিঃস্পীকার : আপনার প্রশ্ন থাকলে প্রশ্ন করুন। প্রশ্ন না থাকলে বসুন। আমার মনে হয়, I think you have no question to put. I think you have no question to put. Honble Minister need not reply.

শ্রী আনিসুর রহমান : মাননীয় মন্ত্রী যে ভাবে বললেন আমি খুবই দুঃখিত, ব্যাথিত। এই ভাবে কথা বলেছেন আমি সেই দিকে যাচ্ছি না। আমি প্রশ্ন করছি। (গোলমাল)

মিঃ স্পীকার : আপনি কোয়েশ্চেন করুন। প্লিজ আপনারা বসুন, আমি এখানে সব পক্ষের কথা শুনি। আপনারা যদি এই কথা বলেন, আপনারাও এমন টিকা-টিপ্পনী করেন যে টিকা-টিপ্পনীটা বাঞ্ছনীয় নয়। অনেক টিকা-টিপ্পনী আপনাদের পক্ষ থেকে হয়, এটা আমি লক্ষ্য করেছি। সুতরাং আপনারা এই নিয়ে কথা বলবেন না। আমি এখানে সবার প্রশ্ন শুনি, এই প্রশ্ন করার ক্ষেত্রে আপনারা এমন টিকা-টিপ্পনী করেন যেটা বাঞ্ছনীয় নয়। আপনি কোয়েশ্চেনটা করুন।

শ্রী আনিসুর রহমান : আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি মাননীয় মন্ত্রী বলেছেন বইলেখা আছে নিয়ম-কানুন। খুব ভাল। আমি জানতে চাইছি যে কিছু দিন আগে কতগুলো ক্লাবকে টীকা দেওয়া হয়েছিল, ২ লক্ষ করে মনে হয় টীকা দেওয়া হয়েছিল। কোন নোটিশ দেওয়া হয়েছে? কোন এম.এল.এ জানে? একমাত্র তৃণমূল এলাকা ছাড়া একটা নাম করতে পারেন যে কোন, আপনাদের বিরোধীদের কোন একজন এম.এল.এ-এর রেকমেনডেশানে একটা ক্লাবও একটা নয়া পয়সা পেয়েছে? সেইরকম নাম থাকলে বলুন। চালাকি করছেন কেন? কোন জায়গায় চালাকি করছেন? দলবাজি করছেন নাকি চালাকি করছেন?

শ্রী অরূপ বিশ্বাস : বর্ষীয়ান সদস্যকে জানাই এটা ক্রীড়া দপ্তর থেকে হয়েছিল, যুব কল্যাণ দপ্তর থেকে নয়।

শ্রী অশোক ঘোষ : মাননীয় মন্ত্রী ঠিকই বলেছেন যে বইগুলো দেওয়া হয় পড়াশোনার জন্য। কেউ যদি পড়াশোনা না করে কারোর কথা শুনে প্রশ্ন করেন তাহলে উত্তরটা এই ভাবেই হয়। আমি জানতে চাইছি মাননীয় মন্ত্রীর কাছে যে, ১৯৭৭ সাল থেকে ২০১১ অবধি বামফ্রন্টের আমলে এই রকম কতগুলো মিনি ষ্টেডিয়াম করার পরিকল্পনা ছিল বা আপনার দপ্তরে এসেছে কিনা?

শ্রী অরূপ বিশ্বাস : এই সব পরিকল্পনা মা-মাটি-মানুষের সরকার আসার পরেই নেওয়া হয়েছে। এই সরকার ছাত্র যুবদের কথা ভাবে। তাদের এগিয়ে নিয়ে যাওয়ার কথা ভাবে। তাই এই প্রকল্পগুলো নেওয়া হয়েছে। তার আগে এই প্রকল্পগুলো ছিল না।

শ্রী অপূর্ব সরকার : স্যার, আপনার মাধ্যমে সম্মানীয় মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে প্রশ্ন— উনি বলেছেন ক্লাবগুলোকে সহায়তা করার উদ্যোগ গ্রহণ করেছেন। খুবই সাধু প্রস্তাব। কিন্তু পশ্চিমবঙ্গের আমরা যারা মফঃস্বল এলাকা, গ্রাম বাংলার বিধায়ক আছি, আমরা জানি আমাদের এলাকার যে সমস্ত ক্লাবগুলো আছে, তার সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাক্টে রেজিস্ট্রেশন করানো হয় বা অডিট রিপোর্ট যেগুলো জমা দেওয়ার কথা বলা হয়। কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে সোসাইটি রেজিস্ট্রেশনের অফিস হচ্ছে কলকাতায়। পশ্চিমবঙ্গের দূর দূরান্তের ছোট ছোট গ্রামের ক্লাবগুলো গঠন করা হয়, সেইসব ক্লাবের ছেলেরা বা তাদের সভাপতি, সম্পাদকরা কলকাতায় আসে, কিন্তু যেখান থেকে ফর্ম নেওয়া হয় সেখানে মাত্র একজন আধিকারিক আছেন, কোন স্টাফ সেখানে নেই। দীর্ঘদিন ধরে সেই গ্রাম বাংলার ছেলেরা ঘুরে বেড়াচ্ছে। খুব স্বাভাবিকভাবেই সুযোগটা গ্রহণ করছে

কলকাতা এবং তার পার্শ্ববর্তী এলাকার ক্লাবগুলো। কিন্তু মফঃস্বলের যে ক্লাবগুলো আছে তাদের রেজিস্ট্রেশন করানোর জন্য, এর আগেও এই সভায় প্রস্তাব দিয়েছি, যদিও এটা শিল্পমন্ত্রীর অধীনে এই দপ্তরটা পড়ে তবুও মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে সোসাইটি রেজিস্ট্রেশন অফিস যদি প্রত্যেক জেলায় করে দেওয়া যায় তাহলে ক্লাবগুলো সেখান থেকে রেজিস্ট্রেশন করানোর পর তারা দরখাস্ত করতে পারে। নাহলে কোন ক্লাবই সেই অর্থে দরখাস্ত করে এখানে আসতে পারছে না এবং সুবিধা নিতে পারছে না অথবা বিকল্প একটা পথ আপনাকে দেখে দিতে হবে যাতে ক্লাবগুলো সুবিধা পায়।

মিঃ স্পীকার : কো-অপারেটিভ আলাদা মন্ত্রী রয়েছেন। কো-অপারেটিভের মিনিস্টার তো উনি নন।

শ্রী পার্থ চ্যাটার্জী : বিষয়টি ঠিকই যে এটা শিল্প ও বাণিজ্য দপ্তরের আন্ডারে। বিষয়টা নজরে এনেছেন, জরুরী ব্যবস্থা গ্রহণ করবার চেষ্টা করব।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন—মন্ত্রী মহোদয় ঠিকই বলেছেন যে যুব দপ্তর আই.সি.ইউ-তে ছিল। মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি। তিনি ক্লাবকে জিম দিচ্ছেন এবং ইন্ডোর গেম করার জন্য বিভিন্ন ক্লাবকে সাহায্য করেছেন। আমি বলতে চাইছি যে বিগত সরকার মা-মাটি-মানুষের সরকার আসবার আগে কতকগুলো ক্লাবকে জিম দিয়েছিলেন এবং কতকগুলো ক্লাবকে তারা ইন্ডোর গেম করার ব্যবস্থা করে দিয়েছিলেন?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যকে জানাই যে আমি এর আগেও প্রশ্নের উত্তরে বলেছি, এর আগে যারা সরকারে ছিলেন, তারা কখনওই পশ্চিমবাংলার ছাত্র যুবরা যাতে এগিয়ে যেতে পারেন সেই ভাবনা তাদের ছিল না। যদি তাদের এই ভাবনা-চিন্তা থাকতা তাহলে ভারতবর্ষের মধ্যে সব থেকে বেশী বেকারত্ব এই পশ্চিমবাংলায় থাকত না। তারা চিন্তা -ভাবনা করে নি। আমাদের মা-মাটি-মানুষের সরকার চিন্তা-ভাবনা করছেন। আমরা দৃঢ় প্রতিজ্ঞ যে ছাত্র যুবদের নিয়ে পশ্চিমবাংলা এগিয়ে যাব।

Question hour was over

(Starred Questions)
(to which oral answers were laid on the Table)

কৃত্রিম প্রজনন দ্বারা সৃষ্ট গবাদি পশু শাবকের সংখ্যা

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯) **শ্রী বাসুদেব খাঁ :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমান আর্থিক বছরে ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত কৃত্রিম প্রজনন-এর মাধ্যমে সৃষ্ট গবাদি পশু শাবকের সংখ্যা কত?

বর্তমান আর্থিক বছরে ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত কৃত্রিম প্রজনন-এর মাধ্যমে সৃষ্ট গবাদি পশু শাবকের সংখ্যা ৭,৪৫, ১৭৪ (সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত চুয়াত্তর)টি।

শূন্য এল.ডি.এ. পদ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯) **শ্রী নেপাল মাহাত :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে প্রাণী-সম্পদ বিকাশ বিভাগে কতগুলি এল.ডি.এ. পদ শূন্য আছে ;

(খ) উক্ত পদগুলি শূন্য থাকার কারণ কী ; এবং

(গ) উক্ত পদগুলি পূরণ করার কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে কি?

প্রানী-সম্পদ-বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় :

(ক) প্রাপ্ত তথ্য অনুযায়ী ৩১শে অক্টোবর, ২০১২ তে ১২৩০টি এল.ডি.এ. পদ শূন্য আছে।

(খ) প্রাণীসম্পদ বিকাশ বিভাগে ২০০৮ সালের পর এল.ডি.এ. পদে কোন নিয়োগ হয়নি। সর্বশেষ নিয়োগের সময়ও কিছু এল.ডি.এ. পদ শূন্য ছিল। পরবর্তী ৫ বছরে কোন নিয়োগ না হওয়ার জন্য প্রধানতঃ অবসর গ্রহণ ও পদোন্নতির ফলে এল.ডি.এ. পদগুলি শূন্য হয়।

(গ) উক্ত শূন্য পদগুলি পূরণের জন্য পশ্চিমবঙ্গ সরকারের নতুন নিয়মাবলী অনুযায়ী স্টাফ্ সিলেকশন কমিশনকে অনুরোধ করা হয়েছে। স্টাফ্ সিলেকশন কমিশন ইতিমধ্যেই ১৩৯টি এল.ডি.এ. পদে নিয়োগের জন্য ৯ই ডিসেম্বর, ২০১২ লিখিত পরীক্ষা গ্রহণের কাজ সম্পন্ন করেছে।

রাজ্যের কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩) **শ্রী তজমূল হোসেন :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে অক্টোবর, ২০১২ পর্য্যন্ত রাজ্যে সরকারি এবং বেসরকারি কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কত?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় :

রাজ্যে মোট ৮০টি পলিটেকনিক শিক্ষাপ্রতিষ্ঠানে কারিগরী শিক্ষা চালু আছে। এর মধ্যে ৩৮টি সরকারী পলিটেকনিক ২টি সরকার অনুদিত এবং ৪০টি বেসরকারী পলিটেকনিক।

রাজ্যে মোট ১১২টি শিক্ষা প্রতিষ্ঠানে আই.টি.আই-তে প্রশিক্ষণ চলছে। এর মধ্যে ৪৪টি সরকারী আই.টি.আই. ৯টি সরকারী অনুদিত (একটি জুনিয়র পলিটেকনিক সহ) এবং ৫৯টি বেসরকারী আই.টি. আই।

পশ্চিমাঞ্চল উন্নয়ন

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩) **শ্রী অসিত মিত্র :** পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরের ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত পশ্চিমাঞ্চলের উন্নয়নে মোট কত অর্থ ব্যয় করা হয়েছে ; এবং

(খ) উক্ত অঞ্চলের কৃষি উন্নয়নের ক্ষেত্রে কি কি পরিকল্পনা রুপায়িত হচ্ছে/হয়েছে?

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মোট ৩৭, ৯৭, ৩৪, ৩৬৩ টাকা ব্যয় করা হয়েছে।

(খ) উক্ত অঞ্চলের কৃষি উন্নয়নের জন্য নিম্নলিখিত পরিকল্পনা রুপায়িত হচ্ছে/হয়েছে :

১। বাঁকুড়া জেলার কংসাবতী জলাধার প্রকল্পের অধীন হারানে সেচ ব্যবস্থার পুনরুদ্ধার (৩টি প্রকল্প)।

২। বাঁকুড়ার সারেঙ্গা ব্লকের জামবনী ঘোলা বাঁধের পুনঃখনন।

৩। বাঁকুড়া জেলার সাতটি প্রধান আর.এল.আই ও একটি ডিপ-টিউব ওয়েলের নবরূপ দান।

৪। জমি ও জল সংরক্ষণের জন্য পুরুলিয়া জেলার কৃষি ডাইরেক্টরেটের অধীন বিভিন্ন প্রকল্প।

৫। পুরুলিয়ার কৃষি ডাইরেক্টরেটকে জেলা শাসক মারফৎ চারা তৈরী ও বিতরন প্রকল্প।

৬। পুরুলিয়ার আরিতা গ্রামে মজে যাওয়া বিরাট দিঘি খনন।

৭। পশ্চিম মেদিনীপুরে ৯ টি প্রধান আর.এল.আই. এর নবরূপ দান।

৮। পুরুলিয়ার বিভিন্ন ব্লকের বনবিভাগের অধীনস্থ বিভিন্ন এলাকায় মাটির চেক ড্যাম, রক ড্যাম, জলসংরক্ষণের জন্য পুকুর ইত্যাদি তৈরী ও খনন।

৯। বাঁকুড়ার ওন্ডা ব্লকে সেচনালার পুণরুদ্ধার।

১০। বাঁকুড়া জলসম্পদ উন্নয়ন ডাইরেক্টরেট কে ৯টি কৃষি সেচ প্রকল্পের অনুমোদন।

১১। পশ্চিম মেদিনীপুরের জামবনী ব্লকে ৪টি পুকুর ও ১টি বাঁধের পুনর্খনন।

১২। পশ্চিম মেদিনীপুরের কংসাবতী খাল পুণরুদ্ধার প্রকল্প।

১৩। বিধানচন্দ্র কৃষি বিদ্যালয় কে বাঁকুড়া জেলায় নতুন স্থানে পেঁয়াজ ও হলুদ চাষ করার জন্য প্রকল্পের অনুমোদন।

১৪। বীরভূমের সিউড়ি-১ ব্লকের অধীন ৩৪টি চাষের ভূমি নালা ২টি আর.এল.আই. ১টি পুকুর পুনর্খনন প্রকল্প।

১৫। বীরভূমের বোলপুর শ্রীনিকেতন ব্লকের অধীনে ২৫টি সেচনালা ও ভূমিনালা প্রকল্প।

১৬। বীরভূমের নলহাটি -১ ব্লকের অধীনে ২টি জলাধার পুনর্খনন।

১৭। বীরভূমের রামপুরহাট ব্লকের অধীন ২টি ভূমিনালা নির্মান প্রকল্প।

১৮। বীরভূমের মহম্মদবাজার ব্লকের অধীন ৩ টি চাষের জন্য ভূমিনালা প্রকল্প।

১৯। বীরভূমের রাজনগর ব্লকের অধীন ৩টি চাষের জন্য ভূমিনালা ও ২৬টি পুকুর ও জলাধারের পুনর্খনন।

২০। বীরভূমের দুবরাজপুর ব্লকের অধীন ৩টি চাষের ভূমিনালা এবং ২টি বাঁধ পুনর্খনন ও মেরামতি।

মহিলাদের আশ্রয় শিবিরের নিরাপত্তা

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০২) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** নারী বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নিরাশ্রয় মহিলাদের জন্য রাজ্যে কতগুলি আশ্রয় শিবির আছে ; এবং

(খ) এই আশ্রয় শিবিরগুলিতে মহিলাদের নিরাপত্তার বিষয়টি কিভাবে রক্ষিত হয়?

নারী বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) নিরাশ্রয় মহিলাদের জন্য রাজ্যে আশ্রয় শিবিরের সংখ্যা নিম্নরূপ :

বেসরকারী শিবির

(১) স্বধর হোম : ১৭টি

(২) শর্ট স্টে হোম : ৩৬টি

(৩) শহরে গৃহহীনদের আশ্রয় শিবির : ১২টি

(৪) প্রোটেক্টিভ এণ্ড রিহ্যাবিলিটেটিভ হোমস-২টি

সরকারী শিবির

(১) সরকারী শিবির : ১৩টি

(খ) বেসরকারী সংস্থা (N.G.O.) দ্বারা পরিচালিত আশ্রয় শিবিরগুলির নিরাপত্তার বিষয়টিও তারা দেখাশোনা করে থাকে।

আর সরকারী আশ্রয় শিবিরগুলিতে মহিলাদের নিরাপত্তার জন্য নিরাপত্তারক্ষী নিয়োজিত আছে।

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'-ble Members, I have received an application from Shri Shyamal Mondal desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of the Article 190 of the Constitution of India. I read it out.

.....(পঠিত চিঠিটি প্রসেডিংসের সঙ্গে সংযুক্ত করা হল) .....

Dt - 10/12/2012

মাননীয়,
অধ্যক্ষ,
পশ্চিমবঙ্গ বিধানসভা,
বিধানসভা ভবন, কোলকাতা -১

মহাশয়,

গত ১০ দিন ধরে প্রচণ্ড জ্বরে আক্রান্ত হওয়ায় ডাক্তারের অধীনে আমার চিকিৎসা চলছে। শারীরিক অসুস্থতার জন্য ডাক্তার আমাকে বিশ্রাম নেওয়ার পরামর্শ দিয়েছেন।

চলতি শীতকালীন অধিবেশনে আমি উপস্থিত হতে পারব না। সেজন্য আমার অনুপস্থিতির দিন গুলোকে অনুমতি দিয়ে বাধিত করিবেন।

-ইতি-
বিনীত
শ্যামল মন্ডল
সদস্য, পশ্চিমবঙ্গ বিধানসভা
তাং - ১০/১২/২০১২

[12.00—12.10 p.m.]

Mr. Speaker : Now, I ask whether Shri Shyamal Mondal has the permission of the Assembly asked for by him. .....(Noise) ..... I have to take dissentient voice আছে কিনা .....(Noise)..... ইনফরমেশন হবে না- না, না। নো, নো এখানে কোনো ইনফরমেশন হতে পারে না। Whether there is any dissentient voice - leave of absences-এ আমি জাস্ট দেখবে যে, dissentient voice আছে কিনা। I ask whether he has permission of the House or not. If the House has given him permission. .....(Noise)..... ঠিক আছে, ঠিক আছে।

There is no dissentient voice. I declare that Shri Shyamal Mondal has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 10th December, 2012 till the last day of the current session.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received two notices of Adjournment Motion. The first one is from Dr. Surya Kanta Mishra, Shri Anisur Rahaman, Shri Probodh Chandra Sinha, Shri Abdur Razzak

Molla, Shri Anandamay Mondal, Shri Biswanath Karak, Shri Chand Mohammad, Shri Id Mohammad and Shri Paresh Chandra Adhikary on the subject of alleged violation of guidelines of Reserve Bank of India and SEBI by chit funds and situation arisen thereon. And the second one is from Shri Asit Mitra on the subject of alleged non-setting up of new industries in the State.

The subject matter of both the motions relate to the day to day administration of the State Government and are not such that may call for the adjournment of the business of the House. Member may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Questions etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of each party may, however, read the text of the Motion as amended.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, আমি জানি না যে, যা লিখেছিলাম তাতে এডিট্ করার মত ছিল কিনা। যাইহোক, আমি সেটা পড়ছি। পশ্চিমবঙ্গে অসংখ্য চিটফান্ড গড়ে উঠেছে। বেশী মুনাফার লোভ দেখিয়ে এই সব আর্থিক সংস্থা সাধারণ মানুষের কাছ থেকে যে আমানত সংগ্রহ করছে তা অনেক ক্ষেত্রেই রিজার্ভ ব্যাঙ্ক এবং সেবি-র আইন না মেনে করা হচ্ছে। আমানতকারীদের টাকা এরা পরিশোধ করতে পারছে না। ফলে, হাজার হাজার গরিব মানুষ চিটফান্ডগুলির কাছ থেকে নানাভাবে প্রতারিত হয়ে সর্বশান্ত হচ্ছেন। একটা লাইন ছিল স্যার এর মধ্যে আমার যে, যারা ...

(এই সময় বক্তার মাইক অফ্ হয়ে যায়)

শ্রী অসিত মিত্র : স্যার, বর্তমান রাজ্য সরকার নতুন শিল্প স্থাপনে সাফল্য পায়নি। জমি না পাওয়ার ফলে আই.টি. ইন্ডাস্ট্রি বাইরে চলে যাচ্ছে। ইনফোসিস। এছাড়া, হলদিয়া, কোলকাতা ও রাজ্যের বিভিন্ন জায়গায় শিল্প তৈরী হচ্ছে না।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received **eight(8)** notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Rise in prices of vegetables and other essential commodities	: Dr. Tarun Kanti Naskar
(ii) Urge for enhancement of salary of Part Tiem Teachers and to make them permanent	: Shri Asit Mitra

Subject	Name
(iii) Alleged police excesses on Scheduled Castes women in Puini Village in Mangolkot Assembly Constituency area	: Shri Sahajahan Chowdhury
(iv) Alleged assault of Sabhadhipati and alleged suspension of his bodyguard in Burdwan	: Shri Basudev Khan
(v) Urge for speedy implementation of pipe line drinking water scheme in Harishchandrapur Assembly Constituency area	: Shri Tajmul Hossain
(vi) Alleged financial irregularities in Chit Funds in the State	: Shri Rameswar Doloi, Shri Nazmul Haque, Shri Susanta Besra & Shri Dibakar Hansda
(vii) Urge for opening of Dialysis centre at Purulia Deben Mahata Sardar Hospital	: Shri Nepal Mahata
(viii) Urge for repairing the bridge over river Brahmani under Hingla Gram Panchayat in Mohammad Bazar Block area of Birbhum district	: Dr. Asish Banerjee

(At this stage all the Hon'ble Left Front Members rushed to Speaker's podium and raised slogans.)

I have selected the notice of Dr. Asish Banerjee on the subject of "Urge for repairing the bridge over river Brahmani under Hingla Gram Panchayat in Mohammad Bazar Block area of Birbhum district".

The Minister-in-Charge may please make a statement to-day, if possible give a date.

শ্রীপার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ড. আশীষ ব্যানার্জী আনীত দৃষ্টি আর্কষণী প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করব এই বিধানসভা যেহেতু স্বল্পকালীণ তাই এর উত্তর সরাসরি মাননীয় বিধায়ক ড. আশীষ ব্যানার্জীকে পাঠিয়ে দেওয়ার জন্য।

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presentation of the 136th, the 137th and the 138th Reports of the Committee on Public Undertakings (2012-2013)

The Chairman (Shri Nirmal Ghosh) : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to present :

(a) The 136th Report of the Committee on Public Undertakings (2012-2013) on the Performance of the Britannia Engineering Limited and Gluconate Health Limited under the administrative control of the Public Enterprises Department, Government of West Bengal.

(b) The 137th Report of the Committee on Public Undertakings (2012-2013) on Audit Para No. 4.13 of the Report of the Comptroller & Auditor General of India (Commercial) for the year 2006-2007 relating to West Bengal Essential Commodities Supply Corporation Limited under Food & Supplies Department, Government of West Bengal.

(c) The 138th Report of the Committee on Public Undertakings (2012-2013) on Audit Para No. 4.6 of the Report of the Comptroller & Auditor General of India (Commercial) for the year 2005-2006 relating to West Bengal Essential Commodities Supply Corporation Limited under Food & Supplies Department, Government of West Bengal.

[12.10—12.20 p.m.]

Presentation of the eighth and the Ninth Reports of the Standing Committee on Science & Technology, Information Technology and Bio-technology (2012-2013)

Shri Partha Sarathi Chatterjee : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to present (a) The Eighth Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Biotechnology (2012-2013) on the activities of the Department of Seiener & Technology in the field of Geo-informatics and Remote Sensing ; and (b) The Ninth Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Biotechnology (2012-2013) on the Status of IT Hardware in the State.

LAYING OF REPORT AND ACCOUNTS

The 37th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2011-2012.

Shri Nure Alam Chowdhury : Mr. Speaker, Sir, I beg to lay the 37th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2010-2011.

MENTION

ড. তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মধ্য দিয়ে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সন্তোষপুর রেল স্টেশন সংলগ্ন যে ১৬ বিঘা বস্তি সেখানে গত ২০ তারিখে আগুন ধরে যায়। দিনের আলোয় পুলিশের সামনে আগুন জ্বলে। ৩২৬ টি পরিবারের বাড়িঘর সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। ৪ বছরের শিশুর পর্যন্ত মৃত্যু হয়েছে। ত্রাণের ব্যাপারে বলি - এস.ডি.ও. সেখানে গিয়েছিলেন। তিনি কেবলমাত্র ৪ টি বাঁশ এবং একটি ত্রিপলের জন্য প্রত্যেকের কাছ থেকে ১০ হাজার টাকার ভাউচারে সই করিয়ে নিতে চেয়েছেন। এর প্রতিবাদে তারা কিন্তু কেউই সই করেনি। ফলে তারা এখনও পর্যন্ত কোন ত্রাণের সাহায্য পায়নি। আমি গত ৪/১২ তারিখে তাদের এই অবস্থা দেখে এসেছি। আমি আপনার মধ্য দিয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি তাদের যেন উপযুক্ত ত্রাণের ব্যবস্থা করা হয়।

শ্রী শাহাজাহান চৌধুরি : নট রেসপন্ডেড

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : নট রেসপন্ডেড

শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ : নট রেসপন্ডেড

শ্রী উপেন কিস্কু : নট রেসপন্ডেড

শ্রী বাসুদেব মেটে : নট রেসপন্ডেড

শ্রী নেপাল মাহাত : নট রেসপন্ডেড

শ্রী অসিত মিত্র : নট রেসপন্ডেড

ড. আশীষ ব্যানার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পি.ডব্লু.ডি. মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে আমার রামপুরহাট বিধানসভা এলাকার একটা বড় অংশ, সেই অংশ আদিবাসী অধ্যুষিত। দীর্ঘকাল কেটে গেছে, বামফ্রন্ট ক্ষমতায় থেকেছেন। কিন্তু আদিবাসী মানুষের কল্যাণার্থে আদিবাসী মানুষের জন্য কোন উপকার সাধন করেননি। তাই ডেউচার মোড় থেকে সারেন্ডা হয়ে কেন্দ্রসরাইল গ্রাম পর্যন্ত যে রাস্তা সেই রাস্তা শুধু কাঁচা নয়, সেই রাস্তা মানুষের চলাচলের বিষয়টিও দুর্গম শুধু নয়, সেখানে সাধারণ মানুষ হাঁটতে পর্যন্ত পারেন না। এই অবস্থায়

দাঁড়িয়ে দুর্বিসহ যন্ত্রনা ভোগ করে গেছেন। বামফ্রন্টের মাননীয় বিধায়ক, বামফ্রন্টের মাননীয় মন্ত্রীরা বার বার সে কথা বললেও তারা যে অপদার্থতার পরিচয় দিয়েছেন এবং ভন্ডামির পরিচয় দিয়েছেন তা সর্বজনবিদিত। আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো এই ডেউচার মোড় থেকে সারেন্ডা হয়ে কেন্দ্রসরাইল গ্রাম পর্যন্ত যে রাস্তাটি কাঁচা রয়েছে সেটা পাকা করার বন্দোবস্ত করা হোক। এই আবেদন জানিয়ে এবং মাননীয় মন্ত্রীকে এই নির্দেশ আপনার পক্ষ থেকে দিয়ে মানুষকে দুর্বিসহ যন্ত্রনার হাত থেকে আপনি রক্ষা করুন এই আবেদন জানাচ্ছি।

[12.20—1.30 p.m. (including recess)]

.....(At this stage, the Hon'ble Members of Left Front Parties were seen raising slogans in front of the Hon'ble Speaker's Podium) .....

Shri Insar Ali Biswas : Not responded.

.....(Noise).....

Shri Basudeb Khan : Not responded.

.....(Noise).....

Shri Tajmul Hossain : Not responded.

.....(Noise).....

Shri Rameswar Doloi : Not responded.

.....(Noise).....

Shri Nazmul Haque : Not responded.

.....(Noise).....

Shri Dibakar Hansda : Not responded.

.....(Noise).....

Shri Joseph Munda : Not responded.

.....(Noise).....

Smt. Protima Rajak : Not responded.

.....(Noise).....

Shri Asit Kumar Mal : Not responded.

.....(Noise).....

Shri Apurba Sarkar : Not responded.

.....(Noise).....

Shri Manoj Chakraborty : Not responded.

.....(Noise).....

Smt. Shavni singha Roy : Not responded.

.....(Noise).....

Shri Seikh Safiujjaman : Not responded.

.....(Noise).....

Shri Abu Taher Khan : Not responded.

.....(Noise).....

Smt. Firoza Begam : Not responded.

.....(Noise).....

Shri Mohit Sengupta : Not responded.

.....(Noise).....

ZERO HOUR

Shri Asit Mitra : Not responded.

.....(Noise).....

Dr. Tarun Kanti Naskar : Not responded.

.....(Noise).....

Mr. Speaker : There is no business to be conducted. So, the House is adjourned till 1.30 P.M. Thank you Ladies and Gentlemen.

[1.30—1.40 p.m.]

(After recess)

Mr. Speaker : Hon'ble Members, I am sorry to say that today three Hon'ble Members, namely Shri Nazmul Haque, Shri Sk. Amjad Hossain and Shri Susanta Besra utterly disregarded the authority of the Chair and abused the rules of the House by persistently and willfully obstructing the business thereof.

'(At this stage Hon'ble Minister, Shri Partha Chatterjee rose to speak)'

Mr. Speaker : Yes, Shri Partha Chatterjee. মাইকটা দিন।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধানসভার কার্যবিবরণী ও কার্য প্রণালী অনুযায়ী আজকের ঘটনাকে কেন্দ্র করে আমি এই নিন্দা এবং দৃষ্টান্তমূলক শাস্তির জন্য আবেদন করছি আপনার কাছে। আজ ১১.১২.১২ বিধানসভা কক্ষে সি পি এম এবং বাম দলের কিছু বিধায়ক

স্লোগান দিতে দিতে বিধানসভায় মাননীয় অধ্যক্ষের আসনের দিকে চলে আসেন। তারা নানারকম অঙ্গভঙ্গী করে সভার গণতান্ত্রিক পরিবেশ নষ্ট করেন এবং অমর্যাদাকর মন্তব্য করেন মাননীয় অধ্যক্ষের বিরুদ্ধে। হঠাৎ বিধায়ক নাজমূল হক, শেখ আমজাদ হোসেন, সুশান্ত বেসরা অধ্যক্ষের আসনের কাছে চলে আসেন। বিধায়ক নাজমূল হক মাননীয় অধ্যক্ষের সামনে রাখা টেবিল ল্যাম্প ও মাইক্রোফোন তোলার চেষ্টা করে, মাইক্রোফোনটি ছিঁড়ে মাটিতে ফেলে দিতে যাচ্ছিলেন, যা নিরাপত্তারক্ষীরা হাত থেকে কেড়ে নেন। অন্যদিকে মাননীয় অধ্যক্ষকে শারীরিক নিগ্রহ করার চেষ্টা করে শেষ পর্যন্ত মাননীয় অধ্যক্ষের টেবিলে রাখা কাগজপত্র এবং বই মাটিতে ফেলে দেন ও কাগজপত্র ছিঁড়ে ফেলে দেন শেখ আমজাদ হোসেন ও সুশান্ত বেসরা। বিধ্যাসভার এই অভব্যতা, বিধানসভার অধ্যক্ষের কাজে বাধা দেওয়া, তার শারীরিক নিগ্রহের চেষ্টা করা, বিধানসভার সম্পত্তি নষ্ট করার ও চরম বিশৃংখলার সৃষ্টি করে সভার কার্য প্রণালী অনুযায়ী চরম বিধিভঙ্গ করেছেন। এই সভা এই তিন বিধায়কের এই আচরণের চরম দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানাচ্ছে ও বাম পরিষদীয় দলের অগণতান্ত্রিক আচরণের জন্য সভার কাজে মাননীয় অধ্যক্ষকে বাধা দেওয়ার চেষ্টা করে বিধানসভাকে কলুষিত করবার জন্য নিন্দা করছে।

-------- (Noise and interruption) --------

(At this stage Hon'ble Leader of the Opposition rose to speak.)

(Noise)

Mr. Speaker : Regard being had to the gravity of the situation.

-------- (Noise and interruption) --------

I will not allow anybody to speak. As per rule 348 there is no provision. Under rule 348 there is no such provision. I take the sense of the House that whether these three persons named by me Shri Nazmul Haque, Shri Sk. Amjad Hossain and Shri Susanta Besra be suspended from the service of the House for the remainder of the Session.

As many as are of that opinion please say "Aye", as many as are of the contrary opinion please say "No".

Ayes have it, Ayes have it.

The motion is carried.

Accordingly, Shri Nazmul Haque, Shri Sk. Amjad Hossain and Shri Susanta Besra - they are suspended from the service of the House for the remainder of the session.

So, I will call upon the Marshall.

(Noise)

মিঃ স্পীকার : I have acted according to the rule. I have acted according to the rule. আমি রুল অনুযায়ী কাজ করেছি।

(Noise)

(At this stage several Hon'ble Members came down to the well of the House and total pandemonium was prevailing in the House.)

(তুমুল গোলমাল)

(এই সময় একাধিক মাননীয় বামফ্রন্টের সদস্যগণ স্পীকারের আসনের দিকে ধেয়ে যান এবং মাননীয় স্পীকার মহাশয়কে উদ্দেশ্য করে কিছু বলতে থাকেন।)

(তুমুল গোলমাল)

Mr. Speaker : Security, Security, Please look into the matter. Security plus Staff, please look into the matter. Please, please.

(তুমুল গোলমাল)

Security, Security যান, ওখানটায় গিয়ে দেখুন।

(তুমুল গোলমাল)

[1.40—1.50 p.m.]

(Noise)

... (Several Hon'ble Members surrounded the well the House and raised slogans in fron of the Chair of the Hon'ble Speaker) ...

.. {Noise, commotion and interruption were continuing inside the well} ..

(At this stage several Hon'ble Members were seen shouting excitedly in front of the Chair and a few of them were trying to placate others)

মিঃ স্পীকার : মাননীয় সদস্যরা ... (গন্ডগোল) ... আপনারা বসুন। প্লিজ আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি যে আপনারা নিজ নিজ জায়গায় গিয়ে বসুন ..... (গন্ডোগোল) ..... প্লিজ বসুন। আমি সবাইকে আবেদন করছি প্লিজ টেক ইওর সিটস।

(প্রচন্ড গোলমাল)

মিঃ স্পীকার : প্লিজ টেক ইওর সিট। মিঃ সোহরাব বলুন।

শ্রী মহম্মদ সোহরাব : মিঃ স্পীকার স্যার, এই গণতন্ত্রের মন্দিরে আজকে যে ঘটনা ঘটল এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক, লজ্জাজনক, এ একটা মন্দিরকে যেভাবে কলংকিত করা হয়েছে, সেই

মন্দিরে যাতে ঠিকভাবে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়, সেই দিকে মনে হচ্ছে সেটা কন্ট্রোল হল না। এই আজকে আমরা দেখলাম স্যার মহিলা-মহিলা, মহিলা সদস্যাকে চ্যাংদোলা করে নিয়ে চলে যাচ্ছে, আর একজন মারামারি করছে। সেইজন্য আমরা এই পবিত্রতা না রক্ষা করার বিরুদ্ধে আজকের মত হাউস থেকে ওয়াকআউট করলাম।

(এইসময় কংগ্রেসের মাননীয় সদস্যরা বিধানসভাকক্ষ ত্যাগ করেন।)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, সারা দেশে সংবিধান, আইন যা আছে, বিধানসভার রুলস, নিয়মবিধি সেই সংবিধানের অধীন। বিধানসভার রুলস, সংবিধান নির্দিষ্ট ধারাবলে তৈরী হয়েছে। মাননীয় স্পীকার স্যার, আপনি যে চেয়ারের অধিকার প্রয়োগ করেন, সেই অধিকার আপনাকে রুলস দিয়েছে এবং সেই রুলস সংবিধানের অধীন। সংবিধানের মূল কথা হচ্ছে এই যদি কাউকে কোন কিছু অভিযুক্ত করা হয়, তাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হয়। সরকার পক্ষ থেকে একটা প্রস্তাব আনা হয়েছে।

(প্রচন্ড গোলমাল)

মাননীয় পরিষদীয় মন্ত্রী, তিনি একটা প্রস্তাব এনেছেন, অভিযোগ করেছেন। সেই অভিযোগ যা করেছেন, যারা অভিযুক্ত তাদের আপনি বলবার সুযোগ দেবেন - এটাই হচ্ছে স্বাভাবিক নিয়ম। আর তাছাড়া আমি যখন হাত তুলছি বিরোধী দলের নেতা হিসাবে, আমার যেটুকু অধিকার প্রাপ্য, আমি যখন বলতে চাইছি তখন আপনি সরকার পক্ষকে বলতে দিচ্ছেন। তখন আপনি আমাকে বলতে দিচ্ছেন না। আমাদের কথা না শুনেই আপনি একতরফা রায় ঘোষণা করছেন। এই যে মহিলা আক্রান্ত হয়েছে আপনি এর কি রুলিং দেবেন? এই যে আমাদের একজন সদস্য [***] এর কি রুলিং দেবেন? আমাদের সদস্যরা .....

মিঃ স্পীকার : আপনি আইনের কথা বলুন। ডাঃ মিশ্র আপনি রুলের কথা বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি দেবলীনা হেমব্রমকে বলতে সুযোগ দিন। আপনি আগে ওকে বলার সুযোগ দিন।

Mr. Speaker : আপনি বসুন। I am reading Rule 348.

The Speaker may, if he deems it necessary, name a member who disregards the authority of the Chair or abuses the rules of the House by persistently and willfully obstructing the business thereof.

If a member is so named by the Speaker, the Speaker shall, on a Motion being made forthwith put the question that the member (naming him) be suspended from the service of the House for a period not exceeding the remainder of the session :

So there is no provision under the Rule to hear the persons against whom suspensions has been proposed.

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

Dr. Surya Kanta Mishra : All rules are under the Constitution not above.

Mr. Speaker : I know. This is in consonance with the constitution of the Rule that has been framed. You are a member of the Rule Committee. You know the rules. In consonance with the constitution rule has been framed. No further argument. Whatever order I have passed I have passed.

.....(At this stage the three Hon'ble Members who were suspended from the House were seen remained in their seats.) .....

[1.50—2.00 p.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় বিরোধী দলনেতা যে [***] বলেছেন একথাটা বাদ দেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

.. (তুমুল গন্ডোগোল) ..

মিঃ স্পীকার : These things will not go on record. এগুলো যাবেনা। আগে যা বলেছেন যাবেনা, উইল নট গো অন রেকর্ড। (***) এই সমস্ত কথার কোন মানে হয়না। আই হ্যাভ নট সিন এনি বডি। যাইহোক I have passed my order. I have already pronounced my order. Accordingly these three Members - Nazmul Haque, Amzad Hossain, Susanta Besra be suspended from service of the House for the remainder period of the Session. That's the order passed. I have passed my order. These three Members are suspended ...

..(At this stage Hon'ble Member Smt. Deblina Hembram rushed to Speaker's Podium) ...

.. (তুমুল গন্ডোগোল) ..

(এই সময় সাসপেন্ড হওয়া মাননীয় তিন জন সদস্যকে সভাকক্ষে উপস্থিত থাকতে দেখা যায়।)

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, যে তিনজনকে সাসপেন্ড করলেন তাঁরা হাউসে থাকলে হাউস চলতে পারে না, যে তিনজনকে আপনি সাসপেন্ড করলেন তাঁরা হাউসে থাকলে হাউসের বিজনেস হতে পারে না। Let them go out and then proceed.

.. (তুমুল গোলমাল) ..

মিঃ স্পীকার : ডাঃ মিশ্র, আমি আপনাকে রিকোয়েস্ট করব আপনি তো Leader of

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

the Opposition, you have a responsibility to see that the House is run properly. Unfortunately your Members are not under your control. In the first session you have noticed what happened here. And accordingly the order that I have passed, I will request you to execute the order. Please exeeute the order, request your Members.

.. (তুমুল গন্ডোগোল) ..

ডাঃ মিশ্র আমি আপনাকে রিকোয়েস্ট করছি আমি যে অর্ডারটা পাশ করেছি .....

.. (তুমুল গন্ডোগোল) ..

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, আপনি একটা রুলিং দিয়েছেন, আমি আমার বক্তব্য বলেছি। তারপরে আপনার চোখের সামনে যে ঘটনা এখানে ঘটেছে তা নিয়ে আপনার কোন রুলিং আছে? তা নিয়ে আপনি কিছু বলবেন?

মিঃ স্পীকার : আমি ফার্স্ট যে রুলিংটা দিয়েছি সেটা এগজিকিউট করতে বলুন, তারপরে আমি বলছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনার প্রথম রুলিং-এর প্রতিবাদে আমরা সবাই ওয়াকআউট করব। সবাই, সবাই, সবাই, কেউ থাবকনা হাউসে।

.. (তুমুল গন্ডোগোল) ..

.. (এই সময় বামফ্রন্টের মাননীয় সদস্যগণ ওয়াকআউট করেন।) ..

শ্রী পার্থ চ্যাটার্জী : বিরোধী দলনেতার উস্কানিতে এবং মূলত সি পি এম বিধায়কদের উস্কানিতে আজকে হাউস দেখল কিভাবে কদর্যভাবে অধ্যক্ষকে নিগ্রহ করবার চেষ্টা হয়েছে। হাউসের মধ্যে দাঁড়িয়ে, এমনকি মহিলা বিধায়ক তিনি আক্রমন করলেন সরকারি দলের বিধায়ককে। যা ইতিহাসে কোনদিন ঘটেনি। যার চিকিৎসা হচ্ছে। এমনকি আমাদের বিধায়কদেরকে ঘুষি মারা হয়েছে, চড় মারা হয়েছে, ধাক্কাধাক্কি করা হয়েছে, হাত কেটে দিয়েছে। এই ধরণের ঘটনা বিধানসভায় চিন্তা করা যায় না। বিধানসভায় যারা এসেছেন কিসের জন্যে এসেছেন? গুন্ডামি করবার জন্য? যে গুন্ডামি ৩৪ বছর ধরে রাজ্যের মানুষ দেখে এসেছে। খুনখারাপি, আইনশৃঙ্খলাকে তলানিতে নিয়ে গেছেন। রাজ্যের অর্থনীতিকে তলানিতে নিয়ে গেছেন। আর যখন মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমরা বিধানসভা থেকে উন্নয়নমূলক সিদ্ধান্ত নিচ্ছি, আজকে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল, যেখানে তফসিলি জাতি, উপজাতি, অনগ্রসরদের নিয়ে আলোচনার কথা, তাকেও ভেস্তে দিতে চাইছে। তফসিলি জাতি, উপজাতি, ও.বি.সি. দের জন্য যারা কিছু করেনি, আজকে যখন মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এই সরকার করছে তখন তাকে ভেস্তে দিতে চাইছে। যে কোন উন্নয়নমূলক বিল আনলেই হয় বলছে সিলেক্ট কমিটিতে পাঠান, না হয় গায়ের জোরে বলছে। আমি বলব মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ধরণের গুন্ডামি, এই ধরণের আক্রমণ বিধানসভায় নজিরবিহীন। আমরা যখন বিরোধী দলে ছিলাম, আমরা কোনদিনই গিয়ে সরকারি দলের বিধায়কদের ধারে কাছে ঘেষতাম না। আজকে এই ১৮ মাসের মধ্যে, এই ক' দিনের মধ্যে তাদের এই উস্কানি, এই চক্রান্ত এমন

একটা পর্যায়ে চলে গেছে আজকে যা শুধু বাইরে নয় - বাইরে কলকে পাচ্ছে না, বাইরে গিয়ে কিছু করতে পারছে না, মানুষ তাদের সঙ্গে নেই, গুটি কয়েক এম.এল.এ. এসে গুন্ডামি করবে, বিধানসভার ঐতিহ্যকে নষ্ট করবে, বিধানসভার সংস্কৃতিকে নষ্ট করবে, আমরা তা বসে বসে দেখতে পারি না। আবারও বলছি, এই ঘটনার জন্য দোষীদের শাস্তি দিতে হবে। এবং এই ঘটনার জন্য আবার সবাইকে অনুরোধ করছি চরম নিন্দা করতে হবে। আমি সভাকে অনুরোধ করছি এই প্রস্তাবকে সমর্থন জানানোর জন্য।

ড. তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একজন নতুন সদস্য, এবারেই প্রথম নির্বাচিত হয়েছি এবং এই হাউসে এসেছি জনগণের প্রতিনিধি হিসাবে, জনগণের স্বার্থে কিছু কাজ করার জন্য এবং এখানে কিছু কথাবার্তা বলব জনগণের স্বার্থে এবং এখানে যে আইন রচনা হবে— সেই আইনের পক্ষে বিপক্ষে যা হোক - সেখানে সাহায্য করার চেষ্টা করব, এই স্বপ্ন দেখেছিলাম। কিন্তু গত কয়েকদিন ধরে, বিশেষ করে আজকে সকালের ঘটনা দেখেছি যে ভাবে একটা অ্যাডর্জনমেন্ট মোশান, যেটা পার্লামেন্টারি ইন্সট্রুমেন্ট, করতে দেওয়া না দেওয়া নিয়ে যে ঘটনা ঘটেছে এবং স্পীকারের চেয়ারের সামনে গিয়ে যে ভাবে আচরণ করা হয়েছে, সেই আচরণ আমার যেটা মনে হয়েছে সেটা হ'ল, এটা গণতন্ত্রের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। আবার তারপরে বিকেলে যে ঘটনাটা ঘটল, আমি দূর থেকে ভালো দেখতে পাইনি কি ঘটনা ঘটেছে এবং যে ভাবে মারপিটে লিপ্ত হয়ে গেছে, একে অপরের গায়ে হাত তুলেছে, এই ঘটনাটা এই হাউসের পক্ষে একেবারেই বাঞ্ছিত নয় বলেই আমার মনে হয়েছে। যারা প্রবীণ সদস্য, যারা বহুদিন ধরে নির্বাচিত হয়ে আসছেন তাদের কাছে একজন নতুন সদস্য হিসাবে আমার আবেদন, হাউসে যাতে স্যাংটিটি বজায় থাকে তার চেষ্টা করবেন এবং আমরা যারা নতুন সদস্য, তারা যাতে আপনাদের কাছ থেকে কিছু শিখতে পারি তার চেষ্টা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়কে নিবেদন, হাউসের স্যাংটিটি যাতে বজায় থাকে, এই আইনে যা আছে সেই আইনের মধ্যে থেকে যাতে বজায় থাকে সেটা দেখবেন। আর একটা জিনিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সকালে মেনশান আওয়ারে একটা বিশেষ ঘটনা নিয়ে আমি বললাম, বলার পর একজন সদস্যা কস্তুরী দাস ওখান থেকে উঠে এসে এখানে দাঁড়িয়ে যে দুর্ব্যবহার করে গেছেন ..

মিঃ স্পীকার : আপনি বলেছেন, ঠিক আছে।

ড. তরুণ কান্তি নস্কর : I will write to you on that issue.

মিঃ স্পীকার : ঠিক আছে।

Now business before the House is The West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Identification) (Amendment) Bill, 2012. Hon'ble Minister-in-Charge of Backward Classes and Welfare Department may please introduce the Bill.

[2.00—2.10 p.m.]

LEGISLATION

The West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Identification) (Amendment)Bill, 2012

Shri Upendra Nath Biswas : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Indentification) (Amendment)Bill, 2012.

(Secretary then read the title of the Bill)

Shri Upendra Nath Biswas : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Identification) (Amendment) Bill, 2012 be taken into consideration.

শ্রী অসিত মাল : - অনুপস্থিত।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী দ্য ওয়েস্ট বেঙ্গল সিডিউলড কাস্টস এ্যান্ড সিডিউলড ট্রাইব আইডেনটিফিকেশন অ্যামেন্ডমেন্ট বিল ২০১২ সভায় উত্থাপিত করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য নিবেদন করছি। সংসদীয় বিষয়ক মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় ঠিকই বলেছেন যে ওরা এই বিলটিকে ভেস্তে দিতে চাইছিল। ওদের পদে পদে লজ্জা হত যে ওরা যেটা পারে নি, যেভাবে সিডিউলড কাস্টস সিডিউলড ট্রাইবদের শংসাপত্র পাওয়া থেকে দিনের পর দিন বঞ্চিত করেছে এবং যে প্রসেসে শংসাপত্র দেওয়া হত, সেই প্রসেসটাকে জটিলতা থেকে মুক্ত করে মাননীয় মন্ত্রী উপেন বিশ্বাস মহাশয়, মা মাটি মানুষের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এই বিলটি এনেছেন এটাকে শুধু আমি বৈপ্লবিক পদক্ষেপই বলব না সিডিউলড কাস্টস সিডিউলড ট্রাইবের আইডেনটিফিকেশন শংসাপত্র পাওয়ার পক্ষে সারা দেশের মধ্যে এক উল্লেখযোগ্য ঘটনা বলে বলব। আমি মাননীয় মুখ্যমন্ত্রীসহ মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই যে এই ডিপার্টমেন্ট চালানোর জন্য তারা যে সমস্ত দ্রুততার সঙ্গে কাজ করেছেন আজকে বিরোধীপক্ষ বারবার বলেন যে দেড় বছরে কিছু এগোয় নি, কিন্তু ওদের বিশ্বাস করতে লজ্জা হত এক লক্ষ পঞ্চাশ হাজার পেন্ডিং সার্টিফিকেট যখন ছিল, তখন মন্ত্রী মহাশয় দায়িত্ব নেন। মাত্র এই কয়েকমাসের মধ্যে দ্রুততার সঙ্গে কাজ করার জন্য এবং নির্দিষ্ট লক্ষ্যে নির্দিষ্ট অভিমুখে যাওয়ার জন্য মাননীয় বিশ্বাস মহাশয় সেটাকে একাত্তর হাজারে নামিয়ে এনেছেন। চৌত্রিশ বছরে যেটা তারা পারেন নি সেই দেড় লক্ষ থেকে মাত্র একাত্তর হাজারে নামিয়ে আনা এটা কম সাফল্যে পরিচয় নয়। মাননীয় সহ উপাধ্যক্ষা এটা সম্ভব হয়েছে আগে নিয়ম ছিল আট সপ্তাহের মধ্যে ডিসপোজাল করতে হত একটা সার্টিফিকেট। মাননীয় মন্ত্রী মহাশয় এসে সেটাকে ফোর উইকসের মধ্যে নামিয়ে আনলেন। এবং এই যে চার সপ্তাহের মধ্যে যে শংসাপত্র দেওয়া হবে সেই শংসাপত্র পাওয়ার জন্য সংশ্লিষ্ট আধিকারিককের কাছে দিনের পর দিন মাসের পর মাস ছুটত এবং আমাদের প্রত্যেকের অভিজ্ঞতা আছে যারা এস সি এবং এস টি একটা সার্টিফিকেট পাওয়ার জন্য হন্যে হয়ে তারা ঘুরে বেড়াতেন, তাদের লোকাল কমিটির সিপিএমের সার্টিফিকেট না থাকলে তাদের সার্টিফিকেট দেওয়া হত না। লোকাল কমিটির

সি পি এমের সার্টিফিকেট না থাকলে সংশ্লিষ্ট আধিকারিকরা সেই সার্টিফিকেট দানে অনিচ্ছা প্রকাশ করতেন। দিনের পর দিন হয়রানি হত মানুষ। আমি আমার ব্যক্তিগত কেন্দ্র পূর্ব মেদিনীপুর জেলার পটাশপুর কেন্দ্রের কথা বলছি আমি মাননীয় মন্ত্রী এবং দপ্তরকে বলি আমাদের খড়িয়া বলে একটি জাতি আছে, সেই খড়িয়া জাতির যেখানে ১৮০০ পরিবার আছে খড়িয়া এবং খড়িয়াল, আমি দপ্তরের সঙ্গে ওদের ব্যাপারে কথা বলার পরে দপ্তর অত্যন্ত দক্ষতার সঙ্গে আজকে সেই সার্টিফিকেটের ব্যাপারে এস ডি ও, ডি এমের মাধ্যমে নির্দেশ দেন যে অবিলম্বে এদের সার্টিফিকেট দেওয়া হোক। এবং তার সুফল তারা পেয়েছেন। যারা একেবারেই পেতেন না, বছরের পর বছর তারা হন্যে হয়ে ঘুরেছেন, মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া আজ তারা সার্টিফিকেট নিয়েছেন। এবং এলাকাতে প্রচণ্ড উৎসাহ ও সাড়া পড়ে গেছে যে বাকী কেসগুলি যাতে ডিসপোজাল করা হয়। সারা বাংলার এই অবস্থা। এবারে আসুন কোলকাতার কথা। এই আইনটি বিশেষ করে কোলকাতার যে মেট্রোপলিটন সিটি, তার যে সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে যে জটিলতা ছিল, মাননীয় মন্ত্রীমহাশয়, সেই জটিলতা এবং সেই প্রসেসকে অত্যন্ত সরলীকরণ করে নির্দিষ্ট আধিকারিকের দায়িত্ব অ্যাকাউন্টেবিলিটি ফিকস করে আজকে এই বিলটি এখানে আনতে চেয়েছেন। তাই বিলটাকে এক কথায় বলা যায়, শংসাপত্র পাওয়ার ব্যাপারে সরলীকরণ, শংসাপত্র পাওয়ার ব্যাপারে নির্দিষ্ট আধিকারীকদের ওপর দায়িত্ব নির্ধারিত করা এবং শংসাপত্র পাওয়ার ব্যাপারে নির্দিষ্ট দিন এবং শংসাপত্র পাওয়ার ব্যাপারে যে এলাকা, সেই এলাকা ডিফাইন্ড হয়েছে, রি-ডিফাইন্ড হয়েছে, সেই ডিফাইন্ড্ অনুযায়ী আজকে তার সঙ্গে সঙ্গতি রেখে আইনের সংশোধন। আমরা বলি, বামফ্রন্ট ৩৪ বছর ছিল মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া। আজকে ক্যালকাটা টাউন বা ক্যালকাটা শহর ডিফাইন্ড্ হ'ত। এখানে আইনে আছে, ১৮৬৬ সালের আইন মোতাবেক ক্যালকাটা শহরের সংজ্ঞা নির্ধারিত হ'ত এবং এখানে সার্টিফিকেট কে দিতেন? উত্তর চব্বিশ পরগণার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অথারাইজ্ করতেন একজনকে, সম্ভবতঃ তিনি এ.ডি.এম. । সম্ভবতঃ সেই এ.ডি.এম.-ই সার্টিফিকেটটা দান করতেন। সুতরাং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাজ বেড়েছে, পঞ্চায়েতের কাজ বেড়েছে, সব ডিপার্টমেন্টের কর্মযজ্ঞ শুরু হয়েছে। সুতরাং ক্যালকাটা, ইভেন্ ক্যালকাটার যে মিউনিসিপ্যাল কর্পোরেশন, সেটা রি-ডিফাইন্ড হয়েছে। ভাবতে কষ্ট হয়। বামফ্রন্ট নির্বাচনে জেতার জন্য কর্পোরেশনের এলাকা বাড়লো, কিন্তু কর্পোরেশন এলাকার যে সংজ্ঞা ১৮৬৬ সালের পুলিশ আইন মোতাবেক, তার কোনো পরিবর্তন করলেন না। মাননীয় বিশ্বাস মহাশয় আজকে রি-ডিফাইন্ড করে তাকে ক্যালকাটা মেট্রোপলিটান্ অ্যাক্টের যে সংজ্ঞা, তার সঙ্গে সঙ্গতি রেখে আইনটার পরিবর্তন এনেছেন। খুব সহজ ভাষায় বলতে গেলে এটাই দাঁড়ায়, ডি.এম.(নর্থ চব্বিশ পরগণা) শংসাপত্র দেবেন না, শংসাপত্র দেবেন স্টেট গভর্নমেন্টের প্রেসক্রাইব একজন অথরিটি, নট্ বিলে দি র‍্যাঙ্ক অফ্ এস.ডি.ও.। তিনিই শংসাপত্র দেবেন। কোন এলাকার শংসাপত্র দেবেন? রি-ডিফাইন্ড, রি- ডেজিগনেটেড্- অর্থাৎ ১৪১ থেকে অ্যাডেড্ হয়েছে যেটা, সেই অ্যাডেড্ এরিয়ার নিয়ে আজকে তিনি দেবেন। ৬৫টা আজকে অ্যাডেড্ হয়েছে, সেই ৬৫টা প্লাস যেটা একজিসটিং ছিল, সেই একজিসটিং প্লাস ৬৫টা অ্যাডেড্ এরিয়ার শংসাপত্র কে দেবেন? শংসাপত্র দেবেন স্টেট গভর্নমেন্টের প্রে সক্রাইব্ অথরিটি, নট্‌বিলে। দি র‍্যাঙ্ক অফ এস.ডি.ও.। অত্যন্ত সহজ, অত্যন্ত সরল। তাতে লাভটা কি হবে? ক্যালকাটার মতো বৃহত্তর এলাকার যারা এস.সি., এস.টি. লোক, তারা সরাসরি জানতে পারবে যে, এই আমার

শংসাপত্র দেবে, এত দিনের মধ্যে দেবে। তাহলে আবেদনটা সরাসরি হবে। সুতরাং In order to facilitate this certificate in a very simple way, this simple amendement is being done by our Hon-ble Minister. সুতরাং আমি তাঁকে সাপোর্ট করছি। আরো আছে মাননীয়া উপাধক্ষ্য মহোদয়া। এরমধ্যে শুধু এরিয়া বাড়েনি, আপনার তৎপরতার জন্য, মুখ্যমন্ত্রীর তৎপরতার জন্য, মন্ত্রীসভার তৎপরতার জন্য আপনি যখন আসেন তখন ১০৮টা সাব-কাষ্ট ছিল এস.সি., এস.টি. ক্যাটাগরির মধ্যে। Now, that Members also have increased এবং অত্যন্ত আনন্দের কথা মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, ১০৮ থেকে বেড়ে হয়ে গেলো ১৪৪। সুতরাং এই যে অন্যান্য সাবকাষ্ট ইনক্লুডেড্ হ'ল, এরা আবার আবেদন করবে। সুতরাং শুধু আকারগত দিক দিয়ে নয়, ভৌগলিক, জিওগ্র্যাফিকাল এলাকার দিক দিয়ে নয়, ভৌগোলিক এলাকার দিক দিয়ে নয়, diversification of caste ইনক্লুশন হ'ল, সেই ইনক্লুশনের জন্য সংখ্যা বাড়লো। তাদের একটা লোড্ পড়বে। সুতরাং আগের আইন যদি থাকতো, তাহলে যেমন করে গয়ংগচ্ছ চলতো, তেমন করে চলতো এস.সি., এস.টি.-র যারা সার্টিফিকেট পাননি। কারণ এস.সি., এস.টি. সার্টিফিকেটের সঙ্গে পঞ্চায়েতের, শিক্ষা ব্যবস্থার, চিকিৎসা ব্যবস্থার, সামাজিক কল্যাণের প্রশ্নটা জড়িত। তারা দীর্ঘদিন বঞ্চিত হয়েছেন এই প্রতারকদের দ্বারা, তারা দীর্ঘদিন ভুগেছেন এদের অবহেলার দ্বারা, তারা দীর্ঘদিন ভুগেছেন এদের অনীহার দ্বারা, তারা দীর্ঘদিন ভুগেছেন এদের দলবাজির দ্বারা। আজকে নেই, আমি থাকলে বলতাম মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, ক্যালকাটা বাড়লো, এরিয়া বাড়লো, নতুন করে উপজাতি সংযোজিত হ'ল, সেই অনুযায়ী আইন হ'লনা। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ, আপনি এই অ্যামেন্ডমেন্ট বিল ২০১২ এনে অন্যান্য ডিস্ট্রিক্টে যেমন সহজ-সরল পদ্ধতি আছে, ঠিক সেই সহজ-সরল পদ্ধতিটি আপনি অনুপ্রবিষ্ট করিয়েছেন।

[2.10—2.20 p.m.]

এ ক্ষেত্রে শুধু S.D.O. বা D.M. রিফিউজ করলে হবে না, তার Appeal seetion আছে। আপনি দেখুন এই Appeal scction -এ মাননীয় মন্ত্রী মহাশয় বিলে যেটা এনেছেন 48B 'appeal against refusal, issue of certificate' সেখানে প্রেসিডেন্সীর যিনি কমিশনার তিনি এপীলটা নিতেন এবং নতুন আইনেও সেই D.M. -জটিলতা কাটানো হলো, অথোরাইজড কাটানো হলো এবং straight way-তে বলা হল, সোজাসুজি বলা হল Appellate Authority হচ্ছে প্রেসিডেন্সীর কমিশনার। সেই প্রেসিডেন্সীর কমিশনারে এপীল করতে পারবেন। এবং এটা ভালো জায়গায় এসেছে যে, S.D.O. বা prescribed authority শুধু সার্টিফিকেটটা, দরখাস্তটা রিফিউজ করলে হবে না ম্যাডাম। সার্টিফিকেটটা রিফিউজ করা হবে, তাকে opportunity of being heard অর্থাৎ তাকে তার আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে সংশ্লিষ্ট আধিকারীককে, যে আমি হেয়ারিং নিয়ে এবং -শুধু refule করলে হবে না, speaking order দিতে হবে। refusal -এর লিখিত কারণ দিতে হবে। সুতরাং arbitrary আমি রিফিউজ করে নিলাম it is not that । তাকে hearing এর সুযোগ দিতে হবে, speaking order লিখতে হবে। তবে সংশ্লিষ্ট আধিকারীক তাকে রিফিউজ করতে পারবেন। accept করলেন তো,

অসুবিধার কথা নেই। সুতরাং আজকে তাই এই বিলকে সমর্থন করে এবং এটা ঐতিহাসিক পদক্ষেপ, খুব ভালো পদক্ষেপ, খুব ভালো বিল এনেছেন, তারজন্য ধন্যবাদ জানিয়ে আমরা বক্তব্য শেষ করছি, ধন্যবাদ, নমস্কার।

শ্রী অনন্তদেব অধিকারী : (নট রেসপন্ডিং)।

শ্রী নির্মল চন্দ্র মন্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়, আপনার মাধ্যমে আজকে আমাদের সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইব দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় এর উপরে সংশোধনী বিল এনে, আজকে এই সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইব যে জাতি, তাদের শংসাপত্র দিয়ে সমাজে যাতে তাদের তাড়াতাড়ি কল্যাণ করা যায় তারজন্য যে বিল এনেছেন, আমি তাকে সমর্থন করছি। আমি মনে করি এই বিলটা যথার্থ হয়েছে। মা-মাটি-মানুষের সরকার মানুষের কথা ভেবে বিশেষ করে S.C., S.T. পিছিয়েপড়া সমাজ, যাদের উন্নয়নের দিক এতদিন বামফ্রন্ট সরকার তেমন ভাবে দেখেনি। একটা সার্টিফিকেট পাওয়ার জন্য ওই সম্প্রদায়ের মানুষ তারা S.D.O., B.D.O., পঞ্চায়েতের কাছে বা উর্ধ্বতন অফিসারের কাছে বারেবারে ঘুড়েছে। তাদের কারো কারো তিন বছর, চার বছর, এমনও আমরা দেখেছি সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে বিভিন্ন অজুহাতে ৬,৭ বছরের মধ্যেও সার্টিফিকেট তারা পায় নি। সেই কারণে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বিশেষ করে অনুরোধ করবো যারা শিক্ষায়-দীক্ষায় পিছিয়ে ছিল, এই সমস্ত সম্প্রদায়ের পরিবারের লোকেরা, যারা তেমন ভাবে শিক্ষা-দীক্ষা তখন পায় নি, বা সেই পরিবার এই সংশাপত্র তারা জোগাড় করে নি বা তাদের ছিল না। তাই তাদের ছেলেমেয়েদের ক্ষেত্রে যে কি ধরনের সমস্যা-এখনও আমরা দেখেছি যার পরিবারে সার্টিফিকেট নেই, বা বাবা-মার সার্টিফিকেট নেই, বা বিশেষ করে তাদের বাবা, কাকার সার্টিফিকেট নেই, তাদের ক্ষেত্রে দেখেছি তারা S.D.O., B.D.O. কাছে বারে বারে হাঁকছে হিয়ারিং করে। এখন আমাদের মা-মাটি-মানুষের সরকার এসেছে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বারে বারে D.M., S.D.O -দের সাথে বসে বসে কি ভাবে কত তাড়াতাড়ি এটা পাওয়া যায়, -কারণ এই সার্টিফিকেটটা পড়াশোনার ক্ষেত্রে কাজে লাগে, কোন নতুন লোন নিতে গেলে দরকার, কোন ব্যবসা করতে গেলে এই জাতির, সম্প্রদায়ের মানুষ তাদের জন্য যে সুযোগসুবিধা আছে, এই সার্টিফিকেট না পেলে তা থেকে তারা বঞ্চিত হয়। তাই আমি বলব, মাননীয় মন্ত্রী সাহেব যে বিল এনেছেন আমি এই বিলকে আরও বেশি বেশি করে সমর্থন করছি। পিছিয়ে পড়া জনকল্যাণ বিভাগের যে মানুষেরা, পিছিয়ে পড়া মানুষ যারা, সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইব আজাকে ইন্ট্রোডাকশান, কন্সিডারেশান, পাসিং যেগুলো ছিল বিগত দিনের যে জটিলতা ছিল এই জটিলতাগুলো কাটিয়ে যেমন কলকাতার ক্ষেত্রে এবং জেলার ক্ষেত্রে এটা আরও সহজ করে যে ব্যবস্থা করেছেন আমি তাকে অভিনন্দন জানাই। আমি বিশেষ করে মন্ত্রী মহোদয়কে বলব, আরও কত বেশি করে সহজ করে, যাদের পরিবারে বিশেষ করে সার্টিফিকেট নেই কারণ আমরা শুনেছি দেখেছি এলাকায় ১০জন, ১২জন সই করে এলাকার তারা ঐ জাতি বা ঐ সম্প্রদায়ের মানুষ কিনা বলেও সেগুলো হিয়ারিং বা অন্যান্য করে অনেক বিলম্ব হত। এখন অবশ্য একটু কমেছে। তবুও আমি বলব এই সার্টিফিকেটের ক্ষেত্রে আরও কত সহজ করে যাতে তারা তাদের সংশাপত্র পায় সেটা আইনে এনে যাতে এই সম্প্রদায়ের মানুষদের সুযোগ সুবিধা আরও যাতে বাড়ে এবং এদের

অর্থনৈতিক উন্নয়ন যাতে বাড়ে সেটা দেখার জন্য। তার কারণ হচ্ছে, সিডিউল্ট কাস্ট, সিডিউল্ট ট্রাইব এদের ছেলেমেয়েরা পড়াশুনা করতে গেলে এরা সরকার থেকে স্টাইপেণ্ড পায়। এর উপর নির্ভর করে অনেক ছেলেমেয়েরা পড়াশুনা করে। আজকে যদি এই দপ্তরের স্টাইপেণ্ড দেওয়ার ব্যবস্থা না হত তাহলে যে শিক্ষার কথা আমরা বলি-এই দপ্তরে বিভিন্ন কোটা আছে সেই সমস্ত সিডিউল্ট কাস্ট, সিডিউল্ট ট্রাইব এরা তার স্কুল থেকে, কলেজ থেকে, হাসপাতাল থেকে বিভিন্ন কোটার ভিত্তিতে এই সমস্ত জায়গায় হয়। আজকে না হলে তারা পড়াশুনা করতে পারত না। এই যুগে তারা পড়াশুনা থেকে বঞ্চিত হত কারণ এখনও ঐ পরিবারের অনেক ছেলেমেয়েরা আছে যারা অর্থের অভাবে, যারা পরিবেশের সুযোগ সুবিধের অভাবে এখনও পড়াশুনা থেকে বঞ্চিত। আমরা জানি কারণ আমরা এলাকায় যাই। ঐ সম্প্রদায়ের মানুষ কেউ বলে আমরা টিউশানি পড়াতে পারিনি, কেউ বলে আমার খাওয়া হয় না, আমার ছেলেমেয়েদের দেখতে পারিনি। তাই বিশেষ করে এই সম্প্রদায়ের মানুষদের উন্নয়ন করার জন্য আমাদের মন্ত্রী মহাশয় এখানে যে বিল এনেছেন সেই বিলটাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

ড. সুখবিলাস বর্মা : নট রেসপন্ডিং ।

ড. তরুনকান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া ওয়েস্ট বেঙ্গল সিডিউল্ড কাস্টস এ্যান্ড সিডিউল্ড ট্রাইবস (আইডেনটিফিকেশান) (এ্যামেন্ডমেন্ট) বিল, ২০১২ এখানে যে সংশোধনগুলি আনা হয়েছে, সেই সংশোধনীর মধ্যে দিয়ে মাননীয় মন্ত্রী বলতে চেয়েছেন যে, এই সার্টিফিকেট ইস্যু করার ক্ষেত্রে তার পদ্ধতিগুলি তরান্বিত করার একটা প্রস্তাব তিনি এর মধ্য দিয়ে আনার চেষ্টা করেছেন। এবং এতদিন এস.ডি.ও যে সার্টিফিকেট ইস্যু করতেন এবং সেখানে কলকাতার ক্ষেত্রে যে সমস্যাগুলি ছিল সেই সমস্যাগুলি তিনি সেখানে দূর করার চেষ্টা করেছেন। এভাবে বিলটা এসেছে। কিন্তু আমার যেটা অভিজ্ঞতা তার ভিত্তিতে বলতে পারি, মাননীয় মন্ত্রির ভাবার দরকার এই পদ্বতিতে গোটা ব্যাপারটা তরান্বিত হবে কিনা, দ্রুত হবে কিনা কারণ বহু দিনই ছিল এটা প্রায় আড়াই থেকে তিন বছর লেগে যেত এই সার্টিফিকেট পেতে। এখনও পর্যন্ত এই সার্টিফিকেট পেতে দুই থেকে তিন মাস লেগে যাচ্ছে। এই লেগে যাওয়ার পিছনে মুলত যে বিষয়টি হয়ে আছে বি.ডি.ও লেভেলে কাগজপত্র পরীক্ষা করা হয় এবং তারপর এস.ডি.ও লেভেলে সেটা পাঠানো হয়।

[2.20—2.30 p.m.]

এই যে মাঝখানের স্তরটা, এই স্তরের মধ্যে যে red-tapism থাকে কাগজপত্র পরীক্ষা করার ক্ষেত্রে, সেই red-tapism টা কিন্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা ব্যাপার এবং তার ফলেই কিন্তু গোটা বিষয়টা অনেকটা বিলম্ব হয়ে যায়। ফলে প্রয়োজনীয় কাগজপত্রের নাম করে যে ঘটনাগুলো ঘটছে এবং যেটা এতদিন ধরে হয়ে এসেছে এবং এখনও বহু ক্ষেত্রে ঘটছে এই বিষয়টাকে যদি দূরীভূত না করা যায়, এই সমস্যাটার যদি সমাধান না করা যায় তাহলে আমার যেটা মনে হয়েছে যে, হাজার চেষ্টা করেও কিছু হবে না। এবং যেটা নির্মলবাবু বললেন, অত্যন্ত রাইটলি বললেন যে, পিছিয়ে পড়া এই অংশের বিশেষ করে ছাত্রছাত্রী যারা তাদের যে সমস্যাটা আছে সেই সমস্যাটা হচ্ছে যে, সার্টিফিকেট না পেলে অনেক সময় অনেক কিছু তাদের পাওয়া হয় না। এবং এখন যেহেতু

স্কুল লেভেলেও তাদেরকে স্কলারশিপ্ দেওয়া হয়, ফলে স্কুল লেভেলে স্কলারশিপ পেতে তাদের দেরি হয়। এবং একেবারে IX, X এই লেভেলে থেকেই তাদের সার্টিফিকেট লাগে। এবং গোটা বিষয়টাতে মাঝখানের এই red-tapismটা কিন্তু সত্যি সমস্যা হিসাবে দাঁড়িয়ে আছে। ফলে মাননীয়া মন্ত্রী মহাশয়কে আমি বলছি যে, কাগজপত্র পরীক্ষার নাম করে যে বিষয়টা চলছে এইটা যদি কোথাও আপনি দূরীভূত করতে পারেন তাহলে অনেক ছাত্রছাত্রীর ক্ষেত্রে বিষয়টা অনেকটা সহজ হয়ে যায়। আর মাঝখানে অনেক সময় আমি শুনেছি যে, এই টাকাপয়সার যে বিষয়, সে বিষয়ে যেটা অনেকটা নির্মলবাবু উল্লেখ করলেন, সেরকমও ঘটনা আছে। তারপরে ঐ evidence -এর জন্য সেখানে গিয়ে তাদের সাক্ষ্য দেওয়া evidence দেওয়া এই যে বিষয়টা আছে। তারপরে এই যে, family tree-র বিষয়, আমি আপনাকে বলছি যে, অন্তত কয়েকটা কেস আমার জানা আছে, আমি জানি তারা Schedule Caste গোষ্ঠীভুক্ত কিন্তু তৎসত্বেও কোনোভাবেই existing যে document আছে সেই document দিয়ে তাদের প্রমাণ করা যাচ্ছে না যে তারা Schedule Caste। ফলে এইরকম যে specific সমস্যাগুলো, এই specific সমস্যাগুলোকে যদি কোথাও সমাধান করার একটা চেষ্টা করতে পারেন সেটা যেভাবেই হোক, তাহলে আপনি যে প্রচেষ্টা নিয়েছেন সেই প্রচেষ্টা অন্তত সফল হবে নতুবা হবে না। এই ক'টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয়া ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি West Bengal Schedule Caste Schedule Tribe -এর মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমাদের কাছে অত্যন্ত আনন্দের দিন এই কারণে, আমরা যারা Schedule Caste এবং Sechedule Tribe তারা আমরা সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে এত বেশি harassment হতো, ৩৪ বছরের বামফ্রন্ট জমানায় অনেক জাল সার্টিফিকেট বার করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করবো যে, এই জাল সার্টিফিকেট ধরার ক্ষেত্রে যদি আপনি Internet -এর ব্যবস্থা করেন যে, আমার সার্টিফিকেট issue করা হল, প্রত্যেকে দেখল। ফলে Internet -এর মাধ্যমে হলে দেখবেন অনেকে জাল সার্টিফিকেট নিয়ে চাকরি করছে। বামফ্রন্টের আমলে আমরা জানি যে বহু জাল সার্টিফিকেট ইস্যু করা হয়েছে তারা সেই সার্টিফিকেট দেখিয়ে তারা আজকে চাকরি করে যাচ্ছে। অথচ যারা আসল Schedule Caste এবং Schedule Tribe -এর ছেলেমেয়েরা তারা কিন্তু আজকে বঞ্চিত হচ্ছে। আমাদের মাননীয় সদস্যগণ বক্তব্য রেখেছেন আমি কয়েকটি কথা শুধু বলি যে, আমাদের মা-মাটি-মানুষের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি একজন যোগ্য ব্যক্তিকে এই Schedule Caste Schedule Tribe -এর এই আসনে বসিয়েছেন। আজকে যে West Bengal Schedule Caste Schedule Tribe Amendment Bill, 2012 এই বিলকে পূর্ণ সমর্থন করছি কয়েকটি কারণে। এক, Schedule Caste Schedule Tribe বিলটি যদি পাশ হয় আজকে তাহলে স্বভাবতই Schedule Caste-এর যারা ছাত্রছাত্রী যারা আজকে পড়াশুনা করছে, ৩৪ বছরে বামফ্রন্টের আমলে তিন-চার বছর লেগে যেত। তাও সেই

family tree দাও, blood relation দাও নানাধরণের অজুহাত দেখিয়ে তাদের ঘোরানো হত।

কিন্তু তারফলে সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইবের ছেলেদের সার্টিফিকেট পেতে অনেক দেরি হয়ে যেত। ফলে তাদের পড়াশুনার ক্ষেত্রে বলুন, স্টাইপেন্ড বলুন, কিংবা চাকরির সুযোগ বলুন, সর্ব ক্ষেত্রে তারা পিছিয়ে পড়ত। আমার একটা সাজেশান হল, আমাদের বিভিন্ন ডিপার্টমেন্টে আমি জানি ইন্সপেক্টার কম আছে। সেই জায়গায় যদি ইন্সপেক্টার বাড়ানো হয় তাহলে মনে হয় অনেকখানি সরলীকরণ হবে। দুই, যদি আমরা আওয়ারনেস ক্যাম্প করি এবং ছাত্রদের জন্য যদি দপ্তরকে বলে তাড়াতাড়ি এই সার্টিফিকেট জোগাড় করার ক্ষেত্রে ক্যাম্প করি তাহলে অনেক বেশি মানুষ, অনেক বেশি ছেলেমেয়ে, ছাত্রছাত্রী, সিডিউল কাষ্ট ঘরের মানুষরা তারা সার্টিফিকেট পাবেন। আজকে যে কারণে এই বিলটি আনা হয়েছে -কলকাতা জেলা এবং কলকাতা মিউনিসিপ্যালিটি-নিশ্চয় ফারাক আছে এর মধ্যে, প্রচুর ফারাক আছে। সেই জায়গায় বেশ কিছু জেলার এ ডি এমকে দায়িত্ব যেটা দেওয়া হচ্ছে আমি মনে করি এটা অত্যন্ত স্বচ্ছতার জন্য এবং তাড়াতাড়ি সুযোগ পাওয়ার জন্য এই বিলটি আনা হয়েছে। আজকে বলুন তো, কেন আমরা সিডিউল কাষ্ট ঘরে জন্মগ্রহণ করে সার্টিফিকেট ঠিক সময় পাব না? কেন আমরা সিডিউল কাষ্ট ঘরে জন্মগ্রহণ করে ঠিক সময় সার্টিফিকেট পাচ্ছিলাম না? আমি ধন্যবাদ জানাবো আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে, আজকে এই সার্টিফিকেট দেড় লক্ষের মত গোনা হয়ে পড়েছিল, মাত্র এই কয়েক মাসের মধেও এখন সেটা দাঁড়িয়েছে ৭০ হাজারে। ভাবুন তাহলে! এই গতি আরো বাড়ানো সম্ভব। যদি মনে করুন ইন্সপেক্টার নিয়োগ করা হয়-যদি মনে করুন ক্যাম্প তৈরি করে দেওয়া হয়। পি এস সি-র মাধ্যমে যদি নিয়োগ করা হয় তাহলে টাইমটা অনেক লেগে যায়। তিন বছর পরে তাদের রেজাল্ট বেরোচ্ছে। ফলে যারা ইন্সপেক্টার হতে যাচ্ছেন তাদের অনেক দেরি হয়ে যাচ্ছে। তাই আমি মনে করি ইন্সপেক্টার যদি বেশি বাড়ানো হয় এবং ক্যাম্প যদি করা হয় তাহলে সার্টিফিকেটটা তাড়াতাড়ি পাবে এবং বহু ছেলেমেয়ে যারা আজকে পিছিয়ে পড়া, চাকরির ক্ষেত্রে, লেখাপড়ার ক্ষেত্রে বহু সুযোগ-সুবিধা আছে সেটা থেকে তারা বঞ্চিত হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাবো, তিনি এই যে বিলটি এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী বিশ্বনাথ কারক : (নট প্রেজেন্ট)

শ্রী কালিপদ মন্ডল : (নট প্রেজেন্ট)

শ্রী খগেন মুর্মু : (নট প্রেজেন্ট)

ড. উপেন্দ্রনাথ বিশ্বাস :অনারেবল ডেপুটি স্পিকার ম্যাডাম, যারা আগের বিশিষ্ট বক্তা, আমাদের বিধায়কগণ, যদিও দুঃখের বিষয় যারা আজকে এই বিলটিকে সমালোচনা করবেন বেশি করে তারা আজকে এখানে উপস্থিত নেই। আমাদের মাননীয় স্পিকার মহোদয়, অনেক টাইম তাদের দিয়েছিলেন। সেই টাইম তারা আজকে পেল না। আমাদের ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ার এই মানুষগুলো পশ্চিমবঙ্গের শতকরা ৬৮% । বামফ্রন্ট তারা অনেকদিন ধরে বলতো যে শ্রেণী সংগ্রাম

এবং তাদের বহুদিন লেগেছে এই সিডিউল কাষ্ট, সিডিউল কাষ্ট ডিপার্টমেন্টটাকে অনগ্রসর শ্রেণী কল্যাণ বলতে। তারা স্বীকার করলো যে তারা অনগ্রসর শ্রেণী।

[2.30—2.40 p.m.]

কিন্তু আজকে অনেক কিছু বলার একটা অপূর্ব সুযোগ তাদের ছিল এবং তাদের সাজেশান আমি মাথা পেতে নিতাম। তেমনি আজকে যারা এখানে বক্তব্য রাখলেন ডঃ তরুণ কান্তি নস্কর এবং আমার সহকর্মী বিধায়কগণ, আপনারা যে সাজেশান দিয়েছেন তা আমি মাথা পেতে নিচ্ছি। With all humility I take your suggestion and I will try my best of investigate, to research and to find out to best possible measures to expedite the issue of certificate। এবারে এই বিল কেন আমরা আনলাম সেইজন্য মন্ত্রী হিসাবে আমারও দু-চার কথা বলার আছে। তারপরে আমি দু-একটা পয়েন্টে যাব যেগুলো মাননীয় সদস্যরা বলেছেন। ক্যালকাটা পুলিশ অ্যাকট একটা ছিল এবং তার একটা জ্যুরিসডিকশানও রয়েছে। পরবর্তীকালে ১৯৮০ সালে ক্যালকাটা মিউনিসিপাল কর্পোরেশান অ্যাকট হয় এবং তার একটা অ্যামেন্ডমেন্ড হয়। সেখানে কলকাতার একটি ভৌগোলিক এরিয়া বলা আছে। কলকাতার এরিয়া কতটুকু ও কটা ওয়ার্ডে তার ব্যাপ্তি তা এই ভূগোলে বলা হয়েছে। ২০২.৪৩৫ স্কোয়ার কিলোমিটার হচ্ছে বর্তমান কলকাতার এরিয়া, যেটা কলকাতার ডেফিনেশান ও আমাদের কলকাতা কর্পোরেশান অ্যাকটে আছে। এত বিস্তৃত এলাকা এবং রিসেন্টলি এর মধ্যে ঢুকেছে দুটো জি.পি. -জোকা ওয়ান এবং টু। তার মানে বিস্তৃত এলাকার মানুষ এর মধ্যে রয়েছে। ২০০১ সালে এবং ২০১১ সালে আমাদের সেনসাস হয়েছে, তাতে অনেক মানুষ বেড়েছে। কলকাতার হিসাবটা আমাদের সেনসাস ডিপার্টমেন্ট দিয়ে দিয়েছে। এত মানুষ বেড়েছে এবং তার সঙ্গে এর complexity বেড়েছে। এখানে ভারতবর্ষের বিভিন্ন মানুষ আসে, তারা সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবস কমিউনিটির। অথচ এখানে এসে তারা সার্টিফিকেট পাচ্ছে না। কারণ তারা এখানকার অধিবাসী নন। কলকাতা কর্পোরেশানের কনজারভেন্সি ডিপার্টমেন্টে যারা কাজ করেন তাদের সমস্যাও অনেক। যে-কোনো বড় শহর হলেই তার সমস্যা হয়। তার সেই সমস্যাগুলোর সামনে যদি আমরা গবেষণা না করে তার উপযুক্ত ব্যবস্থা না নিতে পারি তাহলে সেই সমস্যার মোকাবিলা করা যায় না। এই বিষয়ে বলি আমাদের যে Cultural Research Institute ছিল, আমি প্রথমে এখানে এসে বক্তৃতা করেছিলাম এবং ছবি দেখিয়ে বলেছিলাম সেই Cultural Research Institute একেবারে ভেঙ্গে পড়েছে। আপনারা জানলে আজকে সুখী হবেন বিগত ১৮ মাসের মধ্যে আমরা মমতা ব্যানার্জ্জীর নেতৃত্বে যে সরকার গঠন করেছি, সেই সরকার Cultural Research Institute -কে স্ব-মহিমায় ফিরিয়ে এনেছে। আপনারা যদি আমায় সহযোগিতা না করতেন তাহলে আমি কোথায়। আমরা সবাই মিলে কাজ করি। পি.ডব্লু.ডি মিনিষ্টার আমার সামনে বসে আছেন, শ্রমমন্ত্রী আমার সামনে বসে আছেন, তারা যদি ভালো কাজ করেন তাহলে আমরা গর্বিত এবং যদি আমি খারাপ কাজ করি তাহলে উনিও দায়ী, collective responsibility

of the Cabinet to the Assembly . তাই বলছি, সবার সহযোগিতায় আজকে Cultural Research Institute তারা জাতীয় স্তরে পৌঁছে গিয়েছে। সেখানে যে সমস্ত গবেষণা হচ্ছে, তার ফল হিসাবে 'শেখ' কমিউনিটি এসেছে। যেহেতু আমি নিজে একজন সামান্য গবেষক সেখানে আমাকে বসতে হয়। এই যে 'শেখ' কমিউনিটি এই ব্যাপারে অনেকেই আমাকে বলেছেন কবে এই 'শেখ' কমিউনিটি ঢুকবে। Cultural Research Institute যেটা সম্পূর্ণ ভেঙ্গে পড়েছিল, তাদের গবেষণার ফলে আমরা 'শেখ' কমিউনিটিকে ঢোকালাম ও.বি.সি হিসাবে এবং শুধু ও.বি.সি-তে নয় তাদের ও.বি.সি 'এ' ক্যাটাগরি হিসাবে আমরা ঢুকিয়েছি। এবং সেটি হচ্ছে মুসলিম সম্প্রদায়ের টেন পার্সেন্ট লোক। আজকে, অ্যাজ অন টুডে, অ্যাজ অন টুডে আপনাকে বলতে চাই, মাননীয় বিধায়ক জ্যোর্তিময় কর আপনাকে বলি তাদের দশ পার্সেন্ট লোক হচ্ছে এই শেখ। একটি অ্যাকশান আমাদের এই সরকারের, একটি মাত্র অ্যাকশানে দশ পার্সেন্ট মুসলমান লোক ঢুকে গেলো ও.বি.সি. -র মধ্যে। কোনদিন এ ঘটনা ঘটেছে বলুন? In the history of this House we have included 10% of the community in one action only. আমি একটা শুধু, সামান্য মাত্র একটা কথা বলছি। তাই এটা করতে গেলে যথেষ্ট গবেষণার দরকার। অথচ সেই জায়গায় এতগুলো ভ্যাকেন্সী পড়ে রয়েছে, একটা ভ্যাকেন্সী তারা ফিল আপ করে নি। আমরা বাইরের থেকে লোক এনে, ভাড়া করে, কনসাল্ট করে সেখানে গবেষক এনেছি। তাই করে এই অবস্থায় আজকে আসা হয়েছে। কিছু কিছু সাজেশান এসেছে, আমি কথা না বাড়িয়ে, একটু সাজেশানে আমি যাবো। মাননীয় বিধায়ক তরুণ নস্কর, ডঃ তরুণ নস্কর বলেছেন যে ঐ বি.ডি. ও. থেকে এস.ডি. ও. যেতে একটা রেড টেপ আছে। এস.ডি. ও. দেখুন নিজে কোন তদন্ত করে না, এনক্যোয়ারি করে না। যদি সে মনে করে যে কোথাও কোন গোলমাল হয়েছে তাহলে নিজে তিনি করাতে পারেন বা পুলিশকে দিয়ে করাতে পারেন। সেই কাজটা করাতে হয় কিন্তু বি.ডি.ও. যে, সেখানে যে একজন ইন্সপেক্টর আছে তাকে করতে হয়। যদি এনক্যোয়ারিতে কোন ভুল হয়, যদি সেই ভুলের ফলে, যদি এস.ডি.ও. কোন ভুল সার্টিফিকেট দেয় তাহলে কিন্তু এস.ডি.ও. ইজ লায়াবেল ফর এ ক্রিমিনাল কেস। অতএব, সেই এস.ডি. ও. যদি মনে করেন যে আমি দেখতে পাচ্ছি যে এখানে সব কন্ডিশানগুলো ফুলফিল করা হয়নি, তাহলে কিন্তু হি উইল বি অ্যাট রিস্ক। এইবার যদি ধরুন আমরা যদি কিছু ত্বরান্বিত নাই করে থাকি, আমাদের এখানে বলা হয়েছে যে কত আগে আমাদের পেন্ডিং ছিলো, আর আমরা কতটা ডিসপোজ অফ্ করেছি। অনারেবল ডেপুটি স্পিকার ম্যাডাম, আমরা যখন এখানে এসেছিলাম ২০১১ সালে, ১ লক্ষ ৫০ হাজার সার্টিফিকেট পেন্ডিং ছিলো। With your great co-operation I beg to submit that today the pendency is less than seventy thousand. From one lakh fifty thousand it has come down to less than seventy thousand. If people don't get certificates in four months, you said that four to eight weeks, I say four week তা নাহলে এই রকম করে অর্ধেকের বেশী কি করে নামানো হবে তাই বলুন।

ম্যাডাম ডেপুটি স্পিকার : সভার অনুমতি নিয়ে আলোচনার সময় আরো পাঁচ মিনিট বাড়ানো হলো।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আই অ্যাম গ্রেটফুল, আই অ্যাম গ্রেটফুল। দেখুন, এই সুযোগে আমি দু একটি কথা আপনাদের কাছে বলতে চাই, অ্যাবাউট ব্যাকওয়ার্ড ক্লাসেস, পার্টিকুলারলি এই বিল সংক্রান্ত কানেকশানে। এই মানুষগুলো অনেক দিন ধরে সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক, শিক্ষাগত এবং সাংস্কৃতিক অবিচারে ভুগছে। সেই যারা ভুগছে, ডঃ আম্বেদকর, আবার আমি বলি, এই পবিত্র ধর্মচক্রের তলায় দাঁড়িয়ে বলছি যে যদি আমরা যত তাড়াতাড়ি এই রকমভাবে নতুন নতুন সংস্কার করে আইন করে তাদের সামাজিক ন্যায় না দিতে পারি তাহলে কিন্তু সমাজ বিপদের মধ্যে পড়ে যাবে। কেননা এই মানুষগুলো, এখানকার আদিবাসী, মূল নিবাসী মানুষ। তারাই হচ্ছে এখানকার আদিবাসী। তাদের আগে বলা হতো অস্ট্রিক জাতি। তারাই ঐতিহ্যের প্রকৃত দাবী করতে পারে। কেউ কেউ বলেছে বাইরের থেকে মানুষ এসেছে কিন্তু আমরা সব বাঙালী এখানকারই মানুষ। আমরা কেউ বাইরের থেকে আসি নি। কোন শেখ আরব থেকে আসে নি। শুধু, খালি নামটাই ও রকম আছে। অতএব, আমি আপনাদের কাছে একটি শুধু আবেদন করি যে এই তাদের উন্নতি, তাদের কাস্ট সার্টিফিকেট পাওয়া, তাদের সামাজিক ন্যায়, তাদের অর্থনৈতিক ন্যায় এই সভার সবারই দায়িত্ব আছে। সবাই মিলে আসুন আপনাদের কাছে আবেদন করি সবাই মিলে আসুন এই মানুষগুলোকে আজকে মূল স্রোতে নিয়ে আসি।

[2.40—2.50 p.m.]

তারা মূল স্রোতে নেই। আমি এর বেশি ব্যাখ্যা করতে চাই না। আপনি রাজনৈতিক পার্টি দেখেন, আপনি film দেখেন, অর্থনৈতিক জায়গায় যান, ব্যবসায় যান। আমার কাছে কমপক্ষে সারা পৃথিবীর এমনকি জাতীয় স্তরে অনেক গবেষণা আছে। যতদূরে যাবেন শহর থেকে, এস.সি., এস.টি বেশি। যাদের বাবারা প্রফেশনে আছে, পেশায় আছে তাদের ছেলেরা যে পেশায় যায়, তার থেকে সবচেয়ে হচ্ছে ভুমিহীন কৃষক। আর এই ভূমিহীন কৃষকের মধ্যে সবচেয়ে বেশি হচ্ছে এই অনগ্রসর শ্রেণি। অথচ তারাই কিন্তু আমাদের পশ্চিমবঙ্গে কৃষিভিত্তিক অর্থনৈতিক কাঠামোটা ধরে আছে। তাদের ঘামেই কিন্তু আমরা দুটো ভাত পাই। তারাই হচ্ছে নিরক্ষর, তারাই হচ্ছে গরিব, তারাই হচ্ছে এস.সি.,এস.টি., তারাই হচ্ছে মুসলিম। অতএব আমাদের সবার দায়িত্ব আছে এই মানুষগুলোকে মূল স্রোতে নিয়ে আসা। শুধু মূল স্রোতে নয়, তাদের মর্যাদা দেওয়া - আপনারা শুনলে খুশি হবেন, আমাদের মা-মাটি-মানুষের সরকার শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমাদের সাংস্কৃতিক বিভাগের amendment করে আমরা করেছিলাম। তার মধ্যে আমরা একটা জায়গায় এনেছি, ১৮৭৩ সালে রুশ বিপ্লবের অনেক আগে এই অনগ্রসর সমাজের মানুষ তারা এক ঐতিহাসিক আন্দোলন করেছিল সম্পূর্ণ শান্তি, সেখানে কোন অস্ত্র তারা ধরে নাই, সম্পূর্ণ শান্তির আন্দোলন করে তারা বলেছিল, 'আমাদের সমাজে, আমাদের মর্যাদা দেওয়া হোক'। আইনের চোখে আমাদের সমান কর, আজকে আইনের চোখের কথা ওঠে Article 14 of the

Constitution, before the Hon'ble Supreme Court. I am so glad that Hon'ble Minister, Smt. Chandrima Bhattacharya is here. ওনাকে আমি নেমন্তন্ন করেছিলাম এই 1873 Diginity যে ফেস্টিবেল আমরা যেটা বনগাঁয় করেছি, সেটাকে উদ্বোধন করতে। উনি ওখানে বসে একটা মূল্যবান কথা বলেছে, মর্যাদা শুধু -হ্যাঁ ১৮৭৩ সালে যাদের আমরা বলি অনগ্রসর, তারাই অনেক অগ্রসর হয়ে এই আন্দোলন তারা করেছে। কিন্তু মর্যাদা শুধু তো অনগ্রসরের মর্যাদা নয়, মর্যাদা তো সবাই এর অনগ্রসর, অগ্রসর, মাঝারি অগ্রসর সবার এই কথা উনি বলেছিলেন, আমি আপনার প্রতি কৃতজ্ঞ। আমি আপনার প্রতি কৃতজ্ঞতা উত্থাপন করছি। আমি সর্বশেষে এই কথা বলি, যে বিলটি এনেছি, আপনারা সমর্থন জানিয়েছেন। আপনারা যে-যা মন্তব্য করেছেন, সাজেশান দিয়েছেন, আরো একবার বলি, আমি ভালো করে বিবেচনা করে এর যথাযথ ব্যবস্থা নেব। আমি আরও একবার শীতল সরকারকে ধন্যবাদ জানাচ্ছি, যে যারা যারা সার্টিফিকেট পেয়েছে, পাবে তাদের, তার সঙ্গে সঙ্গে যদি ইন্টারনেটে উঠিয়ে দেওয়া যায় তাহলে ভাল হয় I am really grateful to you. আপনি শুনলে খুশি হবেন আমাদের ডিপার্টমেন্টে আপনি যখন আসবেন, দেখবেন ইনফরমেশান কিওস্ক আছে and we are probably the first department to have a kiosk. আমরা অনগ্রসর শ্রেণীর কল্যাণ দেখি। ডেপুটি স্পীকার ম্যাডাম that আমাদের ডির্পাটমেন্টটা কিন্তু অনগ্রসর নয়। We may look after the welfare of the Backward Classes but the Department is advanced and much in advance for many many people. With these few words, I am again grateful to you that you have all given great suggestions and I would request that you will pass my Bill. Thank you.

Madam Deputy Speaker : The question before the House is that the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Identification) (Amendment) Bill, 2012 be taken into consideration. As many as are of that opinion will please say "AYE". As many as are of the contrary opinion will please say "NO". Ayes have it. Ayes have it.

Clauses 2 to 4

Madam Deputy Speaker : There is no amendment to Clauses 2 to 4. So I put Clauses 2 to 4 do stand part of the Bill. As many as are of that opinion will please say "AYE". As many as are of the contrary opinion will please say "NO". Ayes have it, Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

Madam Deputy Speaker : There is no amendment to Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill. So I put

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say "AYE". As many as are of the contrary opinion will please say "NO". Ayes have it. Ayes have it.

Madam Deputy Speaker : Now, the Hon'ble Minister -in - Charge of Backward Classess Welfare Department may please move the Motion for passing the Bill.

Dr. UpendraNath Biswas : Madam, I beg to move that the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Identification) (Amendment) Bill, 2012, as settled in the Assembly, be passed.

Madam Deputy Speaker : The question before the House is that the Bill as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it. The Bill is passed; the Bill is passed.

Adjourment

The House was then adjourned at 2.46 p.m. till 11.00 a.m. on Wednesday. the 12th December, 2012 at the Assembly House, Kolkata - 700001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 12th December 2012 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 33 Minister, 6 Ministers of State and 202 Members.

[11.00 – 11.10 a.m.]

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমাকে এক মিনিট বলতে দিন।

মি: স্পীকার : আমি একটু বলে নিই, আপনি নিশ্চয়ই বলবেন। মাননীয় সদস্যগণ, এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে বিধানসভার অধিবেশন চলাকালীন কিছু মাননীয় সদস্যদের অসহিষ্ণু এবং অসংযত আচরণের জন্য সভার কাজ বারবার বিঘ্নিত হচ্ছে। আমি সভার কাছে আবেদন করব যে এই সদনের পবিত্রতা এবং গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখা আমাদের সকলেরই দায়িত্ব। সুষ্ঠভাবে যাতে সভার কাজ চলতে পারে সেটা দেখা আমাদের সকলেরই কর্তব্য। আমি মাননীয় সদস্যদের কাছে আবেদন করছি যে সভার কাজ সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য আপনারা সহযোগিতা করবেন। এই সংক্রান্ত ব্যাপারে আমি দেখছি কিছু কিছু সদস্য হ্যাট পড়ে এসেছেন। দেখুন আমি পার্লামেণ্টারি নর্মস আপনাদের পড়ে শোনাই। পার্লামেণ্টারি নর্মসে যেগুলো লেখা রয়েছে, অনেক সময় আমরা অনেক বিধায়ক এখানে এমন আচরণ করি যেগুলো পার্লামেণ্টারি নর্মসের বাহরে চলে যায়। যেমন— Shall not obstruct the proceeding, hiss or interrupt and shall aviod making running commentaries when speeches are being made in the House ; shall not make any reference to the strangers, shall keep to his usual seat while addressing the House ; shall not shout slogans in the House, shall not sit or stand with his back towards the chair, shall not wear to display badges of any kind in the House, shall not bring or display arms in the House, shall not display flags, emblems or any exhibits in the House, shall not place his hat/ cap on the desk in the House, bring boards in the chamber for keeping files or for writing purposes, smoke or enter the House with his coat hanging on arm. There are many other norms also prescribed under the parliamentary norms. কিন্তু আমি এখানে দেখতে পাচ্ছি , দুর্ভাগ্যের বিষয় যে আমাদের এখানে প্রায়ই আমরা এটার সম্মুখীন হচ্ছি তাতে আমাদের কাজের ডিসটার্বেন্স হচ্ছে।

আর মাননীয় সদস্যরা যারা হেলমেট পড়ে এসেছেন আমি অনুরোধ করব আপনারা দয়া করে ওগুলো বাইরে রেখে আসুন। এটা পার্লামেন্টারি নর্মসের সাথে খুব ভাল দেখায় না। আমি এটা আপনাদের কাছে আবেদন করব। দয়া করে আপনারা হেলমেটস নামিয়ে রাখবেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পিকার স্যার, কালকে যে দুভার্গজনক ঘটনা ঘটেছে আমি আশা করেছিলাম যে আপনি সব দলের নেতাদের ডেকে বৈঠক করে তার একটা সুষ্ঠ মীমাংসা করবার জন্য উদ্যোগ নেবেন। আমি আশা রাখি আপনি তা করবেন। কালকে আমাদের যে তিন জন সদস্যকে সাসপেণ্ড করা হয়েছে পুরো অধিবেশন সময় জুড়ে, তার একদিন অতিক্রান্ত হয়ে গেছে। আমি আপনার কাছে প্রথমেই অনুরোধ করতে চাই যে সেই সদস্যদের একদিন সাসপেনশন অতিক্রান্ত হয়ে গেছে, আপনি আজ থেকে তাদের সাসপেনশন প্রত্যাহার করে নিন। আপনাকে আমি কালকেই অনুরোধ করেছিলাম যে-তারা তো চলে গেছেন, আমরাও তাদের সঙ্গে চলে গেছি। তারা এখানে হাউসে ছিলেন না। আজকে আমরা আশাকরি যে আপনি কালকে যেটা বলেছিলেন যে ওরা চলে গেলে আমি রুলিং দেব, কমপ্লাই করতে বলেছিলেন। ওরা চলে গেছেন,আমরাও চলে গেছি। তারপরে কালকের যে ঘটনা, সদস্যদের উপর আক্রমণ হয়েছে সে বিষয়ে আপনি আপনার একটা রুলিং বক্তব্যে কিছু বলবেন এবং এই সবটার যাতে সুষ্ঠ মিমাংসা হয় তার জন্য এই কশ্চেন আওয়ারের শুরুতেই-আগেই আমাদের সব দলের নেতাদের নিয়ে, আপনি যেটা আবেদন করলেন সেই সব নিয়ে-সবটা নিয়ে সুস্থ পরিবেশ তৈরী করার জন্য একটা সমাধান সুত্র বার করবেন। এটাই আমার আপনাদের কাছে আবেদন। সেইজন্য আশা করেছিলাম, সেটাও গতকাল হবে, আজ সকালেও হতে পারত, আমরা অপেক্ষা করছিলাম। যাইহোক, আমি আবেদনটা আপনার কাছে করছি। তাছাড়া, আমাদের পক্ষে হাউসে, আমাদের সদস্যদের বাদ দিয়ে এই হাউসে অংশগ্রহণ করা অসম্ভব হয়ে পড়বে।

শ্রী মহঃ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকালের যে ঘটনা ঘটেছে, আমরা বলছি, অত্যন্ত বেদনাদায়ক, দুঃখজনক এবং আমরা আপনার কাছে আবেদন রেখেছিলাম যে, হাউস যেন কন্ট্রোল হয় ঠিক ভাবে। কেননা হাউসটা ভালো ভাবে চলুক, এটা আমরা সবাই চাই। প্রথম দিনই মাননীয়া মুখ্যমন্ত্রী এসে বলেছিলেন যে, আমরা সকলের সহযোগিতা চাই এবং House belongs to the Opposition কিন্তু, দুর্ভাগ্যজনক ভাবে ঘটনাটা ঘটেছে। আমরা আশা করেছিলাম, আমাদের বক্তব্যে রেখেছিলাম যে মাননীয় স্পীকার মহাশয় তার স্বকক্ষে আমাদেরকে ডাকবেন, যাতে সুনির্দিষ্ট দিশা হয় তার একটা ব্যবস্থা করবেন। আজকে আমাদের সদস্যরা হেলমেট্ পড়ে এসছিলেন, তারা গতকালের ঘটনার একটা টোকেন অপোজ করার জন্য এসছিলেন।

মিঃ স্পীকার : এটা খুব দৃষ্টিকটু।

শ্রী মহঃ সোহরাব : স্পীকার সাহেব, আপনার নির্দেশ মেনে, আপনার নির্দেশ মেনে, আপনি বলেছিলেন, আমাদের সদস্যরা সব হেলমেট্ খুলে দিয়েছে।

মিঃ স্পীকার : ঠিক আছে।

শ্রী মহঃ সোহরাব : কেননা, We have to respect the Chair. সুতরাং, আপনার কথা আমরা মেনে নিয়েছি। আমি আবার আপনার কাছে আবেদন করবো যাতে সকলকে নিয়ে সুষ্ঠ ভাবে চলে এবং সকলকে ডেকে নিয়ে যেটা মাননীয় সূর্য্যকান্ত মহাশয় বললেন, ডেকে নিয়ে একটা ব্যবস্থা করবেন সেটাই আমার অনুরোধ।

ড. তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের গর্ব ছিল কোলকাতা সাংস্কৃতিক রাজধানী ভারতবর্ষের এবং সেই সাংস্কৃতিক রাজধানির যে বিধানসভা বা আইনসভা সেই আইনসভায় গতকাল যে ঘটনা ঘটেছে তাতে আমাদের মাথা নিচু করে দিয়েছে। আমি নিজে শারীরিক ভাবে আহত হইনি কিন্তু, মানসিক ভাবে ভীষণ আহত হয়েছি এবং গতকালও বলেছি যে, নতুন সদস্য হিসাবে সেটা আমার মনে ভীষণ ভাবে লেগেছে। আমি আপনার কাছে আবেদন করছি যে, সমস্ত দলের নেতাদের ডেকে একটা আলোচনার ব্যবস্থা করুন যাতে ভবিষ্যতে এই রকম ঘটনা না ঘটে। ধন্যবাদ।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি গতকালও যে বিধায়করা অনুপস্থিত ছিলেন তাদের অনুপিস্থিতিতে বলেছিলাম যে, বিধানসভার ঐতিহ্য হচ্ছে বিধানসভা চালানো, যুক্তিপূর্ণ তথ্য দিয়ে সরকারি দলের গঠনমূলক কাজে সাহায্য এবং সমালোচনা-দুটোই করা। কালকে যে ঘটনা ঘটেছে এবং পরবর্তীকালে যে সংবাদ গণমাধ্যমে কেউ কেউ হাউজে যেভাবে কথাবার্তা বলেছেন তা বেদনাদায়ক। কালকের ঘটনা শুধু দুঃখজনক নয়, আমাদের জনপ্রতিনিধিদের আচরণ সম্পর্কেও-ভেতরে যাই ঘটুক বাইরে তার প্রতিক্রিয়া পড়ে। আমরা নির্বাচিত সদস্য ঐ কারণেই যে জনগণ আমাদেরকে পাঠায়। তাই তাদের আচরণ, তাদের বাচন ভঙ্গি এবং তাদের অসংসদীয় আচরণ সহজেই মানুষ দেখতে পারেন, পড়তে পারেন, জানতে পারেন।

[11.10–11.20 am]

বিগত দিনে অধ্যক্ষ মহোদয় এই রকম বহু ঘটনা ঘটেছে। তখনও আমরা একই কথা বলেছি। কখনও এটাও দেখা গেছে যে নজীরবিহীন ভাবে বিধানসভাকে ব্যবহার করে রাজনৈতিক ফায়দা তোলার জন্য দর্শক ডেকে আনা হয়েছে। নজীরবিহীন ভাবে মহিলা সদস্যকে আলতা লাগিয়ে, তাঁর পেছনে বসার সিটে, তাঁকে আপমানিত করা হয়েছে। আমি ইতিহাস ঘাটতে চাইনা। আমি বর্তমানকে রেখেই ভবিষ্যতের পথে এগোতে চাই। যা কিছু অমলিন, মলিনতাকে দূর করে আমরা সেদিকেই এগোতে চাই। কালকে যা ঘটেছে তা শুধু আমাদেরকে দুঃখ দেয়নি, তা শুধু বিধানসভাকে না চলতে দেওয়ার যে রাজনৈতিক অঙ্গীকার নিয়ে কেউ কেউ আসেন তাঁদের কাছে আমি অনুরোধ করব, বিধানসভার মধ্যে থেকেই, বিধানসভাকে চালানোর জন্য আমাদের যে গণতান্ত্রীক রীতি-নীতি আছে, আমাদের যে কার্যপ্রণালী আছে, সেই প্রণালীকে সম্মান জানান। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার রুলিংঙের বাইরে গিয়ে কিছু বলতে চাই না। কিন্তু এইটুকু বলতে চাই, যেহেতু বিরোধী দলের অনেকে বললেন, আমাদের বিজনেস অ্যাডভাইসরী কমিটির মিটিং আজকে আছে। সেই মিটিঙে আমাদের সব দলের প্রতিনিধিও আছেন। আপনি সেই মিটিঙে সকলের সঙ্গে কথা-বার্তা বলুন এবং বিশৃঙ্খলা যাঁরা করেছেন এবং তার উৎস থেকে শুরু করে, দ্বিতীয় পর্ব শুধু নয়, প্রথম

পর্বেও আছে, তাই সবটা নিয়েই গণতান্ত্রিক অধিকার এবং সুস্থ আলোচনা এবং বাংলার ঐতিহ্য শুধু বিধানসভায় রাখলেই হবে না, বাংলার ঐতিহ্য রাখতে গেলে, সংস্কৃতি রাখতে গেলে বিধানসভার বাইরেও আমাদের যে সমস্ত আচরণ, যে সমস্ত কথা, যে সমস্ত অসংসদীয় শব্দ বব্যহার করি, আমি তার দিকেও দৃষ্টি রাখতে বলব। আমি আবার বলছি, কালকের ঘটনা অত্যন্ত বেদনাদায়ক,দুঃখজনক, অবাঞ্ছিত। আমি চাই, যেহেতু বিজনেস অ্যাডভাইসরী কমিটির মিটিং ডাকা আছে এবং যেহেতু সেখানে সব দলের প্রতিনিধিত্ব আছে তাই এই বিষয়টি নিয়ে,অন্য বিষয় যেমন থাকবে এই বিষয়টি নিয়েও আলোচনা হোক।

মিঃ স্পীকার : আমি মাননীয় সূর্যবাবুকে অনুরোধ করব, উনি প্রস্তাব দিয়েছেন, বিজনেস অ্যাডভাইসরী কমিটির মিটিঙের আগে আমরা একটু বসে নেব, তারপর বিজনেস অ্যাডভাইসরী কমিটির মিটিং-টা করব। ফাস্ট হাফ-টা চলুক। অ্যাডভাইসরী কমিটির মিটিঙের আগে আমরা যাঁরা রয়েছি বিভিন্ন দলের .....(নয়েজ)....আমি আপনাদের কাছে একটু বলি, এটা হলে আমার মনে হয় ঠিক হবে। আপনি আবেদন করেছেন, আবেদন-টা শুনেছি। আপনি এখানকার অনেক প্রবীণ সদস্য। আমি সেই জন্য বলছি, ফার্স্ট হাফ-টা হয়ে গেলে বিজনেস অ্যাডভাইসরী কমিটির মিটিং একটু দেরী করে করব। তার আগে আমি আপনাদের সঙ্গে বসে নেব।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার,রুলিং আছে, প্রিসিডেন্স আছে। প্রত্যেকদিন আমরা দেখছি, লোকসভায় যখন অ্যাডজর্ণমেণ্ট হয় সব সময়, প্রায় প্রত্যেকদিন সব পার্টিকে নিয়ে মিটিং হয়। আমাদের এখানেও বহুবার হয়েছে।

মিঃ স্পীকার : আজকেও হবে। আজকেও হবে।

ডা: সূর্য্যকান্ত মিশ্র : আজকেও হবে, কিন্তু তার আগে আমাদের এখন থেকে তারজন্য অপেক্ষা করতে হবে।

মিঃ স্পীকার : আমি আপনাকে অনুরোধ করবো যেহেতু কোশ্চেন আওয়ারটা শেষ হোক, আমি সেকেণ্ড হাফে বি. এ. কমিটি মিটিংয়ের আগে আমি বসে নেব।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাথার উপর খাঁড়া নিয়ে এখানে কি অংশগ্রহণ করবো?

মিঃ স্পীকার : আমি বলি, মাথার উপর কারো খাঁড়া নেই। আপনি বলছেন বটে, আপনি এই কথা বলছেন সূর্যকান্তবাবু। হাউসে এতজন সদস্য রয়েছেন, আপনি বলুন তো আপনি একটা শব্দ উচ্চারণ করেছেন যে কারা কালকের ঘটনার জন্য দুঃখপ্রকাশ করেছেন? আপনি একটা শব্দ উচ্চারণ করলেন না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার,আপনি তো বলতেই দেননি।

মিঃ স্পিকার : আপনি হাউসের সামনে একথা বললেন না একবারও। আপনি বললেন প্রত্যাহার করুন, প্রত্যাহার করার জন্য এ একটা কারণ দরকার সেটাও আপনি বললেন না। আমি নমনীয়, আমি অনমনীয় নই। যে ঘটনা এখানে গতকাল ঘটেছে মাইকটা এখনও সঠিকভাবে চলছে না। কালকে যে ঘটনা ঘটেছে তারজন্য এই যে দুঃখপ্রকাশ করা, সকালে যাদের আমি সাসপেণ্ড

করলাম, তাদের সাসপেনশান প্রত্যাহারের জন্য আজকে সকালে আপনি আবেদন করেছেন। তাদের স্বপক্ষে আপনি যখন বলতে উঠেছেন তারা কি এই ঘটনার জন্য আদৌ দুঃখিত কি দুঃখিত নয় সেকথা আপনি একবারও বললেন না। আপনি আউটরাইট এটাকে উইথড্র করতে বললেন। এটা তো আমি প্রত্যাশা করতে পারি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনাকে কালকে বলেছি- আপনি আপনার রুলিং দেওয়ার আগে আমাকে বলতেই দিলেন না, ওদেরও বলতে দিলেন না। আপনি রুলিং দিলেন। আপনি যদি বলবার সুযোগ দিতেন-আমরা বার বার চাইছি আপনি আগে বলবার সুযোগ দিন। যদি আগে বলতে দিতেন-কে বলতে পারে কে জানে- দুঃখপ্রকাশ করতো কিনা। আপনি বলবার সুযোগ ছাড়াই শাস্তি দিলেন। শাস্তির পরে আমি কি বলবো।

মিঃ স্পীকার : আপনি তো এদের প্রতিনিধি হিসাবে বলছেন। আপনি যখন ওদের প্রতিনিধি হিসাবে আজকে আবেদন করছেন আমি আপনাকে বলবো.....

ডাঃ সূর্যকান্ত মিশ্র : কালকে শাস্তির পরে আমি বলছি। তার আগে তো আপনি বলবার সুযোগ দেননি।

মিঃ স্পীকার : ঠিক আছে। না, না আমি সে কথা বলছি না। আমি বলছি যে...

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি আমাকেও দেননি, ওদেরও দেননি।

শ্রী মহম্মদ সোহরাব : স্যার, আমি আপনার কাছে নিবেদন করছি, আপনি নিজেই বললেন যে বিজনেস অ্যাডভাইসরি কমিটির আগে আমরা বসে যাব। আমি আপনার কাছে আবেদন করছি কোশ্চেন আওয়ারটা ৫ মিনিট আপনি অ্যাডর্জন রেখে লেট আস সিট টুগেদার অ্যাণ্ড সেটেল দ্য মেটার-এটা আপনার কাছে নিবেদন।

মিঃ স্পীকার : (গোলমাল) এই মোশনটা হাউসে আনতে হবে আপনারা রুলটাতো জানেন। মোশন আনতে হবে। হাউসে মোশনের সেন্স নিতে হবে। আমি 348-এ আইনটা পড়ে নিই। পার্থবাবু আপনি বলবেন আগে আইনটা পড়ে দিই। "provided that the house, may at any time, on a motion being made, resolve that such suspesnsion be terminated." আমি একা পারি না। এটা I have to take the sense of the house. আপনারা এটা বুঝতে পারছেন না, আমি সেইজন্য বলেছিলাম হাউসের সেন্স নিতে গেলে মোশনটা আনতে হবে। 348 সাব ক্লজ (2) সেকেণ্ড প্যারাগ্রাফে। সুতরাং এটা আনতে গেলে পরে আমাকে তো হাউসের একটা সেন্স দিতে হবে। আমি চাইছি পরিবেশটা যেন সেরকম আসে। আমি অন্য কোনভাবে চাইনি। আপনারা আমাকে ভুল বুঝবেন না। আমি সেন্সটা নেওয়ার জন্যই .... পার্থবাবু বলুন।

শ্রী পার্থ চ্যাটার্জী : অনারেবল অধ্যক্ষ মহোদয় এটা কোন ভুল বোঝাবুঝির ব্যাপার নয়। বিষয়টি অত্যন্ত আইনসঙ্গতভাবে, সূর্যবাবু বহুদিনের এখানকার বিধায়ক, গুরুত্বপূর্ণ মন্ত্রী, দলের গুরুত্বপূর্ণ নেতা তাঁর নিশ্চয়ই জানা আছে প্রণালীতে যা করার তাই করা উচিত। আমি শুধু আপনাদের

কাছে এই আবেদন রাখতে চাই- ওই সিটে বসে বহুবার আমি এই আবেদন রেখেছিলাম কিন্তু বিগত দিনে তা হয়নি। পাশে ফিরহাদ হাকিম এবং অরূপ বিশ্বাসকে রেখে বহুবার আবেদন জানিয়েছিলাম কিন্তু হয়নি। তা বলে যে আজকে হবে না সেটা অধ্যক্ষের বিষয়, অধ্যক্ষ ঠিক করবেন। আমি সোহরাব সাহেবকে বলি, বিজনেস অ্যাডভাইসরি কমিটির একটা নির্দিষ্ট টাইম আছে। অধ্যক্ষ মহোদয় যখন সেই নির্দিষ্ট টাইমের আগেই এই বিষয়টি নিয়ে গুরুত্ব সহকারে আলোচনা করবার জন্য সবাইকে অনুরোধ জানিয়েছেন।

আমার মনে হয় যে আমরা যদি সবাই সেটাকে মেনে নিই এবং সেই আবেদনই আমি আপনাদের সকলের কাছে রাখছি।

(গোলমাল)

(এই সময় বামফ্রন্টের মাননীয় সদস্যগণ ওয়াক আউট করেন।)

Starred Questions
(to which oral answers were given)

রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪) **শ্রী অসিত মিত্র :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে 'রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনায়' রাজ্যের মোট কতগুলি গ্রামে বিদ্যুতায়নের কাজ সম্পূর্ণ হয়েছে ; এবং

(খ) উক্ত যোজনার দ্রুত রূপায়ণে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

*28 **Shri Tazmul Hossain :** Not responded.

*29 **Shri Anuisur Rahaman :** Not responded.

শ্রী মণীশ গুপ্ত : ''রাজীব গান্ধী গ্রামীন বিদ্যুৎ যোজনা'-য় (একাদশ পরিকল্পনা) লক্ষ্যমাত্রা রাখা হয়েছে ২৪,৭৮৪ টি গ্রাম। ৩১।১০।২০১২ পর্যন্ত এর মধ্যে ২১,২৯৪ টি গ্রামে পরিকাঠামো স্থাপন হয়েছে এবং ১৮,৮৬৪টি গ্রামে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে (৭৬%) ।

(এই সময় সভা কক্ষের বিদ্যুৎ সংযোগ চলে যায়।)

মি: স্পীকার : মাননীয় সদস্যগণ সভার কাজ আধ ঘণ্টার জন্য সভার কাজ মুলতবী রাখা হল।

(এই সময় আধ ঘণ্টা সভার কাজ মুলতবী থাকে।)

[11.55 am –12.10 pm]

(বিরতির পর)

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত পরিতাপের বিষয় আমাদের মাননীয়

বিদ্যুৎ মন্ত্রী যখন বলতে ওঠেন সেখানে সরকারের সাফল্য আছে, মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রী হিসাবে নেতৃত্বে বেহাল বিদ্যুৎ অবস্থার থেকে হাল ফেরানোর যে উদ্যোগ তিনি গ্রহণ করেছেন-মাননীয় বিদ্যুৎ মন্ত্রী যখন তা বলতে ওঠেন তার কিছুক্ষণের মধ্যে আলো নিভে যায়। আমরা এটাও লক্ষ্য করে দেখলাম যে গতকাল হাউসের মধ্যে আমাদের যারা নিরাপত্তারক্ষী বিধানসভার তাদের অনেকেই নির্বাক দর্শক হিসাবে দাঁড়িয়ে থাকতে অথচ বিগতদিনে নিরাপত্তা রক্ষীদের এমন কি সাদা পোশাকে পুলিশের ড্রেস না পরে ভেতরে পুলিশ বসানোর ব্যবস্থা ছিল যা আমরা তার বিরোধী ছিলাম কিন্তু নিরাপত্তা রক্ষীরা তাদের দায়িত্ব পালন করবে না এটা ভাবা যায় না। ঠিক একইভাবে ভাবা যায় না যে বিদ্যুৎ মন্ত্রী বলতে উঠলেই বিদ্যুৎ সরবরাহ বিধানসভার মধ্যে বন্ধ হয়ে যাবে। আমরা যতদুর খবর নিয়ে দেখেছি যে হাইকোর্ট এবং বিধানসভার ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগের বিশেষ ব্যবস্থা আছে। আপনি বিধানসভার সর্বাধিক এবং ক্ষমতাসম্পন্ন, গণতান্ত্রিকভাবে আপনিই আমাদের নেতা। তাই বিধানসভায় বিদ্যুৎ বন্ধ হয়ে যাওয়ার কারণের পেছনে হঠাৎ কি কারণ ঘটলো যে বিদ্যুৎমন্ত্রী বলতে উঠলেন আর বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেল। গতকাল কি কারণ ঘটলো যে যে নিরাপত্তারক্ষীরা যারা ভেতরে কাজ করেন আমাদের তাদের অনেকেই নির্বাক এবং চুপ করে থাকলেন—এই সমস্ত ঘটনারই আমরা একটা এনকোয়ারি চাইছি এবং এই এনকোয়ারি চাই। আপনি অধিকারী, এই ব্যাপারে আমার কিছু বলার নেই। আমি শুধু অনুরোধ করতে পারি আপনাকে কিন্তু রাজ্যের কাছে,মানুষের কাছে, বিধায়কদের কাছে এটা একটা জিজ্ঞাস্য এবং আজকে একটা অদ্ভুত কাণ্ড ঘটলো যে বিদ্যুৎ মন্ত্রী বলার সঙ্গে সঙ্গেই বিধানসভার কক্ষের বিদ্যুৎ চলে গেল। আমরা অনুরোধ করছি যে পূর্ণাঙ্গ তদন্তের জন্য এই দুটি বিষয় যদি নেন তাহলে সত্য উৎঘাটিত হবে।

মি: স্পীকার : মাননীয় সদস্যদের উদ্দেশ্যে বলছি আমি অত্যন্ত বিরক্ত হয়েছি যখন প্রশ্নোত্তর পর্ব চলছে, যখন মাননীয় বিদ্যুৎ মন্ত্রী প্রশ্নের উত্তর দিচ্ছেন তখন হঠাৎ বিদ্যুৎ চলে গেল এবং বিধানসভা এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ জায়গা। প্রত্যেকটি জোন একইসঙ্গে-রাজ্যপালের রাজভবন, কোলকাতা হাইকোর্ট। আমরা খবর নিয়ে দেখেছি কোলকাতা হাইকোর্টের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয় নি। বিধানসভার বিদ্যুৎ সংযোগ কেন বিচ্ছিন্ন হল তা আমাদের যে মাননীয় পরিষদীয় মন্ত্রী রয়েছেন পার্থ চট্টোপাধ্যায় তারসঙ্গে আমি সহমত পোষণ করে বলছি যে, আমাদের স্পেশাল সেক্রেটারিকে আমি নির্দেশ দিচ্ছি আপনি এই ব্যাপারে তদন্ত করে আপনি সাত দিনের মধ্যে রিপোর্ট দেবেন এবং কেন এটা হল সেটা আমরা দেখবো, ভবিষ্যতে যেন এই ধরনের ঘটনা না ঘটে। আমাদের এ্যাকটিং সেক্রেটারি যিনি রয়েছেন শ্রী মোহান্তি, তাঁকে আমি নির্দেশ দিচ্ছি যে, উনি এই ব্যাপারে তদন্ত করে আমাকে সাত দিনের মধ্যে রিপোর্ট দেবেন এবং দোষী যদি পাওয়া যায় কাউকে যারা এখানে এই ব্যাপারে একটু রেসপনসিবিল থাকবেন, তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবো। আমি বিধানসভার সদস্যদের আশ্বস্ত করতে পারি। আর নিরাপত্তীরক্ষীদের ব্যাপারটা যেটা উনি উল্লেখ করেছেন। আর নিরাপত্তারক্ষীদের ব্যাপারটাও ওঁনাকে বলবো। এই ব্যাপারে আপনি তদন্ত করে আমাকে পূর্ণাঙ্গ রিপোর্ট দেবেন যাতে ভবিষ্যতে এই ধরনের কাজ আর না হয় এবং যারা এই ব্যাপারের সঙ্গে সরাসরি যুক্ত তাদের বিরুদ্ধে যা ব্যবস্থা নেওয়ার সেটা আমি গ্রহণ করবো।

শ্রী অসিত মিত্র : স্যার, আমরাও খুশী যে আপনি তদন্তের নির্দেশ দিলেন। তবে দুটো বিষয় কিন্তু একসঙ্গে সংযুক্ত নয়। দুটি বিষয় দু দিনের ঘটনা।

মি. স্পীকার : আপনি আপনার কোশ্চেনটা করুন।

শ্রী মহ সোহরাব : এই ঘড়িটা নেই।

শ্রী অসিত মিত্র : অনুমোদিত প্রশ্ন নং ৬৪।

মি. স্পীকার : মিনিষ্টার ইন চার্জ অফ পাওয়ার এ্যাণ্ড নন কনভেনশনাল এনার্জি সোর্স ডিপার্টমেণ্ট শ্রী মনীশ গুপ্ত। যেটা সোহরাব সাহেব বললেন ওটার জন্য আমাদের মাননীয় মন্ত্রী বললেন যে মই আনতে গেছে। সভার কাজের যখন বিরতি হবে তখন মই দিয়ে ঘড়িটাকে ঠিক করা হবে। ল্যাডার ছাড়া ওঠানো যাবে না।

শ্রী মণীশ গুপ্ত : 'রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা'-য় (একাদশ পরিকল্পনা) লক্ষ্যমাত্রা রাখা হয়েছে ২৪.৭৮৪ টি গ্রাম। ৩১/১০/২০১২ পর্যন্ত এর মধ্যে ২১.২৯৪ টি গ্রামে পরিকাঠামো স্থাপন হয়েছে এবং ১৮,৮৬৪ টি গ্রামে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে (৭৬%)।

গ্রামীন বিদ্যুতায়নের কাজ দ্রুত রূপায়নে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করা হয়েছে :

(১) মন্ত্রী, সচিব এবং বিদ্যুৎ বন্টন কোম্পানীর চেয়ারম্যান রাজ্য এবং জেলাস্তরে নিয়মিতভাবে কাজের পর্যালোচনা করছেন।

(২) ত্রিস্তর মনিটরিং কমিটিতে যথা জেলা, মহকুমা ও ব্লকস্তরে নিয়মিত কাজের অগ্রগতি পর্যালোচনা করা এবং সমস্যার সমাধান করা হচ্ছে।

(৩) মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুর ও পুরুলিয়া জেলাতে গ্রামীন বিদ্যুতায়নের কাজের দায়িত্ব কেন্দ্র সরকার তার অধীনস্ত সংস্থা যেমন NTPC ও NHPC কে দিয়েছিল। এই জেলাগুলিতে কাজের গতি ভীষণ কম হওয়ার কারণে কেন্দ্র সরকারের সঙ্গে আলোচনা সাপেক্ষে ঐ সংস্থাগুলিকে বাতিল করা হয়েছে এবং সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে বাকী কাজ পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানী লিমিটেড করবে।

(৪) এজেন্সীদের পাওনা সেন্ট্রালাইজড আকাউন্টিং সিস্টেমের মাধ্যমে দ্রুত REHQ থেকে দেওয়া হচ্ছে।

(৫) বিদ্যুতের খুঁটির উৎপাদন ক্ষমতা মাসিক প্রায় ৫৫,০০০ থেকে বাড়িয়ে ৯০,০০০ করা হয়েছে।

(৬) আগে পুরুলিয়া, মুর্শিদাবাদ ও দক্ষিণ দিনাজপুর জেলার কাজ অন্য জেলার থেকে তদারকি করা হত। বর্তমানে এই তিনটি জেলাতে প্রজেক্ট অফিস খোলা হয়েছে। এছাড়াও কোচবিহার জেলাতে দ্বিতীয় প্রজেক্ট অফিস খোলা হয়েছে।

(৭) যেখানে কাজের অগ্রগতি আশানুরূপ নয় সেখানে কেন্দ্রীয় কার্যালয়ে (REHQ) থেকে অভিজ্ঞ প্রতিনিধি পাঠিয়ে বিশেষ নজরদারি করা হচ্ছে।

(৮) যে সকল এজেন্সী কাজের দ্রুত রূপায়নে ব্যর্থ হয়েছে তাদের বাতিল করে দক্ষ এজেন্সী নিয়োগ করা হয়েছে। এছাড়াও যাদের কাজের গতি আশানুরূপ নয় তাদের সতর্ক করা হয়েছে।

(৯) পরিকাঠামো তৈরি করার পর সেগুলি যাতে দ্রুততার সাথে energise করা যায়, সেজন্য RE বিভাগ ও Operation & Maintenance বিভাগের মধ্যে আরও বেশি সমন্বয় সাধন করা হচ্ছে। এ ব্যাপারে জোনাল ম্যানেজারদের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে।

(১০) কাজের সুবিধার্থে এস্টিমেটের ১০ শতাংশ পর্যন্ত অতিরিক্ত মালপত্রের অনুমোদন দেওয়ার ক্ষমতা প্রজেক্ট ম্যানেজারকে দেওয়া হয়েছে।

শ্রী অসিত মিত্র : স্যার মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন- উনি বলেছেন যে ৭৬% কাজ হয়েছে ৩১.১০.২০১২ পর্যন্ত। আমার প্রশ্ন হল তাহলে সমস্ত যে পরিকল্পনা আছে, যে যে জায়গাতে, আপনি কিছু জায়গাতে বলেছেন যে আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করেছি, করে আপনারা নিজেরা যেমন সংস্থাগুলোকে বাতিল করেছেন এবং সিদ্ধান্ত নিয়েছেন যে বাকি কাজ পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ কোম্পানীগুলো করবে। আমি বলছি যে যে কোম্পানীগুলো ওখানে ছিল, যারা কাজ করলনা অথচ যাদের সঙ্গে - যাদের মধ্যে টাকা দেওয়া হয়েছে, এই ব্যাপারের জন্য আপনাদের নতুন সরকার আসার পর এটা কি দেখা গেল না এর আগের সময়ে যখন ছিল, তখন থেকে এটা চলছিল?

শ্রী মণীশ গুপ্ত : এটা এখন-এদের বাতিল করা হয়েছে মানে কাজটা এখনও চলছে, শেষ হয়নি। আপাততঃ যে সব গ্রামের কাজ ওরা ধরেছেন, সেটা সম্পন্ন হলে তখন বাকি জেলার যে গ্রামগুলো আছে, সেটা আমরা কাজে নেবো। অতএব এখন ওরা কাজে আছেন এবং যেহেতু তারা কেন্দ্রীয় সরকারের অধীনস্থ কাজ করেন, টাকাটা কেন্দ্রীয় সরকার ডাইরেক্ট ওদের পেমেণ্ট করেন, আমাদের মাধ্যমে করেন না।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার সেকেন্ড সাপ্লিমেণ্টারী-আপনি একটা জায়গায় বলেছেন যে সকল পরিকাঠামো-আপনারা বলেছেন যে আমরা সমন্বয় করার জন্য বিভিন্ন জায়গায় মনিটরিং কমিটির মিটিংগুলো করছি জেলা, মহকুমা এবং ব্লক স্তরে। আমরাও জেলার মিটিং-এ অ্যাটেণ্ড করি বা মহকুমা স্তরে অথবা ব্লক স্তরে মিটিং হয় তখন আমাদের প্রতিনিধিরা সেখানে গিয়ে মিটিং অ্যাটেণ্ড করেন। আমি আপনাকে একটা কথা বলবো সেটা হল যে এখানে বসে আমরা যে সমস্ত আলোচনাগুলো করি, যে যে গ্রামে বিদ্যুতায়ন হচ্ছে না, আমরা সেই কথাগুলো বলি। এই সমস্ত রিপোর্টটাকে সমন্বয় করে নতুন করে কাজ করার জন্য আপনারা ব্যবস্থা নিয়েছেন বলে বলছেন। এখনও পর্যন্ত তার সুফল কিন্তু আমরা পাচ্ছি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে এই ব্যাপারে আপনি যেভাবে গতি নিয়েছেন তাকে আরও সঠিকভাবে কাজে রূপান্তরিত করতে আপনি নতুনভাবে কি করে সমন্বয় করবেন একটু দয়া করে বললে ভাল হয়।

শ্রী মণীশ গুপ্ত : এই যে কমিটির মিটিংগুলো হয়, তার থেকে আমরা অনেক তথ্য পাই। মাননীয় সদস্যরা এখানে আছেন, তাঁরা অনেকেই এই মিটিংয়ে যান এবং অনেক সময় ওনারা আলাদাভাবে আমাকে চিঠি দেন, আপনিও দিয়েছেন। আপনি যদি সঠিকভাবে বলেন যে কোন গ্রামে বিদ্যুৎ যায়নি বা যেখানে কাজ সম্পন্ন হয়নি, সেগুলো আমাকে জানালে আমরা সেগুলো হাতে নিতে পারি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন-এই ৩৪ বছরে বামফ্রন্ট সরকার বিদ্যুতের ক্ষেত্রে হুকিংরাজ কায়েম করে গেছেন। যার ফলে বেআইনী বিদ্যুৎ সংযোগ চলছে। যারা আইন সঙ্গতভাবে বিদ্যুৎ পেতে চাই তারা বঞ্চিত হচ্ছে বিশেষ করে এগ্রিকালচারের ক্ষেত্রে। এই হুকিংরাজকে বন্ধ করে কমপ্লিট নিয়ন্ত্রণ করা, সায়েন্টিফিক কন্ট্রোল যাকে বলে, যাতে গ্রাহকরা পায়, এই রকম কোন বন্দোবস্ত বা হুকিংয়ের কি পরিমাণ,ওই ব্যাধিটা কতটা, সেটা অ্যাসেস করে একটা পরিমাণ করার কোন পরিকল্পনা আপনার দপ্তর নিয়েছে কি?

শ্রী মণীশ গুপ্ত : এই হুকিংটা পুরনো ব্যাধি, সেটা আপনারা জানেন। হুকিংকে বন্ধ করার দু- তিনটি পদক্ষেপ আমরা নিয়েছি। যে সব এলাকায় কন্ট্রাকটার পাল্টে দেওয়া যায় সেই সব এলাকায় আমরা কন্ট্রাকটার পাল্টে দিয়েছি যাতে ওগুলোতে হুকিং না করা যায়। এছাড়া আমাদের পরিষেবা মেলা হচ্ছে। প্রত্যেক জেলায় জেলায় আমরা পরিষেবা মেলায় মানুষকে বোঝাচ্ছি যে হুকিং করলে তাতে কিছু লাভ নেই। পরবর্তীকালে যে জরিমানা হবে, সেই টাকাটা তারা পূরণ করতে পারবেন না। এই রকম বিভিন্নভাবে আমরা মানুষকে বোঝানোর চেষ্টা করছি এবং অনেক জায়গায় এখন হুকিং কমেও গেছে। মিটার কানেকশান আমরা এই বছরে দিয়েছি-২৪ লক্ষ নতুন কানেকশান দিয়েছি।

শ্রী অসিত মাল : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে মাননীয় বিধায়ক অসিত মিত্র মহাশয়ের প্রশ্নের উত্তরে আপনি জানিয়েছেন রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনা প্রকল্পে কত পার্সেন্টটেজ কাজ হয়েছে এবং বাকিটা কিভাবে হবে। আমার প্রশ্ন হচ্ছে স্যার, এই যে রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনা প্রকল্পের কাজগুলি চলছে দিনের পরদিন কাজের গতি বাড়ছে এবং কাজ চলছে প্রায় শেষের দিকে। বিদ্যুতের চাহিদা বাড়ছে। বর্তমান রাজ্যে যে বিদ্যুৎ সরবরাহ হচ্ছে আর এই যে রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনা প্রকল্পে যে বিদ্যুতের চাহিদা বাড়ছে এর সঙ্গে কি সামঞ্জস্য আছে নাকি বিদ্যুতের ঘাটতি দেখা দেবে? তার কি পরিকাঠামো আছে নাকি বাইরে থেকে আপনি বিদ্যুৎ কিনবেন? কারণ পরিপূর্ণ ভাবে রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনা প্রকল্প চালু হয়ে গেলে সারা রাজ্যের প্রতিটি মানুষের ঘরে ঘরে বিশেষ করে কেন্দ্রীয় সরকারের চিন্তাভাবনা যে ভারতবর্ষের প্রত্যেকটা মানুষের ঘরে বিদ্যুত পৌঁছে দিতে চায়। সেইজন্য রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনা প্রকল্পের টাকা বিভিন্ন রাজ্যের মাধ্যমে ব্যয়িত হচ্ছে। এই কাজ সম্পূর্ণ হওয়ার পরে আপনার বিদ্যুতের ঘাটতি থাকবে নাকি বিদ্যুৎ বাইরে থেকে কিনতে হবে, কি পরিকাঠামো সেটা যদি হাউসকে আস্বস্থ করেন তাহলে ভাল হয়, ধন্যবাদ স্যার।

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় স্পীকারের মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে বলছি যে বিদ্যুতের তিনটি দিক আছে। একটা হল উৎপাদন, দ্বিতীয় হল সংবহন এবং তৃতীয় হল বন্টন। যখন আমরা কোন পরিকল্পনা করি বা আমাদের বাজেট করি তখন আমরা এই তিনটি দিকই দেখি। এই গ্রামীন বৈদ্যুতিকরণ প্রকল্প যেটা আমরা দ্রুত এগিয়ে নিয়ে যাচ্ছি এটা পরে যখন শেষ হবে তখনও আমাদের বিদ্যুৎ ঘাটতি হবে না। তারজন্য যে উচিত ব্যবস্থা গ্রহণ করার সেটা আমরা করছি। আজকেও যে আমাদের উদ্বৃত্ত বিদ্যুৎ আছে সেই সময় গিয়ে আমাদের তিনটে নতুন ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আসছে, সাগরদীঘিতে আসছে হাজার মেগাওয়াট, দুর্গাপুরে ২৫০ মেগাওয়াট আসছে, হাইডেলে ৩০০

মেগাওয়াটের মতন আসছে। এইভাবে ২০১৩-১৪ সাল থেকে ২০১৬ -১৭ এইভাবে আমরা উৎপাদন বাড়িয়ে যাচ্ছি। নতুন ক্ষমতা উৎপাদন আসছে এবং আমাদের উদ্বৃত্ত বিদ্যুৎ তখনও থাকবে।

শ্রী ইমানী বিশ্বাস : স্যার আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আমার বিধানসভায় দুটি ব্লক সতী-ওয়ান, সতী-টু। বহু গ্রাম আছে যেখানে এখনো পর্যন্ত কোন বিদ্যুৎ APL বা BPL পৌঁছায়নি। সেই ব্যাপারে নামগুলি যেভাবে আপনি চেয়েছেন সেইবাবে আমি এখনো নামগুলি বলতে পারি। যেমন সতী-ওয়ানে পারাইপুর, সোনাতলা এবং সতী-টুয়ে ঘোষপাড়া, বাহাগলপুর, উমরাপুর, জি পি ইত্যাদি এইসব গ্রামে এখনো পর্যন্ত বিদ্যুৎ আজকে পৌঁছায়নি। এই নিয়ে আপনি কোন পরিকল্পনা করেছেন কিনা জানালে ভাল হয়, ধন্যবাদ।

শ্রী মণীশ গুপ্ত : আপনারা জানেন যে স্পেশাল GRP স্কিম হয়েছে যেটা বিদ্যুতায়নের জন্য। মুর্শিদাবাদ জেলাটা এই স্কিমে আছে। অতএব এই স্কিমে ২০১৪ -এর মধ্যে APL এবং BPL সহ ঘরে ঘরে সবাইকে আলো দেওয়া দেওয়া হবে। অতএব আপনার যদি কোন গ্রাম বাকি থাকে আশা করব যে স্পেশাল GRP-তে এটা হবে।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন রাজীব বিদ্যুৎ যোজনায় কেন্দ্রীয় সরকার কত অর্থ বরাদ্দ করেছিল এবং আজ পর্যন্ত কত অর্থ ব্যয় হয়েছে তার হিসাবটি কি জানাবেন।

শ্রী মণীশ গুপ্ত : হিসাব জানাতে গেলে সেটা দীর্ঘ হয়ে যাবে, আমার কাছে তথ্যটা আছে। আপনি যদি চান এটা আমি অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আপনার কাছে পৌছে দিতে পারি।

ড. হরকাবাহাদুর ছেত্রী : Hon'ble Speaker Sir, the district from which I come, for the last twenty or so, we have a very good comparison because the other side of the river is Sikkim and this side is Darjeeling and at night you can make out which is Sikkim and which is Darjeeling because Sikkim is lighted and Darjeeling is dark.

Lately because of Rajiv Gandhi Rural Electrification Scheme at least a survey has been done and some of the villages have already been taken up. I got the impression that almost all the villages have alheady been surveyed and I just want to know from the Hon'ble Power Minister that how much time it will take for this tender to be floated and these villages to be electrified . Thank you.

[12.10–12.20 am]

Shri Manish Gupta : Darjeeling as you know 80% satisfaction is there as far as power is concerned. But there are certain areas remote areas which are not covered. These are going to be covered under special scheme worth Rs. 103 crores which has been sanctioned for Darjeeling. The tender has been floated but the tender

results have to be approved by the Rural Electrification Corporation. It has been sent to them because the tender amount quoted was little higher than the base rate. So, once again we get approval and we will start the project and I think that within one and a half years the entire district will be electrified.

শ্রী নেপাল মাহাত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই, স্যার আপনি বললেন যে কেন্দ্রীয় সংস্থা যেগুলো কাজ করছিল এন. এইচ. পি. সি বা এন. টি. পি. সি, তাদের কর্মক্ষমতা ঠিক না থাকার জন্যে, যদিও সেই অভিযোগটা ঠিক নয়, সেগুলো বাতিল করা হয়েছে। আমার শুধু স্পেসিফিক কোশ্চেন এই সংস্থাগুলো বাতিল কবে করা হয়েছে? সেটা কেন্দ্রীয় সরকারি চিঠি দিয়ে বাতিল করেছেন নিশ্চয়ই। সেই চিঠির নাম্বার এবং ডেটটা যদি বলেন? যদি বাতিল হয়ে থাকে তাহলে নতুন যারা এজেন্সী কাজ করবে তারা কবে থেকে কাজ শুরু করবে?

শ্রী মণীশ গুপ্ত : আমি তো আগেই বললাম যে তাদের কাজ এখনও চলছে। তারা এখনও হ্যাণ্ড ওভার করেনি। তাদের কাজটা শেষ হলে তখন আমরা কাজ শুরু করব। বাতিল হওয়া যেটা একটা কমিটি মিটিং হয়েছিল দিল্লিতে, আমাদের প্রতিনিধিরা গিয়েছিলেন, ওনারা ছিলেন এবং দীর্ঘদিন এই আলোচনা চলেছে। বাতলি হওয়ার সিদ্ধান্ত হয়েছে, তাদের বলেও দেওয়া হয়েছে। তারা বলছে, আমরা যেসব গ্রাম গুলিতে কাজ শুরু করেছি সেগুলো অর্ধেক রাস্তায় ছেড়ে দিলে আমাদেরও তো অসুবিধা হবে। আমরা চাইছি যেটুকু কাজ বাকি আছে সেটা ওরা শেষ করে আমাদের হ্যাণ্ড ওভার করে দেবেন।

*31. Not called

*32. Not called

*33. Not called

*34. Not called

*35. Not called

বোরো চাষের জন্য বিদ্যুৎ সরবরাহ

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৬০) **শ্রী অপূর্ব সরকার :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

আসন্ন বোরো মরশুমে চাষের জন্য কৃষকদের সুবিধার্থে বিদ্যুৎ দপ্তর কী কী পরিকল্পনা গ্রহণ করেছে/করছে?

শ্রী মণীষ গুপ্ত : পূর্বে এক্ষেত্রে প্রয়োজনীয় পরিকাঠামো গঠনের (যেমন লাইন, ট্রান্সফরমার ইত্যাদি) সম্পূর্ণ খরচ চাষীকেই বহন করতে হত, এখন করতে হয় না। আগে গড়ে ১.১.৫০ লক্ষ টাকা লাগত।

বর্তমানে ৫ HP শ্যালো সংযোগের জন্য সিকিউরিটি ডিপোজিট বাবদ ৩৬৭৭ টাকা (তিন হাজার ছয়শত সাতাত্তর টাকা) এবং পরিষেবা সংযোগ বাবদ ৪০০০ টাকা (চার হাজার টাকা) নেওয়া হয়। উল্লেখ্য যে, ০৩.১১.২০১১ তারিখ থেকে বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে স্টেট ওয়াটার ইনভেসিটগেশন ডাইরেক্টরেটের অনুমোদনের বিষয়টি শিথিল করা হয়েছে।

শ্যালো নলকূপে স্থায়ী ও অস্থায়ী বিদ্যুৎ সংযোগের জন্য বকেয়া দরখাস্তগুলি দ্রুততার সঙ্গে নিষ্পত্তির চেষ্টা করা হচ্ছে।

বোরো মরশুমে শ্যালো নলকূপে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ব্যবস্থা করা হবে।

এছাড়াও প্রতিটি ডিভিশন স্টোরে ট্রান্সফরমার ও প্রয়োজনীয় মালপত্র মজুত রাখা হচ্ছে যাতে বোরো মরশুমে যে কোনও রকমের মেরামতি দ্রুততার সঙ্গে করা যায়। মেরামতির সঙ্গে যুক্ত এজেন্সীগুলিকে তৎপর থাকার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। মেরামতি রক্ষণাবেক্ষণ এবং নতুন কানেকশন দেওয়ার বিষয়গুলি উর্দ্ধতন আধিকারিকরা নিয়মিতভাবে জেলায় গিয়ে তদারকি করছেন।

শ্রী অপূর্ব সরকার : স্যার, কয়েকদিন আগে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করেছিলাম, যেহেতু এখন বোরো মরশুম চলছে এবং ইতিমধ্যে পশ্চিমবঙ্গের বিস্তীর্ণ এলাকায় আলু চাষ শুরু হয়েছে, সেখানে জলের দরকার, এই অবস্থায় চাষীদের যে স্থায়ী বা টেম্পোরারি কানেকশন দেওয়া হয় সেই সংক্রান্ত নির্দেশনামা যাতে তাড়াতাড়ি দেওয়া হয়। আপনি প্রিন্সিপাল সেক্রেটারিকে এই ব্যাপারে নির্দেশ দিয়েছিলেন, কিন্তু সেই নির্দেশ আজ পর্যন্ত বার হয়নি। আমি আশা করব সেই নির্দেশ যাতে তাড়াতাড়ি বার হয়। সাথে সাথে আমার প্রশ্ন, কৃষকদের স্বার্থে টেম্পোরারি কানেকশন যেটা দেওয়া হয়, তার ফিজ বিগত দিনে যা ছিল-যেহেতু বর্তমানে বিদ্যুতের মূল্য বৃদ্ধি পেয়েছে, সেই জায়গায় দাঁড়িয়ে—এই ফিজ বা বিদ্যুতের মূল্য কমানোর কোন পরিকল্পনা আছে কিনা।

শ্রী মণীশ গুপ্ত : নির্দেশ দেওয়া হয়েছে। নির্দেশ তো লিখিত দেওয়া হয় না। ডব্লু. বি. এস. ই. ডি. সি. এল. এর চেয়ারম্যানকে বলে দিয়েছি, সেইভাবে উনি ওনার কর্মচারীদের নির্দেশ পাঠান। ওনার নির্দেশও লিখিত যাবে না, আমারও যাবে না। আর টেম্পোরারি কানেকশনের ফিজ কমানোর ব্যাপার যেটা বললেন, এক্ষেত্রে ফিজ কমানোর কোন সিদ্ধান্ত আমরা নিই নি, পরবর্তীকালে যদি মনে করা হয় এবং সবাই সম্মত থাকে তাহলে বিবেচনা করে দেখব। যে রেট আছে সেটাই থাকবে। প্রায় ৩ থেকে সাড়ে ৩ হাজার টাকার মধ্যে পড়বে। আর যদি খুব লম্বা লাইন নিতে হয় তাহলে বেশী লাগবে।

শ্রী অপূর্ব সরকার : আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন। বিগত কয়েক মাস ধরে আমরা লক্ষ্য করছি, বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় আমার বিধানসভা কেন্দ্র কান্দিতে—যেখানে রাজীব গান্ধী বিদ্যুতায়নের কাজ চলছে—একজিস্টিং ট্রান্সফরমারে নতুন কানেকশন যোগ করা হচ্ছে, কোথায় কোথাও নতুন ট্রান্সফরমার বসানো হচ্ছে, কিন্তু ওভারলোড হওয়ার ফলে ট্রান্সফরমার পুড়ে যাচ্ছে। বার্ন রিপোর্ট পাওয়ার পরও দু-তিন মাস পর্যন্ত নতুন ট্রান্স ফরমার পাচ্ছে না। খুব স্বাভাবিকভাবে যখন বোরো মরশুম চালু হবে তখন আরও বেশী বিদ্যুৎ লাগবে, তখন আরও বেশী ট্রান্সফরমার

পুড়বে। সেইসময় যাতে বোরো চাষ ক্ষতিগ্রস্ত না হয় সেটা দেখতে হবে। আধিকারিকদের যখন বলি ট্রান্সফরমারের খবর কি? তারা বলে, ট্রান্সফরমার সারাতে দেওয়া হয়েছে, এখনো আসেনি, এলে বসানো হবে। ট্রান্সফরমার মজুত রাখার কথা আপনি বলেছেন। কিন্তু কতগুলো মজুত থাকবে, কি ভাবে ডিস্ট্রিবিউশন করবেন, ফার্স্ট কাম ফার্স্ট সার্ভ হিসাবে, নাকি নিড বেসড হিসাবে ডিস্ট্রিবিউশন হবে, তার কোন পলিসি নির্ধারণ করেছেন কিনা এবং দ্রুত পাওয়ার ক্ষেত্রে কি করা যায় জানাতে অনুরোধ করছি।

শ্রী মণীশ গুপ্ত : সাধারণ ভাবে ফার্স্ট কাম ফার্স্ট সার্ভ বেসিসে হয় না। সাধারণত যেখানে ট্রান্সফরমার দরকার, সেখানেই স্টোর থেকে পাঠানো হয়। গত বছরে, ধরুণ ১০।১১ মাসে ১২ হাজার ট্রান্সফরমার পাল্টেছি। আগে তো ২।৩ হাজারের বেশী ট্রান্সফরমার দেওয়া যেত না। আমরা ট্রান্সফরমার সরবরাহ বাড়িয়ে ১২ হাজার ডিস্ট্রিবিউশন করেছি। বোরো চাষের জন্য আরও ট্রান্সফরমার আনছি। আমাদের রাজ্যে ট্রান্সফরমার তৈরী হয় না, বাইরে থেকে আনাচ্ছি, টেণ্ডার করে আনানো হয়েছে, সাপ্লাই হচ্ছে, সঠিক ভাবে বিভিন্ন স্টোরে পাঠানো হচ্ছে। আমরা জানি টান্সফরমার নিয়ে একটা প্রবলেম আছে, সেটা কিভাবে সমাধান করা যায় দেখছি।

[11.20–12.30]

শ্রী নির্মলচন্দ্র ঘোষ : স্যার , আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমি জিজ্ঞাসা করতে চাই, যে প্রশ্নটি করতে চাই স্যার, আপনি বিদ্যুত উৎপাদন, বিদ্যুতের ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশনের মধ্যে এই গত ১৬,১৭ মাসের মধ্যে আপনি একটা সমতা এনেছেন এবং এই সমতা আনতে গিয়ে আপনি প্রথম যে কাজটা করেছেন তা হল যে পশ্চিমবাংলায় আর বিদ্যুতের অভাব হবে না। এর আগে আমরা লোডশেডিংএ জর্জরিত ছিলাম। বিগত সরকারের হাতে বিদ্যুত দপ্তর একেবারে প্রায় ভগ্নদশায় চলে গিয়েছিল। আমার প্রশ্ন হল, এই যে আপনি ন্যাশনাল গ্রীডের সঙ্গে যখন ঠাণ্ডা পড়ে গেছে , এখন এই নভেম্বরের পর থেকে আমাদের লোড ফ্যাকটর যা আছে সেটাকে মেনটেন করে যে বেশি বিদ্যুতটা আমরা পাচ্ছি তাকে শেড না করে দিয়ে ন্যাশনাল গ্রিড দিয়ে আমরা ব্যাংকি এ সেটাকে জমা করছি। জমা করার পর যখন আমাদের মার্চের পর থেকে আমাদের ডিমাণ্ড বাড়বে আবার সেটা লাগবে। কত বিদ্যুতের, কত মেগাওয়াট বিদ্যুত, সেই ব্যাংক জমা রাখার জন্যে আপনারা ব্যবস্থা করেন যদি দয়া করে বলেন।

শ্রী মণীশ গুপ্ত : আপাতত দুটো মরশুমে আমরা ব্যাংকিং করি। আগে যে ব্যাংকিং-এ করেছিলাম সেটা আড়াইশো থেকে তিনশো মেগাওয়াট বিদ্যুত পাচ্ছি। এপ্রিল মে মাসে সাড়ে তিনশো থেকে চারশো মেগাওয়াট বিদ্যুত পাব প্রত্যেক মাসে। এটাই আমরা ব্যাংকিং করেছি।

মিঃ স্পীকার : আজকে আমি আধঘণ্টা সময় বাড়িয়েছিলাম। ঠিক আছে আপনি লাস্ট সাপ্লিমেণ্টারি করুন।

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে

প্রশ্ন করছি যে এটা কি সত্যি যে অন্য রাজ্যের থেকে এই রাজ্যে বিদ্যুতের কমারশিয়াল এবং ডোমেস্টিক চার্জ কি অনেক বেশী?

শ্রী মণীশ গুপ্ত : এটা আপনার সম্পূর্ণ ভুল ধারণা এবং কোন রাজ্যে কত ট্যারিফ আছে তথ্যসহ সেই লিস্ট আমাদের কাছে আছে।

Questions' Hour is over

Starred Questions
(to which oral answers laid on the Table)

লোর্ড শেডিং সমস্যা নিরসনে গৃহীত পদক্ষেপ

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১) **শ্রী তজমূল হোসেন :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানি লিমিটেড-এর পরিষেবাধীন এলাকায় লো-ভোল্টেজ ও লোড-শেডিং সমস্যা নিরসনে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

লো ভোল্টেজ এবং Power cut সমস্যা মোকাবিলা করার জন্য নিরন্তর পর্যালোচনা করা হয় এবং ধারাবাহিক ভাবে প্রয়োজনীয় নতুন লাইন (১৩২ কেভি, ৩৩ কেভি, ১১ কেভি, মাঝারি ও নিম্ন ভোল্টেজ, টানা নতুন সাবস্টেশন (১৩২ কেভি ৩৩/১১ কেভি) নির্মাণ লাইনের conductor-এর ক্ষমতা বৃদ্ধি সাবস্টেশনের ক্ষমতার পরিবর্ধন ফিডার বিভাজন ইত্যাদি ব্যবস্থা নেওয়া হয়। লো ভোল্টেজ সমস্যা নিরসনে capacitor-bank বসানো হচ্ছে। এছাড়াও সাব-স্টেশনের ট্রান্সফরমারের tap পরিবর্তন করে ভোল্টেজ বাড়ানোর ব্যবস্থা করা হয়। উপরন্তু ট্রান্সফরমারগুলির health cheek up করে সঠিক ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহ বজায় রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়।

এছাড়া উর্দ্ধতন আধিকারিকদের দ্বারা প্রতিমাসে সাবস্টেশনগুলির পরিদর্শনের এবং দ্রুত ত্রুটি সংশোধনের ব্যবস্থা করা হয়েছে। অপরদিকে গ্রাহকদের সরাসরি অভিযোগ গ্রহণের জন্য পরিষেবা মেলা আয়োজনের মাধ্যমে লো ভোল্টেজ সংক্রান্ত সমস্যা নিরসনের ব্যবস্থা করা হয়।

আই.সি.ডি.এস.-এর জন্য কর্মী নিয়োগ কমিটি

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩) **শ্রী আনিসুর রহমান :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সুসংহত শিশু বিকাশ প্রকল্পের জন্য কর্মী নিয়োগ কমিটি (সিলেকশন কমিটি) থেকে স্থানীয় বিধায়কদের বাদ দেওয়া হয়েছে : এবং

(খ) সত্যি হলে, তার কারণ কী?

শিশু বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মুর্শিদাবাদ, বীরভূম, বর্ধমান, পুরুলিয়া ও দক্ষিণ চব্বিশ পরগণা এই পাঁচটি জেলা ছাড়া অন্যান্য জেলায় সংশ্লিষ্ট জেলার একজন মন্ত্রীকে কর্মী নিয়োগ কমিটির চেয়ারম্যান ও একজন বিধায়ককে ভাইস চেয়ারম্যান হিসাবে বহাল করা হয়েছে। উক্ত পাঁচ জেলায় সংশ্লিষ্ট জেলার একজন মন্ত্রীকে কর্মী নিয়োগ কমিটির চেয়ারম্যান হিসাবে বহাল করা হয়েছে। কলকাতার ক্ষেত্রে কোনও পরিবর্তন করা হয়নি।

এবং

(খ) নিয়োগ প্রক্রিয়ায় সংগতি বজায় রাখার জন্য এই কমিটি তৈরি করা হয়েছে।

বন্ধ কারখানার শ্রমিক আবাসন

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দুর্গাপুরে বন্ধ হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন লিমিটেড কারখানার শ্রমিক আবাসন সংক্রান্ত বিষয় নিয়ে সমস্যা তৈরী হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এই সমস্যা সমাধানে কী কী উদ্যোগ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

শিল্প পুর্নগঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এই সমস্যা সমাধানে সরকার বিষয়টি বি. আই. এফ. আর-এ উত্থাপন করে আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়েছেন।

এছাড়া কেন্দ্রীয় সরকারের নির্দিষ্ট মন্ত্রকের সাথে উপযুক্ত স্তরে উত্থাপন করার বিষয়টি এই সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে।

বর্ধমান জেলায় আই.সি.ডি.এস. কেন্দ্র

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে বর্ধমান জেলায় কতগুলি শিশু বিকাশ কেন্দ্রের নিজস্ব ভবন আছে?

(খ) তন্মধ্যে, কতগুলি কেন্দ্রে পানীয় জলের ব্যবস্থা ও শৌচাগার আছে ? এবং

(গ) জেলার শিশু বিকাশ কেন্দ্রগুলির উন্নয়নের জন্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১ শে আগস্ট, ২০১২ সাপেক্ষে বর্ধমান জেলায় ৪২৩৭ টি শিশু বিকাশ কেন্দ্রের নিজস্ব ভবন আছে।

(খ) তন্মধ্যে ৪০০৬ টি কেন্দ্রে পানীয় জলের ব্যবস্থা ও ৩৫৯৭ টি শৌচাগার আছে।

এবং

(গ) জেলার শিশু বিকাশ কেন্দ্রগুলির উন্নয়নের জন্য ২০১২-১৩ আর্থিক বছরে ১৩তম আর্থিক কমিশন এর মাধমে ২০০টি এবং আর আই ডি এফ এর মাধ্যমে ৫৮ টি নিজস্ব ভবন তৈরি করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া অন্যান্য খাত থেকে আরও কিছু ভবন তৈরি হচ্ছে। সরকার আগামী তিন বছরে বরাদ্দ নির্দিষ্ট করে অবশিষ্ট কেন্দ্রগুলির নিজস্ব ভবন তৈরি করার পরিকল্পনা গ্রহণ করেছে।

মুক্ত সংশোধনাগার

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩) **শ্রী শাহাজাহান চৌধুরী:** সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলায় লালবাগে মুক্ত সংশোধনাগার স্থাপিত হয়েছে; এবং

(খ) সত্যি হলে, রাজ্যের অন্যত্র মুক্ত সংশোধনাগার স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, মুর্শিদাবাদ জেলায় লালবাগ মহকুমায় লালগোলা মুক্ত সংশোধনাগার স্থাপিত হয়েছে।

(খ) হ্যাঁ, এই মুহূর্তে রাজ্যের অন্যত্র মুক্ত সংশোধনাগার স্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

সংশোধনাগারগুলিতে বন্দীর সংখ্যা

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪) **শ্রী বাসুদেব খাঁ :** সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূবক জানাবেন কি—

(ক) ৩১ শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে রাজ্যের সংশোধনাগারগুলিতে মোট বন্দীর সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, রাজনৈতিক বন্দীর সংখ্যা কত?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১ শে অক্টোবর ২০১২ সাপেক্ষে রাজ্যের সংশোধনাগারগুলিতে মোট বন্দীর সংখ্যা ২১০০০জন।

(খ) তন্মধ্যে, রাজনৈতিক বন্দীর সংখ্যা ৫১ জন।

শিশু শ্রমিকদের মধ্যে শিক্ষার প্রসার

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬) **শ্রী নর্মদা চন্দ্র রায় :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ দিনাজপুর জেলায় শিশু শ্রমিকদের মধ্যে শিক্ষার প্রসার ঘটানোর ক্ষেত্রে কতটা সফলতা লক্ষ্য করা যাচ্ছে (৩১শে অক্টোবর, ২০১২-এর সাপেক্ষে); এবং

(খ) ওই শিশু শ্রমিকদের মধ্যে শিক্ষার প্রসার ঘটানার জন্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৯৯৮ সালে দক্ষিণ দিনাজপুর জেলায় শিশু শ্রমিক বিদ্যালয় চালু হয়। বর্তমানে এই জেলায় ৪০টি শিশু শ্রমিক বিদ্যালয় অনুমোদিত ও চালু রয়েছে। এখন ২০০০টি শিশু শ্রমিক ঐ বিশেষ বিদ্যালয়গুলিতে শিক্ষা লাভ করছে।

এ পর্যন্ত ৫৫১৬ জন শিশু শ্রমিক বিদ্যালয় থেকে প্রথাগত শিক্ষা প্রতিষ্ঠানে যোগদান করেছে। তাদের মধ্যে অনেকেই আজ উচ্চশিক্ষার অঙ্গনে প্রবেশ করে স্নাতক ও স্নাতকোত্তর সাম্মানিক লাভ করেছে। এই জেলায় শিশু শ্রমিকের সংখ্যা কমছে এবং এ কথা নিঃসন্দেহে বলা যায় যে শিশু শ্রমিকদের মধ্যে শিক্ষার প্রসার ঘটানোর ক্ষেত্রে দক্ষিণ দিনাজপুর সফল।

(খ) শিশু শ্রমিকদের মধ্যে শিক্ষার প্রসার ঘটানোর জন্যে জেলার শিশু শ্রমিক প্রকল্প উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে। জেলার প্রতিটি স্তরে সারা বছর ধরে সচেতনতা শিবিরের আয়োজন করা হয়েছে। ঐ সব শিবিরে শিশু শ্রমের কু-ফল, শিক্ষার প্রয়োজনীয়তা ইত্যাদি বিষয়ে স্থানীয় জনগণ, বিশেষ করে শিশু শ্রমিকদের মা বাবাদের মধ্যে সচেতনতা তৈরী করা হচ্ছে।

অন্যান্য স্কুলগুলির মত শিশু শ্রমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য মিড ডে মিল প্রকল্প চালু হয়েছে। এছাড়া শিশু শ্রমিক প্রকল্প অনুযায়ী প্রতি ছাত্র/ছাত্রীর জন্য প্রতি মাসে ১৫০ টাকা স্টাইপেণ্ড এর ব্যবস্থা করা হয়েছে।

গ্রামীণ বিদ্যুতায়ন

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮) **শ্রী তজমুল হোসেন :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে (২০১২-২০১৩) ৩১ শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে গ্রামীণ বিদ্যুতায়নে মোট কী পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে ; এবং

(খ) বর্তমান আর্থিক বছরে কতগুলি মৌজায় বিদ্যুৎ সংযোগের কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২৯৬ কোটি ৭২ লক্ষ টাকা

(খ) ২০১২-২০১৩ আর্থিক বছরে ৩১ শে অক্টোবর অবধি ৬১০২টি মৌজায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে এবং আশা করা যায় যে এই আর্থিক বছরে আরও ৯৯৫২ টি মৌজায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে।

Unstarred Questions
(to which written answers were laid on the Table)

পরিবেশ দূষণকারী কারখানা

১। (অনুমোদিত প্রশ্ন নং ৬২) **শ্রী অসিত মিত্র :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১ লা জুন, ২০১১ থেকে ৩১ শে অক্টোবর, ২০১২ পর্যন্ত সময় কতগুলি কারখানার বিরুদ্ধে পরিবেশ দূষণের অভিযোগ সরকারের নিকট এসেছে ৫ এবং

(খ) এ সম্পর্কে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে/করেছে?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১ লা জুন, ২০১১ থেকে ৩১ শে অক্টোবর, ২০১২ পর্যন্ত ২,২৯৯টি কারখানার বিরুদ্ধে পরিবেশ দূষণের অভিযোগ এসেছে।

(ক) দূষণ নিয়ন্ত্রণের পদক্ষেপ হিসেবে উক্ত কারখানাগুলি পরিদর্শন, শুনানী, প্রয়োজনীয় নির্দেশিকা জারি, জরিমানা আরোপ ও প্রয়োজনে বন্ধের নির্দেশও জারি করা হয়ে থাকে।

গলসীতে কিষাণমাণ্ডি নির্মাণ

২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলার গলসীতে সরকারের কৃষক বাজারের (কিষাণমাণ্ডি) নির্মাণের পরিকল্পনা কোন্ পর্যায়ে আছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বর্ধমান জেলার গলসীতে কৃষি খামারে একটি কৃষক বাজার বা কিষাণমাণ্ডি তৈরী করার পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যেই এই প্রকল্প রূপায়ণের জন্য টেণ্ডার ডাকা হয়েছে এবং এর নির্মাণকাজও খুব শীঘ্রই আরম্ভ হবে।

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে প্রধান শিক্ষক নিয়োগ

৩। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭) **শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে প্রধান শিক্ষক নিয়োগের জন্য পরীক্ষা কবে নাগাদি নেওয়া হবে, এবং

(খ) শিক্ষক/শিক্ষিকাদের সাধারণ বদলির বিষয়ে সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করেছে কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) প্রধান শিক্ষক নিয়োগের পরীক্ষা আগামী ২০১৩ সালের মার্চ মাসের শেষের দিকে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা আছে।

(খ) স্কুল শিক্ষা দপ্তর মাধ্যমিক স্তরে শিক্ষক/শিক্ষিকাদের সাধারণ বদলির জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এজন্য পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন আইন, ১৯৯৭-এর প্রয়োজনীয় সংশোধনী বিল তৈরী করা হয়েছে এবং আইন বিভাগের অনুমোদন নেওয়া হয়ে গিয়েছে। বিলটি এখন রাজ্য মন্ত্রিসভায় অনুমোদনের জন্য পাঠানো হচ্ছে। মন্ত্রিসভার অনুমোদন পাওয়া গেলে প্রস্তাবিত সংশোধনী বিলটি বিধানসভায় পেশ করা হবে।

কামারপুকুর ও জয়রামবাটীতে পর্যটনকেন্দ্র স্থাপন

৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৫) **শ্রী বিশ্বনাথ কারক :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলী জেলার কামারপুকুর এবং বাঁকুড়া জেলার জয়রামবাটীকে আন্তর্জাতিক মানের পর্যটনকেন্দ্র রূপে গড়ে তোলার পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পর্যটন বিভাগের নিকট বর্তমানে এই ধরনের কোন প্রকল্প বিবেচনাধীন নেই। জেলাশাসকদের নিকট থেকে সুনির্দিষ্ট প্রস্তাব এলে অবশ্যই বিবেচনা করা হবে।

মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি

৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৩) **শ্রী বিশ্বনাথ কারক :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধির জন্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছে ৫ এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি কীরূপ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, এটা সত্যি যে, রাজ্যে মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধির জন্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছে।

(খ) রাজ্যের দুর্গম অঞ্চল, জনবহুল অঞ্চল, পিছিয়ে পড়া অঞ্চল ইত্যাদিকে চিহ্নিত করে রাজ্যের একটি শিক্ষা মানচিত্র প্রস্তুত করা হয়েছে এবং তার ভিত্তিতে নতুন মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব গ্রহণ করা হচ্ছে।

অযোধ্যা পাহাড়ে পর্যটন শিল্পের উন্নয়ন

৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৭) **শ্রী নেপাল মাহাত :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে পর্যটন শিল্পের উন্নয়নে কেন্দ্রীয় সরকার অর্থ বরাদ্দ করেছে ; এবং

(খ) সত্যি হলে, এক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, সত্যি।

(খ) উক্ত প্রকল্পে কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৪৮৫.০০ লক্ষ টাকা। উক্ত বরাদ্দকৃত অর্থের মধ্যে আজ পর্যন্ত প্রাপ্ত অর্থের পরিমাণ ৩৮৮.০০ লক্ষ টাকা।

ঠাকুর পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৬) **শ্রী নগেন্দ্রনাথ রায় :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কোচবিহার জেলায় প্রস্তাবিত ঠাকুর পঞ্চানন বর্মার নামে বিশ্ববিদ্যালয়ের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের কাজ পুরোদস্তুর শুরু হয়েছে এবং নিম্নলিখিত পদক্ষেপ ইতিমধ্যেই গৃহীত হয়েছে :

(১) কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের জন্য জমি চিহ্নিত হয়েছে এবং উচ্চ শিক্ষা দপ্তরের নামে জমি হস্তান্তরিত হয়েছে।

(২) বিশ্ববিদ্যালয়ের খরচ বাবদ নির্ধারিত " Head of Account" খোলা হয়েছে এবং কোচবিহারের জেলাশাসককে Drawing and Disbursing Officer (DDO) করা হয়েছে।

(৩) বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য মনোনীত হয়েছেন ডঃ ইন্দ্রজিৎ রায় এবং তিনি তাঁর পদে শীঘ্রই যোগদান করবেন।

শিশু শিক্ষা কেন্দ্র

৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৮) **শ্রী নগেন্দ্রনাথ রায় :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে শিশু শিক্ষা কেন্দ্রগুলির সংখ্যা কত ;

(খ) শিশু শিক্ষা কেন্দ্রগুলিকে মাধ্যমিক শিক্ষা কেন্দ্রে উন্নীতকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) উক্ত কেন্দ্রের শিক্ষকদের সাম্মানিক বাড়ানোর কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

বিদ্যালয়ের শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমানে রাজ্যে শিশু শিক্ষা কেন্দ্রের সংখ্যা ১৬,১০০।

(খ) বিষয়টি এখনও পর্যন্ত পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের বিবেচনাধীন।

(গ) এই বিষয়টিও পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের বিবেচনাসাপেক্ষ।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received two notices of Adjourment Motion. The First one is from Dr. Surjya Kanta Mishra, Shri Subhas Naskar, Shri Paresh Chandra Adhikary, Shri Prabodh Chandra Sinha, Shri Anandamay Mandal and Shri Chand Mohammad on the subject of alleged irregularities in installation of trident lamps in Kolkata Municipal Corporation Area. And the second one is from Shri Asit Kumar Mal, Shri Nepal Mahata, Shri Apurba Sarkar, Shri Umapada Bauri and Shri Joseph Munda on the subject of hike in rate of charges of electricity supplied by the West Bengal State Electricity Distribution Company Limited and problems faced by the common people.

The subject matter of both the motions relate to the day to day administration of the State Government and are not such that may call for the adjournment of the business of the House. Member may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Questions etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of each party may, however, read the text of the Motion,as amended.

First, I call upon Dr. Surjya Kanta Mishra. However, Dr. Mishra is not present.

Now I call upon Shri Asit Kumar Mal :

শ্রী অসিত কুমার মাল : স্যার, আমাদের তরফ থেকে এটা মাননীয় নেপাল মাহাত পড়বেন।

মিঃ স্পীকার : পারমিটেড।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে অ্যাডজোর্ণমেণ্ট মোশন পড়ছি। আজকে আমাদের ৩০ জন সদস্য আছেন রুল অনুযায়ী এটা আলোচনার অনুমতি পাওয়া উচিত বলে আমরা মনে করি। স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী সাম্প্রতিক একটি

নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল : এই রাজ্যে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি ডিসট্রিবিউশন কোম্পানী লিমিটেডের বিদ্যুত মূল্য রাজ্যের কৃষক ও সাধারণ উপভোক্তার ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। এই সংস্থার বিদ্যুত মূল্য ডি. ভি. সি. ডি. পি. এল এবং ডি. পি. এস. সির চেয়ে অনেক বেশি। অস্বাভাবিক হারে এই বিদ্যুত মূল্যের প্রভাব পড়েছে সাধাবণ কৃষক, সাধারণ উপভোক্তা, ক্ষুদ্র কুটির শিল্প এবং ছোট ছোট ব্যবসাদারদের উপরে। স্যার, এই বিষয়ে আলোচনার জন্য.....

মিঃ স্পীকার : আমি অ্যাডজোর্ণমেণ্ট মোশন অ্যালাউ করি নি। অ্যাডজোর্ণমেণ্ট মোশনের স্পিরিট আপনারা জানেন। অ্যাডজোর্ণমেণ্ট মোশন এইভাবে ডিসকাসন হতে পারে না উইথহেল্ড হয়ে গেল।

NOTICE OF CALLING ATTENTION

Mr. Speaker : Today , I have received four (4) notices of calling Attention on the following subjects namely :

(i)	Urge for construction of metal road from Narayanpur Bus stand to Shalbuni in Rampurhat Assembly Constituency area.	: Dr. Asish Banerjee
(ii)	Steps taken by the Government to prevent Dengue	: ShriAsit Kumal Mal
(iii)	Alleged change in the administrative set up Of I.C.D.S	: Shri Asit Mitra
(iv)	Non-functioning of deep tube wells and river lifts in Ketugram Assembly Constituency area	: Shri Sekh Sahonawez

I have selected the notice of Shri Seikh Sohanwaz on the subject of Non-functioning of deep tube wells and river lifts in Ketugram Assembly Constituency area.

The Ministe-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় , মাননীয় বিধায়ক শেখ শাহনাজের উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট মন্ত্রীকে আমি অনুরোধ করব উত্তর দিয়ে দেওয়ার জন্য। যেহেতু আগামীকালই বিধানসভা শেষ হচ্ছে সেইহেতু উত্তরটা সরাসরি মাননীয় বিধায়কের কাছে পাঠিয়ে দেওয়ার অনুরোধ রাখব।

PRESENTATION OF THE COMMITTEE REPORTS

Presentation of the Third Report of the Committee on Public Accounts (2011-12)

Shri Sultan Singh : Sir, with your kind permission I beg to present the Third Report of the Committee on Public Accounts (2012-2013) on Para No. 4.4.6 of the Report of the Comptroller and Auditor General of India (Civil) for the year 2007-2008 relating to the Higher Education Department.

LAYING OF REGULATIONS

The West Bengal Electricity Regulatory Commission (Terms and Conditions of Tariff) (Amendment) Regulations, 2012

Shri Manish Gupta : Sir, I beg to lay The West Bengal Electricity Regulatory Commssion (Terms and Conditions of Tariff) (Amendment) Regulations. 2012 published in the Kolkata Gazette Extraordinary dated the 27th August, 2012 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 49/WBERC dated the 27th August, 2012.

LAYING OF REPORT AND ACCOUNTS

The Annual Report of the West Bengal Electricity Regulatory Commssion for the year 2011-2012

Shri Manish Gupta : Sir, I beg to lay the Annual Report of the West Bengal Electricity Regulatory Commission for the year 2011-2012

The 9th Annual Report and Accounts together with Audit Report thereon, of the New Town Electric Supply Company Limited for the year 2011-2012

Shri Manish Gupta : Sir, I beg to lay the 9th Annual Report and Accounts together with Audit Report thereon, of the New Town Electric Supply company Limited for the year 2011-2012.

The Annual Report and Accounts together with Audit Report thereon, of The West Bengal State Electricity Distribution company Limited for the year 2011-2012

Shri Manish Gupta : Sir, I beg to lay the Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal

State Electricity Distribution company Limited for the year 2011-2012.

[12.30–12.38pm]

The Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Transmission Company Limited for the year 2011-2012

Shri Manish Gupta : Sir, I beg to lay the Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Transmission Company Limited for the year 2011-2012.

The 27th Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited for the year 2011-2012

Shri Manish Gupta : Sir, I beg to lay the 27th Annual Report and Accounts togetherwith Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited for the year 2011-2012.

(At this stage Hon'ble Members of Indian National Congress party staged walk out.)

The Annual Report containing Annual Accounts, Audit Report and Comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Tea Development Corporation Limited for the year 2010-2011.

Shri Partha Chatterjee : Sir I beg to lay the Annual Report containing Annual Accounts, Audit Report and Comments of the Comprtoller and Auditor General of India thereon, of the West Bengal Tea development Corporation Limited for the year 2010-2011.

MENTION

ড: আশীষ ব্যানার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মধ্য কলকাতার দুটি প্রাচীন সিনেমা হল, একটা হলো পূরবী এবং আর একটা হলো অনন্যা। এই দুটি সিনেমা হল বামফ্রন্টের সময়ে প্রোমোটারদের হাতে তুলে দেওয়া হয়। তারপর এ নিয়ে মামলা হয়। মামলার বিষয়ে আমার কোন বক্তব্য নেই, আমার বক্তব্য যে, এই সিনেমা হল দুটির সঙ্গে সংযুক্ত ছিল এমন সমস্ত ব্যক্তি যারা দিন আনে দিন খায়, যারা অসহায় অবস্থায় কাল কাটায়। মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে সরকারের কাছে দাবী করবো বা অনুরোধ করবো যারা এই দুটি সিনেমা হলের সঙ্গে যুক্ত ছিলেন যে সমস্ত কর্মচারী বা

যে সমস্ত ব্যক্তি তারা যেন অসহায় অবস্থায় কাল না কাটান, তাদের একটা পুনর্বাসনের ব্যবস্থা যেন করা হয়। আমি আপনার মাধ্যমে এই অনুরোধটুকু জানাবো।

শ্রী অসিত মিত্র : (নট প্রেজেন্ট)।

শ্রী নেপাল মাহাত : (নট প্রেজেন্ট)।

শ্রী মহঃ সোহরাব : (নট প্রেজেন্ট)।

শ্রী যোশেফ মুণ্ডা : (নট প্রেজেন্ট)।

শ্রী উমাপদ বাউড়ী : (নট প্রেজেন্ট)।

শ্রী আবু তাহের খান : (নট প্রেজেন্ট)।

শ্রী কে. পি. সিং দেও : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা পুরুলিয়া শহরের মধ্যে একটা ন্যাশানাল হাইওয়ের কাজ হচ্ছে, যেটা রাঁচী রোড এবং টাটা রোডকে সংযুক্ত করছে। কিন্তু সেই কাজ একটা পাড়ার মধ্যে যাচ্ছে-ভাটবান্দ। এটার কাজ শুরু হলেই-জায়গাটা এতো ন্যারো, ওটাকে যদি wideing না করা হয়, তাহলে বহু লোক এর আগে দীর্ঘদিন খারাপ হওয়ার ফলে মারা গেছেন এ্যকসিডেন্ট হয়ে। এখন যদি এর রিপেয়ার হয়, সেটাকে যদি চওড়া না করা হয় এবং তাতে যদি ড্রেনেজ সিস্টেম না করা হয়, —তাহলে কিন্তু আবার এই দুর্ঘটনা ঘটবে। তারজন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে যথাযোগ্য ভাবে সেটা ওয়াডেনিং করে, সেভাবে ইনস্ট্রাকশান দেওয়া হয়।

শ্রী অসিত মাল : (নট প্রেজেন্ট)।

শ্রী সেখ সাফিউজ্জামান : (নট প্রেজেন্ট)।

শ্রী আশীষ মার্জিত : (নট প্রেজেন্ট)।

শ্রীমতী ফিরজা বেগম : (নট প্রেজেন্ট)।

শ্রী ইমানী বিশ্বাস : (নট প্রেজেন্ট)।

শ্রী আখরুজ্জামান রহমান : (নট প্রেজেন্ট)।

শ্রী মহঃ গুলাম রব্বানি : (নট প্রেজেন্ট)।

শ্রী মনোজ চক্রবর্ত্তী : (নট প্রেজেন্ট)।

শ্রী মোহিত সেনগুপ্ত : (নট প্রেজেন্ট)।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগেও আমি হাউসে বলেছিলাম যে, এই রাজ্যে অস্থায়ী স্কুল শিক্ষক যারা আছেন তাদের সংখ্যা প্রায় হাজার পাঁচেক এবং যারা বেতন পান ৫০০ থেকে ১০০০ টাকা মাত্র। সেটা

বেতন বলবেন না অনারারিয়াম বলবেন, যাই বলুন না কেন। কিন্তু তারা শিক্ষা মন্ত্রীর কাছেও বারবার গিয়েছেন এবং বিভিন্ন বিধায়কের কাছেও গেছেন। তাদের বক্তব্য হচ্ছে যে, তাদের চাকরির কোন মাত্র নিশ্চয়তা নেই যে কোনো সময় স্কুলের ম্যানেজিং কমিটি তাদের ঘাড় ধরে বের করে দিতে পারে। অথচ সেখানে দীর্ঘদিন ধরে তারা ক্লাসে পড়াচ্ছেন, স্কুলে পড়াচ্ছেন। স্কুলে শিক্ষকেরও অভাব আছে। তাদের বক্তব্য হচ্ছে, বেতন বাড়ানোর থেকেও তাদের চাকরির অন্তত একটা স্বীকৃতি যাতে স্কুলের ম্যানেজিং কমিটি দেয়। এত কম বেতনে তারা পড়ায় এবং তাদের কোন রকম স্বীকৃতি নেই, তারপর তো বেতন-টেতন পরের ব্যাপার। এই বিষয়টা আমি মাননীয় স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, তাকে লিখেও ছিলাম কিন্তু কোন রকম সমাধান হয়নি ফলে আবার আপনার মধ্য দিয়ে মাননীয় স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই বিষয়টা তিনি সমাধান করার চেষ্টা করেন। ধন্যবাদ।

ZERO HOUR

শ্রী অসিত মিত্র : (নট প্রেজেন্ট।)

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন বিরতি। আমরা আবার সকলে দুটোর মিলিত হব।

মি: স্পীকার : মাননীয় সদস্যগণ, আপনাদের অবগতির জন্য জানাই যে, সকালবেলায় আমি ঘোষণা করার পরিপ্রেক্ষিতে recess period-এ আমি সমস্ত রাজনৈতিক পরিষদীয় দলের নেতৃবৃন্দকে আমার Chamber-এ ডেকেছিলাম। এবং গতকাল যে তিনজন সদস্যকে suspend করা হয়েছিল, তাদের suspension প্রত্যাহার করবার জন্য সকালবেলায় বিরোধীদলের নেতা মাননীয় সূর্যকান্ত মিশ্র এই সদনে তিনি আবেদন করেছিলেন, যার পরিপ্রেক্ষিতে আমি এই সর্বদলীয় আলোচনা সভা ডেকেছিলাম। সর্বদলীয় আলোচনা সভায় আমি বলেছিলাম যে, গতকালের ঘটনা, সেই ঘটনার সঙ্গে যাঁরা যুক্ত ছিলেন তাঁরা ন্যূনতম পক্ষে যেন দুঃখ প্রকাশ করেন। এবং মাননীয় সূর্যকান্ত মিশ্র যদি এখানে সদনকে—যদি সভার কাছে এসে বলেন যে, হ্যাঁ, তাঁরা দুঃখ প্রকাশ করেছেন, আমি প্রত্যাহার করে নিতাম। এবং তাঁদের হাউসে যথারীতি আসবার অনুমতি দিতাম। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, বিরোধী দলের নেতা ডাঃ সূর্যকান্ত মিশ্র শুধু আমার যে অনুরোধ আমি করেছিলাম সেই অনুরোধ প্রত্যাখ্যান শুধু করেননি, সেই সঙ্গে মহম্মদ সোহরাব, কংগ্রেস পরিষদীয় দলের পক্ষ থেকে তিনিও ওই একই প্রস্তাব করেছিলেন যে, আপনি একটা বিবৃতি দিয়ে বলবেন যে, ঘটনার জন্য যাদের suspend করা হয়েছিল যে ঘটনায়,তারা দুঃখ প্রকাশ করেছে। তাহলে এটা প্রত্যাহার করা যাবে। কিন্তু বিরোধী দলের নেতার অনমনীয় মনোভাবের জন্য suspension প্রত্যাহার করা গেল না। কারণ, দুঃখ প্রকাশ করতে অস্বীকার করেছেন।

LEGISLATION

The Kolkata Municipal Corporation (Second Amendment) Bill, 2012

Mr. Speaker : Now the Business of the House is that the Kolkata

Municipal Corporation (Second Amendment) Bill, 2012. Hon'ble Minister in-Charge of the Municipal Affairs Department may please introduce the Bill.

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg leave to introduce the Kolkata Municipal Corporation (Second Amendment) Bill, 2012.

(Secretary then read the title of the Bill)

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to move that the Kolkata Municipal Corporation (Second Amendment) Bill, 2012 be taken into Consideration.

ডাঃ শশী পাঁজা : মাননীয় অধ্যক্ষর মাধ্যমে আজকের Bill No. 41. 2012, The Kolkata Municipal Corporation (Second Amendment) Bill, যেটা introduce করা হয়েছে সকলকে অনুরোধ করছি সেটা support করার জন্য এবং দু'একটা কথা বলছি। কোলকাতা পৌরসভার অন্তর্গত যে বিভিন্ন ওয়ার্ড তার delimitation এবং তার সঙ্গে যে নতুন এলাকা যুক্ত হয়েছে জোকা I এবং II সেটা নিয়ে একটা সংশোধনী যেটা Kolkata Municipal Corporation Act, 1980 তারমধ্যে একটা সংশোধনীর মাধ্যমে দু'একটা যে বিষয় তোলা ছিল সেটা ছিল যে, গতবছর Corporation-এর প্রস্তাব পাশ করার পরে এই বছরে State Assembly-র Act-এর মাধ্যমে জোকা I এবং II গ্রাম পঞ্চায়েত থেকে বাদ দেওয়া এবং তারপরে Kolkata Municipal Corporation Jurisdiction-এ inclusion করা, এ'দুটোকে অনুমোদিত করা হল এবং ইতিমধ্যে Conservancy থেকে আরম্ভ করে sewerage, drainage, রাস্তাঘাট, জলসরবরাহ, স্বাস্থ্য, assessment বিভিন্নরকম কাজগুলো নিয়ে আলোচনা এবং পরিকল্পনা আরম্ভ হয়ে গেছে। কলকাতা পৌরসভার পরিষেবার দিক দিয়ে যে কিছু কমপ্লিগেটরি ফাংশানস্ থাকে বাধ্যতামূলক, তার মধ্যে যেগুলো পড়েছিল, এছাড়াও কিছু ডিসক্রেশনস্ থাকে যেমন, এডুকেশন ইত্যাদি। এই সমস্ত কাজ যাতে ভালোভাবে হয়, তার পরিকল্পনা ইতিমধ্যে আরম্ভ হয়েছে। কিছুটা হ'লেও জোকা-১, ২ যেটা গ্রামপঞ্চায়েত এলাকায় ছিল, সেগুলোর ক্ষেত্রে দেখা গিয়েছিল যে অনেক টাউনশিপস্ ওখানে গড়ে উঠেছিল, ছোট ছোট শহরের মতো। বিশেষ করে জোকা-২তে ভীষণ তাড়াতাড়ি একটা র‍্যাপিট্ আর্বানাইজেশন হয় এবং তাই ওখানকার একটা চাহিদা ছিল কিছু ন্যূনতম বেসিক সার্ভিসেস অর্থাৎ বাড়িগুলো ছিল, কিন্তু রাস্তার আলো ছিল না, রাস্তা নেই এবং সোয়ারেজ, ড্রেনেজ্ ইত্যাদি পরিষেবা না থাকতে যেটা গ্রামপঞ্চায়েতের ক্ষমতায় ছিল না, তারা অক্ষম ছিলেন। ফলে এইসব যে পরিষেবা দরকার, তাদেরকে অন্তর্ভূক্ত করার পরে এই সেবাগুলো যাতে তাদের কাছে পৌঁছায়, তারজন্য জোকা-১,২ ইনক্লুশন্ হয়। তারপরেই যেটা হয়, স্বাভাবিকভাবে ১ থেকে ১৪১ অবধি যে ওয়ার্ডগুলো ছিল, সেটার বৃদ্ধি হয়েছে এবং 142, 143 এবং ১৪৪-এই তিনটে ওয়ার্ড নতুন হয়েছে। কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের আগে যে এরিয়া ছিল ১৮৭.৩৩ স্কোয়্যার কিলোমিটার, সেটা জোকা-১,২ ইনক্লুড্ করার পরে সেটা গিয়ে দাঁড়াচ্ছে ২০২.০৪ স্কোয়্যার কিলোমিটার। ঠিক তার সঙ্গে জনসংখ্যা যোগ

হয়েছে জোকা-১,২তে ২০০১ সালে যে লাষ্ট সেনসাস্ হয়, তাতে ছিল ৪৬ লক্ষ ৩৮ হাজার ৩৬ এবং কে. এম. সি. র যুক্ত হওয়ার আগে পুপুলেশন ছিল ৪৫ লক্ষ ৭২ হাজার ৮৭৬। যুক্ত হওয়ার পরে ২০০১ এর সেনসাসের সঙ্গে দাঁড়াচ্ছে ৪৬ লক্ষ ৩৮ হাজার ৩৬। ২০১১-র সেনসাসের কাজও শেষ হয়েছে এবং স্বাভাবিকভাবে আমরা জানি যে, জনসংখ্যা বৃদ্ধি আরো ঘটেছে। ফলে বেটার ম্যানেজমেন্টের জন্য এবং তার সঙ্গে অ্যাডমিনিটষ্ট্রেটিভ কাজ যাতে ভালো হয় এই যুক্ত হওয়ার ফলে, তারজন্য ওয়ার্ডের বৃদ্ধি হওয়া এবং তার সঙ্গে যুক্ত হচ্ছে আরো দুটো মেয়র-ইন-কাউন্সিলের সংখ্যা বাড়ছে, ১০ জন ছিল, সেটা গিয়ে এখন দাঁড়াবে ১২ জন এবং ৩ জন নতুন কাউন্সিলর, যেটা ইলেকশনের মাধ্যমে সেই নির্বাচন হবে। ধরুন ১৯৪৮ সালে ৩২ টা ওয়ার্ড ছিল, তারপর ১৯৫১ সালে অ্যাক্টের মাধ্যমে ৭৫ টা য়োর্ড গিয়ে দাঁড়ায়। তারপরে যখন টালিগঞ্জ এরিয়াটা মার্জার হ'ল, সেটা গিয়ে দাঁড়ায় ৮০টা ওয়ার্ডে। অর্থাৎ নতুন এলাকা যখন যুক্ত হ'ল, তখন ওয়ার্ডের শ্রীবৃদ্ধি ঘটেছে। তারপরে যেহেতু জনসংখ্যাও বাড়ে, কিছুটা হলেও রিঅর্গানাইজেশন করা হ'ল পপুলেশন বেস্ড্ হওয়ার জন্য এবং তার থেকে এই ৮০টা ওয়ার্ডের সংখ্যা বাড়িয়ে ১০০টা হ'ল লাষ্ট যেটা ১৯৮৪ সালে বেহালা, যাদবপুর এবং গার্ডেনরীচ্ যখন যুক্ত হ'ল নতুন এলাকা হিসেবে, সেটা ১০১ থেকে ১৪১ হ'ল। ঠিক সেইভাবে এবার যেহেতু নতুন এলাকা যুক্ত হয়েছে, তারজন্য এই তিনটে ওয়ার্ড তিনটে নতুন কাউন্সিলর নির্বাচনের পথে এবং তারপরে হচ্ছে দুটো আরো নতুন এম. আই. সি.। এর সঙ্গে যেটা খুব ইম্পর্টেন্ট বিষয় সেটা হচ্ছে, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। যেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা বডি এবং মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের নানা রকম কাজ বিশেষভাবে It is the duty of the Commission to conduct necessary examination for appointment to services and posts in the Corporation. কর্পোরেশনে যারা কাজ করবেন, তারা যে সার্ভিসে আসবেন, তাদের অ্যাপয়েন্টমেণ্ট, তাদের পরীক্ষা-এই সমস্ততে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ এবং কমিশন এই বিষয়ে পরামর্শও দেয় যে, ক্যাটাগরি- এ বা ক্যাটাগরি-বি পোষ্ট যেগুলো আছে এই রিলে টেড্, তাদের রিক্রুটমেণ্ট, নিয়োগ এবং নিয়োগনীতি-এই সমস্ত। অত্যন্ত গুরুত্বপূর্ণ যেখানে একটা বডি এবং তার সঙ্গে যখন পরীক্ষাগুলো হয়, ইতিমধ্যে আমরা জানি- একটা উদাহরণ দিতে পারি, শিক্ষাক্ষেত্রে নতুন টিচার যেটা নিয়োগ করা হচ্ছে, সেই পরীক্ষাগুলো কিভাবে হবে, তার নেসেস্যারি রুলস্ কি, তার সিলেবাস কি, কতগুলো ভ্যাকেন্সি, একজামিনেশন কিভাবে হবে, তারপর এর ফাইনাল মেরিট লিষ্ট তৈরি করা, কিভাবে রেকমেণ্ড করা হবে ট্যু দ্যা অ্যাপয়েট্টিং অথরিটি- এই সমস্ত কাজ এবং তার সঙ্গে অনেক সময় কিছু পোষ্টগুলোতে ডিরেক্ট রিক্রুটমেণ্ট হয়।

[2.10–2.20 p.m.]

এই সমস্ত পদ্ধতি করা। মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ করে। তার মাথার রয়েছেন একজন চেয়ারম্যান এবং তিনজন মেম্বার। যেটা সংশোধনী করা হচ্ছে, আগে ছিল Municipal Service Commissionএর চেয়ারম্যান নিযুক্ত হচ্ছিলেন, কর্পোরেশান তাকে নিযুক্ত করতেন on the recommendation of the MIC এবং একজন মেম্বারও তারসঙ্গে। কিন্তু সেটা সংশোধনী হয়ে এখন দাঁড়াচ্ছে State Government এবার

appointment দেবে চেয়ারম্যানকে এবং যে মেম্বার আসবে সেটা অবশ্য ওখানে কর্পোরেশানে যে Mayor in council আছেন তারথেকে রেকমেণ্ডেশানে। এর আগে আরো দুজন মেম্বার, সেটা যেমন ছিল, একটা ছিল Officer of the Department of Scheduled Castes and Tribal Welfare. State Government এবং একজন general member. তারসঙ্গে চেয়ারম্যানের বয়স যেটা ছিল ৬২ বছর, cut off ছিল, সেই এজ লিমিটটাকে বাড়িয়ে এখন ৬৫ করা হয়েছে। প্রথমে ছিল যে তিনি চার বছরের জন্য অফিস হোল্ড করবেন, সেই term এখন বাড়িয়ে পাঁচ বছর করা হয়েছে। কিন্তু প্রতি বছর সেটা renewable করা হবে। প্রত্যেক এক বছরে কাজের বিবেচনা করে সেটাকে রিন্যুয়াল করে এটাকে maximum five years পর্যন্ত করা যাবে। অর্থাৎ Municipal Service Commission এর যে Chairperson হবেন তার এই রুলস্‌গুলো মেনে নেওয়া, এইগুলো সংশোধনী করা এবং তারপরেই যেটা হয়েছে এটা খুব গুরুত্বপূর্ণ যে Section 600 of the Principal Act K M C Act, 1980 ছিল তার power to make rules এবং তারমধ্যে Section 600(1)- the State Government may after previous publication make rules for carrying out the purposes of this act এবং তারসঙ্গে ৩ নং যেটা ছিল all rules made under this Act shall be laid for not less than 14 days before the State legislature as soon as possible after they are and shall be subject to modification as the State legislature may make during the sssion. এটাকে রেস্ট এনে যেটা হল যে ৪ নম্বরটা যুক্ত করা হল। এবং সেটা হচ্ছে Not withstanding anything contained in this section the State Goverment may by general or special order for the reasons to be recorded in writing for interest of the public relax any or all of the provisions of the rules made under this Act. অর্থাৎ কলকাতা শহরের উন্নয়ন লক্ষ্য করে, কলকাতা শহরের যে নতুন এলাকা নথিভুক্ত হয়েছে সেখানে সব পরিষেবা এবং উন্নত কলকাতা, সবুজ কলকাতার দিকে প্রশাসনিক জটিলতা কাটানোর জন্য কিছুটা স্টেট গভর্ণমেণ্ট এবং পৌরসভার যৌথ প্রচেষ্টায় কলকাতা শহরকে সুন্দর করে সাজানো থেকে আরম্ভ করে, Service of the urban poor, আমাদের আর্বান স্লামগুলোতে অনেক জনসংখ্যায় যারা আছেন, তাদের কাছ যাতে সোসাল সেক্টার ডিপার্টমেণ্টের বিভিন্ন কর্মসূচী পৌছায়। একটা বেটার কো অর্ডিনেশানের মাধ্যমে পশ্চিমবঙ্গের এই রাজধানী, এই ঐতিহাসিক শহরের যে গর্ব ছিল সেটা যাতে ফিরিয়ে আনতে পারি, এই সমস্ত বিষয়কে লক্ষ্য করে স্টেট গভর্ণমেণ্টকে এমপায়োর করা হয়েছে to relax the rules framed under the Kolkata Municipal Corporation Act, 1980 ফলে সমস্তটা মিলে আজকে খুব সংক্ষেপে হলেও কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান এ্যক্ট , ১৯৮০ অত্যন্ত গুরুত্বপূর্ণ পয়েণ্ট। জোকা ১, ২ গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে কে এম সি জুরিসডিকশানে যেগুলো এসেছে, বৃদ্ধি হয়েছে ওয়ার্ডগুলো ১৪১ থেকে এখন হয়ে যাবে ১৪৪, ৩টি নতুন পৌর প্রতিনিধি যুক্ত হবেন, তারসঙ্গে ২টো নতুন মেম্বার ইন কাউন্সিল আরো যুক্ত হবেন এবং কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের গুরুত্বপূর্ণ কাজ যেগুলো মিউনিসিপ্যাল সার্ভিস কমিশান করছিল—সেই চেয়ারম্যানের বয়স- কারণ আমরা দেখি গভর্ণমেণ্ট সার্ভিসে যারা থাকেন তাদের ৬০ বছর বয়স

হচ্ছে এজ অফ রিটায়ারমেন্ট। তারপের তারা কমিশনে নোমিনেশানের মাধ্যমে যখন আসছেন কিছুটা প্রশাসনিক পর্ব থাকে, একটা প্রিপারেশান পিরিয়ড থাকে। ফলে ৬২ কাট অফ এজ লিমিট থাকে তাহলে এই কাজগুলো করতে করতে তার বয়সই ৬৫ হল যখন সে নিযুক্ত হচ্ছেন। সুতরাং এই বয়সটাকে বাড়িয়ে যদি ৬৫ করা যায় তাহলে যথারীতি সময়ের মধ্যে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের চেয়ারম্যানও নিযুক্ত করা যায়, তারসঙ্গে মেম্বারদেরও নিযুক্ত করা যায়, এবং নিশ্চিতভাবে স্টেট গভর্ণমেন্ট যাতে চেয়ারম্যানের নোমিনেশান করে, যাতে ভালোভাবে কাজটা হয়। এইটুকু বলে আমি সকলের কাছে আবেদন জানাই যাতে দ্য কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান (সেকেণ্ড এ্যামেণ্ডমেন্ট) বিল, ২০১২ কে সমর্থন জানানো হয়। নমস্কার।

শ্রীমতী স্মিতা বক্সী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মা-মাটি-মানুষের সরকারের মাননীয় পৌরমন্ত্রী 'দি কলকাতা মিউনিসিপাল কর্পোরেশান (সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ড) বিল, ২০১২ যেটা এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। দীর্ঘদিন ধরে কলকাতা কর্পোরেশানের সঙ্গেও আমি যুক্ত আছি। আমরা দেখেছি ১৯৮৪ সালে কলকাতা কর্পোরেশানের পরিধি বিস্তার করে বেহালা পূর্ব ও বেহালা পশ্চিম এলাকাকে কলকাতা কর্পোরেশানের মধ্যে নিয়ে আসা হয়। এর ফলে কলকাতা কর্পোরেশানের ওয়ার্ড সংখ্যা বেড়ে দাঁড়ায় ১৪১। বর্তমানে মা-মাটি-মানুষের সরকার আরও দুটি এরিয়া, জোকা গ্রাম পঞ্চায়েতের ১ এবং ২ এরিয়াকে কলকাতা কর্পোরেশানের মধ্যে যুক্ত করেছে। এই তিনটি ওয়ার্ড যুক্ত হওয়ায় কলকাতা কর্পোরেশানের পরিধিও আরও বেড়ে যাচ্ছে এবং এর ফলে ১৪১ থেকে ওয়ার্ড সংখ্যা বেড়ে হল ১৪৪। যার ফলে কলকাতা কর্পোরেশানের জনসংখ্যা বৃদ্ধি পাবে এবং মানুষের পরিষেবাও অনেক বেশী করে দিতে হবে। আমরা জানি ১৪৪ টা ওয়ার্ডের মধ্যে কলকাতা কর্পোরেশান যেভাবে পরিষেবা দিয়ে যাচ্ছে সেখানে দশজন MMIC আছেন। এখন কলকাতা কর্পোরেশানের কাজ বেড়ে গেছে এবং দশজন MMIC দিয়ে এত কাজ করা সম্ভব নয়। সেইজন্য এখানে আরও দুজন MMIC নিযুক্ত করার কথা বলা হয়েছে। আমি মনে করি মানুষকে সেবা দিতে গেলে এবং কলকাতা কর্পোরেশানের কাজ যেভাবে কাজ বেড়ে যাচ্ছে, তারজন্য আরও দুজন এম. এম. আই. সি-কে ভীষণভাবে প্রয়োজন আছে। সবচেয়ে বড় জিনিস , কেন্দ্রের ১০০ দিনের প্রকল্পের কাজ আগে যখন চালু ছিল তখন বামফ্রণ্ট পরিচালিত পুরবোর্ড কখনো এই কাজ হাতে নেয়নি। কিন্তু ২০১০ সালে আমরা পুরবোর্ডে ক্ষমতায় আসার পরে ওয়েস্ট বেঙ্গল আরবান এমপ্লয়মেন্ট স্কীমের আওতায় চারটে মেট্রোপলিটান সিটির মধ্যে প্রথম কলকাতা কর্পোরেশান এই কাজটা হাতে নেয়। যার ফলে ১৪১ ওয়ার্ডে অনেক বেকার যুবক-যুবতী এই ১০০ দিনের কাজ নিযুক্ত হতে পেরেছে। কলকাতা কর্পোরেশানের এরিয়ার মধ্যে মানুষকে পরিষেবা দেওয়ার জন্য পানীয় জলের ব্যবস্থা করা, SWM-এর কাজ আছে কলকাতাকে পরিস্কার রাখার জন্য, এছাড়া সোসাল সেকটারের অনেকগুলো কাজ আছে, ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেণ্ট , হেলথ্ ডিপার্টমেণ্ট, এই ১০০ দিন প্রকল্প কাজে যাদেরকে নিযুক্ত করা হয়েছে তাদের মধ্যে থেকে পার ওয়ার্ড ৮০ থেকে ৯০ জন করে বেকার যুবক- যুবতী কাজ পেয়েছে। এই কাজগুলো দেখাশুনো করার জন্য আমাদের আরও MMIC নিযুক্ত করতে হবে। এখন আমরা দেখছি সেনসাসের কাজের সম্পূর্ণ দায়িত্বটা কলকাতা কর্পোরেশারে উপরে এসে পড়েছে। তাদের

মাধ্যমেই সেনসাসের কাজ হচ্ছে। বি. পি. এল তালিকা তৈরীর কাজে যারা নিযুক্ত হয়েছে তাদেরকে একটা এ্যালাউন্স দেবার দায়িত্বও কলকাতা কর্পোরেশানের উপরে এসে পড়েছে। এরজন্য আলাদা একজন MMIC দরকার আছে। আমি মনে করি এই যে অ্যামেণ্ডমেণ্ট বিলটা এসেছে তাকে সকলেরই সাপোর্ট দেওয়া উচিত। মিউনিসিপাল সার্ভিস কমিশানে একজন চেয়ারম্যান নিযুক্ত হবে, আরও তিনজন যে মেম্বার আসবে তাদের বয়স ৬২ বছর থেকে বাড়িয়ে ৬৫ বছর করা উচিত। কেন না আমরা জানি যে তাদের অভিজ্ঞতাটা আমাদের দরকার। তাদের অভিজ্ঞতাটা যদি না পাওয়া যায় তাহলে কলকাতা কর্পোরেশন মানুষকে পরিষেবা সেইভাবে দিতে পারবো না। মানুষের পরিষেবার কাজ করতে গেলে যেভাবে তাদেরকে নিযুক্ত হয়ে সব সময়ের সার্ভিস হোল্ডার দরকার, সেই কাজ করতে গেলে আমাদের পুরমন্ত্রী যে বিল এনেছেন সেই বিলটাকে সকলের সাপোর্ট দেওয়া উচিত। আমি চাই মা মাটি মানুষের সরকার কলকাতা কর্পোরেশনের জন্য যে অ্যামেন্ডমেণ্ট বিলটাকে পাস করাতে চাইছেন সেটাকে যেন সবাই মিলে সমর্থন করে, এই বলে আমি শেষ করছি। ধন্যবাদ।

[2.20–2.30 pm]

শ্রী অসিত মিত্র : (নট প্রেজেন্ট)

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আপনারা সকলেই জানেন যে কলকাতার আস্তে আস্তে সীমানা বাড়ছে। স্যার, লাস্টে আমি জোকা ওয়ান এবং টু আপনাদের সমর্থনে, মেম্বারদের সমর্থনে আমরা কলকাতা কর্পোরেশন এরিয়ায় ঢুকিয়েছি। স্যার, এছাড়াও কলকাতা কর্পোরেশন এলাকায় অনেক ওয়ার্ড আছে যেখানে খুব ডেনসড পপুলেশান আছে। আমার মনে হয় ভারতবর্ষের যে কটা কর্পোরেশন আছে তার মধ্যে সব থেকে ডেনসড পপুলেশান কলকাতা কর্পোরেশন এলাকায় আছে। স্যার, যদি সত্যি সত্যি দেখা যায়, যদি ২০১১-র সেনসাস দেখেন তাহলে দেখা যাবে প্রায় ৫০ লক্ষের বেশী মানুষ এই কলকাতায় থাকে। স্যার, আমার মনে হয় যে, ১৪১ জন কাউন্সিলার এই ৫০ লক্ষ মানুষকে সার্ভ করার পক্ষে যথেষ্ট না। তাই, এলাকা বাড়ছে, পপুলেশান বাড়ছে। বিশেষ করে বস্তি পপুলেশান খুব ডেনসড হয়ে গেছে, তাদের সঠিক সার্ভিস দেওয়া সম্ভব না। আপনি অনুমতি দিয়েছেন মেম্বারদের সাপোর্টে। আমরা বেসিক সার্ভিস ফর আরবান পুওর-এ আমরা আরবানদের জন্য ২৫ পার্সেন্ট, আমরা অলরেডি আরবান পুওরদের জন্য ইয়ারমার্ক করেছি যে ২৫ পার্সেন্ট টাকা প্রত্যেক কর্পোরেশন প্রত্যেক মিউনিসিপ্যালিটিকে খরচা করতে হবে গরীব মানুষদের স্বার্থে। তাই এই সার্ভিসটাকে আরো বেশী ত্বরান্বিত করবার জন্য, যাতে পিপলস রিপ্রেজেনটেটিভ তাদের সব ইঞ্চিতে ইঞ্চিতে, তাদের নজর থাকে সেইজন্যে আমরা এই বিলটাকে এনেছি। যেখানে আমরা ১৪১ থেকে ১৪৪ জন কাউন্সিলারের কথা বলেছি। এছাড়াও যেভাবে কলকাতা কর্পোরেশনের দায়িত্ব বেড়েছে আস্তে আস্তে, যেভাবে অনেকগুলো ডিপার্টমেণ্ট, আগে কর্পোরেশন বলতে বোঝা যেতো রাস্তা-ঘাট, আলো, জল, ময়লা পরিষ্কার, এখন স্যার, সোস্যাল সার্ভিসও কর্পোরেশনের আন্ডারে, বি. পি. এল. তালিকা কলকাতার মানুষের হবে কিনা কর্পোরেশনের আন্ডারে, আধার কার্ডও কলকাতা কর্পোরেশনের দায়িত্বে। এ রকমভাবে যদি দেখেন

কলকাতা কর্পোরেশনের দায়িত্ব,দশ বছর আগে আর আজকে দেখেন স্যার, প্রায় আট দশটা ডিপার্টমেণ্ট কলকাতা কর্পোরেশনের আণ্ডারে এসেছে। সেনসাসও কলকাতা কর্পোশেনকে করতে হয়। এ রকমভাবে কনটিনিউয়াস কলকাতা কর্পোরেশনের ওপর চাপ বাড়ছে। স্যার, আমার মনে হয় এই চাপ লঘু করার জন্যে মানুষকে আরো বেশী সার্ভিস দেওয়ার জন্যে, আমাদের সিভিক সার্ভিসকে আরো বেশী মানুষের কাছে তুলে ধরার জন্যে, অ্যাডমিনিস্ট্রেশানটাকে স্বচ্ছ করার জন্যে, পিপলস রিপ্রেজনটেটিভের মধ্যে দিয়ে রিপ্রেজেনটেশান বাড়ানোর জন্যে মেয়র-ইন-কাউন্সিলে দুজন সদস্য আমি ওটা দশ থেকে বারো করার প্রস্তাব রেখেছি। এছাড়া মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন, এক সময় আমরা জানতাম যে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন খুব দক্ষতার সাথে কাজ করতো কিন্তু বিগত কিছু বছর ধরে আমরা দেখেছি যে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনে আস্তে আস্তে এক বছর, দেড় বছর কমিশনের লোক পাওয়া যায় না। চেয়ারম্যান পাওয়া যায় না, মেম্বার পাওয়া যায় না। স্যার, আমরা যখন কারণটা খুঁজতে শুরু করলাম সরকারে এসে, তখন দেখলাম যে একটা মানুষ রিটায়ার করার পরে, আমাদের সেই লোককে খুঁজে বার করে নিয়ে এসে, বা সে অ্যাপ্লাই করার পর তার সত্যিই দক্ষতা আছে কিনা দেখতে দেখতে দেখা যায় ৬১ হয়ে গেছে। তারপরে সে বসতে বসতে ৬২ হয়ে যাচ্ছে। এমপ্লয়মেণ্ট প্রসেস গুলো ডিলেড হচ্ছে। একটা চেয়ারম্যান চলে যাচ্ছে ৬২ তে, আবার আবার অন্য চেয়ারম্যান খুঁজতে এক বছর লেগে যাচ্ছে। এইভাবে অনেক পদ খালি হয়ে রয়েছে, আমরা এমপ্লয়মেণ্ট প্রসেসটা ত্বরান্বিত করছি না। অনেক জায়গায় আছে যে পরীক্ষা দিয়ে বসে আছে, অথচ ইন্টারভিউ এর জন্যে তাদের এক বছর দেড় বছর সময় লেগে যাচ্ছে। তাই আমি এখানে প্রস্তাব রাখছি যে ওইটা ৬২ থেকে ৬৫ করে দেওয়ার জন্যে এবং সেটা হলে কি হবে? একটা দক্ষ মানুষকে যদি ৬১ বছরে পাই, সে অন্তত তিন-চার বছর এই সার্ভিসটা দেবে, তাতে এমপ্লয়মেণ্টের যে কলকাতা কর্পোরেশানের মানুষের দরকার সেটা অনেকটা তরান্বিত হবে। এছাড়া কলকাতা কর্পোরেশান ছাড়াও এই মিউনিসিপ্যাল সার্ভিস কমিশান আরও সিমিলার সার্ভিসের যদি কেউ চাই, তারজন্য এমপ্লয়মেণ্টের এই প্রসেসটাকে তারা করতে পারে। কারণ, কলকাতা কর্পোরেশান কলকাতার সাধারণ মানুষের সুখ-দুঃখের সঙ্গে জড়িত, দৈনন্দিন জীবনের সঙ্গে জড়িত। বার্থ সার্টিফিকেট, জন্মানো থেকে মৃত্যু পর্যন্ত কর্পোরেশান মানুষের সঙ্গে আছে। যখন জন্মাচ্ছে কলকাতায় মানুষ বার্থ সার্টিফিকেট কলকাতা কর্পোরেশন দিচ্ছে, আর যখন কেউ মারা যাচ্ছে, শ্মশান বা কবরের স্থানে তখন তার ডেথ সার্টিফিকেট কলকাতা কর্পোরেশন দিচ্ছে। তার মাঝখানে যদি দেখেন স্যার, রোজকার জল, রোজকার আলো, রোজকার রাস্তাঘাট, রোজকার কনজারভ্যান্সি-সবটাই কলকাতা কর্পোরেশানের। তাই স্যার, আমাদের সরকার ঠিক করেছে যে এই বডিগুলো যারা ডাইরেকলি মানুষের সার্ভিসের সাথে যুক্ত, সেই বডিগুলোকে প্রাধান্য বাড়ানোর জন্যে আজকে আমরা এই অ্যামেণ্ডমেণ্টটা চেয়েছি এবং আমি আশাকরি এই অ্যামেণ্টমেণ্ট-এর পরে কলকাতা কর্পোরেশানের আরও বেশি জনমুখী হবে, আরও বেশি মানুষের হয়ে কাজ করবে এবং এই কাজ মানুষ নিশ্চিতভাবে অ্যাপ্রিসিয়েট করবে। এছাড়াও আমরা রাজ্য সরকারের হাতে রাখলাম, আমাদের যদি সে রকম কিছু হয় কলকাতা কর্পোরেশানের আরও এক্সট্রা ফেসিলিটি তাহলে সেটা আমরা রাজ্য সরকারকে বলব। এইটা করে আশাকরি সব মেম্বারের সমর্থন আমরা পাব এবং

কলকাতা কর্পোরেশানের এই বিল আমি তাই আপনাদের অনুরোধ করব সবাই মিলে সমর্থন করে গ্রহণ করুন।

Mr. Speaker : The question is that the Kolkata Municipal Corporation (Second Amendment) Bill, 2012 be taken into consideration.

As many as are of that opinion will please say AYe.

As many as are the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

CLAUSES 2-5

Mr. Speaker : There is no amendment to Clauses 2-5,

The question before the House is that Clauses 2-5 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYe

As many as are the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause 1, The Enacting formula, The Preamble and the title of the bill

Mr. Speaker :: There is no amendment to Clauses 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

As many as are of that opinion will please say AYe

As many as are the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have.

Now I call upon the Minister-in-charge of the Municipal Affairs Department to move the Motion for passing of the bill.

Shri Frihad Hakim : Sir, I beg to move that the Kolkata Municipal Corporation (Second Amendment) Bill, 2012 as settled in the Assembly be passed.

Mr. Speaker : The question before the House is that the Kolkata Municipal Corporation (Second Amendment) Bill, 2012 as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE.

As many as are the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

This Bill is passed. the Bill is passed.

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 29th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Programme of Business of the 13th December, 2012 as follows :

13.12.2012, Thursday : (i) The West Bengal Parliamentary Secretaries (Appointment, Salaries, Allowances and Miscellaneous Provisions) Bill, 2012 (Introduction, Consideration & Passing) I hour

(ii) Short Duration Discussion u/r 194 on the subject of Urge for withdrawal of ban imposed by Union Environment Ministry in the Haldia Industrial Zone of Purb Medinipur (Notice given by Shri Tapas Roy) $1^{1}/_{2}$hrs.

There will be no Calling Attention, Mention Cases and Zero Hour Mention on Thursday, the 13th December, 2012.

Now, I call upon the Parliamentary Affairs Minister to move the Motion for acceptance of the House.

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় অনুমতিক্রমে কার্য উপদেষ্টা কমিটির ২৯তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : As many as are of that opinion will please say AYE .

As many as are of the opinion will please say AYe

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

The Motion is carried.

Adjournment

At this stage the House was adjouned at 2.30 p.m. till 11.00 a.m. on Thursday, the 13th December, 2012 at the Assembly House, Kolkata

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 13th December 2012 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 30 Minister, 6 Ministers of State and 218 Members.

[11.00 – 11.10 a.m.]

OBITUARY

MR. Speaker : Hon'ble Members, before taking up the Business of the Day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Pandit Ravi Shankar,** the Sitar maestro who breathed his last on the 11th December, 2012 in San Diego, California, United States of America following a brief illness. He was 92.

Born on 7th April, 1920 in Varanasi, Pandit Ravi Shankar Learnt classical music under Allauddin Khan and had training on Sitar, Surbahar and mastered in ragas and the musical styles dhrupad, dhamar and Khayal. He began to perform publicly on sitar in 1939 and his first performance was a duet with Ali Akbar Khan. He began to record music for H.M.V. India and worked as a music director for All India Radio, New Delhi during 1949- 1956.

A versatile genius, Pandit Ravi Shankar participated in the celebrations of the 10th anniversary of U.N.O. and UNESCO music festival in Paris in 1958. He also performed at the Monterey Pop Festival and Woodstocli Festival in 1967 and 1969 respectively.

A widely travelled man, Pandit Ravi Shankar held Chair of the Department of Indian Music of the California Institute of Arts and taught at many institutions including the City College of New York and the University of california. He also composed music for Satyajit Ray's Classic Apu Trilogy which were widely acclaimed.

A prodigious genius, Pandit Ravi Shankar won several awards which include Sangeet Natak Akademi Award in 1962, Padma

Bhushan in 1967, Padma Vibhusan in 1981 and Bharat Ratna in 1999. He won the Silver Bear Extra-ordinary Prize of the Jury at the Berlin International Film Festival in 1957, the music award of the UNESCO International Music Council in 1975 and three Grammy Awards. He also received the Kalidas Samman from the Govt. of Madhya Pradesh, the Fukuoka Asian Culture Prize in 1991, the Ramon Magsaysay Award in 1992 and the Polar Music Prize in 1998. In 2001, he was made an Honorary Knight Commander of the Order of the British Empire for his 'Services to music'. He was nominated to the Rajya Sabha in 1986.

With the demise of Pandit Ravi Shankar, a void has been created in the arena of not only Indian classical music but also world music that is very hard to fill.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

At this stage Hon'ble Members rose in their seats for two minutes as a mark of respect to the deceased.

Thank you Ladies and Gentlemen.

Acting Secretary will send the message of condolence to the members. of the bereaved family.

MOTION

শ্রী মহ: সোহরাব : স্যার, আজকে যে বিজনেসটা দেওয়া হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি ১৯৪ -এ যে মোশনগুলো দেওয়া ছিল তার মধ্যে আমাদের যেটা দিয়েছিলাম আমরা, সেটা ইনক্লুডেড হয় নি। আমরা মোশন কি দিয়েছিলাম ? আপনার সঙ্গে কথা হয়েছিল যে আমাদের তরফ থেকে একটা দেওয়া হবে এবং আমরা যেটা দিয়েছি, আমরা রাজী হয়েছিলাম যে আমরা ভোটাভুটি করব না এবং যে মোশনটা আমরা দিয়েছি তাতে আইন-শৃঙ্খলা নিয়ে। দেখা যাচ্ছে that has depicted the entire situation of the state. It is a pious resolution. in spite of that আপনি সেটা গ্রহণ করেন নি। আপনি স্যার কালকে অ্যাডভাইজারি কমিটির মিটিংয়ে বললেন, যে এটা কনসার্ণ মিনিস্টারের সঙ্গে আলোচনা করতে হবে। আমি আশ্চর্য হচ্ছি স্যার you being the custodian head and supreme of the head. বিষয়টা তো আমরা ঠিক করব। এটা আপনি যা ভাববেন সেটাই করবেন কিনা। আপনি সেটা কোথায় কার সঙ্গে আলোচনা করবেন সেটা not discussion the matter.

.....(গোলমাল).....

মিঃ স্পীকার : ঠিক আছে, আমি বুঝতে পেরেছি।

.....(গোলমাল).....

শ্রী মহঃ সোহরাব : আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি আপনি একটা ওয়ার্ড বলছিলেন আমরা সেটাও চেঞ্জ করে দিয়েছি in spite of that আপনি সেটা ইনক্লুড করেন নি। এটা অত্যন্ত দুঃখজনক। আর একটা জিনিস স্যার, আপনি কথা দিয়েছিলেন যে এরপর আর কোন বিল আসবে না। কিন্তু তথাপি দেখছি হঠাৎ একটা অত্যন্ত ইমপ্রটেন্ট বিল relating to the finance of the state. যেখানে মুখ্যমন্ত্রী বলছেন যে বিক্রি করে দিলেও পরে কেউ নীলামে কিনবে না। অর্ডার দিলে বুকিং হয়, আর সেখানে পার্লামেন্ট...।

মিঃ স্পীকার : আমি আপনাকে বলছি আমি আপনার পয়েন্টটা শুনতে পেয়েছি।

.....(গোলমাল).....

আচ্ছা ঠিক আছে, আমাকে বলতে দিন।

.....(গোলমাল).....

আমি এবার আপনাকে বলছি সোহরাব সাহেব, প্লিজ, শুনুন আমি আপনার পয়েন্ট শুনতে পেয়েছি। I got your point. Hon-ble member I got your point. Please let me speak on it. I got your point.

(এই সময় কংগ্রেসের মাননীয় সদস্যরা নিজ আসন থেকে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।)

আনুন, আনুন। You are free to do it. You are free to do it. Please don't say like that. You are free to do it. আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই ১৯৪ ধারা অনুযায়ী যে ফরম্যাট যে ভাবে একটা ডিসকাসানের জন্য সাবজেক্টটা আনতে হয় That was not in order এবং সেই জন্য কিন্তু আমি ওটা অ্যালাও করিনি।

(এই সময় কংগ্রেসের মাননীয় সদস্যরা উঠে কিছু বলতে থাকেন।)

প্লিজ, আপনারা বসুন। আপনারা বসুন। It should be in order. Unless it is in order I cannot allow আপনারা যে নোটিশটা দিয়েছেন That will not come under the purview of the 194.

.....(গোলমাল).....

No. It is not within the purview of 194. Secondly, আমাকে একটু বলতে দিন। উনি দুটি প্রসঙ্গ অবতারণা করেছেন। আপনি বসুন। আমাকে বলতে দিন। আমি বলছি যে আপনি বলেছেন বি. এ কমিটির মিটিংয়ে আপনি উপস্থিত ছিলেন এবং আপনার মতামত নেওয়ার পরিপ্রেক্ষিতে এই বিলটা নেওয়া হয়েছে। আপনি কোন আপত্তি করেন নি। কালকে বি. এ কমিটির রিপোর্ট আমি এখানে প্লেশ করেছি।

[11.10–11.20 a.m.]

কালকের বি. এ কমিটির report আমি এখানে পেশ করেছি। আমি সভার অনুমতি নিয়েছি। বি. এ কমিটির মিটিং-এ যখন আপনাকে কপি দেওয়া হ'ল, আপনি মতামত দিয়েছেন। তার পরিপ্রেক্ষিতে এই বিলটা এসেছে। সুতরাং, এ কথাটা যে বলছেন আপনি, এ বিষয়ে আমাদের বি. এ কমিটির যে সমস্ত কাগজ-পত্র আছে সেগুলো বার করে দেখাতে পারি আপনাকে। ধন্যবাদ।

..... (নয়েজ) .....

সোহরাব সাহেব,আমি আপনাকে রেসপেক্ট করি, আপনি অনেক প্রবীণ সদস্য, আপনার প্রতি আমার যথেষ্ট শ্রদ্ধা আছে। গতকাল বি. এ কমিটির সভায় আপনি উপস্থিত ছিলেন।

শ্রী সুব্রত মুখার্জী : অধ্যক্ষ মহোদয়, সোহরাব সাহেব এখানে আছেন। উনি এখানকার প্রবীণ সদস্য এবং দীর্ঘদিন ধরে এখানকার রীতিনীতি জানেন।

..... (নয়েজ) .....

....(At this stage several Hon'ble members of Congress Legislature Party rose to speak)...

Mr. Speaker : শুনবো, শুনবো আপনাকেও শুনবো মানসবাবু। শুনবো,শুনবো, মানসবাবুকেও শুনবো।

শ্রী সুব্রত মুখার্জী : অন্য কেউ হ'লে কিছু বলতাম না কিন্তু সোহরাব সাহেবের জানা উচিৎ, সোহরাব সাহেবের জানা উচিৎ,

..... (নয়েজ) .....

মি: স্পীকার : শুনবো, শুনবো, আপনাকেও শুনবো মানসবাবু। শুনবো, শুনবো মানুসবাবুকেও শুনবো।

শ্রী সুব্রত মুখার্জী : যারা বি. এ কমিটির মেম্বার তারা বি. এ. কমিটির রেজোলিউশন পাশ হয়ে যাওয়ার পর তারপর সেই মেম্বারের আর বি. এ কমিটি নিয়ে কিছু বলতে পারার অধিকার থাকে না। এই নিয়ম দীর্ঘদিন ধরে এখানে ফলো-আপ হচ্ছে। উনি উপস্থিত ছিলেন that is the property of the House

..... (নয়েজ) .....

স্যার,আপনি সবই পারেন। কিন্তু, এই রেজোলিউশন এখানে পাশ হয়েছে। যেটা ওখানে মিটিং হয়েছে, সেটা পাশ হয়েছে। তারপরে, এর উপরে আলোচনা হতে পারে না।

..... (নয়েজ) .....

(At this stage Hon'ble members of Congress Legislature Party walked out of the Chmber) ...

Mr. Speaker : Now question Hour

*38.	**Shri Tajmul Hossain**	: Not responded
*39.	**Shri Id. Mohammad**	: Not responded
*40.	**Shri Anisur Rahaman**	: Not responded
*41.	**Shri Asit Mitra**	: Not responded
*42.	**Shri Gouranga Chatterjee**	: Not responded
*43.	**Shri Sunil Kumar Mondal**	: Not responded
*44.	**Shri Choudhury Md. Hedayatullah**	: Not responded
*45.	**Shri Sahajahan Choudhury**	: Not responded
*46.	**Shri Basudeb Khan**	: Held over
*47.	**Shri Apurba Sarkar**	: Not responded
*48.	**Shri Nepal Mahato**	: Not responded
*49.	**Shri Tajmul Hossain**	: Not responded
*50.	**ShriAnisur Rahaman**	: Not responded
*51.	**Shri Gouranga Chatterjee**	: Not responded
*52.	**Shri Sunil Kumar Mondal**	: Not responded

Starred Questions
(to which oral answers laid on the 'Table')

বিদেশী পর্যটকের সংখ্যা

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭) **শ্রী তজমূল হোসেন :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ শে অক্টোবর, ২০১১ সাপেক্ষে রাজ্যে পর্যটন কেন্দ্রের মোট সংখ্যা কত ; এবং

(খ) উক্ত তারিখ সাপেক্ষে, গত এক বছরে রাজ্যে আগত বিদেশী পর্যটকের সখ্যো কত?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রাকৃতিক, ঐতিহাসিক, ধর্মীয়, প্রাচীন সৌধ ও মহাপুরুষদের জন্মস্থান ইত্যাদি স্থানগুলিকে কেন্দ্র করে ঠিক কত সংখ্যক পর্যটন কেন্দ্র রাজ্যে আছে তা বলা সম্ভব নয়। তবে সম্প্রতি এরকম ২৫০টির কাছাকাছি পর্যটন কেন্দ্রের তালিকা প্রস্তুত করে তার বিশদ বিবরণ পাঠানোর জন্য সংশ্লিষ্ট জেলা শাসকদের নিকট অনুরোধ জানানো হয়েছে।

(খ) ১লা জানুয়ারী ২০১২ থেকে ৩১ শে অক্টোবর ২০১২ পর্যন্ত রাজ্যে আগত বিদেশী পর্যটকের সংখ্যা ১০,১৬,৫৭৩ জন।

ময়ূরাক্ষী জলাধার

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩০) **শ্রী ঈদ মহম্মদ :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ জানাবেন কি—

২০১২ সালে খারিফ মরশুমে মুর্শিদাবাদ জেলায় ধান চাষের জন্য ময়ূরাক্ষী জলাধার থেকে কী পরিমাণ জল সরবরাহ করা হয়েছিল?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ দপ্তরের অধীনস্থ ময়ূরাক্ষী প্রকল্প থেকে ২০১২ সালে খারিফ মরশুমে মুর্শিদাবাদ জেলায় ধান চাষের জন্য মোট ৪৯,৯৬৬ একর ফুট জল সরবরাহ করা হয়েছে।

মহকুমা আদালত

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৪০) **শ্রী আনিসুর রহমান:** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে রাজ্যের কত সংখ্যক মহকুমায় মহকুমা আদালত স্থাপন করা সম্ভব হয় নি ; এবং

(খ) কবে নাগাদ, উক্ত আদালত স্থাপন করা হবে বলে আশা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (১) মালদহ, জলপাইগুড়ি।

(২) ডোমকল, মুর্শিদাবাদ।

(৩) ক্যানিং, দক্ষিণ ২৪-পরগণা।

(৪) এগরা, পূর্ব মেদিনীপুর।

(৫) খড়গপুর, পশ্চিম মেদিনীপুর।

(খ) কাজ চলছে, শীঘ্র চালু করার চেষ্টা চলছে।

বন্ধ পর্যটন কেন্দ্রের সংখ্যা

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯) **শ্রীঅসিত মিত্র:** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১ শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে রাজ্যের কত সংখ্যক পর্যটনকেন্দ্র বন্ধ অবস্থায় আছে?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্তমানে পর্যটন নিগমের মোট ৩৭টি পর্যটন আবাসের মধ্যে লালগড় (বাঁকুড়া), গঙ্গাসাগর, দুর্গাপুর পর্যটন আবাস আইন জনিত কারণে বন্ধ অবস্থায় আছে। ঐ তিনটি আবাস চালু করার জন্যও উদ্যোগ নেওয়া হয়েছে।

বিদেশী ট্রলার

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সমুদ্র উপকূলবর্তী এলাকাতে ভারত সরকারের লাইসেন্স প্রাপ্ত কিছু বিদেশী ট্রলার মাছ ধরার কাজে নিযুক্ত আছে ; এবং

(খ) সত্যি হলে, এই ধরনের ট্রলারের সংখ্যা কত?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের নিয়ন্ত্রণাধীন সমুদ্র উপকূলবর্তী এলাকাতে (সমুদ্রতট থেকে ১২ নটিক্যাল মাইল পর্যন্ত) এই ধরণের কোন সুনির্দিষ্ট অভিযোগ নেই।

(খ) প্রশ্নটি প্রযোজ্য নয়।

হাতির তাণ্ডবে ফসলের ক্ষয়ক্ষতি

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলায় হাতির তাণ্ডবে কৃষকদের ফসলের ক্ষয়ক্ষতির বিষয়ে কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ

গ্রন্থাগারের শূন্যপদ

* ৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪) **শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ :** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের গ্রন্থাগারগুলির শূন্যপদ কবে নাগাদ পূরণ হবে বলে আশা করা যায়?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিষয়টি বর্তমানে অর্থদপ্তরের বিবেচনাধীন আছে।

বিচারপতির শূন্যপদ

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪) **শ্রী শাহাজাহান চৌধুরী :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১ শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে, কলকাতা হাইকোর্ট, জেলা আদালত ও মহকুমা আদালতে কত সংখ্যক বিচারপতির পদ শূন্য আছে?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পদালি	শূন্যপদ
কলকাতা হাইকোর্ট	১৭
জেলা আদালত	শূণ্য
এ. ডি. জে. ফাস্ট	১৭
ট্রাক কোর্ট	
সিভিল জজ (সিনিয়র ডিভিসন)।	শূন্য
সি. জে. এম। এ. সি. জে. এম.	
সিভিল জজ (জুনিয়র ডিভিসন)	শূণ্য

কান্দী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

* ৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১) **শ্রী অপূর্ব সরকার :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কান্দী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কান্দী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের অর্ন্তভুক্ত প্রথম পর্যায়ে কাজ শুরু করার লক্ষ্যে প্রকল্পটি দ্বাদশ পরিকল্পনাকালে কেন্দ্রীয় সহায়তায় বন্যা নিয়ন্ত্রণ কর্মসুচীতে (কেন্দ্র ও রাজ্য ব্যায়ভার বহনের অনুপাত ৭৫:২৫) অর্ন্তভুকতি তথা অনুমোদনের জন্য এবং প্রথম কিস্তির প্রয়োজনীয় অর্থবরাদ্দের অনুরোধ জানিয়ে গত ৬-ই নভেম্বর, ২০১২-তে নিয়মানুযায়ী কেন্দ্রীয় সরকারের গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশনের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থবরাদ্দ পাওয়ার কিছু সময়ের মধ্যেই কাজ শুরু করার পরিকল্পনা ও প্রস্তুতি নেওয়া হয়েছে।

কম্প্যাশনেট গ্রাউণ্ডে নিয়োগ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৮১) **শ্রী নেপাল মাহাত :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সেচ ও জলপথ বিভাগের কম্প্যাশনেট গ্রাউণ্ডে নিয়োগ প্রক্রিয়া চালু হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, ১লা জুলাই, ২০১১ ৩১ শে অক্টোবর, ২০১২ পর্যন্ত সময়কালে কতজনকে উক্ত গ্রাউণ্ডে নিয়োগ করা সম্ভবপর হয়েছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ। চালু রয়েছে।

(খ) গ্রুপ -সি পদে ৮০ জনকে এবং গ্রুপ - ডি পদে ২৩৬ জনকে নিয়োগ করা সম্ভবপর হয়েছে।

মালদহ ও মুর্শিদাবাদ জেলায় নদীভাঙ্গন

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫) **শ্রী তজমুল হোসেন :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১ শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে মালদহ ও মুর্শিদাবাদ জেলায় নদীর ভাঙ্গন প্রতিরোধে সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মালদহ ও মুর্শিদাবাদ জেলায় নদী ভাঙ্গন প্রতিরোধে সরকার বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে এবং করছে।

ও.বি.সি. তালিকা

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রী আনিসুর রহমান:** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে কত সংখ্যক গোষ্ঠীকে ও.বি.সি. তালিকাভুক্ত করা হয়েছে ;

(খ) মুসলিম সম্প্রদায়ের ক্ষেত্রে, উক্ত সংখ্যাটি কত ; এবং

(গ) উক্ত তালিকাভুক্তদের মধ্যে কতজনকে ও.বি. সি. শংসাপত্র প্রদান করা হয়েছে?

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১ শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে সর্বমোট ১৪৪টি গোষ্ঠীকে ও. বি. সি. তালিকাভুক্ত করা হয়েছে।

(খ) মুসলিম সম্প্রদায়ের ক্ষেত্রে উক্ত সংখ্যাটি হল ৮৭

(গ) উক্ত তালিকাভুক্তদের মধ্যে ২০০১ সালের থেকে ৩১ শে অক্টোবর, ২০১২ পর্যন্ত মোট ১০,৩৬,৫১৯ জনকে ও. বি. সি. সংশাপত্র প্রদান করা হয়েছে।

The

Kolkata Gazette

Extraordinary
Published by Authority

ASVINA [9] MONDAY, OCTOBER 11, 2010 [SAKA 1932

PART I-Orders and Notifications by the Governor of West Bengal, the High Court, Government Treasury, etc.

GOVERNMENT OF WEST BENGAL
BACKWARD CLASSES WELFARE DEPARTMENT
WRITERS' BUILDINGS, KOLKATA- 700001
Website : www.anagrasarkalyan-gov.in/www.bcwdwb.gov.in

No. 6309-BCW/MR-84/10 Kolkata, the 24th September, 2010

NOTIFICATION

WHEREAS "backward classes" have been defined in clause (a) of section 2 of the west Bengal Commission for Backward Classes Act. 1993 (West Ben. Act I of 1993) (Here in after referred to as the said Act), for the purposes of the said Act, to mean such backward classes of citizens other than the Scheduled Castes and the Secheduled Tribes as may be specified by the State Government in the Lists.

AND WHEREAS " lists" have been defined in clause (c) of section 2 of the said Act to mean lists prepared by the Government of West Bengal from time to time for purposes of making provision for the reservation of appointment or posts in favour of backward classes of citizens which, in the opinion of that government are not adequately represented in the services under the Government of West Bengal, local and statutory authorities constituted under any State Act, Corporations in which not less than 51% of the paid up share capital is held by the State Government, Universities, Colleges

affiliated to the Universities, primary, secondary and higher secondary schools and also other educational institutions which are owned or aided by the State Government and also establishments in public sector,

AND WHEREAS the Government of West Bengal has decided to categorise the backward classes included in the lists into two catogories depending on their relative backwardness and make separate provisions for reservation in services and posts in favour of the two categories ;

AND WHEREAS the Government of West Bengal has conducted a sample survey to ascertain the relative backwardness of the classes included in the lists of backward classes and the reports of the said survey has duly been received;

Now,THEREFORE, in consideration of the report of the survey, the Governor is pleased hereby to categories the lists of the backward classes notified for the purpose of the said Act into two categories as **'Category-A'** and **'Category-B'**, wherein the **Category-A** would mean the **'more Backward'** and the **Category-B** would mean **'backward'** within the **'backward classes'** and to bring the backward classes so far enlested into the two categories in the following manner : –

Sl.	MORE BACKWARD (Category-A)	Sl.	BACKWARD (category-B)
1.	Abdal	1.	Baishya Kapali
2.	Baidya Muslim	2.	Bansi-Barman
3.	Basni / Bosni	3.	Barujibi, Barui
4.	Beldar Muslim	4.	Betkar (Bentkar)
5.	Bepari/Byapari Muslim	5.	Bhar
6.	Bhatia Muslim	6.	Bharbhuja
7.	Bhatiyara	7.	Bhujel
8.	Chowduli	8.	Bungchheng
9.	Chutor Mistri	9.	Chasatti (Chasa)
10.	Dafadar	10.	Chitrakar
11.	Dhukre	11.	Christians converted from Scheduled Castes

12. Dhunia
13. Fakir/Sain
14. Gayen
15. Ghosi
16. Hajjam
17. Hawari
18. Jamadar
19. Jolah (Ansari-Momin)
20. Kalander
21. Kan
22. Kasai
23. Khotta Muslim
24. Laskar
25. Mahaldar
26. Majhi/Patni Muslim
27. Mal Muslim
28. Mallick
29. Midde
30. Molla
31. Muchi/Chamar Muslim
32. Muslim Barujibi/Barui
33. Muslim Biswas
34. Muslim Haldar
35. Muslim Mali
36. Muslim Mandal
37. Muslim Piyada
38. Muslim Sanpui/Sapui

12. Devanga
13. Dewan
14. Dhimal
15. Gangot
16. Goala-Gope (Pallav Gope, Ballav Gope, Yadav Gope, Gope, Ahir and Yadav.)
17. Hele/Halia/Chasi-Kaibartta
18. Kahar
19. Kansari
20. Kapali
21. Karani
22. Karmakar
23. Keori/Koiri
24. Khen
25. Kumbhakar, Kumar
26. Kurmi
27. Malakar
28. Mangar
29. Moira-Modak (Halwai)
30. Nagar
31. Napit
32. Nembang
33. Newar
34. Rai (including Chamling)
35. Raju
36. Sampang
37. Sarak
38. Satchasi

39. Nashya-Sekh
40. Nehariya
41. Nikari
42. Patidar
43. Penchi
44. Rajmistri
45. Rayeen/Kunjra
46. Sardar
47. Shershabadia
48. Siuli (Muslim)
49. Tutia
50. Dhanuk
51. Jogi
52. Khandait
53. Kosta/Kostha
54. Lakhera?Laahera
55. Roniwar
56. Sukli

39. Shankakar
40. Sunuwar
41. Sutradhar
42. Swarnakar
43. Tamboli/Tamali
44. Tanti, Tantubaya
45. Teli, Kolu
46. Thami
47. Turha
48. Yogi-Nath
49. Darji/Ostagar/Idrishi
50. Dhali (Muslim)
51. Pahadia-Muslim
52. Tal-Pakha Benia

The Governor is further pleased to decide that henceforth any class included in the Lists of Other Backward Classes in the State of West Bengal Shall be added either to the Category-A or to the Category-B depending on its degree of backwardness.

By order of the Governor,

Sk. NURUL HAQUE,

Principal Secretary to the Government of West Bengal

The

Kolkata Gazette

Extraordinary
Published Authority

JYAISTHA [1] TUESDAY, MAY 22, 2012 [SAKA 1934

PART 1-Orders and Notifications by the Governor of West Bengal, the High Court, Government Treasury, etc.

GOVERNMENT OF WEST BENGAL
BACKWARD CLASSES WELFARE DEPARTMENT
WRITERS' BUILDINGS, Block–I, 2nd Floor
Visit Our Website : www.anagrasarkalyan-gov.in

No. 1673-BCW/MR-209/11 Kolkata,the 11th May, 2012

NOTIFICATION

WHEREAS "Backward Classes" has been defined in clause (a) of section 2 of the West Bengal Commission for Backward Classes Act, 1993 (West Bengal Act 1 of 1993) (hereinafter referred to as the said Act), for the purposes of the said Act, to mean such backward classes of citizens other than the Scheduled Castes and the Scheduled Tribes as may be specified by the State Government in the list;

And WHEREAS " lists" have been defined in clause (c) of section 2 of the said Act to mean lists prepared by the Government of the West Bengal from time to time for the purposes of making provision for the reservation of appointments or posts in favour of backward classes of citizens which, in the opinion of that government, are not adequately represented in the services under the Government of West Bengal and any local or other authority constitued under any State Act, Corporations in which not less than 51% of the paid up share capital is held by the State Government, Universities, Colleges affiliated to the Universities, primary, second-

ary and higher secondary schools and also other institutions which are owned or aided by the State Government and also establishments in public sector.

Now, THEREFORE, in pursuance of the provisions of clause (a), read with clause (c) of Section 2 and sub-section (2) of section 9 of the said Act, and in continuation of Notification No: 6305-BCW,dt.September 24, 2010, the Governor is pleased hereby to specify, further, in the list placed below the backward Classes for the purposes of the said Act. Further, the Govenment of West Bengal has conducted a sample survey to ascertain the relative backwardness of the classes to be included in the list of back ward classes and the reports of the said survey has duly been received, Accordingly in consideration of the report of the survey, and in continuation of Notification No. 6309-BCW,dt. September 24,2010, the Governor is also pleased to categorise the specified classes into OBC Category-A and OBC Category-B as per details below :

OBC CATEGORY–A Column I		OBC CATEGORY–B Column II	
Sl.	**Name of Community**	**Sl.**	**Name of Community**
01.	Bhangi (Muslim)	01.	Adaldar (Muslim)
02.	Dhatri Dai/Dhaity	02.	Akunji/Akan/ Akhan(Muslim) (Muslim)
03.	Gharami (Muslim)	03.	Bag (Muslim)
04.	Ghorkhan	04.	Chaprashi (Muslim)
05.	Goldar Golder (Muslim)	05.	Churihar
06.	Halsana (Muslim)	06.	Daptari (Muslim)
07.	Kayal (Muslim)	07.	Dewan (Muslim)
08.	Naiya (Muslim)	08.	Dhabak (Muslim)
09.	Shikari / Sikari (Muslim)	09.	Gazi (Muslim)
		10.	Khan (Muslim)
		11.	Kolu Muslim (Shah, Sahaji, Sadhukhan, Mondal)
		12.	Majhi
		13.	Malita/Malitha/Malitya (Muslim)
		14.	Mistri (Muslim)
		15.	Paik (Muslim)
		16.	Pailan (Muslim)
		17.	Purkait (Muslim)
		18.	Sana (Muslim)
		19.	Sareng (Muslim)

20. Sardar (Muslim)
21. Sarkar (Muslim)
22. Shah (Fakir/Shah/Sha/Sahaji)
23. Tarafdar (Muslim)
24. Gavara
25. Mouli (Muslim)
26. Sepai (Muslim)

By order of the Governor,

Sk. NURUL HAQUE,

Principal Secretary to the Government of West Bengal

The

Kolkata Gazette

Extraordinary
Published Authority

KARTIKA 10] THURSDAY, NOVEMBER 1, 2012 [SAKA 1934

PART 1–Orders and Notifications by the Governor of West Bengal, the High Court, Government Treasury, etc.

GOVERNMENT OF WEST BENGAL
BACKWARD CLASSES WELEFARE DEPARTMENT
WRITERS' BUILDINGS,
BLOCK-1 2ND FLOOR
Visit Our Website : www.anagrasarkalyan-gov.in

No. 845-BCW/MR-147/12 Kolkata, the 10th October,2012

NOTIFICATION

WHEREAS "backward classes" have been defined in clause (a) of section 2 of the west Bengal Commission for Backward Classes Act.

1993 (West Bengal. Act 1 of 1993) (Hereinafter referred to as the said Act), for the purposes of the said Act, to mean such backward classes of citizens other than the Scheduled Castes and the Secheduled Tribes as may be specified by the State Government in the Lists.

AND WHEREAS "lists" have been defined in clause (c) of section 2 of the said Act to mean lists prepared by the Government of West Bengal from time to time for the purposes of making provisions for appointments or posts in favour of backward classes of citizens, which, in the opinion of that Government, are not adequately represented in the services under the Government of West Bengal and any local or other authority within the State of West Bengal or under the control of the Government of West Bengal which also include corporations in which not less than 51% of the paid up Share Capital is held by the State Government, universities, colleges affiliated to the universities, primary, secondary & higher secondary schools and also other institutions which are owned or aided by the State Government and also establishments in public sector;

Now, THEREFORE, in pursuance of the provisions of clause (a), read with clause (c) of Section 2 and sub-section (2) of section 9 of the said Act, and in continuation of Notification No: 1673-BCW/MR-209/11,dt.11th May,2012 , the Governor is pleased hereby to specify, further, in the list below the backward Classes for the purposes of the said Act. Further, the Government of West Bengal has conducted a sample survey to ascertain the relative backwardness of the classes to be included in the list of back ward classes and the reports of the said survey has duly been received, Accordingly in consideration of the report of the survey, the Governor is also pleased hereby to categorise the following class into OBC Category–A:

LIST

OBC Category - A

Sekh/Seikh

By order of the Governor,

S. K. THADE,

Secretary to the Government of West Bengal

রানীগঞ্জের পীরবাবার মেলা

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার রাণীগঞ্জের রনাই-এ পীরবাবার মেলাতে আগত দর্শনার্থীদের জন্য এই এলাকাটিকে আকর্ষণীয় করে গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাগুলি কী কী?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পর্যটন বিভাগের পক্ষ থেকে এরকম কোন পরিকল্পনা বর্তমানে নেই। জেলাশাসকের পক্ষ থেকে এ বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব এলে অবশ্যই বিবেচনা করা হবে।

(খ) প্রশ্ন ওঠে না

বর্ধমান জেলায় বোরো চাষে প্রয়োজনীয় জল

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী—

২০১২-২০১৩ আর্থিক বছরে বর্ধমান জেলায় বোরো চাষের জন্য প্রয়োজনীয় সেচের জল সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কী?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ।

পশ্চিমবঙ্গের দামোদর উপত্যকা প্রকল্প থেকে ২০১২-২০১৩ আর্থিক বছরে বর্ধমান জেলায় বোরো চাষের জন্য ৩৬০০০ একর জমিতে প্রয়োজনীয় সেচের জল সরবরাহের পরিকল্পনা সরকারের আছে।

QUESTION ON PRIVILEGES

Mr. Speaker : There is no other business so far as question is concerned. The list is exhausted.

Now, I have received today two Privilege Motions under Rule 226. One is by Shri Partha Chatterjee, Hon'ble Minister and the Second one is by Dr. (Smt.) Shashi Panja. So far as the Privilege Motion of Shri Partha Chatterjee is concerned, I have requested him to submit the relevant portion of the alleged statement made by one member Shri Subhas Naskar.

So far as the other one is concerned, this is by Dr. Shashi Panja,. This is in order Now, I would request Dr. Shashi Panja to move it.

ডাঃ শশী পাঁজা : I beg to move the Privilege Motion. যার বিষয়টা হচ্ছে, এই পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী ২২৬ নম্বর ধারা অনুযায়ী স্বাধিকার ভঙ্গের নোটিশ। এটা addressed আছে মাননীয় সচিব, পশ্চিমবঙ্গ বিধানসভা। মহাশয়, ১১ ই ডিসেম্বর ২০১২ পশ্চিমবঙ্গ বিধানসভার অভ্যন্তরের ঘটনার বিবরণ দিতে গিয়ে ১২ ডিসেম্বর ২০১২ আনন্দবাজার পত্রিকার প্রথম পৃষ্ঠায় 'হিংসার শাসনে বিধানসভা' এই ধরণের সংবাদ, 'পাঁজাকোলে করে আছড়ে মার দেবলীনাকে'- যে সংবাদ পরিবেশন করা হয়েছে তা সর্বৈব অসত্য এবং জনমানসে এই সদনের মর্যদা হেয় করার উদ্দেশ্য নিয়ে করা হয়েছে। আমি গতকাল অর্থাৎ সেদিনকে , ১১ তারিখে সারাদিন বিধানসভায় উপস্থিত ছিলাম এবং যে সংবাদ পরিবেশন করা হয়েছে তা অসত্য। ''অধিবেশন চলাকালীন বিধানসভার কক্ষে প্রধান বিরোধী দল, সি. পি. এমের এক মহিলা বিধায়ককে পাঁজাকোলা করে নিয়ে যাওয়া হল ট্রেজারী বেঞ্চের কাছে। সেখানে নিয়ে গিয়ে মাটিতে আছড়ে ফেলা হয়েছে তাকে", 'ঝাঁপিয়ে পড়া'- এই সমস্ত বিষয় যেটা লেখা হয়েছে এবং ''তার ওপরে দমাদম কিল, ঘুসি, লাঠি পড়ল", বিধায়কের ওপরে-এই বিষয়টার ওপরেই এই প্রিভিলেজ মোশান-টা আনা। ঐ রকম কোন ঘটনাই বিধানসভার কক্ষে হয়নি এবং এটা সর্বৈব অসত্য এবং ভিত্তিহীন সংবাদ পরিবেশন করা হয়েছে। সংশ্লিষ্ট সংবাদ-পত্রের একটি কপি সংযোজন করা হল । এই ধরনের সংবাদ পরিবেশনে বিধানসভার মর্যাদাহানি হয়েছে, স্বাধিকার ভঙ্গ হয়েছে। ঐ সংবাদ-পত্রের সংশ্লিষ্ট সাংবাদিক এবং সম্পাদক শ্রীঅভীক সরকারের বিরুদ্ধে স্বাধীকার ভঙ্গের প্রক্রিয়া শুরু করা এবং যথাপোযুক্ত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছি। ইতি, ডাঃ শশী পাঁজা।

মিঃ স্পীকার : কেউ বলবেন এটার ওপর কিছু, মাননীয় কোন সদস্য?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়,ডাঃ শশী পাঁজার দ্বারা আনীত এই প্রিভিলেজ মোশান, এটা নিশ্চিত ভাবে , সংবাদ-পত্রে যে খবর বেরিয়েছে সেটা এই সদনের পক্ষে অবমাননাকর।

আমি আরেকটি কথার প্রতি এই সদনের মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই আপনার মাধ্যমে। এই সংবাদ-পত্রেই একটি জায়গায় আরেকটি খবর বেরিয়েছিল যে, 'চন্দ্রিমা ভট্টাচার্য মন্ত্রী এবং তৃণমূল কংগ্রেসের মহিলা শাখার সভানেত্রী হিসাবে উপস্থিত ছিলেন।' খবরের পরিবেশন এমন ভাবে হয়েছিল যেন একটি মহিলাকে এখান হেনস্থা করা হচ্ছে এবং আমি একজন মহিলা মন্ত্রী ও আমার দলের মহিলা শাখার সভানেত্রী হিসাবে চুপচাপ ওখানে বসে ছিলাম। আমি এই সদনে এসেছি যখন পুরো ঘটনাটি হয়ে গিয়েছে। আমি ঘটনার সময় এই সদনে ছিলাম না। আমি পশ্চিম-মেদিনীপুর মেডিকেল কলেজে যে যুগান্তকারী একটি ওষুধের দোকান খোলা হচ্ছে, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তাঁর সক্রিয় সহযোগিতায় সেটি উদ্বোধন করতে আমি মেদিনীপুর মেডিকেল কলেজে ছিলাম। আমি এই সদনে এসেছি যখন সদন থেকে সবাই ওয়াক-আউট করে গিয়েছিল এবং তফশিলি জাতি, উপজাতি নিয়ে যখন মাননীয় মন্ত্রী উপেন বিশ্বাস মহাশয় তাঁর বক্তব্য রাখছিলেন। আমি তখন সদনে ঢুকেছিলাম।

তাই আমি এটা আপনার দৃষ্টিগোচরে আনতে চাই যে আমি না থাকা সত্ত্বেও এই যে মিথ্যা খবর পরিবেশন করা এবং অসত্য খবর পরিবেশন করা হয়েছে...

[11.20–11.30 p.m.]

মিঃ স্পীকার : That is not related to the main motion, any way.

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং যে প্রিভিলেজ মোশন ডঃ শশী পাঁজা নিয়ে এসেছেন আমি তাকেও সমর্থন করছি।

Mr. Speaker : Hon-ble Members, I find from the copy of the report that has been submitted before me which was reported in Ananda Bazar Patrika on 11th December, 2012, there is substance in the motion which has been brought under Rule 226. Therefore, I admit it. I want to take the consent of the House whether it should be sent to the Privilege Committee or not. Whether this House has the consent to send it to the Privilege Committee.

As many as are of that opinion please say Aye-, as many as are of the contrary opinion please say No–.

Ayes have it. Ayes have it.

Therefore, this matter is referred to the Privilege Committee and the Privilege Committee is hereby requested to submit a report by the end of the next Session.

PRESETATION OF THE COMMITEE REPORT

Presentation of the Fifth Report of the Standing Committee on Municipal Affairs and Urban Development (2012-2013).

Shri Jiban Mukhopadhyay : Mr. Speaker Sir, with your kind permission I beg to present the Fifth Report of the Standing Committee on Municipal Affairs and Urban Development (2012-2013) regarding Study visit to Darjeeling. Kurseong, Kalimpong Municipalities and Mirik Notified Area Authority.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The 37th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the west Bengal Pharmaceutical & Photochemical development Corporation Limited for the year 2010-2011.

Shri Subrata Mukherjee : Sir, I beg to lay the 37th Annul Report containing annul Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Pharmaceutical & Phytochemical development Corporation Limited for the year 2010-2011.

LEGISLATION

Mr. Speaker : Now, the business before the House is the West Bengal Parliamentary Secretaries (Appointment, Salaries, Allowances and Miscellaneous Provisions) Bill, 2012. Hon-ble Minister-in-charge of Parliarmentary Affairs may please introduce the Bill.

Shri Partha Chatterjee : Sir, I beg to introduce The West Bengal Parliarmentary Secretaries (Appointment, Salaries, Allowances and Miscellaneous Provisions) Bill, 2012.

(Secretary then read the titile of the Bill)

Mr. Speaker : Now, I request the Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs to please move for consideration of the bill.

Shri Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Parliamentary Secretaries (Appointment, Salaries, Allowances and Miscellaneous Provisions) Bill, 2012 be taken into consideration.

শ্রী পার্থ চ্যাটার্জী : অনারেবেল স্পিকার স্যার, এই বিল আনার উদ্দেশ্য হচ্ছে, এটা আমাদের এই হাউসে রুলসের বইয়ে যথেষ্ট আগে থেকেই এর পরিধান ছিল এবং আমাদের বর্তমান বিলে সেই আগের ধারাকে মাথায় রেখে অবজেক্টসে দেখবেন মাননীয় বিধায়করা তাতে লেখা আছে। তার আগের ধারাগুলোকে মাথায় রেখেই পার্লামেন্টারিস সেক্রেটারিস এই পদটিকে তার অ্যাপায়েন্টমেণ্ট, তার স্যালারিজ, তার অ্যালায়েন্সস্, এবং মিসলিনিয়াস প্রভিশানস্ আরো কিছু সংযোজিত করে যাতে রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নের্তৃত্বে মা-মাটি-মানুষের সরকারের আরো কাজ যাতে মানুষের কাছে সময় মত, মানুষের কাছে ঠিক মত এবং আরো দ্রুততার সাথে, আরো ভালভাবে ঐক্যবদ্ধভাবে কেন না আমরা দেখেছি লক্ষ্য করে যে আমাদের এই রাজ্যের বর্তমান আর্থিক পরিস্থিতি যা সৃষ্টি করে গেছে বিগত ৩৪ বছরের সরকার - এই রাজ্যের আধিকারিক এবং সংখ্যা আই. এ. এস. হোক বা আই. পি. এস. হোক তার প্রতিটি ক্ষেত্রেই আমাদের সংখ্যা অনেক কম। নতুন সরকার, মুখ্যমন্ত্রী প্রতিদিন তার নেতৃত্বে মন্ত্রীসভা এবং সরকারী কর্মচারীরা, আধিকারিকরা কাজ করলেও যে পরিমান সাহায্যের প্রয়োজন আধিকারিকদের 1 সেই সংখ্যা নেই। সেই সংখ্যাটা রাজ্য সরকারের কাছে এখন অপ্রতুল। অন্যদিকে এই নতুন সরকারের সামনে যে পাহাড় প্রমাণ উন্নয়নমূলক কাজের, না হওয়ার কাজের যে পাহাড় প্রমাণ ব্যর্থতা বামফ্রন্ট রেখে গেছেন তাকেই সামনে রেখেই সেই কালা পাহাড়কে যেমন গণতান্ত্রিকভাবে রাজ্যের মানুষ সরিয়েছেন তেমনি প্রশাসনের দিক থেকে এসে সাধারণ মানুষের জন্য কর্মসংস্থান, কৃষকের মুখে হাসি ফোটানো, শ্রমজীবি মানুষের মুখে হাসি ফোটানো, শিল্পায়ন , কৃষায়ন এবং পরিকাঠামাগত উন্নয়ন এবং যে অপসংস্কৃতির সৃষ্টি করেছেন তাকে সংস্কৃতির সৃষ্টির আনন্দে আলোকিত করবার জন্য যে মহান কর্মযজ্ঞ মমতা বন্দোপাধ্যায় নিয়েছেন, সেই কাজকে আমাদের এগিয়ে নিয়ে যেতে হবে।

[11.30–11.40 a.m.]

অনেকে প্রশ্ন তুলতে পারেন এটা নতুন কিনা। এটা নতুন নয়, এটা আমাদের ওয়েস্ট বেঙ্গল

লেজিসলেটিভ এ্যাসেম্বলীর যে হ্যাণ্ডবুক আছে তা দেখলেই এটা বোঝা যাবে যে আমরা নতুন কিছু আনতে চাইছি না। বরং আমরা এই হ্যাণ্ডবুকে যা উল্লেখিত আছে পার্লামেন্টারি প্রাকটিশ ১৯৩৭ থেকে এর প্রয়োগের ব্যবস্থা ছিল এবং আজকে কোথাও কোথাও সংবাদপত্রে দেখলাম কাউকে কাউকে দিয়ে লিখিয়েছেন এবং তাতেই প্রমাণিত হয় যে ব্যবস্থাটা ছিল। আমরা শুধু এই ব্যবস্থাটাকে আরো বেশী সম্প্রসারিত করে মানুষের কাছে পৌছানোর ব্যবস্থা করেছি। এবং সেইকারণেই আমাদের সরকারের তরফ থেকে পার্লামেন্টারী সেক্রেটারি তাকে আরো তার পরিধিটা বাড়িয়ে আমরা এই বিল আনতে চাই এবং সরকারের কাজ মানুষের হয়ে করবার লক্ষ্যে , আরো সংঘবদ্ধভাবে যে অভাববোধটা আছে, আমি বারবার বলছি যে, সংখ্যার অপ্রতুলতা প্রশাসনিকভাবে আছে। এটাও দেখা হয়েছিল যে যখন প্রথম এটি আসে যে ব্যস্ততার কারণে যখন মন্ত্রীরা অন্য কাজে তারা বের হোত, তখন তাদের ব্যবহারও করা যেত। আমরা সেইটাকে মাথায় রেখেই এর ব্যাপ্তিটাকে আরেকটু বড় করে আমরা এই বিল এনেছি। আমি আশা করবো যে বিধায়কগণ থাকলে ভালো হত-বামফ্রন্টের বিধায়করা, কংগ্রেসের বিধায়করা-তাদের আমলে সৃষ্ট এমন কি বাম আমলেও কোন কোন মন্ত্রী এটা ব্যবহার করেছেন। তাদের ব্যবহার করাটাও তারা বলতে পারতেন তাদের অভিজ্ঞতার কথা এবং আমরা তার থেকে আরো অভিজ্ঞতা সঞ্চয় করে এই বিল পাশ হয়ে গেলে, অনুমোদন পেলে মহতী সভায় আমরা তাদের সেই অভিজ্ঞতা থেকে নিজেদের অভিজ্ঞতাকে আরো সমৃদ্ধ করে বাংলার উন্নয়নের কাজে লাগতে পারতাম।

ড: আশীষ ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দি. ওয়েস্ট বেঙ্গল পার্লামেন্টারী সেক্রেটারিজ এ্যাপোয়েন্টমেন্ট স্যালারিজ এ্যালোয়েন্সেস এ্যাণ্ড মিসলেনিয়াস প্রভিসন্স বিল ২০১২ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু একটি কথা নিবেদন করবো। খুব সংগতভাবেই আমাদের পরিষদীয় মন্ত্রী মাননীয় পার্থ চ্যাটার্জী বিস্তারিতভাবে বলবার সুযোগ নিয়েছেন এবং বিস্তারিত ভাবে বলেছেন যে কেন এই বিল এবং এই বিলটা যে নতুন নয় সেই বিষয়টাও আমাদের সবার জানা দরকার।

মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা চেয়েছেন সেটা হচ্ছে যে এটা পারা যেত। এটা শুধুমাত্র রুলসটাকে নিয়েই আমাদের দি ওয়েস্ট বেঙ্গল স্যালারিজ অ্যাণ্ড অ্যালাউন্সেস অ্যাক্ট ১৯৫২ তে ওয়েস্ট বেঙ্গল অ্যাক্ট ফাইভ অফ ১৯৫২, এতে যে প্রভিশান রয়েছে তাতেই কিন্তু এই পদ সৃষ্টি করা যেতে পারতো। এখানে পরিষ্কারভাবে বলা আছে যে In this Act unless there is anything repugnant in the subject or context- Chief minister, Deputy Chief Minister, Minister, Minister of State, Deputy Minister and Parliamentary Secretary, mean respectively, the Chief Minister, the Depuety Chief Minister, a Minister, a Minister of State, a Deputy Minister and a Parliamentary Secretary of the Government of West Bengal. কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী চেয়েছিলেন এর উপর বিতর্ক হোক। এর উপরে আলোচনা করুন এবং সেই আলোচনার পরিপ্রেক্ষিতে এটা একটা আইনে পরিণত হোক। অর্থাৎ রুলসের মধ্যেই এটাকে সীমাবদ্ধ রাখলেন না, একটা রুলস ফ্রেম করেই খুব সহজভাবেই এটা করে দেওয়া যেত। কোন কিছুর দরকার

ছিল না, কোন বিতর্কেরও দরকার ছিল না, এটা করা যেত। কিন্তু গণতান্ত্রিক পদ্ধতি অবলম্বন করে সবারই মতামত নিয়ে এটা করবেন বলেই এই আইনটা এনেছেন। অনেক কাগজপত্র বা বিভিন্নজন - তারা আলোচনা, সমালোচনা করছেন এবং সেই সমালোচনা করতে গিয়ে তারা বিষয়টাই গুলিয়ে ফেলছেন যে এটা বোধ হয় নতুন কিছু একটা। কিন্তু এটা নতুন কিছু নয়। এটা শুধু আমাদের দেশে নয়, এটা বিদেশে-স্যার, আমি দু-একটা বিষয় এখানে তুলে ধরবো যেটা আমাদেরকে -এই হাউসে আমি বলবো যে প্রমাণ হবে যে শুধু এদেশে নয়, বিদেশেও এই বিষয়টা লাগু আছে, এই বিষয়টা চালু আছে। A Parliamentary Secretary is a member of parliament In the westminister system who assists a more senior minister with his or her duties.

In the parliamentary system of several Commonwealth countries, such as the United Kingdom, Canada and Australia, it is customary for prime minister to appoint parliamentary secretaries (in the Legislative Assembly of Ontario, "parliamentary assistants") from his or her political party in parliament to assist cabinet ministers with their work. The role of parliamentary secretaries has varied under different prime ministers. Originally, the post was used as a training ground for future ministers. ইত্যাদি করে তাঁরা চালু করেছেন। ইউনাইটেড কিংডমে দেখুন In the United Kingdom, Parliamentary Secretary (in full, usually Parliamentary Under-Secretary of State in those department headed by a Secretary of State) is the third level of government minister, below Minister of State and Secretary of State (or another minister of Secretary of State rank such as Chancellor of the Exchequer). Not all departments have all three level of minister.

A Parliamentary Private Secretary (PPS), on the other hand, is a Member of parliament who acts as an unpaid assistant to an individual minister, but has no ministerial role although is expected to support the government at all times. বিভিন্নভাবে, বিভিন্ন পদ্ধতিতে তারা এই বিষয়টাকে গ্রহণ করেছেন। আপনার কানাডাতেও এই সিস্টেম কিন্তু চালু আছে। During Jean Chretien-s term as prime minister of Canada, parliamentary secretaries were set to two- years terms and the post was used as a reward for weary backbenchers. Their duty was to answer questions ইত্যাদি। অর্থাৎ আমি আর ডিটেলসে যাচ্ছি না। এখানে দেখা যাচ্ছে যে এই বিষয়টা যারা বলতে চাইছেন যে এটা একটা নতুন কিছু এবং নতুনভাবে এটাকে চালু করা হচ্ছে। আমার মনে হয় যে সেই সব বিজ্ঞ ব্যক্তিরা তাদের অজ্ঞতার পরিচয় দিচ্ছেন। তারা হ্যাণ্ডবুকটা দেখেননি, এখানে এই হ্যাণ্ডবুকে আমি পরিষ্কার বলছি যে এই হ্যাণ্ডবুকে তারা পরিষ্কারভাবে দেখতে পাবেন যে এই বিষয়টার উল্লেখ আছে। এই হ্যাণ্ডবুকটাকে ধরেই অর্থাৎ এই রুলসটাকে ধরেই এই যে লেজিসলেটিভ রুলস, এটাকে ফলো করেই এটা কিন্তু করা যেত। সেই ক্ষেত্রে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আরো গণতান্ত্রিক

পদ্ধতিতে আলাপ-আলোচনার জন্য এবং আরও গণতান্ত্রিক পদ্ধতিতে এর উপর বিতর্ক সৃষ্টি করে কার কি মত, সেই মত নিয়ে এই বিষয়টা আইনে পরিণত করতে চেয়েছেন যেটা আরও শক্তিশালী হয়ে উঠবে।

[11.40–11.50 a.m.]

মাননীয় স্পীকার স্যার যে আইন এখানে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী পেশ করেছেন এবং আমাদের মাননীয় পরিষদীয় মন্ত্রী যে বিষয়টা উল্লেখ করলেন সেই ব্যাপারে আমি প্রথমত বলব যে, এই বিলটা পেশ হল কেন? পেশ করার একটা কারণ - কাজে দ্রুত অগ্রগতি, প্রস্তাব সমূহের দ্রুত রূপায়ণ এবং সময়ের চাহিদা অনুসারে এই বিষয়টাকে ভাবা হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী চাইছেন যে কর্মসূচীগুলি সরকার গ্রহণ করেছেন তা যেন বিলম্বিত না হয়। সেই কারণেই বলা হচ্ছে যিনি সরকারের মুখ্য সঞ্চালক অর্থাৎ মুখ্যমন্ত্রী যখন অনুভব করবেন কাজটা তরান্বিত করা দরকার তখন সেই বিভাগে বা সেই বিষয়ে তিনি এই পরিষদীয় সচিব বা parliamentary Secretary নিয়োগ করতে পারবেন। এরপরে যাকে নিয়োগ করবেন তাকে নিধীরাম সর্দার করে রাখবে না। তাকে একটা মর্যাদার আসনে বসাবেন এবং তাকে সুনির্দিষ্ট কাজে দায়িত্ব দেবেন। অর্থাৎ যে বিষয়টা তার মনে হবে যে এই বিষয়টায় কোন দ্রুততা আসছে না, এই বিষয়টা বিলম্বিত হচ্ছে, এই বিষয়টা দেরী হচ্ছে, এই বিষয়টা শীঘ্র রূপায়িত করতে গিয়ে এই বাধা গুলি আসছে সুতরাং তাকে সাহায্য করার জন্য একজন পরিষদীয় সচিব দরকার। তখন তিনি তাকে পরিষদীয় সচিব সেই বিভাগে নিয়োগ করতে পারবেন। যিনি দায়িত্ব নেবেন - এখানে ভাববেন, এখানে রুলসে এই Parliamentary Secretary-র ক্ষেত্রে কোন শপথের কথা বলা নেই। কিন্তু আইন যেটা করছেন সেই আইনে যিনি এই পরিষদীয় সচিব হবেন তাকে শপথ নিতে হবে। তিনি তার কাজকর্মে গোপনীয়তা বজায় রাখবেন এবং সেই বজায় রাখার ব্রত গ্রহণ করার জন্য তাকে মন্ত্রগুপ্তির শপথও গ্রহণ করতে হবে। আমি আরো অবাক হয়ে যাচ্ছি, কিছু কাগজপত্রে দেখছি-বোতল আলাদা আলাদা কিন্তু জল এক। সি. পি. আই এম এবং কংগ্রেস এদের বোতল আলাদা আলাদা কিন্তু জলটা এক, কণ্ঠস্বর এক। ওরা বললেন, আমরা আগে বাইরে যাব, এরা বললেন আমরা পরে বাইরে যাব। ওরা বললেন আমরা একটা অজুহাত নিয়ে বাইরে বসছি তোমরা একটু পরেই চলে এস, ওরা বললেন কি অজুহাত পাব? তাই একটা অজুহাত তুলে দিয়ে চলে গেলেন। ওরা এবং ওদের বশংবদ যারা আছেন তারা আশংঙ্কা প্রকাশ করে বলছেন এবং সমালোচনার সুরে বলছেন এত ব্যয়ভার বেড়ে যাবে। আমি অনুরোধ করব ব্যয়ভারের যে আশংঙ্কা ওরা প্রকাশ করছেন—এটা জানা উচিৎ যে, বাইরের কেউ হচ্ছে না। এখানে পরিষদীয় দলে বাইরে থেকে লোক অ্যাপয়েন্টেড হচ্ছে না। তিনি একটা পরিষদীয় সচিব হবেন তা কিন্তু নয়, বিধায়কদের মধ্য থেকেই হবে। বিধায়ক বেতন এবং ভাতা পান। বর্তমানে রাজ্যসরকারের রাষ্ট্রমন্ত্রী যে বেতন পান- আমার পাশেই মন্ত্রী বসে আছেন তিনি বলতে পারবেন যে বেতন এবং ভাতা যত পান একজন রাষ্ট্রমন্ত্রী— যারা সমালোচনা করছেন তারা একটু হিসাব করে দেখুন বিধায়করা যে বেতন এবং ভাতা পান তার থেকে রাষ্ট্রমন্ত্রীর বেতন আর ভাতা বেশি না কম। এটা যদি প্রমাণিত হয় রাষ্ট্রমন্ত্রীর বেতন এবং ভাতা বেশি তাহলেও ধরব ব্যয়ভার বাড়ছে কিন্তু দেখা যাবে আমি যদি বলি উল্টো দিক থেকে ব্যয়ভার কিছুটা কমেও যাবে। অর্থাৎ বিধায়কদের

যে বেতন আর ভাতা দিতে হয় সেটা এখন বর্তমানে যা রাষ্ট্রমন্ত্রীদের আছে সেটা এবং উপমন্ত্রীর আরো কম। সুতরাং সেখানে ব্যয়ভারের আশংকাটা একদম অমূলক। বেতন এবং ভাতার সঙ্গে তারতম্য থাকে না। যে ব্যক্তি পরিষদীয় সচিব হবেন তিনি ব্যবসা বাণিজ্য কোন কিছু করতে পারবেন তিনি কোথাও এনগেজ থাকতে পারবেন না এবং কোনরকম চাকরী-বাকরীও তিনি করতে পারবেন না। সুতরাং এই সর্বক্ষণের জন্য যে কাজ, সর্বক্ষণের জন্য তার যে দায়িত্ব পালন, সর্বক্ষণের জন্য তার যে শ্রমদান—এই সমস্ত বিষয়টাকে মমতা বন্দ্যোপাধ্যায় ভেবেছেন, এনেছেন এবং এই বিষয়টাকে অর্থাৎ কাজের দিকে লক্ষ্য রেখেই মমতা ব্যানার্জী—যদি আমরা বলি যে, কাজের অপর নাম মমতা ব্যানার্জী তাহলে ভুল হবে না। সেই কাজকে দ্রুত রূপায়নের জন্য তিনি এই বিষয়টা এই বিধানসভায় এনেছেন। এই বিলটার মহৎ উদ্দেশ্য আছে। এটা স্টেটমেণ্ট অফ অবজেকনাস রিজেনস-এ সেই কথা স্পষ্টভাবে বলেছেন। এই পরিষদীয় সচিব প্রথমতঃ বিধানসভার পরিষদীয় এবং অন্যান্য অফিসিয়াল বিজনেসের সমন্বয় সাধনের কাজ করবেন। ফলে তার কাজটা কী হবে? তিনি বিধানসভার যে পরিষদীয় এবং অন্যান্য অফিসিয়াল বিজনেস আছে, তার সমন্বয় সাধনের কাজ করবেন। দ্বিতীয়তঃ বিধানসভায় যেসব দল প্রতিনিধিত্ব করেন, তাঁদের নেতৃবর্গের সঙ্গে যোগাযোগ সাধন করবেন। অর্থাৎ লিঁয়াজোর কাজ করবেন। তৃতীয়তঃ বিধানসভার কমিটিগুলির কাজকর্মে সহায়তা করবেন। চতুর্থতঃ পরিষদীয় বিষয়ে মাননীয় মন্ত্রীকে পরামর্শও দেবেন। পঞ্চমতঃ পরিষদীয় বিষয়ে বিভিন্ন কমিটিকে সাহায্য করবেন। ষষ্ঠতঃ সবচেয়ে বড় কথা এবং এটা একটা বড় ব্যাপার হবে, যে কমিটিগুলো আমরা জানি সে স্ট্যান্ডিং কমিটি হোক, সাবজেক্ট কমিটি তারা যে সুপারিশগুলো করে, সেই সুপারিশগুলো করার পরে বিধানসভায় স্পিকার মহোদয়ের কাছে পেশ হয়, সেটা পাস হয়। কিন্তু তারপর অ্যাকশান টেকেন কি হচ্ছে এটা সাধারণতঃ আমরা বুঝতে পারি না। এখানে কিন্তু বড় ব্যাপার, যে কমিটিগুলো সুপারিশ করবে, পেশ হবে - মাননীয় মন্ত্রী অনেক সময় কার্যকরী ভূমিকা গ্রহণ করেন না। মাননীয় মন্ত্রীর কাজের সাথে কমিটির সুপারিশগুলির একটা সমন্বয় সাধন করবেন। সপ্তমতঃ বিধায়কদের ক্ষমতা এবং সুবিধাগুলির প্রতি এই পরিষদীয় সচিব নজর দেবেন। আর সর্বোপরি পরিষদীয় সচিব মন্ত্রী এবং প্রশাসনিক সচিবদের সেতু বন্ধনের কাজ করবেন। তাই এতোগুলো বিষয়ে মমতা বন্দ্যোপাধ্যায় ভেবেছেন, সেইজন্য এই বিলটা এনেছেন। আর কেউ কেউ বলেন এটা নতুন। কিন্তু জেনে রাখুন পাঞ্জাবে আছে, হরিয়ানায় আছে এবং হিমাচল প্রদেশে আছে। সুতরাং এই রাজ্যেও-ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও এই বিষয় বা এই পদ্ধতি চালু আছে। তাই আমরা পূর্ণ সমর্থন করে এই বিলটাকে পরিপূর্ণভাবে স্বাগত জানাচ্ছি এবং এই বিল আমাদের পশ্চিমবাংলার কাজের ক্ষেত্রে অগ্রগতি ঘটাবে বলে মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতি ধন্যবাদ জানিয়ে, কৃতজ্ঞতা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি এবং বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

ড. তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মনে হয় একমাত্র ব্যক্তি হব, যিনি এই বিলকে অপোজ করব এবং কেন অপোজ করব, সে কথাগুলোও আপনাদের সামনে বলবার চেষ্টা করব। মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনাকে একটু সময় দেওয়ার জন্য বলব যদি আমার একটু বেশি সময় লাগে। মাননীয় মন্ত্রী মহাশয় পার্থ বাবু বিলকে ইনট্রোডিউস করতে গিয়ে যে কথাগুলো

বলেছেন যে এটা নতুন নয় -এই কথাটা খুব সত্যি যে, এটা নতুন নয়। এইরকমও বিষয় এটা নয় যে কোন রাজ্যে এইরকম বিল ইনট্রোডিউস করা হয়নি বা এইরকম প্রভিশান নেই- এটাও সত্য নয়। অনেকগুলো রাজ্যেই আছে- যেমন মনিপুর, মিজোরাম, আসাম, রাজস্থান, পাঞ্জাব এবং গোয়ায় এই সমস্ত রাজ্যে এম. এল.এ-দের পার্লামেন্টারী সেক্রেটারী হিসাবে গভর্নমেণ্ট অ্যাপয়েনমেণ্ট করার প্রভিশান আছে- এগুলো সত্য কথাই এবং এই রাজ্যের কথা যেটা আশীষবাবু বললেন সেটাও ঠিকই এই রুলস বইতে এইসমস্ত কথাগুলো সবই আছে। এই সবগুলো মেনে নিয়েই আমি কয়েকটি কথা বলতে চাইছি। বিলটার উদ্দেশ্য নিয়ে যে কথাগুলো বলা হয়েছে 'planning and co-ordination of legislative and other official business in the West Bengal Legislative Assembly' তারজন্য 'liasioning with the Leader of various parties and groups represented in the West Bengal Legislative Assembly' এটা একটা উদ্দেশ্য হিসাবে বলা হয়েছে, 'functioning of consultative committees of Members of the West Bengal Legislative Assembly'- এইসমস্ত কথাগুলো উদ্দেশ্য হিসাবে বলা হয়েছে এটা ঠিকই।

[11.50 p.m.–12.05 p.m.]

কিন্তু প্রশ্ন হচ্ছে এই গুলোর জন্য যে এইরকম Parliamentary Secretary নিযুক্ত করতে হবে, নাহলে এই কাজ গুলোর সমস্যা হচ্ছে, এই ব্যাপারটা কিন্তু আমরা এখনও পর্যন্ত বুঝতে পারিনি, সদস্য হিসেবে আমি এই কথাটা বুঝতে পারিনি। ফলে এটা কেন করা হবে, সেই যুক্তিটা আমার কাছে পরিষ্কার নয়। আইনগত কিছু বিষয় আছে সেটা আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। একটা বিষয় হচ্ছে যেমন এই সমস্ত রাজ্যে, যে রাজ্য গুলোর নাম আমি করলাম, সেই রাজ্যে এগুলোর প্রভিশান আছে, ইন্ট্রোডিউস করার চেষ্টা করা হয়েছে। কিন্তু এটাও পাশাপাশি সত্য যে PILS filed in various High Courts on the matter have argued that the appointment of Parliament Secretaries is ultra vires the 91st Amendment of the Indian Constitution which introduced Article 164 (1A) to the Constitution. Article 164 (1A) provides for limiting the number of ministers in the state cabinets. The total number of ministers including the Chief Minister, has to be within 15 percent of the total number of members of the legislative assembly of the state. Article 164 (1A) was inserted in the Constitution on the recommendation of the National Commission for Review of the Working of the Constitution headed by former Chief Justice of India, M. N. Venkatachaliah. উদ্দেশ্য কি ছিল ? আশিষবাবুর কথা আমি বলছি। আশিষবাবু যেটা বলেছেন যে একজন এম ও এস অর্থাৎ Minister of State facility পাবেন এই যারা সেক্রেটারি হবেন এবং তাদের বেতন একজন এম এল এ, যিনি সদস্য তার বেতনের থেকে কম, সেই অর্থে খরচ কম হবে - এই কথা তিনি বলেছেন। কিন্তু এখানে এই যে M. N. Venkatachaliah, Chief Justice of India তিনি যে কারণে এর বিরুদ্ধে অর্ডার দিয়েছিলেন, তার উদ্দেশ্য হচ্ছে to obstruct on misuse and drainage of public

money to put a ban on over-sized Cabinet. অর্থাৎ এই যে 15 পার্সেন্ট, যেটা আমাদের স্টেটে খুব সম্ভবত ৪৪ জন হয়, যে ৪৪ জন এখন খুব সম্ভবত আছেন মন্ত্রী। ফলে এটার ওপরে আরো যে সংখ্যাটা বাড়ানো হচ্ছে, সেই সংখ্যাটা অনেকটা যেটা দাঁড়াবে সেটা হচ্ছে ক্যাবিনেট মেম্বার না হয়ে বা মন্ত্রী না হয়ে অন্য পথে মন্ত্রীর সমতুল্য কিছু পদ তৈরি করে দেওয়া। বিষয়টা যেটা এখানে দাঁড়াচ্ছে এই যে কেন এইরকম ভাবে ১৫ পার্সেন্ট একটা ban করা হল। সেই 15 পার্সেন্ট ban করার একটায় উদ্দেশ্য, সেটা হচ্ছে to misuse and drainage of public money, সেটাকে বন্ধ করা। এটা যদি হয় তাহলে এই জায়গায় যাওয়া হবে কেন? এটা আইনগত পজিশান, যেটা আমি বললাম এবং এটার জন্যই Various High Courts have deemed the appointment of Parliamentary Secretaries unconstitutional and have ruled against such appointments often in the past এবং রিসেন্টলি যেটা খবর পাওয়া যাচ্ছে যে The News papers have reported. রিসেন্ট নিউজ পেপার থেকে বলছি that the Rajasthan High Court issued notices to thirteen Parliamentary Secretaries in a petition challenging their appointments. মানে এই সমস্ত ঘটনা গুলো ঘটছে। এবং নাগাল্যান্ডেও একই ঘটনা ঘটেছে। ২০০৮ সালের কথা বলছি। সেখানে এই পার্লামেন্টারি সেক্রেটারির উপর নোটিশ দেওয়া হয়েছে যাতে করে এইভাবে অ্যাপয়েন্টমেন্ট না দেওয়া যায়। এগুলো হচ্ছে আইনগত দিক। আমি অন্য যে দিকটা বলার চেষ্টা করব সেটা হচ্ছে প্রথমত কাজের অগ্রগতির কথা যেটা বলেছেন সেটা আমার মনে হয় না যে সিস্টেম আছে, যে পার্লামেন্টারি সিস্টেম আছে, যে ক্যাবিনেট সিস্টেম আছে তার মধ্যে দিয়ে গোটা ব্যবস্থা অসুবিধা হবে এইরকম জায়গায় যায়নি। কিন্তু পাশাপাশি যে জায়গা আছে তাদের অফিস তৈরি করতে হবে, তারজন্য খরচ বাড়বে। এটা কিন্তু আমরা অস্বীকার করতে পারি না। আমরা আরো একটা জিনিস শুনেছি সেটা হচ্ছে যে এটা এখানে রিপোর্টেড হয়নি, আমি যেটা শুনেছি যে কিছু পার্লামেন্টারি মেম্বারদেরও তাদের অ্যাডভাইসারি কমিটি করে রাখা হয়েছে। মন্ত্রীদের বিভিন্ন দপ্তরের উপরে অ্যাডভাইসরি কমিটি করে তাদের সেই কমিটির মাথায় বসিয়ে দেওয়া হয়েছে। তার জন্য তাদের অফিস, তার জন্য যে খরচ সেগুলো আমরা অস্বীকার করতে পারব না। এমনিতেই আমাদের মাননীয় অর্থ মন্ত্রীর কাছ থেকে বার বার শুনেছি আমাদের রাজ্যের আর্থিক অবস্থা খুব খারাপ। মুখ্যমন্ত্রীও বলেছেন। অর্থ মন্ত্রী এটাকে debt -trap state হিসেবে ঘোষণা করেছেন তার বাজেট ভাষণে। গতকাল আমি সত্য মিথ্যা জানি না মিডিয়া রিপোর্ট, সেখানে মুখ্যমন্ত্রী বলেছেন There is no taker for this state.

অর্থাৎ বাংলাতে কোথাও কোথাও যেটা আছে এই রাজ্যকে নিলামে বিক্রি করে দিলেও কেউ নিতে আসবে না, এই সমস্ত কথাগুলো কিন্তু সেখানে আছে। এই জায়গায় এত আর্থিক খরচের কথা ভেবে এবং যেখানে এত আর্থিক দুরবস্থা, যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন, অর্থমন্ত্রীও বলেছেন, আর্থিক অনটনের কথা উল্লেখ করে নানান মন্ত্রীরা বিভিন্ন সময়ে বলেছেন এই আর্থিক অনটন উন্নয়নের ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়িয়েছে, আজকে এখানে সরকারি কর্মচারীদের ডি. এ. বাড়ছে না, তারা অনেকদিন ধরে দাবী করছেন, শুনছি জানুয়ারী মাসে ডি. এ. হবে, আমরা সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে অনেকটা পিছিয়ে আছি, এইসমস্ত তথ্যগুলো আমাদের জানা আছে। ফলে এই সমস্ত কিছু

বিবেচনা করে আমার যেটা মনে হয়, এরকম একটা বিল না আনা অত্যন্ত বাঞ্ছনীয়। আমি সরকার পক্ষকে অনুরোধ করছি, মাননীয়, মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, আপনি অনুগ্রহ করে এই বিলটা প্রত্যাহার করে নিন। এই যে আর্থিক অবস্থা তাতে এই রাজ্যের পক্ষে এই বিলটা আনা একেবারেই উপযুক্ত সময় নয়। সুতরাং মাননীয় মন্ত্রীকে সব দিক বিচার বিবেচনা এটাকে তুলে নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, The West Bengal Parliamentary Secretaries (Appointment Salaries, Allowances and Miscellaneous Provisions) bill 2012, এটা গ্রহণের জন্য সভার কাছে আবেদন করেছিলাম। এই আলোচনায় বিধায়ক আশিষ বন্দ্যোপাধ্যায় এবং বিধায়ক তরুণ নস্কর অংশ নিয়েছেন। দুজনেই রুল বুকের কথা উল্লেখ করেছেন, আইনের প্রনিধান যা আছে তার উল্লেখ করেছেন। তরুন বাবুকে আইনগত দিকের সমর্থন জানিয়েও যেটা করা যায়, আইনের বিধানটা জানিয়েও, হয়ত বা অন্য কারণে তিনি এই বিলটা প্রত্যাহারের জন্য অনুরোধ জানিয়েছেন। সরকার, তার মন্ত্রীসভা অনেক ভেবে-চিন্তেই এটা এনেছে। রাজ্যের দু লক্ষ কোটি টাকার উপর দেনা, যা আগের রাজ্য সরকার ৩৪ বছর ধরে রেখে যাওয়ার পরও যদি কর্মসংস্থান তৈরী করতে হয়, রাস্তাঘাট তৈরী করতে হয়, ভেঙে পড়া স্বাস্থ্য ব্যবস্থাকেউন্নত মানের দিকে নিয়ে যেতে হয়, ভেঙে পড়া অর্থনীতিকে যদি চাঙ্গা করতে হয়, তাহলে তো এইগুলো কোনদিনই করা যাবে না। কেননা যে অন্ধকারের মধ্যে, যে তলানিতে সি. পি. এম. এর নেতৃত্বে বামফ্রন্ট বিগত সাড়ে তিন দশক ধরে এই রাজ্যকে অন্ধকারে ঠেলে দিয়ে গেছে, সেখানে আলোর পথ দেখাতে গিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়কে সামনে রেখে রাজ্যের মানুষ যখন বলছে তুমি এগিয়ে যাও, ঠিক সেই সময়, তাহলে তো কোন কাজই করা সম্ভব হবে না এবং কাজগুলো যাতে সুষ্ঠু ভাবে করা যায়, কেন্দ্রীয় সরকার যাতে অর্থের যোগান - আমাদের রাজ্য থেকে রাজস্ব নিয়ে যাবে, আর লোকে বলবে কেন্দ্রীয় সরকারের অনুদান - আমাদের রোজগারের ভাগ নিয়ে তারা যাবে অথচ সেই ভাগ সময় মত না পেলে এই রাজ্যের উন্নয়ন মূলক কাজ, কর্মসংস্থান বৃদ্ধি, কৃষকের মুখ্যে হাসি ফোটানো, মানুষের কাছে তাদের জীবনের মানোন্নয়ন ঘটানো, এই সবটাই কিন্তু থমকে যাবে। আমরা যদি শুধু অর্থের কথাটুকুই ভাবি তাহলে তো ড: অমিত মিত্র কোনদিনই এগিয়ে নিয়ে যেতে পারবেন না। তার মধ্যেও তিনি এ রাজ্যের রাজস্ব বৃদ্ধির হার বাড়িয়েছেন। আমাদের একদিকে লক্ষ্য হবে যে কি করে আমাদের উন্নয়নের সুফল মানুষের কাছে পৌছে দেওয়া যায়, কি করে অন্ধকার থেকে আলোর দিকে ফেরানো যায়।

তাই তরুণ বাবুকে বলব যে আপনি অনেক কিছু যুক্তি দিয়ে খাড়া করেছেন কিন্তু যুক্তির মধ্যে দিয়েই আপনি এটা প্রমাণ করেছেন, আমাদের কাছে রেখেছেন যেটা আমি আরম্ভ করেছিলাম, ড. ব্যানার্জিও যেটা বলেছেন যে আমরা কিন্তু কিছু নতুন করছি না। আমি জানি না যে এই হাউসেও আপনি রাজস্থান, নাগাল্যান্ড ,মণিপুর এইসব বললেন, কিন্তু পশ্চিমবঙ্গে কি এটার প্রচলন ছিল না? ভাবখানা যেন এমন কিছু কিছু সংবাদ মাধ্যমে দেখলাম যে আমরাই যেন প্রথম এটা আরম্ভ করতে চলেছি। তা নয়, এটা ছিল। সিকসটি নাইনে, আপনি যদি ইতিহাস ঘাঁটেন এই বিধানসভার তাহলে দেখবেন সেটা ছিল। এমন কি Chapter 22 -duties of Parliamentary Secretaries

and Chief Government Whip -এ তো আছে। আমাদেরই এই হ্যান্ড বুক যেটা ২০১১ র যেটা রয়েছে দেখুন আপনার কাছে রয়েছে। আপনি বলছেন অর্থনীতির জন্যে। তাহলে কাল থেকে সস্তা দরে বিদ্যুত, সস্তা দরে চাল চাষীদের কাছে চাইবেন না। কারণ দু লক্ষ কোটি টাকা মাথায় ঋণ চাইবেন কি করে? আমাদের চাইতেও হবে, আমাদের করতেও হবে। আমাদের রোজগার বাড়াতে হবে। আমাদের কর্মসংস্থান বৃদ্ধি করতে হবে। আমাদের তো করতে হবে। সেই কারণে মমতা বন্দ্যোপাধ্যায় তিনিও করে দেখাচ্ছেন। এটা ঈর্ষাজনিত কারণে কেউ কেউ এই ধরণের প্রোপাগান্ডা বাড়িয়ে দিয়েছে। আপনি দুটো রেফারেন্স দিয়েছেন। সবটাই কিন্তু মিডিয়ার। কারোর তো এখানে রেফারেন্স দেওয়ার মুখ নেই। কারণ কংগ্রেস নিজে করেছিল। বামফ্রন্ট নিজে করেছিল। যতই আড়ালে মুখ ঢেকে বিধানসভার বাইরে গিয়ে নাটক করুক। বিধানসভা চলছে। গাছতলায় না থেকে তো বিধানসভার ভেতরে আসতে পারত। আমরা তো বারবার বলছি, অধ্যক্ষ নিজে আবেদন করেছেন, আমরা আবেদন করেছি যে আপনারা আসুন, আপনারা বিতর্কে অংশ নিন এবং আমি আবার আপনাদের বলছি যে আপনার উদ্বেগের নিশ্চয়ই কারণ আছে কিন্তু সবাই মিলে আমরা এটাকে, উন্নয়নমূলক কাজে বাধা সৃষ্টি না করে, বিশৃংঙ্খলা সৃষ্টি না করে গঠনমূলকভাবে, ঐক্যবদ্ধভাবে সবাই মিলে এগিয়ে আসি তাহলে এই রাজ্যের সামগ্রিক অর্থনীতি, সামগ্রিক চেহারা বদলের যে ছবি আঁকছেন মমতা বন্দ্যোপাধ্যায় যা অনেকটাই বাস্তবায়িত হয়েছে তাকে আরও বেশিসুন্দর করে তোলা যাবে। আমি এই কথা বলে আবার সকলকে অনুরোধ করছি এই বিলটা গ্রহণ করবার জন্য।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয় মন্ত্রীদের। যদিও ছোট বিল আলোচনার সময় অত্যন্ত কম ছিল কিন্তু অত্যন্ত মনোজ্ঞ আলোচনা হয়েছে বিলের উপরে। সকলকে ধন্যবাদ জানাই।

There is an amendment given by Shri Asit Mitra that the West Bengal Parliamentary Secretaries (Appointment, Salaries, Allowances and Miscellaneous Provisions) Bill, 2012 be circulated for the purpose of eliciting public opinion thereon by 28th February, 2013. since Shri Asit Mitra is not present in the House, I do not take it into consideration.

The question before the House that the West Bengal Parliamentary Secretaries (Appointment, Salaries, Allowances and Miscellaneous Provisions) Bill, 2012 be taken into Consideration. As many as are of that opinion will please say 'Aye' as many as are of the contrary opinion will please say 'No' Ayes have it. Ayes have it.

Clauses 2 to 12

Mr. Speaker : There is no amendment to clasuses 2 to 12 . So, I put clauses 2 to 12 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye', as many as are of the Contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and Title.

Mr. Speaker : There is no amendment to Clause I, Enacting Formula, Preamble and Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Shri Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Parliamentary Secretaries (Appointment, salaries, Allowances and Miscellaneous Provisions) bill, 2012, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : Now, the question before the House is that the West Bengal Parliamentary Secretaries (appointment, Salaries, Allowances and Miscellaneous Provisions) Bill, 2012, as settled inthe Assembly, be passed. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will pleased say No. Ayes have it, Ayes have it.

The Bill is passed, the Bill is passed.

The House is adjourned till 1.00 p.m today.

[1.00–1.10 pm]

[After Adjournment]

SHORT DURATION DISCUSSION UNDER RULE 194

Mr. Speaker : Now I call upon Shri Tapas roy to raise discussion under rule 194 of the Rules of Prodedure and Conduct of Busicess in the West Bengal Legislative Assembly on the subject of Urge for withdrawal of ban imposed by the Union Environment Ministry in the Haldia Industrial Zone of Purba Medinipur district.

শ্রী তাপস রায় : অনারেব্‌ল্ স্পিকার স্যার, আপনার অনুমতিক্রমে আণ্ডার রুল ১৯৪ আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সভায় আলোচনার জন্য উত্থাপন করছি। পূর্ব মেদিনীপুরের হলদিয়া শিল্প নগরীতে শিল্পায়নের প্রথম প্রতিবন্ধকতার কেন্দ্র পরিবেশ দপ্তরের নিষেধাজ্ঞা। বার বার অনুরোধ করা সত্বেও এখনো নিষেধাজ্ঞা ওঠেনি। শিল্পায়নের বহু প্রস্তাব এই নিষেধাজ্ঞাতে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। পরিবেশের ভারসাম্য রক্ষা করার প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া সত্ত্বেও এবং কর্মসংস্থানের লক্ষে ও দ্রুত শিল্পায়নের লক্ষে এই নিষেধাজ্ঞা প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। এই সভা কেন্দ্রীয় সরকারের কাছে অবিলম্বে এই নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবী জানাচ্ছে।

স্যার, গত ২ বছর ধরে নভেম্বর ২০১০ থেকে 'সেপি' সারা ভারতবর্ষে প্রায় ৪৩ টা ক্লাষ্টার ভাগ করে এবং আমাদের বাঙলায়, মেন্‌লি হলদিয়া, এছাড়াও রয়েছে আসানসোল, দুর্গাপুর এবং

হাওড়া। বিভিন্ন জায়গায় যে নিষেধাজ্ঞা জারি করেছেন, সেই বিষয়ে আমাদের সরকার আমাদের শিল্প মন্ত্রী সম্মানীয় পার্থ চট্টোপাধ্যায়, আমাদের পরিবেশ মন্ত্রী সম্মানীয় ডঃ সুদর্শন ঘোষ দস্তিদার বার বার এই সরকারের এবং কেন্দ্রীয় সরকারের দপ্তরের দৃষ্টিগোচরে এনেছেন। শুধু তাই নয়, তারা গিয়ে দেখাও করেছিলেন সেই দপ্তরের মাননীয়া মন্ত্রীর সঙ্গে। তাঁর সঙ্গেও কথা বলেছিলেন। তিনি কনভিন্সড্ ছিলেন এবং তিনি বলেছিলেন যে ডারবান থেকে ফিরে এসে- কথা দিয়েছিলেন পার্থ চট্টোপাধ্যায়কে এবং ডঃ সুদর্শন ঘোষদস্তিদারকে-এই নিষেধাজ্ঞা তুলে নেবেন। এই নিষেধাজ্ঞা তুলে নেওয়ার আগে তারপরেও তিনি ফিরে এসে একটা মনিটরিং টিম্ পাঠিয়েছেন। যে মনিটরিং টিম্ এসে হলদিয়া ঘুরে গেছে স্যার। হলদিয়া ঘুরে দেখে গিয়ে আমাদের সরকারের শিল্প দপ্তরের, পরিবেশ দপ্তরের অফিসারদের সঙ্গে কথাবার্তা বলে তারা যে রিপোর্ট প্লেস্ করেছিল, সেই রিপোর্ট আমাদের ফেবারেই ছিল স্যার। আমার মনে হচ্ছে, পশ্চিমবাংলা গত ৩৪ বছর ধরে শিল্পে ধুঁকছে। পশ্চিমবাংলায় গত ৩৪ বছর ধরে শিল্পে বিনিয়োগকারীরা এসে ফিরে যাচ্ছে। বিশ্ব থেকে, ভারতবর্ষ থেকে বিনিয়োগকারীরা নতুন ইন্ড্রাষ্ট্রি - এই বিষয়গুলো আমাদের সরকার যখন চিন্তা-ভাবনা করেছিল, তার ম্যানিফেস্টোতেও দিয়েছিল এবং ম্যানিফেষ্টো তো আমাদের পরিবেশের কথা স্যার। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় পরিবেশের ব্যাপারে অনেক বেশি এমফ্যাসিস দিয়েছিলেন আমাদের মানিফেষ্টোতে। পরিবেশ নিয়ে আমরা অত্যন্ত কন্সাস্। পরিবেশের বিষয়টা অত্যন্ত গুরুত্ব সহকারে দেখা হচ্ছে এবং পরিবেশের জন্য আমাদের আলাদা মন্ত্রী রয়েছেন।

তিনি অত্যন্ত গুরুত্ব সহকারে ব্যাপারটা দেখছেন, শিল্পমন্ত্রী অত্যন্ত গুরুত্ব সহকারে ব্যাপারটা দেখছেন যাতে হলদিয়ার মতো জায়গায় আসানসোল,দুর্গাপুর এবং part of Howrah -তে যাতে শিল্প নতুন করে গড়ে ওঠে, বেকার যুবক কর্মের সংস্থান পায়, অর্থনীতি চাঙ্গা হয়, এবং পাশাপাশি বিনিয়োগকারীরা তারা ঝাপিয়ে পড়ে, নতুন শিল্প গড়ে ওঠে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে যে রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে এবং পরিকল্পিত চক্রান্ত করে আজকে আমাদের এই কেন্দ্রীয় সরকারের Environment Department তারা এই ছাড়পত্র দিচ্ছে না, এই নিষেধাজ্ঞাটা তুলছে না। তারা এই ব্যানটা লিফট করছে না। এটা অত্যন্ত দুঃখের। আমরা জানি স্যার, যে Comprehensive Environment Pollution যে Index (SEPI) ৪৩ ক্লাস্টার সারা ভারতবর্ষে আমাদের বাংলায় হলদিয়া, আসানসোল,দুর্গাপুর, মেনলী হলদিয়া We are very much concerned about Haldia এবং Part of Howrah -তে যে ইনডেক্স যেটা আপনার critically polluted zone হিসাবে যেটা 70, তাহলে তো এখন 67.84 চলছে। তাহলে তো তুলে নেওয়া উচিত Immediate, immediate সেই ব্যানতো লিফট করা উচিত। অন্যান্য জায়গায় সেগুলো হয়তো বেশী রয়েছে, কিন্তু হলদিয়াতে যা যা করা দরকার technical point of view থেকে নাম্বার ওয়ান, নাম্বার টু জল তোলা যাবে না তলার। স্তরের ব্যাপারে নীচের জল তোলা যাবে না। গাছ পুঁততে হবে, নতুন সবুজায়নের ব্যাপারে করতে হবে ইত্যাদি। স্যার, এই ব্যাপারগুলো সমস্তই করা হয়েছে। ধুলোবালি সংক্রান্ত এবং technical point of view থেকে যা যা করা উচিত Environment point of view থেকে সেগুলো কিছুই আমাদের সরকার শিল্পদপ্তর এবং পরিবেশ দপ্তর তারা এই কাজগুলো করেছে। Sponge iron-

এর ক্ষেত্রেতো আমরা সিরিয়াস, এই সরকার সিরিয়াস, দপ্তর সিরিয়াস। সেখানে আমরা কোন কিছু বলছি না। কারণ মানুষকে মেরে, মানুষের প্রয়োজনে, মানুষের ক্ষতি করে এই সরকার কোন কাজ না করেছে, না করছে, না করবে। তাই আমরা এই যে নিষেধাজ্ঞা চলছে রাজ্যের স্বার্থে আমরা, বর্তমান সরকার, আমরা যে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছি তার প্রেক্ষিতেই এই নিষেধাজ্ঞা তুলে নেওয়া উচিত। আপনার গত ২৫ শে ডিসেম্বর হলদিয়া ডেভালপমেন্ট অথরিটি এপীল করেছিল ইউনিয়ন মিনিষ্টারের কাছে, Ministry of Environment and Forest (MOEF), যে এই ব্যান তুলে নাও। এবং তারা বলেছিল যে নতুন ইন্ডাস্ট্রিয়াল প্রোজেক্ট ইন্ডাস্ট্রিয়াল বেল্টে যেগুলো রয়েছে পশ্চিমবাংলায় ইনক্লুডিং হলদিয়ায় সেগুলোকে তুলে নেওয়া হোক। এবং তদানীন্তন অনেক বড় বড় মন্ত্রীর সঙ্গেও সেই সময় কথা বলেছিলেন আমাদের মন্ত্রীরা, সেই সময় যাঁরা মন্ত্রী ছিলেন এবং আমাদের সাংসদেরা। সবচেয়ে বড় কথা হলো যে HDA হলদিয়া ডেভালপমেন্ট অথরিটি তাদের কর্তা বলছেন The Union environment ministry has extended the ban imposed on 43 highly polluted clusters across the country till March next year. The ban on industrial clusters includes Haldia, Howrah and Asansol in West Bengal. But we have appealed to both the State government and the Centre to look into the matter so that every investor canget environment clearances as early as possible. কিন্তু তাতেও আমরা দেখছি কোন সদ্বর্থ্যক ভূমিকা কেন্দ্রীয় সরকারের পরবেশ দপ্তর গ্রহণ করে নি। According to HDA Officials, at least 12 major industries including Haldia Energy Limited, India Power Corporation (Haldia) Ltd. RH Projects STV Technologies, Haldia Free Trade Warhousing Pvt. Ltd. Sinosteel Rolls Inda Pvt Ltd. Shamon Ispat Ltd, Hindustan Gypsum and Euclix Shipbuilders Pvt. Ltd. তারা সমস্ত অপেক্ষা করছে for environment clearances, তারা এই পরিবেশের ছাড়পত্রের জন্য অপেক্ষা করছে, তারা দ্রুত গতিতে কাজ এগোতে পারছে না। অর্থনীতি চাঙ্গা করার প্রশ্নে এবং চাকরীর প্রশ্নে, কর্মসংস্থানের প্রশ্নে কেন্দ্রীয় সরকারের এই ব্যাপারটা অত্যন্ত গুরুত্ব সহকারে দেখা উচিত বলে আমি মনে করি। If the ban is lifted within a few months. investors will start their projects soon. এটা আমি মনে করি মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া। এ্যাবাউট ৪৩টা ক্লাস্টার with a CEPI score of 70 and above on a scale of zero to 100 were declared critically polluted. Of the three sites in Bengal, Haldia was found to be the most polluting with a CEPI score of 75.43, যেটা আজকে 68.74, সুতরাং লিফটিং ব্যানের যে ব্যাপারটা ছিল সেটা আজকে আর নেই, আমাদের যে সরকার যা যা করা উচিত, পরিবেশ দপ্তর যা যা বলেছিলেন, যা যা করা উচিত technical point of view থেকে Environment point of view থেকে সেই সমস্ত কাজ আমরা করেছি।

জল না তোলা, গাছ লাগানো, ধুলোবালি সংক্রান্ত এবং আদার টেকনিকাল পয়েন্টস এর ব্যাপারটা। সুতরাং যেখানে যেগুলো বাড়তি রয়েছে সেখানে আমরা সেগুলো করব এবং সেগুলো হয়ে গেলে নিশ্চয়ই আমরা সেটার জন্যও ছাড়পত্র চাইব। If the PCB assesses the

pollution in Haldia now it will find an improved situation compared to the previous measurements. তাই মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমার পরে যারা অংশগ্রহণ করবেন মাননীয় দুই মন্ত্রী এখানে রয়েছেন - শিল্পমন্ত্রী এবং পরিবেশমন্ত্রী তারাও বলবেন, আরও অনেক পার্টিসিপেন্টস আছেন তারাও বলবেন। আমি তাই আজকের এই সভার মাধ্যমে এই বিশেষ জরুরি বিষয়টি উত্থাপিত করে আমার বক্তব্য রেখে বলছি, কেন্দ্রীয় সরকার যাতে যত তাড়াতাড়ি সম্ভব, যত সত্তর এই ব্যান তুলে নেন যাতে বাংলায় নতুন শিল্প গড়ে ওঠে, বিনিয়োগ কারীরা আসে, অর্থনীতি চাঙ্গা হয় এবং কর্মসংস্থানের বন্দ্যোবস্ত হয়। এই বলেই আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[1.10–1.20 p.m.]

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমাদের এই সভার মাননীয় বিধায়কগণ, আজকে আমাদের মাননীয় বিধায়ক শ্রী তাপস রায় মহাশয় যে বিষয়টির প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন সেটি আপনারা সকলেই জানেন। পশ্চিমবঙ্গের সামগ্রিক শিল্পোন্নয়ন, কর্মসংস্থান, উন্নয়ন এবং অর্থনৈতিক পরিপ্রেক্ষিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এতটাই গুরুত্বপূর্ণ যে, বিশেষ করে হলদিয়া, আসানসোল এবং হাওড়ার কিছু অঞ্চলে যে নিষেধাজ্ঞার কথা উনি বলছিলেন, এটা ঠিকই যে দু'বছর ধরে 2010 সালে একটি নোটিফিকেশানে কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল পলিউশান কন্ট্রোল বোর্ড, তারা ১৩.০১.২০১০ সালে নোটিফিকেশানে বললেন যে, পশ্চিমবঙ্গের হলদিয়া, হাওড়ার লিলুয়া, বামনগাছি এ্যাণ্ড জালান কমপ্লেক্স এবং আসানসোলের বার্ণপুর এরিয়া সারাউন্ডিং ইসকো এই জায়গাগুলো ক্রিটিকালি পলিউটেড এরিয়া। এই ক্রিটিকালি পলিউটেড এরিয়া বলার জন্য টেকিনকালি এরা একটি ইনডেক্স তৈরী করেছিলেন। Comprehensive Environment Pollution Index যেটাকে CEPI হিসাবে মনে করা হয়। এবং সেই ইনডেক্সটা যখন ৭০-এর বেশী হবে, যেখানে ৭০-এর বেশী হবে সেখানে নতুন ইন্ডাস্ট্রি করা যাবে না। এটাই গাইড লাইন ছিল। এবং পরে গভর্নমেণ্ট অফ ইন্ডিয়া যে নোটিফিকেশান করে যেখানে তারা বলে যে, কি কি ধরনের স্টেপস নিতে হবে, compliance and measures গুলো নিতে হবে যার ফলে আমরা পরবর্তীকালে সেখানে শিল্প করতে পারিনি। এর পরবর্তীকালে বিভিন্ন সময় একটা টাস্ক ফোর্স তৈরী হয় এবং আমাদের পলিউশান কন্ট্রোল বোর্ড ওদের গাইড লাইনগুলো মেনে নিয়ে, সমস্ত যেগুলো তাপস রায় মহাশয় অনেকটাই আপনাদের বলেছেন ডিটেলসয়ে। অনেকগুলো এরিয়া আছে যেগুলো আমরা অবশ্যই করতে পারি। সেগুলো কি কি তার টেকনিকেল দুই-একটা পয়েন্ট বলি। যেমন- Nitrogen Blanketing, Continous On Line Monitoring System with real time reporting অর্থাৎ কোথায় একটা ধূলোময়লা- যে বালি, আমাদের যে ডাস্ট মেটিরিয়াল সেটাকে এ্যারেস্ট করা হচ্ছে কিনা, ধূলো উড়ে বেড়াচ্ছে কিনা তার জন্য Electrostatic Precipitator, ESP ব্যবহার করা হয়। অনেক ইন্ডাস্ট্রি যারা নিয়মকানুন মানেন না তারা অনেক সময় সেই ESP- 'টা রাত্রিবেলা বন্ধ করে দেয় ইলেকট্রিক কারেণ্ট বাঁচানোর জন্য। আমাদের দপ্তর থেকে আমি এবং আমার অফিসাররা মিলে ঠিক করেছি যে, On Line Monitoring System অর্থাৎ সেখানে তার ESP মেশিনটা চলছে কিনা

সেটা সরাসরি দিনরাত-24ঘণ্টা ধরেই এখানে অন লাইন চলে আসবে এবং আমরা মনিটার করতে পারব সে ফাঁকি দিচ্ছে কিনা। এই ধরনের আরও অনেকগুলো আছে। Wall installation, ETP installation এবং Dust Extraction System. যে জলটা ব্যবহার করা হবে এই সব শিল্প বিশেষ করে স্পঞ্জ আয়রন ইন্ডাস্ট্রিতে আছে, বহু জায়গায় আছে প্রচুর জল তুলে নেয়। Surface water conservation, rain water conservation অথবা পাইপ লাইন দিয়ে দূরর্বতী নদী বা খাল থেকে জল নিয়ে আসে। যাতে গ্রাউণ্ড ওয়াটার ডিপ্লিশান জলের লেভেল যে নেমে যাচ্ছে এমন কি তার ফলে arsenic pollution fluoride pollution হয় সেটা যাতে না হয় সে সমস্ত পদ্ধতিগুলো করতে বলা হয়েছিল। আমরা এই সমস্ত করে আমাদের যে পলিউশান ইনডেক্স থাকে সেটাকে অনেকটা নামিয়ে আনতে পেরেছি। এর সঙ্গে আছে কিছু ন্যাচারাল জিনিস গ্রিন বেল্ট কভারেজ। কত গাছ লাগাতে হবে একটা জেনারেল গাইড লাইন দেওয়া হয়েছিল যে, ৩৩% জায়গা তোমাকে গাছ দিয়ে ভরিয়ে দিতে হবে। কোন ধরনের গাছ কাছে লাগানো হবে, কোন ধরনের গাছ পেরিফেরিতে লাগানো হবে তারও গাইডলাইন দেওয়া হয়েছে এবং সেটাও অনেক ক্ষেত্রে মানা হয়েছে। এগুলো মানার পরে কিন্তু আমাদের যে ইনডেক্সটা সেই ইনডেক্সটা নেমে যাচ্ছে কিনা দেখার জন্যে সেন্ট্রাল পলিউশান কন্ট্রোল বোর্ড এবং আমাদের যৌথ এবং আই. আই. টি দিল্লী মিলে একটা এ্যাসেসমেন্ট হয়। এবং দেখা যায় যে, আমাদের হলদিয়া অঞ্চলের যে Comprehensive Pollution Index বা যাকে আমরা CEPI বলছি সেটা এখন নেমে এসেছে আপনার ৬৮ এবং আসানসোল ৭১। এটা আরো কমেছে এখন ৬৮ থেকে ৭০-র মতো হয়েছে। তারমানে, ৬৮ মানে কিন্তু আপনার MOE-এর যে guide line আছে criteria আছে যে,৭০- তলায় হলে সেটা acceptable, আমরা সেখানটায় reach করে গেছি। সেটা আমরা reach করতে পেরেছি। তার ফলে এখন তারা তুলে নিতে পারেন। এরপরে আমি নিজে গেছি, আমাদের সেক্রেটারিরা বহুবার চিঠি লিখেছেন, আমি এবং অনারেবল শিল্পমন্ত্রী পার্থ চ্যাটার্জী এখানে আছেন, আমরা একসঙ্গে গেছি এবং গিয়ে কথা বলেছি, এবং আমাদের আশ্বাস দেওয়া হয়েছিল যে এটা তুলে নেওয়া হবে, তুলে নেওয়া হয়নি। আমি এই সভাকে, এগুলোতে technical কথা আছে, আপনারা নিশ্চয় বুঝতে পারলেন যে, ৬৮ ব্যাপারটা কি বা ৭০ ব্যাপারটা কি pollution control-র যে Index-টা। এরপরে দিল্লি IIT এবং MOE মিলে একটা assessment করে বিভিন্ন জায়গায়, আমি আপনাদের কাছে দু' একটি উদাহরণ রাখছি। গুজরাত, গুজরাতের একটা জায়গা আছে ভাপি বলে, অত্যন্ত গুরুত্বপূর্ণ information মাননীয় বিধায়করা জানুন যে, ভাপি হচ্ছে পৃথিবীর যে কয়টা polluted জায়গা আছে তার ১০টার মধ্যে একটা। তার CEPI Index হচ্ছে, প্রায় ৯০, ৮৯.৯৭। সেটাও ২৬.১০.২০১০-এ তার moratorium তোলা হয়ে গেছে, এটা গুজরাতে। এরপরে ভাবনগরে সেই একই ব্যাপার। সেখানে এখন ৭০.৮৬-এ ২০১১-এর ফেব্রুয়ারী মাসে তোলা হয়েছে। আমি আপনাদের সামনে আরো কিছু রাখি, উত্তরপ্রদেশে, গাজিয়াবাদ, সেখানে CEPI আছে ৭৬। অর্থাৎ যেটা overall CEPI তার থেকে আরো বেড়েছে। Moratorium তুলে নেওয়া হয়েছে। বারাণসী, বা আপনার সিঙ্গারৌলি, হরিয়ানায় আমি বলছি। পাণিপথ, হরিয়ানার পাণিপথে এখন CEPI হচ্ছে ৭৯। তারমানে আগে ছিল ৭১, এই guide line বলার পরে ওরা যে ব্যবস্থা নিল তাতে ভালো নয় আরো খারাপ হয়েছে। ৭১ থেকে ৭৯

হয়েছে। সেটাও কিন্তু ৩১.৩.২০১১ তে তুলে নেওয়া হয়েছে। এটা হচ্ছে আপনার হরিয়ানাতে। এককথায় আমি বলতে পারি মহারাষ্ট্র সম্বন্ধে, যে, মহারাষ্ট্রতে নবি মুম্বাই, নবি মুম্বাইতে আগে ছিল ৭৩, যখন এই সমস্ত restriction চাপানো হয়, রো যে step নিয়েছে তারপরে ওটা বেড়ে হয়েছে ৭৯। তারমানে আগের চাইতে pollution আরো বেড়ে গেছে। ফলটা কি হয়েছে? সুন্দর ফল হয়েছে। ওদের moratorium তুলে নেওয়া হয়েছে ২০১১-এর ফেব্রুয়ারী মাসে। আমি আপনাদের আরো উদাহরণ দিতে পারি কিন্তু আপনাদের সময় নষ্ট করতে চাই না। এরকম অন্ধ্রপ্রদেশ, পাঞ্জাব, কোয়েম্বাটুর থেকে সমস্ত জায়গাতেই কিন্তু এটা আছে যে, CEPI Index আরো খারাপ হয়েছে, pollution আরো খারাপ হয়েছে, তাসত্ত্বেও আপনার moratorium তুলে নেওয়া হয়েছে। আর পশ্চিমবঙ্গের হলদিয়াতে ৭০ থেকে আমরা নামিয়ে ৬৮-এ এসেছি তবুও আমাদের এটা তুলে নেওয়া হয়নি। আমি, মাননীয় শিল্পমন্ত্রী, আমাদের department-র সেক্রেটারিরা, আমাদের department-র Officer-রা বারে বারে লিখেছেন, চিঠি লিখেছেন, আমরা ব্যক্তিগতভাবে গেছি, আমি মাননীয় মন্ত্রীর সঙ্গে আধ ঘন্টা মিটিং করেছি কিন্তু তারপরেও আমাদের এটা তুলে নেওয়া হয়নি। এটা অত্যন্ত দুঃখের বিষয়। আমি এই হাউসের সামনে বলতে চাই যে, অত্যন্ত দুঃখ লাগছে ভাবতে যে, কেন্দ্রীয় সরকার খুব ভালোভাবে জানছেন যে, আমাদের এবং তাদের যে যৌথ Committee, যে committee এক সঙ্গে বসে এগুলো চালু করেছে এবং recommendation অনুযায়ী যে final recommendation অনুযায়ী আমাদের CEPI Index নেমে এসেছে তারপরেও তারা আমাদের এটা তোলেনি। আমি এখানে আপনাদের একটা information দিতে চাই, আপনারা শুনলে খুশি হবেন, এবং এই খবরটা বেরোনো দরকার আছে, আমরা ঠিক সেইভাবে বলতে পারিনি আগে যে, একটা centre for Environmental Studies, CES বলে আছে, ভারতবর্ষের একটি সংস্থা যেটিকে আন্তর্জাতিকভাবে স্বীকৃতি দেওয়া হয় এবং অত্যন্ত নামী একটা সংস্থা বলে মনে করা হয়। তারা তাদের একটা Green Rating Project- GRP, that found that the steel sector was performing poorly on the environment front largely because of poor regulatory enforcement by the State Pollution Control Baord, SPCBs. এরপর তারা সেই Rating -এ তারা বলছেন, আমরা বলছি না। কেন্দ্রীয় সরকার বা অন্য একটা সংস্থা, স্বশাসিত সংস্থা, যাদের আন্তর্জাতিক স্বীকৃতি আছে তারা বলছেন, কি বললেন তারা, GRP- Green Rating Project rank the boards under the basis of compliances monitoring an enforcement action. The West Bengal State Pollution Control Board perform the best - West Bengal State Pollution Control Board perform the best followed by Orissa, Maharashtra, Andhra Pradesh, Chatirishgarh, Karnataka. Gujrat and Jharkhand.

[1.20–1.30 p.m.]

এটা আমাদের রিপোর্ট নয়, একটা ইন্টার ন্যাশনাল সংস্থার রিপোর্ট, যা আমাদের পলিউশান কন্ট্রোল বোর্ড আপ্রাণ চেষ্টা করেছে, আন্তরিকভাবে কাজ করেছে। দক্ষতার সঙ্গে কাজ করার ফলে আমাদের সেপি মেনে এসেছে। সমস্ত জায়গায় আমাদের শিল্প জায়গাগুলোতে পলিউশান কমেছে।

বিশেষ করে হলদিয়ায় যে সেপি বা ইনডেক্সটা ৭০ থেকে নেমে ৬৮ হয়েছে। অর্থাৎ এখন আমাদের এই মোরাটোরিয়াম খোলার জন্য আর কোনো বাধা নেই। আমার মনে হয় এই কারণটা আমি জানি না। এটা ভাবতে খারাপ লাগছে, আমাদের ফেডারেল স্ট্রাকটারের মধ্যে কেন্দ্রীয় সরকার, আমাদের শিল্পোন্নয়নের যে মেইন জায়গা, মাননীয়া মমতা বন্দোপাধ্যায় শিল্পোন্নয়ন, ছেলেমেয়েদের চাকরি, আমাদের অর্থনৈতিক উন্নতি, রাজ্যের সার্বিক উন্নতি - আজকে যে কল্পনা - আমার মনে হয় তার একটা বিরাট ডিসটেন্স হলদিয়া, আমাদের ফিউচার ইনভেস্টমেন্টের জন্য। মাননীয় শিল্পমন্ত্রী এখানে আছেন, উনি বলবেন যে কি কি ধরনের প্রস্তাব আছে। বিরাট প্রস্তাব ওয়েট করে আছে। কিন্তু আমার মনে হচ্ছে পশ্চিমবঙ্গকে খানিকটা ইচ্ছাকৃতভাবে অথবা উদাসীনভাবে তারা এটা করছেন না। আমি আশা করবো যে কেন্দ্রীয় সরকারে যারা দায়িত্বে আছেন, কেন্দ্রীয় পলিউশান কন্ট্রোল বোর্ড এবং কেন্দ্রীয় মন্ত্রী মহোদয় যিনি আছেন, তিনি নিশ্চয় সুবিচার করবেন। তার সুবুদ্ধির উদয় হবে এবং পশ্চিমবঙ্গের সামগ্রিক উন্নয়নের কথা ভেবে আমরা শিল্পোন্নয়নের যে কাজ হাতে নিয়েছি, উন্নয়নের যে কাজ , মা মাটি মানুষের সরকার আমাদের নেতৃ মমতা বন্দ্যোপাধ্যায় তিনি যা চেয়েছেন, তাকে মাথায় রেখে সেন্ট্রাল পলিউশান কন্ট্রোল বোর্ড এবং কেন্দ্রীয় পরিবেশ দপ্তর তারা আমাদের হলদিয়া, আসানসোল এবং হাওড়ায় মোরাটোরিয়াম এনেছেন, বিশেষ করে হলদিয়াতে, যেখানে তাদেরই নির্দেশিত গাইড লাইন ৭০ থেকে নেমে ৬৮-এ এসেছে, তারা সেটা অবশ্যই করে নেবেন খাতেক আমাদের শিল্পোন্নয়নে কোনো বাধা না থাকে। আমি মাননীয় সভ্যবৃন্দদের কাছে এই প্রস্তাব রাখছি। আমার মনে হয় এই ধরনের প্রস্তাব নিশ্চয় গ্রহণ করা উচিত। আমাদের মাননীয় শিল্পমন্ত্রী এখানে আছেন। তিনি আরো বিশদে আপনাদের বলবেন যে শিল্প নিরিখে এর ফলে পশ্চিমবঙ্গে কতটা ক্ষতি হচ্ছে। তাই আমি এই কয়েকটা কথা বলে আমি আপনাদের বোঝাতে চেষ্টা করলাম যে আমাদের পলিউশান কন্ট্রোল বোর্ড বিগত দেড় বছর অর্থাৎ ১৮ মাস সময় যে কাজ করেছেন তা অত্যন্ত প্রশংসাযোগ্য তো বটেই এবং তার আন্তর্জাতিক স্বীকৃতি মিলেছে। আপনারা যারা চাইবেন আপনাদের প্রত্যেকের কাছে পাঠিয়ে দেওয়া যেতে পারে যে অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে আমরা কিভাবে কাজ করছি। কিন্তু কেন্দ্রীয় সরকার অজানা কারণে পশ্চিমবঙ্গকে সম্পূর্ণ অগ্রাহ্য করে পশ্চিমবঙ্গের মানুষের যে উন্নয়নের আকাঙ্ক্ষা তাকে দূরে ঠেলে রেখে আমাদের আর্থিক উন্নয়নের রাস্তাটাকে খানিকটা বন্ধ করার একটা রাস্তা তৈরি করেছেন এই মোরাটোরিয়ামের মাধ্যমে। আমি আশা করবো অত্যন্ত দ্রুত কেন্দ্রীয় সরকার এই মোরাটোরিয়াম তুলে নেবেন, হলদিয়াকে অন্তর্ভুক্ত করে নেবেন যাতে সেখানে শিল্পোন্নয়নের কাজ আমরা দ্রুত গতিতে করতে পারি। নমস্কার। ধন্যবাদ।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, শ্রী তাপস রায় পশ্চিমবঙ্গ বিধানসভার কার্য প্রণালী ও পরিচালন নিয়মাবলীর ১৯৪ নং নিয়ম অনুযায়ী পূর্ব মেদিনীপুর জেলার হলদিয়া শিল্পাঞ্চলে কেন্দ্রীয় পরিবেশ দপ্তরের নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবিতে যে আলোচনার সূত্রপাত করেছেন সেই সম্পর্কে আমি কিছু কথা এখানে রাখতে চাইছি। প্রথমত পরিবেশটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিল্প যেভাবে হচ্ছে, শিল্পায়ন যেভাবে হচ্ছে, তাতে যে পরিবেশ বিনষ্ট হচ্ছে, এটা নিয়ে কোথাও কোনো সন্দেহের জায়গা নেই। সেই পরিবেশ রক্ষার্থে সেন্ট্রাল পলিউশান কন্ট্রোল বোর্ড এবং স্টেট পলিউশান কন্ট্রোল বোর্ড তারা তাদের কিছু নিয়ম কানুন এবং তারা কিছু ইনডেক্স, সেন্ট্রাল যে

ইনডেক্স আছে, অর্থাৎ যেটাকে সেপি বলা হচ্ছে, সেই সেপির নির্দেশ অনুযায়ী সেটা গাইডেড হয়। এটা আমরা সবাই জানি। এই অনুযায়ী যেটা দেখা যাচ্ছে, যেটা তাপসবাবু তাঁর বক্তব্যের মধ্যে উল্লেখ করেছেন যে হলদিয়ার কিছু শিল্প সংস্থা, সেই সংস্থার ওপরে তারা নিষেধাজ্ঞা জারি করেছে। যেটা দেখা যাচ্ছে, এই সি পি সি বি বা সেন্ট্রাল পলিউশান কন্ট্রোল বোর্ড একটা ব্ল্যাঙ্কেট মোরাটোরিয়াম এই সমস্ত ইন্ডাস্ট্রিয়াল ইউনিটগুলোর ওপর জারি করেছে। আরো একটা জিনিস দেখা যাচ্ছে যে শুধু এগুলো জারি করেছে তা নয়, নতুন কোনো ইন্ডাস্ট্রিয়াল ইউনিট সেখানে করা যাবে না সে কথাও তারা সেখানে বলেছে এবং হলদিয়ার সঙ্গে আসানসোল, হাওড়ার কতগুলো এরিয়া এরসঙ্গে যুক্ত করেছে। এটা আমরা রিপোর্টের মধ্যে দেখছি। মাননীয় পরিবেশ মন্ত্রী যেটা বললেন, সেটা হচ্ছে, যে ইনডেক্সগুলো স্যাটিসফাই করার কথা, যে পলিউশানের মাত্রা স্যাটিসফাই করার কথা, সেটা স্যাটিসফাই করার জন্য যা যা মেজার নেওয়ার কথা, উনি একটা ই. এস. পি-এর কথা বলেছেন, ইলেকট্রো স্ট্যাটিক স্পেসিফিকেটর কোথাও কোথাও কাজ করছে, আবার কোথাও রাতে তা বন্ধ করে দেওয়া হচ্ছে। তাতে বাতাসে পলিউশানের এলিমেন্টসগুলো বাড়ে সেটা মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন। পাশাপাশি উনি আরও কিছু কথা বলেছেন এবং ডিসক্রিমিনেশানের উদাহরণ হিসাবে তিনি কতগুলো রাজ্যের উদাহরণ দিয়েছেন। তার মধ্যে গুজরাটের উদাহরণ তিনি দিয়েছেন এবং আরও কিছু রাজ্যের উদাহরণও তিনি দিয়েছেন। যেখানে CEPI-এর মাত্রা নাইনটি, সেখানে নাইনটি হওয়া সত্ত্বেও কিন্তু মোরাটোরিয়াম তুলে নেওয়া হয়েছে, এই ইনফর্মেশানও তিনি দিয়েছেন। এখন এত ডিটেইলস ইনফর্মেশান আমার কাছে নেই, পরিবেশ মন্ত্রী হিসাবে ওনার কাছে স্বভাবতঃই ইনফর্মেশান অনেক বেশী আছে। গোটা দেশে ৪৩টি ক্লাস্টার অফ ইন্ডাস্ট্রিসের উপরে এই ধরনের মোরাটোরিয়াম জারি করা হয়েছে এই তথ্যগুলো আমরা পেয়েছি। এখানে যে বিষয়টা আমি উল্লেখ করতে চাইছি, সেটা হচ্ছে যে ধরনের যন্ত্রপাতি ইউজ করা দরকার - আমরা জানি, বিভিন্ন থার্মাল পাওয়ার প্ল্যান্টগুলোতে ই. এস. পি এবং অত্যাধুনিক যন্ত্রপাতি যেগুলো ব্যবহার করার কথা সেগুলো ব্যবহার করা হচ্ছে না - সরকারের তরফ থেকে এটা দেখা দরকার। আজকে থার্মাল পাওয়ার প্ল্যান্টগুলোর এরিয়াগুলোতে কি অবস্থা, সেখানে যারা থাকেন তারা জানেন। ঐ এলাকার কাছাকাছি যারা বিধায়ক আছেন তারাও দেখেন সেখানকার কি অবস্থা। সেখানকার এয়ার, গ্রাউন্ড ওয়াটারের অবস্থা কি তারা জানেন। এর ভিত্তিতে CEPI-এর মাত্রাটা ঠিকঠাক করা হয়। এখানে যে প্রস্তাব আনা হয়েছে এবং তাপস বাবু ও মাননীয় মন্ত্রীমহাশয় যেটা বলছেন, তার থেকে যে ডিসক্রিমিনেশানের পয়েন্টটা এসেছে সেটা আমি অ্যাকসেপট করছি। অ্যাকসেপ্ট করছি এই কারণেই, ডিসক্রিমিনেশান কেবলমাত্র এখানেই নয়, আমরা দেখেছি এই রাজ্যের বিরুদ্ধে শিল্পায়ণের ক্ষেত্রে বহুদিন ধরেই কেন্দ্রীয় সরকারের তরফ থেকে একটা ডিসক্রিমিনেশান নীতি নিয়ে তারা চলছে। বিগত সরকারও এই ডিসক্রিমিনেশানের কথা বলেছে, বর্তমান সরকারও ডিক্রিমিনেশানের কথা বলছে। সুতরাং এই ডিসক্রিমিনেশানের বিষয়টা all acceptable, এটা আমাদের মনে হয়েছে। আরেকটা জিনিস দেখা দরকার ১৩.১.২০১০ থেকে কিন্তু এই মোরিটেরিয়াম একসটেন্ড করা হয়েছে। অর্থাৎ বিগত সরকারের সময় থেকেই এটা নেওয়া হয়েছে। তখনও যে ব্যবস্থাগুলো নেওয়ার কথা, সেই ব্যবস্থাগুলো নেওয়া হয়েছে কিনা এটা দেখতে হবে। যদি না নেওয়া হয়ে থাকে তাহলে ব্যবস্থাগুলো নিতে হবে। পাশাপাশি ডিক্রিমিনেশানের বিষয়টা কিন্তু গুরুত্বপূর্ণ, এটা কেন্দ্রীয়

সরকারের তরফ থেকে নানা সময় এবং বছরের পর বছর ধরে করা হয়েছে। আমার এখানে কংক্রীট বক্তব্য, কেন্দ্রীয় সরকারের এই বিমাতৃসুলভ আচরণের বিরুদ্ধে কংক্রীট পদক্ষেপ নেওয়া দরকার। যারা প্রস্তাব মুভ করেছে তাদের কাছে আমি আবেদন করছি, আপনারা এটা নিয়ে কংক্রীট আন্দোলন গড়ে তুলুন। কারণ কেন্দ্রীয় সরকার কেবলমাত্র বিমাতৃসুলভ আচরণ করে যাবে, আর বিধানসভায় বসে আমরা শুধু এই রকম সিদ্ধান্ত নেব তাতে কাজের কাজ কিছু হবে না। আমার বক্তব্য হচ্ছে, কেন্দ্রীয় সরকারের এই বিমাতৃসুলভ আচরণ বন্ধ করার জন্য আন্দোলনের কংক্রীট প্রস্তাব আপনারা নিন। নিলেই মনে হয় এই বিষয়টাকে বন্ধ করা যেতে পারে এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[1.30–1.40 pm]

শ্রীমতী শিউলি সাহা : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, পূর্ব মেদিনীপুর জেলার হলদিয়া শিল্পাঞ্চলে কেন্দ্রীয় পরিবেশ দপ্তরের নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবিতে এই সভায় আলোচনা হচ্ছে, সেখানে আমি আমার বক্তব্য রাখছি। আমরা জানি , ২০১০ সাল থেকে শিল্প বহুল এলাকায় যদি দূষণ সেভেনটি ইনডেকস্ হয় তাহলে সেই জোন দূষণযুক্ত বলে চিহ্নিত করণ হয়।

কিন্তু আমরা আশ্চর্য জনকভাবে লক্ষ্য করছি দুর্গাপুর, আসানসোল, হাওড়া, হলদিয়াকে দূষণযুক্ত বলে বলা হয়েছে। এই মুহূর্তে আমার হলদিয়া, যাকে দূষণযুক্ত বলে কেন্দ্রীয় সরকারের পলিউশান বোর্ড এমবার্গ দিয়েছে, এই মুহূর্তে হলদিয়া তার উর্দ্ধে। অর্থাৎ দূষণের আওতার বাইরে। এই মুহূর্তে সেন্ট্রাল থেকে পলিউশান কন্ট্রোল বোর্ডের সদস্যরা হলদিয়ায় এসেছিলেন, ঘুরে গেছেন। আমি যতটুকু জানি তারা ফেভারেই রিপোর্ট দিয়েছেন যে হলদিয়া ইন্ড্রাস্ট্রি জোনকে দূষণমুক্ত করা হোক। আমার কাছে এই খবর আছে। আমি শুধু এটুকু বলতে চাই, যখন বাংলা বেকারত্বর সমস্যায় ভুগছে। বিগত সরকার যখন শিল্পগুলোকে বন্ধ করে দিয়েছে। বহু যুবক যুবতী ইকনমিক স্ট্যাগার্ড যখন আমাদের বিলো হচ্ছে, ঠিক সেই মুহূর্তে কোথায় কেন্দ্রীয় সরকার এগিয়ে এসে পশ্চিমবঙ্গের পাশে দাঁড়িয়ে আমাদের ন্যায্য দাবীকে, ন্যায্য অধিকারকে তারা প্রতিষ্ঠা করবে, তা না করে আমাদের শিল্প মিনিস্টার, আমাদের পরিবেশ মন্ত্রী, আমার তমলুকের সাংসদ এইচ. ডি. এ.-র চেয়ারম্যান তিনি বার বার কেন্দ্রীয় সরকারের এই দফতরের সঙ্গে যোগাযোগ করেছেন, আবেদন করেছেন কিন্তু তার কোন ফল হয় নি। বার বার আশ্বাস দেওয়া সত্ত্বেও আমরা দেখছি ইন্টেনশানালি হলদিয়াকে দূষণযুক্ত করে রাখা হয়েছে। আমার আগের বক্তা বলছিলেন, বিমাতৃ সুলভ। হ্যাঁ, ঠিক। জানি না, কোন অজ্ঞাত কারণে কোন রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য হলদিয়াকে বর্তমানে এই দূষণযুক্ত করা হয়েছে। আমরা যা যা মেজার্স নেওয়া উচিত এইচ. ডি. এ.-র পক্ষ থেকে, আমাদের পরিবেশ দফতরের পক্ষ থেকে, ওখানকার লোকাল লোকদের সচেতন করে সেইভাবে আমরা গ্রিন জোন করেছি। আমরা টোটাল মেজার্স নিয়েছি এবং এখন এই মুহূর্তে আমরা মুক্ত কণ্ঠে বলতে চাই যে, হলদিয়াকে এই দূষণযুক্ত যে নিষেধাজ্ঞা তার বাইরে রাখা হোক। বাংলায় হাজার হাজার শিল্প যারা আসতে চাইছে, যারা অলরেডি আমাদের শিল্প দফতরের কাছে আবেদন করেছে, কেবলমাত্র এই একটি কারণে তারা আসতে পারছে না। ফলে বিনিয়োগ বিনষ্ট হচ্ছে। ফলে আমাদের এলাকায়

এবং গোটা বাংলায় যে সুযোগ ছিলো, যুবক এবং যুবতীদের বেকারত্বের সমস্যা ঘোচার যে জায়গা ছিলো সেই জায়গা থেকে আমরা বঞ্চিত হচ্ছি। আমি আপনাদের কাছে কিছু তথ্য দিতে চাই। এই মুহূর্তে কয়েক হাজার কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে, শুধু একটি কারণের জন্য আমরা তা পারছি না। আমার বিরোধী বন্ধুরা আজকে নেই, আমি আশা করি যারা গলা ফাটান, যারা বেকারদের কথা বলেন, বাংলার দুর্দশার কথা বলেন সেই কংগ্রেস পন্থী মনোভাবাপন্ন বন্ধুদের বলি, আজকে তারা কেন হাউসে নেই? তারা দেখে, হলদিয়াকে দূষণ মুক্ত করার জন্য এই আহ্বান অন্তত সমর্থন করতে পারতেন। আমাদের সমর্থনে তারা বলতে পারতেন। আমরা জানি Jagadis Kapur & Sons এরা অ্যাপ্লিকেশান করেছে। তারা steel scrap processing unit খুলতে চায়, কয়েক হাজার টাকা বিনিয়োগ করতে চায়। IRC Commercial Private Limmited তারা নিয়ে আসতে চায় fly ash based unit, তারা Green Concretex RMC & Manufacturing of Fly Ash & Paver Block আনতে চায়। Hi-tech Service Private Limmited Sagar, তারা আনতে চাইছে Oil tank and body manufacturing, Bay Star, HDPE, packaging unit, Mohana Commercial Private Limited, Manufacturing of hollow block, Barflex polyfilms Private Limited manufacturing of flexible packaging materials তারা আনতে চায়। এছাড়াও দেখতে পাচ্ছি আমার হলদিয়াতে বহু কারখানা যারা সব ২০১০ এর আগে তৈরী হয়েছিলো, তারা শুধু এই এমবার্গ থাকার জন্য খুলতে পারছে না। অথবা এক্সটেনশান করতে পারছে না। বিনিয়োগ করতে পারছে না। তাই এই হাউস থেকে আমি আবেদন করতে চাই।

সবাইকে এর পক্ষে রায় দেওয়ার জন্য বলব, যাতে কেন্দ্রীয় সরকার এমবারগো তুলে নেয়, বাংলাকে এগিয়ে নিয়ে যেতে, বাংলার ভবিষ্যতকে এগিয়ে নিয়ে যেতে হলদিয়া জোনকে দূষণমুক্ত করার হোক। মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি বলি, ২০১১ তে বাংলায় মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠা হওয়ার পর, বাংলার মুখ্যমন্ত্রী তার শিল্পমন্ত্রীর হাত ধরে বাংলায় যখন শিল্পের জোয়ার আনতে চলেছেন তখন এই পলিউশান ইমবার্গো আমাদের মারণ পোকার মত। আমরা দেখেছি, একটা প্রাচীর তুলে দেওয়া হয়েছে। এই প্রাচীরের ফলে আমাদের প্রতিটি পদক্ষেপ, প্রতিটি পদক্ষেপে আমরা আঘাত পাচ্ছি। যে সব ইনডাসট্রি, যেসব কোম্পানি ব্যাংকে লোন নিয়ে তারা কাজ করতে চাইছেন সেখানে ব্যাংক বাধা হয়ে দাঁড়িয়েছে শুধু কেবলমাত্র এমবারগোর জন্য। আমি শুধু আবেদন করব, আসুন আমরা সবাই মিলে এই হলদিয়াকে দূষণমুক্ত করার আহ্বানে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আবার আবেদন জানাই, আবার যাই এবং আজকে এই হাউস থেকে সর্বসম্মতিক্রমে এই প্রস্তাব নেওয়া হোক। মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি আমার শিল্প মন্ত্রী, পরিবেশ মন্ত্রী এবং সভার কাছ থেকে যে রায় আমরা পাব - ইতিমধ্যে সেটা নিয়ে যাওয়ার জন্য সচেষ্ট হয়েছি। আরও হবে, আরও যাবে। আমি আমার বক্তব্যকে দীর্ঘায়িত না করে বিগত দিনে না হওয়া শিল্প যা নিয়ে আজও বাংলা কাঁদছে, বিগত দিনে বিগত সরকারের যে ব্যর্থতা তা আমরা ঘুচিয়ে দিয়ে আমরা নতুন দিগন্ত উন্মোচিত করতে চাই এবং তা আমাদের শিল্প মন্ত্রীর হাত ধরেই হচ্ছে। নিশ্চয় আমরা সেটা লক্ষ্য করছি। এই আবেদন রেখে আমি আবারও বলব, সর্বসম্মতিক্রমে এই প্রস্তাবে রায় দিয়ে বাধিত করবেন, ধন্যবাদ।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, অত্যন্ত একটি গুরুত্বপূর্ণ বিষয় আমরা যারা এই রাজ্যের বাসিন্দা আমরা যারা বেকার যুবক এই রাজ্যে তাকিয়ে থাকি কর্মসংস্থানের জন্য, সম্পদ সৃষ্টির জন্য, তারা সবাই কেন্দ্রীয় সরকারের পরিবেশ দপ্তরের এই নিষেধাজ্ঞা তুলে নেওয়ার জন্য বহুবার মনে প্রাণে চেষ্টা করেছি। আমরা কেন এই প্রস্তাব ১৯৪ এ আনলাম? বিজনেস অ্যাডভাইসারি কমিটির যে মিটিং এ তরুণবাবু এখানে নেই, তরুণবাবু শুনলে উনি বলেছিলেন সবাইকে নিয়ে করার। তরুণবাবু নিজেই বিজনেস অ্যাডভাইসারি কমিটিতে ছিলেন। অধ্যক্ষের কাছে বিরোধী দল সময় চাইলেন আলোচনা করবার জন্য, আমরা সরকারের পক্ষ থেকে জানালাম নিশ্চয় আলোচনা করা যেতে পারে। আমাদের তরফ থেকে প্রথম দিনেই বলে দেওয়া হয়েছিল, অধ্যক্ষ জানিয়েছিলেন যে ১৯৪ এ আমরা বেসরকারী আলোচনা করব স্বল্প সময়ের জন্য। আমাদের বিধানসভায় কার্যপ্রণালীর যা বিধান তাতে আড়াই ঘন্টা পর্যন্ত আলোচনা করবার সুযোগ থাকে।

[1.40-1.50]

যদিও অধ্যক্ষ সেই সময় তাঁর ক্ষমতা বলে বাড়াতে পারেন। সেই দিনই আমি প্রথম দিন বলি যে হলদিয়ার পরিবেশ সংক্রান্ত যে নিষেধাজ্ঞা সেই নিষেধাজ্ঞা বহুবার আমাদের পরিবেশ দপ্তর নিজে উদ্যোগ নিয়ে লিখেছে, পরিবেশ দপ্তরের মন্ত্রী নিজে উদ্যোগ নিয়ে লিখেছেন। পরিবেশ দপ্তরের প্রধানসচিব, তিনি লিখেছেন। শিল্প বাণিজ্য দপ্তর থেকে আমি নিজে লিখেছি এবং আমরা দু-জনে মিলে মন্ত্রীর সংগে দেখা করি। যখন ইন্টারন্যাশানাল ট্রেড ফেয়ার গত বছর হয়েছিল সেই দিনটিতে- যে দিন ওয়েষ্ট বেঙ্গল ডে ছিল - আমি এবং ডঃ সুদর্শন ঘোষদস্তিদার দেখা করে তাঁকে বোঝাই যে শিল্পায়নের পক্ষে যাঁরা আওয়াজ তুলছেন তাঁরা কিন্তু শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সাহায্য করছেন না। আমরা রিপোর্ট দিয়ে বোঝাই যে আপনাদের যে কমপ্রিহেনসিভ এনভায়ারনমেন্ট ইনডেক্স ৭০ বা তার উপর থাকলে ক্রিটিক্যালী পলিউটেড এরিয়া বলেছেন, হাওড়ার জালান কমপ্লেক্স এবং আর একটি জায়গা, হলদিয়া, আসানসোল এবং বার্নপুর ইক্কো এরিয়া আমরা নিজেরা গিয়ে বলেছিলাম আমাদের যে রিপোর্ট, আমাদের একটা কমিটি গঠন করা হয়, ২০১০ সালেই ছিল, কাজ না হলেও পরবর্তীকালে আমাদের সরকার আসার পর তার গতি ফিরে পায়। হাওড়া মিউনিসিপ্যালিটি সহ অন্যদের প্রতিনিধিত্ব মুলক একটি স্টেয়ারিং কমিটি তৈরী হয়। পরিবেশ দপ্তর সেটাকে দেখে, এ্যাকশান প্লান তৈরী হয় এবং সেই এ্যাকশান প্লানের রিপোর্ট জমা হওয়ার পর কেন্দ্রের পরিবেশ দপ্তর আবার এসে তারা নিজেরা পরীক্ষা করেন। আমাদের সরকার চলাকালীনই তারা পূর্ব মেদিনীপুরের নয়াচর থেকে শুরু করে সর্বত্রই পর্যবেক্ষণ করে রিপোর্ট জমা দেন এবং সেই রিপোর্ট জমা দেবার পরে সেটা যাওয়ার কথা পরিবেশ দপ্তরের মন্ত্রীর কাছে। কেন্দ্রীয় পরিবেশ পর্ষদ সেটা পাঠিয়ে দিয়েছেন বলে অন্তত আমাদের রিপোর্টে তা আছে। আমরা অবাক হয়ে দেখলাম যে ক্লাস্টারগুলো বন্ধ করে দেওয়া হলো ক্রিটিক্যালী পলিউটেড এরিয়া বলে। বাংলার ভাগ্য তাতে কেন্দ্রীয় সরকারের দাক্ষিণ্য পেল না। যদিও পরিবেশকে রক্ষা করবার অঙ্গীকার বদ্ধ মমতা ব্যানার্জীর এই সরকার যথেষ্ট উদ্যোগ নিয়ে পরিবেশ দপ্তরের মন্ত্রীর নেতৃত্বে এবং তাঁর সহকর্মীদের নিয়ে আমাদের ইনডেক্স ৬৮.০১ নামিয়ে দেবার ব্যবস্থা করা হল। এখান হয়তো আরো নেমেছে। আমি যে সময় রিপোর্টের কথা বলতে গিয়েছিলাম তখন ৬৮.০১ ছিল। অথচ দেখা গেল যে স্টেয়ারিং

কমিটি অফ সি. ই. পি. আই, তারা কিন্তু ১৮টি ক্লাসটারকে ছেড়ে দিয়েছেন বিভিন্ন রাজ্যে। সমস্তটার মধ্যে ১৮ টিকে রেখে, বাদবাকিগুলোকে ছেড়ে দিয়েছিল। ১৮টি ক্রিটিক্যালী পলিউটেড এরিয়া থাকলো, বাদবাকি সবাইকে ছেড়ে দিলেন। আমি অন্য রাজ্যের কথা বলতে চাই না, তারাতো কমপিটিশানে আছেন, কেন বলতে যাবো। কিন্তু আমরা অভিভাবক হিসাবে কেন্দ্রীয় সরকারের কাছে তো এটা জিজ্ঞাসা করব তাদের ছাড়ার কারণটা কি। আমি যদি খারাপ ছাত্র হই, আমাকে তো পড়তে হবে ভাল ছাত্র হিসাবে যাতে আমি পাশ করতে পারি। অন্যরা ৯০ থাকবে, ৮০ থাকবে, ৮৫-তে থাকবে যা ৭০-এর উপর, তাহলে কি নীতি নির্দ্ধারণের ভিত্তিতে তাদের ছাড়া হল? যে পারে না তার পক্ষে জিজ্ঞাসা করাটা স্বাভাবিক। আমরা সে প্রশ্নে না গিয়ে বলছি আমাদের তো আছে, তা সত্ত্বেও কেন ছাড়া হচ্ছে না। সব চেয়ে বড় কথা সি. পি. সি. বি তার রিপোর্ট সাবমিট করেছে মিনিস্ট্রি অফ্ এনভাওরনমেণ্ট ফরেস্টের কাছে। কি অদৃশ্য কারণে গত বছরে ডায়বান থেকে ঘুরে এসে মন্ত্রী নিজে আমাদের কথা দিয়েছিলেন, আমি এবং সুদর্শন বাবু দু'জনে , আমরা মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলাম যে আমাদের ইমিডিয়েটলি পরিবেশ ছাড়পত্র দেওয়া উচিত। উনি বললেন, আমি ডায়বান থেকে ঘুরে আসি, আমি ব্যবস্থা নিচ্ছি। তারপর অনেক কাল কেটে গেল, অনেক বার বলা হল, অনেক চিঠি লিখলাম, মুখ্যমন্ত্রী বললেন, আনন্দ শর্মাজি যখন এখানে এসেছিলেন তখনও তাকে মৌখিক ভাবে আমরা তাকে রিকোয়েস্ট করলাম, কিন্তু কিছুই হল না। বিজনেস অ্যাডভাইজারি কমিটিতে আমি তখন বললাম আসুন, যদিও প্রস্তাবটা আমরা আনছি, আপনারাও একে সমর্থন করুন। বন্ধুরা নেই, কিন্তু কথাটা রয়ে গেছে। তারা আমার কাছে বলেছিলেন যে আপনি একটা ড্রাফ্ট দেবেন আমরা ড্রাফ্টটা দেখব। দেখে আমাদের সম্মতির কথা জানাব। যদি ১৯৪-এ হবে। অনেক ইস্যু আছে, আমরা একত্রিতভাবে কেন্দ্রীয় সরকারের কাছে যেতে পারি। আমি বললাম অনেক ইস্যুর থেকে এই ইস্যুটা অনেক বড়। শিল্প হচ্ছে না বলে অনেকেই আওয়াজ তোলবার চেষ্টা করছেন। কিন্তু বাস্তব অবস্থাটা তারা কেউ অনুধাবন করছেন না, সাফল্যের কথাটা তারা বলছেন না। তারপর বললেন ঠিক আছে পার্থবাবু, আপনি পাঠান আমরা দেখব। আমি বিরোধি দল নেতার কাছে পাঠিয়েছিলাম, আমি কংগ্রেসের পরিষদীয় দলনেতার কাছে ড্রাফটের প্রতিলিপি পাঠিয়েছিলাম এবং আমার আশা ছিল, যেহেতু ড্রাফ্ট দেখে তারা অন্তত: ওনাদের মধ্যে কেউ কেউ জানিয়ে গিয়েছিলেন যে ঠিক লেখাই আছে, আমাদের একটু এদিক ওদিক করলেই আমরা তাতে অংশ নিতে পারি এবং আমরা সমর্থন করব। তারপর আশা নিয়ে বসেছিলাম যে অন্ততঃ তারা এই রাজ্যের কথা ভেবে এই শিল্প হচ্ছে না কেন জবাব দাও মুখ্যমন্ত্রী না করে শিল্প না হওয়ার কারণটা যদি এখানে বসে শুনতেন, আর শিল্প যে হচ্ছে সেটাও যদি শুনতেন তাহলে তাদেরও লাভ হত, আর তাদের মাধ্যমে যে অপপ্রচার এবং তারা যে কথাগুলো বলছেন বাইরে গিয়ে, তাও সংশোধন করবার এবং জ্ঞান লাভ করবার পর জ্ঞানবান হওয়ার পর তারা নিশ্চয়ই সেই কুকথাগুলো বলতে পারতেন। আমি শুধু এই পরিবেশ দপ্তরের হলদিয়ার কথা বলছি না। ধরুন - জুট। হঠাৎ সরকার দেখলাম, কাগজে আমরা চিঠি লিখেছি আনন্দ শর্মাকে, যে আপনারা জুট একশো ভাগ ব্যবহার করবার জন্য, জুটের বস্তা ব্যবহার করবার জন্য, চিনির বস্তা একশো শতাংশ আপনারা বলেছিলেন ব্যবহার করব। সেটা কেন্দ্রীয় সরকার কমিয়ে দিয়ে শুনছি ৪০% করেছে। অনেকে এখানে বলে গেলেন ইনফোসিস নিয়ে। আমরা তো জমি দিয়েইছি। এরা জমি দেওয়ার কথা বলেছিল, আর অন্যেরা এস. ই. জেড-এর

অনুমোদনের দুই দল একত্রিত ছিল। আসে নি কেন? কেউ তো বারণ করে নি? আমি তো বিরোধি দল নেতা ছিলাম। আমি তো দাঁড়িয়ে বলেছিলাম ইনফোসিস আসবে। কেউ তো বারণ করেনি সেদিনকে?

[150-2.00 p.m.]

আমরা প্রতিশ্রুতিবদ্ধ মানুষের কাছে। নির্বাচনের সময়ে গিয়ে আমরা বলেছিলাম যে, আমরা এস. ই. জেড মানবো না। আমরা ইনপোসিসের কাছে গিয়ে বলে এসেছিলাম। উনারা বললেন; জমি কিনে দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কথাটা অসত্য। আমরা কোনো জমি কিনে দিইনি। বরং, ইনফোসিস আসুক। সে দিনও মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, এটা আপনি গিয়ে বলবেন। আমরা সে দিনও বলেছিলাম, আসুক। আজ বলছি, আসুক। কিন্তু এস.ই.জেড-এর এরা নতুন সরকার। ২০০৭ থেকে আপনারা এস. ই. জেড কেন নেননি, জানি না। অনেকেই তো নিয়েছিল। জমি কেন পাননি, আমি জানি না। কিন্তু, আমরা জমি দিলাম। তখন আপনারা বললেন না, জমি চাই। সুতরাং, এই যে অর্ধসত্য কথা, অসত্য কথা আপনারা এখানে বললেন। আমার মনে হয়, সেদিন সুযোগ ছিল না। তিনটি বিষয়েই কিন্তু আমরা কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ দাবি করেছিলাম এবং সেদিনও বলেছিলাম যে, ইনফোসিসের জন্য স্পেশাল টেকনোলজি পার্ক-এর যে একই ধরনের সুযোগ-সুবিধা আছে, মুখ্যমন্ত্রী নিজে আনন্দ শর্মাজির কাছে গিয়ে বলেছিলেন, আনন্দ শর্মাজি মুখ্যমন্ত্রীকে ফোন দেন। মুখ্যমন্ত্রী সেই ফোনে কথা বলে বলেন, আমরা এখনই চিঠি পাঠাচ্ছি। স্পেশাল টেকনোলজি পার্ক যে সুযোগ আছে, আপনারা তা এক বছরের জন্য এক্সেটেণ্ড করুন। আমাদের জন্য করতে হবে না, সবার জন্য করুন। শুধু ইনফোসিসের জন্য নয়,সবার জন্য করুন। বললেন, আমরা করে দেব। আমরা দেখছি, কি ভাবে করা যায় ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলে। তারপর, অনেক দিন অতিক্রান্ত হওয়ার পর আমরা চিঠি পেলাম আই.টি মিনিস্টার লিখলেন যে, এটা দেওয়া সম্ভব নয়। এক্সেটেনশন দেওয়া সম্ভব নয়। তাহলে, সরকার করবে কি? বিরোধীদল, তারা তো পাশে দাঁড়াবে রাজ্যের মানুষের কাজে। প্রযুক্তিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তারা তো চিৎকার করে বলবে, আমরা একত্রিত হতে চাই এবং যেতে চাই। হলদিয়ার ব্যাপারে আমাদের সরকার,মুখ্যমন্ত্রী তিনি বার বার বলেছেন দ্বিতীয় শিল্পনগরি করবার জন্য। এই হলদিয়া, অবহেলিত হলদিয়াকে জায়গা হিসাবে বেছে নিয়েছেন -বেঙ্গল লিডস-২ কোলকাতা ছেড়ে , মিলন মেলা ছেড়ে সেই ১৭ তারিখ শুরু হচ্ছে পশ্চিমবঙ্গের শিল্পদফতরের বেঙ্গল লিডস-২ হলদিয়াতে। তিনি হলদিয়াতে গেলেন এবং গিয়ে তিনটি কোম্পানি উদ্বোধন করে আসলেন। আমি উনাদের কাছে জিজ্ঞাসা করেছিলাম যে, আচ্ছা, এই একই সরকার, একই প্রধানমন্ত্রী মহোদয় থাকলেন কেমিক্যালহাব দূষণমুক্ত হয়ে গেল। তার অনুমোদন পাওয়া গেল। আগের সরকারের তারা থাকলে জিজ্ঞাসা করতাম যে, রহস্যটা কি? কেমিক্যাল হাব অনুমোদন হয়ে গেল আর ওখানে ম্যানুফ্যাকচারিং ইউনিট-এর অনুমোদন আদায় করতে আমাদের কাল-ঘাম ছুটছে। শুনলে খুশি হবেন অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কগণ যে, আমরা কোর-কমিটিতে বণিকসভাকে অনুরোধ করেছিলাম যে, এই পরিবেশের নিষেধাজ্ঞার বিরুদ্ধে আপনারা- অন্য রাজ্যের বণিকসভা যে রকম রাজ্যের জন্য সরব হয় আপনারাও সরব হন এবং জেনে খুশি হবেন যে, মুখ্যমন্ত্রী নিজে শিল্পপতিদের সঙ্গে যখন

আলাপচারিতায় অনুরোধ জানিয়েছিলেন যে, সঞ্জিব গোয়েঙ্কার নেতৃত্বে একটি কমিটি দেখা করে কেন্দ্রীয় সরকারের দফতরের সঙ্গে কথা বলুক এই নিষেধাজ্ঞা তুলে নেওয়ার জন্য। ইতিমধ্যেই, বণিকসভাগুলি তারা চিঠি লিখেছেন। তারা জানিয়েছেন যে, হলদিয়ায় নিষেধাজ্ঞা অবিলম্বে তুলে নেওয়া হোক। বেঙ্গল চেম্বার অফ্ কমার্স-এর চিঠি আমরা পেয়েছি, আমরা ইণ্ডিয়া চেম্বার অফ্ কমার্স-র আই.সি.সি-র চিঠি পেয়েছি, আমরা ফিকি-র চিঠি পেয়েছি, আমরা সি. আই. আই-কে বলেছি, চিঠি আসছে অ্যাসোচেম-এর চিঠি আসছে এবং বাংলার অন্যান্য বণিকসভাগুলো তারাও চিঠি দেবেন বলে জানিয়েছেন।

অর্থাৎ, এককাট্টা হয়েছে বাংলার বণিক সমাজ। আমাদের বন্ধুরাও এককাট্টা হওয়ার কথা দিয়ে গিয়েছিলেন। কথা দিয়ে কেন এল না বুঝতে পারলাম না। তাই আপনাদের খালি চেয়ারের দিকে তাকিয়ে, বাইরে নিশ্চয় শুনছেন, এখানে সংবাদ মাধ্যম আছে, গণ মাধ্যম আছে, তাদের প্রতিনিধিরা আছেন, সচিবালয়ের সদস্যরা আছেন, সকলের মাধ্যমে তাঁদের কাছে বলতে চাই যে, এই ব্যাপারে সহযোগিতার হাত বাড়িয়ে দিন, একত্রিত হন এবং হলদিয়ার ওপর পরিবেশ দপ্তরের অন্যান্য যে নিষেধাজ্ঞা তা তোলবার জন্য আসুন আমরা একত্রিত ভাবে আবেদন জানাই।

সেই সঙ্গে সঙ্গে আপনাদের বলি, আমরাই প্রথম দল যারা নির্বাচনের সময় পরিবেশকে প্রাধান্য দিয়ে আমাদের দলের পুস্তিকা তৈরি করেছিলাম। পরিবেশ আমাদের একটি গুরুত্বপূর্ণ বিষয়। বন-জঙ্গল বাঁচানো, বন- জঙ্গল-জল আর মানুষকে বাঁচানো আমাদের কাজ। সেই কাজে আমরা ছিলাম, আছি, থাকব। তাকে বাঁচিয়েই আমরা শিল্পকে এগিয়ে নিয়ে যেতে চাই। আর সেই কারণেই নিষেধাজ্ঞা প্রত্যাহারের এই বিশেষ আলোচনার জন্য আমি তাপস রায়কে ধন্যবাদ জানাই, অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং অন্য তিন বিধায়ককেও। আমার হাতে যদিও অন্যদের ফাইল ছিল, তাঁরা একমত ছিলেন, তাঁরা আজকে নেই তাই পড়তে পারলাম না। তাঁদেরকেও ধন্যবাদ জানাই। অন্তত তাঁরা বুঝতে পেরেছেন এটাকে আটকে রাখা যাবে না, বাংলার মানুষ ছেড়ে কথা বলবে না। ধন্যবাদ মাননীয় অধ্যক্ষ মহাশয়।

CLOSING THE SEVENTH SESSION

Mr. Speaker : Today the 13th December, 2012 is the last day of the Seventh Session of the Fifteenth Assembly, before I adjourn the House sine-die, I would like to narrate in brief the business transacted during this Session.

(Position as on the 13th December, 2012)

1. QUESTIONS :

(A) Total Number of Notices of Questions received	286
(B) Total Number of Questions allocated	154
(i) Starred	110
(ii) Unstarred	44

(C)Total Mumber of Questions admitted 129
(i) Starred 96
(ii) Unstarred 33
(D)Total Number of Questions disallowed 4
(E) Total Number of Questions replied 59
(i) Starred 51
(ii) Unstarred 8
(F) (i) Total Number of replies to Questiosn received from the Department but not yet placed in the order paper (Starred and Unstarred) 19
(ii) Total Number of Questions pending with the Departments 51
(iii) Total Number of Questions under Process 21

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in this Secretariat but note yet answered in the House would be treated as Unstarred ones and replies thereto would be circulated to the Members.

2. Privilege Issue :
(A) Notice received 3
(B) Notice under examination 1
(C) Notice referred to the Privilege Committee for Examination and Report. 1
(D) Notice disallowed 1

3. GOVERNMENT BILLS :
(A) Number of Bills introduced 5
(B) Number of Bills passed 5

4. ADJOURNMENT MOTION :
(A) Notices received 6
(B) Consent witheld 6

5. CALLING ATTENTION NOTICES :
(A) Notices received 16
(B) Notices admitted 3
(C) Statements to be sent direct to the Members concerned 3

6. SHORT DURATION DISCUSSION UNDER RULE 194:
(A) Notices received 5
(B) Admitted 1
(C) Discussed 1

7. LAYING OF RULES :
(A) Notices received 4

(B) Rules laid 4

8. LAYING OF REGULATIONS :

(A) Notices received 1

(B) Regulations laid 1

9. LAYING OF ANNUAL REPORTS AND ACCOUNTS ETC. OF GOVERNMNET COMPANIES AND UNDERTAKINGS ETC :

Reports and Accounts etc. laid 10

10. MENTION CASES 5

11. NUMBER OF SITTINGS 5

12. TOTAL HOUR OF SITTINGS 10 hours 47 minutes (upto 1.00p.m. today)

[2.00–2.10pm]

শ্রীপার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই স্বল্পকালীন অধিবেশনে বিধানসভার সমস্ত সদস্যদের পক্ষ থেকে তাদেরকে এবং তাদের পক্ষ থেকে আপনাকে, উপাধ্যক্ষকে, সচিব এবং সচিবালয়ের কর্মচারীদের, সংবাদ মাধ্যমকে এবং যারা বিধানসভার প্রশ্ন-উত্তর এবং বিভিন্ন সময়ে আলোচনায় অংশ নিয়েছেন তাদের সকলকে আমি অভিনন্দন এবং শুভেচ্ছা জানাই। এই সভা আমরা সকল বিধায়ক হিসাবে যেভাবে চালাতে চেয়েছিলাম সেখানে ছন্দপতন হয়েছে। অনেকে আমায় জিজ্ঞাসা করেছিলেন সংযম কি দরকার ছিল না? আমারও বিধানসভার মধ্যে দাঁড়িয়ে মনে হয় শুধু সংযম নয়, এক্সপেকটেশান বিধায়কদের কাছে সাধারণ মানুষের যেমন থাকে, আমরাও যেন সেই এক্সপেকটেশান অনুযায়ী আমাদের দায়িত্ব পালন করতে পারি। আমাদের সমালোচনা থাকবে তা যেন বিধানসভার নিয়মাবলীকে মেনেই পালন করি, সংখ্যাতত্ত্ব দিয়ে নয়। আমরা তো অনেক সময় দেখেছি - সংখ্যায় অনেক কম ছিলাম। সংযম সংখ্যার উপর নির্ভর করে না। সংযম নির্ভর করে ব্যক্তিগত আচরণের উপর দিয়ে। অধ্যক্ষের উপর যে ধরনের ভাষা ব্যবহার করা হয়েছে, যে ধরনের আচরণ আমরা ভেতরে দেখেছি তা আমাদের কাছে অত্যন্ত বেদনাদায়ক এবং দুঃখজনক। আমি এ কথা বিরোধীদের যেদিন অধ্যক্ষ বলতে বলেছিলেন, সেদিন বলেছি। অধ্যক্ষ অত্যন্ত ধৈর্যের সংগে-আমাদের অভিজ্ঞতা তো আছে-তাঁর প্রগাঢ় আইনের জ্ঞান, তিনি প্রতিষ্ঠিত আইনজীবী ছিলেন। সভার আইন সম্পর্কে তার যথেষ্ট স্বচ্ছ ধারণা আছে। সেই ধারণার ভিত্তিতে তিনি এই চেয়ারকে মহিমান্বিত করেছেন। আমাদের সকলের উচিত এই বিধানসভার ঐতিহ্য ও গরিমা যাতে কলুষিত না হয় তার দিকে নজর দেওয়া। আমি সকলের কাছে আবেদন করবো আবার যখন বিধানসভা বসবে তখন যেন আমরা আরও বেশি যত্নবান হই। আরও বেশি সকলে যেন আমাদের দেখছে একটা তৃতীয় চোখ বাইরের সেটা দেখাই এবং অযথা নিজের আসন ছেড়ে এসে যে আক্রমনাত্মক দৃশ্য আমরা দেখলাম তা মোটেই কাম্য নয়। যেহেতু ইংরেজী বছরের সূচনা ২০১৩

হবে, সেই ২০১৩ ইংরেজী শুভ নববর্ষের আগাম প্রীতি, শুভেচ্ছা, অভিনন্দন, শ্রদ্ধা সকলকে জানাই, রাজ্যবাসীকে জানাই, বিধায়ক এবং বিধায়কদের পরিবার, অধ্যক্ষ এবং অধ্যক্ষ মহাশয়ের পরিবারকে, অধ্যক্ষা এবং তাঁর পরিবারকে,সচিব এবং সচিবালয়ের সকলকে জানাই।

আজকে কক্ষে এবং বাইরে সংবাদ এবং সংবাদমহল, গণমাধ্যম এবং সাংবাদিকদের সকলকে আগাম ইংরাজী নববর্ষের শুভেচ্ছা, প্রীতি, অভিনন্দন জানাই। বাংলা এগিয়ে চলুক উন্নয়নের পথে, শান্তি এবং প্রগতির পথে। আমি এইটুকু বলে আপনাকে আবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় স্পিকার স্যার, শীতকালীন এই স্বল্প সময়ের যে অধিবেশন, প্রত্যেকটা অধিবেশনের শুরুতেই আপনি সর্বদলীয় মিটিং ডাকেন, সেই রকম প্রথামফিক আপনি সর্বদলীয় মিটিং এবারও ডেকেছিলেন এবং সেখানে সকলেই আমরা প্রতিশ্রুতিবদ্ধ হই যে হাউসটাকে আমরা ঠিকমত সবাই মিলে চালাবো। সবাই প্রতিশ্রুতিবদ্ধ হলেও গত দু'দিন আগে কিছু অনভিপ্রেত ঘটনা এখানে বিরোধীপক্ষ থেকে দেখা যায় যে আপনাকে ব্যক্তিগতভাবে নিগৃহীত করার চেষ্টা, অপমানিত করার চেষ্টা, অবমাননা করার চেষ্টা হয়। যা এই বিধানসভার ক্ষেত্রে একটা কলঙ্কজনক অধ্যায়। মাননীয় পরিষদীয় নেতা বলেছেন যে তারা হয়তো বাইরে রয়েছেন তাদেরকে প্রথম দুদিনের জন্য যারা বাইরে রয়েছেন অংশগ্রহণ করার জন্য আমি এই চেয়ারের পক্ষ থেকে ধন্যবাদ জানাই। এখানে সচিবালয়ের যারা আছেন, সচিব থেকে শুরু করে সকলকে এবং বিশেষত আমাদের মন্ত্রীরা এই শীতকালীন অধিবেশনে তারা প্রত্যেকে উপস্থিত ছিলেন এবং সময়মত উত্তর দেওয়ার চেষ্টা করেছেন এবং নিজ নিজ দপ্তরগুলোকে ভালভাবে স্টাডি করে এসে তারা উত্তর দিয়েছেন। আমাদের মাননীয় বিধায়করা তারাও সকলেই উপস্থিত থেকে এই সভার গরিমাকে নষ্ট হতে দেন নি এবং সংবাদ মাধ্যমের অনেকেই রয়েছেন তারাও প্রতিনিয়ত এখানে এসে আমাদের খবর পরিবেশন করেছেন, বিধানসভার খবর পরিবেশন করেছেন তাই আমি আপনাকে মাননীয় পরিষদীয় দলনেতা, পরিষদীয় মন্ত্রী যে কথা বললেন আমি সেটাই বলছি, অনেক বিদ্রুপাত্মক, ব্যাঙ্গাত্মক কথার মধ্যেও আপনি দৃঢ়ভাবে, শান্তভাবে, নম্রভাবে যেভাবে সভা পরিচালনা করেছেন আমি সভার পক্ষ থেকে সভার একজন সিনিয়র মেম্বার হিসাবে আপনাকে ধন্যবাদ দিতে চাই সভা পরিচালনা সুষ্ঠভাবে করার জন্য। সামনে মেরি ক্রিসমাস এবং হ্যাপি নিউ ইয়ার আসছে তাই সকলকেই শুভ বড়দিনের শুভেচ্ছা এবং শুভ নববর্ষের শুভেচ্ছা জানিয়ে আপনাদের সকলকে আমার ধন্যবাদ, শুভেচ্ছা, নমস্কার, সালাম জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম, নমস্কার, ধন্যবাদ।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, শীতকালীন অধিবেশন স্বল্প সময়ের আজকে তার শেষ দিন। আপনি শুরুতেই এই স্বল্প সময়ের সভাতেও কতগুলি প্রশ্ন, কতগুলি কলিং অ্যাটেনশান, কতগুলি অ্যাডজর্নমেন্ট মোশান, কতগুলি বিল-এর বিস্তারিত রিপোর্ট দিয়েছেন। আমি অনেক দিনের সদস্য এখানকার। একটা জিনিস আমার কাছে খুব গৌরবের মনে হয় যেটা বর্তমান সরকার আসার পর এবং আপনি স্পিকার হওয়ার পর- আগে আমরা দেখতাম যে দুটো বা তিনটের বেশি প্রশ্নের উত্তর হতো না। বহু সদস্য প্রশ্ন দেন কিন্তু তাদের সেই প্রশ্ন যেতই না এক একটা

প্রশ্নের এতক্ষণ ধরে টাইম নেওয়া হতো কিন্তু আপনি অত্যন্ত দক্ষতার সঙ্গে, দৃঢ়তার সঙ্গে সেই কোয়েশ্চেনগুলোতে আলোচনা করার সুযোগ দিয়েছেন। বিধানসভায় এই কোশ্চেন আওয়ার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ আওয়ার। এর আগে এটার কোন গুরুত্ব ছিল বলে আমার মনে হয় না। এর আগের সেশানেও, তার আগের সেশানেও আপনি এই কোয়েশ্চেন আওয়ারকে অ্যাজ মেনি অ্যাজ কোয়েশ্চেন তোলা যায় তার ব্যবস্থা করেছেন যেটা আমার মনে হয় এদিকে এবং ওদিকের সব দিকের সদস্যদের জন্য অত্যন্ত ভাল হয়েছে এবং গৌরবের হয়েছে।

দ্বিতীয়ত : স্বল্পকালীন এই অধিবেশনে এইবারে আমাদের সংখ্যার পক্ষ থেকে যে বিলগুলো আনা হয়েছিল সেগুলো এতো গুরুত্বপূর্ণ এবং এতোটাই প্রো পিপল যে ডায়মণ্ড হারবার ইউনিভার্সিটি বিল এবং সিডিউল কাস্ট সিডিউল ট্রাইভদের বিষয়ে যে বিল আনা হয়েছিল এবং চারদিনের যে কাজ, যেটা সবটাই সরকার পক্ষের এবং মানুষের কাছে যা accepted। বিরোধীরা সম্পূর্ণভাবে রাজনৈতিক মাইলেজ নেওয়ার জন্য সরকারকে কোনদিক থেকে কোনভাবে সমালোচনা করার জায়গা না পেয়ে চারদিনের বিধানসভাকে কি ইউটিলাইজ করা যায় তারজন্য তারা এই ফ্লোরটাকে ব্যবহার করেছেন। সেইটা ব্যবহার করতে গিয়ে তারা যে ভূমিকা পালন করলেন আমার কাছে এটা মনে হচ্ছে দুর্ভাগ্যজনক, অনভিপ্রেত, এটা কখনোই হওয়া উচিত হয় নি। স্পীকারের মাইক এবং তার আলো তুলে নিয়ে তলায় ফেলে দেওয়া হল, ভেঙ্গে দেওয়া হল, আমি কিন্তু এমন ঘটনার সাক্ষী নই, দীর্ঘদিনের সদস্য হওয়া সত্ত্বেও। কিন্তু তা সত্ত্বেও আপনি আপনার দক্ষতা দিয়ে, অভিজ্ঞতা দিয়ে, আপনার অভিজ্ঞতা কম থাকা সত্ত্বেও আপনি এই অল্পদিনে এই চেয়ারে বসে কি ভাবে এই প্রবল আক্রমনের সামনে দাঁড়িয়েও আপনি ধীর স্থির ভাবে আপনি সভাকে পরিচালনা করেছেন এবং অদ্ভুত ব্যাপার একটা দেখা গেল যে বিজনেস এ্যাডভাইসারি কমিটিতে যা পাশ হয়ে গেল সকলের উপস্থিতিতে, কিন্তু তারি পরেও এসে বিধানসভার মধ্যে সেই প্রসঙ্গ উৎথাপন করা হচ্ছে যেটা রিপিটের উর্দ্ধ। আমি আবারও বলছি এইবার বিরোধীপক্ষ সম্পূর্ণভাবে রাজনৈতিক মাইলেজ নেওয়ার জন্য এই চারটি দিনকে ব্যবহার করেছেন যা বাংলার মানুষের পক্ষে দুর্ভাগ্যজনক। বিধানসভার ঐতিহ্যের পক্ষে দুর্ভাগ্যজনক। পরিশেষে আমি আপনাকে ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। আপনার অনুপস্থিতিতে ডেপুটি স্পীকার তিনিও দক্ষতার সঙ্গে এই হাউস চালিয়েছেন। এই হাউসকে সুষ্ঠভাবে পরিচালনার জন্য সেক্রেটারি এবং তার সম্পূর্ণ সচিবালয় এবং অন্যান্য যারা কর্মচারী আছেন, তারা অত্যন্ত দক্ষতার সঙ্গে সরকার পক্ষের কাজ চালাতে সাহায্য করেছেন। এবং সদস্যরা, বিরোধীপক্ষের সদস্যরা তাদের আরেকটু সৃষ্টাচার আশা করি আমি, কারণ আগামীদিনেও এই বিধানসভা চলবে এবং এই বিধানসভা চালাতে গেলে তাদের যে বক্তব্য, বিরোধীপক্ষের বক্তব্য নিশ্চয় থাকবে। এটা কিন্তু ইট ইজ নট এ বেরিয়ার। এখানে কোন চেঁচামেচি হবে না একথা ভাবার কোন কারণ নেই। এখানে স্লোগান সাউটিং হবে না, যদিও গতকাল স্পীকার বলছিলেন যে, বিধানসভার নিয়মে আছে যে প্ল্যাকার্ড দেখানো যাবে না ইত্যাদি ইত্যাদি। আমি ঠিক এতোটা কঠোর হওয়ার কথা ভাবি না। কারণ এখানে যদি বিরোধী পক্ষ তার ভূমিকা পালন না করেন তাহলে এখানে মনে হবে একটা নিস্তব্ধতা বিরাজ করছে এটা ঠিক হবে না। আমরা চাই বিরোধীপক্ষ তারা তাদের বক্তব্য রাখুন, তারা সমালোচনা করুন, দৃঢ়তার সঙ্গে সমালোচনা করুন। সময়ে সময়ে বিক্ষোভও

হয়ত দেখালেন কিন্তু সব কিছুর মধ্যে একটা সৃষ্টাচার অন্তত থাকবে, যেটা কিনা আমাদের এই সংসদীয় গণতন্ত্রকে আরো বেশী শক্তিশালী করবে। এই কথা বলে বিধানসভা আপনার সুষ্ঠ পরিচালনার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাই, নমস্কার।

Dr. Harka Bahadur Chhetri : Thank you very much, Hon'ble Speaker sir, for giving me this opportunity to address this august House though on my right, half of the chairs are empty. I hope that the print media were taking note of the proceedings will definitely report this. I as a new member was geruinely surprised to see the thing which in a parliamentary democracy is unthinkable. because I am a withness to the event that happened two days ago. I am a withness to the gharoe that was done to the Hon'ble Speaker. I was shocked to hear the language that was used against him. I do not belong to Trinamool Congress. If somebody from this House who is Trinamool Congress member speaks, then it may be coloured as biased , party oriented but I am not a member. I have seen the incident. I regretted that I was a witness to that.

Before that there was an issue which was raised. Hon'ble Speaker, Sir, you will remember that some personal remarks were made against him, about his family which had nothing to do with the business of the House by some media. I have no intention to put any blame on the media. But at the same time one thing I must say is that we ourselves during the movement had been the victim of the partisan reporting by the media. So, there is an ethics of Journalism. The entire incident Should be thoroughly reported withoutany bias because media has a huge role to play. It is the third Eye. It has to be neutral. It cannot give its own opinion because news is not opinion. News is sincerely reporting of what incidents have happened. If one is to give the hues then that is a different issue. Hues cannot be news. So, I request everyone because the sanctity of this august House is not to be tarnished because West Bengal at one point of time was Known for its intellectuality and objectiveness. That should not be tarnished. This is my request. And as Government Chief Whip Shri Sobhandev Chattopadhyay, sir, I have very often poined out to you that I have seen that gradually our Hon'ble Speaker is growing from strength to strength. Now, he has been in this post for only one and half years. He has been not only at the helm of affairs but it seems he ahs been controlling this House for the last fifteen years. He has shown that maturity and I have all the respect and I hope that when the winter comes the cold temperature will definitely bring down the

temperature of our friends who are shouting outside. They will realize the role but it is not simply by putting blame on others but they too have a vital role to play by contributing towards a growth of this House which would benefit the people of the State at large. So, thank you once again, for giving me this opportunity. I also should not fail to express my gratitude towards the Hon]ble Ministers, all my colleague MLAs, Hon'ble Deputy Speaker Madam and the Press for so much of love. but while speaking in this House I feel I am truly a part of it and will continue to cherish this memory. So, When New Year will come, we will come with fresh mind, fresh initatives, fresh directions and a very energetic and good relation among ourselves. Thank you very much.

Mr. Speaker : Thank you, Dr. Chhetri.

মাননীয় সদস্যগণ, আজ আমাদের শীতকালীন অধিবেশন যেটা স্বল্পকালীন সময়ের জন্য ছিল, আজকে শেষ দিন। এই অধিবেশনে সরকার পক্ষ থেকে আনা অনেকগুলো বিল পাশ হয়েছে আপনারা সবাই জানেন। অনেক সদস্য অংশগ্রহণ করেছেন। কিছু কিছু অবাঞ্ছিত ঘটনা ঘটেছে। আমি মাননীয় সদস্যদের একাধিকভাবে অনুরোধ করেছি যে একটু সংযত আচরণ করবার জন্য যাতে সদনের গরিমা বজায় রাখা যায়। তা সত্ত্বেও কিছু কিছু অবাঞ্ছিত ঘটনা ঘটেছে যেটা না ঘটলেই ভাল হতো। বিধানসভার একটা নিজস্ব উত্তাপ আছে যেটা পরিষদীয় দলের আমাদের মাননীয় মন্ত্রী বলেছেন এবং শোভনদেব চট্টোপাধ্যায় উল্লেখ করেছেন, সেই উত্তাপ থাকা ভাল। তাতে হয়তো যারা এখানে রয়েছেন, আমাদের মাননীয় সদস্যরা, তারাও অনেকটা উপভোগ করেন। কিন্তু সেটা এমন পর্যায়ে যেন না যায় যেটা অসংযত আচরণ, যেটাকে নিয়ে গত কয়েকদিন সমানে বিভিন্ন রকম পত্রপত্রিকায় সমালোচনা হচ্ছে পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় সদস্যদের সম্বন্ধে এবং কাজকর্ম সম্বন্ধে, বিধানসভার অভ্যন্তরে যা ঘটে গেল। এটা না হওয়াই উচিত ছিল এবং আমি প্রত্যাশা করব বিরোধী দলের আজকে এখানে কেউ নেই, কংগ্রেস পরিষদীয় দলেরও কোন সদস্য এখানে নেই, থাকলে ভাল হতো। কারণ বিধানসভা এমন একটা জায়গা যেখানে আলোচনার জন্য মাননীয় মন্ত্রীরা উপস্থিত থাকেন এবং সদস্যদের প্রশ্নের উত্তর দেন।

প্রশ্নোত্তর একটা গুরুত্বপূর্ণ সময়। আমি চাই বিভিন্ন মন্ত্রীরা যারা রয়েছেন তারা বিধানসভায় tested হোক। কোন মন্ত্রীসভার সদস্যরা কি রকম কাজকর্ম করছেন প্রশ্নোত্তর সেটা বোঝা যায়। এখানে মাননীয় সদস্যরা এটাও উপলব্ধি করবেন এবং তাতে অনেক সতর্কতা আসে। যখন বিধানসভায় আসবেন মাননীয় মন্ত্রীসভার সদস্যদের প্রস্তুত হয়ে আসতে হয়। কারণ তারা জানেন না কোনদিক থেকে প্রশ্ন আসবে এবং কি প্রশ্নের উত্তর দিতে হবে। একটা বিধানসভার প্রশ্নোত্তর পর্ব এতটাই গুরুত্বপূর্ণ সেইজন্য আমি চাই ঘুরিয়ে ফিরিয়ে সমস্ত দপ্তর থেকে প্রশ্ন আসুক। যেন সমস্ত দপ্তরের মন্ত্রী যারা রয়েছেন তারা বিধানসভার ফ্লোরে এসে তাদের কাজ কর্ম সম্বন্ধে অবহিত করান। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আপনারা দেখেছেন গতকাল এবং আজকে এতগুলি গুরুত্বপূর্ণ প্রশ্ন

ছিল, প্রশ্নোত্তর পর্ব কেন তারা এড়িয়ে চলে গেলেন তা আমি বুঝতে পারলাম না। আমি অত্যন্ত পরিতাপের সঙ্গে আর একটা কথা আপনাদের জানাই আমি অত্যন্ত চেষ্টা করেছিলাম যে অধিবেশনে সবাই মিলে পার্টিসিপেট করুন। কিন্তু ওদের জেদী মনোভাবের জন্য এটা হতে পারল না। আপনারা জানেন যে বিধানসভার অভ্যন্তরে যে ঘটনাটা ঘটেছে তা আপনারা সবাই দেখেছেন আমি তার পুনরাবৃত্তি করতে চাইছি না। আমি বলেছিলাম ঘটনার জন্য দুঃখ প্রকাশ করবার জন্য। কিছু কিছু সদস্যকে আমি বাধ্য হয়েছি সাসপেণ্ড করার জন্য। তা না করলে আমার মনে হয় কোন সদস্য মনে করতেন বিধানসভায় যা খুশি করতে পারি। বিধানসভা সেইজন্য ব্যবহৃত হতে পারে না। কোন সদস্য এটা করতে পারেন না যে, আমার খুশি আমি করতে পারি যেহেতু আমি immuned, বিধানসভার অভ্যন্তরে আমি যা খুশি করে বেরিয়ে গেলাম। সুতরাং সেইজন্য আমি প্রত্যাশা করেছিলাম যারা এই বিধানসভার মধ্যে দুর্ঘটনা ঘটালেন তারা যেন একটু অনুতপ্ত হন। দুর্ভাগ্যের বিষয় তাদের কাছে থেকে সেই ধরনের কোন রেসপন্স পায়নি। যাইহোক আজকে আমাদের এই বিধানসভার অধিবেশনের শেষ দিন, শেষ লগ্নে এসে পৌঁছেছি। আমাদের এখানে মাননীয়া মুখ্যমন্ত্রী এসছেন। আমি অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি আমাদের বিধানসভার সেক্রেটারিয়েটের স্টাফরা রয়েছেন তারা এতবেশি পরিশ্রম করেন, আমি দেখেছি যেদিন একটা বিলের প্রায় ২৭ টা অ্যামেণ্ডমেণ্ট জমা পড়ল শেষ মুহূর্তে। সেক্রেটারিয়েটে যে সমস্ত কর্মচারী রয়েছেন তারা বললেন কি করে এতগুলি অ্যামেন্ডমেণ্ট নেওয়া সম্ভব। তবু আমি বলেছি আপনারা অ্যামেন্ডমেন্ট গুলি করুন। তারা তৎপরতার সঙ্গে করে এনেছেন। সেইজন্য আমি বলব আমাদের সেক্রেটারিয়েটের যারা স্টাফ রয়েছেন তাদের যে পরিশ্রম এবং তারা যেভাবে কাজকর্ম করেন সত্যি তাদের যতই প্রশংসা করি না কেন সেটা কম হবে। আমাদের অধিবেশনের শেষ লগ্নে মাননীয়া মুখ্যমন্ত্রী এসেছেন। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে আপনি নিশ্চয়ই আমাদের অধিবেশন যেভাবে চলেছে সেইব্যাপারে ওয়াকিবহাল আছেন। বিভিন্ন সংবাদমাধ্যমে সেগুলি প্রকাশিত হয়েছে। আপনার কাছে আমি প্রত্যাশা করব আপনি কিছু বলেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি প্রথমেই ক্ষমা চাইছি দেরী হয়ে গেছে কারণ পুলিশের প্রোগ্রামে ছিলাম। এক্ষুনি ওদের প্রোগ্রামটা শেষ হয়েছে তারপরে এখানে আসা। আমি ভেবেছিলাম পাঁচটা সাড়ে পাঁচটা পর্যন্ত চলবে। যাইহোক আমি সকলকেই ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় স্পীকার খুব ভালভাবে হাউজ চালিয়েছেন। বিশেষ করে অনেকগুলি বিল এই হাউজে পাশ হয়েছে সেগুলি খুবই গুরুত্বপুর্ণ। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিল যেটা আমার মনে হয়েছে মহিলা ইউনিভার্সিটি বিল, ডায়মণ্ডহারবারে-এই প্রথম ইস্টান ইণ্ডিয়াতে। ইস্টার্ণ ইণ্ডিয়াতে আমাদের প্রথম মহিলা ইউনিভার্সিটি, যেটা বেঙ্গলে হচ্ছে ডায়মণ্ডহারবারে। এটা একটা বিরাট ঐতিহাসিক বিল যেটা আপনারা পাশ করেছেন। এর আগেও এখান চুরুলিয়ার নজরুল ইসলাম ইউনিভার্সিটি এবং পঞ্চানন বর্মা ইউনিভার্সিটি কোচবিহারে, এবং প্রাইভেট ইউনিভার্সিটি সেই বিলগুলি আগে পাশ হয়েছে। কিন্তু এবারে এটা হয়েছে স্পেশালি। এছাড়া পার্লামেনটারি সেক্রেটারিজ থেকে শুরু করে আমাদের মিউনিসিপ্যালিটি বিল থেকে শুরু করে, Scheduled castes, scheduled tribes বিল অনেকগুলি অ্যামেণ্ডমেণ্ট বা বিল এখানে পাশ হয়েছে। এছাড়া অনেক সাবজেক্ট

নিয়ে এখানে আলোচনা হয়েছে। আমি সকলকেই ধন্যবাদ জানাচ্ছি।, অভিনন্দন জানাচ্ছি এবং মাননীয় স্পীকার মহাশয় আপনার আন্ডারে অ্যাসেম্বলির সমস্ত সেক্রেটারিয়েট স্টাফ, টেবিল স্টাফ এবং সমস্ত নিরাপত্তা কর্মীদের থেকে শুরু করে আমাদের অ্যাসেম্বলির স্টাফদের ধন্যবাদ জানাচ্ছি। তাদের অবিরল পরিশ্রমে এই অ্যাসেম্বলি এত ভাল করে কাজ করে। আমি আমাদের ডেপুটি স্পীকার সহ, সংবাদ মাধ্যম সহ, যারা আছেন তাদের সকলকেই ধন্যবাদ জানাচ্ছি। আগামী দিনে ভাল করে কাজ করে পশ্চিমবঙ্গ বিধানসভা একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করুক, এটা আমরা নিশ্চয়ই চাইব। অনেক অনেক ধন্যবাদ মাননীয় অধ্যক্ষকে আমাকে এই সুযোগ দেওয়ার জন্য, ধন্যবাদ।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রীকে। আজকের এই শেষ দিনে যাদের কথা না বললেই নয় তিনি উপাধ্যক্ষা সোনালী গুহ, আমার অনুপস্থিতে দক্ষতার সাথে বিধানসভা চালিয়েছেন। পার্লামেণ্টারী অ্যাফেয়ার্স মিনিস্টার শ্রী পার্থ চ্যাটার্জী, গভর্নমেণ্ট চিফ হুইপ শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়, অপজিশান পার্টির যারা ছিলেন, তারাও এখানে যতদিন ছিলেন, যতক্ষণ ছিলেন, তারা মোটামুটি একটা সদর্থক ভূমিকা পালন করেছিলেন। মাননীয় সদস্য যারা রয়েছেন তারা, সেইসঙ্গে আমাদের বিধানসভা সেক্রেটারীয়েটের স্টাফ এবং প্রিন্ট মিডিয়া বা অন্যান্য যারা রয়েছেন, তাদেরও সবাইকে আমি ধন্যবাদ জানাই। যদিও একটা অবাঞ্ছিত ঘটনা বিধানসভায় ঘটেছে। আমি প্রত্যাশা করব যে, আগামীদিনে বিধানসভা আমরা অন্ততঃ সুষ্ঠভাবে চালাতে পারব। সমস্তপরিষদীয় দলের সদস্য যারা রয়েছেন বা যে সমস্ত মাননীয় সদস্য রয়েছেন তাদের কাছে আমি আবেদন করব যে, বিধানসভা পরিচালনার ক্ষেত্রে আপনারা নিশ্চয়ই স্বক্রীয়ভাবে সহযোগিতা করবেন। আমি আর একটা ঘোষণা করতে চাই আগামী ২৪ শে ডিসেম্বর (আমাদের প্রত্যেক বছরে একটা ফ্লাওয়ার শো হয়, এ ফ্লাওয়ার শো ২৪ শে ডিসেম্বর) বিকেল ৩.৩০ টের সময় আমাদের Flower Show হবে এবং ২৭ তারিখ পর্যন্ত চলবে। নিশ্চয়ই সবাই আসবেন আপনারা। সামনেই মেরী খ্রীষ্টমাস, ইংরেজী নতুন বছর শুরু হবে। সবাই ভাল থাকবেন, সুস্থ থাকবেন, আপনারা নিশ্চয়ই নতুন বছরটাকে খুব এনজয় করবেন এটাই আমার প্রত্যাশা। সবাইকে শুভেচ্ছা জানিয়ে আমি অধিবেশনের কাজ শেষ করছি।

Adjournment

At his stage the House was adjourned sine die.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Secretariat

Vol. : 141, No. : III

(Sixth & Seventh Session 2012)

(The 21st, 24th, 25th, 26th, 27th September and
7th, 10th, 11th, 12th & 13th December 2012)

Date : 21st September, 2012

OBITUARY REFERENCES

by Mr. Speaker/PP-1-6

Date : 24th September, 2012

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

/PP-7-8

STARRED QUESTIONS

(To which oral answers were given)

*১ — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র

— শ্রী শাহাজাহান চৌধুরী

— শ্রী নর্মদা চন্দ্র রায়

— ডঃ আশীষ ব্যানার্জী

— শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা/PP-8-12

*২ ও *১৮ — শ্রী অসিত মিত্র

— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-12-15

*৩ — শ্রী তজমুল হোসেন

— শ্রী সমরেশ দাস

— শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী

— শ্রীমতী জাহানারা খান

— শ্রী সুভাষ নস্কর/PP-15-18

*৪ — শ্রী মন্টুরাম পাখিরা

— শ্রী সুনীল কুমার মন্ডল

— শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী

— শ্রী আনিসুর রহমান

— শ্রী পরশ দত্ত/PP-18-22

*৫ — শ্রী নর্মদা চন্দ্র রায়

— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/PP-22-23

STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*৬ — শ্রী অপূর্ব সরকার/PP-24-38

*৭ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী /P-39

*৮ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা/P-39

*৯ — শ্রী ইনসার আলি বিশ্বাস/PP-39-40

*১০ — শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী/P-40

*১১ — শ্রী ধীরেন্দ্র নাথ মাহাত/P-40

*১২ — ডঃ আশীষ ব্যানার্জী/PP-40-41

*১৩ — শ্রী বাসুদেব খাঁ/P-41

*১৪ — শ্রী শাহাজাহান চৌধুরী/PP-41-45

*১৫ — শ্রী আনিসুর রহমান/P-46

*১৬ — শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/P-46

*১৭ — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-46-47

*১৯ — শ্রী তজমুল হোসেন/P-47
*২০ — শ্রী অপূর্ব সরকার/P-47
*২১ — শ্রী নর্মদা চন্দ্র রায়/PP-47-49
*২২ — শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী/P-49
*২৩ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/P-50
*২৪ — ডঃ আশীষ ব্যানার্জী/P-51
*২৫ — শ্রী শাহাজাহান চৌধুরী/P-51
*২৬ — শ্রী আনিসুর রহমান/P-51

UNSTARRED QUESTIONS
(To which answers were laid on the 'Table')

— শ্রী তজমুল হোসেন/PP-52-55, PP-98-102
— শ্রী জ্যোতির্ময় কর/PP-55-56, P-131
— শ্রী নেপাল মাহাত/PP-56-57
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/PP-57-60, PP-112-116
— শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা/PP-61-62
— শ্রী অসিত মিত্র/P-62, 72, PP-89-90
— শ্রী মন্টুরাম পাখিরা/PP-62-63, PP-63-64, P-67, PP-90-91
— শ্রী আনিসুর রহমান/P-63, PP-103-104
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-65-67
— শ্রী আবু তাহের খান/PP-67, 78
— ডঃ আশীষ ব্যানার্জী/PP-67-71
— শ্রী আব্দুর রহিম বক্সী/PP-71-72, PP-118-119
— শ্রী অসিত মজুমদার/PP-72-73
— শ্রী সুনীল কুমার মন্ডল/PP-73-74, PP-91-98
— শ্রী অখিল গিরি /PP-74-75
— শ্রী নর্মদা চন্দ্র রায়/PP-75-76
— শ্রী নরেশ চন্দ্র চাকী/PP-76-77
— শ্রী রামেশ্বর দলুই/PP-77-78, PP-122-123
— শ্রীমতী ফিরোজা বিবি/PP-78

— শ্রী আখরুজ্জামান/PP-78-79
— শ্রী রণজিৎ কুমার মন্ডল/PP-79
— শ্রী স্বর্ণকমল সাহা/PP-79-80
— শ্রী উপেন কিসকু/P-81, PP-82-86
— শ্রী দিবাকর হাঁসদা/PP-81-82
— শ্রী সেখ আমজাদ হোসেন/PP-82
— শ্রী ঈদ মহম্মদ/P-82
— শ্রী শীতল কুমার সর্দার/PP-86-87
— শ্রী সমীর কুমার পোদ্দার/PP-87-110
— শ্রী প্রবোধ চন্দ্র সিনহা/PP-88-89, P-127
— শ্রী এস. এম. সাদি/PP-89
— শ্রী অশোক ঘোষ/P-89
— শ্রী কল্লোল খাঁ/P-102
— শ্রী ইনসার আলি বিশ্বাস/PP- (102-103)
— শ্রী শীলভদ্র দত্ত/PP-104, P-106
— শ্রী ভূপেন্দ্রনাথ হালদার/PP-(104-105)
— শ্রী হুমায়ুন কবীর/PP-106-108
— শ্রী মোহিত সেনগুপ্ত/PP-108-109
— শ্রীমতী প্রতিমা রজক/PP-109
— শ্রী নেপাল মাহাত/PP-109-110
— শ্রী শাহাজাহান চৌধুরী/PP-110-112, P-123
— শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী/PP-116-117
— শ্রী অসিত কুমার মাল/PP-117
— শ্রী বাসুদেব খাঁ/PP-117-118
— শ্রী অনন্তদেব অধিকারী/PP-119-120
— শ্রী পরেশ অধিকারী/PP-120-121
— Shri Md. Gulam Rabbani/PP-121-122
— শ্রী নগেন্দ্র নাথ রায়/PP-122
— শ্রী খগেন মুর্মু/PP-123-127, PP-128-129
— শ্রী রণজিৎ কুমার মন্ডল/PP-128
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েত উল্লাহ/PP-128
— শ্রী সৌমিত্র খাঁ/PP-129-130

— শ্রী অশোক কুমার সাউ/PP-130-131
— শ্রী উজ্জ্বল প্রামাণিক/PP-131-132
— শ্রী স্বপন দেবনাথ/PP-132
— শ্রী মনোরঞ্জন পাত্র/PP-132

NOTICE OF BREACH OF PRIVILEGE

by—Mr. Speaker/PP-133-140

ADJOURNMENT MOTION

by — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/P-140-141

CALLING ATTENTION (NOTICE)

given by (i) Shri Narmada Chandra Roy
(ii) Sri Anisur Rahaman & Shri Sahajahan Choudhury
(iii) Shri Tajmul Hossain
(iv) Shri Sunil Kumar Mondal (Selected)
(v) Shri Asit Mitra
(vi) Dr. Sukhbilas Barma
(vii) Smt. Firoza Begam &
(viii) Shri Umapada Bauri

LAYING OF ORDINANCES

laid by — Shri Subrata Mukherjee PP-142-143
— Shri Bratya Basu P-143

LAYING OF REPORTS AND ACCOUNTS

laid by — Dr. Amit Mitra P-143
— Shri Partha Chatterjee P-143

MENTION CASES

raised by—শ্রী অসিত মিত্র/P-144
—ডঃ আশীষ কুমার ব্যানার্জী/P-145

LEGISLATION

The West Bengal College Service Commission Bill, 2012

Introduced, Considered and Passed/PP-146-184
Introduced & replied by - Shri Bratya Basu/P-146, PP-175-178

discussed by—শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/PP-147-150
—ডঃ আশীষ ব্যানার্জী/PP- 150-154
—শ্রী ঈদ মহম্মদ PP- 154-155
—শ্রী অসিত মিত্র/PP-155-158
—শ্রী আমজাদ হোসেন/PP-158-161
—শ্রী জীবন মুখোপাধ্যায়/PP-161-163
—শ্রী সুনীল কুমার মন্ডল/PP-163-165
—ডঃ তরুণ কান্তি নস্কর/PP-165-168
—শ্রী জ্যোতির্ময় কর/PP-168-170
— শ্রী প্রবোধচন্দ্র সিনহা / PP-170-174

Date : 25th September, 2012

STARRED QUESTIONS

(to which oral answers were given)

*২৭ — শ্রী তজমুল হোসেন
— শ্রী এস.এম. সাদি
— শ্রী ইনসার আলি বিশ্বাস
— শ্রী নেপাল মাহাত
— ডঃ আশীষ ব্যানার্জী
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র /PP-185-188
*২৮— শ্রী মন্টুরাম পাখিরা
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/PP-188-190

*২৯ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী
— শ্রী সুভাষ নস্কর/PP-190-193
*৩০ — শ্রী অপূর্ব সরকার
— শ্রী আনিসুর রহমান
— শ্রী সুনীল কুমার মন্ডল
— শ্রী কল্লোল খাঁ/PP-193-195
*৩১ — শ্রী শাহাজাহান চৌধুরী PP-195-196
*৩২ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
— শ্রী মনোজ চক্রবর্তী
— শ্রী শাহাজাহান চৌধুরী
— শ্রী পার্থ সারথি চ্যাটার্জী
— শ্রী শুভাশীষ বটব্যাল
— শ্রী বিরাম মান্ডি / PP-196-199
*৩৩ — শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
— ডঃ আশীষ ব্যানার্জী
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-199-202

STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*৩৪ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/PP-202-203
*৩৫ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা/P-203
*৩৬ — শ্রী শাহাজাহান চৌধুরী/P-203

LEAVE OF ABSENCE UNDER RULE 242

— Shri Sadhan Pande/P-204

ADJOURNMENT MOTION

by —ডাঃ সূর্য্যকান্ত মিশ্র
—শ্রী অজয় দে/P-205

CALLING ATTENTION (NOTICE)

by – (i) Shri Sahajahan Choudhury

(ii) Shri Gouranga Chatterjee
Shri Chowdhury Md. Hedayatullah
Shri Basudeb Mete & Shri Nabin Chandra Bag — jointly and
Shri Anisur Rahaman
(iii) Shri Asit Mitra
(iv) Dr. Asish Banerjee (Selected)/P-206

LAYING OF REPORTS AND ACCOUNTS

laid by — Shri Manjul Krishna Thakur/P-207
— Shri Subrata Mukherjee/P-207
— Shri Tapas Ray/P-207

MENTION CASES

raised by— শ্রী অসিত মিত্র/P-208
— শ্রী অশোক ঘোষ/PP-208-209
— শ্রী অপূর্ব সরকার/PP-209
— ডঃ আশীষ ব্যানার্জী/PP-209-210

ZERO HOUR

by—শ্রী অসিত মিত্র/P-210
— ডঃ আশীষ ব্যানার্জী/PP-210-211

LEGISLATION

The West Bengal Panchayat (Second Amendment) Bill, 2012 Introduced, Considered and Passed/PP-211-250
discussed by— শ্রী আনিসুর রহমান/PP-215-224
— শ্রী স্বপন দেবনাথ/PP-224-226
— শ্রী অনন্ত দেব অধিকারী/PP-226-228
— শ্রী অখিল গিরি/PP-228-230

— শ্রী নেপাল মাহাত/PP-230-232
— শ্রী কালিপদ মন্ডল/PP-233-235
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-235-241
replied by — শ্রী সুব্রত মুখার্জী/PP-241-247

The West Bengal Panchayat Elections (Second Amendment) Bill, 2012

Introduced, Considered and Passed/PP-250-260
discussed by— Shri Dasharath Trikey/PP-251-252
— শ্রী যোগরঞ্জন হালদার/PP-252-253
— শ্রী মইনুল হক/PP-253-254
— শ্রী উদয়ন গুহ/PP-254-257

replied by — শ্রী সুব্রত মুখার্জী/PP-257-258

DATE : 26th September, 2012

STARRED QUESTIONS
(To which oral answers were given)

*৩৭ — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র
— শ্রী মনোরঞ্জন পাত্র
— ডঃ আশীষ ব্যানার্জী
— শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী/PP-261-266
*৩৯ — শ্রী তজমুল হোসেন/PP-266-267
*৪০ — শ্রী অসিত মিত্র
— শ্রী আনিসুর রহমান
— শ্রী অজয় দে
— শ্রী তাপস রায়
— শ্রী বিরাম মান্ডি

— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র
— শ্রী অশোক ঘোষ/PP-267-272
*৪১ — শ্রী শাহাজাহান চৌধুরী
— শ্রী তজমুল হোসেন
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
— শ্রী দেবপ্রসাদ রায়
— শ্রী কল্লোল খাঁ
— শ্রী অজয় দে
— শ্রী ধীরেন বাগদী
— শ্রী যোসেফ মুন্ডা
— শ্রী রাজীব ব্যানার্জী/PP-272-275
*৪২ — শ্রী অপূর্ব সরকার
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/PP-275-278

STARRED QUESTIONS
(To which oral answers were laid on the 'Table')

*৩৮ — শ্রী মন্টুরাম পাখিরা/PP-278
*৪৪ — শ্রী আনিসুর রহমান/PP-278-279
*৪৬ — শ্রী শাহজাহান চৌধুরী/PP-279

ADJOURNMENT MOTION

PP- 279-280

CALLING ATTENTION (NOTICE)

by— (i) Sri Tajmul Hossain
(ii) Sri Sahajahan Choudhury
(iii) Shri Anisur Rahaman
(iv) Shri Nabin Chandra Bag
(v) Shri Asit Mitra
(vi) Dr. Asish Banerjee (Selected)/P-280

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presented by —Shri Khagen Murmu/P-281

LAYING OF REPORTS AND ACCOUNTS

Laid by —by Shri Purnendu Basu/P-281
—Shri Manish Gupta/P-281
—Shri Partha Chatterjee/P-281

MENTION CASES

raised by—শ্রী তজমূল হোসেন/P-282
— শ্রী অসিত মিত্র/P-282
— শ্রী শাহাজাহান চৌধুরী/P-282-283
— শ্রী অশোক কুমার দেব/P-283
— শ্রী আনিসুর রহমান/P-283-284
— শ্রী শীতল কুমার সর্দার/P-284
— শ্রী ইনসার আলি বিশ্বাস/P-284
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/P-285
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/P-286
— শ্রী নবীন চন্দ্র বাগ/P-286
— শ্রী বাসুদেব মেটে/P-286
— ডঃ আশীষ ব্যানার্জী/P-287-288
— ডঃ তরুণ কান্তি নস্কর/P-288

ZERO HOUR

by—শ্রী অসিত মিত্র/P-288
— ডঃ আশীষ ব্যানার্জী/PP-288-289
— শ্রী শাহাজাহান চৌধুরী/P-289
— শ্রী অপূর্ব সরকার/P-289
— শ্রী পরশ দত্ত/PP-289-290
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/P-290
— শ্রী আনিসুর রহমান/PP-290-292

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

by— Mr. Speaker/P-292

LEGISLATION

(i) **The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2012**

(ii) **The Howrah Municipal Corporation (Amendment) Bill, 2012**

(iii) **The West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2012**

Introduced, Considered and Passed/PP- 293-319

discussed by— Shri Gouranga Chatterjee/PP-293-296

— ডাঃ শশী পাঁজা/P-297-299

— শ্রীমতী মমতা রায়/P-299-300

— শ্রী অপূর্ব সরকার/P-(300-301)

— শ্রী জটু লাহিড়ী/PP-301-302

— শ্রী আব্দুর রহিম বক্সী/P-302-305

— শ্রী অসিত মিত্র/P-305-306

— শ্রী অরূপ খাঁ/PP-306-308

— শ্রী নারায়ণ মুখার্জী/PP-308-310

replied by—শ্রী ফিরহাদ হাকিম/PP-310-313

Date : 27th September, 2012

STARRED QUESTIONS
(To which oral answers were given)

*৪৯ — শ্রী অসিত মিত্র

— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্

— শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী

— শ্রী অশোক কুমার সাউ/PP-321-324

*৪৭ — শ্রী তজমুল হোসেন
— শ্রী নেপাল মাহাত
— শ্রী সমরেশ দাস
— শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা
— শ্রী পার্থ সারথি চ্যাটার্জী
— শ্রী মমতা রায়
— শ্রী উদয়ন গুহ
— শ্রীমতী দেবশ্রী রায়/PP-324-329
*৪৮ — শ্রীমতী মন্টুরাম পাখিরা
— ডঃ আশীষ ব্যানার্জী
— ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রী আবু তাহের খান
— শ্রী বিশ্বনাথ কারক
— শ্রী আনিসুর রহমান
— শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
— শ্রী সুনীল কুমার মন্ডল
— শ্রী অসিত মিত্র/PP-329-334
*৫০ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী
— শ্রী দেবপ্রসাদ রায়
— শ্রী নির্মল ঘোষ
— শ্রী মইনুল হক
— শ্রী বাসুদেব খাঁ/PP-334-336
*৫১ — শ্রী শাহাজাহান চৌধুরী/PP-336-337

STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*৫২ — শ্রী আনিসুর রহমান/P-337
*৫৩ — শ্রী বাসুদেব মেটে/P-337-338

*৫৪ — শ্রী রামেশ্বর দলুই/P-338
*৫৫ — শ্রী মন্টুরাম পাখিরা/P-338

LEAVE OF ABSENCE UNDER RULE 242

—Abhijit Mukherjee/P-339

CALLING ATTENTION (NOTICE)

by—Shri Tajmaul Hossain/340

PRESENTATION OF COMMITTEE REPORT

Presented by—Smt. Firoza Begam/P-340
—Shri Gouranga Chatterjee/P-340

LEGISLATION

The West Bengal School Service Commission (Amendment) Bill, 2012

Introduced, Considered and Passed/PP-341–350

discussed by — শ্রী ব্রজমোহন মজুমদার /PP-341-343
— শ্রী নেপাল মাহাত /PP-343-345
— শ্রী ইনসার আলি বিশ্বাস/P-345-347

replied by — শ্রী ব্রাত্য বসু/PP-347-349

The West Bengal University Laws (Amendment) Bill, 2012

Introduced, Considered and Passed/PP-350-374

discussed by — শ্রী অনন্তদেব অধিকারী /PP-350-352
— ড. আশীষ ব্যানার্জী /PP-353-356
— শ্রী অসিত মিত্র/PP-356-358
— শ্রী শাহাজাহান চৌধুরী/PP-358-361

— শ্রী জ্যোতির্ময় কর/PP-362-365
— শ্রী প্রবোধ চন্দ্র সিনহা/PP-365-369
replied by — শ্রী ব্রাত্য বসু/PP-369-372

The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Temporary Supersession) Bill, 2012

Introduced, Considered and Passed /PP-374-393
discussed by— শ্রী অসিত মিত্র/PP-374-376
— ডাঃ রমেন্দ্র নাথ বিশ্বাস / PP-376-379
— শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ / PP-379-380
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-380-381
— শ্রী নরেশচন্দ্র চাকী / PP-381-383
— শ্রী আনিসুর রহমান / PP-383-387
replied by —শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য / PP-387-390

RESOLUTION UNDER RULE 169 / PP-393-433

discussed by— Shri Gyan Singh Sohanpal / PP-395-397
— শ্রী মহঃ সোহরাব / PP-397-400
— শ্রী সুব্রত মুখার্জী / P-400
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-401-404
— শ্রী নর্মদা চন্দ্র রায় / PP-405-406
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-406-407
— শ্রী চাঁদ মহম্মদ / PP-407-408
— শ্রী আনন্দময় মণ্ডল PP-408-409
— শ্রী প্রবোধচন্দ্র সিনহা / PP-409-411
— শ্রী রাজীব ব্যানার্জী / PP-411-414
— শ্রী উদয়ন গুহ / PP-415-417
— ডঃ অমিত মিত্র / PP-417-420
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-420-424

— শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-424-432

reply of the mover — শ্রী পার্থ চ্যাটার্জী / PP-432-433

POSITION AS ON THE 27TH SEPTEMBER, 2012
/PP-434-435

VOTE OF THANKS

— শ্রী পার্থ চ্যাটার্জী / P-435
— ম্যাডাম ডেপুটি স্পীকার / P-436
— মিঃ স্পীকার / P-436

Date : 7th December, 2012

OBITUARY REFERENCE

by — Mr. Speaker / PP-437-444

Date : 10th December, 2012

REPORT OF B.A. COMMITTEE

Presented by — Mr. Speaker P-445

STARRED QUESTIONS

(To which Oral answers were given)

*১ — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র
— শ্রী জ্যোতির্ময় কর
— ডঃ সুখবিলাস বর্মা
— শ্রী আনিসুর রহমান
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / PP-446-451

*২ — শ্রী তজমুল হোসেন
— শ্রী সব্যসাচী দত্ত
— শ্রী সুনীল কুমার মণ্ডল
— ডঃ আশীষ ব্যানার্জী
— শ্রী বাসুদেব খাঁ
— শ্রী সুভাষ নস্কর / PP-451-454
*৩ — শ্রী আনিসুর রহমান
— শ্রী অজয় দে
— শ্রী নির্মল ঘোষ
— শ্রী শাহাজাহান চৌধুরী
— শ্রী উদয়ন গুহ / PP-455-458
*৪ — শ্রী ঈদ মহম্মদ
— শ্রী মহঃ সোহরাব
— শ্রী কেশবচন্দ্র রায়
— শ্রী অশোক সাউ
— শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা
— শ্রী নেপাল মাহাত
— ডঃ তরুণকান্তি নস্কর
— শ্রী দেবপ্রসাদ রায় / PP-458-462

STARRED QUESTIONS

(To which Oral answers were laid on the 'Table')

— শ্রী অসিত চিত্র / PP-462-463, P-467
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / P-463, PP-467-468
— শ্রী বিজয় বাগ্দী / P-463, P-468
— শ্রী সুনীল কুমার মণ্ডল / P-464, P-468
— শ্রী শাহাজাহান চৌধুরী / P-464
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / P-465

— শ্রী তজমুল হোসেন / P-465
— শ্রী ঈদ মহম্মদ / PP-465-466
— শ্রী আনিসুর রহমান / PP-466-467

REPORT OF RESIGNATIONS AND VACATION OF SEATS IN THE HOUSE

— Shri Abhijit Mukherjee
— Shri Krishnendu Narayan Chowdhury / PP-468-469

EXTENSION OF TIME FOR PRESENTATION OF REPORT OF THE COMMITTEE OF PRIVILEGES (2012-2013)

/P-469

LEAVE OF ABSENCE UNDER RULE 242

by —ডাঃ ওমর আলি / PP-469-470

ADJOURNMENT MOTION

by —শ্রী আনিসুর রহমান / PP-470-471
—শ্রী অজয় দে / P-471

CALLING ATTNTION (NOTICE)

by — (i) Shri Sahajahan Chowdhury
(ii) Shri Basudeb Khan
(iii) Shri Prabodh Chandra Sinha
(iv) Shri Tajmul Hossain (Selected) / PP-471-472

LAYING OF RULES

laid by — Dr. Amit Mitra / P-472
—Shri Subrata Mukherjee / PP-472-473

LAYING OF REPORTS AND ACCOUNTS

laid by—Shri Subrata Mukherjee / P-473
—Shri Upendra Nath Biswas / P-473

LEGISLATION

The Diamond Harbour Women's University Bill, 2012

Introduced, Considered and Passed / PP-474-520
discussed by — শ্রী প্রবোধচন্দ্র সিনহা / PP-476-478
— শ্রী জীবন মুখোপাধ্যায় / PP-478-481
— শ্রী মহঃ সোহরাব / PP-481-484
— শ্রী সুভাষ নস্কর / PP-484-486
— ডাঃ শশী পাঁজা / PP-486-490
— ডঃ তরুণকান্তি নস্কর PP-490-492
— ডঃ সুখবিলাস বর্মা / PP-492-493
— শ্রী আনিসুর রহমান / PP-494-497
— ডঃ আশীষ ব্যানার্জী / PP-497-501
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-501-505
replied by — শ্রী ব্রাত্য বসু / PP-505-509

REPORT OF B.A. COMMITTEE

Presented by—Mr. Speaker / P-520

LEGISLATION

The West Bengal Official Language (Second Amendment) Bill, 2012

Introduced, Considered and Passed / PP-520-534
discussed by — Shri Md. Ghulam Rabbani / PP-520-522
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-522-523
— Shri Ali Imran Ramz / PP-523-525
— শ্রী দুলাল মুর্মু / PP-525-526
— ডঃ সুখবিলাস বর্মা / PP-526-529
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-529-531
replied by — শ্রী পার্থ চ্যাটার্জী / PP-531-532

Date : 11th December, 2012

STARRED QUESTIONS
(To which oral answers were given)

*১৮ — শ্রী তজমূল হোসেন
— শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা
— শ্রী মহঃ সোহরাব
— শ্রী জ্যোতির্ময় কর
— শ্রী রামেশ্বর দলুই
— শ্রী অসিত মজুমদার / PP-535-538
*১৯ — শ্রী অসিত মিত্র
— শ্রী আনিসুর রহমান
— শ্রী পার্থসারথি চ্যাটার্জী
— শ্রী সুভাষ নস্কর / PP-538-541
*২০ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী
— শ্রী পরেশচন্দ্র অধিকারী
— শ্রী নির্মল ঘোষ
— শ্রী প্রবোধ চন্দ্র সিনহা
— শ্রী অজয় দে
— শ্রী সৌমিত্র খাঁ
— ডঃ হরকা বাহাদুর ছেত্রী / PP-541-544
*২১ — শ্রী বিজয় বাগ্দী
— শ্রী অশোক সাউ
— ডঃ তরুণকান্তি নস্কর
— শ্রী বিশ্বনাথ কারক
— শ্রী গোকুল রায়
— শ্রী দুলাল মুর্মু
— শ্রীমতী জাহানারা খান / PP-544-547
*২২ — শ্রী সুনীল কুমার মণ্ডল
— ডঃ সুখবিলাস বর্মা

— শ্রী আনিসুর রহমান
— শ্রী অশোক ঘোষ
— শ্রী অপূর্ব সরকার
— শ্রী অসিত মজুমদার / PP-547-550

STARRED QUESTIONS
(To which oral answers were laid on the 'Table')

*২৩ — শ্রী বাসুদেব খাঁ / P-550
*২৪ — শ্রী নেপাল মাহাত / P-551
*২৫ — শ্রী তজমুল হোসেন / P-551
*২৬ — শ্রী অসিত মিত্র / PP-551-553
*২৭ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / P-553

LEAVE OF ABSENCE UNDER RULE 242

by—Shri Shyamal Mondal / PP-553-554

ADJOURNMENT MOTION

by—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-554-555

CALLING ATTENTION (NOTICE)

by – (i) Dr. Tarun Kanti Naskar
(ii) Shri Asit Mitra
(iii) Shri Sahajahan Chowdhury
(iv) Shri Basudev Khan
(v) Shri Tajmul Hossain
(vi) Shri Rameswar Doloi
Shri Nazmul Haque
Shri Susanta Besra &
Shri Dibakar Hansda

(vii) Shri Nepal Mahata

(viii) Dr. Asish Banerjee (Selected) / PP-555-556

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presented by – Shri Nirmal Ghosh / P-557

– Shri Partha Sarathi Chatterjee / P-558

LAYING OF REPORT AND ACCOUNTS

laid by – Shri Nure Alam Chowdhury / P-558

MENTION CASES

raised by – ডঃ তরুণ কান্তি নস্কর / P-558

– ডঃ আশীষ ব্যানার্জী / PP-558-559

SUSPENSION OF MEMBERS

(i) Shri Nazmul Haque

(ii) Shri Sk. Amjad Hossain

(iii) Shri Susanta Besra / PP-560-66

LEGISLATION

The West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Identification) (Amendment) Bill, 2012

Introduced, Considered and Passed /PP-567-578

discussed by – শ্রী জ্যোতির্ময় কর / PP-567-570

– শ্রী নির্মল চন্দ্র মণ্ডল / PP-570-571

– ডঃ তরুণকান্তি নস্কর / PP-571-572

– শ্রী শীতল কুমার সর্দার / PP-572-573

replied by – ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস / PP-573-577

Date : 12th December, 2012

POINT OF INFORMATION AND RELATED MATTER

/PP-579-584

STARRED QUESTIONS

(To which oral answers were given)

*৩০ — শ্রী অসিত মিত্র
— শ্রী জ্যোতির্ময় কর
— শ্রী অসিত মাল
— শ্রী ইমানী বিশ্বাস
— শ্রী কল্লোল খাঁ
— ডঃ হরকা বাহাদুর ছেত্রী
— শ্রী নেপাল মাহাত / PP-584-590
*৩৬ — শ্রী অপূর্ব সরকার
— শ্রী নির্মলচন্দ্র ঘোষ
— শ্রী মনোজ চক্রবর্তী / PP-590-593

STARRED QUESTIONS

(To which oral answers were laid on the 'Table')

*২৯ — শ্রী তজমুল হোসেন / P-593, PP-596-597
*৩০ — শ্রী আনিসুর রহমান / PP-593-594
*৩১ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / P-594
*৩২ — শ্রী সুনীল কুমার মণ্ডল / PP-594-595
*৩৩ — শ্রী শাহাজাহান চৌধুরী / P-595
*৩৪ — শ্রী বাসুদেব খাঁ / PP-595-596
*৩৫ — শ্রী নর্মদা চন্দ্র রায় / P-596

UNSTARRED QUESTIONS

(To which written answers were laid on the 'Table')

— শ্রী অসিত মিত্র / P-597
— শ্রী সুনীল কুমার মণ্ডল / P-597
— শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ / PP-597-598

— শ্রী বিশ্বনাথ কারক / P-598
— শ্রী নেপাল মাহাত / P-599
— শ্রী নগেন্দ্রনাথ রায় / PP-599-600

ADJOURNMENT MOTION

by — শ্রী নেপাল মাহাত / PP-600-601

CALLING ATTENTION (NOTICE)

(i) Dr. Asish Banerjee
(ii) Shri Asit Kumar Mal
(iii) Shri Asit Mitra
(iv) Shri Sk. Shahanawez (Selected) / P-601

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presented by — Shri Sultan Singh / P-602

LAYING OF REGULATIONS

laid by — Shri Manish Gupta / P-602

LAYING OF REPORT AND ACCOUNTS

laid by — Shri Manish Gupta / PP-602-603
— Shri Partha Chatterjee / P-603

MENTION CASES

raised by — ডঃ আশীষ ব্যানার্জী / PP-603-604
— শ্রী কে.পি. সিং দেও / P-604
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-604-605

LEGISLATION

The Kolkata Municipal Corporation (Second Amendment) Bill, 2012 Introduced, Considered and Passed / PP-606-613
discussed by — ডাঃ শশী পাঁজা / PP-606-609
— শ্রীমতী স্মিতা বক্সী / PP-609-610
replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-610-612

Date : 13th December, 2012

OBITUARY REFERENCE

by—Mr. Speaker / PP-615-616

MOTION

moved by—শ্রী মহঃ সোহরাব / PP-616-619

STARRED QUESTIONS

(To which oral answers were laid on the 'Table')

*৩৮ — শ্রী তজমূল হোসেন / PP-619-620
*৩৯ — শ্রী ঈদ মহম্মদ / P-620
*৪০ — শ্রী আনিসুর রহমান / P-620
*৪১ — শ্রী অসিত মিত্র / PP-620-621
*৪২ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / P-621
*৪৩ — শ্রী সুনীল কুমার মণ্ডল / P-621
*৪৪ — শ্রী চৌধুরী মহঃ হেদায়েত উল্লাহ / P-621
*৪৫ — শ্রী শাহাজাহান চৌধুরী / PP-621-622
*৪৭ — শ্রী অপূর্ব সরকার / P-622
*৪৮ — শ্রী নেপাল মাহাত / PP-622-623
*৪৯ — শ্রী তজমূল হোসেন / P-623
*৫০ — শ্রী আনিসুর রহমান PP-623-631
*৫১ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / P-632
*৫২ — শ্রী সুনীল কুমার মণ্ডল / P-632

QUESTION OF PRIVILEGE / PP-632-634

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presented by—Shri Jiban Mukhopadhyay/P-634

LAYING OF REPORTS AND ACCOUNTS

laid by—Shri Subrata Mukherjee / P-634

LEGISLATION

The West Bengal Parliamentary Secretaries (Appointment, Salaries, Allowances and Miscellaneous Provisions) Bill, 2012

Introduced, Considered and Passed / PP-635-644
discussed by—ডঃ আশীষ ব্যানার্জী / PP-636-639
—ডঃ তরুণ কান্তি নস্কর / PP-639-642
replied by —শ্রী পার্থ চ্যাটার্জী / PP-642-643

SHORT DURATION DISCUSSION UNDER RULE 194

discussed by—শ্রী তাপস রায় / PP-644-647
—ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার / PP-647-652
—শ্রীমতী শিউলি সাহা / PP-652-653
replied by—শ্রী পার্থ চ্যাটার্জী / PP-653-657

CLOSING OF THE SEVENTH SESSION / PP-657-659

VALEDICTORY SPEECHES

— শ্রী পার্থ চ্যাটার্জী / PP-659-660
— শ্রীমতী সোনালী গুহ (বোস) / P-660
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-660-662
— Dr. Harka Bahadur Chettri / PP-662-663
— Mr. Speaker / PP-663-664, P-665
— শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-664-665

CORRIGENDUM

At Page No. 517 of the Assembly Proceedings Vol. 141 No. II, the name of 'শ্রী অসীম কুমার মাঝি' should be read as শ্রী আশীষ মার্জিত।

সংশোধনী

বিধানসভার কার্যবিবরণী খণ্ড ১৪১ নং ২-এর অন্তর্ভুক্ত ৫১৭ নং পৃষ্ঠায় 'শ্রী অসীম কুমার মাঝি'-এর নামের পরিবর্তে পড়তে হবে 'শ্রী আশীষ মার্জিত'।